নন্থ ত্বং সাধুন্ লক্ষয়ন্তী পরেষু দোষ দর্শনং নিষিদ্ধাসি অথচ মাং বিপ্রং প্রজাপতিপতিত্বেন জগৎপূজ্যং পিতরমপি নিন্দসীতি ত্বমপ্যসাধুত্বৈরেবেতি তত্র সম্প্রতি নিন্দায়াঃ কা বার্ত্তা শিবদ্বিষং ত্বাং যদহং ন হন্মি এষ মে মহাপরাধ ইত্যত্র ধর্ম্মতত্ত্বং শৃণ্বিত্যাহ কর্ণাবিতি ধর্ম্মাবিতরি ধর্ম্মরক্ষকে মহত্তমে ঈশে স্বামিনি অশৃণিভি নিরঙ্কুশৈর্নৃভিরস্যমানে অধিক্ষিপ্যমাণে সতি কর্ণৌ পিধায় নিরিয়ান্নির্গচ্ছেৎ। যৎ যদি অকল্পঃ হন্তুং মর্ত্তুং বা যদি ন সমর্থঃ স্যাৎ। প্রভুশ্চেদ্যদিচ সমর্থ স্তদা অসতাং নিন্দকানাং রুষতীমকল্যাণবাদিনীং জিহ্বাং প্রসহ্য বলাদেব ছিন্দ্যাত্ততোপি নিন্দাশ্রবণ প্রায়শ্চিত্তং কুর্ব্বন্ স্বয়ং প্রাণান্ বিসৃজেৎ। যদ্বা জিহ্বাচ্ছেদনাদ্যদি স নিন্দকঃ প্রাণান্ বিসৃজেৎ তদা ধর্ম্মঃ তস্যানন্ত নরকভোগ প্রশমনাত্তদ্বধ লক্ষণোঽধর্ম্মো নভবতীত্যর্থঃ। তত্রেয়ং ব্যবস্থা ক্ষত্রিয়স্য দণ্ডেঽধিকারাৎ সএব নিন্দকজিহ্বাং ছিন্দ্যাৎ অপরেষামন্যদণ্ডেঽনধিকৃতানাং ত্রয়াণাং মধ্যে

পিতঃ! তোমা ব্যতীত ব্রহ্মাদি কোন দেবতাই বুঝি শিব নামে সেই অশিব দেবের তত্ত্বও জানেন না, কেন না দেখিতেছি ঐ দেব জটা বিকীর্ণ করিয়া চিতামাল্য, ভস্ম ও মৃত মনুষ্যের কপাল ধারণ পূর্ব্বক পিশাচগণ সহিত শ্মশানে বাস করেন তথাচ ঐ সকল ব্যক্তি তাঁহার চরণ ভ্রষ্ট নির্ম্মাল্য স্ব স্ব মস্তকে ধারণ করিতেছেন, তোমার ন্যায় তাঁহারা যদি ঐ দেবের তত্ত্ব জানিতেন তাহা হইলে তাঁহাদের তাঁহার নিকট দাস্য স্বীকার উপপন্ন হইত না ॥ ১৬ ॥

যাহা হউক, নিরঙ্কুশ মানবেরা যে স্থানে ধর্ম্ম রক্ষক স্বামির নিন্দা করে, সে থানে যদি তাহাদের বিনাশ করিতে সমর্থ না হয়, তবে কর্ণদ্বয় আচ্ছাদন পূর্ব্বক তথা হইতে নির্গত হইয়া যাইবে, যদি শক্তি থাকে তাহা হইলে সে দুরাত্মা ঐ রূপ অকল্যাণ বচন প্রয়োগ করে তাহার জিহ্বা বল পূর্ব্বক ছেদন

ছিন্দ্যাৎ প্রসহ্য রুষতীমসতাং প্রভুশ্চেজ্জিহ্বামসূনপি ততো বিসৃজেৎ স ধর্ম্মঃ ॥ ১৭ ॥
অতস্তবোৎপন্নমিদং কলেবরং ন ধারয়িষ্যে শিতিকণ্ঠগর্হিণঃ ।
জগ্ধস্য মোহাদ্ধি বিশুদ্ধিমন্ধসো জুগুপ্সিতস্যোদ্ধরণং প্রচক্ষতে ॥ ১৮ ॥
ন বেদবাদাননুবর্ত্ততে মতিঃ স্ব এব লোকে রমতো মহামুনেঃ ।
যথা গতির্দ্দেব মনুষ্যয়োঃ পৃথক্ স্ব এব ধর্ম্মেণ পরং ক্ষিপেৎ স্থিতঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী ।

তব ত্বৎ উৎপন্নং শিতিকণ্ঠো নীলকণ্ঠ স্তন্নিন্দকাৎ প্রমাদাপন্নস্যাপবিত্রস্য ত্যাগং বিনা ন শুদ্ধিরিতি দৃষ্টান্তেনাহ। জগ্ধস্য ভক্ষিতস্য অন্নস্য উদ্ধরণং বমনমেব পুংসঃ শুদ্ধিং প্রচক্ষতে ॥ ১৮ ॥

যদুক্তং লুপ্ত ক্রিয়ায়াশুচয় ইতি তৎ প্রত্যাহ নেতি। বেদবাদান্ বিধিনিষেধরূপান্ স্বএব লোকে আত্মন্যেব রমমাণস্য মহতোমুনেঃ সম্যগ্বিরক্তস্য মতির্নানু বর্ত্ততে নিবৃত্তাধিকারিত্বাৎ অধিকারি ভেদে দৃষ্টান্তঃ যথা দেবানাং গতিঃ আকাশ এব মনুষ্যাণাং পৃথিব্যামেব। অতঃ স্বধর্ম্ম এব প্রবৃত্তিলক্ষণে নিবৃত্তিলক্ষণে বা স্থিতঃ সন্ পরমন্যং ধর্ম্মং পুরুষং বা ন ক্ষিপেৎ ন নিন্দেৎ। ব্যবস্থিতাধিকারত্বেন উভয়োঃ সত্যত্বান্ন ক্ষিপেদেবেতি বান্বয়ঃ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ ।

যস্মাৎ শ্রীশিবাদি সংকোচাৎ তচ্ছেদে সমর্থা নাহং। অতস্তবেত্যাদি জুগুপ্সিতস্য অপথ্যস্য বিশুদ্ধিঃ রোগশান্তিঃ ॥১৮।১৯।২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বৈশ্য শূদ্রৌ তনুত্যাগরূপং স্বদণ্ডমেব কুর্য্যাতাং ব্রাহ্মণস্য শরীর দণ্ডানৌচিত্যাৎ সতু কর্ণৌ পিধায় বিষ্ণুং স্মরন্নির্গচ্ছেদিতি ॥ ১৭ ॥

অহন্তু সর্ব্বৈশ্বর্য্যাৎ সর্ব্ব সামর্থ্যাচ্চ ত্বাং স্বক ব্রহ্মাণ্ডকোটীরপি হন্তুং শক্নুবত্যাপি স্বভার্য্যা দ্বারা শিবএব দক্ষং জঘানেতি শিব যশোহানি ভীত্যা ত্বাং ন হন্মি স্বপ্রায়শ্চিত্তন্তু করিষ্যাম্যেবেত্যরে পাপিন্ স্বচক্ষুর্ভ্যাং পশ্যেত্যাহ। অত ইতি তব ত্বত্তঃ প্রমাদাদগৃহীতস্যাপবিত্র বস্তুনস্ত্যাগং বিনা ন শুদ্ধিরিত্যর্থান্তরন্যাসেনাহ। জগ্ধস্য ভুক্তস্যান্ধসোঽন্নস্য উদ্ধরণং বমনং ॥ ১৮ ॥

দেহং ত্যজাম্যেব কিন্তু ত্বয়া শাস্ত্রার্থমবিদুষা ভগবতি শ্রীরুদ্রে নির্দোষেপ্যারোপিতং লুপ্ত ক্রিয়ায়াশুচয় ইত্যাদি দোষ কণ্টক মুদ্ধৃত্যৈবেত্যাহ নেতি স্বএব লোকে স্বাত্মন্যেব রমমাণস্য মহামুনের্মতি র্বেদবাদান্ বিধিনিষেধরূপান্ অনু লক্ষীকৃত্য ন বর্ত্ততে তত্রানধিকারাদেবেতি ভাবঃ। যদুক্তং কুশলাচরিতেনৈষামিহচার্থো নবিদ্যতে। বিপর্য্যয়েণ চানর্থ ইতি। স্বৈরং চরন্তি মুনয়োপি ন নহ্যমানা ইতি। অতো মুক্তানাং বদ্ধানাঞ্চ মিথঃ পৃথগেব গতিরিত্যত্র দৃষ্টান্তঃ। যথেতি। অতএব স্বে স্বীয়ে ধর্ম্মে স্থিতঃ পরং ন ক্ষিপেদিতি বিধিঃ ॥ ১৯ ॥

করিয়া দিবে তাহার পরে আপনার প্রাণও পরিত্যাগ করিবে, এই রূপ করাই ধর্ম্ম ॥ ১৭ ॥

অতএব তুমি ভগবান্ শিতিকণ্ঠের নিন্দুক, তোমা হইতে আমার এই যে কলেবর উৎপন্ন হইয়াছে ইহা আমি আর ধারণ করিব না। পিতঃ! নিন্দিত অন্ন যদি মোহ বশতঃ ভক্ষিত হয়, তাহা হইলে তাহা বমন করিয়া ফেলিলেই পুরুষের শুদ্ধি হয় অতএব তুমি শিবনিন্দুক তোমা হইতে প্রমাদত উৎপন্ন আমার এই যে শরীর ইহার পরিত্যাগ ভিন্ন এক্ষণে আর অন্য প্রায়শ্চিত্ত নাই ॥ ১৮ ॥

হে পিতঃ! আত্মাতেই রমমাণ এবং সম্যক্ প্রকারে বিরক্ত যে পুরুষ তাঁহার বুদ্ধি কখন বিধি নিষেধ রূপ বেদ বাক্যের অনুগামী হয় না, দেব ও মনুষ্য এই দুইয়ের গতি যেমন পৃথক্ অর্থাৎ দেবতাদের যেমন আকাশে ও মনুষ্যদের যদ্রূপ কেবল পৃথিবীতে গমন হওয়াতে পরস্পরের গতি ভিন্ন ভিন্ন, সেই রূপ প্রবৃত্তি লক্ষণই হউক বা নিবৃত্তি লক্ষণই হউক, ভিন্ন ভিন্ন ধর্ম্মে অবস্থিত হইয়া কখন অন্য ধর্ম্মের অথবা অন্য পুরুষের নিন্দা করিবে না ॥ ১৯ ॥

কর্ম্মপ্রবৃত্তঞ্চ নিবৃত্তমপ্যৃতং বেদে বিবিচ্যোভয়লিঙ্গমাশ্রিতং।
বিরোধি তদ্যৌগপদৈক কর্ত্তরি দ্বয়ং তথা ব্রহ্মণি কর্ম্ম নর্চ্ছতি ॥ ২০ ॥
মা বঃ পদব্যঃ পিতরস্মদাস্থিতা যা যজ্ঞশালাসু ন ধূমবর্ত্মভিঃ।

শ্রীধরস্বামী।

এতদেবোপপাদয়ন্নাহ প্রবৃত্তমগ্নিহোত্রাদি নিবৃত্তং শম দমাদি ঋতং সত্যমেব। যতঃ বেদে আশ্রিতং বিহিতং তচ্চ বিবিচ্য ব্যবস্থয়াশ্রিতং নত্ববিশেষেণ। ব্যবস্থামেবাহ উভয়ং রাগবৈরাগ্য লক্ষণং লিঙ্গং চিহ্নং অধিকারি বিশেষণং স্মিন্‌য তৎ। নন্থ যাবজ্জীবনমগ্নিহোত্রং জুহোতি শান্তো দান্ত ইত্যাদি শ্রুতিষু নৈবং ব্যবস্থা প্রতীয়তে সত্যং তথাপি উভয়ো রেকাধিকার বিরোধাৎ তথা পর্য্যবস্যতীত্যাহ যুগপদ্ভাবো যৌগপদং যৌগপদেনৈকস্মিন্ কর্ত্তরি তৎকর্ম্ম দ্বয়ং বিরোধি। নন্থ তর্হি নিবৃত্তং কর্ম্ম শিবেনাপি কর্ত্তব্যমেব নেত্যাহ ব্রহ্মণি সদাশিবে কিঞ্চিদপি কর্ম্ম নর্চ্ছতি ন প্রাপ্নোতি। অতো যথা প্রবৃত্ত নিবৃত্তয়োঃ পরস্পর ধর্ম্মাকরণেন দোষস্তথেশ্বরে তদুভয় ধর্ম্মাকরণেঽপীতি ভাবঃ ॥ ২০ ॥

চিতাভস্মকৃতস্নান তথা নগ্ন ইত্যাদিনা যোভোগাদ্যভাব উক্তঃ তত্রাহ হে পিতঃ। অস্মাভিরাস্থিতা আশ্রিতাঃ পদব্যঃ অণিমাদি সমৃদ্ধয়ঃ বোযুষ্মাকং মা ন সন্তীত্যর্থঃ। যতোবঃ পদব্যো যজ্ঞ শালাস্বেব ভবন্তি তাশ্চ তদন্নেন যজ্ঞগতেনান্নেন তৃপ্তৈঃ কেবলমীড়িতাঃ ধূমবর্ত্মভিশ্চ ভুজ্যন্তে যা অস্মৎ পদব্যঃ তাস্তু নৈবং ভূতাঃ কিন্তু অব্যক্তলিঙ্গাঃ নব্যক্তং লিঙ্গং হেতুর্যাসাং ইচ্ছা

ক্রমসন্দর্ভঃ।

অলং শব্দোত্র নিবারণে। অলং ভূষণ পর্য্যাপ্তি শক্তিবারণ বাচকমিত্যমরঃ নিবারণং চ প্রয়োজনাভাবঃ যথা অলমতি বিস্তরেণেত্যাদৌ। তস্য চ বীপ্সা অতিশয়ে নঞ্‌ চাত্র শিরশ্চালনে। ততশ্চায়মর্থঃ। এতেন দেহেন মম ব্রীড়া নাভূ কিং অপিতু

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্থ প্রবৃত্তং কর্ম্ম শিবো মাকরোতু নিবৃত্তং কথং নকরোতীত্যত আহ। কর্ম্ম প্রবৃত্তমগ্নিহোত্রাদি। নিবৃত্তং শমদমাদি ঋতং সত্যমেব। যতঃ বেদে আশ্রিতং বিহিতং তচ্চ বিবিচ্য অধিকার ব্যবস্থৈব নত্ববিশেষেণ ব্যবস্থামেবাহ উভয়ং রাগো বৈরাগ্যঞ্চ চিহ্নং যত্র তৎ। রাগে সত্যগ্নিহোত্রাদি বৈরাগ্যে সতি শমদমাদীনি বিবিচ্যাধিকারিদ্বয়ে ব্যবস্থিতমিত্যর্থঃ। তৎ কর্ম্মদ্বয়ং যৌগপদেন যৌগপদ্যেনৈকস্মিন্ কর্ত্তরি বিরোধি রাগবতি নিবৃত্তং বিরোধি বৈরাগ্যবতি প্রবৃত্তং বিরোধি অবিহিতমিত্যর্থঃ তথৈব ব্রহ্মণি তৎদ্বয়ং প্রবৃত্তং নিবৃত্তঞ্চেত্যুভয়মপি ন ঋচ্ছতি নাপ্নোতি। যথা প্রবৃত্ত নিবৃত্তয়োঃ পরস্পর ধর্ম্মাকরণে ন প্রত্যবায় স্তথৈবেশ্বরস্য তদুভয় কর্ম্মাকরণেঽপীতি ভাবঃ ॥ ২০ ॥

হন্ত পুত্রিকে মদৈবৈতদভাগ্যং যৎ পরমাচ্যুতমস্য সদাচারস্য মম কন্যাত্বং ভিক্ষুক কদাচারগৃহে পতিতাসি। তদপি সর্ব্ব গুণশীল নিধিত্বং স্বভর্ত্তুরপকর্ষং মম সংসে তত্তব পতিব্রতা চূড়ামণেরুচিতমেবেতি তত্র সভৎসনমাহ নেতি হে পিতঃ অস্মাভিরাস্থিতা আশ্রিতাঃ পদব্যঃ অণিমাদি সিদ্ধৈশ্বর্য্য বৈরাগ্য জ্ঞান প্রেমাদি সুখবত্যঃ বো যুষ্মাকং যাজ্জন্মকোটিভিরপি ন ভবিষ্যন্তীত্যর্থঃ।

অপর প্রবৃত্তি অর্থাৎ অগ্নিহোত্রাদি এবং নিবৃত্তি অর্থাৎ শম দমাদি এই দুই প্রকারই কর্ম্ম সত্য, যে হেতু বেদে এই দুইয়েরই বিধান আছে, পরন্ত ঐ দুই কর্ম্ম বিবেচনা পূর্ব্বক ব্যবস্থা দ্বারা বিহিত হইয়াছে অবিশেষে ঐ দুইয়ের বিধান হয় নাই। অতএব ঐ দুই কর্ম্ম একদা এক কর্ত্তাতে পরস্পর বিরুদ্ধ হয়। পিতঃ। ইহাতে এমত বলিতে পার না যে তবে নিবৃত্তি রূপ কর্ম্মও ভগবান্ শিবের কর্ত্তব্য, তিনি সাক্ষাৎ ব্রহ্ম, তাঁহাতে কোন কর্ম্মই উপস্থিত হয় না ॥ ২০ ॥

পিতঃ! তুমি মহাদেবের চিতাভস্ম স্নান তথা নগ্ন ইত্যাদি দোষ উল্লেখ করিয়া তাঁহার ভোগ সম্পত্তির অভাব কি প্রকারে কহিলে? আমরা অণিমাদি যে সমস্ত ঐশ্বর্য্য আশ্রয় করিয়াছি তোমরা কখন তাহা চক্ষেও দেখ নাই, তোমাদের ঐশ্বর্য্য ত কেবল যজ্ঞশালাতেই থাকে এবং যজ্ঞান্ন পরিতৃপ্ত

তদন্নতৃপ্তেরসুভৃদ্ভিরীড়িতা অব্যক্ত লিঙ্গা অবধূতসেবিতাঃ॥ ২১॥
নৈতেন দেহেন হরে কৃতাগসো দেহোদ্ভবেনালমলং কুজন্মনা।
ব্রীড়া মমাভূৎ কুজনপ্রসঙ্গত স্তজ্জন্ম ধিগ্‌ যো মহতামবদ্যকৃৎ॥ ২২॥
গোত্রং ত্বদীয়ং ভগবান্ বৃষধ্বজো দাক্ষায়ণীত্যাহ যদা সুদুর্ম্মনাঃ।
ব্যপেত নর্ম্মস্মিতমাশু তদ্ধ্যহং ব্যুৎস্রক্ষ্য এতৎ কুণপং তদঙ্গজং॥ ২৩॥

শ্রীধরস্বামী।

মাত্র প্রভবত্বাৎ। অবধূতৈ র্ব্রহ্মবিদ্ভিঃ সেবিতাঃ। অতোহমাঢ্য রুদ্রো দরিদ্র ইতি গর্ব্বং মাকৃথেতি ভাবঃ॥ ২১॥

কিং বহুনোক্তেন। ইদং তু দেহং ত্যক্ষ্যাম্যেবেত্যাহ দ্বাভ্যাং। এতেনালং ন পূর্য্যতে ন কিং অপিত্বলমেব। কথং ভূতেন কুজন্মনা। তদেবাহ হরে কৃতাপরাধস্ত তব দেহাদুদ্ভূতেন। নন্বু শ্লাঘ্যোয়ং দেহঃ কথং ত্যাজ্যঃ তত্রাহ কুজনস্ত তব প্রসঙ্গতঃ সম্বন্ধাৎ মম লজ্জাভূৎ। অতো যো মহতামপ্রিয়কর্ত্তা তস্মাৎ যজ্জন্ম তদ্ধিক্ তৎসম্বন্ধাৎ অশ্লাঘ্যমিত্যর্থঃ॥ ২২॥

কিঞ্চ পরিহাসাদিষু বিনোদেনাপি দাক্ষায়ণীতি সম্বোধয়ন্ ত্বদীয়ং ত্বৎ সম্বন্ধবাচকং গোত্রং নাম যদা বৃষধ্বজ আহ গৃহ্লাতি তদাহং ব্যপেত নর্ম্মস্মিতং যথা ভবতি এবং সুদুর্ম্মনাঃ অতি দুঃখিতচিত্তা ভবামি তত্তস্মাদ্ধি নিশ্চিতং এতৎকুণপপ্রায়ং ব্যুৎস্রক্ষ্যে-ত্যক্ষ্যামি॥ ২৩॥

ক্রমসন্দর্ভঃ।

ভূদেব। তস্মাদেতেনাত্যর্থমেব প্রয়োজনং নাস্তীতি। যদ্বা। এতেনালং প্রয়োজনাভাবো ন অপিতু প্রয়োজনাভাব তস্মাদেতে নালমেবেত্যর্থঃ॥ ২১। ২২। ২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বু কুতঃ এবং ব্রূষে তাঃ সিদ্ধয়োপ্যস্মাকং সন্ত্যেব নেত্যাহ্ যাঃ পদব্যো যজ্ঞশালাসু ন সম্ভবন্তি তদন্নতৃপ্তৈ রুদরম্ভরৈঃ কাকতুল্যৈ র্ধূমবর্ত্মভিঃ কর্ম্মিভি র্নস্তুতাঃ কিন্ত্বব্যক্তলিঙ্গাস্ত্বাদৃশৈরলক্ষ্য প্রভাবা অবধূতৈঃ সনকাদি নারদাদ্যৈঃ সেব্যাস্তে বর্ত্তমানে ক্তঃ॥ ২১॥

এবং দক্ষং বিনিন্দ্য তৎ সম্বন্ধাৎ স্বদেহং নিন্দতি নৈতেনেতি এতেন মম দেহেন ন অলং অপিত্বলমলমেব কুতঃ হরে শিবে কৃতাগসস্তব দেহাদুদ্ভূতেন যো মহতামবদ্যকৃৎ ভক্তাপরাধী এতৎ জন্ম ধিক্॥ ২২॥

কিঞ্চ পরিহাসাদিষু ত্বদীয়ং ত্বৎ সম্বন্ধ জ্ঞাপকং গোত্রং নাম ত্বং দাক্ষায়ণী ভবসি তব মৎসরদ্বেষনিন্দাবজ্ঞাদিকং সধর্ম্ম এবেতি যদা বৃষধ্বজ আহ তদাহং বিগত নর্ম্মস্মিতং যথাস্যাদেবং সুদুর্ম্মনা ভবামি তত্তস্মাৎ হি নিশ্চিতং এতৎ কুণপপ্রায়ং ব্যুৎস্রক্ষ্যে-ত্যক্ষ্যামি॥ ২৩॥

মানবগণই তাহার প্রশংসা করে ও কর্ম্মকাণ্ডবর্ত্মাশ্রিত পুরুষেরাই তাহা ভক্ষণ করিয়া থাকে, আমাদের ঐশ্বর্য্যাদি তদ্রূপ নহে তাহা ইচ্ছামাত্রে উৎপন্ন হয়, এ জন্য তাহার হেতু অব্যক্ত এবং ব্রহ্মজ্ঞ ব্যক্তিরা তাহা সেবা করিয়া থাকেন অতএব আমি আঢ্য, রুদ্র দরিদ্র এমত গর্ব্ব করিও না॥ ২১॥

পিতঃ! তোমার সহিত আর অধিক কথা কহিবার প্রয়োজন নাই, তুমি ভগবান্ ভবের নিকট অপরাধী, তোমার দেহ হইতে আমার এই যে দেহ উৎপন্ন হইয়াছে ইহার জন্ম অতি কুৎসিত, ইহা আর ধারণ করা উচিৎ হয় না, তুমি অতি কুজন, তোমার সম্বন্ধ বশতঃ আমার বড় লজ্জা হইতেছে, যে ব্যক্তি মহতের অপ্রিয়কারী হয় তাহা হইতে যে জন্ম তাহাকে ধিক্॥ ২২॥

অপিচ ভগবান্ বৃষধ্বজ আমার সহিত পরিহাস সময়ে কৌতুক করিয়া যখন আমাকে সম্বোধন করিবার নিমিত্ত তোমার সম্বন্ধ বাচক দাক্ষায়ণী এই নাম গ্রহণ করেন তখন আমার পরিহাস বিষয়ক হাস্য অন্তর্হিত হয়, আমি মনোমধ্যে অতিশয় দুঃখিত হই, অতএব তোমার অঙ্গ হইতে উৎপন্ন এই দেহ আমি নিশ্চয় ত্যাগ করিব, ইহা মৃত দেহের তুল্য, সুতরাং ধারণ করা অনুচিত॥ ২৩॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইত্যধ্বরে দক্ষমনূদ্য শত্রুহন্ ক্ষিতাবুদীচীং নিষসাদ শান্তবাক্।
স্পৃষ্ট্বা জলং পীতদুকূলসংবৃতা নিমীল্য দৃগ্‌যোগ পথং সমাবিশৎ ॥ ২৪ ॥
কৃত্বা সমানাবনিলৌ জিতাসনা সোদানমুত্থাপ্যচ নাভিচক্রতঃ।
শনৈ র্হৃদি স্থাপ্যধিয়োরসিস্থিতং কণ্ঠাদ্‌ভ্রুবোর্ম্মধ্যমনিন্দিতানয়ৎ ॥ ২৫ ॥
এবং স্বদেহং মহতাং মহীয়সা মুহুঃ সমারোপিতমঙ্কমাদরাৎ।
জিহাসতী দক্ষরুষা মনস্বিনী দধার গাত্রেষ্বনিলাগ্নিধারণাং ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

দক্ষং প্রত্যনূদ্যানুবাদং কৃত্বা হে শত্রুহন্ ক্রোধাদ্যরিঘাতিন্ উদীচীং উদীচ্যাং দিশি উদীচীতি পাঠান্তরে উদঙ্মুখী শান্তবাক্ গৃহীতমৌনা জলং স্পৃষ্ট্বা আচম্য দৃক্‌দৃশং ॥ ২৪ ॥

যোগমার্গমেবাহ কৃত্বেতি। অনিলৌ প্রাণাপানৌ উর্দ্ধাধোবৃত্তিকরৌ নিরোধেন সমানৌ এক রূপৌ নাভিচক্রে কৃত্বা। তত উদানং উত্থাপ্য ধিয়া সহ হৃদি স্থাপয়িত্বা কণ্ঠমার্গেণ ভ্রুবোর্ম্মধ্যমনয়ৎ ॥ ২৫ ॥

মহতাং পূজ্যতমেন ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

পীতদুকূলেত্যপি তাদৃশ্যা স্তদবস্থায়ামাচারতয়া জ্ঞেয়ং। সতীতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ২৪। ২৫। ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনূদ্য দক্ষং লক্ষীকৃত্য উক্ত্বা হে শত্রুহন্ স্বদেহ ত্যাগমিষেণ দক্ষং স্বশত্রুং সা জঘানৈবেতি ভাবঃ। উদীচী উদঙ্মুখী উদীচীমিতি পাঠে উদীচ্যাং দিশি দৃগ্দৃশং পীতদুকূলেতি মর্ত্তুকামানাং কুসুম্ভ রঞ্জিত বসন ধারণৌচিত্যাৎ ॥ ২৪ ॥

যোগমার্গমেবাহ। অনিলৌ প্রাণাপানৌ উর্দ্ধাধোবর্ত্তিনৌ নিরোধেন সমানৌ একরূপৌ নাভিচক্রে কৃত্বা তত উদানং প্রতি উত্থাপ্য ধিয়া সহ হৃদি স্থাপয়িত্বা ॥ ২৫ ॥

মহতাং মহীয়সা শ্রীরুদ্রেণ ॥ ২৬ ॥

মৈত্রেয় কহিলেন হে শত্রুনাশন বিদুর! দাক্ষায়ণী সতী এই প্রকারে যজ্ঞ মধ্যে দক্ষের প্রতি নিন্দা বাক্য প্রয়োগ করণানন্তর মৌনাবলম্বন পুরঃসর উত্তরমুখী হইয়া ক্ষিতীতলে নিষণ্ণা হইলেন। তৎপরে আচমন পূর্ব্বক পীতবর্ণ পট্ট বসন দ্বারা শরীর আবরণ করত নয়ন যুগল নিমীলিত করিয়া যোগপথে প্রবেশ করিলেন ॥ ২৪ ॥

অর্থাৎ উর্দ্ধাধোবৃত্তি বিশিষ্ট যে প্রাণ ও অপান বায়ু তদুভয়কে নিরোধ দ্বারা নাভিচক্রে সমান অর্থাৎ একরূপ করিলেন, তদনন্তর ঐ স্থান হইতে (নাভিচক্র হইতে) উদান বায়ুকে উত্তোলন করিয়া বুদ্ধির সহিত হৃদয়ে স্থাপন করিলেন, তৎপশ্চাৎ উদান বায়ুকে কণ্ঠমার্গ দ্বারা ভ্রূদ্বয়ের মধ্য স্থলে লইয়া গেলেন ॥ ২৫ ॥

এই রূপে সতী আপনার যে দেহকে মহদ্ব্যক্তিদিগের পূজ্যতম ভগবান্ রুদ্র আদর করিয়া ক্রোড়ে আরোপণ করিতেন, দক্ষের প্রতি ক্রোধ করিয়া সেই দেহও পরিত্যাগ করিবার বাসনায় সর্ব্বাঙ্গে বায়ু ও অগ্নির ধারণা ধারণ করিলেন ॥ ২৬ ॥

ততঃ স্বভর্ত্তুশ্চরণাম্বুজাসবং জগদ্‌গুরোশ্চিন্তয়তী নচাপরং।
দদর্শ দেহোহতকল্মষঃ সতী সদ্যঃ প্রজজ্বাল সমাধিজাগ্নিনা ॥ ২৭ ॥
তৎ পশ্যতাং খে ভুবি চাদ্ভুতং মহদ্ধাহেতি বাদঃ সুমহানজায়ত।
হন্ত প্রিয়া দৈবতমস্য দেবী জহাবসূন্ কেন সতী প্রকোপিতা ॥ ২৮ ॥
অহো অনাত্ম্যং মহদস্য পশ্যত প্রজাপতের্যস্য চরাচরং প্রজাঃ।
জহাবসূন্ যদ্বিমতাত্মজা সতী মনস্বিনী মানমভীক্ষ্ণমর্হতি ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

চরণাম্বুজে আসবং ভজনানন্দং ভর্ত্তুরপরং ন দদর্শ দেহশ্চ সদ্যঃ প্রজ্বলিতোঽভূৎ সমাধিনা জাতোঽগ্নিস্তেন ॥ ২৭ ॥
খে ভুবিচ। হাহেত্যাদিবাদঃ তমেবাহ হন্তেতি বিষাদে দৈবতমস্য পূজ্যতমস্য প্রিয়া কেন দক্ষেণ প্রকোপিতা সতী ॥ ২৮ ॥
মহদনাত্ম্যং দৌর্জন্যং অস্য সর্ব্বত্র স্নেহ এব ন্যায্য ইত্যাহুঃ যস্যেতি। যেন বিমতা অবজ্ঞাতা ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

দেহে হতকল্মষেতি সম্বন্ধোক্তিঃ তথা চ ব্যাখ্যা দেহে তপদুপলক্ষিতে হৃদীতি ॥ ২৭। ২৮। ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চরণাম্বুজস্যাসবং মকরন্দং মাধুর্য্যমিত্যর্থঃ চিন্তয়ন্তী সতী ন অপরং কিমপি দদর্শ। ততশ্চ সমাধিজেনাগ্নিনা হতং দক্ষকন্যাত্বাভিমান লক্ষণং কল্মষং যতঃ তথাভূতো দেহঃ প্রজজ্বাল দিদীপে জ্বলদীপ্তৌ। সদ্য স্তৎক্ষণএব ন তদুত্তর ক্ষণ ইতি বিদ্যুদিব প্রদীপ্যাস্তবধাদিত্যর্থঃ। তস্যা মায়াশক্তিত্বাৎ মায়ায়াশ্চ সাকারায়া অপি নিত্যত্বাৎ মায়িকবস্তুনামেবানিত্যত্ব ব্যবস্থাপনাত্তদ্দেহনাশো ন ব্যাখ্যেয়ঃ ॥ ২৭ ॥
দৈবতমস্য পূজ্যতমস্য প্রিয়া কেন দক্ষেণ প্রকোপিতা সতী অসূন্ জহাবিতি লোকপ্রতীতিঃ ॥ ২৮ ॥
অনাত্ম্যং জীবন্মৃতত্বং অস্য দক্ষস্য ন বিদ্যতে আত্মা যস্য স মৃতকস্তস্য ভাবঃ অনাত্ম্যং সংজ্ঞা পূর্ব্বক বিধিত্বেনানিত্যত্বাদ্বৃদ্ধ্যভাবঃ। যস্যেতি সর্ব্বত্রৈব স্নেহ উচিতঃ অথ চ স্বকন্যায়ামপি স্নেহাভাব ইতি জীবন্মৃতত্বমেবেতি ভাবঃ। আত্মজা তত্রাপি সতী তত্রাপি মনস্বিনীতি ধিক্ দক্ষমিতি ভাবঃ ॥ ২৯ ॥

তদনন্তর জগদ্গুরু যে আপনার পতি তাঁহারই পদারবিন্দের মকরন্দ চিন্তা করাতে অর্থাৎ ভজনানন্দ অনুভব হওয়াতে পতি ভিন্ন অন্য কোন ব্যক্তিকে দেখিতে পাইলেন না। তৎপরেই তাঁহার দেহ হতকল্মষ অর্থাৎ দক্ষ কন্যা বলিয়া যে অভিমান রূপ কলুষ ছিল তাহা বিনষ্ট হইয়া সমাধি সমুৎপন্ন অনল দ্বারা সদ্যঃ প্রজ্বলিত হইল ॥ ২৭ ॥

বৎস বিদুর! এই ব্যাপার অবলোকনে আকাশে ও ভূতলে হাহা রব উপস্থিত হইল, সকলে বিষাদ করিয়া কহিতে লাগিল, আঃ! কি খেদের বিষয়! পূজ্যতম দেবের প্রিয়া সতী দেবী দক্ষ কর্ত্তৃক প্রকোপিতা হইয়া আপনার প্রাণ পরিত্যাগ করিলেন ॥ ২৮ ॥

অহো! প্রজাপতি দক্ষের দৌর্জন্য দেখ! এই চরাচর বিশ্ব তাঁহার প্রজা, ইহাতে সকলের প্রতি তাঁহার স্নেহ করা উচিত হয়, তাহা দূরে থাকুক, আপনার আত্মজা সতীর অপমান করিয়াছেন, তাহাতে সেই মনস্বিনী প্রাণ পরিত্যাগ করিলেন। এই দেবী সততই সম্মান প্রাপ্ত হইবার যোগ্যা, কি আশ্চর্য্য! দক্ষ ইহাঁর অপমান করিয়াছেন ॥ ২৯ ॥

সোঽয়ং দুর্ম্মর্ষ হৃদয়ো ব্রহ্মধ্রুগ্‌ লোকে চ কীর্ত্তিমসতীমবাপ্স্যতি।
যদঙ্গজাং স্বাং পুরুষদ্বিড়ুদ্যতাং ন প্রত্যষেধন্মৃতয়েঽপরাধতঃ ॥ ৩০ ॥
বদত্যেবং জনে সত্যা দৃষ্ট্বাসুত্যাগমদ্ভুতং। দক্ষং তৎপার্ষদা হন্তুমুদতিষ্ঠন্নুদায়ুধাঃ ॥ ৩১ ॥
তেষামাপততাং বেগং নিশম্য ভগবান্ ভৃগুঃ। যজ্ঞঘ্নঘ্নেন যজুষা দক্ষিণাগ্নৌ জুহাবহ ॥ ৩২ ॥
অধ্বর্য্যুণা হূয়মানে দেবা উৎপেতুরোজসা। ঋভবো নাম তপসা সোমং প্রাপ্তাঃ সহস্রশঃ ॥ ৩৩ ॥
তৈরলাতায়ুধৈঃ সর্ব্বে প্রমথা সহ গুহ্যকাঃ। হন্যমানা দিশো ভেজুরুশদ্ভি র্ব্রহ্মতেজসা ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী

দুর্ম্মর্ষং অত্যসহনং হৃদযং যস্য। লোকে জনমধ্যে চশব্দান্নরকঞ্চ। যদ্যতঃ স্বীয়ামঙ্গজাং সুতামপরাধতঃ স্বাবজ্ঞাতঃ মৃতয়ে মরণায় উদ্যতাং ন নিবারিতবান্ পুরুষদ্বিট্‌ শিবদ্বেষী ॥ ৩০ ॥
অদ্ভুতং দৃষ্ট্বাচ ॥ ৩১ ॥
যজ্ঞঘ্নান্ হন্তীতি যজ্ঞঘ্নঘ্নং তেন। অপহতং রক্ষ ইত্যাদিনা ॥ ৩২ ॥
অধ্বর্য্যুণা ভৃগুণা যে তপসা সোমং প্রাপ্তাঃ ঋভবো নাম দেবা উত্থিতাঃ ॥ ৩৩ ॥
ব্রহ্মতেজসা উশদ্ভির্দীপ্যমানৈঃ ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মবন্ধুরিতি ক্বচিৎ। লোকে চ কীর্ত্তিমসতীমিত্যেব পাঠঃ। বহুত্র সদপি পাঠান্তরং নাঙ্গীকৃতং চ শব্দান্নরকঞ্চেতি ব্যাখ্যানাৎ ॥ ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

দুর্ম্মর্ষ হৃদয়ঃ অত্যসহিষ্ণুমনাঃ পুরুষদ্বিট্‌ শিবদ্বেষী অপরাধতঃ স্বাবজ্ঞয়া মৃতয়ে মরণায় উদ্যতাং ন নিবারিতবান্ ॥ ৩০। ৩১ ॥
যজ্ঞঘ্ন ন্‌ হন্তীতি তেনাপহতং রক্ষেত্যাদিনা ॥ ০ । ৩৩ ॥
ব্রহ্মতেজসা উশদ্ভির্দীপ্যমানৈঃ ॥ ৩৪ ॥

যাহাহউক, শিবদ্বেষী এই দক্ষ অতিশয় কঠিন হৃদয় এবং ব্রহ্মদ্রোহী, এ ব্যক্তি জন সমাজে অসতী কীর্ত্তি এবং পরলোকে অবশ্য নরক প্রাপ্ত হইবে, যে হেতু এ স্বয়ং অবজ্ঞা করাতে ইহার আত্মজা ইহার সমক্ষে মরণার্থ উদ্যতা হইলেন, এ ব্যক্তি চক্ষে দেখিয়াও তাঁহাকে নিবারণ করিল না ॥ ৩০ ॥

যখন সকল ব্যক্তি সতীর ঐ রূপ অদ্ভুত প্রাণ পরিত্যাগ দেখিয়া ঐ প্রকার কহিতে থাকিল, সেই সময় সতীর পার্ষদগণ স্ব স্ব আয়ুধ উত্তোলন করিয়া দক্ষ বধার্থ উত্থিত হইল ॥ ৩১ ॥

অনন্তর মহর্ষি ভৃগু সতীর পার্ষদগণকে আক্রমণোন্মুখ দেখিয়া ক্রুদ্ধ হইলেন এবং যে মন্ত্র দ্বারা যজ্ঞবিঘ্নকারিদের বিনাশ হয় সেই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক দক্ষিণাগ্নিতে আহুতি প্রদান করিলেন ॥ ৩২ ॥

ভৃগু অধ্বর্য্যু অর্থাৎ যজুর্বেদজ্ঞ হোমকারী ছিলেন, তিনি আহুতি প্রদান করিবা মাত্র ঋভু নামে যে দেবগণ তপস্যা দ্বারা সোমত্ব প্রাপ্ত হইয়াছিলেন তাঁহারা সহস্র সহস্র দলবদ্ধ হইয়া উত্থিত হইলেন ॥ ৩৩ ॥

এবং ব্রহ্মতেজে দেদীপ্যমান হওত জ্বলন্ত কাষ্ঠ ধারণ পূর্ব্বক প্রমথ ও গুহ্যকগণের উপর প্রহার করিতে লাগিলেন, তাহাতে প্রমথ ও গুহ্যকগণ হন্যমান হইয়া যে যে দিকে অবকাশ পাইল সে সেই দিকেই ধাবমান হইল ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে সতীদেহোৎসর্গশ্চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ভবো ভবান্যা নিধনং প্রজাপতেরসৎকৃতায়া অবগম্য নারদাৎ।
সপার্ষদ সৈন্যঞ্চ তদধ্বরর্ভুভি র্বিদ্রাবিতং ক্রোধমপারমাদধে ॥ ১ ॥
ক্রুদ্ধঃ সুদষ্টোষ্ঠপুটঃ সধূর্জটি র্জটাং তড়িদ্বহ্নিসটোগ্ররোচিষং।
উৎকৃত্য রুদ্রঃ সহসোত্থিতো হসন্ গম্ভীরনাদো বিসসর্জ তাং ভুবি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি চতুর্থে চতুর্থঃ ॥ * ॥

পঞ্চমেতু সতী দেহত্যাগমাকর্ণ্য শঙ্করঃ। বীরভদ্রং রুষোৎপাদ্য তেন দক্ষমঘাতয়ৎ ॥ ০ ॥
প্রজাপতে র্হেতোর্নিধনং কুতস্তেনাসৎকৃতায়াঃ তস্যাধ্বরে যে ঋভবো দেবাস্তৈঃ ॥ ১ ॥
সধূর্জটিঃ রুদ্রঃ ঘোরঃ সন্ জটাং উৎকৃত্য উৎপাট্য উত্থিতঃ সন্ তাং ভুবি বিসসর্জ। সুদষ্ট ওষ্ঠপুটো যেন। তড়িতাং বহ্নীনাঞ্চ সটা জ্বালাস্তদ্বদুগ্রং রোচির্যস্যাস্তাং ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥
তদধ্বরর্ত্বি র্গ্বিদ্রাবিতমিতি চিৎসুখঃ ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থস্য চতুর্থোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
পঞ্চমে শ্রুতবৃত্তান্তঃ কুপ্যন্ দক্ষমঘাতয়ৎ। উৎকৃত্য স্বজটোত্থেন বীরভদ্রেণ ধূর্জটিঃ ॥ ০ ॥
প্রজাপতের্হেতো র্নিধনং। কুতঃ। তেনাসৎকৃতায়াঃ তস্যাধ্বরে যে ঋভবো দেবাস্তৈঃ ॥ ১ ॥
সটাজ্বালাঃ রুদ্রোঘোরঃ সন্ ॥ ২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে চতুর্থ ॥ * ॥

পঞ্চমাধ্যায়ে সতীর দেহ ত্যাগ বৃত্তান্ত শ্রবণ করিয়া কোপান্বিত ধূর্জটির জটা উৎপাটনে বীর ভদ্রের সৃষ্টি এবং তাঁহার দ্বারা দক্ষের বধ ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর! যখন নারদের প্রমুখাৎ ভগবান্ ভব শুনিতে পাইলেন ভবানী দক্ষের নিকট সম্মান প্রাপ্ত না হওয়াতে তাঁহার প্রতি কোপ করিয়া আপনার শরীর পরিত্যাগ করিয়াছেন এবং দক্ষের যজ্ঞে ঋভু নামে কতকগুলি দেবতা উৎপন্ন হইয়া স্বীয় পার্ষদ সৈন্যগণকে দূরীভূত করিয়া দিয়াছেন, তখন তাঁহার অতিশয় ক্রোধ হইল ॥ ১ ॥

ধূর্জটি ক্রুদ্ধ হইয়া আপনার ওষ্ঠ দ্বয় দংশন পূর্ব্বক তৎক্ষণাৎ মস্তক হইতে একটা জটা উৎপাটন করিলেন, তাহাতে সেই জটা বিদ্যুৎ ও অগ্নি শিখার ন্যায় অতি উগ্রভাবে দীপ্তি পাইতে লাগিল। যাহা হউক, তিনি তৎপরে গাত্রোত্থান করিয়া গম্ভীর শব্দে হাস্য করিতে করিতে সেই জটা ভূমিতে নিক্ষেপ করিলেন ॥ ২ ॥

ততোঽতিকায়স্তনুবা স্পৃশন্দিবং সহস্রবাহুর্ঘনরুক্ ত্রিসূর্য্যদৃক্।
করালদংষ্ট্রোজ্জ্বলদগ্নিমূর্দ্ধজঃ কপালমালী বিবিধোদ্যতায়ুধঃ॥ ৩॥
তং কিং করোমীতি গৃণন্তমাহ বদ্ধাঞ্জলিং ভগবান্ ভূতনাথঃ।
দক্ষং সযজ্ঞং জহি মদ্ভটানাং ত্বমগ্রণী রুদ্রভটাংশকো মে॥ ৪॥
আজ্ঞপ্ত এবং কুপিতেন মন্যুনা স দেবদেবং পরিচক্রমে বিভুং।
মেনে তদাত্মানমসঙ্গরংহসা মহীয়সাং তাত সহঃ সহিষ্ণুং॥ ৫॥
অন্বীয়মানঃ সতু রুদ্রপার্ষদৈ র্ভৃশং নদদ্ভির্ব্যনদৎ সুভৈরবং।

শ্রীধরস্বামী।

ততো জটায়াঃ সকাশাৎ অতিকায়ো বীরভদ্রো জাত ইতিশেষঃ। তনুবা তন্বা দেহেন দিবং স্পৃশন্ অত্যুচ্চ ইত্যর্থঃ ঘনরুক্ কৃষ্ণবর্ণঃ ত্রয়ঃ সূর্য্যা ইব দৃশো যস্য। করালা স্তুঙ্গা দংষ্ট্রা যস্য জ্বলদগ্নিরিব মূর্দ্ধজা যস্য কপালমালাযুক্তঃ বিবিধান্যুদ্যতানি আয়ুধানি যস্য॥ ৩॥

হে রুদ্রভট যুদ্ধকুশল মদ্ভটানাং ত্বমগ্রণীঃ সন্ সযজ্ঞং দক্ষং জহি ব্রহ্মতেজো দুর্জয়মিতি মা মংস্থাঃ যতস্ত্বং মেঽংশঃ॥ ৪॥

মন্যুনা শ্রীরুদ্রেণ পরিচক্রমে প্রদক্ষিণী চকার। অসঙ্গমপ্রতীঘাতং যদ্রংহোবেগ স্তেন। ভোস্তাত মহীয়সাং বলীয়সামপি সহঃ সহিষ্ণুং বলং সোঢ়ুং ক্ষমং মেনে॥ ৫॥

জগদন্তকো মৃত্যু স্তস্যাপ্যন্তকং শূলং ঘোষয়ন্তি শব্দং কুর্ব্বন্তীতি ঘোষণানি নূপুরাদীনি ভূষণানি যয়োঃ তাবঙ্ঘ্রী যস্য সঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততো জটায়াঃ তন্বা দিবং স্পৃশন্ ত্রয়ঃ সূর্য্যা ইব দৃশো যস্য স অভবৎ॥ ৩॥

হে রুদ্র হে ভট যুদ্ধকুশল ত্বং মে অংশ ইতি ব্রহ্মতেজো দুর্জয়মিতি মা মংস্থা ইতি ভাবঃ॥ ৪॥

মন্যুনা রুদ্রেণ পরিচক্রমে প্রদক্ষিণী চকার। অসঙ্গং কেনাপি সহ গন্তুমশক্যং যদ্রংহোবেগস্তেন। যদ্বা। অসঙ্গস্যাত্মারামস্য রুদ্রস্য রংহসা মহীয়সাং বলীয়সামপি সহঃ সহিষ্ণুং বলং সোঢ়ুং ক্ষমং মেনে॥ ৫॥

জগদন্তকস্যাপ্যন্তক তুল্যং। ঘোষণানি শব্দায়মানানি ভূষণানি যয়ো স্তাবঙ্ঘ্রী যস্য সঃ॥ ৬॥

তাহাতে ঐ জটা হইতে মহাকায় বীরভদ্র উৎপন্ন হইলেন। ঐ বীরভদ্রের কলেবর এত উচ্চ যে তিনি তদ্দ্বারা স্বর্গ স্পর্শ করিতেছিলেন। অপর তাঁহার সহস্র বাহু এবং মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ, আর তিনটী চক্ষুঃ যেন তিন সূর্য্য। অপিচ তাঁহার দংষ্ট্রা অতিশয় করাল এবং তাঁহার শিরস্থ কেশ জ্বলন্ত অনলের ন্যায় জ্বলিতেছিল। আর গলায় নরকপালের মালা ও হস্তে বিবিধ অস্ত্র উদ্যত ছিল॥ ৩॥

বীরভদ্র এই প্রকার মূর্ত্তি ধারণ করিয়া আত্ম প্রকাশের পর অঞ্জলি বন্ধন পূর্ব্বক ভগবান্ ভবের সম্মুখে দণ্ডায়মান হইয়া কহিলেন প্রভো! কি করিতে হইবে আজ্ঞা করুন। তাঁহার এই প্রার্থনায় ভগবান্ ভূতনাথ সম্বোধন পূর্ব্বক কহিলেন, অহে রুদ্রভট! তুমি অতিশয় যুদ্ধ কুশল, আমার সৈন্য সকলের অগ্রণী হইয়া যজ্ঞ সহ ঐ দক্ষকে বিনষ্ট কর। তুমি আমার অংশ, ইহাতে ব্রহ্মতেজঃ দুর্জয় বলিয়া ভয় করিও না॥ ৪॥

ভগবান্ রুদ্র কোপান্বিত হইয়া এই প্রকার আজ্ঞা করিলে ঐ বীরভদ্র দেবদেব মহেশ্বরকে প্রণাম পূর্ব্বক প্রদক্ষিণ করিলেন। বৎস বিদুর! সে সময় তাঁহার অনিবার্য্য ঔৎসুক্য জন্মিয়াছিল ইহাতে আপনাকে অতিশয় বলিষ্ঠ ব্যক্তিরও বল সহ্য করণে সক্ষম বোধ করিয়াছিলেন॥ ৫॥

সে যাহা হউক, ভগবান্ রুদ্রের আদেশে তদীয় পার্ষদগণও সিংহনাদ করিতে করিতে তাঁহার অনু-

উদ্যম্য শূলং জগদন্তকান্তকং সংপ্রাদ্রবদ্ঘোষণভূষণাঙ্ঘ্রিঃ ॥ ৬ ॥
অথর্ত্বিজো যজমানঃ সদস্যাঃ ককুভ্যুদীচ্যাং প্রসমীক্ষ্য রেণুং ।
তমঃ কিমেতৎ কুতএতদ্রজো ভূদিতি দ্বিজা দ্বিজপত্ন্যশ্চ দধ্যুঃ ॥ ৭ ॥
বাতা ন বান্তি ন হি সন্তি দস্যবঃ প্রাচীনবর্হির্জীবতি হোগ্রদণ্ডঃ ।
গাবো ন কাল্যন্ত ইদং কুতোরজো লোকোঽধুনা কিং প্রলয়ায় কল্পতে ॥ ৮ ॥
প্রসূতিমিশ্রাঃ স্ত্রিয় উদ্বিগ্নচিত্তা ঊচুর্বিপাকো বৃজিনস্যৈব তস্য ।
যৎ পশ্যন্তীনাং দুহিতৄণাং প্রজেশঃ সুতাং সতীমবদধ্যাবনাগাং ॥ ৯ ॥

শ্রীধরস্বামী ।

ককুভি দিশি তমো ন ভবতি কিন্তু রজ ইতি জ্ঞাত্বাহুঃ । রজ এতৎ কুতোঽভূৎ দধ্যুঃ চিন্তয়ামাসুঃ ॥ ৭ ॥

হেত্বন্তরাসম্ভবেন ঔৎপাতিকত্বং কল্পয়ন্তি বাতা ইতি দস্যূনামসত্ত্বে হেতুঃ প্রাচীনবর্হিস্তদানীন্তনো রাজা জীবতীতি । নকাল্যন্তে ন শীঘ্রং নীয়ন্তে ॥ ৮ ॥

প্রসূতি দক্ষস্য পত্নী সা মিশ্রা মুখ্যা যাসাং । বিপাকঃ ফলং পশ্যন্তীনামিতি তস্যা দুঃখাধিক্যে হেতুঃ । অবদধ্যৌ অবজ্ঞাতবান্ অনাগাঃ অনাগসং ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

প্রথমং তম ইতি ততস্তম এতন্নভবতি কিন্তু রজ ইতি জ্ঞাত্বাহুঃ রজ এতৎ কুতোঽভূদিতি ॥ ৭ ॥

পুনরপি বিবিধং সংশেরতে বাতা ইতি । প্রাচীনবর্হিস্তদানীন্তনো রাজা ইতি স্পষ্টং ॥ ৮ ॥

প্রসূতি দক্ষপত্নী সা মিশ্রা মুখ্যা যাসাং তা তস্য বৃজিনস্যাপরাধস্য এষ বিপাকঃ ফলং । পশ্যন্তীনামিতি তস্যা দুঃখাধিক্যে হেতুঃ । অবদধ্যৌ অবজ্ঞাতবান্ অনাগাঃ নিরপরাধাং ॥ ৯ ॥

গামী হইল, অতএব বীরভদ্র আপনার শূল উত্তোলন করিয়া ভয়ঙ্কর রূপে গর্জন করিলেন । বৎস ! তাঁহার ঐ শূল জগতের অন্তকারী যে যম তাহারও অন্তক । পরে তিনি যখন বেগে গমন করেন তখন তাঁহার চরণদ্বয়ের নূপুরাদি ভূষণের ভয়ানক শব্দ হইয়াছিল ॥ ৬ ॥

অনন্তর দক্ষের যজ্ঞ সভাস্থ ঋত্বিক্, যজমান এবং সদস্য সকল তথা দ্বিজ ও দ্বিজপত্নীগণ উত্তর দিকে ভয়ানক ধূলি উড়িতেছে দেখিয়া সবিস্ময় চিত্তে চিন্তা করিতে লাগিলেন, ও কি অন্ধকার না কি ? অথবা উহা অন্ধকার নহে, ধূলি, ঐ রূপ ধূলা কোথা হইতে হইল ? ॥ ৭ ॥

এখন ত ধূলা উড়িবার কোন কারণ দেখিতে পাই না ? বায়ু ত বড় বেগে বহিতেছে না, আর এক্ষণে দস্যুগণেরও ত প্রভাব নাই ? রাজা প্রাচীনবর্হি অতিশয় উগ্রদণ্ড, তিনি এখনও জীবিত আছেন, তিনি জীবদ্দশায় থাকিতে কোন দস্যু দৌরাত্ম্য প্রকাশার্থ ঐ প্রকারে উত্থিত হইবে এমত বিবেচনা ত হয় না । এ কি আশ্চর্য্য ! গো সকলও যে শীঘ্র নীত হইতেছে না ? এ কি ! সমস্ত লোকই প্রলয়ের নিমিত্ত উপস্থিত হয় না কি ? ॥ ৮ ॥

অনন্তর দক্ষপত্নী প্রভৃতি স্ত্রীগণ উদ্বিগ্ন চিত্ত হইয়া কহিতে লাগিলেন, আমাদের নিশ্চয় বোধ হইতেছে ইহা সেই পাপের ফল, প্রজাপতি দক্ষ অন্যান্য কন্যাগণের সমক্ষে বিনা অপরাধে আপনার তনয়া সতীর যে অনাদর করিয়াছেন তজ্জন্যই এই উৎপাত উপস্থিত হইতেছে সন্দেহ নাই ॥ ৯ ॥

যস্ত্বন্তকালে ব্যুপ্তজটাকলাপঃ স্বশূলশূচ্যর্পিত দিগ্‌গজেন্দ্রঃ।
বিতত্য নৃত্যত্যুদিতাস্ত্রদোর্দ্ধ্বজানুচ্চাট্টহাসস্তনয়িত্নু ভিন্নদিক্‌ ॥ ১০ ॥
অমর্ষয়িত্বা তমসহ্য তেজসং মন্যুপ্লুতং দুর্ন্নিরীক্ষ্যং ভ্রূকুট্যা।
করালদংষ্ট্রাভিরুদস্তভাগণং স্যাৎ স্বস্তি কিং কোপয়তো বিধাতুঃ ॥ ১১ ॥
বহ্বেবমুদ্বিগ্ন দৃশোচ্যমানে জনেন দক্ষস্য মুহুর্মহাত্মনঃ।
উৎপেতুরুৎপাততমাঃ সহস্রশোভয়াবহা দিবি ভূমৌচ পর্য্যক্‌ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

নচেদং সুতাবজ্ঞামাত্রং কিন্তু শ্রীরুদ্রাবজ্ঞানঞ্চ। অতো নাস্য ভদ্রং ভবিষ্যতীত্যাহঃ যস্ত্বিতি দ্বাভ্যাং ব্যুপ্তো বিকীর্ণো জটাকলাপো যস্য। স্বশূলস্য শূচ্যামগ্রে অর্পিতাঃ প্রোতা দিগ্‌গজেন্দ্রা যেন উদিতানি উন্নমিতানি অস্ত্রাণি যৈঃ তে দোর্ষোবাহব এব ধ্বজা স্তান্‌ বিতত্য হর্ষেণ নৃত্যতি উচ্চঃ অট্টহাসঃ কঠোর হাসঃ সএব স্তনয়িত্নু গর্জ্জিতং তেন ভিন্না বিদীর্ণা দিশো যেন সঃ ॥ ১০ ॥

অমর্ষয়িত্বা অসহন যুক্তং কৃত্বা মন্যুপ্লুতং ক্রোধব্যাপ্তং উদস্ত উৎক্ষিপ্তো ভাগণো নক্ষত্র সমূহো যেন। পুনশ্চ তং কোপয়তো বিধাতুরপি কিং স্বস্তি স্যাৎ নস্যাদেব কাপ্যস্য কথা ॥ ১১ ॥

উদ্বিগ্না প্রচলিতা দৃক্‌ যস্য তেন জনেন বহু যথা ভবতোবমুচ্যমানে সতি উৎপাততমা মহোৎপাতা উত্থিতাঃ। পর্য্যক্‌ সর্ব্বতঃ। কথম্ভূতাঃ মহাত্মনোপি দক্ষস্য ভয়াবহাঃ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

যস্ত্বন্তকালে ইতি যুগ্মকং ॥ ১০ ॥ অমর্ষো অসহনং কোপস্তু তৎ কার্য্যভূতঃ ॥ ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নচাস্য প্রজাপতে স্তেজস্বিত্বং শ্রীরুদ্রে প্রভবতীত্যাহঃ যস্ত্বিতি দ্বাভ্যাং ব্যুপ্তজটাকলাপঃ বিকীর্ণজটাপুঞ্জঃ উদিতান্যুন্নমিতান্যস্ত্রাণি যেষু তে দোষো বাহব এব ধ্বজা স্তান্‌ বিতত্য নৃত্যতি। স্তনয়িত্নু গর্জ্জিতং তেন ভিন্না বিদীর্ণা দিশোযেন তং ॥ ১০ ॥

অমর্ষয়িত্বা কোপয়িত্বা উদস্ত উৎক্ষিপ্তো ভাগণো বহ্নিসূর্য্যাদীনামপি জ্যোতির্গণো যেন তং। পুনরপি প্রেয়স্যবমানেন কোপয়তো বিধাতুঃ প্রজাপতেঃ পিতু র্ব্রহ্মণোপি কিং স্বস্তি স্যাৎ কান্যস্য কথেতি দক্ষস্য দৌরাত্ম্যেন সর্ব্বএব মহাবিপদি নিমজ্জ্যাম ইতি ভাবঃ ॥ ১১ ॥

হে মাতরঃ সত্যমেব ব্রূথেত্যেবং জনেন তত্রত্য লোক সমূহেনাপি বহু উচ্যমানে মহাত্মনোপি দক্ষস্য। যদ্বা বিপরীত লক্ষণয়া দুরাত্মন ইত্যর্থঃ ॥ ১২ ॥

প্রজাপতি কেবল সতীর প্রতি অবজ্ঞা করিয়াছেন এতাবন্মাত্রও ত নহে ভগবান্‌ রুদ্রেরও যে অপমান করিয়াছেন, ইহাতে এ রূপ উৎপাত উপস্থিত হইবে আশ্চর্য্য কি ? ফলতঃ যিনি প্রলয়কালে জটাকলাপ বিকীর্ণ এবং আপনার শূলের অগ্রভাগে দিক্‌হস্তি সকল বিদ্ধ করিয়া বাহুরূপ যে ধ্বজা, যাহাতে বিবিধ শস্ত্র দেদীপ্যমান, সে সকলকে বিস্তার করত আহ্লাদে নৃত্য করিয়া থাকেন এবং তৎকালীন যাঁহার অতি উচ্চ ও কঠোর হাস্য রূপ মেঘ গর্জনে দিক্‌ সকল বিদীর্ণ হইয়া যায় ॥ ১০ ॥

তাঁহার ক্রোধ উদ্ভাবন করিয়া ব্রহ্মারও কি মঙ্গল দর্শন হইতে পারে ? যেহেতু তাঁহার তেজঃ অতি অসহ্য, তিনি সহজেই ক্রোধযুক্ত আছেন, এমত ভ্রূকুটী করেন যে নিরীক্ষণ করা অসাধ্য। অপর তাঁহার দন্ত সকল করাল, তদ্দ্বারা নক্ষত্রগণ আকাশে উৎক্ষিপ্ত হয়, অতএব তাদৃশ উগ্র মূর্ত্তি রুদ্রকে পুনর্ব্বার কোপান্বিত করিলে অন্যের মঙ্গল হইবে সম্ভাবনা কি ॥ ১১ ॥

তত্রস্থ সমস্ত ব্যক্তি উদ্বেগ বশতঃ সচকিৎলোচন হইয়া বারম্বার এই প্রকার কহিতে থাকিলে অকস্মাৎ গগনমণ্ডলে ও অবনীতলে সহস্র সহস্র উৎপাত উপস্থিত হইতে লাগিল। ঐ সকল উৎপাত এ রূপ ঘোরতর যে তাহাতে মহাত্মা দক্ষেরও ভয় জন্মিল ॥ ১২ ॥

তাবৎ সরুদ্রানুচরৈর্মহামখো নানায়ুধৈর্বামনকৈরুদায়ুধৈঃ।
পিঙ্গৈঃ পিশঙ্গৈর্মকরোদরাননৈঃ পর্য্যাদ্রবদ্ভির্বিদুরান্বরুধ্যত ॥ ১৩ ॥
কেচিদ্বভঞ্জুঃ প্রাগ্বংশং পত্নীশালাং তথাপরে। সদ আগ্নিধ্রশালাঞ্চ তদ্বিহারং মহানসং॥ ১৪ ॥
রুরুজুর্যজ্ঞপাত্রাণি তথৈকেঽগ্নীননাশয়ন্। কুণ্ডেষ্বমূত্রয়ন্ কেচিদ্বিভিদুর্বেদিমেখলাঃ।
অবাধন্ত মুনীনন্যে একে পত্নীরতর্জয়ন্। অপরে জগৃহুর্দেবান্ প্রত্যাসন্নান্ পলায়িতান্ ॥
ভৃগুং ববন্ধ মণিমান্ বীরভদ্রঃ প্রজাপতিং। চণ্ডেশঃ পূষণং দেবং ভগং নন্দীশ্বরোঽগ্রহীৎ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী

নানা আয়ুধানি যেষাং বামনকৈঃ হ্রস্বৈঃ। উদ্যতায়ুধৈঃ পিঙ্গৈঃ কপিলৈঃ পিশঙ্গৈঃ পীতৈঃ মকরস্যেবোদরমাননং চ যেষাং তৈঃ পরি পরিতঃ আ সর্ব্বতঃ ধাবদ্ভিঃ অবরুদ্ধঃ ॥ ১৩ ॥

যজ্ঞশালায়াঃ পূর্ব্ব পশ্চিম স্তম্ভয়োরর্পিতং পূর্ব্বপশ্চিমায়তং কাষ্ঠং প্রাগ্বংশ স্তং। যজ্ঞশালায়াঃ পশ্চিমতঃ পত্নীশালাং। যজ্ঞশালায়াঃ পুরতঃ স্থিতং সদোমণ্ডপং। সদসঃ পুরতোহবির্দ্ধানং। তস্য উত্তরতঃ অগ্নীধ্রশালাং তদ্বিহারং যজমান গৃহং মহানসং পাকভোজনশালাং ॥ ১৪ ॥

রুরুজুর্ভঞ্জুঃ উত্তরবেদ্যা মেখলাঃ সীমাসূত্রাণি ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বামনকৈ র্হ্রস্বদেহৈঃ অম্বরুধ্যত আব্রিয়ত ॥ ১৩ ॥

যজ্ঞশালায়াঃ পূর্ব্বপশ্চিমস্তম্ভয়োরর্পিতং পূর্ব্বপশ্চিমায়তং কাষ্ঠং প্রাগ্বংশঃ। যজ্ঞশালায়াঃ পশ্চিমতঃ পত্নীশালা। যজ্ঞশা-লায়াঃ পুরতঃ সদোমণ্ডপঃ সদসঃ পুরতো হবির্ধানং তস্যোত্তরত আগ্নীধ্রশালা তদ্বিহারো যজমানগৃহং মহানসং পাকভোজন শালাং ॥ ১৩ ॥

রুরুজুর্বভঞ্জুঃ ॥ ১৪ ॥

তিষ্ঠত ভবতীঃ সংপ্রতি বিধবাঃ কুরুহ ইতি অশ্লীলবচনৈর্বা পত্নীরতর্জ্জয়ন্ ॥ ১৫ ॥

বৎস বিদুর! তাহার পরেই খর্ব্বাকৃতি রুদ্রানুচরগণ স্ব স্ব আয়ুধ উত্তোলন করিয়া চতুর্দ্দিক্ হইতে দৌড়িয়া আসিল এবং দক্ষের সেই যজ্ঞসভা অবরুদ্ধ করিল, তাহাদের হস্তে বিবিধ অস্ত্র ছিল, তাহাদের মধ্যে কেহ কেহ পিঙ্গল বর্ণ, কেহ বা পীত বর্ণ, কাহারও মকরের ন্যায় উদর, কাহারও বা মকর তুল্য আনন অর্থাৎ সকলেই বিকটাকার ॥ ১৩ ॥

তাহাদের মধ্যে কেহ কেহ যজ্ঞশালার প্রাগ্বংশ অর্থাৎ পূর্ব্ব পশ্চিম স্তম্ভের উপরি স্থাপিত পূর্ব্ব পশ্চিমায়ত কাষ্ঠ ভাঙ্গিয়া ফেলিল, অন্যেরা যজ্ঞশালার পশ্চিম দিক্ স্থিত পত্নীশালা ভগ্ন করিয়া দিল, অপরেরা যজ্ঞশালার সম্মুখস্থ মণ্ডপ এবং মণ্ডপের অগ্রবর্ত্তি হবির্ধান ও তাহার উত্তরদিক্ স্থিত আগ্নিধ্র শালা তথা যজমান গৃহ এবং পাক ও ভোজন শালা ভাঙ্গিয়া ফেলিয়া দিল ॥ ১৪ ॥

অন্য কেহ কেহ যজ্ঞপাত্র ভগ্ন করিল, কেহ বা অগ্নি নষ্ট করিয়া ফেলিল, কেহ কেহ কুণ্ডে প্রস্রাব করিতে লাগিল, কেহ বেদির মেখলা অর্থাৎ সীমাসূত্র ভাঙ্গিয়া দিল,অপর কতকগুলি মুনিদের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইল, কেহ কেহ বা পত্নীদিগকে তর্জন গর্জন করিতে লাগিল,অপর কতকগুলি রুদ্রা-নুচর নিকটবর্ত্তি ও পলায়ন পরায়ণ দেবগণকে ধরিতে লাগিল। আর মণিমান্ নামক রুদ্রপার্ষদ ভৃগুকে ধরিয়া বন্ধন করিলেন ও বীরভদ্র দক্ষকে,চণ্ডেশ সূর্য্যদেবকে এবং নন্দীশ্বর ভগদেবকে গ্রহণ করিলেন॥১৫

সর্ব্ব এবর্ত্বিজো দৃষ্ট্বা সদস্যাঃ সদিবৌকসঃ। তৈরর্দ্দ্যমানাঃ সুভৃশং গ্রাবভির্নৈকধা দ্রবন্ ॥ ১৬ ॥
জুহ্বতঃ স্রুবহস্তস্য শ্মশ্রূণি ভগবান্ ভবঃ। ভৃগোর্লুলুঞ্চে সদসি যো হসচ্ছ্মশ্রু দর্শয়ন্ ॥ ১৭ ॥
ভগস্য নেত্রে ভগবান্ পাতিতস্য রুষা ভুবি। উজ্জহার সদস্থোঽক্ষ্ণা যঃ শপন্তমসূসুচৎ ॥ ১৮ ॥
পুষ্ণোহ্যপাতয়দ্দন্তান্ কলিঙ্গস্য যথা বলঃ। শপ্যমানে গরিমণি যো হসদ্দর্শয়ন্দতঃ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

গ্রাবভিরর্দ্দ্যমানাঃ নৈকধা অনেকধা দুদ্রুবুঃ ॥ ১৬ ॥
স্রুবোহস্তে যস্য ভবো বীরভদ্রঃ লুলুঞ্চে উৎপাটিতবান্ ॥ ১৭ ॥
উজ্জহার উদ্ধৃতবান্ সদস্থঃ সভায়াং স্থিতঃ সন্ শপন্তং শিবনিন্দাং কুর্ব্বন্তং দক্ষং অক্ষ্ণা অক্ষিকোণেন অসূসুচৎ প্রেরিতবান্ ॥১৮
কলিঙ্গদেশরাজস্য অনিরুদ্ধোদ্বাহে বলভদ্রো যথা দ্যূতে দন্তান্ পাতিতবান্ গরিমণি গুরুতরে রুদ্রে নিন্দ্যমানে দতঃ দন্তান্ দর্শয়ন্ যো জহাস। পুষ্ণোরিতি পাঠে দ্বিবচনমৈন্দ্রাপৌষ্ণশ্চরু র্ভবতীত্যত্র তৎসহিতস্যাপি পুষ্ণোদন্তপাতপ্রাপ্ত্যর্থং সূচিতবান্। তথাহি পূষা পিষ্টভাগোঽদন্তকো হি তং দেবা অস্তবন্নিতি বিহিতস্য পেষণস্য দ্বিদৈবত্যাভাবাৎ তত্র তস্য দন্তাঃ সন্তীতি বক্তব্যং স্যাৎ। ন চৈতৎ সংগচ্ছতে ইত্যাশঙ্ক্য তত্রাপি তস্য দন্তপাতো ভবত্যতেদ প্রবৃত্তেন দ্বিবচনেন জ্ঞাপ্যতে অতএব পুষ্ণোঽনুগ্রহং দ্বেধা বক্ষ্যতি। পূষা তু যজমানস্য দদ্ভির্যক্ষতু পিষ্টভুগিতি। কেবলশ্চেৎ পিষ্টভুক্ ভবিষ্যতি অন্যসহিতশ্চেৎ যজমানস্য দদ্ভির্ভক্ষয়িষ্যতীত্যর্থঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গ্রাবভিরর্দ্দ্যমানা নৈকধা দুদ্রুবুঃ ॥ ১৬ ॥
ভবো বীরভদ্রঃ লুলুঞ্চে উৎপাটয়ামাস ॥ ১৭ ॥
শপন্তং দক্ষং অক্ষিনিকোচেন অসূসুচৎ প্রেরিতবান্ ॥ ১৮ ॥
কলিঙ্গদেশরাজস্যানিরুদ্ধোদ্বাহে বলভদ্রো যথা দন্তান্ দ্যূতে পাতিতবান্ গরিমণি গরিমবতি রুদ্রে। দতো দন্তান্ পুষ্ণোরিতি পাঠে দ্বিবচনমৈন্দ্রাপৌষ্ণশ্চরু ভবতীত্যত্রেন্দ্র সহিতস্যান্যস্যাপি পুষ্ণোদন্তপাতপ্রাপ্ত্যর্থং জ্ঞেয়ঃ ॥ ১৯ ॥

যজ্ঞ সভাস্থিত ঋত্বিক্ ও সদস্যগণ এই সমস্ত ব্যাপার অবলোকন করিয়া অবশিষ্ট দেবতাদের সহিত চতুর্দ্দিকে ধাবমান হইতে লাগিলেন, কিন্তু রুদ্রানুচরেরা তাঁহাদের প্রতি যে সকল প্রস্তর নিক্ষেপ করিল তাহাতে তাঁহারাও অতিশয় বেদনার্দ্দিত হইলেন ॥ ১৬ ॥

বৎস বিদুর! মহর্ষি ভৃগু যজ্ঞস্থলে বসিয়া স্রুব নামক যজ্ঞ পাত্র হস্তে করিয়া হোম করিতেছিলেন, শঙ্করকিঙ্কর বীরভদ্র যজ্ঞস্থলেই তাঁহার শ্মশ্রু ধারণ পূর্ব্বক উৎপাটন করিতে লাগিলেন। ভৃগুকে এ প্রকার পীড়া দিবার তাৎপর্য্য এই যে তিনি শ্মশ্রু দেখাইয়া ভগবান্ ভবকে উপহাস করিয়াছিলেন ॥ ১৭

অনন্তর যজ্ঞসভাস্থিত ভগ নামক দেবকে রোষ বশতঃ ভূমিতে নিক্ষেপ করিয়া তাঁহার দুই চক্ষু উদ্ধৃত করিলেন, কারণ, দক্ষ যখন শিবনিন্দা করেন তখন তিনি অক্ষিকোণ দ্বারা সঙ্কেত করিয়া তাঁহাকে ঐ ব্যাপারে প্রেরণ করিয়াছিলেন ॥ ১৮ ॥

পরে বলভদ্র যেমন কলিঙ্গরাজ দন্তবক্রের দন্ত সকল উৎপাটিত করেন তাহার ন্যায় পূষার দশন সকল ভাঙ্গিয়া দিলেন, কারণ দক্ষ যখন পরমগুরু মহাদেবের নিন্দা করেন তখন তিনি দন্ত দেখাইয়া হাস্য করিয়াছিলেন ॥ ১৯ ॥

আক্রম্যোরসি দক্ষস্য শিতধারেণ হেতিনা। ছিন্দন্নপি তদুদ্ধর্ত্তুং নাশক্নোত্ত্র্যম্বকস্তদা ॥ ২০ ॥
শস্ত্রৈরস্ত্রান্বিতৈরেনমনির্ভিন্নত্বচং হরঃ। বিস্ময়ং পরমাপন্নো দধ্যৌ পশুপতিশ্চিরং ॥ ২১ ॥
দৃষ্ট্বা সংজ্ঞপনং যোগং পশূনাং স পতির্মখে। যজমানপশোঃ কস্য কায়াত্তেনাহরচ্ছিরঃ ॥ ২২ ॥
সাধুবাদস্তদা তেষাং কর্ম্ম তত্তস্য পশ্যতাং। ভূতপ্রেতপিশাচানামন্যেষাং তদ্বিপর্য্যয়ঃ ॥ ২৩ ॥
জুহাবৈতচ্ছিরস্তস্মিন্ দক্ষিণাগ্নাবমর্ষিতঃ। তদ্দেব যজনং দগ্ধ্বা প্রাতিষ্ঠদ্গুহ্যকালয়ং ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

ছিন্দন্নপীত্যত্র শিরঃ উত্পাটয়িতুমিতি শেষঃ ... ত্র্যম্বকো বীরভদ্রঃ ॥ ২০ ॥
অস্ত্রান্বিতৈঃ মন্ত্রসহিতৈঃ। ন নির্ভিন্না ত্বক্ যস্য তথাভূতং দৃষ্ট্বেতি শেষঃ ॥ ২১ ॥
স পশূনাং পতিঃ মখে সংজ্ঞপনং যোগং কণ্ঠপীড়নাদিরূপং মারণোপায়ং দৃষ্ট্বা তেনোপায়েনাহরৎ ॥ ২২ ॥
অন্যেষাং ব্রাহ্মণাদীনাং তদ্বিপর্য্যয়ঃ অসাধুবাদোঽভূদিতি শেষঃ ॥ ২৩ ॥ গুহ্যকালয়ং কৈলাসং ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

পুষ্ণোরিতি পাঠে টীকায়াং তৎ সহিতস্যাপি। ইন্দ্রসহিতো যঃ পূষা তস্যাপি দন্তপাতমকরোদিতি প্রাপ্ত্যর্থমিত্যর্থঃ তত্র তস্য দন্তীতি তদ্রহিতস্যেতি বক্তব্যং স্যাৎ। ইতীতি কিং তত্রাহ দন্তী সন্ পূষা দন্তবানিত্যর্থঃ। তস্য দন্তাঃ সন্তীতি বা পাঠঃ আশঙ্ক্য বিচার্য্য। তত্রাপি ইন্দ্রসহিতস্যেপীতি। পুষ্ণ ইত্যাদি পূর্ব্বার্দ্ধং। শপ্যমান ইত্যাদি পরার্দ্ধং। অনয়োঃ পদ্যার্দ্ধয়োর্বিপর্য্যয়েণ পাঠস্তু ন স্যাদিতি স্থখয়োঃ সম্মতঃ ॥ ২০। ২১। ২২। ২৩। ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হেতিনা খড়্গেন তন্মস্তকং ত্র্যম্বকো বীরভদ্রঃ ॥ ২০ ॥
শস্ত্রৈঃ খড়্গাদিভিঃ অস্ত্রান্বিতৈঃ শরত্রিশূলাদি সহিতৈরচ্ছিন্নত্বচং দৃষ্ট্বেতি শেষঃ ॥ ২১ ॥
সংজ্ঞপনং যোগং কণ্ঠনিষ্পীড়নেন ত্রোটনং। তেনোপায়েনাহরৎ ॥ ২২ ॥
অন্যেষাং বিপ্রাদীনাং তদ্বিপর্য্যয়োঽসাধুবাদঃ ॥ ২৩ ॥ গুহ্যকালয়ং কৈলাসং ॥ ২৪ ॥

অবশেষে বীরভদ্র দক্ষের বক্ষঃস্থলে আক্রমণ করিয়া তীক্ষ্ণধার অস্ত্র দ্বারা তাঁহার মস্তক ছেদন করিতে লাগিলেন, কিন্তু পুনঃ পুনঃ অস্ত্রাঘাত করিয়াও শিরশ্ছেদন করিয়া তুলিতে তাঁহার সামর্থ্য হইল না ॥ ২০ ॥

অস্ত্রসহ শস্ত্র প্রয়োগ দ্বারাও ইহাঁর ত্বক্ নির্ভিন্ন হয় না কেন? ইহা বিবেচনা করিয়া বীরভদ্রের বিস্ময় উপস্থিত হইল, অনন্তর অনেকক্ষণ ব্যাপিয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ২১ ॥

পরে তাঁহার দৃষ্টিগোচর হইল যজ্ঞস্থলে সংজ্ঞপন যোগ অর্থাৎ কণ্ঠনিষ্পীড়নাদি রূপ পশুমারণোপায় একটা যন্ত্র রহিয়াছে, অতএব যজমান রূপ পশুকে সেই যন্ত্রে নিক্ষেপ করিয়া শেষে ঐ উপায় দ্বারা তাঁহার মুণ্ড দেহ হইতে পৃথক্ করিলেন ॥ ২২ ॥

বীরভদ্রের এই কর্ম্ম দেখিয়া তত্রস্থ সমস্ত ভূত প্রেত পিশাচগণ, যাহারা দর্শন করিতেছিল, তাহাদের সাধুবাদে মহা কোলাহল হইল, কিন্তু অন্য ব্যক্তিদের অর্থাৎ যজ্ঞস্থলস্থিত ব্রাহ্মণদিগের তদ্বিপরীত ধ্বনি অর্থাৎ অসাধুবাদ হইতে লাগিল ॥ ২৩ ॥

তদনন্তর বীরভদ্র রোষ বশতঃ দক্ষের ছিন্ন মস্তক দক্ষিণাগ্নিতে হোম করণানন্তর যজ্ঞশালাকে দগ্ধ করিয়া ফেলিলেন, তৎপরে রুদ্রানুচর সকল সঙ্গে লইয়া কৈলাস পর্ব্বতের দিকে প্রস্থান করিলেন ॥ ২৪

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে দক্ষযজ্ঞ বিধ্বংসনং পঞ্চমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৫ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

অথ দেবগণাঃ সর্ব্বে রুদ্রানীকৈঃ পরাজিতাঃ। শূলপট্টিস নিস্ত্রিংশ গদা পরিঘমুদ্গরৈঃ ॥

সংছিন্ন ভিন্ন সর্ব্বাঙ্গাঃ সর্ত্বিক্ সভ্যা ভয়াকুলাঃ। স্বয়ম্ভুবে নমস্কৃত্য কাৎস্ন্যেনৈতন্ন্যবেদয়ন্ ॥ ১ ॥

উপলভ্য পুরৈবৈতদ্ভগবানব্জসম্ভবঃ। নারায়ণশ্চ বিশ্বাত্মা ন কস্যাধ্বরমীয়তুঃ ॥ ২ ॥

তদাকর্ণ্য বিভুঃ প্রাহ তেজীয়সি কৃতাগসি। ক্ষেমায় সা তথা ভূয়ান্ন প্রায়েণ বুভূষতাং ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি চতুর্থে পঞ্চমঃ ॥ * ॥

ষষ্ঠেতু দেবসংঘেন সহ গত্বা ভবং বিধিঃ। শান্তয়ামাস দক্ষাদি জীবিতাদ্যর্থমাদরাৎ ॥ ০ ॥

অথ দেবগণাঃ স্বয়ম্ভুবে ন্যবেদয়ন্নিতি। দ্বিতীয়েনান্বয়ঃ। শূলাদিভিঃ সংছিন্নানি ত্রুটিতানি ভিন্নানিচ বিদীর্ণানি অঙ্গানি যেষাং সহ ঋত্বিগ্ভিঃ সভ্যৈশ্চ সহ বর্ত্তমানাঃ ॥ ১ ॥

কস্য দক্ষস্য নেয়তুঃ নজগ্মতুঃ ॥ ২ ॥

বিভুর্ব্রহ্মা তেজীয়সি অতিতেজস্বিনি পুরুষে কৃতাগসি সত্যপি স্বয়ং তথা কৃতাগসাং বুভূষতাং অপরাধং কর্ত্তুমিচ্ছতাং সা

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য পঞ্চমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

অথেতি যুগ্মকং ॥ ১ ॥

সমষ্টি জীবত্বাৎ ব্রহ্মা পরমাত্মত্বান্নারায়ণো বিশ্বাত্মা। কস্য নেয়তুরধ্বরমিতি চিৎসুখঃ ॥ ২ ॥

তদাকর্ণ্যেতি। বুভূষতাং প্রাপ্তুমিচ্ছতাং কৃতাগস্ত্বমিতি শেষঃ। কৃতাগসামিতি চিৎসুখপুণ্যারণ্যয়োর্মতঃ। কৃতাপরাধী ভবিতুমিচ্ছতা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থেপঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

কৈলাসবর্ণনং ষষ্ঠে তত্রত্য বটমূলগং। শিবং সহ সুরৈর্গত্বা স্তুত্বা প্রাসাদয়দ্বিধিঃ ॥ ০ ॥

স্বয়ম্ভুবে স্বয়ম্ভুব ॥ ১ ॥

উপলভ্য সর্ব্বজ্ঞতয়া জ্ঞাত্বা কস্য দক্ষস্য নেয়তুঃ নজগ্মতুঃ ॥ ২ ॥

বিভুর্ব্রহ্মা তেজীয়সি মহাত্মনি জনে কৃতাগসি কৃতঃ আগোঽপরাধোযস্য তথা ভূতে সতি। ক্ষেমায় স্বকল্যাণায় বুভূষতাং

॥ * ॥ ইতি চতুর্থে পঞ্চম ॥ * ॥

ষষ্ঠাধ্যায়ে দেবসংঘ সহ গমন করিয়া দক্ষাদির জীবনার্থ ব্রহ্মা কর্ত্তৃক ভগবান্ ভবের শান্ত্বনা ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! ভগবান্ রুদ্রের সৈন্যগণ দেবতাদিগের পরাভব করিয়া, শূল, পট্টিশ, নিস্ত্রিংশ, গদা, পরিঘ এবং মুদ্গর ইত্যাদি অস্ত্র দ্বারা তাঁহাদের সর্ব্বাঙ্গ ছিন্ন ভিন্ন করিয়া দিলে, তাঁহারা ভয়ে ব্যাকুল হইয়া ঋত্বিক্ ও সদস্যগণ সমভিব্যাহারে ব্রহ্মার সমীপে গমন করিলেন এবং তাঁহাকে প্রণাম করিয়া দক্ষযজ্ঞের বৃত্তান্ত সকল অশেষ রূপে নিবেদন করিলেন ॥ ১ ॥

ভগবান্ পদ্মযোনি এবং বিশ্বাত্মা নারায়ণ দেবগণের নিবেদিত বিষয় অগ্রেই জানিতে পারিয়াছিলেন, এ নিমিত্ত তাঁহারা দুইজনে দক্ষযজ্ঞে গমন করেন নাই ॥ ২ ॥

সে যাহা হউক, ব্রহ্মা দেবতাদিগের প্রমুখাৎ ঐ সকল বৃত্তান্ত অবগত হইয়া কহিলেন, অহে অমরগণ!

অথাপি যূয়ং কৃতকিল্বিষা ভবং যে বর্হিষো ভাগভাজং পরাদুঃ।
প্রসাদয়ধ্বং পরিশুদ্ধচেতসা ক্ষিপ্রপ্রসাদং প্রগৃহীতাঙ্ঘ্রিপদ্মং ॥ ৪ ॥
আশাসানা জীবিতমধ্বরস্য লোকঃ সপালঃ কুপিতেন যস্মিন্।
তমাশুদেবং প্রিয়য়া বিহীনং ক্ষমাপয়ধ্বং হৃদি বিদ্ধং দুরুক্তৈঃ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

তথা বুভূষা তেষাং ক্ষেমায় ন ভূয়াৎ প্রায়েণেতি লোকোক্তিঃ ন ভবেদেবেত্যর্থঃ। যদ্বা কৃতমাগো যস্য তাদৃশে তেজীয়সি সতি তত্র বুভূষতাং জিজীবিষূনাং সা জিজীবিষা ন ভূয়াৎ জীবনাশাপি ন ভূয়াদিত্যর্থঃ ॥ ৩ ॥

অথাপি প্রসাদয়ধ্বং ক্ষমাপয়ত যে ভবন্তো বর্হিষো যজ্ঞস্য ভাগভাজং পরাদুঃ দূরাদেব খণ্ডিতবন্তঃ প্রগৃহীতাঙ্ঘ্রি পদ্মং পাদৌ প্রগৃহ্য ইত্যর্থঃ ॥ ৪ ॥

অধ্বরস্য জীবিতং পুনঃ সন্ধানং প্রার্থয়মানাঃ সন্তঃ যস্মিন্ কুপিতে সতি সপালো লোকো ন ভবেৎ নশ্যেদিত্যর্থঃ ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

মিত্যর্থঃ। যদ্বা তেজীয়সি তত্র শিবে বুভূষতাং সম্বন্ধমিচ্ছতাং মধ্যে কৃতাগসি তত্র দক্ষে সা সতী প্রায়েণ প্রাচুর্য্যেণ ক্ষেমায় নভূয়াৎ নভবেদিত্যর্থঃ ॥ ৩। ৪ ॥

হৃদিবিদ্ধমিতি বহিরঙ্গদৃষ্ট্যৈবোক্তং ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জিজীবিষতাং তত্র ক্ষেমে বিষয়ে সা বুভূষা জিজীবিষা সা ভূয়াৎ নভবতু শ্রীরুদ্রে মহাতেজীয়স্যপরাধবিষয়ী ভূতে সতি অপরাধিনাং দক্ষাদীনাং মৃত ম্রিয়মাণ মরিষ্যতাং স্বক্ষেমায় বিষয়ভোগাদ্যর্থং জিজীবিষতাং সা জিজীবিষা মাভবত্বিত্যর্থঃ। দক্ষাদয়োঽপরাধিনো ম্রিয়ন্তাং নাম মা জীবন্তু জীবিত্বা পুনরপ্যপরাধং করিষ্যতাং তেষাং জীবনেনালং মরণমেব বরমিতি ভাবঃ। ভবতেঃ সত্তার্থত্বাৎ সত্তায়াশ্চ জীবনরূপত্বাৎ বুভূষা জিজীবিষযোস্তুল্যার্থতা জ্ঞেয়া। প্রায়গ্রহণং তেষামেব মধ্যে কেষাঞ্চিজ্জীবিত্বা অপরাধমকরিষ্যতাং জিজীবিষা জীবনঞ্চ ভূয়াদিত্যর্থলাভায় ॥ ৩ ॥

অথাপি যদি বুভূষথেত্যর্থঃ। কৃতকিল্বিষা যূয়ং ভবং প্রসাদয়ধ্বং যে ভবন্তো বর্হিষো যজ্ঞস্য ভাগভাজং ভবং পরাদুঃ দূরাদেব খণ্ডিতবন্তঃ নচ তৎপ্রসাদোদুষ্কর ইতি বাচ্যং প্রগৃহীতেতি অঙ্ঘ্রিপদ্মগ্রহণমাত্রেণৈব স প্রসীদত্যেবেতি তদন্তঃকরণমহং জানাম্যেবেতি ভাবঃ ॥ ৪ ॥

যস্মিন্ কুপিতে সতি সপাল এব লোকো নভবেৎ তং ক্ষমাপয়ধ্বং। যূয়মধ্বরস্য জীবিতং প্রার্থয়মানাঃ ॥ ৫ ॥

যে ব্যক্তির অপরাধ করা যায় তিনি যদি তেজস্বী হন, তাহা হইলে তাঁহার নিকট জীবন ধারণ করিতে ইচ্ছা করিলেও সেই ইচ্ছা প্রায় মঙ্গলার্থ হয় না, ফলতঃ ঐ রূপ স্থলে জীবনাশাই হইতে পারে না ॥ ৩

ভগবান্ ভব যজ্ঞভাগ ভাগী, তোমরা তাঁহার ভাগ রহিত করাতে তাঁহার নিকটে মহা অপরাধী হইয়াছ, ইহাতে যদিও তোমাদের মঙ্গল লাভের সম্ভাবনা নাই, তথাচ এক কর্ম্ম কর, তাঁহার চরণ পদ্ম গ্রহণ পূর্ব্বক পরিশুদ্ধ চিত্ত দ্বারা তাঁহাকে প্রসন্ন করিতে যত্ন কর, তিনি আশুতোষ তোমাদের অনুনয়ে অবশ্য প্রসন্ন হইবেন ॥ ৪ ॥

অহে পুত্রগণ! তিনি সামান্য দেবতা নহেন, তাঁহার কোপে লোকপাল সহিত সমস্ত লোক বিনষ্ট হইয়া যায়, তোমরা আপনাদের যজ্ঞের পুনরুদ্ধার প্রার্থনা করিয়া তাঁহার সন্নিধানে গমন পূর্ব্বক ক্ষমা প্রার্থনা কর, তিনি একে আপনার প্রিয়তমার বিরহে কাতর,তাহাতে আবার তোমাদের দুরুক্তি দ্বারা তাঁহার হৃদয় বিদ্ধ হইয়াছে, শীঘ্র ক্ষমা না করাইলে অতিশয় কুপিত হইবেন ॥ ৫ ॥

নাহং ন যজ্ঞো নচ যূয়মন্যে যে দেহভাজো মুনয়শ্চ তত্ত্বং।
বিদুঃ প্রমাণং বলবীর্য্যয়োর্ব্বা যস্যাত্মতন্ত্রস্য ক উপায়ং বিধিৎসেৎ ॥
স ইত্থমাদিশ্য সুরানজস্তৈতৈঃ সমন্বিতঃ পিতৃভিঃ স প্রজেশৈঃ।
যযৌ স্বধিষ্ণ্যান্নিলয়ং পুরদ্বিষঃ কৈলাসমদ্রিপ্রবরং প্রিয়ং প্রভোঃ ॥ ৬ ॥
জন্মৌষধি তপোমন্ত্রযোগসিদ্ধৈর্ন্নরেতরৈঃ। জুষ্টং কিন্নরগন্ধর্ব্বৈরপ্সরোভির্বৃতং সদা ॥ ৭ ॥
নানা মণিময়ৈঃ শৃঙ্গৈর্নানাধাতুবিচিত্রিতৈঃ। নানা দ্রুমলতাগুল্মৈর্নানা মৃগগণাবৃতৈঃ ॥ ৮ ॥
নানামলপ্রস্রবণৈর্নানা কন্দরসানুভিঃ। রমণং বিহরন্তীনাং রমণৈঃ সিদ্ধযোষিতাং ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

বয়ং তত্র গন্তুং বিভীমঃ ত্বমেব কিঞ্চিদুপায়ং বিধৎস্ব ইতিচেদত আহ নেতি। যজ্ঞস্তদানীন্তন ইন্দ্রঃ যস্য তত্ত্বং বলবীর্য্যয়োঃ প্রমাণমিয়ত্তাঞ্চ নবিদুঃ বীর্য্যং পরাক্রমঃ পাপমিতি পাঠে অপরাধং ॥ ৬ ॥
কৈলাসং বর্ণয়তি জন্মৌষধীত্যাদি চতুর্দ্দশভিঃ। নরেতরৈর্দেবৈর্জুষ্টং ॥ ৭ ॥
শৃঙ্গৈ রমণং রতিপ্রদমিত্যন্তরেণান্বয়ঃ। কথং ভূতৈর্নানা ধাতুভি র্বিচিত্রিতৈঃ নানা দ্রুমলতা গুল্মাশ্চ যেষু ॥ ৮ ॥
নানা অমলানি প্রস্রবণানি যেষু নানা কন্দরাঃ সানবশ্চ যেষু রমণৈঃ সহ ক্রীড়ন্তীনাং ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

যজ্ঞঃ স্বায়ম্ভুবমন্বন্তরেন্দ্রঃ শ্রীবিষ্ণোরাবেশাবতারঃ যজ্ঞাধিষ্ঠাতৃত্বেন তস্য প্রাচীনবর্হি রাজ্যে ষষ্ঠমন্বন্তরেপি স্থিতেস্তথোক্তং ॥
স ইত্থমিত্যাদি চতুর্দ্দশকং ॥ ৬। ৭ ॥ শৃঙ্গাণাং পূর্ব্বাপরং বিশেষণদ্বয়ং নানাদ্রুমেত্যস্য নানা মৃগেতি বিশেষণং ॥ ৮ ॥
নানামলেত্যাদি দ্বয়ং তু পৃথক্ পৃথগেব ॥ ৯। ১০। ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বু ত্বামেব বয়ং প্রপন্না অতস্ত্বমেব কমপ্যুপায়ং বিধিৎস্বেতি তত্রাহ নাহং ব্রহ্মাপি ন যজ্ঞঃ ইদানীন্তন ইন্দ্রোপি নচ যূয়ং যাজ্ঞিকা বেদবিদোপি যস্য তত্ত্বং বলবীর্য্যয়োঃ প্রমাণমিয়ত্তাঞ্চ ন বিদুঃ ॥ ৬ ॥
কৈলাসং বর্ণয়তি জন্মৌষধীত্যাদি চতুর্দ্দশভিঃ নরেতরৈর্দ্দেবৈঃ ॥ ৭। ৮ ॥
রমণৈঃ কান্তৈঃ সহ বিহরন্তীনাং সিদ্ধযোষিতাং রমণং রতিপ্রদং ॥ ৯ ॥

হে বৎস সকল! এস্থলে তোমরা এমত কহিও না যে সে স্থানে যাইতে আমাদের ভয় হয় আপনিই কোন উপায় করিয়া দিউন। দেবগণ! আমি এবং ইন্দ্র ও তোমরা তথা অন্যান্য যত দেহধারী মুনি আছেন কেহই যাঁহার তত্ত্ব এবং বল বিক্রমের ইয়ত্তা জানেন না, সেই আত্মতন্ত্র ভগবান্ ভবের নিকট কোন্ ব্যক্তি উপায় বিধানের বাসনা করিতে পারে?। ভগবান্ পদ্মযোনি অমরগণকে এই প্রকার আদেশ করিয়া তাঁহাদের সহিত পিতৃগণ ও প্রজাপতিদিগকে লইয়া আপনার স্থান হইতে নির্গত হইলেন এবং যে কৈলাস পর্ব্বত সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ও ভগবান্ ত্রিপুরারির প্রিয়তর আলয় তথায় গমন করিলেন ॥ ৬ ॥

ঐ পর্ব্বত জন্ম ঔষধি তপস্যা মন্ত্র এবং যোগ এই সকল দ্বারা সিদ্ধ দেবগণে তথা যক্ষ কিন্নর গন্ধর্ব্ব ও অপ্সরা সকলে সদা সেবিত ছিল ॥ ৭ ॥

আর তাহার মণিময় শৃঙ্গ সকল বিবিধ ধাতু দ্বারা চিত্রিত ও বহুবিধ বৃক্ষ লতা গুল্মে সমন্বিত এবং নানা মৃগগণে আবৃত ছিল ॥ ৮ ॥

অপিচ নানা প্রকার অমল প্রস্রবণ (ঝরণা) বিবিধ কন্দর (গহ্বর) ও সানু (পর্ব্বতস্থ সম ভূভাগ) থাকাতে কান্ত সঙ্গে বিহারকারিণী সিদ্ধযোষিৎদিগের রতিপ্রদ হইয়াছিল ॥ ৯ ॥

ময়ূরকেকাভিরুতং মদান্ধালিবিমূর্চ্ছিতং। প্লাবিতৈরক্তকণ্ঠানাং কূজিতৈশ্চ পতত্রিণাং ॥ ১০ ॥
আহ্বয়ন্তমিবোদ্ধস্তৈর্দ্বিজান্ কামদুঘৈদ্রুমৈঃ। ব্রজন্তমিবমাতঙ্গৈ র্গৃণন্তমিব নির্ঝরৈঃ।
মন্দারৈঃ পারিজাতৈশ্চ সরলৈশ্চোপশোভিতং। তমালৈঃ সালতালৈশ্চ কোবিদারাসনার্জ্জুনৈঃ ॥ ১১
চূতৈঃ কদম্বনীপৈশ্চ নাগপুন্নাগচম্পকৈঃ। পাটলাশোকবকুলৈঃ কুন্দৈঃ কুরুবকৈরপি।
স্বর্ণার্ণ শতপত্রৈশ্চ বীররেণুকজাতিভিঃ। কুব্জকৈর্ম্মল্লিকাভিশ্চ মাধবীভিশ্চ মণ্ডিতং।
পনসোডুম্বরাশ্বত্থ প্লক্ষন্যগ্রোধ হিঙ্গুভিঃ। ভূর্জ্জৈ রোষধিভিঃ পূগৈ রাজপূগৈশ্চ জম্বুভিঃ।
খর্জ্জুরাম্রাতকাম্রাদ্যৈঃ পিয়ালমধুকেঙ্গুদৈঃ। দ্রুমজাতিভিরন্যৈশ্চ রাজিতং বেণুকীচকৈঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ময়ূরাণাং কেকাভিঃ স্বনৈ র্নাদিতং মদান্ধৈরলিভি র্বিমূর্চ্ছিতং মূর্চ্ছনা রাগ গতি বিশেষঃ তদ্ব্যাপ্তং কৃতং। রক্তকণ্ঠানাং কোকিলানাং প্লাবিতৈঃ প্লুতস্বং নীতৈঃ স্বরৈঃ। অন্যেষাং পতত্রিণাঞ্চ কূজিতৈঃ ॥ ১০ ॥
উদ্ধস্তৈরুন্নতশাখৈর্দ্রুমৈঃ দ্বিজান্ পক্ষিণঃ আহ্বয়ন্তমিব। লোকা হি হস্তমুৎক্ষিপ্য উচ্চৈঃ স্বরেণাহ্বানমর্থিনাং কুর্ব্বন্তি। অদ্রিশ্চোৎক্ষিপ্ত হস্তাকারৈ র্দ্রুমৈঃ তত্রত্য পক্ষিস্বনৈশ্চ তথা লক্ষিত ইত্যর্থঃ। ব্রজদ্ভির্মাতঙ্গৈ র্গজৈ র্ব্রজন্তমিব নির্ঝর ধ্বনিভি র্গৃণন্তং ভাষমাণমিব ॥ ১১ ॥ চূতাম্রয়োরবান্তরজাতিবিশেষঃ বেণুকীচয়োশ্চ নীরন্ধ্র সরন্ধ্রত্বেন ভেদঃ। রেণুকজাতিভিরিত্যত্র রেণুকা এলা জাতি র্মালতী। দ্রুমজাতিভিরিত্যত্র জাতিরবান্তর সামান্যং ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বর্ণার্ণেতি। অর্ণোবর্ণঃ হিঙ্গুরত্র করঞ্জতুল্যো বৃক্ষবিশেষঃ ॥ ১২। ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ময়ূরাণাং কেকাএব অভিতো রুতানি গৃহস্থানামিবোক্তি প্রত্যুক্তি কোলাহলা যত্র তং মদান্ধানামলীনাং গায়কানামিব মূর্চ্ছিতানি রাগ স্বরালাপ মূর্চ্ছনা যত্র তং রক্তকণ্ঠানাং কোকিলানাং পতত্রিণামন্যেষাঞ্চ পক্ষিণাং প্লাবিতৈঃ প্লুতত্বং নীতৈঃ কূজিতৈঃ তথা উদ্ধস্তৈরুন্নতৈ র্হস্তৈরিব কামদুঘৈদ্রুমৈ র্দ্বিজান্ পক্ষিণোঽতিথীন্ ব্রাহ্মণানিব আহ্বয়ন্তং ॥ ১০ ॥
ব্রজদ্ভির্মাতঙ্গৈ র্ব্রজন্তমিব গৃণদ্ভির্নির্ঝরৈ র্গৃণন্তমিব মধুরং ভাষণমিব মন্দারাদিভি র্মণ্ডিতং ॥ ১১ ॥ চূতাম্রয়োর্নীপকদম্বয়োরপ্যবান্তর জাতিভেদঃ। বেণুকীচকয়োশ্চ নীরন্ধ্র সরন্ধ্রত্বেন রেণুকজাতিভিরিতি রেণুকা এলা জাতির্মালতী ॥ ১২ ॥

অপর তথায় ময়ূর সকল শব্দ করিতেছিল তাহাতে তাহাদের কেকা রবে ঐ পর্ব্বত নিনাদিত এবং মদান্ধ ভ্রমর সমূহ দ্বারা সর্ব্বত্র যেন মূর্চ্ছনা (রাগ গতি বিশেষ) ব্যাপ্ত হইতেছিল, আর রক্তকণ্ঠ কোকিলকুল প্লুতস্বরে গান ও পক্ষি সকল কলরব করাতে এবং উপরি ভাগে ভূরি ভূরি কামদোহি কল্পবৃক্ষ উচ্চ হইয়া শোভমান হওয়াতে ॥ ১০ ॥

বোধ হইতেছিল যেন ঐ গিরি স্বয়ং হস্ত উত্তোলন করিয়া পক্ষিগণকে আহ্বান করিতেছে, এতদ্ভিন্ন সেখানে বহু বহু মত্ত মাতঙ্গ ইতস্ততঃ সঞ্চরণ করাতে বোধ হইতেছিল যেন ঐ অচলই গমন করিতেছে। অপর স্থানে স্থানে নির্ঝর হইতে সশব্দে বারি পাত হওয়াতে সেই ধ্বনি দ্বারা এমত অনুভব হইতেছিল যেন ঐ ভূধর সম্ভাষা করিতেছে। হে বৎসগণ! ঐ পর্ব্বতের শোভার কথা কত কহিব, মন্দার পারিজাত, সরল, সাল, তাল, তমাল, কোবিদার, আসন, অর্জ্জুন, ইত্যাদি বৃক্ষে পরম রমণীয় হইয়াছিল ॥ ১১

অপর আম্র, কদম্ব, নীপ, নাগ, পুন্নাগ, চম্পক, পাটল, অশোক, বকুল, কুন্দ, কুরুবক, স্বর্ণ বর্ণ শতপত্র, বীর, রেণুক (এলা) জাতি (মালতী) কুব্জক, মল্লিকা, মাধবী, (লতা বিশেষ) ইত্যাদি বৃক্ষ ও লতা দ্বারা মণ্ডিত এবং পনস, উডুম্বর, অশ্বত্থ, প্লক্ষ, ন্যগ্রোধ, হিঙ্গু, ভূর্জ্জ, বিবিধ ঔষধি, পূগ (গুবাক) রাজ পূগ, জম্বু, খর্জ্জুর, আম্রাতক, আম্র, ইত্যাদি এবং পিয়াল, মধুক, ইঙ্গুদ, তথা অন্যান্য দ্রুম জাতিতে, বিশেষতঃ বেণু, কীচক বৃক্ষে বিরাজিত ছিল ॥ ১২ ॥

কুমুদোৎপল কহ্লার শতপত্র সমৃদ্ধিভিঃ। নলিনীষু কলং কূজৎ খগবৃন্দোপশোভিতং ॥ ১৩ ॥
মৃগৈঃ শাখামৃগৈঃ ক্রোড়ৈ র্মৃগেন্দ্রৈর্ঋক্ষশল্যকৈঃ। গবয়ৈঃ শরভৈর্ব্যাঘ্রৈরুরুভির্মহিষাদিভিঃ।
কর্ণান্ত্রৈকপদাশ্বাস্যৈ র্নির্জুষ্টং বৃকনাভিভিঃ ॥ ১৪ ॥
কদলীষণ্ডসংরুদ্ধ নলিনীপুলিনশ্রিয়ং ॥ ১৫ ॥
পর্য্যস্তং নন্দয়া সত্যাঃ স্নানপুণ্যতরোদয়া। বিলোক্য ভূতেশগিরিং বিবুধা বিস্ময়ং যযুঃ ॥ ১৬ ॥
দদৃশুস্তত্র তে রম্যামলকাং নাম বৈ পুরীং। বনং সৌগন্ধিকঞ্চাপি যত্র তন্নাম পঙ্কজং ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

কুমুদাদি সমৃদ্ধিভি র্হেতুভিঃ নলিনীষু সরঃসু কলং মধুরং যথা ভবত্যেবং কূজন্তি যানি পক্ষি বৃন্দানি তৈরুপশোভিতং ॥ ১৩ ॥
মৃগাদিভি র্নির্জুষ্টং নিষেবিতং নাভিঃ কস্তুরীমৃগঃ পূর্ব্বং মৃগগণাঃ শৃঙ্গ বিশেষণত্বেনোক্তাঃ ইদানীং স্বাতন্ত্র্যেণেত্যপৌনরুক্ত্যং ॥১৪
কদলীষণ্ডৈঃ সংরুদ্ধানি আবৃতানি নলিনীনাং পুলিনানি তৈঃ শ্রীঃশোভা যস্মিন্ ॥ ১৫ ॥
নন্দয়া গঙ্গয়া পর্য্যস্তং পরিবেষ্টিতং সত্যা ভবান্যাঃ স্নানেন পুণ্যতরমতিসুগন্ধমুদকং যস্যাঃ ॥ ১৬ ॥
তত্র গিরৌ বনঞ্চ দদৃশুঃ যত্র বনে তন্নাম সৌগন্ধিক নাম পঙ্কজং ভবতি জাত্যাবেক বচনং ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

নানামৃগেত্যাস্যৈব বিবরণং মৃগৈরিতি। মৃগেন্দ্র ভক্ষশল্যকৈঃ। গবয়ৈঃ শরভৈর্ব্যাঘ্রৈ রুরুভির্মহিষাদিভিঃ। কর্ণান্ত্রৈক পদাশ্বাস্যৈ র্নির্জুষ্টং মৃগনাভিভিরিতি ক্বচিৎ পাঠঃ। তত্র কর্ণান্ত্রাদয়ো মনুষ্যাকারমৃগপ্রায়াঃ ॥ ১৪। ১৫ ॥
পুণ্যত্ব চার্ব্বপীত্যমরঃ চারুত্বং তত্র সৌগন্ধিকপ্রায়মেবেতি তথা তৈর্ব্যাখ্যাতং। অতো মন্বন্তরান্তরেপি গঙ্গায়া আগমনং প্রকারান্তরেণ জ্ঞেয়ং মধ্যে লোপশ্চ জ্ঞেয়ঃ। বিলোক্যেতি সার্দ্ধকং ॥ ১৬। ১৭। ১৮। ১৯। ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নলিনীষু সরঃসু ॥ ১৩ ॥
নাভিঃ কস্তূরীমৃগঃ ॥ ১৪ ॥
কদলীসমূহৈঃ সংরুদ্ধানি আবৃতানি নলিনীনাং পুলিনানি তৈঃ শ্রীঃ শোভা যত্র তং ॥ ১৫ ॥
নন্দয়া গঙ্গয়া পর্য্যস্তং পরিবেষ্টিতং। সত্যা রুদ্রাণ্যাঃ স্নানেন পুণ্যতরমুদকং যস্যাঃ তয়া ॥ ১৬ ॥
তন্নাম সৌগন্ধিকং নাম পঙ্কজং ভবতি জাত্যাবেকবচনং ॥ ১৭ ॥

আর কুমুদ, উৎপল, কহ্লার, শতপত্র ইত্যাদির সমৃদ্ধি হেতু তত্রস্থ সরোবরে কলস্বরে যে সকল পক্ষি শব্দ করিতেছিল তদ্দ্বারাও ঐ গিরির সাতিশয় শোভা হইয়াছিল ॥ ১৩ ॥

সে খানে মৃগ, শাখামৃগ, ক্রোড়, (শূকর) সিংহ, গজ, ভল্লুক, শল্যক, গবয়, শরভ, ব্যাঘ্র, রুরু (মৃগ বিশেষ) মহিষ, ইত্যাদি বিবিধ পশু, বিশেষতঃ বৃক ও কস্তুরী মৃগ সর্ব্বদা চড়িয়া বেড়াইত ॥ ১৪ ॥

তথায় কদলী সমূহে নলিনী সকলের পুলিন আবৃত থাকাতে তদ্দ্বারা পর্ব্বতের সমধিক শোভা হইয়াছিল ॥ ১৫ ॥

আর নন্দা নামে গঙ্গা সেই পর্ব্বতের চারিদিক্ বেষ্টন করিয়াছিলেন, ভগবতী সতীর স্নান দ্বারা তাঁহার জল অতিশয় সুগন্ধ হইয়াছিল। অতএব ভগবান্ ভূতপতির ঐ কৈলাস গিরি অবলোকন করিয়া অমর নিকরের অতিশয় বিস্ময় জন্মিল ॥ ১৬ ॥

অনন্তর তাঁহারা ঐ পর্ব্বতোপরি অলকা নামে একটী পুরী তথা সৌগন্ধিক নামক এক বন দেখিতে পাইলেন। বৎস বিদুর! সেই স্থানে সৌগন্ধিক নামে পদ্ম হইয়া থাকে ॥ ১৭ ॥

নন্দাচালকনন্দাচ সরিতৌ বাহ্যতঃ পুরঃ। তীর্থপাদপদাম্ভোজরজসাতীব পাবনে ॥ ১৮ ॥
যয়োঃ সুরস্ত্রিয়ঃ ক্ষত্তরবরুহ্য স্বধিষ্ণ্যতঃ। ক্রীড়ন্তি পুংসঃ সিঞ্চন্ত্যো বিগাহ্য রতিকর্ষিতাঃ ॥ ১৯ ॥
যয়োস্তৎ স্নানবিভ্রষ্টনবকুঙ্কুমপিঞ্জরং। বিতৃষোপি পিবন্ত্যম্ভঃ পায়য়ন্তো গজা গজীঃ ॥ ২০ ॥
তারহেমমহারত্নবিমানশতসঙ্কুলাং। জুষ্টাং পুণ্যজনস্ত্রীভির্যথা খং সতড়িদ্ঘনং ॥ ২১ ॥
হিত্বা যক্ষেশ্বরপুরীং বনং সৌগন্ধিকঞ্চ তৎ। দ্রুমৈঃ কামদুঘৈর্হৃদ্যং চিত্রমাল্যফলচ্ছদৈঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী

পুরীং বর্ণয়তি নন্দাচেতি চতুর্ভিঃ। সরিতৌ পুরাদ্বাহ্যতো ভবতঃ। তীর্থপাদস্য হরেঃ পদাম্ভোজস্য রজসা ॥ ১৮ ॥
যয়োর্বিগাহ্য প্রবিশ্য ক্রীড়ন্তি ॥ ১৯ ॥
যয়োরম্ভো বিগততৃষোপি গজাঃ পিবন্তি। তত্র হেতুঃ তাসাং সুরস্ত্রীণাং স্নানেন বিভ্রষ্টং গলিতং যন্নবং কুঙ্কুমং তেন পিঞ্জরং পীতবর্ণং গজীঃ করিণীঃ ॥ ২০ ॥
তারং রূপ্যং তারাদিময় বিমানানাং শতৈঃ সঙ্কুলাং। তড়িদ্ভিঃ স্ত্রীণাং ঘনৈর্বিমানানাং খেন পুর্য্যা সাদৃশ্যং ॥ ২১ ॥
যক্ষেশ্বরপুরীং হিত্বা অতিক্রম্য তদ্বনঞ্চ দৃষ্ট্বা তে দেবা আরাদ্রূরাদ্বটং দদৃশুরিতি চতুর্থেনান্বয়ঃ। কথম্ভূতং বনং চিত্রাণি মাল্যানি ফলানি ছদাশ্চ পত্রাণি যেষু তৈর্দ্রুমৈ র্হৃদ্যং সুখকরং ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

তারহেমেতি পঞ্চকং ॥ ২১। ২২। ২৩। ২৪। ২৫। ২৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পুরঃ পুরাদ্বাহ্যতঃ সরিতৌ ভবতঃ ॥ ১৮ ॥
যয়োর্বিগাহ্য ॥ ১৯ ॥
যয়োরম্ভো গজা বিগততৃষোপি পিবন্তি তত্র হেতুঃ। তাসাং সুরস্ত্রীণাং স্নানেন বিভ্রষ্টৈ র্নবকুঙ্কুমৈঃ পিঞ্জরং পীতবর্ণং সুগন্ধঞ্চ ॥ ২০ ॥
তারো মুক্তাতড়িদ্ভিঃ স্ত্রীণাং ঘনৈর্বিমানানাং খে ন পুর্য্যাঃ সাদৃশ্যং ॥ ২১ ॥
যক্ষেশ্বরপুরীং বনঞ্চ হিত্বা অতিক্রম্য তে দেবা আরাদ্রূরাদ্বটং দদৃশুরিত্যন্বয়ঃ ॥ ২২ ॥

ঐ পুরীর বহির্ভাগে দুই দিকে নন্দা এবং অলকনন্দা নামে দুই নদী প্রবাহিতা,ঐ দুই সরিৎ সামান্যা নহে, তীর্থপাদ ভগবান্ হরির চরণপঙ্কজের রজে অতিশয় পাবন ॥ ১৮ ॥

বৎস বিদুর ! সুরস্ত্রীগণ রতিকর্ষিত হইয়া স্ব স্ব স্থান হইতে অবরোহণ পূর্ব্বক ঐ তটিনী দ্বয়েই গিয়া অবগাহন করেন এবং পুরুষদিগের গাত্রে সলিল সেচন করত ঐ জলে বিবিধ প্রকারে ক্রীড়া করিয়া থাকেন ॥ ১৯ ॥

বিদুর ! ঐ দুই স্রোতস্বতীতে সুরাঙ্গনাগণ স্নান করাতে তাঁহাদের গাত্র ভ্রষ্ট নবকঙ্কুমে ঐ দুইয়ের জল পীতবর্ণ হইয়াছে, করিযুথ জলক্রীড়ার্থ ঐ দুই তটিনীতে অবতীর্ণ হইয়া করিণীগণকে জলপান করা-ইবার সময় পিপাসা না থাকিলেও আপনারাও তাহা পান করে ॥ ২০ ॥

যাহা হউক, রজতময় শত শত বিমানে সঙ্কীর্ণা এবং বিদ্যুৎ ও মেঘযুক্ত আকাশের ন্যায় যক্ষ স্ত্রীগণে নিষেবিতা যক্ষেশ্বর পুরী ॥ ২১ ॥

সিদ্ধা ইতি কেবলয়া ভক্ত্যৈব প্রেমসিদ্ধিং প্রাপ্তা ইত্যর্থঃ। ত্বৎ কথৈব মৃষ্টপীযূষ নদী শুদ্ধামৃত নদী তস্যাং অবগাঢ়ঃ নিমগ্নঃ। দাবং সংসারজ্বালাং বিস্মৃতবান্। অতস্ততো ননিষ্ক্রামতি ব্রহ্ম সম্পন্নবৎ ব্রহ্মৈক্যং প্রাপ্ত ইবেতি কিং কর্ম্ম করণাকরণলেপালেপ বিচারেণ ভগবতো লীলা কথামৃতে নিমজ্জয়েতি ঋষিষু কটাক্ষঃ ॥ ৩২ ॥

হে যজ্ঞমূর্ত্তে! আমাদের যজ্ঞোৎসব উপরত হইয়াছে, আপনি নলিন নয়ন দ্বারা একবার অবলোকন করিয়া ইহা পবিত্র করুন ॥ ৩০ ॥

তদনন্তর ঋষিগণ স্তব করিয়া কহিতে লাগিলেন, হে ভগবন্! আপনার বিচেষ্টিত অঘটমান ও পরস্পর অসঙ্গত এমত বোধ হয় না, যে হেতু আপনি স্বয়ং কর্ম্ম করেন তথাচ তাহাতে লিপ্ত হন না। অপর আশ্চর্য্যের বিষয় এই যে, অন্য ব্যক্তিরা সম্পত্তির নিমিত্ত যে ঈশ্বরীর উপাসনা করেন সেই লক্ষ্মী আপনার সেবার নিমিত্ত স্বয়ং অনুবর্ত্তমানা, তথাচ আপনি তাঁহাকে আদর করেন না ॥ ৩১ ॥

সিদ্ধগণ ভগবানের কথা রূপ অমৃতে আনন্দ প্রকাশ করত এই বলিয়া স্তব করিলেন, হে ভগবন্! আমাদের মনোরূপ এই মত্তমাতঙ্গ ক্লেশ রূপ দাবানলে দগ্ধ এবং তৃষ্ণায় আর্ত্ত হইয়াছে, আপনার কথা রূপ পরিশুদ্ধ পীযূষ নদীতে অবগাহন করুক, তাহা হইলে, সংসার তাপ স্বরূপ দাবানল একেবারে বিস্মৃত হইবেক এবং পর ব্রহ্মের সহিত ঐক্য প্রাপ্তের ন্যায় হওয়াতে তাহা হইতে আর নির্গত হইবে না ॥ ৩২ ॥

শ্রীযজ্ঞমান্যুবাচ ॥

স্বাগতং তে প্রসীদেশ তুভ্যং নমঃ শ্রীনিবাস শ্রিয়া কান্তয়া ত্রাহি নঃ।
ত্বামৃতেঽধীশ নাঙ্গৈর্মখঃ শোভতে শীর্ষহীনঃ কবন্ধো যথা পুরুষঃ ॥ ৩৩ ॥

শ্রীলোকপালা উচুঃ ॥

দৃষ্টঃ কিং নো দৃগ্ভিরসদ্গ্রহৈস্ত্বং প্রত্যগ্ দ্রষ্টা দৃশ্যতে যেন বিশ্বং।
মায়াহ্যেষা ভবদীয়াহি ভূমন্ যত্ত্বং ষষ্ঠঃ পঞ্চভির্ভাসি ভূতৈঃ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

যজমানী দক্ষপত্নী স্তৌতি। তে স্বাগতং ভদ্রমাগমনং জাতং হে অধীশ যথা শিরসা হীনঃ কবন্ধ মাত্রঃ পুরুষোঽঙ্গৈঃ করচরণাদ্যবয়বৈঃ শোভনৈরপি ন শোভতে তথা ত্বাং বিনা কেবলং প্রযাজাদ্যৈঙ্গৈর্মখো ন শোভতে। অতোনঃ শ্রিয়া সহ ত্রায়স্ব স্বস্তকাঃ কুর্ব্বিত্যর্থঃ ॥ ৩৩ ॥

লোকপালাস্ত্বীশ্বরাভিমানারূঢ়াঃ ভগবতস্তত্ত্বমপশ্যন্ত উচুঃ। দৃষ্টঃ কিং ন দৃষ্ট ইত্যর্থঃ। কুতঃ অসদ্গ্রহৈঃ পুংস্ত্বমাবিষ্টলিঙ্গত্বাৎ। অসৎ প্রকাশক রূপাভি দৃগ্ভিরিন্দ্রিয়ৈঃ। অয়ং ভাবঃ। শুদ্ধচিত্তানাং ত্বং শুদ্ধসত্ত্বমূর্ত্তির্ভাসি। অস্মাকন্তু বহির্মুখেন্দ্রিয়াণাং পঞ্চভূতোপলক্ষিতো জীববিশেষ ইবাবভাসি অত স্ত্বমস্মদাদীনামিন্দ্রিয়গোচরো ন ভবসি ধিগস্মজ্জীবিতমিতি ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

যজমানা ইতি চিৎসুখঃ ॥ ৩৩ ॥

লোকপালাস্তু তচ্ছ্রীবিগ্রহস্য দৃশ্যত্বং ভৌতিকত্বং চ নিবারয়ন্তি। দৃষ্টঃ কিং ন ইতি। কিন্তু স্বয়মেব প্রকাশত ইত্যর্থঃ তত্র হেতুঃ ষষ্ঠঃ পঞ্চভূতাতিরিক্তোযত্ত্বং সপঞ্চভির্ভূতৈঃ স্বোপাধিভিরেব ভাসি নাত্মনেতি যৎ সৈষা ত্বদীয়া মায়ৈব। মায়াভি ভূতানামেব তথা বিবেকো ভবতীত্যর্থঃ প্রত্যগ্দৃষ্ট্যা ইতি চিৎসুখঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যজমানী দক্ষপত্নী প্রভৃতিঃ। শ্রিয়া কান্তয়েতি ময়ি স্বজ্ঞানে স্বায়ম্ভুবো মনোঃ পুত্র্যাং দেবহূত্যামিব তব মহতী কৃপাস্তীত্যবগতং। যতঃ স্বকান্তাঃ শ্রিয়ং মদনুগ্রহমানৈষী ত্বয়োঽস্মান্ রুদ্রাপরাধ বিধ্বস্তান্ ত্রাহি। ত্বামৃত ইতি ব্রহ্মাদি সর্ব্বদেবেষু কটাক্ষঃ ॥ ৩৩ ॥

অসদ্গ্রহৈর্বিষয়গ্রাহিণীভিরিন্দ্রিয়ৈস্ত্বং কিং নোদৃষ্টঃ অপিতু দৃষ্ট ইত্যর্থঃ। অসদ্গ্রহৈরিতি পুংস্ত্বমজহল্লিঙ্গত্বাৎ প্রত্যগপি দ্রষ্টাপি ত্বং স্বৎ স্বরূপস্যৈব দৃশ্যঃ স্যাঃ ইত্যর্থঃ। যতস্ত্বং ষষ্ঠঃ পঞ্চভূতাতিরিক্তোপি পঞ্চভির্ভূতৈর্ভৌতিক শরীরোভাসীত্যেষা ভবদীয়া মায়ৈবেতি ত্বদীয় শ্রীবিগ্রহস্য ভৌতিকত্বং যে মন্যন্তে তৈর্জ্বরাসন্ধাদিভিরিব দৃষ্টোপি ত্বং মাধুর্য্যানুপলম্ভাৎ নৈব দৃষ্ট ইতি শুষ্কজ্ঞানিষু ঋষিষু দেবেষুচ কটাক্ষঃ ॥ ৩৪ ॥

অনন্তর যজমানপত্নী প্রসূতি স্তব করিয়া কহিলেন, হে ঈশ! আপনার সুখে ত আগমন হইয়াছে? হে শ্রীনিবাস! প্রসন্ন হউন আপনাকে নমস্কার করি, হে অধীশ! মস্তক বিহীন কবন্ধ পুরুষ সুশোভন কর চরণাদি দ্বারাও যেমন শোভা পায় না তাহার ন্যায় আপনা ব্যতিরেকে যজ্ঞ প্রযাজাদি অঙ্গ বিশিষ্ট হইলেও শোভা পায় না। অতএব আপনি স্বীয় কান্তার সহিত আমাদিগকে রক্ষা করুন ॥৩৩

লোকপাল সকল স্বয়ং ঈশ্বরাভিমানী অথচ ভগবানের তত্ত্ব দেখিতে পান না, ইহাতে তাঁহারা আক্ষেপ প্রকাশ করত কহিতে লাগিলেন, হে ভূমন্! আপনি প্রত্যেক জীবের দ্রষ্টা, যে হেতু আপনি বিশ্ব সংসার দর্শন করিয়া থাকেন, অর্থাৎ পদার্থপ্রকাশক ইন্দ্রিয় সকল দ্বারা আপনি কি দৃষ্ট হয়েন না? অবশ্যই হন, কিন্তু প্রভো! আপনি যে স্বয়ং ষষ্ঠ স্বরূপ হইয়া পঞ্চভূত দ্বারা প্রকাশ পান, ইহা আপনার মায়া মাত্র, ফলতঃ যে সকল ব্যক্তি শুদ্ধ চিত্ত, আপনি তাহাদিগের নিকটে বিশুদ্ধ সত্ত্ব মূর্ত্তি স্বরূপে প্রকাশ পাইয়া থাকেন, আমাদের ইন্দ্রিয় বহির্মুখ প্রবৃত্ত ইহাতে আমাদের সমক্ষে পঞ্চভূতোপলক্ষিত জীব বিশেষের ন্যায় প্রকাশ পান, বস্তুতঃ আপনি আমাদের ইন্দ্রিয় গোচর হয়েন না অতএব আমাদের জীবনকে ধিক্ ॥ ৩৪ ॥

শ্রীযোগেশ্বরা ঊচুঃ ॥
প্রেয়ান্ন তেঽন্যোস্ত্যমুত ত্বয়ি প্রভো বিশ্বাত্মনীক্ষেন্ন পৃথগ্য আত্মনঃ।
অথাপি ভৃত্যেশ তয়োপধাবতামনন্যবৃত্ত্যানুগৃহাণ বৎসল ॥ ৩৫ ॥
জগদুদ্ভব স্থিতিলয়েষু দৈবতো বহুভিদ্যমানগুণয়াত্মমায়য়া।

শ্রীধরস্বামী।

যোগেশ্বরা স্বভেদেন ভজতাং অনুগ্রহভাক্ত্বং মন্যমানাঃ স্বামিভৃত্যভাবেন ভজতামপ্যনুগ্রহং প্রার্থয়মানাঃ স্তুবন্তি প্রেয়ানিতি দ্বাভ্যাং। বিশ্বাত্মনি পরব্রহ্মণি ত্বয়ি য আত্মনঃ পৃথক্ত্বং নেক্ষেত। অমুতঃ অমুষ্মাৎ অন্যস্তে প্রেষ্ঠোনাস্তি। আত্মনো জীবান্ পৃথক্ নেক্ষেতেতি বা। বৎসল ভক্তপ্রিয়। অনন্য বৃত্ত্যা ভক্ত্যা অব্যভিচারি ভক্ত্যা ভজতোঽনুগৃহাণেত্যর্থঃ ॥ ৩৫ ॥
অব্যভিচারিণী ভক্তিঃ কথং স্যাৎ ভজনীয়ানাং বহুত্বাদিত্যাশঙ্ক্যাহুঃ। জগত উদ্ভবাদিষু নিমিত্তেষু দৈবতো জীবাদৃষ্টাৎ বহুধা ভিদ্যমানা গুণা যস্যাঃ তয়া স্বমায়য়া আত্মনি স্ব স্বরূপে রচিতা ব্রহ্মাদি ভেদনতি র্যেন তস্মৈ স্বসংস্থয়া কেবল স্বরূপাবস্থানেন

ক্রমসন্দর্ভঃ।

প্রেয়ানিতি অয়মর্থঃ যস্ত্বয়ি বিশ্বাত্মনি আত্মনো জীবান্ ঈক্ষেত। স্বচ্ছক্তিত্বাত্তদননাত্বেনৈব জানাতি। নতু পৃথক্ স্বতন্ত্রত্বে-নেক্ষেত। অমুতঃ অমুষ্মাৎ যদ্যপি তে প্রেয়ান্নাস্তি তথাপি হে বৎসল হে ভৃত্যপ্রিয় ভৃত্যেশভাবেন যে ভজন্তি তেষাং যা অনন্যা বৃত্তিঃ অব্যভিচারিণী নিজভক্তিস্তয়ৈবানুগৃহাণ প্রস্তুতত্বেনাস্মান্ জ্ঞানিভক্তানিতি লভ্যতে ইতি ॥ ৩৫ ॥
নন্বু যোগেশ্বরত্বাদ্যভিমানে সতি ভৃত্যত্বাদ্যভিমানঃ কুতঃ স্যাৎ উচ্যতে। সর্বোপ্যন্যোভিমানস্বমায়া গুণভেদ ভ্রমেণৈব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্বয়ি বিশ্বাত্মনি আত্মনো জীবান্ যঃ পৃথগ্ নেক্ষেত স্বচ্ছক্তিত্বাত্তদননাত্বেনৈব জানাতি অমুতঃ অমুষ্মাদ্যদ্যপি তে প্রেয়াননো নাস্তি প্রিয়োহি জ্ঞানিনোত্যর্থমহং সচ মম প্রিয় ইতি ত্বদুক্তেঃ। তথাপি তদপি ভৃত্যেশ তয়া অহং তে ভৃত্য ত্বং মে ঈশ ইতি ভেদেন দাসপ্রভুভাবেন উপধাবতাং সেবমানানাং যা অনন্য বৃত্তিঃ অনন্য ভক্ত্যা অনুবৃত্তি স্তয়ৈব তদ্দানেনৈবাস্মাননু গৃহাণ বয়ং নিকৃষ্টা ত্বদভেদভাবং প্রাপ্তুং কথং শক্নুম ইতি দ্যোতিতয়া ব্যাজস্তুত্যা দাসাএব তবাতিপ্রিয়া ইতি জ্ঞানিষু কটাক্ষঃ। যদুক্তং ত্বয়ৈব। ন তথা মে প্রিয়তম আত্মযোনির্ন শঙ্করঃ। নচ সঙ্কর্ষণো ন শ্রীর্নৈবাত্মাচ যথা ভবানিতি। নাহমাত্মানমাশাসে মদ্ভক্তৈঃ সাধুভির্বিনেতি। তত্র লিঙ্গং হে বৎসলেতি ত্বং ভক্তবৎসল ইতি সর্বত্র শ্রূয়সে নতু জ্ঞানি বৎসল ইতি ॥ ৩৫ ॥
নন্বু পর ব্রহ্মণো মম মায়া শাবল্য এব সাকারত্বং তস্মিংশ্চ সতি ভৃত্যেশ ভাবস্তত্রচ সতি ভক্তবাৎসল্যমিতি কেচিদ্বাচক্ষতে। সত্যং তে ভ্রান্তা এবেত্যাহুঃ। জগদিতি। দৈবতো জীবাদৃষ্টাৎ বহুধা ভিদ্যমানা গুণা যস্যা তয়া স্বমায়য়া রচিতা আত্মনি স্বস্বরূপে

তদনন্তর যোগেশ্বরেরা স্তব করিয়া কহিলেন ভগবন্। আপনি বিশ্বের আত্মা, পর ব্রহ্ম, আপনাতে যে ব্যক্তি আপনার পৃথকত্ব দর্শন না করেন তাহা অপেক্ষা আপনার প্রিয়তম অন্য কেহ নাই, অতএব হে ভক্তপ্রিয়! আপনার নিকট আমাদের এই মাত্র প্রার্থনা, যে সকল ব্যক্তি অব্যভিচারিণী ভক্তি দ্বারা আপনার ভজনা করে তাহাদের প্রতি যেন অনুগ্রহ থাকে ॥ ৩৫ ॥
হে ভগবন্। জগতের উৎপত্তি স্থিতি এবং লয় ইত্যাদি নিমিত্ত আপনকার যে মায়ার গুণ জীব সকলের অদৃষ্ট বশতঃ বহু প্রকারে বিভিন্ন হয়, সেই মায়া দ্বারা আপনি আপনাতে অর্থাৎ আত্ম স্বরূপে ব্রহ্মাদি ভেদ বুদ্ধি রচনা করিয়াছেন এবং কেবল স্বরূপাবস্থান দ্বারা আত্মাতে ভেদ ভ্রম গুণ ও তাহার হেতু সকল নিবর্ত্তিত করিয়া থাকেন, অতএব আপনার মহিমা অপার, আপনাকে কেবল

রচিতাত্মভেদমতয়ে স্বসংস্থয়া বিনিবর্ত্তিত ভ্রমগুণাত্মনে নমঃ ॥ ৩৬ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

নমস্তে শ্রিতসত্ত্বায় ধর্ম্মাদীনাঞ্চ সূতয়ে। নির্গুণায় চ যৎ কাষ্ঠাং নাহং বেদাপরেপিচ ॥ ৩৭ ॥

শ্রীঅগ্নিরুবাচ ॥

যত্তেজসাহং সুসমিদ্ধতেজা হব্যং বহে স্বধ্বর আজ্যসিক্তং।

শ্রীধরস্বামী।

বিনিবর্ত্তিতো ভেদ ভ্রমো গুণাশ্চ তদ্ধেতবঃ আত্মনি যেন তস্মৈ ॥ ৩৬ ॥

শব্দব্রহ্ম স্তৌতি নমস্তে। শ্রিতং স্বীকৃতং সত্ত্বং যেন অতঃ ধর্ম্মাদি ফলপ্রসবিত্রে সত্ত্বগুণত্বং নির্গুণত্বং চ কথমিত্যাশঙ্ক্যাহ। যস্য কাষ্ঠাং তত্ত্বং নাহং বেদ্মি অপরে রুদ্রাদয়শ্চ নবিদুঃ তস্মৈ ॥ ৩৭ ॥

অগ্নিস্তু যজ্ঞমূর্ত্তিং প্রণমতি। যস্য তেজসা সুষ্ঠু সমিদ্ধং প্রদীপ্তং তেজো যস্য। সোঽহং প্রশস্তাধ্বরে হবির্বহামি তং যজ্ঞিয়ং যজ্ঞায় হিতং পালকং যজ্ঞং যজ্ঞমূর্ত্তিং পঞ্চবিধত্বমেতবেয়ক উক্তং স এব যজ্ঞঃ। পঞ্চবিধো হ্যগ্নিহোত্রং দর্শ পৌর্ণমাসৌ চাতুর্ম্মাস্যানি পশু সোম ইতি পঞ্চভির্যজুর্মন্ত্রৈঃ স্বিষ্টং সুপূজিতং। তথাচ শ্রুতিঃ। আশ্রাবয়েতি চতুরক্ষরং অস্তু শ্রৌষড়িতি চতুরক্ষরং

ক্রমসন্দর্ভঃ।

জীবেষু রচিতঃ ততঃ স্বস্ফূর্ত্তা। তস্মিন্নিবর্ত্তিতে স্বং প্রসাদাৎ সোপি স্যাদিত্যাহুঃ জগদিতি। আত্মনাং জীবানাং ভেদমতির্নানাভিমানঃ ॥ ৩৬ ॥

শব্দ ব্রহ্মোবাচেতি। অত্রায়ং বিরিঞ্চিঃ পূর্ব্বত্র তু যজ্ঞাধিকারীতি বা। পক্ষে চাত্র পূর্ব্বং ব্রহ্মাপেক্ষয়া যদিন্দ্রস্য জ্ঞানাধিক্যং স্বামিভির্দর্শিতং তদপি যুক্তমেব মন্তব্যং ॥ ৩৭ । ৩৮ । ৩৯ । ৪০ । ৪১ । ৪২ । ৪৩ । ৪৪ । ৪৫ । ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সৃষ্ট্যাদ্যর্থং ব্রহ্মাদি ভেদমতি র্যেন তস্মৈ স্বসংস্থয়া স্বরূপাবস্থানেন তু বিনিবর্ত্তিতো ভ্রমরূপো গুণাত্মা গুণবুদ্ধি র্যত্র তস্মৈ। আত্মা যত্নো ধৃতি বুর্দ্ধিরিত্যমরঃ ॥ ৩৬ ॥

ব্রহ্মোবাচেতি তত্রত্যোপযোগী কর্ম্মপ্রতিপাদকো বেদঃ বেদস্তত্ত্বং তপোব্রহ্মেত্যমরঃ। শ্রিতং সত্ত্বং সত্ত্বগুণোয়ং ধর্ম্ম জ্ঞান বৈরাগ্যৈশ্বর্য্যাণাং সূতয়ে উৎপত্ত্যৈ কাষ্ঠাং তত্ত্বং অপরেপি জ্ঞানপ্রতিপাদকা বেদাশ্চ ন বিদুঃ কিমুতৈতে ইতি কর্ম্মিষু জ্ঞানিষু চ কটাক্ষঃ ॥ ৩৭ ॥

যজ্ঞকুণ্ডস্থোঽগ্নিরাহ যত্তেজসেতি স্বধ্বরে প্রশস্ত যজ্ঞে হব্যং হবির্বহামি কেবলং নতু তব তত্ত্বং জানামীতি জ্ঞানাভিমানিষু যাজ্ঞিকেষু কটাক্ষঃ। তং যজ্ঞিয়ং যজ্ঞায় হিতং পঞ্চবিধত্বমেতবেয়ক উক্তং। স এব যজ্ঞঃ। পঞ্চবিধোঽগ্নিহোত্রং দর্শপৌর্ণমাসঞ্চাতুর্মাস্যানি পশুসোম ইতি পঞ্চভি র্যজুর্ভি র্মন্ত্রৈঃ স্বিষ্টং। তথাচ শ্রুতিঃ। আশ্রাবয়েতি চতুরক্ষরং অস্তু শ্রৌষড়িতি চতুরক্ষরং যজেতি

নমস্কার করি ॥ ৩৬ ॥

তৎপরে যজ্ঞোপযোগি কর্ম্ম প্রতিপাদক বেদ এই বলিয়া স্তব করিলেন, হে ভগবন্! আপনি সত্ত্বগুণ স্বীকার করিয়াছেন, এই কারণে ধর্ম্মাদি প্রসব করিয়া থাকেন আপনাকে নমস্কার করি। বিভো! আপনি নির্গুণও হয়েন, আপনাকে নমস্কার। প্রভো! একের সগুণত্ব নির্গুণত্ব যদিও সম্ভব হয় না তথাচ আপনাতে কিছুই দুর্ঘট নহে, যে হেতু আপনার তত্ত্ব আমি জানি না এবং ব্রহ্মাদি দেবগণও তাহা অবগত নহেন ॥ ৩৭ ॥

তদনন্তর যজ্ঞকুণ্ডস্থ অগ্নি ঐ যজ্ঞমূর্ত্তি ভগবানকে প্রণাম করিয়া কহিলেন, যাঁহার তেজঃ দ্বারা আমার তেজঃ সুষ্ঠু রূপে প্রদীপ্ত হইয়া থাকে যাঁহার প্রশস্ত যজ্ঞ সকলে ঘৃতাক্ত হবিঃ (হোমীয় দ্রব্য) আমি হবন করি, সেই যজ্ঞপালক যজ্ঞমূর্ত্তি ভগবানকে নমস্কার করি, তিনি অগ্নিহোত্র, দর্শ, পৌর্ণমাস, চাতু-

তং যজ্ঞিয়ং পঞ্চবিধঞ্চ পঞ্চভিঃ স্বিষ্টং যজুর্ভিঃ প্রণতোঽস্মি যজ্ঞং ॥ ৩৮ ॥

শ্রীদেবা ঊচুঃ ॥

পুরা কল্পাপায়ে স্বকৃতমুদরীকৃত্য বিকৃতং ত্বমেবাদ্যস্তস্মিন্ সলিল উরগেন্দ্রাধিশয়নে।
পুমান্ শেষে সিদ্ধৈর্হৃদিবিমৃশিতাধ্যাত্মপদবিঃ সএবাদ্যাক্ষ্ণোর্যঃ পথি চরসি ভৃত্যানবসিনঃ ॥ ৩৯ ॥

গন্ধর্ব্বাপ্সরস ঊচুঃ।

অংশাংশাস্তে দেব মরীচ্যাদয় এতে ব্রহ্মেন্দ্রাদ্যা দেবগণা রুদ্রপুরোগাঃ।
ক্রীড়াভাণ্ডং বিশ্বমিদং যস্য বিভূমন্ তস্মৈ নিত্যং নাথ নমস্তে করবাম ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

যজে ইতি দ্ব্যক্ষরং যে যজামহে ইতি পঞ্চাক্ষরং দ্ব্যক্ষরো বষট্কার ইতি শ্রুতিশ্চ। চতুর্ভিশ্চ চতুর্ভিশ্চ দ্বাভ্যাং পঞ্চভিরেবচ। হূয়তেচ পুনর্দ্বাভ্যাং স মে বিষ্ণুঃ প্রসীদত্বিতি ॥ ৩৮ ॥

দেবাস্তু সত্যং বয়মপি দেবাঃ তথাপি জগদাদ্যন্তয়োস্ত্বমেব নান্যঃ কশ্চিদিত্যাহুঃ পুরেতি। কল্পাপায়ে প্রলয়ে বিকৃতং কার্য্যজাতং উদরীকৃত্য সংহৃত্য ত্বমেবাদ্যঃ পুমান্ উরগেন্দ্র এবাধিকং শয়নং শয্যা তস্মিন্ শেষে শয়নং করোষি। সিদ্ধৈর্জনলোকাধিবাসিভিঃ বিমৃশিতা বিচিন্তিতা অধ্যাত্মপদবী জ্ঞান মার্গোযস্য স এব ত্বং য ইদানীং অক্ষ্ণোঃ পথি চরসি প্রত্যক্ষোসি অবসি রক্ষসি ॥ ৩৯ ॥

গন্ধর্ব্বাপ্সরসস্তু বয়ং ভিন্না কেবলং সর্ব্বানপি পরমেশ্বরত্বেন উপশ্লোকয়ামঃ ত্বমেবতু পরমেশ্বরঃ অন্যেতু ত্বদংশা এবেত্যাহুঃ। অংশাংশা ইতি। হে ভূমন্ মহত্তম ক্রীড়াভাণ্ডং ক্রীড়োপকরণং বিশ্বং ব্রহ্মাণ্ডং যস্য তস্মৈ তে নমনং কুর্ম্মঃ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বাভ্যাং যে যজামহ ইতি পঞ্চাক্ষরং দ্ব্যক্ষরোবষট্কার ইতি শ্রুতিশ্চ চতুর্ভিশ্চ চতুর্ভিশ্চ দ্বাভ্যাং পঞ্চভিরেবচ। হূয়তেচ পুনর্দ্বাভ্যাং স মে বিষ্ণুঃ প্রসীদত্বিতি যজ্ঞঃ যজ্ঞমূর্ত্তিঃ ॥ ৩৮ ॥

স্বকৃতং স্বসৃষ্টং বিকৃতং কার্য্যজাতং উদরীকৃত্য উদরস্থং কৃত্বা বিমৃশিতা অধ্যাত্মপদবী জ্ঞানমার্গো যস্য সঃ। ভৃত্যান্ অবসি পালয়সীতি পথি চরসীত্যাভ্যাং দ্বাভ্যাং ত্বৎপালিতৈর্ভৃত্যৈরেব ত্বং দৃশ্যসে জ্ঞায়সে নান্যৈরিতি যাজ্ঞিককর্ম্মিষু জ্ঞানিষুচ কটাক্ষঃ ॥ ৩৯ ॥

তুভ্যমেব নিত্যং নমঃ করবামেতি বয়ং যস্য সত্যং প্রবিশাম ত্বমেব পরমেশ্বরত্বেন স্তবানা অপি তেষাং ত্বদংশাংশত্বাদেব বস্তুতঃ স্তবামেতি তে খর্ব্বীশ্বরাভিমানিন এব নত্বীশ্বরা ইতি ব্রহ্মাদিষু কটাক্ষঃ ॥ ৪০ ॥

র্মাস্য এবং পশুসোম এই পঞ্চ বিধ যজ্ঞেরই স্বরূপ এবং ঐ পঞ্চ প্রকার যজ্ঞ মন্ত্র দ্বারাই সুন্দর রূপে পূজিত হন ॥ ৩৮ ॥

তদনন্তর দেবগণ এই বলিয়া স্তব করিলেন, প্রভো। আপনিই আদ্য পুরুষ, প্রলয়কালে আপনিই সমস্ত কার্য্য উদরের মধ্যে সংহার করিয়া জলোপরি অনন্ত শয্যায় শয়ন করেন। সে সময় জনলোক নিবাসি সিদ্ধগণ সবিস্ময় চিত্তে আপনার জ্ঞান মার্গ চিন্তা করিয়া থাকেন। প্রভো। আপনি সেই পুরুষ, এক্ষণে আমাদের নয়ন গোচর হইলেন এবং আমরা যে আপনার ভৃত্য আমাদিগকে রক্ষা করিতেছেন ॥ ৩৯ ॥

তৎপরে গন্ধর্ব্ব ও অপ্সরাগণ স্তব করিয়া কহিতে লাগিলেন, হে দেব। এই সকল মরীচি প্রভৃতি প্রজাপতি এবং রুদ্র প্রমুখ ব্রহ্মা ইন্দ্র ইত্যাদি দেবতা, এই সমুদায় যাঁহার অংশ অথবা অংশের অংশ। অপর এই ব্রহ্মাণ্ড যাঁহার ক্রীড়া ভাণ্ড, আপনি সেই মহত্তম পুরুষ আপনাকে নিত্য নমস্কার করি ॥ ৪০

শ্রীবিদ্যাধরা ঊচুঃ ॥

ত্বন্মায়য়ার্থমভিপদ্য কলেবরেঽস্মিন্ কৃত্বা মমাহমিতি দুর্ম্মতিরুৎপথৈঃ স্বৈঃ ।
ক্ষিপ্তোপ্যসদ্বিষয় লালস আত্মমোহং যুষ্মৎ কথামৃতনিষেবক উদ্ব্যুদস্যেৎ ॥ ৪১ ॥

শ্রীব্রাহ্মণা ঊচুঃ ॥

ত্বং ক্রতুস্ত্বং হবিস্ত্বং হুতাশঃ স্বয়ং ত্বং হি মন্ত্রঃ সমিদ্দর্ভপাত্রাণিচ ।
ত্বং সদস্যর্ত্বিজো দম্পতী দেবতা অগ্নিহোত্রং স্বধা সোম আজ্যং পশুঃ ॥ ৪২ ॥

ত্বং পুরা গাং রসায়া মহাশূকরো দংষ্ট্রয়া পদ্মিনীং বারণেন্দ্রো যথা ।
স্তূয়মানো নদল্লীলয়া যোগিভি র্ব্যুজ্জহর্থ ত্রয়ীগাত্র যজ্ঞক্রতুঃ ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী ।

বিদ্যাধরাস্তু কেবলং বিদ্যাভিঃ সম্পদঃ প্রাপ্যাস্তে। অহঙ্কারাদি ব্যামোহ নিবৃত্তিস্তু তৎকথা শ্রবণং বিনা নাস্তীত্যাহুঃ। অর্থঃ পুরুষার্থসাধনং কলেবরং অভিপদ্য প্রাপ্য ত্বন্মায়য়াঽস্মিন্ মমেত্যহমিতি চাভিমানং কৃত্বা ইমমাত্মমোহং যুষ্মৎ কথামৃত নিষেবক উৎ উচ্চৈঃ ব্যুদস্যেৎ পরিত্যজেৎ নান্যঃ নন্থ স্বৈঃ পুত্রাদিভিরধিক্ষিপ্তো দুঃখিতঃ সন্ পরিত্যজেদেব নেত্যাহুঃ ক্ষিপ্তোপি দুর্ম্মতিঃ অসৎসু বিষয়েষেব লালসা তৃষ্ণা যস্য সঃ ॥ ৪১ ॥

ব্রাহ্মণা স্তুবন্তি ত্বমিতি ত্রিভিঃ। সদস্যাশ্চ ঋত্বিজশ্চ ॥ ৪২ ॥

গাং পৃথ্বীং রসায়া রসাতলাৎ দংষ্ট্রয়া ব্যুজ্জহর্থ বিশেষেণ উদ্ধৃতবানসি। যোগিভিঃ স্তূয়মানঃ। হে ত্রয়ীগাত্র বেদমূর্ত্তে। যজ্ঞোযাগঃ সযূপঃ তদ্বিশেষঃ ক্রতুঃ তদ্রূপী যজ্ঞসংকল্পরূপ ইতি বা। যজ্ঞঃ ক্রতুঃ কর্ম্ম যস্যেতি বা ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অর্থং বিষয়মভিপদ্য প্রাপ্য মমাহমিত্যভিমানঞ্চ কৃত্বা দুর্ম্মতিঃ স্বৈঃ পুত্রাদিভিঃ ক্ষিপ্তোপ্যসদ্বিষয় লালসএব ইমমাত্মমোহং যুষ্মৎকথামৃতনিষেবকঃ সন্ উচ্চৈ র্ব্যুদস্যেৎ পরিত্যজেন্নান্যঃ ইতি শুষ্কজ্ঞানিষু কটাক্ষঃ ॥ ৪১ ॥

সদস্যাশ্চ ঋত্বিজশ্চ তে ॥ ৪২ ॥

ত্রয়ীগাত্র হে বেদমূর্ত্তে যজ্ঞঃ সযূপঃ ক্রতু র্নির্যূপঃ ॥ ৪৩ ॥

তৎপশ্চাৎ বিদ্যাধরেরা এই বলিয়া স্তব করিলেন, হে ভগবন্! পুরুষার্থ সাধন এই কলেবর প্রাপ্ত হইয়া ইহাতে আপনার মায়া বশতঃ "আমি আমার" ইত্যাদি অভিমান করিয়াও যে ব্যক্তি আপনার কথা রূপ অমৃত পান করে, কেবল সেই জন ঐ মোহ পরিত্যাগ করিতে পারে, অন্য কাহারও সাধ্য নাই। প্রভো! উৎপথগামী পুত্রাদি কর্ত্তৃক অধিক্ষিপ্ত হইলেও কোন কোন ব্যক্তির গুরুতর দুঃখ উপস্থিত হয়, কিন্তু তাহাতেও তাহার মোহ পরিত্যাগ হয় না, যে হেতু সে অসদ্বিষয়েতেই লালসান্বিত ॥ ৪১

পরে ব্রাহ্মণ সকল স্তব করিয়া বলিতে লাগিলেন, প্রভো! আপনিই যজ্ঞ, আপনিই হবিঃ, আপনিই হুতাশন, আপনিই মন্ত্র, আপনিই সমিৎ অর্থাৎ যজ্ঞ কাষ্ঠ, আপনিই কুশ, আপনিই যজ্ঞপাত্র, আপনিই সদস্য, আপনিই ঋত্বিক্, আপনিই যজমান স্বরূপ, আপনিই দেবতা, আপনিই অগ্নিহোত্র, আপনিই স্বধা, আপনিই সোমরস, আপনিই আজ্য, আপনিই যজ্ঞীয় পশু ॥ ৪২ ॥

হে বিভো! এই ধরা পূর্ব্বে রসাতল গতা হইতেছিল, একারণ যেমন হস্তী অবলীলাক্রমে পদ্মিনীর উদ্ধার করে, তাহার ন্যায় আপনি মহাশূকর মূর্ত্তিতে লীলা করিয়া গর্জ্জন করিতে করিতে দন্তাগ্রভাগ দ্বারা ইহার উদ্ধার করিয়াছেন। হে বেদমূর্ত্তে! যজ্ঞই আপনার কর্ম্ম, আপনার ঐ কার্য্য দর্শন করিয়া যোগিগণ কতই স্তব করিয়াছিলেন ॥ ৪৩ ॥

স প্রসীদ ত্বমস্মাকমাকাঙ্ক্ষতাং দর্শনং তে পরিভ্রষ্টসৎকর্ম্মণাং।
কীর্ত্ত্যমানে নৃভির্নাম্নি যজ্ঞেশ তে যজ্ঞবিঘ্নাঃ ক্ষয়ং যান্তি তস্মৈ নমঃ ॥ ৪৪ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ইতি দক্ষ কবির্যজ্ঞং ভদ্র রুদ্রাভিমর্শিতং। কীর্ত্ত্যমানে হৃষীকেশে সন্নিন্যে যজ্ঞভাবনে ॥ ৪৫ ॥
ভগবান্ স্বেন ভাগেন সর্ব্বাত্মা সর্ব্বভাগভুক্। দক্ষং বভাষ আভাষ্য প্রীয়মাণ ইবানঘ ॥ ৪৬ ॥

শ্রীভগবানুবাচ ॥

অহং ব্রহ্মাচ শর্ব্বশ্চ জগতঃ কারণং পরং। আত্মেশ্বর উপদ্রষ্টা স্বয়ং দৃগবিশেষণঃ ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

স ত্বমস্মাকং তদ্দর্শনমাকাঙ্ক্ষতাং প্রসীদ অস্মদযজ্ঞমপ্যুদ্ধরেত্যর্থঃ। নচাশক্যং তবৈতৎ যতস্তব নাম্নি কীর্ত্ত্যমান এব যজ্ঞবিঘ্নাঃ ক্ষয়ং যান্তি এবং প্রভাবো যস্য তস্মৈ নমঃ ॥ ৪৪ ॥

ইত্যনেন প্রকারেণ সর্ব্বৈঃ কীর্ত্ত্যমানে হে ভদ্র বিদুর সংনিন্যে প্রবর্ত্তয়ামাস ॥ ৪৫ ॥

সর্ব্বাত্ম তয়া সর্ব্বভাগ ভোক্তাপি ভগবান্ নিজানন্দ তৃপ্তোপি স্বেন ভাগেন ত্রিকপাল পুরোডাশেন প্রীয়মাণ ইব দক্ষ মাভাষ্য সম্বোধ্য বভাষে ॥ ৪৬ ॥

যোঽহং জগতঃ কারণং আত্মাচেশ্বরশ্চ উপদ্রষ্টা সাক্ষীচ স্ব প্রকাশশ্চ নিরুপাধিশ্চ সএব ব্রহ্মাচ শর্ব্বশ্চেত্যন্বয়ঃ ॥ ৪৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বাবতারত্বোপদেশেন ব্রহ্ম শিবাবপ্যাদরয়তি। অহমিতি ॥ ৪৭। ৪৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নাম্নি কীর্ত্ত্যমান এব কিং পুনঃ কীর্ত্তিতে কিম্বরাং তৎ সাক্ষাৎ সন্নিধৌ যজ্ঞবিঘ্না রুদ্রানুচরা ইতি তেষু কটাক্ষঃ। অত্র স্তাবকানামন্যত্র কটাক্ষে ভগবতো ভক্তেশ্চ প্রায় উৎকর্ষপোষান্নদোষ আখ্যেয়ঃ ॥ ৪৪ ॥

হে ভদ্র যদ্বা ভদ্র রুদ্রেণ ভদ্রাখ্য রুদ্রেণ বীরভদ্রেণ অভিমর্ষিতং বিদূষিতং সংনিন্যে প্রবর্ত্তয়ামাস ॥ ৪৫ ॥

ভগবত্ত্বেনানন্দ পূর্ণোপি সর্ব্বাত্মত্বেন সর্ব্বভাগ ভুগপি স্বেন ভাগেন প্রীয়মাণ ইবেতি রুদ্রাপরাধিত্বান্ন বস্তুতঃ প্রীতঃ। হে অনঘেতি নিরপরাধিন্যেব ভগবান্ প্রীণাতীত্যত্র ত্বমেব প্রমাণমিতি ভাবঃ ॥ ৪৬ ॥

মাপুনরপরাধং কার্ষীরিতি হিতমুপদিশতি অহমিতি। স্বয়ং দৃক্ স্বপ্রকাশঃ অবিশেষণঃ ত্রয়াণামস্মাকং নাস্তি বিশেষ ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

অতএব আপনি সেই ভগবান্ আমাদের প্রতি প্রসন্ন হউন, আমাদের যজ্ঞ কর্ম্ম পরিভ্রষ্ট হওয়াতে আমরা আপনারই দর্শন আকাঙ্ক্ষা করিতেছিলাম, আমাদের যজ্ঞটী উদ্ধার করিয়া দিউন। হে যজ্ঞেশ! এ কর্ম্ম আপনার অশক্য নহে, যে হেতু আপনার নাম সংকীর্ত্তন করিলে যজ্ঞবিঘ্ন সকল ক্ষয় প্রাপ্ত হয়, অতএব ঈদৃশ প্রভাব শালী যে আপনি আপনার চরণে আমরা প্রণত হই ॥ ৪৪ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর! এই প্রকারে ভগবান্ হৃষীকেশের গুণ কীর্ত্তন করিতে থাকিলে প্রজাপতি দক্ষ আপনার যে যজ্ঞ রুদ্র রোষে বিনষ্ট হইয়াছিল তাহা পুনর্ব্বার প্রবর্ত্ত করাইলেন ॥ ৪৫ ॥

হে অনঘ! বিষ্ণু সকলের আত্মা স্বরূপ, এ প্রযুক্ত যদিও সকলের ভাগ ভোক্তা এবং স্বয়ং ভগবান্ সুতরাং আত্মানন্দে পরিতৃপ্ত, তথাপি ঐ যজ্ঞে আপনার ভাগ ত্রিকপাল পুরোডাশ প্রাপ্ত হওয়াতে যেন সাতিশয় প্রীত হইলেন এই রূপ ভাব প্রকাশ করত দক্ষকে সম্বোধন করিয়া কহিলেন ॥ ৪৬ ॥

দক্ষ! এই যে আমি জগতের কারণ, আত্মা, ঈশ্বর, সাক্ষী, স্ব প্রকাশ এবং উপাধি শূন্য, এই আমিই ব্রহ্মা এবং আমিই শঙ্কর ॥ ৪৭ ॥

আত্মমায়াং সমাবিশ্য সোহং গুণময়ীং দ্বিজ। সৃজন্ রক্ষন্ হরন্ বিশ্বং দধ্রে সংজ্ঞাং ক্রিয়োচিতাং ॥ ৪৮
তস্মিন্ ব্রহ্মণ্যদ্বিতীয়ে কেবলে পরমাত্মনি। ব্রহ্মরুদ্রৌচ ভূতানি ভেদেনাজ্ঞোহনুপশ্যতি ॥ ৪৯ ॥
যথা পুমান্ন স্বাঙ্গেষু শিরঃ পাণ্যাদিষু কচিৎ। পারক্য বুদ্ধিং কুরুত এবং ভূতেষু মৎপরঃ ॥ ৫০ ॥
ত্রয়াণামেক ভাবানাং যোন পশ্যতি বৈ ভিদাং। সর্ব্বভূতাত্মনাং ব্রহ্মন্ স শান্তিমধিগচ্ছতি ॥ ৫১
শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী।

কুত ইত্যত আহ অহমেবাত্ম মায়ামধিষ্ঠায় জগৎ সৃষ্ট্যাদি কুর্ব্বন্ সচ সচ সচ সন্ ক্রিয়োচিতাং সংজ্ঞাং ধারয়ামি ॥ ৪৮ ॥
তস্মিন্ কেবলে অদ্বিতীয়ে সমানাসমান জাতীয় ভেদ রহিতে ব্রহ্মণি ময়ি ব্রহ্মরুদ্রৌ ভূতানিচ ভেদেনাজ্ঞঃ পশ্যতীত্যর্থঃ ॥ ৪৯ ॥
বিদ্বাংস্তু ভেদং ন পশ্যতীতি সদৃষ্টান্তমাহ যথেতি ॥ ৫০ ॥
তস্মাদেবমৈক্যং পশ্যন্ কৃতার্থো ভবতীত্যাহ। ত্রয়াণামেকোভাবঃ স্বরূপং যেষাং ॥ ৫১ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বস্য তদ্ভয়োশ্বরত্বেপি সদাদরার্থং তদননাম্বন্যায়েনাভেদমুপপাদয়তি। ভূতানীতি কৈমুত্যেন দৃষ্টান্তঃ ॥ ৪৯ ॥
প্রকাশশ্চ নিরুপাধিশ্চ সএব ব্রহ্মা চ সর্ব্বশ্চেত্যন্বয়ঃ সসর্ব্বস্য মদাত্মকত্বান্মৎ পরস্তু ভূতেষপি স্বাঙ্গেষিব মমতামেব করোতীত্যাহ। যথেতি ॥ ৫০ ॥
ত্রিদেবাস্তু পৃথগীশ্বরত্বমপশ্যন্নেব কৃতার্থো ভবতীত্যাহ। ত্রয়াণাং একঃ পুরুষস্যৈব ভাবঃ পার্থিবাদ্দারুণোধূম ইতি ন্যায়েন যথা যথং প্রাকট্যং যেষু তেষাং। সর্ব্বভূতস্য আত্মনাং তত্তৎ কার্য্যে প্রবর্ত্তকানাং ॥ ৫১। ৫২। ৫৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু পরমেশ্বরঃ খল্বেকএব সচ ভবানেব শাস্ত্রেষুচ্যতে ইতি তত্রাহ আত্মেতি সমাবিশ্যাধিষ্ঠায় স প্রসিদ্ধো গুণাতীত এক এবাহং ক্রিয়াঃ সৃষ্টিস্থিতি সংহৃতয় স্তাসু সমুচিতাং সংজ্ঞাং স্রষ্টেতি পালক ইতি সংহর্ত্তেত্যাখ্যাং ॥ ৪৮ ॥
নমু ব্রহ্মণো হিরণ্যগর্ভত্বেন জীবত্বাৎ রুদ্রস্যেশ্বরত্বেপি গুণস্পর্শাৎ কথং তয়োস্ত্বদভেদ স্তত্র কৈমুত্যন্যায়েনাহ ব্রহ্ম রুদ্রৌচেতি ভূতানি জীবানপি অজ্ঞ এব ভেদেন পশ্যতি নতু বিজ্ঞঃ কিমুত ব্রহ্মরুদ্রৌ ভূতানাং মদীয় তটস্থ শক্তিত্বাৎ ব্রহ্মরুদ্রয়োর্গুণাবতার ত্বাম্মদভেদ ইত্যর্থঃ ॥ ৪৯ ॥
ভূতানিতু মদ্ভক্তোপি স্বাভেদেন পশ্যেদিত্যাহ স্বশিরঃ পাণ্যাদিষু সুখদুঃখে যথা তথৈব সর্ব্বভূতেষপি সুখ দুঃখে পশ্যেদিত্যেব ভক্তানামভেদ দর্শনমিত্যর্থঃ ॥ ৫০ ॥
অভেদদর্শনস্য ফলমাহ ত্রয়াণামিতি ॥ ৫১ ॥

যে হেতু আমিই গুণময়ী আত্ম মায়ায় অধিষ্ঠান করিয়া এই বিশ্বের সৃষ্টি স্থিতি সংহার নিমিত্ত ঐ তিন ক্রিয়ার উপযুক্ত নাম ধারণ করিয়া থাকি ॥ ৪৮ ॥

অতএব আমি অদ্বিতীয়, স্বজাতীয় বিজাতীয় ভেদ শূন্য, পরম ব্রহ্ম স্বরূপ, অজ্ঞ ব্যক্তিরা আমাতে ব্রহ্মা, রুদ্র এবং ভূত এই প্রকার ভেদ দর্শন করে ॥ ৪৯ ॥

পরন্তু যে পুরুষ বিদ্বান্ তাঁহার যেমন আপনার মস্তক হস্তাদি অঙ্গেতে পরকীয় বুদ্ধি হয় না, তাহার ন্যায় মৎপর ব্যক্তি প্রাণি সকলে ভেদ জ্ঞান করেন না ॥ ৫০ ॥

অতএব আমাদের তিন জনের একই স্বরূপ এবং আমরা সকল প্রাণির আত্মা, যে ব্যক্তি আমাদের তিন জনের মধ্যে ভেদ দর্শন না করে সে শান্তি প্রাপ্ত হয় ॥ ৫১ ॥

এবং ভগবতাদিষ্টঃ প্রজাপতিপতির্হরিং। অর্চ্চিত্বা ক্রতুনা স্বেন দেবানুভয়তোঽযজৎ ॥ ৫২ ॥
রুদ্রঞ্চ স্বেন ভাগেন হ্যুপাধাবৎ সমাহিতঃ। কর্ম্মণোদবসানেন সোমপানিতরানপি ॥ ৫৩ ॥
উদবস্য সহর্ত্বিগ্‌ভিঃ সস্নাববভৃথং ততঃ ॥ ৫৪ ॥
তস্মা অপ্যনুভাবেন স্বেনৈবাবাপ্তরাধসে। ধর্ম্মএব মতিং দত্ত্বা ত্রিদশাস্তে দিবং যযুঃ।
এবং দাক্ষায়ণী হিত্বা সতী পূর্ব্ব কলেবরং। জজ্ঞে হিমবতঃ ক্ষেত্রে মেনায়ামিতি শুশ্রুম ॥ ৫৫ ॥
তমেব দয়িতং ভূয় আবৃঙ্‌ক্তে পতিমম্বিকা। অনন্য ভাবৈকগতিং শক্তিঃ সুপ্তেব পূরুষং ॥ ৫৬ ॥

শ্রীধরস্বামী

স্বেন ক্রতুনা ত্রিকপালেষ্ট্যা উভয়তোঽঙ্গৈঃ প্রধানেনচ ॥ ৫২ ॥
স্বেন ভাগেন যজ্ঞাবশিষ্টেন উদবস্যতে সমাপ্যতেঽনেনেত্যুদবসানং তেন কর্ম্মণা সোমপানিতরানপি উপাধাবদিত্যনুষঙ্গঃ ॥ ৫৩
ততশ্চ উদবস্য কর্ম্ম সমাপ্য অবভৃথ রূপং যথা ভবতি তথাস্নাতবান্ ॥ ৫৪ ॥
স্বেনৈবানুভাবেনাবাপ্ত রাধসে প্রাপ্তসিদ্ধয়ে তস্মা অপি ॥ ৫৫ ॥
আবৃঙ্‌ক্তে ভজতেস্ম অনন্য ভাবানামেকৈব গতির্যস্তং। প্রলয়কালে সুপ্তা শক্তিরীশ্বরমিব ॥ ৫৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

উদবসোত্যর্থকঃ ॥ ৫৪। ৫৫। ৫৬। ৫৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রজাপতিপতির্দক্ষঃ উভয়তঃ অঙ্গৈঃ প্রধানেনচ ॥ ৫২ ॥
উদবস্যতে সমাপ্যতেঽনেনেত্যুদবসানং তেন ॥ ৫৩ ॥
উদবস্য সমাপ্য অবভৃতস্নানং চকারেত্যর্থঃ ॥ ৫৪ ॥
তস্মৈ দক্ষায় অবাপ্ত রাধসে প্রাপ্তসিদ্ধয়ে ॥
মেনায়াং মেনকায়াং ॥ ৫৫ ॥
আবৃঙ্‌ক্তে ভজতেস্ম নবিদ্যতেঽন্যস্মিন্ ভাবো যস্যাঃ সা। একঃ গতিরূপঃ প্রলয়কালে সুপ্তা শক্তিঃ পূরুষমীশ্বরমনুসুপ্তমিব।
বৃহস্পতেঃ শিষ্যাদুদ্ধবাৎ সকাশাৎ ॥ ৫৬। ৫৭। ৫৮ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! ভগবান্ বিষ্ণু এই প্রকার আদেশ করিলে প্রজাপতি দিগের পতি দক্ষ ত্রিকপাল যজ্ঞ রূপ অসাধারণ যাগ দ্বারা ভগবান্ হরির অর্চ্চনা করিয়া পরে অঙ্গ এবং প্রধান উভয় বিধ যজ্ঞ করণক দেবতাদিগের পূজা করিলেন ॥ ৫২ ॥

অনন্তর সমাহিত চিত্তে রুদ্রেরও নিজ ভাগ অর্থাৎ যজ্ঞাবশিষ্ট অংশ প্রদান পূর্ব্বক সপর্য্যা করিয়া সমাপনীয় কর্ম্ম দ্বারা সোমপায়ি ও অন্যান্য দেবতাদিগের পূজা করিলেন ॥ ৫৩ ॥

তাহার পরে কর্ম্ম সমাপন হইলে, ঋত্বিগ্‌গণের সহিত দক্ষ অবভৃথ স্নান করিলেন ॥ ৫৪ ॥

বৎস বিদুর! যদিও দক্ষের স্বীয় মাহাত্ম্য দ্বারাই সিদ্ধি লাভ হইল তথাচ তাঁহাকে ধর্ম্ম বিষয়ে মতি দিয়া দেবতারা যজ্ঞ সমাপনান্তে স্বর্গে গমন করিলেন। বৎস! আমরা এরূপ শ্রুত হইয়াছি যে দাক্ষায়ণী সতী এই প্রকারে আপনার পূর্ব্ব কলেবর পরিত্যাগ করিয়া হিমালয়ের ক্ষেত্রে মেনকার গর্ভে জন্ম গ্রহণ করিয়াছিলেন ॥ ৫৫ ॥

কিন্তু প্রলয় কালীন সুপ্তা শক্তি যেমন ঈশ্বরকে পুনর্ব্বার প্রাপ্ত হয়, তাঁহার ন্যায় ঐ অম্বিকা পুনর্ব্বার সেই প্রিয়তম পতিকেই প্রাপ্ত হইয়াছিলেন, যে হেতু যে সকল ব্যক্তি অনন্যভাব, ভগবান্ ভব তাহাদের এক মাত্র গতি ॥ ৫৬ ॥

এতদ্ভগবতঃ শম্ভোঃ কর্ম দক্ষাধ্বরদ্রুহঃ। শ্রুতং ভাগবতাচ্ছিষ্যাদুদ্ধবাদ্মে বৃহস্পতেঃ॥ ৫৭॥

ইদং পবিত্রং পরমীশচেষ্টিতং যশস্যমায়ুষ্যমঘৌঘমর্ষণং।

যোনিত্যদাকর্ণ্য নরোহনুকীর্ত্তয়েদ্ধুনোত্যঘং কৌরব ভক্তিভাবতঃ॥ ৫৮॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে দক্ষযজ্ঞ সন্ধানং সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ॥

সনকাদ্যা নারদশ্চ ঋভুর্হংসোঽরুণির্যতিঃ। নৈতে গৃহান্ ব্রহ্মসুতা হ্যাবসন্নূর্দ্ধরেতসঃ॥ ১॥

শ্রীধরস্বামী।

বৃহস্পতেঃ শিষ্যান্ময়া শ্রুতং॥ ৫৭॥

পরং পবিত্রং য আকর্ণ্য তথানুকীর্ত্তয়েৎ। স আত্মনঃ পরস্যাপি অঘং সংসার ব্যসনং সর্ব্বদা ধুনোতি॥ ৫৮॥

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তমঃ ॥ * ॥

দক্ষকন্যান্বয়ে প্রোক্তা দক্ষযজ্ঞকথোদিতা। মনুপুত্রান্বয়ে প্রোক্তা ধ্রুবচর্য্যাথ পঞ্চভিঃ। অষ্টমে গুরুদারোক্তি রোষ মৎসরতঃ পুরাৎ। নির্গতেন ধ্রুবেণাহ তপসা তোষণং হরেঃ॥ ০॥

এবং তাবন্মনুকন্যান্বয়োক্ত্যৈব মরীচ্যাদীনাং ব্রহ্মপুত্রাণাং বংশা বর্ণিতাঃ। তত্রাবশিষ্টং কিঞ্চিদাহ সনকাদ্যা ইতি। নাবসন্

ক্রমসন্দর্ভঃ।

ভাবন ইতি চিৎসুখ পাঠান্তরং॥ ৫৮॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃতক্রমসন্দর্ভস্য সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

এবং শ্রীকর্দ্দমকন্যা রূপাণাং সাত্ত্বিকশক্তিদেবীনাং বিবরণমুক্ত্বা তামসশক্তিদেবীনামাহ। মৃষেতি। নির্ঋতি নৈর্ঋত কোণাধিপতিঃ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থে সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বিমাতুর্বাগ্বিষপ্লুষ্টো মাতুর্বাগমৃতাপ্লুতঃ। ধ্রুবোঽষ্টমে মধুবনে তপসাতোষয়দ্ধরিং॥ ০॥

তদেবং মনোঃ কন্যাবংশোক্ত্যৈব মরীচ্যাদীনাং ব্রহ্মপুত্রাণামপি বংশা বর্ণিতাঃ। ইদানীং তস্য পুত্রবংশে বক্তব্যেঽপি লাঘ-

বৎস! দক্ষযজ্ঞবিনাশকারি ভগবান্ ভবের এই সমস্ত কর্ম্ম বৃহস্পতির শিষ্য উদ্ধবের প্রমুখাৎ আমি শ্রবণ করিয়াছি॥ ৫৭॥

হে কৌরব্য! ভগবান্ মহেশ্বরের এই চরিত্র পরম পবিত্র এবং যশস্কর ও আয়ুর্ব্বর্দ্ধক, ইহাতে পাপ সমূহ বিনষ্ট হয়, যে ব্যক্তি ইহা শ্রবণ করিয়া নিত্য ভক্তিভাবে কীর্ত্তন করিবেন তাঁহার সংসার দুঃখ দূরীভূত হইবে॥ ৫৮॥

॥ * ॥ ইতি চতুর্থে সপ্তম ॥ * ॥

অষ্টমাধ্যায়ে বিমাতার দুর্ব্বাক্যে রোষ বশতঃ মৎসরী হইয়া পুর হইতে নির্গমন পূর্ব্বক ধ্রুবের তপস্যা এবং তদ্দ্বারা ভগবান্ হরির পরিতোষণ॥ ০॥

মুনিবর মৈত্রেয় পূর্ব্বোক্ত প্রকারে মনুকন্যাদিগের বংশ বর্ণন দ্বারা ব্রহ্মপুত্র মরীচ্যাদির বংশ বর্ণন করিয়া এক্ষণে অবশিষ্ট বিষয়ের বর্ণন করিতে প্রবৃত্ত হইলেন। অতএব বিদুরকে সম্বোধন করিয়া কহিলেন বৎস। সনকাদি মুনিগণ এবং নারদ, ঋভু, অরুণি, যতি, এই সকল মুনি ইঁহারা ব্রহ্মপুত্র,

মৃষা ধর্ম্মস্য ভার্য্যাসীদ্দম্ভং মায়াঞ্চ শত্রুহন্। অসূত মিথুনং তত্তু নির্ঋতি র্জগৃহেঽপ্রজাঃ ॥ ২ ॥
তয়োঃ সমভবল্লোভো নিকৃতিশ্চ মহামতে। তাভ্যাং ক্রোধশ্চ হিংসাচ যদ্দুরুক্তিঃ স্বসা কলিঃ ॥৩
দুরুক্তৌ কলিরাধত্ত ভিয়ং মৃত্যুঞ্চ সত্তম। তয়োশ্চ মিথুনং যজ্ঞে যাতনা নিরয়স্তথা ॥ ৪ ॥
সংগ্রহেণ ময়াখ্যাতঃ প্রতিসর্গস্তবানঘ। ত্রিঃ শ্রুত্বৈতৎ পুমান্ পুণ্যং বিধুনোত্যাত্মনোমলং ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

নাশ্রিতাঃ উর্দ্ধরেতসো নৈষ্ঠিকাঃ অতস্তেষাং বংশোনাস্তি ॥ ১ ॥

অধর্ম্মোপি ব্রহ্মপুত্রস্তস্য বংশমাহ মৃষেতি চতুর্ভিঃ। দম্ভঃ পরপ্রতারণং মায়া তদুচিতা চেষ্টা তয়োঃ সোদরয়োরপি দাম্পত্য মধর্ম্মাংশতয়া। এবমুপর্য্যপি অপ্রজাঃ অপুত্রঃ নির্ঋতি স্তন্মিথুনং ॥ ২ ॥

নিকৃতিঃ শঠতা যৎ যাভ্যাং কলিঃ তস্য স্বসা দুরুক্তিশ্চেত্যর্থঃ ॥ ৩ ॥ যাতনা তীব্রবেদনা ॥ ৪ ॥

প্রতিসর্গোঽনুসর্গ এব যদ্বা প্রতিসর্গঃ প্রলয়ঃ অধর্ম্মস্য প্রলয় হেতুত্বাৎ প্রতিসর্গত্বং এতৎ এতমধর্ম্মবংশং পুণ্যমিতি বর্জন দ্বারা পুণ্যহেতুত্বাৎ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বাদবশিষ্টানাং ব্রহ্মপুত্রাণাং বংশজিজ্ঞাসায়ামাহ। সনকাদ্যা ইতি ॥ ১ ॥

অধর্ম্মোপি ব্রহ্মপুত্রস্তস্য বংশমাহ। মৃষেতি হে শত্রুহন্নিতি অধর্ম্ম এব শত্রু ত্বং তদ্বিধ এব হন্তীত্যর্থঃ। দম্ভঃ পরপ্রতারণং মায়া তদুচিতা ক্রিয়া তয়োঃ। সোদরয়োরপি দাম্পত্যমধর্ম্মাংশতয়া নির্ঋতিনৈর্ঋতকোণাধিপতিঃ ॥ ২ ॥

নিকৃতিঃ শঠতা যৎ যাভ্যাং কলিশ্চ তস্য স্বসা দুরুক্তিশ্চ ॥ ৩ ॥

এবমত্র শাস্ত্রে ভক্তেরভিধেয়ত্বেন তস্যাশ্চানুকূল প্রতিকূল বস্তু জিজ্ঞাসায়াং বর্জ্জনীয়ত্বেনাধর্ম্মবংশো নরকান্ত উক্তঃ ॥ ৪ ॥

সংগ্রহেণ সংক্ষেপেণ প্রতিসর্গঃ প্রলয়ঃ। প্রলয়হেতুত্বাৎ প্রলয়ঃ হে অনঘেতি অধর্ম্মবংশোয়ং ত্বয়া নানুভূত ইতি ভাবঃ। পুণ্যমিতি বর্জ্জন দ্বারা পুণ্যকরং ॥ ৫ ॥

কদাপি দারপরিগ্রহ করেন নাই, কারণ উর্দ্ধরেতা ছিলেন, অতএব ইহাঁদের বংশ নাই ॥ ১ ॥

হে শত্রুনাশন বিদুর। অধর্ম্মও ব্রহ্মার পুত্র, তাঁহার ভার্য্যার নাম মিথ্যা, ঐ মিথ্যা দম্ভ (প্রতারণ) নামে এক পুত্র এবং মায়া (প্রতারণোচিতাচেষ্টা) নাম্নী এক কন্যা প্রসব করেন। বৎস! যদিও ঐ পুত্র কন্যা পরস্পর সোদর তথাচ অধর্ম্মাংশ প্রভব, এ প্রযুক্ত তাহারা পরস্পর মিথুন অর্থাৎ স্ত্রী পুরুষ হইয়াছিল। সে যাহা হউক, নির্ঋতি স্বয়ং অপুত্রক ছিলেন এ নিমিত্ত ঐ দুই পুত্র কন্যাকে গ্রহণ করিলেন ॥ ২ ॥

হে মহামতে! সেই দম্ভ এবং মায়া হইতে লোভ ও নিকৃতি (শঠতা) নামে দুইটী পুত্র কন্যা জন্মিল, তাহাদেরও পরস্পর দাম্পত্য ভাব হওয়াতে তাহাদের হইতে ক্রোধ এবং হিংসা এই মিথুন উৎপন্ন হইল। অনন্তর তাহাদের হইতে কলি (কলহ) ও তাহার ভগিনী দুরুক্তির জন্ম হয় ॥ ৩ ॥

হে সত্তম! ঐ দুরুক্তির গর্ব্ভে কলির ভীতি নামে একটী কন্যা ও মৃত্যু নামক এক পুত্র হইল, তাহারাও পরস্পর দম্পতী ভাবাপন্ন হওয়াতে, তাহাদের দুই জনের আবার যাতনা নামে এক কন্যা ও নিরয় নামে এক পুত্র জন্মে ॥ ৪ ॥

হে অনঘ। আমি তোমার নিকট সংক্ষেপে এই প্রতিসর্গ অথবা অধর্ম্ম বংশ বর্ণন করিলাম, ইহা পুণ্যের হেতু, কারণ অধর্ম্ম বর্জন করিলে পুণ্য সঞ্চার হয়। যে ব্যক্তি এই বৃত্তান্ত তিনবার শ্রবণ করিবেন তাঁহার কল্মষ সকল বিনষ্ট হইবে ॥ ৫ ॥

অথাতঃ কীর্ত্তয়ে বংশং পুণ্যকীর্ত্তেঃ কুরূদ্বহ। স্বায়ম্ভুবস্যাপি মনোর্হরেরংশাংশ জন্মনঃ॥ ৬॥
প্রিয়ব্রতোত্তানপাদৌ শতরূপাপতেঃ সুতৌ। বাসুদেবস্য কলয়া রক্ষায়াং জগতঃ স্থিতৌ॥ ৭॥
জায়ে উত্তানপাদস্য সুনীতিঃ সুরুচিস্তয়োঃ। সুরুচিঃ প্রেয়সী পত্যুর্নেতরা যৎ সুতো ধ্রুবঃ॥ ৮॥
একদা সুরুচেঃ পুত্রমঙ্কমারোপ্য লালয়ন্। উত্তমং নারুরুক্ষন্তং ধ্রুবং রাজাভ্যনন্দত॥ ৯॥
তথা চিকীর্ষমাণং তং সপত্ন্যাস্তনয়ং ধ্রুবং। সুরুচিঃ শৃণ্বতো রাজ্ঞঃ সের্ষ্যমাহাতিগর্ব্বিতা॥ ১০॥
ন বৎস নৃপতে র্ধিষ্ণ্যং ভবানারোঢ়ুমর্হতি। ন গৃহীতো ময়া যৎত্বং কুক্ষাবপি নৃপাত্মজঃ।
বালোসি বত নাত্মানমন্যস্ত্রীগর্ব্ভসংভৃতং। নূনং বেদ ভবান্ যস্য দুর্ল্লভেহর্থে মনোরথঃ॥ ১১॥

শ্রীধরস্বামী।

মনোঃ পুত্রবংশং হরেরংশো ব্রহ্মা তস্যাংশাৎ দেহার্দ্ধাৎ জন্ম যস্য॥ ৬॥
জগতো রক্ষায়াং স্থিতৌ॥ ৭॥
সুনীতিঃ সুরুচিশ্চ জায়ে তয়োর্মধ্যে॥ ৮॥
তয়োঃ প্রিয়াপ্রিয়ত্বে প্রপঞ্চয়ন্ ধ্রুবচরিতমাহ পঞ্চভিরধ্যায়ৈঃ। সুরুচেঃ পুত্রমুত্তমসংজ্ঞং লালয়ন্॥ ৯॥
তথাঙ্কারোহণং চিকীর্ষমাণং॥ ১০॥
গর্ব্বোক্তিমেবাহ নেতি ত্রিভিঃ নৃপতে র্ধিষ্ণ্যমাসনং। নৃপাত্মজোপি ভবান্ নারোঢ়ুমর্হতি॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরেরংশাংশানাং কপিল দত্ত যজ্ঞ পৃথু ঋষভাদীনাং জন্ম যতস্তস্য॥ ৬॥
বাসুদেবস্য কলয়া কলারূপেণ বিষ্ণুনা যা জগতো রক্ষা তস্যাং ক্রিয়ায়াং স্থিতৌ॥ ৭॥
তয়োর্জায়য়োর্মধ্যে॥ ৮॥ সুরুচেঃ পুত্রমুত্তমসংজ্ঞং॥ ৯। ১০॥
ধিষ্ণ্যমাসনং যদযস্মাৎ নৃপাত্মজোপি ত্বং ময়া কুক্ষৌ ন গৃহীতঃ। ত্বং বালোস্যতএব নাত্মানমিত্যাদি॥ ১১॥

হে কুরুবংশাবতংশ! অতঃপর স্বায়ম্ভুব মনুর পুত্রের বংশ কীর্ত্তন করি শ্রবণ কর। ঐ মনুর কীর্ত্তি অতিশয় পবিত্র, যে হেতু ভগবান্ হরির অংশ যে ব্রহ্মা তাঁহার অংশ অর্থাৎ দেহার্দ্ধ হইতে তাঁহার জন্ম হয়॥ ৬॥

উক্ত স্বায়ম্ভুব মনু শতরূপার পতি, তাঁহার প্রিয়ব্রত ও উত্তানপাদ নামে দুই পুত্র হয়, ভগবান্ বাসুদেবের অংশে তাঁহাদের জন্ম, অতএব দুই জনেই জগতের রক্ষায় নিযুক্ত ছিলেন॥ ৭॥

ঐ দুই মনুপুত্রের মধ্যে উত্তানপাদ দুইটী দার পরিগ্রহ করেন, তাহাদের নাম সুনীতি ও সুরুচি, তন্মধ্যে সুরুচি পতির অতিশয় প্রেয়সী হয়েন, সুনীতি তদ্রূপ হইতে পারেন নাই, তাঁহারই পুত্র ধ্রুব॥৮

একদা রাজা উত্তানপাদ সুরুচির পুত্র উত্তমকে ক্রোড়ে লইয়া লালন করিতেছিলেন, তাহা দেখিয়া সুনীতি পুত্র ধ্রুবও পিতার উৎসঙ্গে আরোহণ করিতে বাঞ্ছা করিলেন, কিন্তু রাজা কোলে লওয়া দূরে থাকুক বাক্য দ্বারাও তাঁহাকে অভিনন্দনা করিলেন না॥ ৯॥

সে সময় সুরুচি রাজাসনে অধ্যাসীনা ছিলেন, সপত্নী তনয় ধ্রুবকে পিতৃক্রোড়ে আরোহণার্থ ইচ্ছুক দেখিয়া অতিশয় গর্ব্বিতা হইয়া রাজার সমক্ষেই ঈর্ষা প্রকাশ পূর্ব্বক বলিতে লাগিল॥ ১০॥

ওরে ধ্রুব! তুই রাজপুত্র হইলেও নৃপতির আসনে আরোহণ করিবার যোগ্য নহিস্, যে হেতু, আমি তোরে গর্ব্ভে ধারণ করি নাই, তুই বালক আপনি যে রাজার অন্য স্ত্রীর গর্ব্ভে জন্মায়াছিস্, নিশ্চয় তাহা জানিস্ না, তাহাতেই এই দুর্ল্লভ বিষয়ে অভিলাষ করিতেছিস্॥ ১১॥

তপসারাধ্য পুরুষং তস্যৈবানুগ্রহেণ মে। গর্ব্ভে ত্বং সাধয়াত্মানং যদীচ্ছসি নৃপাসনং ॥ ১২ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

মাতুঃ সপত্ন্যাঃ স্বদুরুক্তিবিদ্ধঃ শ্বসন্ রুষা দণ্ডহতো যথাহিঃ।
হিত্বা মিষন্তং পিতরং সন্নবাচং জগাম মাতুঃ স রুদন্ সকাশং ॥ ১৩ ॥

তং নিশ্বসন্তং স্ফুরিতাধরৌষ্ঠং সুনীতিরুৎসঙ্গমুদুহ্য বালং।
নিশম্য তৎ পৌরমুখান্নিতান্তং সা বিব্যথে যদ্গদিতং সপত্ন্যাঃ ॥ ১৪ ॥

সোৎসৃজ্য ধৈর্য্যং বিললাপ শোকদাবাগ্নিনা দাবলতেব বালা।
বাক্যং সপত্ন্যাঃ স্মরতী সরোজশ্রিয়া দৃশা বাষ্পকলামুবাহ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

পুরুষমীশ্বরং ॥ ১২ ॥

মিষন্তং পশ্যন্তং সন্নবাচং কুণ্ঠিতবাচং ॥ ১৩ ॥

উদুহ্য আরোপ্য অন্তঃপুরজনমুখাৎ শ্রুত্বা ॥ ১৪ ॥

শোক এব দাবাগ্নিস্তেন দাবাগ্নি গতা লতেব স্থিতা সা বালা বিলাপঞ্চকার ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পুরুষমারাধ্যেতি ভক্তস্যন্যোয়ং রাজ্ঞঃ সন্নিধৌ নতু বস্তুতো হরিভক্তেয়ং। ত্বমাত্মানং মম গর্ব্ভে সাধয়েতি সংপ্রত্যেব ত্রিচতুরৈঃ পঞ্চষৈর্বা ব্রতৈর্মৎকার্ত্ত প্রাপ্তি সাধনৈর্হরিং সংতোষ্য ত্বং শীঘ্রং ম্রিয়স্ব। ত্বন্মাতরমহং রুদতীং পশ্যেয়মিত্যেবং তবচ মম চ সুখং ভবত্বিতি ভাবঃ ॥ ১২ ॥

মিষন্তং পশ্যন্তং সন্নবাচং স্ত্রৈণত্বাৎ কুণ্ঠিতবাচং ॥ ১৩ ॥

উদুহ্য আরোপ্য ॥ ১৪ ॥

দাবলতা বনলতা ॥ ১৫ ॥

অরে। যদি রাজাসনে আরোহণের বাসনা থাকে তবে এক কর্ম্ম কর, তপস্যা দ্বারা পরম পুরুষ ভগবানের আরাধনা কর্ এবং তাঁহার অনুগ্রহে আমার গর্ব্ভে আসিয়া জন্ম লও ॥ ১২ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর। বিমাতার এই প্রকার দুরুক্তি রূপ বাণে বিদ্ধ হইয়া দণ্ডাহত সর্পের ন্যায় দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক রোদন করিতে লাগিলেন, পিতা দেখিতেছিলেন তথাচ কোন কথা কহিতে পারিলেন না, তাঁহার যেন বাক্ রোধ হইল। অতএব ধ্রুব পিতাকে পরিত্যাগ করিয়া রোদন করিতে করিতে জননী সন্নিধানে গমন করিলেন ॥ ১৩ ॥

বালক দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতেছে, বাষ্প বশতঃ তাহার অধরৌষ্ঠ বারম্বার স্ফুরিত হইতেছে, দেখিয়াই সুনীতি তাঁহাকে ক্রোড়ে লইলেন, পরে সপত্নী যে সকল দুর্ব্বাক্য বলিয়াছে, সে সকল কথা যখন অন্তঃপুরস্থ লোকদিগের মুখে শুনিতে পাইলেন, তখন তাঁহার অন্তঃকরণ সাতিশয় ব্যথিত হইল ॥ ১৪ ॥

শোক রূপ দাবানল প্রজ্বলিত হওয়াতে দাবাগ্নি গতা বন লতার ন্যায় পরিম্লান হইয়া ধৈর্য্য বিসর্জন পূর্ব্বক বিলাপ করিতে লাগিলেন। সপত্নীর বাক্য স্মরণ হওয়াতে তাঁহার কমল তুল্য সুশোভন লোচন হইতে বাষ্পবারি বিগলিত হইতে লাগিল ॥ ১৫ ॥

দীর্ঘং শ্বসন্তী বৃজিনস্য পারমপশ্যতী বালকমাহ বালা।
মামঙ্গলং তাত পরেষু মংস্থা ভুঙ্‌ক্তে জনো যৎ পরদুঃখদস্তৎ॥ ১৬॥
সত্যং সুরুচ্যাভিহিতং ভবান্মে যদ্দুর্ভগায়া উদরে গৃহীতঃ।
স্তন্যেন বৃদ্ধশ্চ বিলজ্জতে যাং ভার্য্যেতি বা বোঢ়ুমিড়স্পতির্মাং॥ ১৭॥
আতিষ্ঠ তত্তাত বিমৎসরস্ত্বমুক্তং সমাত্রাপি যদব্যলীকং।
আরাধয়াধোক্ষজপাদপদ্মং যদীচ্ছসেঽধ্যাসনমুত্তমো যথা॥ ১৮॥
যস্যাঙ্ঘ্রিপদ্মং পরিচর্য্য বিশ্ববিভাবনায়াত্তগুণাভিপত্তেঃ।

শ্রীধরস্বামী।

বৃজিনস্য দুঃখস্য অমঙ্গলং অপরাধং পরেষু মা মংস্থাঃ যদ্যতঃ পরেভ্যো যোদুঃখং দদাতি স স্বদত্তমেব দুঃখং ভুঙ্‌ক্তে। ১৬।
দুর্ভগয়া ময়া উদরে গৃহীতঃ তস্যা এব স্তন্যেন বৃদ্ধঃ। দুর্ভগত্বমেবাহ যাং মাং ইড়স্পতি র্ভূপতি র্ভার্য্যেতি বোঢ়ুং স্বীকর্ত্তুং বিলজ্জতে বাশব্দাদ্দাসীত্যপি। ১৭।
পিতৃভার্য্যাত্বেন সমাতা মাতুঃ সপত্নী তয়া যদুক্তং তপসারাধ্য পুরুষমিত্যাদি তদাতিষ্ঠ কুরু অধ্যাসনং যদীচ্ছসি। ১৮।
পরিচর্য্য নিষেব্য বিশ্বস্য বিভাবনায় পালনায় আত্তা স্বীকৃতা গুণাভিপত্তিঃ সত্ত্বগুণাধিষ্ঠানং যেন তস্য জিত আত্মা মনঃ শ্বসনঃ

ক্রমসন্দর্ভঃ।

বা বোঢ়ুমিতি চিৎসুখ পুণ্যারণ্যৌ। বাচা উঢ়ুং বক্তুমিত্যর্থঃ। ১৮।
যস্যাঙ্ঘ্রীতি। পরিচর্য্য নিষেব্য আত্তা সান্নিধ্য মাত্রেণাপকৃতা গুণাভিপত্তি র্গুণসাম্যং প্রকৃতি র্যেন তস্য বক্ষ্যমিত্যত্র

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অমঙ্গলং দোষং বিমাত্রে মা দেহি প্রাচীন স্বকৃত দুষ্কৃত ফলমেব মমৈতদ্ভূরিত্যাহ যদ্যতঃ পরেভ্যো দুঃখং দদাতি যঃ স স্বদত্তমেব ভুঙ্‌ক্তে। ১৬।
গৃহীতঃ ধৃতঃ দুর্ভগত্বমেবাহ। যাং মামিড়স্পতি র্ভূপতির্ভার্য্যেতি বোঢ়ুং ইয়ং মে ভার্য্যা ভবতীতি বুদ্ধ্যা যো মত্রক্ষণপালনভারং বোঢ়ুং লজ্জতে। স্বস্যানহুরূপতা মননেনেতি ভাবঃ। বাশব্দাদ্দাসীতি ভাবমপি। ১৭।
মাত্রা সমা সমাতা তয়া বিমাত্রাপি ত্বদ্ধমভিলষন্ত্যাপি যদুক্তং তৎ আতিষ্ঠ কুরু। অব্যলীকং তদপি প্রিয়ং নভবতি। নহি হরি ভজনং কস্যাপ্যপ্রিয়মতো বিমৎসর তস্যাঃ দ্বেষং পরিত্যজ্যেত্যর্থঃ। মম রোদনমাজন্ম বিধাত্রা ললাটে লিখিতমেব ভবতু সুখং ভবত্বিতি ভাবঃ। ১৮।
নমু কিং হরিমারাধ্য তস্যাঃ পাপীয়স্যাঃ গর্ভং প্রবেক্ষ্যামীতি তত্র সা বরাকী খলু কা তস্যাঃ কিঙ্করত্বৎপিতৈব বরাকো

সুনীতি বারম্বার দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন, কোন রূপেই দুঃখের পার দেখিতে পাইলেন না, অতএব বালককে সস্নেহ সম্বোধন পূর্ব্বক কহিলেন, বৎস! এ বিষয়ে অন্যের অপরাধ মনে করিও না, যে ব্যক্তি পরকে দুঃখ দেয়, সে আপনার প্রদত্ত দুঃখই ভোগ করিয়া থাকে॥ ১৬॥

সুরুচি সত্যই বলিয়াছে আমি দুর্ভগাই বটী, তুমি আমার গর্ভে ধৃত এবং আমার স্তন্য দ্বারা বর্দ্ধিত হইয়াছ, ইহাতে কি প্রকারে রাজাসন পাইবার যোগ্য হইবে? বাছা! আমি এমন দুর্ভাগা যে আমাকে ভার্য্যা বলিয়া স্বীকার করিতেও রাজার লজ্জা বোধ হয়॥ ১৭॥

বৎস! তোমার বিমাতা যাহা বলিয়াছেন "তপস্যা দ্বারা পরম পুরুষ ভগবানের আরাধনা কর ইত্যাদি" তাহা যথার্থ, যদি তোমার বৈমাত্রেয় উত্তমের তুল্য রাজাসন আরোহণের অভিলাষ থাকে, তাহা হইলে ভগবান্ অধোক্ষজের পাদপদ্ম আরাধনা কর॥ ১৮॥

বাছা! সেই ভগবান্ পরম পুরুষ বিশ্বপালনের নিমিত্ত সত্ত্ব গুণের অধিষ্ঠান স্বীকার করেন,

অজোঽধ্যতিষ্ঠৎ খলু পারমেষ্ঠ্যং পদং জিতাত্মশ্বসনাভিবন্দ্যং ॥ ১৯ ॥
তথা মনুর্বো ভগবান্ পিতামহো যমেকমত্যা পুরু দক্ষিণৈর্মখৈঃ।
ইষ্ট্বাভিপেদে দুরবাপমন্যতো ভৌমং সুখং দিব্যমথাপবর্গ্যং ॥ ২০ ॥
তমেব বৎসাশ্রয় ভৃত্যবৎসলং মুমুক্ষুভির্মৃগ্য পদাব্জপদ্ধতিং।
অনন্যভাবে নিজধর্ম্মভাবিতে মনস্যবস্থাপ্য ভজস্ব পুরুষং ॥ ২১ ॥
নান্যং ততঃ পদ্মপলাশলোচনাদ্দুঃখচ্ছিদন্তে মৃগয়ামি কঞ্চন।

শ্রীধরস্বামী

প্রাণশ্চ যৈস্তৈরভিবন্দ্যং ॥ ১৯ ॥
একমত্যা সর্ব্বান্তর্যামি দৃষ্ট্যা ॥ ২০ ॥
মৃগ্যা পদাব্জয়োঃ পদ্ধতির্মার্গো যস্য তমেবাশ্রয় শরণং ব্রজ। ততো ভজস্ব নান্যস্মিন্ ভাবো যস্য তস্মিন্ নিজধর্ম্মৈর্ভাবিতে শোধিতে ॥ ২১ ॥
তমেবেত্যনেন সূচিতং সর্ব্বোত্তমত্বং প্রপঞ্চয়তি নান্যমিতি। হস্তেন গৃহীতং দীপবৎ পদ্মং যয়া ইতরৈর্ব্রহ্মাদিভিঃ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

পদ্যমিতি সম্বন্ধ সম্মত পাঠান্তরং ॥ ১৯ । ২০ । ২১ ॥
শ্রিয়া জগদধিষ্ঠাত্র্যা হস্তগৃহীতপদ্ময়েতি তল্লোচন সাম্যেনাধিকতক্রচেঃ। সর্ব্ব সংপত্তি নিধানেন তেন পদ্মেন সেবাভিলাষায় ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দীনবুদ্ধিস্ত্বং ব্রহ্মপদাদপ্যুৎকৃষ্টং পদং প্রাপ্তুং পারয়িষ্যসি তদিতঃ শীঘ্রং ব্রজ হরিং ভজ মাবিষীদেত্যাহ যস্তেতি চতুর্ভিঃ বিশ্বস্য বিভাবনায় পালনায় আত্তা স্বীকৃতা গুণাভিপত্তিঃ সত্ত্বগুণাধিষ্ঠানং যেন তস্য জিতাত্মশ্বসনৈর্বিজিত মনঃ প্রাণৈর্যোগিভিরভিবন্দ্যং ॥ ১৯ ॥ একমত্যা একাগ্রবুদ্ধ্যা ॥ ২০ ॥
ভৃত্যবৎসলমিতি মদ্বিধমাতৃকোটিতোপি ত্বয়ি ভৃত্যে তস্য বাৎসল্য মুদেষ্যত্যতো দুঃখ গন্ধমপি ন প্রাপ্স্যতীতি ভাবঃ। যং ত্বমাশ্রয়িষ্যসি তস্য পদাব্জয়োঃ পদ্ধতি র্মার্গএব মুমুক্ষুভির্মৃগ্যতে নতু সা তৈরপি সুলভা ইতি ভাবঃ। আশ্রিত্যচ ন অন্যস্মিন্ ভাব আসক্তির্যস্য তাদৃশে মনসি পঞ্চবার্ষিকস্য তে কর্ম্মানধিকারাৎ নিজধর্ম্মৈর্ভক্তিধর্ম্মৈ র্ভাবিতে শোধিতে মনসি পুরুষং অবস্থাপ্য ভজস্ব ॥ ২১ ॥
সুখারাধ্যস্যাপি দেবতান্তরস্য নশ্বর ফলদায়িত্বাদ্দুঃখং নির্মূলয়িতুমসমর্থস্য ভজনং পরিণাম দর্শিন্যহং ত্বাং নোপদিশামীত্যাহ

তাঁহার মাহাত্ম্যের কথা কি বলিব, ব্রহ্মা তাঁহারই পাদপদ্ম পরিচর্য্যা করিয়া পারমেষ্ঠ্য পদে অধিষ্ঠিত হইয়াছেন, মনঃ ও প্রাণের জয়কারি যোগিগণ যে চরণের সতত বন্দনা করিয়া থাকেন ॥ ১৯ ॥

তথা তোমার পিতামহ ভগবান্ মনু তাঁহাকেই সর্ব্বান্তর্যামী জানিয়া প্রচুর দক্ষিণা বিশিষ্ট যজ্ঞ দ্বারা অর্চ্চনা করিতেন, তাহাতে তাঁহার অন্য দুর্ল্লভ দিব্য ও ভৌম সুখ এবং অন্তে অপবর্গ প্রাপ্তি হয় ॥ ২০ ॥

অতএব হে বৎস! তুমি তাঁহারই শরণ গ্রহণ কর, তিনি ভক্তবৎসল, মোক্ষাকাঙ্ক্ষি পুরুষ সকল তাঁহারই পাদপদ্মের পদ্ধতি অন্বেষণ করিয়া থাকেন। তদনন্তর অন্যভাব পরিত্যাগ করিয়া নিজধর্ম্ম দ্বারা শোধিত চিত্তে সংস্থাপন পূর্ব্বক তাঁহারই উপাসনা করিও ॥ ২১ ॥

বৎস! সেই পদ্মপলাশলোচন ভগবান্ ব্যতীত অন্য কাহা হইতে তোমার দুঃখ বিনাশের সম্ভাবনা দেখি না, কিন্তু তাঁহার দর্শন পাওয়া অতি দুর্ল্লভ। হে তাত! ব্রহ্মাদি দেবগণ যে কমলার অনুসন্ধান

যো মৃগ্যতে হস্তগৃহীতপদ্মরা শ্রিয়েতরৈরঙ্গ বিমৃগ্যমাণয়া ॥ ২২ ॥

এবং সংজল্পিতং মাতুরাকর্ণ্যার্থাগমং বচঃ। সংনিয়ম্যাত্মনাত্মানং নিশ্চক্রাম পিতুঃ পুরাৎ।

নারদস্তদুপাকর্ণ্য জ্ঞাত্বা চাস্য চিকীর্ষিতং। স্পৃষ্ট্বা মূর্দ্ধন্যঘঘ্নেন পাণিনা প্রাহ বিস্মিতঃ ॥ ২৩ ॥

অহোতেজঃ ক্ষত্রিয়াণাং মানভঙ্গমমৃষ্যতাং। বালোপ্যয়ং হৃদা ধত্তে যৎ সমাতুরসদ্বচঃ।

শ্রীনারদ উবাচ ॥

নাধুনাপ্যবমানং তে সম্মানং চাপি পুত্রক। লক্ষয়ামঃ কুমারস্য সক্তস্য ক্রীড়নাদিষু ॥ ২৪ ॥

বিকল্পে বিদ্যমানেপি নহ্যসন্তোষহেতবঃ। পুংসোমোহমৃতে ভিন্না যল্লোকে নিজকর্ম্মভিঃ ॥ ২৫

শ্রীধরস্বামী।

সংজল্পিতং বিলাপং। অতোঽর্থস্যাগমো যস্মাৎ তথাভূতং বচশ্চাকর্ণ্য ॥২৩॥ বিস্মিত ইত্যুক্তং তদেবাহ অহোতেজঃ প্রভাবঃ ॥২৪

বিকল্পে মানাপমান বিবেকে সত্যপি ভিন্না ন সন্তি কিন্তু মোহকল্পিতা এব ত ইত্যর্থঃ। কুতঃ যৎসুখং দুঃখং বা তন্নিজ কর্ম্মভিরেব ভবতি যতঃ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

নারদো যদৃচ্ছয়ৈবাগতঃ সন্নিতি জ্ঞেয়ং ॥ ২৩ ॥

অহো ইতি স্বগতং বাক্যং। উবাচেত্যগ্রে স্ফুটোক্তিখ্যাপনাৎ। তেজঃ পরিভবেচ্ছা ॥ ২৪ ॥

বিকল্পে বিদ্যমানেপি অসন্তোষহেতবো মোহমৃতে ন সন্তীত্যেব। যতো অমী মোহাদভিন্নাঃ। যচ্চ সুখং দুঃখং কর্ম্মভিরিতি লোকে শ্রূয়তে তত্রচ পক্ষে তানি মোহমৃতে নসন্তীত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নাঙ্গমিতি পদ্মপলাশেতি তস্য দৃষ্টিপাতেনৈব তপ্তত্বং শীতলী ভবিষ্যতীতি ভাবঃ। হস্তে গৃহীতং দীপবৎ পদ্মং যয়া ইতরৈর্ব্রহ্মাদিভিঃ ॥ ২২ ॥ প্রাহ স্বগতং ॥ ২৩। ২৪ ॥

বিকল্পো ভেদ স্তস্মিন্ বিদ্যমানেঽপীতি জ্ঞান যোগিনাং তাবদ্বিকল্পোনাস্ত্যেবেতি কোবাঽসন্তোষঃ কে বা তস্য হেতবঃ। ভক্তিযোগিনাং কর্ম্মযোগিনাং বিকল্পোবিদ্যত এবেতি বিদ্যমানেপি বিকল্পে পুংসোমোহং বিনা অসন্তোষস্য হেতবোঽবমানাদয়স্তৎকর্ত্তারশ্চ ভিন্না ন সন্তি কিন্তু মোহ এবেত্যর্থঃ। যদযস্মাল্লোকে সর্ব্বত্র নিজ কর্ম্মভিরেবাশুভৈরসন্তোষ হেতবোঽবমানাদয়ঃ তৎ কর্ত্তারশ্চ ভবন্তীত্যাত্মানং বিনা কস্মৈ রোষোদেয় ইত্যতএব বিবেকিনো ভক্তাঃ কর্ম্মিণশ্চ কেচিন্নির্ম্মৎসরা ভবন্তীতি ভাবঃ ॥২৫

করেন সেই লক্ষ্মী আপনার হস্তে দীপ তুল্য কমল লইয়া তাঁহার অন্বেষণ করিয়া থাকেন ॥ ২২ ॥

জননীর এই প্রকার বিলাপ এবং অর্থসাধক বাক্য শ্রবণ করিয়া ধ্রুব মনোদ্বারা মনঃ সংযমন পূর্ব্বক পিতৃগৃহ হইতে নির্গত হইলেন। যখন এই বিষয়ের সম্বাদ নারদের সুগোচর হইল,তখন তিনি ধ্যান যোগে ধ্রুবের মানস জানিতে পারিয়া তাঁহার সন্নিধানে আগমন করিলেন এবং যে হস্ত সংস্পর্শে পাপ রাশি বিলয় প্রাপ্ত হয়, সেই হস্ত দ্বারা তাঁহার মস্তক স্পর্শ করিয়া মনে মনে বিস্ময় বচনে কহিতে লাগিলেন ॥ ২৩ ॥

অহো! ক্ষত্রিয়দিগের কি প্রভাব! ইহারা কিঞ্চিন্মাত্র মানভঙ্গ সহ্য করিতে পারে না, এ বালক হইয়াও বিমাতার সেই অসদ্বাক্য এখনও হৃদয়ে ধারণ করিতেছে, তাহাতেই ইহার এরূপ নির্ব্বন্ধ। অনন্তর দেবর্ষি প্রকাশ করিয়া ধ্রুবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, বৎস! এখন তুমি বালক, ক্রীড়াদিতে আসক্ত, এখন তোমার সম্মান বা অবমান কিছুই ত আমাদের লক্ষ্য হয় না ॥ ২৪ ॥

আর যদি তোমার মানাপমানের বিবেচনা হইয়া থাকে তথাপি মোহ ভিন্ন অসন্তোষের অন্য কারণ দেখিতে পাই না, যে হেতু; লোকে সুখ অথবা দুঃখ যে কিছু হয়, কর্ম্মই তাহার বীজ ॥ ২৫ ॥

পরিতুষ্যেত্ততস্তাত তাবন্মাত্রেণ পুরুষঃ। দৈবোপসাদিতং যাবদ্বীক্ষ্যেশ্বরগতিং বুধঃ ॥ ২৬ ॥
অথ মাত্রোপদিষ্টেন যোগেনাবরুরুৎসসি। যৎপ্রসাদং স বৈ পুংসাং দুরারাধ্যো মতোমম ॥ ২৭ ॥
মুনয়ঃ পদবীং যস্য নিঃসঙ্গেনোরু জন্মভিঃ। ন বিদুর্মৃগয়ন্তোপি তীব্রযোগসমাধিনা ॥ ২৮ ॥
অতোনিবর্ত্ততামেষ নির্ব্বন্ধস্তব নিষ্ফলঃ। যতিষ্যতি ভবান্ কালে শ্রেয়সাং সমুপস্থিতে ॥ ২৯ ॥
যস্য যদ্দৈববিহিতং স তেন সুখদুঃখয়োঃ। আত্মানং তোষয়ন্ দেহী তমসঃ পারমৃচ্ছতি ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

উপশমোপদেশেন নিবর্ত্তয়তি পরিতুষ্যেদিতি ষড্ভিঃ। ঈশ্বরগতিং বীক্ষ্য ঈশ্বরানুকূল্যং বিনা নোদ্যমাঃ ফলহেতব ইতি জ্ঞাত্বা ॥ ২৬ ॥
দুষ্করশ্চ তবায়মুদ্যম ইত্যাহ অথেতি দ্বাভ্যাং। যস্য প্রসাদমেব রোদ্ধুং প্রাপ্তুমিচ্ছসি ॥ ২৭ ॥
নিঃ সঙ্গেন তীব্রযোগযুক্তেন সমাধিনা মৃগয়ন্তোপি যস্য পদবীং মার্গং নবিদুঃ সদেবো দুরাবাধ্য ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ২৮ ॥
শ্রেয়সাং কালে বৃদ্ধত্বে ॥ ২৯ ॥
সুখদুঃখয়োর্মধ্যে সুখে সতি পুণ্যং ক্ষীয়তে দুঃখে সতি পাপং ক্ষীয়ত ইত্যাত্মানং তোষয়ন্ তমসঃ পারং মোক্ষং প্রাপ্নোতি ॥ ৩০

ক্রমসন্দর্ভঃ।

যত্র ফলপ্রাপকং দৈবং তত্রৈবেশ্বরানুকূল্যং ভবতীতি দৈবোপসাদিতেনৈব পরিতুষ্যেদিতি ভাবঃ। দৈবমীশ্বরোবা ॥২৬।২৭।২৮
অত ইতি। বাস্তবার্থে। নির্নিশ্চিতং ফলং যত্র তথাভূতএব সন্নিবর্ত্ততাং। কালে প্রাপ্তাবসর এবাস্মিন্। যতিষ্যতীতি বর্ত্তমানসামীপ্যে ॥ ২৯ ॥ যস্যেতি। নিষ্কাম কর্ম্মাপ্যত্রাধিকারী ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্মাদেবং তস্মাদ্দৈবেন প্রাচীন নিজকর্ম্মণা উপসাদিতং প্রাপিতং যাবৎ যৎ প্রমাণকং সুখং দুঃখং বা তাবন্মাত্রেণ পরিতুষ্যেৎ। বিবেকেন স্বোপার্জ্জিত বুদ্ধ্যেতি ভাবঃ। তচ্চ ঈশ্বরগতিং বীক্ষ্য ঈশ্বরপ্রেরিতমেব কর্ম্ম ফলতীতি জ্ঞাত্বেত্যর্থঃ ॥ ২৬ ॥
তব তু প্রারিপ্সিতোঽয়মুদ্যমোঽতি কঠিন ইত্যাহ অথেতি। অবরোদ্ধুং প্রাপ্তুমিচ্ছসি ॥ ২৭। ২৮ ॥
শ্রেয়সাং কালে বয়সোবৃদ্ধত্বে ॥ ২৯ ॥
সুখ দুঃখয়োর্মধ্যে তেন সুখেন দুঃখেন বা তোষয়ন্, সুখে সতি পুণ্যং ক্ষীয়তে দুঃখে সতি পাপং ক্ষীয়তে ইতি বুদ্ধ্যেত্যর্থঃ। তমসঃ সংসারাৎ ॥ ৩০ ॥

অতএব হে তাত! ঈশ্বরের গতির প্রতি দৃষ্টি রাখিয়া অর্থাৎ ঈশ্বরানুকূল্য ব্যতিরেকে কোন উদ্যম ফলদ হয় না, ইহা বিবেচনা করিয়া দৈববশতঃ যাহা উপস্থিত হয় তাবন্মাত্রেই পরিতুষ্ট হওয়া উচিত ॥২৬

বৎস! তোমার এ উদ্যম অতি দুষ্কর, তুমি আপন জননীর উপদিষ্ট যোগ দ্বারা যাঁহার প্রসাদ প্রাপ্ত হইতে ইচ্ছা করিতেছ, তিনি পুরুষ মাত্রের অতিশয় দুরারাধ্য ॥ ২৭ ॥

মুনিগণ নিঃসঙ্গ এবং তীব্র যোগ দ্বারা অনুসন্ধান করিয়াও বহু জন্মে তাঁহার বর্ত্ম জানিতে পারেন না ॥ ২৮ ॥

এই কারণে তাঁহার আরাধনা অতি কঠিন, অতএব তুমি এই নিষ্ফল আগ্রহ পরিত্যাগ কর, যখন তোমার নিঃশ্রেয়সের কাল অর্থাৎ বৃদ্ধত্ব উপস্থিত হইবে তখন এ বিষয়ের নিমিত্ত যত্ন করিও ॥ ২৯

বৎস! যাহার প্রতি দৈব যাহা বিধান করিয়াছেন সে ব্যক্তির তাহাতেই আপনাকে সন্তুষ্ট রাখা উচিত হয়, অর্থাৎ অদৃষ্ট বশতঃ সুখ উপস্থিত হইলে মনে করা উচিত, আমার পুণ্য ক্ষয় হইতেছে, দুঃখ উপস্থিত হইলে এই মনে করিতে হয়, আমার পাপ ক্ষয় হইতেছে এই প্রকার বিবেচনা করিয়া আত্মাতে সন্তোষ জন্মাইবে এই রূপ করিলেই দেহী মোক্ষ প্রাপ্ত হয় ॥ ৩০ ॥

গুণাধিকান্মুদং লিপ্সেদনুক্রোশং গুণাধমাৎ। মৈত্রীং সমানাদন্বিচ্ছেন্নতাপৈরভিভূয়তে।

শ্রীধ্রুব উবাচ॥

সোঽয়ং শমো ভগবতা সুখদুঃখহতাত্মনাং। দর্শিতঃ কৃপয়া পুংসাং দুর্দ্দর্শোঽস্মদ্বিধৈস্তু যঃ॥ ৩১॥

অথাপিঽ মে বিনীতস্য ক্ষাত্রং ঘোরমুপেয়ুষঃ। সুরুচ্যা দুর্ব্বচো বাণৈর্নভিন্নে শ্রয়তে হৃদি॥ ৩২॥

পদং ত্রিভুবনোৎকৃষ্টং জিগীষোঃ সাধু বর্ত্ম মে। ব্রূহ্যস্মৎ পিতৃভির্ব্রহ্মন্নন্যৈরপ্যনধিষ্ঠিতং॥ ৩৩॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ গুণৈরধিকাৎ পুংস ইতি ল্যবেলাপে পঞ্চমী। তং দৃষ্ট্বা প্রীতিং কুর্য্যাৎ নত্বসূয়ামিত্যর্থঃ। অনুক্রোশং কৃপাং লিপ্সেৎ নতু তিরস্কারং সমানাৎ মৈত্রীং নতু স্পর্দ্ধাং॥ ৩১॥

ক্ষাত্রং স্বভাবং প্রাপ্তবতঃ। অতএবাবিনীতস্য দুর্ব্বাক্যবাণৈর্ভিন্নে হৃদি ন শ্রয়তে ন তিষ্ঠতি॥ ৩২॥

অন্যৈরনধিষ্ঠিতং ত্রিভুবনে উৎকৃষ্টং পদং জেতুমিচ্ছোর্মে সাধু বর্ত্ম মার্গং ব্রূহি॥ ৩৩॥

ক্রমসন্দর্ভঃ।

অস্মদ্বিধৈর্যো দুর্দর্শঃ সোপি যদ্যপি কৃপয়া দর্শিতঃ॥ ৩১॥

অথাপি তথাপি॥ ৩২। ৩৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ গুণাধিকাৎ গুণাধিকং প্রাপ্যেতি ল্যবেলাপে পঞ্চমী মুদং লব্ধুমিচ্ছেৎ নত্বসূয়াং। অনুক্রোশং কৃপাং নত্ববজ্ঞাং মৈত্রীং নতু স্পর্দ্ধাং লিপ্সেদিতি যদি স্ব স্বভাবদোষান্নলভেৎ তদপি লব্ধুং কাময়েতাপীত্যভিপ্রায়ঃ॥ ৩১॥

ত্বয়া যদ্যপ্যনধিকারিণেপি মহ্যং কৃপয়েদমুপশমামৃতং দত্তং। অথাপি ক্ষাত্রং স্বভাবং প্রাপ্তবতো মম হৃদি ভিন্নে বিদীর্ণ মৃৎভাজন ইব ন শ্রয়তে নতিষ্ঠতীতি ব্যাজস্তুত্যা শৌর্য্যহীনান্ দুর্ব্বলান্ ব্রাহ্মণানেবৈতদুপশমামৃতং পায়য়। মমতু মহাঘোর শৌর্য্যবতঃ ক্ষত্রিয়কুমারস্য নাত্র দৃষ্টিরপি পততীতি ব্যঞ্জিতং॥ ৩২॥

তর্হি ত্বং কিমিচ্ছসীত্যত আহ পদমিতি ত্রিভুবনোৎকৃষ্টেপি অস্মৎ পিতৃভিরিতি যো মামবমন্যতেস্ম তেন সুরুচেঃ পত্যা উত্তানপাদেন তৎপিত্রা মনুনা তৎ পিত্রা ব্রহ্মণাপি অন্যৈরপি ব্রহ্মণঃ পুত্রপৌত্রাদিভিঃ অনধিষ্ঠিতমপ্রাপ্তং পদং জিগীষোঃ প্রাচিকীর্ষোবর্ত্ম ব্রূহীতি ত্বং তাবদ্বর্ত্মমাত্রমুপদিশন্নচিরেণৈব তদ্বিজয়ে কিঞ্চন শৌর্য্যং মে পশ্যেতি ভাবঃ॥ ৩৩॥

অপর যে ব্যক্তি গুণাধিক পুরুষকে দেখিয়া প্রীতি করে কদাচ অসূয়া করে না এবং গুণাধম ব্যক্তির প্রতি দয়া করে, তাহাকে তিরস্কার বা অপমান করে না এবং সমান লোকের সহিত মিত্রতা করে, স্পর্দ্ধা করে না, তাহাকে কখন সন্তাপে অভিভূত হইতে হয় না। দেবর্ষি নারদের এই বাক্য শ্রবণ করিয়া ধ্রুব কৃতজ্ঞতা প্রকাশ পূর্ব্বক কহিতে লাগিলেন, প্রভো! সুখ দুঃখে হতাত্ম পুরুষদিগের এই যে শম আপনি কৃপা করিয়া প্রদর্শন করাইলেন ইহা আমার তুল্য ব্যক্তিদের দুর্দ্দর্শ, সত্য॥ ৩১॥

কিন্তু আমি ক্ষত্রিয় স্বভাব প্রাপ্ত হওয়াতে দুর্বিনীত হইয়াছি এবং সুরুচির দুর্ব্বাক্য রূপ বাণ দ্বারা আমার হৃদয় বিদীর্ণ হইয়া রহিয়াছে, সেই বিদীর্ণ হৃদয়ে ইহা স্থান প্রাপ্ত হইতেছে না॥ ৩২॥

প্রভো! আমার পিতৃগণ এবং অন্যান্য ব্যক্তিরা যে পদে কখন অধিষ্ঠান করেন নাই এবং যাহা ত্রিভুবন মধ্যে উৎকৃষ্ট, আমি সেই পদ জয় করিতে ইচ্ছা করি, তদ্বিষয়ের যাহা উত্তম বর্ত্ম, তাহা বলিয়া দিউন॥ ৩৩॥

নূনং ভবান্ ভগবতো যোঽঙ্গজঃ পরমেষ্ঠিনঃ। বিতুদন্নটতে বীণাং হিতায় জগতোঽর্কবৎ।

শ্রীমৈত্রেয় উবাচ॥

ইত্যুদাহৃতমাকর্ণ্য ভগবান্নারদস্তদা। প্রীতঃ প্রত্যাহ তং বালং সদ্বাক্যমনুকম্পয়া॥ ৩৪॥

শ্রীনারদ উবাচ॥

জনন্যাভিহিতঃ পন্থাঃ স বৈ নিঃশ্রেয়সস্য তে। ভগবান্ বাসুদেবস্তং ভজ তং প্রবণাত্মনা।

ধর্ম্মার্থ কাম মোক্ষাখ্যং য ইচ্ছেচ্ছ্রেয় আত্মনঃ। একং হ্যেব হরেস্তত্র কারণং পাদসেবনং॥ ৩৫॥

তত্তাত গচ্ছ ভদ্রং তে যমুনায়াস্তটং শুচি। পুণ্যং মধুবনং যত্র সান্নিধ্যং নিত্যদা হরেঃ॥ ৩৬॥

শ্রীধরস্বামী।

অঙ্কজ ইতি পাঠে উৎসঙ্গাজ্জাতো যো নারদঃ স ভবান্ তত্র লিঙ্গং বিতুদন্ বাদয়ন্ হিতায়াটতি॥ ৩৪॥
নিঃশ্রেয়সস্য অভিপ্রেতার্থস্য পন্থাঃ কোসাবিত্যত আহ। ভগবান্ বাসুদেব এব অতস্তং ভজ॥ ৩৫॥
মধুবনাখ্যং তটং গচ্ছ যত্র মধুবনে অধ্যয়নাদ্যভবেপি॥ ৩৬॥

ক্রমসন্দর্ভঃ।

ভবান্ পরমেষ্ঠিনোঽঙ্গজোপি অঙ্কজ ইতি পাঠ উৎসঙ্গাজ্জাতোপি যদ্বীণাং বিতুদন্নটতি তন্নূনং জগত এব হিতায়েতি॥ ৩৪॥
অত্র শ্রীমৈত্রেয় উবাচেতি ক্বচিৎ ইতীতি। সনির্ব্বন্ধং স্বস্মিন্ বিশ্বাসযুক্তং। সর্ব্বোৎকৃষ্ট সাধন সাধ্যলিপ্সাযুক্তঞ্চ। অতএব প্রীতঃ॥ ৩৫॥
অতিশয় কৃপয়া সুধারাধ্যস্তোপায়মুপদিশতি। তত্তাতেতি তাতেত্যনুকম্পায়াং বিঘ্নবিঘাতায় শুভাশীর্ব্বাদঃ ভদ্রং ত ইতি নিত্যদা স্বভাবতএব। নত্বধ্যয়নাদি সাধনবশাৎ॥ ৩৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মমায়ন্ত মনোরথঃ সেৎস্যত্যেবেত্যত্র গৃহান্নিষ্ক্রম্য তএব ভবদ্দর্শনমেব লিঙ্গমিত্যাহ নূনমিতি। অঙ্কাদুৎসঙ্গাদাবির্ভূতো লোকহিতায় ভগবদবতারএব ত্বং ন কস্যাপি পুত্র ইতি ভাবঃ। অঙ্গজ ইতি পাঠে ভবান্ পরমেষ্ঠিনোঽঙ্গজোপি যদ্বীণাং বিতুদন্নটতি তজ্জগতো হিতায়ৈব॥ ৩৪। ৩৫॥
তব জনন্যা যদভিহিতং তদেব মদভিহিতং। ইমঞ্চ বিশেষমুপদিশামীত্যাহ তত্তাতেতি। মধুবনমিতি সর্ব্বেষু সিদ্ধক্ষেত্রেষু তস্যৈব মুখ্যত্বাৎ॥ ৩৬॥

আপনি ভগবান্ ব্রহ্মার অঙ্গজ, দিবাকরের ন্যায় জগতের হিতার্থ বীণা বাদ্য করিতে করিতে সর্ব্বত্র ভ্রমণ করিয়া থাকেন। মৈত্রেয় কহিলেন বিদুর! ধ্রুবের এই বাক্য শ্রবণ করিয়া দেবর্ষি নারদ পরম প্রীত হইলেন এবং অনুকম্পা প্রকাশ পূর্ব্বক সম্বোধন করিয়া তাঁহাকে এই সদ্বাক্য বলিলেন॥ ৩৪॥

নারদ কহিলেন বৎস! তোমার জননী যাহা বলিয়াছেন তাহাই তোমার অভিপ্রেতার্থ সিদ্ধির পথ। সেই পথই ভগবান্ বাসুদেব, তুমি ভক্তিভাবে তাঁহারই ভজনা কর। হে তাত! যে ব্যক্তি ধর্ম্ম অর্থ কাম এবং মোক্ষ রূপ আপনার মঙ্গল ইচ্ছা করেন, তাঁহার ঐ বিষয়ে এক হরিচরণ সেবনই কারণ, অর্থাৎ ভগবচ্চরণারবিন্দ সেবা করিলেই ঐ বাসনা পূর্ণ হয়॥ ৩৫॥

অতএব হে তাত! যমুনার পবিত্র তটে মধুবন নামে যে পুণ্যতম বন আছে, যে খানে অধ্যয়নাদির অভাবেও ভগবান্ হরি নিত্য সন্নিহিত আছেন, তথায় গমন কর, তোমার মঙ্গল হউক॥ ৩৬॥

স্নাত্বানুসবনং তস্মিন্ কালিন্দ্যাঃ সলিলে শিবে। কৃত্বোচিতানি নিবসন্নাত্মনঃ কল্পিতাসনঃ॥ ৩৭॥
প্রাণায়ামেন ত্রিবৃতা প্রাণেন্দ্রিয় মনোমলং। শনৈর্ব্যুদস্যাভিধ্যায়েন্মনসা গুরুণা গুরুং॥ ৩৮॥
প্রসাদাভিমুখং শশ্বৎ প্রসন্ন বদনেক্ষণং। সুনসং সুভ্রুবং চারু কপোলং সুরসুন্দরং॥ ৩৯॥
তরুণং রমণীয়াঙ্গমরুণোষ্ঠেক্ষণাধরং। প্রণতাশ্রয়ণং নৃম্নং শরণ্যং করুণার্ণবং॥ ৪০॥
শ্রীবৎসাঙ্কং ঘনশ্যামং পুরুষং বনমালিনং। শঙ্খ চক্র গদা পদ্মৈরভিব্যক্তং চতুর্ভুজং॥ ৪১॥

শ্রীধরস্বামী।

আত্মন উচিতানি যোগ্যানি দেবতানমস্কারাদীনি কৃত্বেতি যম নিয়মা উক্তাঃ। আসন কল্পনঞ্চ কুশাদিভিঃ স্বস্তিকাদিভিশ্চ॥ ৩৭ প্রাণেন্দ্রিয় মনসাং মলং চাঞ্চল্যং ব্যুদস্যেতি প্রাণায়াম প্রত্যাহারৌ ধারণামাহ অভিধ্যায়েত্যাদি ষড়্ভিঃ। গুরুণা ধীরেণ মনসা গুরুং শ্রীহরিং॥ ৩৮॥

সুরেষু সুন্দরং॥ ৩৯॥

রমণীয়ান্যঙ্গানি যস্য ওষ্ঠশ্চ ঈক্ষণাচ ঈক্ষণং ওষ্ঠেক্ষণে অরুণে ওষ্ঠেক্ষণে ধারয়তীতি তথা তং অরুণং ওষ্ঠমীক্ষণঞ্চ ধারয়তীতি বা। নৃম্নং সুখকরং যদ্বা নৃম্নং ধনং সর্ব্বপুরুষার্থনিধিমিত্যর্থঃ॥ ৪০॥

পুরুষং পুরুষলক্ষণযুক্তং॥ ৪১॥

ক্রমসন্দর্ভঃ।

স্নাত্বেত্যষ্টকং॥ ৩৭॥

গুরুণামিতি চিৎসুখঃ হ্রস্বশ্ছান্দসঃ॥ ৩৮॥ ৩৯॥

ওষ্ঠমুপরি অধরস্ত্বধরস্তাৎ নৃম্নামিতি ছান্দসং॥ ৪০॥

পুরুষং পুরুষস্য ভগবতো লক্ষণে- নান্বিতমিত্যর্থঃ। শঙ্খাদিভিঃ সর্ব্বত্র বিখ্যাতাশ্চত্বারো ভুজা যস্য তং॥ ৪১। ৪২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অধ্যয়নাদ্যভাবেপ্যাত্মন উচিতানি যোগ্যানি দেবতা নমস্কারাদীনি॥ ৩৭॥

ত্রিবৃতা রেচক পূরক কুম্ভকাত্মকেন গুরুণা বিশুদ্ধত্বাৎ শ্রেষ্ঠেন॥ ৩৮॥

সুরেভ্যোপি সুন্দরং॥ ৩৯॥

উপর্য্যধঃ স্থিতৌ দন্তচ্ছদাবোষ্ঠাধরাবুচ্যেতে প্রণতানাং আশ্রয়ণং নৃম্নং তেষাং ধনরূপং॥ ৪০॥ ৪১॥

বৎস। সে খানে গিয়া কালিন্দীর পুণ্য সলিলে ত্রিসন্ধ্যা স্নান করিবে এবং আপনার কর্ত্তব্য দেব নমস্কারাদি কর্ম্ম করিয়া কুশাদি ও স্বস্তিকাদি দ্বারা আসন বিরচন পূর্ব্বক উপবেশন করিবে॥ ৩৭॥

পরে রেচক পূরক কুম্ভক রূপ ত্রিবিৎ প্রাণায়াম করিয়া তদ্দারা প্রাণ, ইন্দ্রিয় ও মনের চাঞ্চল্য নিবারণ করিয়া স্থির মনে পরম গুরু ভগবান্ হরির ধ্যান করিও॥ ৩৮॥

বৎস! ভগবান্ হরি দেবগণ মধ্যে পরম সুন্দর, তাঁহার নাসিকা এবং ভ্রূ যুগল পরম রমণীয়, কপোল মনোহর, বদন ও নয়ন সর্ব্বদাই প্রসন্ন, তাঁহাকে দর্শন করিলে বোধ হয় যেন প্রসন্ন হইবার নিমিত্ত অভিমুখ হইতেছেন॥ ৩৯॥

তাঁহার অঙ্গ সকল রমণীয়, ওষ্ঠ এবং চক্ষুঃ অরুণ বর্ণ। তিনি স্বয়ং তরুণ, প্রণত জনের আশ্রয় দাতা, সকলের সুখ কর, শরণাগত রক্ষক এবং দয়ার সাগর॥ ৪০॥

আর তিনি শ্রীবৎসলাঞ্ছিত, ঘনশ্যাম, পুরুষলক্ষণ যুক্ত, বনমালাধারী এবং তাঁহার বাহু চতুষ্টয় শঙ্খ চক্র গদা পদ্মে সর্ব্বদা শোভমান॥ ৪১॥

কিরীটিনং কুণ্ডলিনং কেয়ূর বলয়ান্বিতং। কৌস্তুভাভরণগ্রীবং পীতকৌশেয়বাসসং ॥ ৪২ ॥
কাঞ্চীকলাপপর্য্যস্তং লসৎ কাঞ্চন নূপুরং। দর্শনীয়তমং শান্তং মনোনয়নবর্দ্ধনং ॥ ৪৩ ॥
পদ্ভ্যাং নখমণিশ্রেণ্যা বিলসদ্ভ্যাং সমর্চ্চতাং। হৃৎপদ্মকর্ণিকাধিষ্ণ্যমাক্রম্যাত্মন্যবস্থিতং ॥ ৪৪ ॥
স্ময়মানমভিধ্যায়েৎ সানুরাগাবলোকনং। নিয়তে নৈকভূতেন মনসা বরদর্ষভং ॥ ৪৫ ॥
এবং ভগবতো রূপং সুভদ্রং ধ্যায়তো মনঃ। নির্বৃত্ত্যা পরয়া তূর্ণং সম্পন্নং ন নিবর্ত্ততে ॥ ৪৬ ॥
জপশ্চ পরমো গুহ্যঃ শ্রূয়তাং মে নৃপাত্মজ। যং সপ্তরাত্রং প্রপঠন্ পুমান্ পশ্যতি খেচরান্।

শ্রীধরস্বামী।

কৌস্তুভস্যাভরণং গ্রীবা যস্য ॥ ৪২ ॥
নন্থ কর্ম্মাদীনাং জড়ত্বাদিনা স্বরূপতোহপি ভিন্নত্বাৎ কথমৈকমত্যমিত্যাহ। অব্যক্তস্য অতএবাপ্রমেয়স্য। তথাপি সত্ত্বে হেতুঃ নানাশক্তীনাং মহদাদীনাং উদয়ো যস্মাৎ চিকীর্ষিতমেব তাবৎ কোপি নবেদ অথাস্য সম্ভবো যস্মাৎ তমীশ্বরং কো বেদ। অদ্ধেতি পাঠে সাক্ষাৎ। অতস্তত্ত্ব জ্ঞানাভাবাৎ বিশেষাংশে বিবাদ ইত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ। কোহদ্ধা বেদ ক ইহ প্রাবোচৎ কুত আয়াতা ইয়ং বিসৃষ্টিঃ অর্ব্বাগ্দেবা অস্য বিসর্জনেনাথা কো বেদ যত আবভূবেত্যাদি॥ ২২॥

ঈশ্বর বাদস্য প্রকৃতোপযোগমাহ। ন চৈতে ভ্রাতৃহন্তারঃ। উক্তমেব হেতুমনুবদতি। বিসর্গাদানয়োঃ মৃত্যু জন্মনোঃ। যদ্বা বিসর্গঃ সৃষ্টিঃ আদানং সংহারঃ দৈবমীশ্বর এব হি কারণং॥ ২৩॥

ক্রমসন্দর্ভঃ।

কেচিদেনং কর্ম্মাদিকং বদন্তীতি। অন্য যে কর্ত্তৃত্বাদয়ো ধর্ম্মাস্তান্ কর্ম্মাদিষ্বেবারোপয়ন্তীত্যর্থঃ দৈবং গ্রহাদি। কামং সংকল্পং দৃষ্টিসৃষ্টিবাদিনঃ॥ ২১॥

চিকীর্ষিতমিচ্ছাশক্তিলেশমপি কিং পুনঃ সর্ব্বশক্ত্যাশ্রয়ন্তমিত্যর্থঃ॥ ২২। ২৩। ২৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্থ তর্হি কর্ম্মৈব সুখ দুঃখ জন্মমরণাদি কারণমস্তু সত্যমত্রৈবং বাদিনো বিবদন্ত ইত্যাহ কেচিদিতি কেচিন্মীমাংসকাঃ এনং সুখ দুঃখপ্রদং কর্ম্ম অপরে লোকায়তিকাঃ স্বভাবং। একে ব্যাবহারিকাঃ কালং পরে জ্যোতিষিকা দৈবং গ্রহাদি রূপাং দেবতাং অপরে বাৎস্যায়নাদয়ঃ কামং শ্রুতিশ্চ কামোহকার্ষীৎ কামঃ করোতি কামঃ কর্ত্তা কামঃ কাময়িতেত্যাদি॥ ২১॥

নন্বেষাং বিবদমানানাং মধ্যে কোব্যবস্থাপক স্তত্র তত্রমূল তত্ত্ব বস্তুনোহজ্ঞানান্নকোপীত্যাহ অব্যক্তস্য কৈরপি বল বুদ্ধ্যাদিভি র্ব্যক্তী কর্ত্তুমশক্যস্য তত্র হেতুরপ্রমেয়স্য প্রত্যক্ষাদি প্রমাণৈঃ প্রমাতুমশক্যস্য নানাশক্তীনাং কাল কর্ম্ম স্বভাব কামাদীনাং উদয়ো যস্মাদিতি তত্তৈকৈকাং শক্তিমাশ্রিত্যৈব বিবদমানানাং তেষাং শক্তিমতি তস্মিন্ বস্তুতো নাস্ত্যেব বিবাদ ইতি ভাবঃ। তস্য ভগবতশ্চিকীর্ষিতমেব কোপি নোবেদ স্বস্য সম্ভবো যস্মাত্তং কোবেদ। যদুক্তং ভীষ্মেণ। নহ্যস্য কর্হিচিদ্রাজন্ পুমান্ বেদ বিধিৎসিতং। যদ্বিজিজ্ঞাসয়া যুক্তা মুহ্যন্তে কবয়োপিহীতি। তথাচ শ্রুতিঃ কোদ্ধা বেদ ক ইহ প্রাবোচৎ কুত আয়াতা কুত ইয়ং বিসৃষ্টিঃ। অর্ব্বাগ্দেবা অস্য বিসর্জ্জনেনাথা কো বেদ যত আবভূবেত্যাদি॥ ২২॥

ফলিতমাহ নচৈত ইতি বিসর্গাদানয়োঃ সৃষ্টি সংহারয়োর্দৈবমীশ্বরঃ॥ ২৩॥

বৎস! ঈশ্বর এই প্রকার, ইহা সকলেই মানিয়া থাকে, তাঁহার বিষয়ে কেবল নাম মাত্রে বিবাদ আছে, কতকগুলি লোকে তাঁহাকে কর্ম্ম বলিয়া থাকে, অন্য লোকেরা স্বভাব বলে, অপরেরা কাল কহে, আর কতিপয় ব্যক্তি দৈব বলে, অন্য মনুষ্যে পুরুষের কাম অর্থাৎ বাসনা বলিয়া থাকে॥ ২১॥

পরন্তু হে তাত! ঈশ্বর অব্যক্ত, অতএব অপ্রমেয়, পরিমাণ দ্বারা তাঁহার পরিচ্ছেদ করা যায় না, তাঁহা হইতে মহত্তত্ত্বাদি নানা শক্তির উদয় হইতেছে,এই নিমিত্ত আছেন এই মাত্র বলা যাইতে পারে। বৎস! যিনি এরূপ, তাঁহার কি করিতে বাসনা তাহাই কেহ জানে না, তাঁহার আবার উৎপাদক ঈশ্বরকে কোন্ ব্যক্তি জানিতে পারিবে?॥ ২২॥

অতএব হে পুত্র! ঐ সকল কুবেরানুচর তোমার ভ্রাতৃহন্তা নহে। বৎস! পুরুষের সৃষ্টি ও সংহার এই দুই বিষয়ে এক ঈশ্বরই কারণ হয়েন, ঈশ্বর ভিন্ন অন্য কাহা হইতে ঐ দুই কর্ম্ম সম্ভব হয় না॥ ২৩

স এব বিশ্বং সৃজতি স এবাবতি হন্তিচ। তথাপি হ্যনহঙ্কারো নাজ্যতে গুণকর্ম্মভিঃ ॥ ২৪ ॥
এষ ভূতানি ভূতাত্মা ভূতেশো ভূতভাবনঃ। স্বশক্ত্যা মায়য়া যুক্তঃ সৃজত্যত্তিচ পাতি চ ॥ ২৫ ॥
তমেব মৃত্যুমমৃতং তাত দৈবং সর্ব্বাত্মনোপৈহি জগৎ পরায়ণং।
যস্মৈ বলিং বিশ্বসৃজো হরন্তি গাবো যথোতানসি দামযন্ত্রিতাঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তত্রাপি নির্লেপতামাহ স এবেতি ॥ ২৪ ॥

অনহঙ্কারত্বে হেতুমাহ এষ ইতি ॥ ২৫ ॥

সত্যমীশ্বর এব কর্ত্তা তথাপ্যহঙ্কারাদি ময়া ত্যক্তুং নশক্যমিতি চেত্তত্রাহ তমেবেতি চতুর্ভিঃ। মৃত্যুমভক্তানাং ভক্তানান্তু অমৃতং উপৈহি শরণং গচ্ছ। তমেবেত্যবধারণে হেতুঃ। যস্মৈ নসি নাসিকায়াং উতা দামভির্বদ্ধাঃ গাব ইব বিশ্বসৃজোপি নামভির্যন্ত্রিতা বদ্ধাঃ সন্তোবলিং হরন্তি তৎ কারিতং কর্ম্ম কুর্ব্বন্তীত্যর্থঃ ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

কথং সৃজতীত্যাদৌ তত্রাহ এষ ইতি। ভূতস্যাত্মা কারণং। ঈশোনিয়ামকঃ। ভাবন স্তত্তদ্রূপতা প্রাপকশ্চ তত্র হেতুঃ স্বরূপ শক্ত্যা মায়য়াচ যুক্তঃ। বহিরঙ্গ শক্তিমায়া কার্য্যে তস্যাহংকারত্বঞ্চ যোজিতং ॥ ২৫। ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তথাপি তস্য নির্লেপতাং পশ্যেত্যাহ স এবেতি ॥ ২৪ ॥

অনহঙ্কারত্বে হেতুমাহ। এষ ইতি স্বশক্ত্যা মায়য়া যুক্ত ইতি মায়য়া বহিরঙ্গত্বেন স্বরূপ শক্তিত্বাভাবাৎ তৎ কার্য্যেষু তস্য নাহঙ্কারো ভবতীতি ভাবঃ ॥ ২৫ ॥

নন্বেবং ত্বয়া প্রবোধিতোপ্যহঙ্কারং ত্যক্তুং ন প্রভবামীত্যত আহ তমেবেতি চতুর্ভিঃ উপৈহি প্রপদ্যস্ব তৎ প্রপত্তিং বিনা জ্ঞানেনাহঙ্কারাপগমোদুঃশক্য ইতি ভাবঃ ॥ ২৬ ॥

কিন্তু যদিও কেবল তিনিই এই বিশ্ব সৃজন করিতেছেন, তিনিই রক্ষা করিতেছেন, অন্তে তিনিই সংহার করিতেছেন তথাপি তাঁহার ঐ সকল বিষয়ে অহঙ্কার মাত্র নাই, সুতরাং তিনি গুণ ও কর্ম্ম দ্বারা লিপ্ত হন না, সর্ব্বদা নির্লেপ হইয়াই আছেন ॥ ২৪ ॥

বৎস! ঈশ্বরের যে অহং বুদ্ধি হয় না, তাহার কারণ এই তিনি আপনার শক্তি যে মায়া, তাহাতে যুক্ত হইয়া ভূত সকলের সৃষ্টি স্থিতি লয় করিতেছেন, ইহাতে তাঁহার অহঙ্কার কি রূপে সম্ভব হইবে? সে যাহা হউক তিনি ভূত সকলের প্রকাশক এবং তিনিই তাহাদের প্রভু ও তিনিই তাহাদের আত্মা ॥ ২৫ ॥

অতএব হে তাত! তুমি যদি অহঙ্কারাদি ত্যাগ করিতে অশক্ত হও, তবে এক কর্ম্ম কর, সর্ব্বান্তঃকরণে সেই ঈশ্বরের শরণাপন্ন হও, তিনি অভক্ত জনের মৃত্যুরূপী সত্য, কিন্তু ভক্ত জনের পক্ষে অমৃত স্বরূপ। বৎস! তিনি কেবল তোমারই উপাস্য এমত নহেন, তিনি এই জগতের পরম স্থান, অতএব নাসিকাতে রজ্জু বদ্ধ বলীবর্দ্দ সকলের ন্যায় বিশ্বস্রষ্টারাও নিয়ন্ত্রিত হইয়া তাঁহার নিমিত্ত বলি অর্থাৎ পূজোপহার আহরণ করিয়া থাকেন ॥ ২৬ ॥

যঃ পঞ্চবর্ষো জননীং বিহায় মাতুঃ সপত্ন্যা বচসা ভিন্নমর্ম্মা।
বনং গতস্তপসা প্রত্যগক্ষমারাধ্য লেভে মূর্দ্ধ্নি পদং ত্রিলোক্যাঃ॥ ২৭॥
তমেবমঙ্গাত্মনি মুক্তবিগ্রহে ব্যপাশ্রিতং নির্গুণমেকমক্ষরং।
আত্মানমন্বিচ্ছ বিমুক্তমাত্মদৃক্ যস্মিন্নিদং ভেদমসৎ প্রতীয়তে॥ ২৮॥
ত্বং প্রত্যগাত্মনি তদা ভগবত্যনন্ত আনন্দ মাত্র উপপন্নসমস্তশক্তৌ।
ভক্তিং বিধায় পরমাং শনকৈরবিদ্যাগ্রন্থিং বিভেৎস্যসি মমাহমিতি প্ররূঢ়ং॥ ২৯॥

শ্রীধরস্বামী।

তদারাধনঞ্চ তব সুশক্যমিত্যাহ। যঃ পঞ্চবর্ষঃ স ত্বং যমারাধ্য ত্রিলোক্যা মূর্দ্ধ্নি পদং স্থানং লেভে লব্ধবানসি। ইদানীং তমেবান্বিচ্ছ অবলোকয়েত্যুত্তরেণান্বয়ঃ। প্রত্যঞ্চি অক্ষাণি যস্মিন্ ক্রিয়াবিশেষণং বা॥ ২৭॥

অঙ্গ এব মুক্তবিরোধে আত্মনি মনসি ব্যপাশ্রিতং অবস্থিতং আত্মদৃক্ প্রত্যগ্দৃষ্টিঃ সন্। অয়ং ভেদো যস্মিন্ তদিদং ভেদং অসদেব বিশ্বং যস্মিন্ প্রতীয়তে তং॥ ২৮॥

তদা অন্বেষণফলমাহ ত্বমিতি। তদান্বেষণ কালএব॥ ২৯॥

ক্রমসন্দর্ভঃ।

য ইত্যত্র যো লেভে স ত্বমুপৈহীতি পূর্ব্বেণৈবান্বয়ঃ॥ ২৭॥

আত্মানং পরমাত্মানং যস্মিন্ স্ফুরিতে সতি। অসদপুরুষার্থঃ ইদং নেদমসৎ প্রতীক্ষতে ইতি চিৎসুখঃ। অহন্তবাদিদং যুক্ত সহস্বাস্নেদমিতি॥ ২৮॥ ২৯॥ ৩০॥ ৩১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অস্তু তং প্রপন্নো মৎ কুলপদ্মমেবাসীত্যাহ য ইতি প্রত্যঞ্চি অক্ষাণি যোগিনাং যস্মিংস্তং॥ ২৭॥

তমেব সংপ্রত্যপি অন্বিচ্ছ অলং তব ব্যাবহারিক ভদ্রাভদ্র ভাবনয়েতি ভাবঃ নচ তত্রান্যেষামিব তব প্রয়াস ইত্যাহ। আত্মনি তন্মনসি মুক্তবিগ্রহে নির্ব্বিরোধে বিশেষেণ বাৎসল্যাৎ কৃতনিবাসং। আত্মদৃক্ প্রত্যগ্দৃষ্টিঃ সন্ যস্মিন্ অন্বিষ্টে সতি ইমে শত্রুমিত্রাদয়ো ভেদা যত্র তদিদং ভেদং জগৎ অসৎ অত্যন্তমরোচকমেব প্রতীয়তে॥ ২৮॥

তদা পঞ্চবর্ষ বয়সি কিমিদং স্মরসীত্যর্থঃ। অবিদ্যাগ্রন্থিং বিভেৎস্যসি। অতিজ্ঞা বচনে লৃড়িতি ভূতকাল এব লৃট বাভিন ইত্যর্থঃ॥ ২৯॥

বৎস! তাঁহার আরাধনা করা তোমার পক্ষে কঠিন হইবে না অনায়াসেই করিতে পারিবে, তুমি পাঁচ বৎসর বয়সের সময় বিমাতার দুরুক্তি বাণ দ্বারা বিদীর্ণ হৃদয় হওয়াতে আপনার জননীকে পরিত্যাগ করিয়া বন গমন করিয়াছিলে। হে তাত! সে সময় যাঁহার আরাধনা করিয়া ত্রিলোকীর মস্তকোপরি স্থান লাভ করিয়াছিলে॥ ২৭॥

এক্ষণে আত্মদর্শী হইয়া সেই নির্গুণ অবিনশ্বর এক আত্মারই অন্বেষণ কর। বৎস! যাহার অন্তঃকরণ নির্ব্বিরোধ, তাহার মনে তিনি সর্ব্বদাই অবস্থিত আছেন এবং সকল সময়েই বিমুক্ত স্বরূপ। বৎস! ভেদ জ্ঞান বশতঃ তাঁহাতেই এই অসৎ বিশ্ব প্রতীয়মান হইতেছে॥ ২৮॥

হে তাত! তিনি সর্ব্বান্তরাত্মা, ভগবান্, অনন্ত এবং সমস্ত শক্তি সম্পন্ন ও আনন্দ মাত্র, তাঁহার প্রতি ভক্তি করিলে ক্রমে "আমি আমার" ইত্যাদি সুদৃঢ় অহঙ্কার গ্রন্থি ভেদ করিতে পারিবে॥ ২৯॥

সংযচ্ছ রোষং ভদ্রং তে প্রতীপং শ্রেয়সাং পরং। শ্রুতেন ভূয়সা রাজন্নগদেন যথাময়ং ॥ ৩০ ॥
যেনোপসৃষ্টাৎ পুরুষাল্লোক উদ্বিজতে ভৃশং। ন বুধস্তদ্বশং গচ্ছেদিচ্ছন্নভয়মাত্মনঃ ॥ ৩১ ॥
হেলনং গিরিশভ্রাতুর্ধনদস্য ত্বয়া কৃতং। যজ্জঘ্নিবান্ পুণ্যজনান্ ভ্রাতৃঘ্নানিত্যমর্ষিতঃ।
তং প্রসাদয় বৎসাশু সন্নত্যা প্রণয়োক্তিভিঃ। ন যাবন্মহতাং তেজঃ কুলং নোভিভবিষ্যতি।
এবং স্বায়ম্ভুবঃ পৌত্রমনুশাস্য মনুর্ধ্রুবং। তেনাভিনন্দিতঃ সাকমৃষিভিঃ স্বপুরং যযৌ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে ধ্রুবচরিতে মনুবাক্যমেকাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১১ ॥ * ॥

শ্রীধরস্বামী।

উপদেশ সারমাহ সংযচ্ছেতি দ্বাভ্যাং। প্রতীপং প্রতিকূলং অগদেন ঔষধেন যথালোকো রোগং নিযচ্ছতি ॥ ৩০ ॥
যেন রোষেণ উপসৃষ্টাৎ ব্যাপ্তাৎ ॥ ৩১ ॥
অন্যচ্চ ত্বয়া কার্য্যমিত্যাহ হেলনমিতি দ্বাভ্যাং। যদ্যতো জঘ্নিবান্ ঘাতিতবান্। ৩২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে একাদশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

জঘ্নিবানিতি যৎ তদেব হেলনং কৃতমিত্যন্বয়ঃ ভ্রাতৃঘ্না ইতি বা স্বামিপাঠঃ। মহতামিতি শ্রীরুদ্রাদ্যাপেক্ষয়া বহুত্বং ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য একাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদপি ব্যাবহারিক লোকমনুকুর্ব্বং ত্বং তাদৃশেপি ভ্রাতরি প্রণয়ং লোকে প্রথয়ন্ বহিরেবং রোষং ধৎসে মমাজ্ঞয়া তমপি সংযচ্ছ। শ্রুতেন মদুপদেশবাক্যেন অগদেন ঔষধেন আময়মিবেতি ত্বাদৃশানাং ভক্তানাং লোকে প্রতিষ্ঠা প্রখ্যাপনমপ্যেকো-রোগ এবেতি ভাবঃ ॥ ৩০ ॥ নীতিমাহ যেন রোষেণ উপসৃষ্টাৎ ব্যাপ্তাৎ ॥ ৩১ ॥
বৈষ্ণবস্য তবানৌচিত্যং শৃণ্বিত্যাহ হেলনমিতি। জঘ্নিবানিতি। যৎ তদেব হেলনমিত্যন্বয়ঃ। ইতি শব্দঃ সমাপ্ত্যর্থকঃ। সর্ব্বান্তে বা দেয়ঃ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অতএব হে বৎস! ক্রোধ সম্বরণ কর তোমার মঙ্গল হউক, আর হে রাজন্! লোকে ঔষধ দ্বারা যেমন রোগ শান্তি করে তাহার ন্যায়, ভূরি ভূরি শ্রবণ দ্বারা তুমি আপনার শ্রেয়ঃ প্রতিপক্ষ যে সকল বিষয় তৎসমুদায়ের শান্তি কর ॥ ৩০ ॥

বৎস! রোষ অতি অহিতকর রিপু, যে পুরুষ তদ্দ্বারা অভিভূত হয় তাহা হইতে লোকদের সুমহদ্ভয় জন্মে, অতএব যে ব্যক্তি আপনার অভয় ইচ্ছা করে, তাহার পক্ষে ক্রোধ পরতন্ত্র হওয়া বিধেয় নহে ॥ ৩১ ॥

বৎস! ধনাধিপ কুবের ভগবান্ গিরিশের ভ্রাতা, তুমি তাঁহার প্রতি অবজ্ঞা করিয়াছ, যে হেতু বহু বহু যক্ষকে ভ্রাতৃহন্তা বোধ করিয়া রোষ বশতঃ বধ করিয়াছ। হে তাত! মহতের তেজঃ অতি ভয়ঙ্কর, যাবৎ আমাদের কুলকে অভিভব না করে, তাবৎ শীঘ্র গিয়া প্রণাম ও প্রণয় বচন দ্বারা তাঁহাকে প্রসন্ন কর। মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! স্বায়ম্ভুব মনু এই প্রকারে স্বীয় পৌত্র ধ্রুবকে উপদেশ করিয়া তাঁহা কর্ত্তৃক অভিনন্দিত হওত ঋষিগণ সমভিব্যাহারে আপনার পুরাভিমুখে প্রস্থান করিলেন ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে একাদশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ॥

ধ্রুবং নিবৃত্তং প্রতিবুধ্য বৈশসাদপেত মন্যুং ভগবান্ ধনেশ্বরঃ।
তত্রাগতশ্চারণ যক্ষ কিন্নরৈঃ সংস্তূয়মানোন্যবদৎ কৃতাঞ্জলিং॥ ১॥

শ্রীধনদ উবাচ॥

ভোভোঃ ক্ষত্রিয়দায়াদ পরিতুষ্টোস্মি তেঽনঘ। যত্ত্বং পিতামহাদেশাদ্বৈরং দুস্ত্যজমত্যজঃ॥ ২॥
ন ভবানবধীদ্যক্ষান্নযক্ষা ভ্রাতরং তব। কাল এবহি ভূতানাং প্রভুরপ্যয়ভাবয়োঃ॥ ৩॥
অহং ত্বমিত্যপার্থা ধীরজ্ঞানাৎ পুরুষস্য হি। স্বাপ্নীবাভাত্যতদ্ধ্যানাদ্যয়া বন্ধবিপর্য্যয়ৌ॥ ৪॥

শ্রীধরস্বামী।

দ্বাদশে ধনদেনাভিনন্দিতঃ পুরমাগতঃ। যজ্ঞৈরিষ্ট্বা হরেঃ স্থানমারুরোহেতি কীর্ত্ত্যতে॥ ০॥
বৈশসাৎ বধান্নিবৃত্তং জ্ঞাত্বা॥ ১॥
ক্ষত্রিয়দায়াদ ক্ষত্রিয়পুত্র অত্যজঃ ত্যক্তবানসি॥ ২॥
নচ বৈরস্য কারণমস্তীত্যাহ ন ভবানিতি। অপ্যয়ভাবয়োর্মৃত্যু জন্মনোঃ॥ ৩॥
কথং তর্হি অহং হন্তেতি বুদ্ধিঃ তত্রাহ অহং ত্বমিতি। আভাতি প্রকাশতে জায়ত ইত্যর্থঃ। অতদ্ধ্যানাৎ দেহানুসন্ধানাৎ যয়া ধিয়া বন্ধঃ বিপর্য্যয়ো দুঃখাদিঃ॥ ৪॥

ক্রমসন্দর্ভঃ।

ভো ভো ইত্যাদিকা দেবতাভিমানোক্তয়ঃ॥ ১। ২। ৩॥
অজ্ঞানাৎ উপাধ্যভিমানাদেব যা অহং ত্বমিতি ধীঃ সাঽপার্থৈব। অতদ্ধ্যানাদিত্যত্র অনুধ্যানাদিতি চিৎসুখঃ॥ ৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্বাদশে ধনদাল্লব্ধবরো গত্বা পুরীং হরিং। যজ্ঞৈ রিষ্ট্বা বিরজ্যাগাৎ স শরীরো হরেঃ পদং॥ ০॥
বৈশসাৎ বধাৎ॥ ১। ২। ৩॥
অতদ্ধ্যানাদ্দেহানুসন্ধানাৎ বন্ধঃ সংসারশ্চ ততো জ্ঞানানন্দময়স্য জীবাত্মনো বিপর্য্যয়োঽজ্ঞান দুঃখাদিকশ্চ তৌ॥ ৪॥

দ্বাদশাধ্যায়ে কুবেরের নিকট বর প্রাপ্ত হইয়া স্বপুরে প্রত্যাগমন পূর্ব্বক ধ্রুবের যজ্ঞানুষ্ঠান এবং তৎপশ্চাৎ সশরীরে হরিধামে আরোহণ॥ ০॥

মুনিবর মৈত্রেয় বিদুরকে সম্বোধন করিয়া কহিলেন বৎস! ধনাধিপ কুবের শুনিতে পাইলেন উত্তানপাদ রাজার পুত্র ধ্রুব পিতামহের বাক্যে ক্রোধ পরিত্যাগ পূর্ব্বক যক্ষদিগের বধ ক্রিয়া হইতে ক্ষান্ত হইয়াছেন, অতএব তিনি চারণ, যক্ষ, কিন্নরগণ কর্ত্তৃক স্তূয়মান হইয়া ধ্রুবের সমীপে আগমন করিলেন এবং কৃতাঞ্জলি পুটে দণ্ডায়মান ধ্রুবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন॥ ১॥

অহে নিষ্পাপ ক্ষত্রিয় তনয়! আমি তোমার প্রতি সাতিশয় পরিতুষ্ট হইলাম, যে হেতু তুমি পিতামহের আদেশে দুস্ত্যজ বৈর পরিত্যাগ করিলে॥ ২॥

অহে! তোমার সহিত আমাদের বৈরতার কোন কারণ নাই, যে সকল যক্ষ বিনষ্ট হইল তুমি তাহাদিগকে বধ কর নাই, কালই প্রাণি সকলের জন্ম মরণ সম্পাদনে সমর্থ, তদ্ব্যতীত অন্য কাহারও কোন প্রাণির সৃষ্টি ও বিনাশে ক্ষমতা নাই॥ ৩॥

বৎস! পুরুষের অজ্ঞান হইতে স্বপ্ন কালীন জ্ঞানের ন্যায় "আমি আমার" ইত্যাকার অলীক বুদ্ধি হইয়া থাকে, সেই বুদ্ধি দ্বারা দেহানুসন্ধান করাতেই বন্ধ ও দুঃখাদি হয়॥ ৪॥

তদ্গচ্ছ ধ্রুব ভদ্রং তে ভগবন্তমধোক্ষজং। সর্ব্বভূতাত্মভাবেন সর্ব্বভূতাত্মবিগ্রহং।
ভজস্ব ভজনীয়াঙ্ঘ্রিমভবায় ভবচ্ছিদং। যুক্তং বিরহিতং শক্ত্যা গুণময্যাত্মমায়য়া ॥ ৫ ॥
বৃণীহি কামং নৃপ যন্মনোগতং মত্তস্ত্বমৌত্তানপদে বিশঙ্কিতঃ।
বরারহোঽম্বুজনাভপাদয়োরনন্তরং ত্বাং বয়মঙ্গ শুশ্রুম ॥ ৬ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
স রাজরাজেন বরায় চোদিতো ধ্রুবো মহাভাগবতো মহামতিঃ।
হরৌ স বব্রেঽচলিতাং স্মৃতিং যয়া তরত্যযত্নেন দুরত্যয়ং তমঃ।

শ্রীধরস্বামী।

তত্তস্মাৎ গচ্ছ গত্বাচ ভগবন্তং ভজস্বেত্যুত্তরেণান্বয়ঃ। সর্ব্বভূতাত্মকো বিগ্রহো যস্য মায়য়া যুক্তং বিরহিতং সগুণ নির্গুণ ভেদেন ॥ ৫ ॥
কামমসঙ্কোচেন অবিশঙ্কিতঃ। অনন্তরং অতিনিকটং ॥ ৬ ॥
স বরায় চোদিত ইত্যনুবাদ রূপং পৃথগ্বাক্যং। অতঃ স বব্রে ইত্যস্যাপৌনরুক্ত্যং ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদিতি যুগ্মকং। সর্ব্ব ভূতানামাত্ম রূপো বিগ্রহো যস্য তমিতি বিগ্রহস্যৈব পরম তত্ত্ব রূপত্বাৎ। শক্ত্যা স্বরূপ ভূতয়া মুখ্যশক্ত্যা যুক্তং ত্রিগুণময্যা ত্বাত্মাধীনমায়য়া বিরহিতং স্বাশ্রয়য়াপি তয়া ন স্পৃষ্টমিত্যর্থঃ ॥ ৫ ॥
বৃণীহীতি পদ্যং ব্যাখ্যেয়ং ॥ ৬ ॥
মহাভাগবতোপি অচলাং স্মৃতিঞ্চ বব্র ইতি ন যাবন্মহতাং তেজ ইত্যাদি পিতামহ বাক্যাত্তগবৎ স্মরণাদৌ বিঘ্নমাশংক্যেতি ভাবঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্বেষু ভূতেষু আত্মনঃ স্বস্যেব ভাবো ভাবনা তেন সর্ব্ব ভূতানি আত্মবিগ্রহে যস্য তং। অভবায় নাস্তি ভবো যস্মাত্তং বিষ্ণুং প্রাপ্তুং মায়ায়াঃ স্বশক্তিত্বাদ্যুক্তং স্বরূপভূতত্বাভাবাদ্বিরহিতঃ ॥ ৫ ॥
অনন্তরমব্যবধানমতি নিকটমিত্যর্থঃ ॥ ৬ ॥
রাজ্ঞা সহ বর্ত্তমানেষু সর্ব্বেষু লোকেষু রাজত ইতি সরাজরাজঃ কুবেরস্তেন ॥

সে যাহা হউক, এক্ষণে তুমি গমন কর, তোমার মঙ্গল হউক, গিয়া মুক্তির নিমিত্ত সর্ব্ব প্রযত্নে ভগবান্ অধোক্ষজের ভজনা কর। বৎস ধ্রুব! তাঁহার শরীর সর্ব্ব ভূতময়, তিনি কখন শক্তি রূপা গুণময়ী আত্ম মায়াতে যুক্ত হন, কখন বা তাহা হইতে বিরহিত হইয়া থাকেন, পরন্তু তাঁহা হইতেই সংসার নিস্তার হয়, অতএব তাঁহার চরণ ভজনীয় ॥ ৫ ॥

অহে রাজন্! যদি তোমার মনে কোন বাসনা থাকে সঙ্কোচ না করিয়া আমার নিকট তদ্বিষয়ের বর প্রার্থনা কর। বৎস! তুমি বর পাইবার উপযুক্ত পাত্র, যে হেতু আমরা শুনিয়াছি তুমি ভগবান্ পদ্মনাভের পাদপদ্মের অতি নিকটে থাক ॥ ৬ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! রাজরাজ কুবের এই প্রকারে বর গ্রহণার্থ বারম্বার কহিলে, মহা ভাগবত ধ্রুব অতিশয় বুদ্ধিমান্ এ প্রযুক্ত অন্য কোন বর প্রার্থনা না করিয়া কহিলেন, দেব! আমাকে এই বর প্রদান করুন, ভগবান্ হরির প্রতি যেন আমার অচলা স্মৃতি থাকে, কারণ হরিস্মৃতি দ্বারাই অনায়াসে দুস্তর সাগর উত্তীর্ণ হওয়া যায়। মহাত্মা ধ্রুবের ঐ প্রকার প্রার্থনা শুনিয়া যক্ষরাজ কুবের প্রীতমনে "তথাস্তু" বলিয়া তৎক্ষণাৎ ঐ বর প্রদান করিলেন, অনন্তর তাঁহার সমক্ষেই অন্তর্দ্ধান হই-

তস্য প্রীতেন মনসা তাং দত্ত্বৈলবিলস্ততঃ। পশ্যতোঽন্তর্দধে সোপি স্বপুরং প্রত্যপদ্যত ॥ ৭ ॥
অথাযজত যজ্ঞেশং ক্রতুভি র্ভূরি দক্ষিণৈঃ। দ্রব্য ক্রিয়া দেবতানাং কর্ম্ম কর্ম্মফলপ্রদং ॥ ৮ ॥
সর্ব্বাত্মন্যচ্যুতেঽসর্ব্বে তীব্রৌঘাং ভক্তিমুদ্বহন্। দদর্শাত্মনি ভূতেষু তমেবাবস্থিতং বিভুং।
তমেব শীলসম্পন্নং ব্রহ্মণ্যং দীনবৎসলং। গোপ্তারং ধর্ম্মসেতূনাং মেনিরে পিতরং প্রজাঃ ॥ ৯ ॥
ষট্ত্রিংশদ্বর্ষ সাহস্রং শশাস ক্ষিতিমণ্ডলং। ভোগৈঃ পুণ্যক্ষয়ং কুর্ব্বন্নভোগৈরশুভক্ষয়ং ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

দ্রব্যক্রিয়া দেবতানাং কর্ম্মসাধ্যং ফলরূপং কর্ম্মফলপ্রদঞ্চেত্যর্থঃ ॥ ৮ ॥
সর্ব্বস্থাত্মনি অসর্ব্বে সর্ব্বোপাধিবর্জ্জিতে ॥ ৯ ॥
অভোগৈর্যজ্ঞাদ্যনুষ্ঠানৈঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

দ্রব্যক্রিয়াদেবতানামিতি। দ্রব্যাদ্যাত্মকস্য যজ্ঞস্যেত্যর্থঃ ॥ ৮। ৯ ॥
ভোগৈরিত্যাদিকং লোকানুকরণমাত্রং মায়য়া ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঐড়বিড়ঃ কুবেরঃ ॥ ৭ ॥
দ্রব্য ক্রিয়া দেবতা সম্বন্ধি কর্ম্মপ্রদং কর্ম্মফল প্রদঞ্চেতি সএব কর্ম্ম কারয়তি সএব কর্ম্মফলং ভোজয়তীত্যর্থঃ ॥ ৮ ॥
রাজ্ঞানোহি দেব ব্রাহ্মণাদি সন্তর্পকান্ ক্রতুন্ কুর্ব্বন্তি। তান্ বিনা ন রাজ্ঞঃ ব্যবহার সিদ্ধিরিতি তদনুরোধেনৈব তস্য যজ্ঞাদি কর্ম্ম করণং স্বপ্রতিমূর্ত্তি দ্বারৈব। বস্তু তস্তু স স্বয়মবকাশমেব কর্ম্মণি নৈষ লভত ইত্যাহ। সর্ব্বাত্মনি অথচ সর্ব্বে সর্ব্ব ব্যতিরিক্ত স্বরূপে আত্মন্যন্তঃকরণে সর্ব্বভূতেষু বহিরপি তদ্ধ্যানপরিপাকাৎ স্ফূর্ত্ত্যা দদর্শ ॥ ৯ ॥
অভোগৈ র্ব্রতনিয়মাদিভিরশুভক্ষয়ং কুর্ব্বন্ কর্ত্তুমিচ্ছন্নিত্যর্থঃ। অত্র তুমর্থে শতৃপ্রত্যয়ঃ। তুমুনিচ সর্ব্বত্র ইচ্ছতি রাক্ষেপলব্ধএব ভবতি যথা দেবদত্তোভোক্তুং ব্রজতীত্যত্র ভোক্তুমিচ্ছন্ ব্রজতীত্যর্থো লভ্যতে ইতি তস্য পুণ্যপাপক্ষয় চিকীর্ষা-দৈন্যেনৈব বস্তুতস্তুৎপন্ন প্রেমত্বাত্তস্য পুণ্যপাপেনৈব স্তঃ ॥ ১০ ॥

লেন। যক্ষরাজ কুবের সগণ সহিত স্বস্থানে গমন করিলে, ধ্রুব আপনার পুরে প্রত্যাগমন করিলেন ॥ ৭

কিয়দ্দিনানন্তর প্রচুর দক্ষিণা প্রদান পূর্ব্বক বহু বহু যজ্ঞ করত যজ্ঞেশ্বর বিষ্ণুর অর্চ্চনা করিতে লাগিলেন। বৎস বিদুর! ভগবান্ বিষ্ণু দ্রব্য ক্রিয়া এবং দেবতার কর্ম্ম সাধ্য ফল স্বরূপ এবং আপনি কর্ম্ম ফল প্রদান করিয়া থাকেন ॥ ৮ ॥

কিন্তু ধ্রুব কেবল যজ্ঞ দ্বারা ভগবানের আরাধনা করিতে লাগিলেন এতাবন্মাত্র নহে, তিনি সকলের আত্ম স্বরূপ অথচ সর্ব্বোপাধি বিবর্জ্জিত ভগবানে দৃঢ়তর ভক্তিযোগ করিয়া আপনার আত্মাতে ও সকল প্রাণিতে সেই বিভুকে দর্শন করিতে লাগিলেন। বৎস বিদুর! তিনি শীলসম্পন্ন, ব্রহ্মণ্য এবং দীনবৎসল হইয়া কেবল ধর্ম্ম নিমিত্ত প্রজা রক্ষণে যত্নবান্ হইয়াছিলেন, অতএব প্রজা সকল তাঁহাকেই আপনাদের পিতা বলিয়া মান্য করিত ॥ ৯ ॥

এই রূপে ধ্রুব ভোগ দ্বারা পুণ্য ক্ষয় এবং অভোগ অর্থাৎ যজ্ঞানুষ্ঠান দ্বারা পাপ সকল বিনষ্ট করত ষট্ত্রিংশৎ সহস্র বৎসর যাবৎ অবনীমণ্ডল শাসন করিয়াছিলেন ॥ ১০ ॥

এবং বহুসবং কালং মহাত্মা বিচলেন্দ্রিয়ঃ। ত্রিবর্গৌপয়িকং নীত্বা পুত্ত্রায়াদান্নৃপাসনং ॥ ১১ ॥
মন্যমান ইদং বিশ্বং মায়ারচিতমাত্মনি। অবিদ্যারচিত স্বপ্নগন্ধর্ব্বনগরোপমং ॥ ১২ ॥
আত্মস্ত্র্যপত্য সুহৃদো বলমৃদ্ধকোষমন্তঃপুরং পরিবিহারভুবশ্চ রম্যাঃ।
ভূমণ্ডলং জলধি মেখলমাকলয্য কালোপসৃষ্টমিতি স প্রযযৌ বিশালাং ॥ ১৩ ॥
তস্যাং বিশুদ্ধকরণঃ শিববার্ব্বিগাহ্য বদ্ধাসনং জিতমরুন্মনসা হৃতাক্ষঃ।
স্থূলে দধার ভগবৎপ্রতিরূপ এতদ্ধ্যায়ং স্তদব্যবহিতো ব্যসৃজৎ সমাধৌ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

বহবঃ সবা যাগাঃ সংবৎসরা বা যস্মিন্ তং কালং ত্রিবর্গস্য সাধনং নীত্বা। অবিচলানি সংযতানি ইন্দ্রিয়াণি যস্য ॥ ১১ ॥
ইদং দেহাদি ভগবন্মায়য়া আত্মনি স্বস্মিন্ রচিতং মন্যমানঃ অত্র অবিদ্যা সৃষ্টিং দৃষ্টান্তয়তি অবিদ্যা রচিতেতি ॥ ১২ ॥
আত্মা দেহ আত্মাদি মায়িকমপি পুনঃ কালেনোপসৃষ্টং অনিত্যমাকলয্য বিচিন্ত্য বিশালাং বদরিকাশ্রমং ॥ ১৩ ॥
তত্র তৎকৃতমষ্টাঙ্গযোগমাহ। তস্যাং শিবং বাঃ শুদ্ধমুদকং বিগাহ্য প্রবিশ্য ইতি স্নানাদি নিয়মা উক্তা বিশুদ্ধ করণ ইতি শমাদয়ঃ যমাঃ আসনাদীনি স্ফুটমেবোক্তানি জিতো মরুৎপ্রাণো যেন আহৃতান্যক্ষাণি যেন ভগবতঃ প্রতিরূপ ভূতে স্থূলে বিরাড়্রূপে এতন্মনোদধার ধ্যায়ন্নব্যবহিতো ধ্যাতৃধ্যেয় ভেদ শূন্যঃ সন্ সমাধৌ স্থিতঃ তৎস্থূলং ব্যসৃজৎ ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অবিচলানি বিপরিণামাদি রহিতানি ইন্দ্রিয়াণি যস্য ॥ ১১ ॥
মন্যেতি যুগ্মকং। মায়য়া রচিতমধ্যস্তং আত্মা স্বপত্যেতি চিৎসুখঃ অসবঃ প্রাণাঃ ॥ ১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বহবঃ সংবৎসরা যত্র তং ত্রিবর্গোপযোগিনং কালং নীত্বা গময়িত্বা ॥ ১১ ॥
ইদং মায়ারচিতং মায়ারচিতত্বাৎ সত্যমপি আত্মনি যা অবিদ্যা তয়া রচিতৈঃ স্বপ্ন গন্ধর্ব্বনগরৈঃ সহোপমা যস্য তৎ অসত্যমিবানুভবন্নিত্যর্থঃ ॥ ১২ ॥
আত্মা দেহ সুদাদিকং সর্ব্বং কালেনোপসৃষ্টং গ্রস্তমিত্যাকলয্য বিশালাং বদরিকাশ্রমং যযৌ ॥ ১৩ ॥
বিশুদ্ধ করণ ইত্যাদীনি যমাদ্যষ্টাঙ্গানি ভগবৎ প্রতিরূপে প্রতিনিধি ভূতে বিরাড়্রূপে দধার ধারণামকরোৎ। এতদ্ধ্যায়ন্নব্যবহিতঃ ভগবৎ স্বরূপে ব্যবধান শূন্যঃ সন্ সমাধৌ স্থিতঃ তৎস্থূলং ব্যসৃজৎ ॥ ১৪ ॥

বিদুর! এই প্রকারে সংযতেন্দ্রিয় হইয়া ধ্রুব বহু বৎসর কাল ত্রিবর্গ সাধন করিয়া আপনার পুত্ত্রকে রাজাসন প্রদান করিলেন ॥ ১১ ॥

তৎকালে তাঁহার বোধ হইল যেমন স্বপ্নে গন্ধর্ব্ব নগর বিরচিত হয়, তাহার ন্যায় অবিদ্যা দ্বারা এই দেহাদি সমস্ত জগৎ ভগবানের মায়া দ্বারা আত্মাতে রচিত হইয়াছে ॥ ১২ ॥

অতএব দেহ, পুত্ত্র, কলত্র, মিত্র, সামর্থ্য, বৃদ্ধি শীল ধনাগার, অন্তঃপুর, রমণীয় বিহার ভূমি এবং আসমুদ্র ধরামণ্ডল ইত্যাদি সকল মায়া রচিত ও অনিত্য বিবেচনা করিয়া বৈরাগ্য বশতঃ তপস্যার্থ বদরিকাশ্রমে গমন করিলেন ॥ ১৩ ॥

অনন্তর ঐ আশ্রমে উপস্থিত হইয়া অষ্টাঙ্গ যোগে প্রবৃত্ত হইলেন, প্রথমতঃ তত্রস্থ পুণ্য জলে স্নান করিয়া শমদমাদি দ্বারা বিশুদ্ধেন্দ্রিয় হইলেন, পরে আসন বন্ধন পূর্ব্বক প্রাণায়ামাদি করণক প্রাণ জয় করিয়া মনো দ্বারা ইন্দ্রিয় সকলকে বিষয় হইতে প্রত্যাহরণ করিলেন, তদনন্তর বিরাট্ মূর্ত্তি ভগবানের স্থূল রূপে মনঃ ধারণ করিয়াছিলেন, কিন্তু তাহার পরক্ষণেই ধ্যান করিতে করিতে ধ্যাতৃ ধ্যেয় ভেদ শূন্য হইয়া সমাধিস্থ হইলেন, সুতরাং তখন তাঁহার সেই স্থূল রূপের ধ্যান পরিত্যাগ হইল ॥ ১৪ ॥

ভক্তিং হরৌ ভগবতি প্রবহন্নজস্রমানন্দবাস্পকলয়া মুহুরর্দ্দ্যমানঃ।
বিক্লিদ্যমানহৃদয়ঃ পুলকাচিতাঙ্গো নাত্মানমস্মরদসাবিতি মুক্তলিঙ্গঃ।
স দদর্শ বিমানাগ্র্যং নভসোঽবতরদ্ধ্রুবঃ। বিভ্রাজয়দ্দশ দিশো রাকাপতিমিবোদিতং॥ ১৫ ॥
তত্রানুদেবপ্রবরৌ চতুর্ভুজৌ শ্যামৌ কিশোরাবরুণাম্বুজেক্ষণৌ।
স্থিতাববষ্টভ্য গদাং সুবাসসৌ কিরীট হারাঙ্গদ চারুকুণ্ডলৌ॥ ১৬ ॥
বিজ্ঞায় তাবুত্তমগায়কিঙ্করাবভ্যুত্থিতঃ সাধ্বসবিস্মৃতক্রমঃ।
ননাম নামানি গৃণন্মধুদ্বিষঃ পার্ষৎপ্রধানাবিতি সংহতাঞ্জলিঃ।

শ্রীধরস্বামী।

এবমজস্রং নিত্যং হরৌ ভক্তিং প্রকর্ষেণ বহন্ অসৌ ধ্রুবোঽহমিত্যাত্মানং ন সস্মার। যতোমুক্তলিঙ্গস্ত্যক্তশরীরাভিমানঃ অত্র হেতবঃ আনন্দবাস্পস্য কলয়া বিন্দু প্রবাহেণাভিভূয়মানঃ বিক্লিদ্যমানং দ্রবৎ হৃদয়ং যস্য পুলকৈ র্ব্যাপ্তাঙ্গঃ॥ ১৫ ॥

অনু অনন্তরং দেবপ্রবরৌ দদর্শেতান্বসঙ্গঃ গদামবষ্টভ্য স্থিতৌ কিরীটাদিভিঃ সহিতে চারুণী কুণ্ডলে যয়োঃ॥ ১৬ ॥

উত্তমগায়ঃ পুণ্যশ্লোকঃ তস্য কিঙ্করৌ তৌ বিজ্ঞায়। মধুদ্বিষঃ পার্ষৎপ্রধানাবিতি হেতোঃ। সাধ্বসেন সংভ্রমেণ বিস্মৃতঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এতচ্চ সর্ব্বং তত্রত্যানাং যোগিনাং সদাচারসম্মানার্থং দ্বিত্রদিনমেবানুরোধেন চকার বস্তু তস্ত যোগে তস্যাবকাশ এব নাস্তীত্যাহ ভক্তিমিতি। ইতি হেতোরেব মুক্তলিঙ্গস্ত্যক্তদেহাভিমানঃ নতু যোগাদ্ধেতোরিতি গার্হস্থ্যে কর্ম্মযোগে বৈরাগ্যেঽষ্টাঙ্গযোগশ্চ তস্য লোক প্রদর্শনার্থকএব বভূবেতি ভাবঃ॥ ১৫ ॥

তত্র বিমানে অনু অনন্তরং দেবপ্রবরৌ দদর্শ॥ ১৬ ॥

সাধ্বসেন সংভ্রমেণ বিস্মৃত পূজাক্রমঃ কেবলং তস্য নামানি জয় নারায়ণ জয় গোপাল জয় গোবিন্দেত্যাদ্যুচ্চারয়ন্ননাম॥ ১৭ ॥

ধ্রুব এই প্রকারে ভগবান্ হরির প্রতি নিত্য নিত্য উত্তরোত্তর অধিক ভক্তি বহন করিতে লাগিলেন, শরীরাভিমান পরিত্যাগ হেতু তাঁহার "আমি" এ রূপে আপনারও স্মরণ হইল না, নয়নদ্বয় হইতে অজস্র আনন্দাশ্রু বিগলিত হওয়ায়, তাহার প্রবাহে যেন অভিষিক্ত হইতেছিলেন, অধিকন্তু তাঁহার হৃদয় আনন্দে গলিত প্রায় হইল এবং সর্ব্বাঙ্গ পুলকে ব্যাপিল, কিয়ৎক্ষণ পরে দেখিতে পাইলেন একটী উৎকৃষ্ট বিমান গগন মণ্ডল হইতে নীচে অবতীর্ণ হইয়া আসিতেছে। ঐ বিমান এমন জ্যোতির্ম্ময়, যে প্রভা দ্বারা পূর্ণিমার শশধরের ন্যায় দশ দিক্ উদ্দীপিত করিতেছিল॥ ১৫ ॥

অনন্তর ঐ বিমান মধ্যে দুইটী শ্রেষ্ঠ দেব দেখিতে পাইলেন, তাঁহারা দুই জনেই শ্যামবর্ণ, চতুর্ভুজ এবং তরুণ বয়স, দুই জনেরই নয়ন অরুণ বর্ণ কমলের তুল্য, বসন অতি সুশোভন, উভয়ে মনোহর কিরীট, হার, অঙ্গদ এবং কুণ্ডলে অলঙ্কৃত হইয়া গদাবলম্বনে দণ্ডায়মান হইয়াছিলেন॥ ১৬ ॥

ধ্রুব তাঁহাদিগকে পুণ্যশ্লোক ভগবানের কিঙ্কর বোধ করিয়া তৎক্ষণাৎ গাত্রোত্থান করিলেন এবং তাঁহারা মধুসূদনের প্রধান পার্ষদ এই বিবেচনা করিয়া অঞ্জলি বন্ধন পূর্ব্বক ভগবানের নাম সকল উচ্চারণ করিতে করিতে প্রণাম করিলেন, ব্যস্ততা প্রযুক্ত তাঁহাদের যথাবিধি পূজা করিতে তাঁহার স্মরণ হইল না। বৎস বিদুর! ভগবানের যে দুই পার্ষদ বিমানে আরোহণ করিয়া আগমন করিলেন, তাঁহাদের নাম সুনন্দ ও নন্দ, দুই জনেই ভগবানের অতি প্রিয়পাত্র। তাঁহারা নিকটে আসিয়া দেখি-

তং কৃষ্ণপাদাভিনিবিষ্টচেতসং বদ্ধাঞ্জলিং প্রশ্রয়নম্রকন্ধরং।
সুনন্দনন্দাবুপসৃত্য সস্মিতং প্রীত্যোচতুঃ পুষ্করনাভসম্মতৌ ॥ ১৭ ॥
ভো ভো রাজন্ সুভদ্রং তে বাচোনোঽবহিতঃ শৃণু। যঃ পঞ্চবর্ষস্তপসা ভবান্ দেবমতীতৃপৎ ॥ ১৮ ॥
তস্যাখিল জগদ্ধাতু র্দেবদেবস্য শার্ঙ্গিণঃ। পার্ষদাবিহ সংপ্রাপ্তৌ নেতুং ত্বাং ভগবৎপদং ॥ ১৯ ॥
সুদুর্জ্জয়ং বিষ্ণুপদং জিতং ত্বয়া যৎ সূরয়োঽপ্রাপ্য বিচক্ষতে পরং।
আতিষ্ঠ তচ্চন্দ্র দিবাকরাদয়ো গ্রহর্ক্ষতারাঃ পরিযন্তি দক্ষিণং।
অনাস্থিতং তে পিতৃভিরন্যৈরপ্যঙ্গ কর্হিচিৎ। আতিষ্ঠ জগতাং বন্দ্যং তদ্বিষ্ণোঃ পরমং পদং ॥ ২০

শ্রীধরস্বামী।

পূজা ক্রমো যেন। কেবলং তস্য নামানি গৃণন্ ননাম ॥ ১৭ ॥

সুভদ্রম্ ইতি সশরীরস্যৈব বিষ্ণুপদারোহণাভিপ্রায়ং অতীতৃপৎ তর্পিতবান্ ॥ ১৮ ॥

আবাং তস্য পার্ষদৌ ॥ ১৯ ॥

সুদুর্জ্জয়ত্বে হেতুঃ সূরয়ঃ সপ্তর্ষয়োপি যদপ্রাপ্য কেবলমধঃ স্থিতাঃ পশ্যন্তি। যচ্চ চন্দ্রাদয়ঃ প্রদক্ষিণং যথা ভবতি তথা পরিক্রামন্তি তদাতিষ্ঠ অধিতিষ্ঠ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভো ভো ইত্যর্দ্ধকং ॥

যঃ পঞ্চেতি সার্দ্ধকং ॥ ১৮। ১৯ ॥

সুদুর্জ্জয়মিতি। যদপ্রাপ্যৈব পরং ব্রহ্মাবেষয়ন্তি নতু তৎ প্রাপ্যাপি। তস্যৈব পরব্রহ্ম রূপত্বাৎ সূর্য্যাদীনাং স্বগত্যা বামাবর্ত্তত্বেপি প্রাপ্তিঃ পরিযন্তি দক্ষিণমিতি জ্যোতিশ্চক্রগত্যাবাপদিশ্যতে। ধ্রুবপদস্য তদসক্তত্বাৎ ॥ ২০। ২১। ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুভদ্রং ত ইতি সশরীরস্যৈব বিষ্ণোঃ পদারোহণাভিপ্রায়ঃ ॥ ১৮। ১৯ ॥

সূরয়ঃ সপ্তর্ষয়োপি যদপ্রাপ্য কেবলমধঃ স্থিতাঃ পশ্যন্তি। চন্দ্রাদয়ঃ দক্ষিণং পরিযন্তি প্রদক্ষিণী কুর্ব্বন্তি ॥ ২০ ॥

লেন, ধ্রুবের চিত্ত শ্রীকৃষ্ণচরণারবিন্দেই একান্ত নিবিষ্ট, আমাদের অভ্যর্থনা নিমিত্ত কৃতাঞ্জলি ও বিনয়ে নত কন্ধর হইয়া দণ্ডায়মান মাত্র। এতদবলোকনে প্রীতি পূর্ব্বক সহাস্য বদনে কহিলেন ॥ ১৭ ॥

অহে রাজন্! তোমার মঙ্গলের পরিসীমা নাই, যে হেতু সশরীরে বিষ্ণুপদে আরোহণ করিবে, অবহিত হইয়া আমাদের বাক্য শ্রবণ কর। তুমি পঞ্চবর্ষ বয়সের সময় তপস্যা দ্বারা যাঁহাকে পরিতুষ্ট করিয়াছিলে ॥ ১৮ ॥

আমরা সেই অখিল জগতের ধারণ কর্ত্তা দেবদেব ভগবান্ শার্ঙ্গধন্বার পার্ষদ, তোমাকে ভগবানের স্থানে লইয়া যাইবার নিমিত্ত এখানে আসিলাম ॥ ১৯ ॥

রাজন্! তুমি দুর্জ্জয় বিষ্ণুপদ জয় করিয়াছ, অতএব সপ্তর্ষিরাও যে স্থানে যাইতে পারেন না অধঃস্থলে অবস্থিত হইয়া কেবল দর্শন করিতে থাকেন এবং চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র ও তারা সকল যাহাকে প্রদক্ষিণ করিয়া ভ্রমণ করিতেছেন, সেই স্থানে অধিষ্ঠান করিবে, চল। হে অঙ্গ! তোমার পিতৃগণ অথবা অন্য কোন লোক এ পর্য্যন্ত কখন ঐ স্থানে অবস্থান করিতে সমর্থ হন্ নাই, উহা ভগবান্ বিষ্ণুর পরম পদ, অতএব জগতের পরম বন্দনীয়, যাহা হউক, তুমি তাহা জয় করিয়াছ, তাহাতে অধিষ্ঠান কর ॥ ২০ ॥

এতদ্বিমানপ্রবরমুত্তমঃশ্লোকমৌলিনা। উপস্থাপিতমায়ুষ্মন্নধিরোঢ়ুং ত্বমর্হসি ॥ ২১ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

নিশম্য বৈকুণ্ঠনিযোজ্য মুখ্যয়ো র্মধুচ্যুতাং বাচমুরুক্রমপ্রিয়ঃ।

কৃতাভিষেকঃ কৃতনিত্যমঙ্গলো মুনীন্ প্রণম্যাশিষমভ্যবাদয়ৎ ॥ ২২ ॥

পরীত্যাভ্যর্চ্চ্য ধিষ্ণ্যাগ্র্যং পার্ষদাবভিবন্দ্যচ। ইয়েষ তদধিষ্ঠাতুং বিভ্রদ্রূপং হিরণ্ময়ং।

তদাদুন্দুভয়ো নেদুর্মৃদঙ্গ পণবাদয়ঃ। গন্ধর্ব্বমুখ্যাঃ প্রজগুঃ পেতুঃ কুসুমবৃষ্টয়ঃ ॥ ২৩ ॥

সচ স্বর্লোকমারোক্ষ্যন্ সুনীতিং জননীং ধ্রুবঃ। অন্বস্মরদগং হিত্বা দীনাং যাস্যে ত্রিপিষ্টপং॥ ২৪

শ্রীধরস্বামী।

আয়ুষ্মন্নিত্যাপি সশরীরযানাভিপ্রায়মেব ॥ ২১ ॥

মধু চ্যবতে স্রবতীতি মধুচ্যুৎ তাং। মধুচ্যুতামিতি পাঠে মধুচ্যুতং যস্যাং অমৃতস্রাবিণীমিত্যর্থঃ। কৃতং নিত্যং কর্ম্ম মঙ্গলং চালঙ্করণং যেন অভ্যবাদয়ৎ বাচয়ামাস ॥ ২২ ॥

তদেব রূপং হিরণ্ময়ং বিভ্রৎ সন্ ইয়েষ ঐচ্ছৎ ॥ ২৩ ॥

দীনাং হিত্বা অগং দুর্গমং ত্রিপিষ্টপং যাস্যামীত্যন্বস্মরৎ ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদেবং রূপং হিরণ্ময়ং শুদ্ধসত্ত্বতেজো বিশেষ রূপং ॥ ২৩। ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আয়ুষ্মন্নিত্যাপি সশরীর গমনাভিপ্রায়ং ॥ ২১ ॥

নিযোজ্যাঃ কিঙ্করাঃ মধু চ্যবতে স্রবতীতি মধু চ্যুৎ তাং মধুচ্যুতামিতি পাঠে মধুচ্যুতং যস্যাং তাং অভ্যবাদয়ৎ বাচয়ামাস ॥ ২২

পরীত্য বিমানং প্রদক্ষিণীকৃত্য অভ্যর্চ্চ্য গন্ধপুষ্পাদিভি র্ভগবদ্বিমানায় নম ইতি সংপূজ্য তদেব স্বীয়ং রূপং হিরণ্ময়ং তেজো বহুলং বিভ্রৎ সন্ আরোঢ়ুমৈচ্ছৎ ॥ ২৩ ॥

অগং সর্ব্বাগম্যং ত্রিপিষ্টপং বিষ্ণুপদং ॥ ২৪ ॥

হে আয়ুষ্মন্! পুণ্যশ্লোক শিখামণি ভগবান্ তোমার নিমিত্ত এই শ্রেষ্ঠ বিমান পাঠাইয়া দিয়াছেন, সশরীরে ইহাতে আরোহণ কর ॥ ২১ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর! ভগবান্ বৈকুণ্ঠনাথের সেই দুই কিঙ্করের ঐ সমস্ত বাক্যে যেন অমৃত ক্ষরিতেছিল, পরম ভাগবত ধ্রুব তাহা শ্রবণ করিয়া অবগাহন পূর্ব্বক নিত্য কর্ম্ম সমাপন করিলেন, তদনন্তর অলঙ্কৃত হইয়া প্রণাম করত মুনিগণকে আশীর্ব্বাদ করিতে কহিলেন ॥ ২২ ॥

তাহার পর বিমান প্রদক্ষিণ ও অভ্যর্চ্চনা করিয়া সেই দুই পার্ষদকে অভিবাদন করিলেন, পরে হিরণ্ময় অর্থাৎ তেজোময় রূপ ধারণ পূর্ব্বক সেই বিমানে আরোহণ করিতে তাঁহার অভিলাষ হইল। বিদুর! ধ্রুবের স্বাভাবিক যে রূপ রূপ ছিল তাহাই বিষ্ণুপদাধিরোহণ সময়ে হিরণ্ময় হইল। বৎস! ঐ সময়ে দুন্দুভি মৃদঙ্গ পণবাদি বহুবিধ বাদ্য বাদিত হইল, প্রধান প্রধান গন্ধর্ব্বগণ সঙ্গীত আরম্ভ করিল এবং স্বর্গ হইতে পুষ্প বৃষ্টি পতিত হইতে লাগিল ॥ ২৩ ॥

অনন্তর ধ্রুব যখন স্বর্গলোক আরোহণ করেন ইত্যবসরে স্বীয় জননী সুনীতিকে স্মরণ হইল, তাহাতে মনে মনে এই চিন্তা করিলেন, আমার জননী অতিশয় দুঃখিনী, তিনি কোথায় রহিলেন, তাঁহাকে পরিত্যাগ করিয়া কি রূপে সর্ব্বাগম্য বিষ্ণুপদে গমন করিব? ॥ ২৪ ॥

ইতি ব্যবসিতং তস্য ব্যবসায় সুরোত্তমৌ। দর্শয়ামাসতু র্দেবীং পুরো যানেন গচ্ছতীং।
তত্র তত্র প্রশংসদ্ভিঃ পথি বৈমানিকৈঃ সুরৈঃ। অবকীর্য্যমাণো দদৃশে কুসুমৈঃ ক্রমশো গ্রহান্॥ ২৫॥
ত্রিলোকীং দেবযানেন সোঽতিব্রজ্য মুনীনপি। পরস্তাদ্যদ্ ধ্রুবগতি র্বিষ্ণোঃ পদমথাভ্যগাৎ॥ ২৬
যদ্ভ্রাজমানং স্বরুচৈব সর্ব্বতো লোকা স্ত্রয়োহ্যনুবিভ্রাজন্ত এতে।
যন্নাব্রজন্ জন্তুষু যেঽননুগ্রহা ব্রজন্তি ভদ্রাণি চরন্তি যেঽনিশং॥ ২৭॥
শান্তাঃ সমদৃশঃ শুদ্ধাঃ সর্ব্বভূতানুরঞ্জনাঃ। যান্ত্যঞ্জসাচ্যুতপদমচ্যুতপ্রিয়বান্ধবাঃ।
ইত্যুত্তানপদঃ পুত্রো ধ্রুবঃ কৃষ্ণপরায়ণঃ। অভূত্ত্রয়াণাং লোকানাং চূড়ামণিরিবামলঃ॥ ২৮॥

শ্রীধরস্বামী।

ব্যবসিতমভিপ্রায়ং ব্যবসায় জ্ঞাত্বা॥ ২৫॥
দেবযানেন দেবমার্গেণ বিমানেনেতি বা মুনীন্ সপ্তর্ষী র্নপি। ততঃ পরস্তাৎ যদ্বিষ্ণোঃ পদং তদভ্যগাৎ ধ্রুবা গতির্যস্য সঃ॥ ২৬
যদ্ভ্রাজমানমনু যস্য রুচা লোকাঃ বিভ্রাজন্তে জন্তুষু যেঽননুগ্রহাঃ নিষ্কৃপাস্তে যন্নাব্রজন্ ন গতবন্তঃ॥ ২৭॥
অচ্যুতপ্রিয়া বান্ধবা যেষাং॥ ২৮॥

ক্রমসন্দর্ভঃ।

দেবীং ধ্রুববদ্ধিরণ্ময় স্বরূপামিত্যর্থঃ॥ ২৫। ২৫। ২৬। ২৭। ২৮। ২৯। ৩০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যবসিতমভিপ্রায়ং ব্যবসায়ং জ্ঞাত্বা॥ ২৫॥
মুনীন্ সপ্তর্ষী র্নপি ততঃ পরস্তাৎ যদ্বিষ্ণোঃ পদং তদভ্যগাৎ। ধ্রুবা গতি র্যস্য সঃ॥ ২৬॥
যদ্ভ্রাজমানমনু যৎ পশ্চাৎ যস্য রুচা লোকা বিভ্রাজন্তে॥ ২৭। ২৮॥

ভগবানের যে দুই পার্ষদ ধ্রুবকে লইতে আসিয়াছিলেন, তাঁহারা ধ্রুবের অভিপ্রায় বুঝিতে পারিলেন, অতএব তাঁহার মাতা যিনি অগ্রে বিমান যোগে গমন করিতেছিলেন তাঁহাকে দেখাইয়া দিলেন। জননীকে অগ্রে যাইতে দেখিয়া ধ্রুবের চিত্ত সুস্থির হইল, পরে সানন্দ মনে যাইতে যাইতে ক্রমশঃ গ্রহ সকল দৃষ্টিগোচর হইতে লাগিল। বিদুর! ধ্রুবের গমন সময়ে পথি মধ্যে স্থানে স্থানে বিমান চারি সুরগণ প্রশংসা করিতে করিতে কুসুম বর্ষণ দ্বারা তাঁহাকে আচ্ছন্ন করিয়াছিলেন॥ ২৫॥

সে যাহা হউক, তিনি বিমানযোগে ক্ষণকাল মধ্যে ত্রিলোকী এবং সপ্তর্ষিদিগকেও অতিক্রমণ করিয়া তৎপরে যে বিষ্ণুর স্থান ছিল তথায় গিয়া উপস্থিত হইলেন। বৎস! তাঁহার স্থান নিত্য, ঐ স্থান হইতে কখন পতন হইবে না॥ ২৬॥

বিদুর! ঐ স্থানের প্রভাব কি বর্ণন করিব, তাহা আপনার জ্যোতি দ্বারা সততই দীপ্তিমান্, তাহার কিরণে ঐ সকল লোক সর্ব্বতো ভাবে দীপ্তি পাইতেছিল। যে সকল ব্যক্তি প্রাণিদিগের প্রতি নির্দ্দয়, তাহারা কখন সে স্থানে যাইতে পারে না, নিরন্তর শুভচারি ব্যক্তিদেরই ঐ স্থান প্রাপ্তি হয়॥ ২৭॥

অর্থাৎ যাঁহারা শান্ত, সর্ব্বত্র সমদর্শী, বাহ্যাভ্যন্তরে পবিত্র, ভূত সকলের মনোরঞ্জক এবং ভগবান্ অচ্যুতই যাঁহাদের প্রিয়বান্ধব, তাঁহারাই যথার্থ রূপে ভগবানের ধাম প্রাপ্ত হয়েন। হে বিদুর! এই প্রকারে উত্তানপাদ রাজার পুত্র কৃষ্ণপরায়ণ ধ্রুব বিষ্ণুপদে উপস্থিত হইয়া ত্রিলোকের নির্ম্মল চূড়ামণি তুল্য হইলেন॥ ২৮॥

গম্ভীরবেগোঽনিমিষং জ্যোতিষাং চক্রমাহিতং । যস্মিন্ ভ্রমতি কৌরব্য মেধ্যামিব গবাঙ্গণঃ ॥২৯

মহিমানং বিলোক্যাস্য নারদো ভগবানৃষিঃ । আতোদ্যং বিতুদন্ শ্লোকান্ সত্রেঽগায়ৎ প্রচেতসাং ॥৩০

নূনং সুনীতেঃ পতিদেবতায়াস্তপঃ প্রভাবস্য সুতস্য তাং গতিং ।
দৃষ্ট্বাভ্যুপায়ানপি বেদবাদিনো নৈবাধিগন্তুং প্রভবন্তি কিং নৃপাঃ ॥ ৩১ ॥
যঃ পঞ্চবর্ষো গুরুদারবাক্শরৈর্ভিন্নেন যাতো হৃদয়েন দূয়তা ।
বনং মদাদেশকরোঽজিতং প্রভুং জিগায় তদ্ভক্তগুণৈঃ পরাজিতং ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী ।

অনিমিষং অনলসং জ্যোতিষাং চক্রং যস্মিন্ । আহিতং অর্পিতং সৎ ভ্রমতি মেধ্যাং আহিতঃ গম্ভীরবেগো গবাং গণ ইব ॥ ২৯

আতোদ্যং বীণাং বিতুদন্ বাদয়ন্ প্রচেতসাং ব্রহ্মসত্রে ভগবন্মাহাত্ম্য প্রসঙ্গেন ধ্রুবমহিম প্রতিপাদন পরান্ ত্রীন্ শ্লোকান্ অগায়ৎ নূনমিত্যাদীন্ ॥ ৩০ ॥

পতিরেব দেবতা যস্যাঃ তস্যাঃ সুতস্য যস্তপঃ প্রভাবঃ তস্য তাং গতিং ফলমধিগন্তুং বেদবদন শীলা ব্রহ্মর্ষয়োপি নৈব প্রভবন্তি । অভ্যুপায়ান্ ভগবদ্ধর্ম্মান্ দৃষ্ট্বাপি কিং পুন র্নৃপাঃ ॥ ৩১ ॥

তপঃ প্রভাবং গতিঞ্চ বিশিনষ্টি দ্বাভ্যাং । গুরুদারাঃ পিতৃপত্নী সুরুচি স্তস্যা বাক্শরৈ র্নির্ভিন্নেন হৃদয়েন বনং গতঃ সন্ অজিতমপি জিগায় বশীকৃতবান্ ॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ ।

নূনমিতি । তাং গতিং দৃষ্ট্বাপি তস্য অভ্যুপায়ান্ অন্তরঙ্গসাধনান্যপ্যধিগন্তুং বেদবাদনশীলা ব্রহ্মর্ষয়োপি নৈব প্রভবন্তি কিমুত তাং । যদ্যপ্যেবং তেপি ন তর্হি কিমুত তরাং নৃপা ইত্যর্থঃ দৃষ্ট্বাভ্যুপায়া ইতি চিৎসুখঃ ॥ ৩১ । ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অনিমিষং জাগ্রদেব কাল রূপং গম্ভীরবেগোগবাং গণ ইব ॥ ২৯ ॥

আতোদ্যং বীণাং বিতুদন্ বাদয়ন্ ॥ ৩০ ॥

তপঃ প্রভাব রূপস্য সুতস্য তাং প্রসিদ্ধাং গতিং ফলং দৃষ্ট্বাপি তস্যা অভ্যুপায়ান্ অন্তরঙ্গ সাধনান্যপ্যধিগন্তুং ন প্রভবন্তি কিমুত তাং । যদ্যেবং তেপি ন তর্হি কিমুততরাং নৃপা ইত্যর্থঃ ॥ ৩১ ॥

দূয়তা দূয়মানেন ॥ ৩২ ॥

হে কুরুশ্রেষ্ঠ বিদুর ! ধ্রুব যে স্থান প্রাপ্ত হইলেন তথায় জ্যোতিশ্চক্র অর্পিত হইয়া, গো সকল যেমন গম্ভীর বেগে মেধিতে (মেই কাষ্ঠে) ভ্রমণ করে তাহার ন্যায়, নিরন্তর ভ্রমণ করিতেছে ॥ ২৯ ॥

সে যাহা হউক, দেবর্ষি নারদ প্রচেতাদিগের ব্রহ্মসত্রে ধ্রুবের এই মহিমা অবলোকন করিয়া বীণাবাদন করিতে করিতে ভগবন্মাহাত্ম্য প্রসঙ্গে ধ্রুবের মহিমা প্রতিপাদক তিনটী শ্লোক গান করিলেন ॥ ৩০ ॥

তাহার অর্থ এই, অহো ! পতিপরায়ণা সুনীতির পুত্র ধ্রুবের কি তপঃ প্রভাব ! আমার বোধ হয় বেদাধ্যয়ন শীল ব্রহ্মর্ষিগণ অভ্যুপায় অর্থাৎ ভগবদ্ধর্ম্ম দর্শন করিয়াও ঐ তপঃ প্রভাবের ফল পাইতে সমর্থ হয়েন না, ইহাতে রাজাদের কথা কি ? ॥ ৩১ ॥

কি আশ্চর্য্য ! তিনি পাঁচ বৎসর বয়সের সময় বিমাতার বাক্য রূপ বাণ দ্বারা হৃদয় বিদীর্ণ হওয়াতে বিষণ্ণ ও ভগ্ন মনে, বন গমন করিয়া অজিত ভগবানকে জয় অর্থাৎ বশীভূত করেন। তাঁহার এই প্রভাব দর্শনে আমার বোধ হইতেছে ভগবানের অন্যান্য ভক্তগণ তাঁহার নিকট পরাভূত হইলেন ॥ ৩২

যঃ ক্ষত্রবন্ধু র্ভুবি তস্যাধিরূঢ়মন্বারুরুক্ষেদপি বর্ষপূগৈঃ।
ষট্ পঞ্চবর্ষো যদহোভিরল্পৈঃ প্রসাদ্য বৈকুণ্ঠমবাপ তৎপদং ॥ ৩৩ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

এতত্তেভিহিতং সর্ব্বং যৎপৃষ্টোহমিহ ত্বয়া। ধ্রুবস্যোদ্দাম যশসশ্চরিতং সম্মতং সতাং ॥ ৩৪ ॥

ধন্যং যশস্যমায়ুষ্যং পুণ্যং স্বস্ত্যয়নং মহৎ। স্বর্গ্যং ধ্রৌব্যং সৌমনস্যং প্রশস্যমঘমর্ষণং ॥ ৩৫ ॥

শ্রুত্বৈতচ্ছ্রদ্ধয়াভীক্ষ্ণমচ্যুতপ্রিয়চেষ্টিতং। ভক্তির্ভবেদ্ভগবতি যয়া স্যাৎ ক্লেশসংক্ষয়ঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

তস্যাধিরূঢ়ং তেন প্রাপ্তং পদং যো ভুবি ক্ষত্রবন্ধুঃ ক্ষত্রিয়ো ভবেৎ স তমনু বর্ষ সমূহৈরপি আরোঢ়ুমিচ্ছেদপি কিং। তৎ সংকল্পোপ্যশক্যঃ দূরত আরোহণমিত্যর্থঃ। কথং ভূতং পদং ষড়্বা পঞ্চবা বর্ষাণি যস্য সঃ অল্পৈরেবাহোভির্বৈকুণ্ঠং প্রসাদ্য যৎ তস্য পদমবাপ তৎ ॥ ৩৩ ॥

উদ্দামং উৎকৃষ্টং যশো যস্য সঃ ॥ ৩৪ ॥

ধনাদের্নিমিত্তং ধ্রৌব্যং ধ্রুবস্থানপ্রাপকং প্রশস্তং প্রশংসার্হং অঘমর্ষণং পাপনাশনং ॥ ৩৫ ॥

অচ্যুতপ্রিয়স্য ধ্রুবস্য চেষ্টিতং শ্রুত্বা যো বর্ত্ততে তস্য ভক্তি র্ভবেৎ ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

ষ ইত্যত্র ক ইতি কচিৎ চিৎসুখসম্মতশ্চ। কিন্তু স্বাম্যসম্মতঃ ॥ ৩৩ ॥

এতদিতি যুগ্মকং। যৎ পৃষ্টোহমিত্যনুসারেণ ধ্রুবস্য চরিতমপি পৃষ্টমিত্যবগন্তব্যং ॥ ৩৪। ৩৫। ৩৬। ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্ষত্রবন্ধুঃ ক্ষত্রিয়োত্তমোপি তমপেক্ষ্য ক্ষত্রিয়াধমো যঃ তস্য রূঢ়ং পদং অনুপশ্চাৎ আরোঢ়ুং ইচ্ছেৎ স কিং বর্ষসমূহৈরপি আরোহেদিতি শেষঃ। যদ্বস্মাৎ ষড়্বা পঞ্চ বা বর্ষাণি বয়াংসি যস্যেতি বয়ঃ শব্দস্য বৃত্তাবন্তর্ভাবঃ ॥ ৩৩। ৩৪ ॥

ধনাদি কামনাবতাং ধন্যমিত্যাদি ধ্রৌব্যং ধ্রুবস্থানপ্রাপকং সুমনসো দেবা স্তদর্হং তেভ্যোতৎ শ্রোতুং বক্তুঞ্চার্হন্তীত্যর্থঃ ॥ ৩৫ ॥

শ্রুত্বা স্থিতস্যেতি শেষঃ ॥ ৩৬ ॥

অহো! তিনি যে পদ প্রাপ্ত হইয়াছেন ক্ষিতিতলে অন্যান্য যে সকল ক্ষত্রিয় আছে তাহারা কি তাঁহার অনুগামী হইয়া বহু বহু বর্ষেও সেই পদে আরোহণার্থ ইচ্ছা করিতে পারে? অর্থাৎ ঐ পদের নিমিত্ত সংকল্প করাও তাহাদের অসাধ্য, তাহাতে আরোহণের কথা ত দূরে থাকুক্। তিনি পাঁচ বা ছয় বৎসরমাত্র বয়সে তপস্যায় প্রবৃত্ত হইয়া অত্যল্প দিবসের মধ্যেই ভগবানকে প্রসন্ন করত তদীয় পদ প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৩৩ ॥

মুনিবর মৈত্রেয় এতাবন্মাত্র বৃত্তান্ত বর্ণন করিয়া বিদুরকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, বৎস! আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে তৎ সমুদায় তোমার নিকট বর্ণন করিলাম। হে কৌরব্য! পরম ভাগবত ধ্রুব অতি যশস্বী, তাঁহার এই চরিত্র সাধু ব্যক্তিদিগের সম্মত ॥ ৩৪ ॥

বৎস! এই ধ্রুবচরিত্র যশঃ প্রাপক, আয়ু বর্দ্ধক এবং ধনাদির হেতু, আর ইহা অতি পবিত্র, পাপ নাশক ও মহৎ স্বস্ত্যয়ন স্বরূপ, ইহাতে স্বর্গ ও ধ্রুব স্থান প্রাপ্তি হয় অতএব অতিশয় প্রশংসনীয় ॥ ৩৫ ॥

বৎস! অচ্যুতপ্রিয় ধ্রুবের এই চরিত্র, যে ব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া নিরন্তর শ্রবণ করেন, তাঁহার ভগবানের প্রতি সেই ভক্তি উৎপন্না হয়, যাহাতে ক্লেশ সকল বিনাশ প্রাপ্ত হইয়া থাকে ॥ ৩৬ ॥

মহত্ত্বমিচ্ছতস্তীর্থং শ্রোতুঃ শীলাদয়ো গুণাঃ। যত্র তেজস্তদিচ্ছূনাং মনো যত্র মনস্বিনাং ॥ ৩৭ ॥
প্রযতঃ কীর্ত্তয়েৎ প্রাতঃ সমবায়ে দ্বিজন্মনাং। স্বায়ঞ্চ পুণ্যশ্লোকস্য ধ্রুবস্য চরিতং মহৎ।
পৌর্ণমাস্যাং শিনীবাল্যাং দ্বাদশ্যাং শ্রবণেঽথ বা। দিনক্ষয়ে ব্যতীপাতে সংক্রমেঽর্কদিনেপি বা॥৩৮
শ্রাবয়েৎ শ্রদ্দধানানাং তীর্থপাদপ্রিয়াশ্রয়ঃ। নেচ্ছং স্তত্রাত্মনাত্মানং সংতুষ্ট ইতি সিধ্যতি ॥ ৩৯
জ্ঞানমজ্ঞাততত্ত্বায় যোদদ্যাৎ সৎপথেঽমৃতং। কৃপালো দীননাথস্য দেবাস্তস্যানুগৃহ্ণতে ॥ ৪০ ॥
ইদং ময়া তেঽভিহিতং কুরূদ্বহ ধ্রুবস্য বিখ্যাতবিশুদ্ধকর্ম্মণঃ।
হিত্বার্ভকক্রীড়নকানি মাতুর্গৃহঞ্চ বিষ্ণুং শরণং জগাম ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

তীর্থং মহত্ত্বাবাপ্তি স্থানং গুণা যত্র ভবন্তি ॥ ৩৭ ॥
সমবায়ে সভায়াং ॥ ৩৮ ॥
নেচ্ছন্ নিষ্কামঃ তত্র শ্রবণে আত্মৈবাত্মানং প্রতি সন্তুষ্টো ভবতীতি হেতোঃ সিদ্ধিং প্রাপ্নোতি ॥ ৩৯ ॥
কিঞ্চ সৎপথে ভগবন্মার্গে অমৃতরূপং জ্ঞানং যোদদ্যাৎ ॥ ৪০ ॥
ধ্রুবস্য চরিতং ময়াভিহিতং মাতুর্গৃহঞ্চ হিত্বা ॥ ৪১ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রযত ইতি যুগ্মকং ॥ ৩৮ । ৩৯ ॥
জ্ঞানমিতি। সৎপথে সন্মার্গাস্তমুখজনায়। য ইতি কচিন্নাস্তি ॥ ৪০ । ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তীর্থমিদং কারণং যত্র শ্রুতে সতি ॥ ৩৭ । ৩৮ ॥
শ্রদ্দধানানামিতি দ্বিতীয়ার্থে ষষ্ঠী নেচ্ছন্ তদ্বেতনং কিমপি দ্রব্যং ন প্রতিগৃহ্নন্ তত্র হেতুঃ আত্মানং প্রতি আত্মনৈব সন্তুষ্টঃ তত্র শ্রাবণে মৎকথ্যমানাং কৃষ্ণকথাং ভক্তঃ শ্রদ্ধয়া শৃণোতীত্যেতদেব মম বেতনমিতি মন্যমানঃ ইত্যতএব সিদ্ধিং প্রাপ্নোতি ॥ ৩৯ ॥
জীবনিস্তারকং কিমপি জ্ঞানং শ্রাবয়ত এব মহাফলং কিমুত ধ্রুবচরিতমিত্যাহ জ্ঞানেতি ॥ ৪০ । ৪১ ॥

বিদুর! মহত্ত্ব ইচ্ছুক পুরুষের পক্ষে এই চরিত্র মহত্ত্ব প্রাপ্তির স্থান স্বরূপ, ইহা শ্রবণ করিলে শ্রোতার শীলাদি গুণ জন্মে, অপর যে ব্যক্তি তেজঃ প্রার্থী,তাহার ইহাতে তেজঃ এবং যে পুরুষ মনস্বী, তাহার ইহাতে প্রশস্ত মনঃ লাভ হইয়া থাকে॥ ৩৭ ॥

অতএব পবিত্র হইয়া প্রাতঃকালে এবং স্বায়ং সময়ে ব্রাহ্মণ সভায় পুণ্যশ্লোক ধ্রুবের এই সুমহৎ চরিত্র কীর্ত্তন করিবে,আর অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী, শ্রবণানক্ষত্র, ত্র্যহস্পর্শ, ব্যতীপাত, সংক্রান্তি, ও আদিত্য বারেও ইহা পাঠ করিবে ॥ ৩৮ ॥

অপর নিষ্কাম হইয়া শ্রদ্ধাশীল ব্যক্তিদিগকে ইহা শ্রবণও করাইবে, তাহাতে আত্মাই আত্মার প্রতি সন্তুষ্ট হইবেন সুতরাং অনায়াসে সিদ্ধি লাভ করিতে পারিবে ॥ ৩৯ ॥

ফলতঃ যে ব্যক্তি অজ্ঞাত তত্ত্ব, তাহাকে যিনি ভগবন্মার্গের অমৃত রূপ জ্ঞান দান করেন, সেই দয়াশীল দীননাথের প্রতি দেবতা সকল অনুগ্রহ প্রকাশ করিয়া থাকেন ॥ ৪০ ॥

হে কৌরব্য! মহাভাগবত ধ্রুবের এই চরিত্র তোমার নিকট বর্ণন করিলাম। বিদুর! তাঁহার কর্ম্ম অতি বিশুদ্ধ ও বিখ্যাত, তিনি কৌমার কালে ক্রীড়নক এবং মাতৃগৃহ পরিত্যাগ পূর্ব্বক ভগবান্ বিষ্ণুর শরণাপন্ন হইয়াছিলেন ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে ধ্রুবচরিতং দ্বাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১২ ॥ * ॥

শ্রীসূত উবাচ ॥

নিশম্য কৌশারবিণোপবর্ণিতং ধ্রুবস্য বৈকুণ্ঠপদাধিরোহণং।

প্ররূঢ় ভাবোভগবত্যধোক্ষজে প্রষ্টুং পুনস্তং বিদুরঃ প্রচক্রমে ॥ ১ ॥

শ্রীবিদুর উবাচ ॥

কে তে প্রচেতসো নাম কস্যাপত্যানি সুব্রত। কস্যান্ববায়ে প্রখ্যাতাঃ কুত্র বা সত্রমাসত ॥ ২ ॥

মন্যে মহাভাগবতং নারদং দেবদর্শনং। যেন প্রোক্তঃ ক্রিয়াযোগঃ পরিচর্য্যাবিধির্হরেঃ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি চতুর্থে দ্বাদশঃ ॥ * ॥

এবং পঞ্চভিরধ্যায়ৈর্ধ্রুবচর্য্যানুবর্ণিতা। অথৈকাদশভিশ্চিত্রং পৃথুচারিত্রমুচ্যতে। তত্র ত্রয়োদশে বক্তুং পৃথোর্জন্ম ধ্রুবান্বয়ে। অঙ্গোবেণ পিতা পুত্রক্রৌর্য্যাদ্গত ইতীর্য্যতে ॥ ০ ॥

প্ররূঢ়ো ভাবো ভক্তির্যস্য ॥ ১ ॥

অন্ববায়ে বংশে ॥ ২ ॥

নারদেন প্রচেতসাং সত্রে বর্ণিতাং কথাং প্রষ্টুং তস্য মহিমানমাহ মন্য ইতি। দেবস্যেব দর্শনং যস্য হরেঃ পরিচর্য্যা প্রকারঃ ক্রিয়াযোগঃ পঞ্চরাত্রো যেন প্রোক্তঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য দ্বাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীসূত উবাচ শ্রীশুকদেব বাক্ শেষত্বেন স্থিতং স্বয়মেবাপূরয়দিত্যর্থঃ ॥ ১। ২ ॥

মহাভাগবতং বৈষ্ণবসংপ্রদায়গুরুং দেবদর্শনং শ্রীভগবত্তত্ত্বজ্ঞং ভগবৎ সর্ব্বমঙ্গলদর্শনঞ্চ। অনুকম্পেষু ভগবদনুভবহেতুং বা ॥ ৩

শ্রীবিশ্বনাথচক্রবর্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থে দ্বাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ত্রয়োদশেঽঙ্গ রাজস্য পুত্রেষ্ট্যা যঃ সুতোঽজনি বেণস্তস্যাতিদৌরাত্ম্যান্নৃপো নির্বিদ্য নির্গতঃ ॥ ০ ॥

সত্রে গায়ৎ প্রচেতসামিত্যাবর্ণ্য পৃচ্ছতি। কে তে ইতি। অন্ববায়ে বংশে ॥ ১ ॥ ২ ॥

ক্রিয়াযোগঃ পরিচর্য্যা প্রকারঃ পঞ্চরাত্রে যেন প্রোক্তঃ ॥ ৩ ॥

॥ * ॥ ইতি চতুর্থে দ্বাদশ ॥ * ॥

ত্রয়োদশ অধ্যায়ে ধ্রুবের বংশে পৃথুর জন্ম কথনার্থ বেণ পিতা অঙ্গের বৃত্তান্ত বর্ণন ॥ ০ ॥

সূত কহিলেন মুনিবর মৈত্রেয় পরম ভাগবত ধ্রুবের বৈকুণ্ঠ পদাধিরোহণ বিষয় যাহা বর্ণন করিলেন, তাহা শ্রবণ করিয়া ভগবান্ অধোক্ষজের প্রতি বিদুরের প্রগাঢ় ভক্তি জন্মিল, অতএব পুনর্ব্বার মৈত্রেয়কে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিতে আরম্ভ করিলেন ॥ ১ ॥

বিদুর বলিলেন হে সুব্রত! আপনি কহিলেন দেবর্ষি নারদ প্রচেতাদের যজ্ঞ স্থলে উপস্থিত হইয়া মহাত্মা ধ্রুবের মহিমা সূচক তিনটী শ্লোক গান করেন। ব্রহ্মন্! ঐ সকল প্রচেতা কে? কোন ব্যক্তির বংশে উৎপন্ন এবং কোন স্থানেই বা যজ্ঞ করিতেছিল? ॥ ২ ॥

হে মুনে! আমি জানি দেবর্ষি নারদ মহাভাগবত, দেব তুল্য, তাঁহার দর্শন অতি পুণ্যদ, তিনি ভগবানের পরিচর্য্যা প্রকার ক্রিয়াযোগ অর্থাৎ পঞ্চরাত্র কহিয়াছিলেন ॥ ৩ ॥

স্বধর্ম্ম শীলৈঃ পুরুষৈ র্ভগবান্ যজ্ঞপুরুষঃ। ইজ্যমানো ভগবতা নারদেনেড়িতঃ কিল।
যাস্তা দেবর্ষিণা তত্র বর্ণিতা ভগবৎ কথাঃ। মহ্যং শুশ্রূষবে ব্রহ্মন্ কাৎস্ন্যেনাচষ্টুমর্হসি ॥ ৪ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
ধ্রুবস্য চোৎকলঃ পুত্রঃ পিতরি প্রস্থিতে বনং। সার্ব্বভৌমশ্রিয়ং নৈচ্ছদধিরাজাসনং পিতুঃ ॥ ৫ ॥
স জন্মনোপশান্তাত্মা নিঃসঙ্গঃ সমদর্শনঃ। দদর্শ লোকে বিততমাত্মানং লোকমাত্মনি ॥ ৬ ॥
আত্মানং ব্রহ্ম নির্ব্বাণং প্রত্যস্তমিতবিগ্রহং। অববোধরসৈকাত্ম্যমানন্দমনুসন্ততং।

শ্রীধরস্বামী।

স্বধর্ম্মশীলৈঃ প্রচেতোভিঃ ॥ ৪ ॥
ধ্রুবস্য বংশে জাতা ইতি বক্তুং ধ্রুবস্য বংশমনুক্রামতি ধ্রুবস্যেত্যাদিনা। পিতুঃ সার্ব্বভৌমশ্রিয়ং নৈচ্ছৎ অধিরাজাসনঞ্চ ॥ ৫ ॥
অনিচ্ছায়াং হেতুমাহ স ইতি চতুর্ভিঃ ॥ ৬ ॥
আত্মানং স্বরূপভূতং ব্রহ্মাবরুন্ধানঃ আপ্নুবন্ জানন্। আত্মনো নান্যৎ তদৈক্ষত। স্বয়ন্ত সর্ব্বস্মাদন্যঃ সন্ কথং ভূতং ব্রহ্ম

ক্রমসন্দর্ভঃ।

তাদৃশেনাপি নারদেনেড়িতঃ ॥ ৪ । ৫ । ৬ ॥
আত্মানমিতি যুগ্মকং। দদর্শ লোক ইত্যনেন প্রথমং সোপাধি ব্রহ্ম দর্শনমুক্তং অধুনা নিরুপাধি ব্রহ্ম দর্শনমাহ। প্রত্যস্ত মিতি। নিরুপাধিকমিত্যর্থঃ। অনুসন্ততং সর্ব্বত্রানুস্যূতং স্বরূপং পরম কারণ রূপং আত্মনো জীববস্তুত্বাত্তদনন্যৈক্ষত।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বধর্ম্মশীলৈঃ প্রচেতোভিঃ।
ধ্রুবস্য বংশএব তে জাতা ইতি তদ্বংশ কথায়ামেব প্রচেতসাং কথা আয়াস্যতীত্যভিপ্রায়েণাহ ॥ ৫ ॥
জন্মনা উৎপত্ত্যৈব উপশান্তাত্মা জ্ঞানী ॥ ৬ ॥
আত্মানং জীবং স্বরূপং স্বরূপভূতং ব্রহ্ম অবরুন্ধানো জানন্ নির্বাণং শান্তং প্রত্যস্তমিতবিগ্রহং নিরস্ত বিবাদং। আত্মানং কীদৃশং। অববোধরসেনৈকাত্ম্যং যস্য তং অব্যবচ্ছিন্নেন নিরন্তরেণ যোগাগ্নিনা দগ্ধং কর্ম্মমলং যস্য তথা ভূত আশয়ো যস্য সঃ।

হে ব্রহ্মন্! শ্রুত হইয়াছি স্বধর্ম্মশীল প্রচেতাগণ আপনাদের সত্রে ভগবান্ যজ্ঞপুরুষ বিষ্ণুর অর্চ্চনা করিতেছিলেন, সেই সময় দেবর্ষি নারদ বিনয় বচন দ্বারা তাঁহার স্তব করিয়াছিলেন। হে মুনে! দেবর্ষি নারদ যে যে ভগবৎ কথা বর্ণন করেন তৎসমুদায় আমার শুনিতে অভিলাষ হইতেছে, অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক সম্পূর্ণ বলিতে আজ্ঞা হউক ॥ ৪ ॥

মৈত্রেয় কহিলেন মহাত্মা ধ্রুবের পুত্র উৎকল, পিতা বনে গমন করিলে সকল ভূমির আধিপত্য ও রাজাসন উপস্থিত হইলেও ঐ দুই পদ গ্রহণ করিতে তাঁহার ইচ্ছা হইল না ॥ ৫ ॥

হে কৌরব্য! তাঁহার সমস্ত দেশের আধিপত্য ও অধিরাজাসন গ্রহণে অনিচ্ছার হেতু শ্রবণ কর, তিনি জন্মিয়া অবধি প্রশান্ত মনাঃ, নিঃসঙ্গ এবং সর্ব্বত্র সমদর্শী ছিলেন, সর্ব্বদা আপনার আত্মাকে লোক মধ্যে বিতত এবং আপন আত্মাতে লোক সকলকে বিস্তীর্ণ দর্শন করিতেন ॥ ৬ ॥

তাঁহার আত্মা প্রশান্ত হইয়া জ্ঞান রূপ রসের সহিত অভিন্ন হইয়াছিল এবং তিনি অবিচ্ছিন্ন যোগ রূপ অগ্নি দ্বারা আপনার কর্ম্মমল সকল অর্থাৎ বাসনা সমূহ দগ্ধ করিয়াছিলেন, অতএব উক্ত প্রকার

অব্যবচ্ছিন্ন যোগাগ্নি দগ্ধ কর্ম্ম মলাশয়ঃ। স্বরূপমবরুন্ধানোনাত্মনোঽন্যন্তদৈক্ষত ॥ ৭ ॥

জড়ান্ধবধিরোন্মত্ত মূকাকৃতিরতন্মতিঃ। লক্ষিতঃ পথি বালানাং প্রশান্তার্চ্চিরিবানলঃ ॥ ৮ ॥

মত্বা তং জড়মুন্মত্তং কুলবৃদ্ধাঃ সমন্ত্রিণঃ। বৎসরং ভূপতিং চক্রু র্যবীয়াংসং ভ্রমেঃ সুতং ॥ ৯ ॥

স্ববীথী র্বৎসরস্যেষ্টা ভার্য্যাসূতষড়াত্মজান্। পুষ্পার্ণং তিগ্মকেতুঞ্চ ইষমূর্জ্জং বসুঞ্জয়ং।

পুষ্পার্ণস্য প্রভা ভার্য্যা দোষাচ দ্বে বভুবতুঃ। প্রাতর্ম্মধ্যং দিনং সায়মিতি হ্যাসন্ প্রভাসুতাঃ॥১০

প্রদোষো নিশিথো ব্যুষ্ট ইতিদোষা সুতাস্ত্রয়ঃ ॥ ১১ ॥

ব্যুষ্টঃ সুতং পুষ্করিণ্যাং সর্ব্বতেজসমাদধে। স চক্ষুঃ সুতমাকূত্যাং পত্ন্যাং মনুমবাপহ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

নির্ব্বাণং শান্তং অববোধ বসেনৈকাত্ম্যং যস্য কথম্ভূতঃ অব্যবচ্ছিন্নো যো যোগঃ সএবাগ্নি স্তেন দগ্ধঃ কর্ম্মমল আশযো যস্য ॥ ৭ ॥

জড়াদীনামিবাকৃতির্যস্য তথা ভূতো লক্ষিতঃ। অতন্মতিঃ নতেষামিব মতি র্যস্য সর্ব্বজ্ঞত্বাৎ। প্রশান্তানি অর্চীংষি জ্বালা যস্যানলস্য তদ্বৎস্থিতঃ ॥ ৮ ॥ যবীয়াংসং উৎকলাৎ কনিষ্ঠং ॥ ৯ ॥

ইষ্টা প্রিয়া ভার্য্যা ॥ ১০ ॥ নিশিথঃ নিশীথঃ ॥ ১১ ॥

স সর্ব্বতেজা শ্চক্ষুঃ সংজ্ঞঃ মনুং সুতমবাপ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

অভেদাংশমাত্রানুসন্ধানাৎ ॥ ৭ । ৮ । ৯ । ১০ । ১১ ॥

স চক্ষুরিত্যর্দ্ধকং। স চক্ষুঃ সংজ্ঞঃ সর্ব্বতেজাঃ সুতঃ চাক্ষুসং মনুত্বেনাবাপেত্যর্থঃ। বক্ষ্যতে হ্যষ্টমে। ষষ্ঠশ্চ চক্ষুষঃ পুত্র-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মনঃ শুদ্ধ জীবাদন্যাৎ নৈক্ষত ॥ ৭ ॥

পথি বালৈ র্জড়াদ্যাকৃতি র্লক্ষিতঃ। অতন্মতিঃ ন জড়াদীনামিব মতি র্যস্য সঃ ॥ ৮ । ৯ । ১০ । ১১ ॥

স সর্ব্বতেজাএব চক্ষুঃ চাক্ষুষং সুতং মনুমবাপেতি ব্যাখ্যেয়ং। ষষ্ঠশ্চ চক্ষুষঃ পুত্রশ্চাক্ষুষোনাম বৈ মনুরিত্যষ্টমাৎ ॥১২।১৩।১৪॥

সুবিস্তীর্ণ আনন্দময় আত্মাকে পরমব্রহ্ম জানিয়া আত্ম ভিন্ন অন্য কোন বস্তু দর্শন করিতেন না ॥ ৭ ॥

তাহাতে বালকেরা জড় অথবা অন্ধ কিম্বা বধির অথবা উন্মত্ত কিম্বা মূক এরূপ ব্যক্তির ন্যায় তাঁহার আকার দর্শন করিত, বস্তুতঃ তিনি সর্ব্বজ্ঞ ছিলেন, ইহাতে তাঁহার বুদ্ধি কোন অংশেই ঐ সকল ব্যক্তির তুল্য ছিল না, কেবল অগ্নির শিখা প্রশান্ত হইলে লোকে সেই অগ্নিকে যেমন অকর্ম্মণ্য করিয়া মানে তাহার ন্যায়, তিনি অকর্ম্মণ্য ভাবে সর্ব্বদা অবস্থিতি করিতেন ॥ ৮ ॥

তাঁহাকে ঐ প্রকার দেখিয়া কুলবৃদ্ধ এবং মন্ত্রিসকল বিবেচনা করিলেন, ইনি জড় অথবা উন্মাদ গ্রস্ত হইলেন সন্দেহ নাই, রাজা ব্যতীত রাজ্য রক্ষা হইবে না, অতএব পরামর্শ করিয়া ভ্রমির পুত্র বৎসর যদিও উৎকলের কনিষ্ঠ তথাচ তাঁহাকে রাজসিংহাসনে অভিষিক্ত করিয়া পৃথিবী শাসনের ভার সমর্পণ করিলেন ॥ ৯ ॥

অনন্তর বৎসর সুবীথী নাম্নী কন্যার পাণিগ্রহণ করিলেন, তাহাতে তাঁহার সেই প্রিয়া ভার্য্যা ছয়টী সন্তান প্রসব করিল। তাহাদের নাম যথা পুষ্পার্ণ, তিগ্মকেতু, ইষ, ঊর্জ, বসু এবং জয়। এই ছয়ের মধ্যে পুষ্পার্ণের দুই ভার্য্যা প্রভা এবং দোষা। প্রভার তিন পুত্র, প্রাতঃ, মধ্যন্দিন এবং সায়ং ॥ ১০ ॥

দোষারও গর্ব্ভে তিন পুত্র জন্মে তাহাদের নাম প্রদোষ, নিশীথ এবং ব্যুষ্ট ॥ ১১ ॥

এই ব্যুষ্টের ভার্য্যা পুষ্করিণী, তাহাতে ব্যুষ্ট সর্ব্বতেজাঃ নামে এক সন্তান উৎপাদন করেন, ঐ সর্ব্ব-

মনোরসূত মহিষী বিরজান্নড্বলা সুতান্‌। পুরুং কুৎস্নমৃতং দ্যুম্নং সত্যবন্তং ধৃতং ব্রতং।
অগ্নিষ্টোমমতীরাত্রং প্রদ্যুম্নং শিবিমুল্মুকং। উল্মুকোঽজনয়ৎ পুত্রান্‌ পুষ্করিণ্যাং ষড়ুত্তমান্‌।
অঙ্গং সুমনসং খ্যাতিং ক্রতুমঙ্গিরসং গয়ং। সুনীথাঙ্গস্য যা পত্নী সুষুবে বেণমুল্বণং।
যদ্দৌঃশীল্যাৎ স রাজর্ষি র্নির্ব্বিণ্ণো নিরগাৎ পুরাৎ ॥ ১৩ ॥
যমঙ্গ শেপুঃ কুপিতা বাগ্বজ্রা মুনয়ঃ কিল। গতাসো স্তস্য ভূয়স্তে মমন্থু র্দক্ষিণং করং ॥ ১৪ ॥
অরাজকে তদা লোকে দস্যুভিঃ পীড়িতাঃ প্রজাঃ। জাতো নারায়ণাংশেন পৃথুরাদ্যঃ ক্ষিতীশ্বরঃ ॥১৫
শ্রীবিদুর উবাচ ॥
তস্য শীলনিধেঃ সাধো ব্র্হ্মণ্যস্য মহাত্মনঃ। রাজ্ঞঃ কথমভূদ্দুষ্টা প্রজা যদ্বিমনা যযৌ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

মনোর্মহিষী নড্বলা বিরজান্‌ শুদ্ধান্‌ পুরু প্রমুখান্‌ দ্বাদশ সুতানসূত ॥ ১৩ ॥
অঙ্গ হে বিদুর বাগেব বজ্রং যেষাং ॥ ১৪ ॥
মথনে হেতুঃ অরাজক ইতি আদ্যঃ পুরগ্রামাদীনাং তেন রচিতত্বাৎ ॥ ১৫ ॥
যৎ যস্যাঃ প্রজায়া হেতো বিমনাঃ সন্‌ যযৌ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

*চাক্ষুষো নাম বৈ মনুরিতি। তস্মাৎ টীকায়ামপি চক্ষুঃ সংজ্ঞ ইতি প্রথমান্ত পাঠএব সম্মতঃ ॥ ১২ ॥
মনোরিতি। বৈরাজমিতি চিৎসুখঃ। বৈরাজাদীন্‌ সুতান্‌ ॥
বেণমুদ্দিশ্যেতি চিৎসুখস্যাসম্মতং ॥ ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মথনে হেতুঃ অরাজকে ইতি। জাতো মথ্যমানাৎ করাৎ। আদ্যঃ ক্ষিতীশ্বর ইতি পুরগ্রামাদি বিধায়কত্বাংশেন ॥ ১৫ ॥
যদ্যতো বিমনাঃ সন্‌ ॥ ১৬ ॥

তেজার নাম পরে চক্ষুঃ হইয়াছিল, সেই চক্ষুই আকূতি নাম্নী স্বীয় পত্নীর গর্ব্ভে মনুর জন্ম দেন ॥ ১২ ॥

মনুর মহিষী নড্বলা, তিনি পুরু প্রভৃতি পরম পবিত্র দ্বাদশটী সন্তান প্রসব করেন, তাহাদের নাম যথা পুরু, কুৎস্ন, ঋত, দ্যুমান্‌, সত্যবান্‌, ধৃতব্রত, অগ্নিষ্টোম, অতিরাত্র, প্রদ্যুম্ন, শিবি এবং উল্মুক। এই উল্মুকের অত্যুৎকৃষ্ট ছয়টী সন্তান উৎপন্ন হইয়াছিল, তাহাদের নাম অঙ্গ, সুমনাঃ, খ্যাতি, ক্রতু, অঙ্গিরাঃ এবং গয়। বৎস বিদুর! অঙ্গের পত্নীর নাম সুনীথা, তিনি অঙ্গের ঔরসে উগ্র স্বভাব সেই বেণকে প্রসব করেন, যাহার দুঃশীলতা হেতু রাজর্ষি অঙ্গ নির্ব্বিণ্ণ হইয়া পুর হইতে নির্গত হন ॥১৩

বৎস বিদুর! বাগ্বজ্র মুনি সকল কুপিত হইয়া ঐ বেণকেই অভিশাপ দিয়াছিলেন, তাহাতে সে গতাসু হয়। পরে মহর্ষিরা ঐ মৃত বেণের দক্ষিণ কর মন্থন করেন ॥ ১৪ ॥

বৎস! ঋষিগণ বেণকে বিনষ্ট করিয়া আবার যে তাহার পুত্রার্থ তাহার দক্ষিণ হস্ত মন্থন করিলেন তাহার কারণ এই, পৃথিবী অরাজক হওয়াতে প্রজা সকল দস্যুগণ কর্তৃক নিপীড়িত হইয়াছিল। যাহা হউক, মুনিগণ বেণের দক্ষিণ হস্ত মন্থন করিলে তাহাতে ভগবান্‌ নারায়ণের অংশে আদিরাজ পৃথুর জন্ম হইল ॥ ১৫ ॥

বিদুর জিজ্ঞাসা করিলেন মুনে! মহাত্মা অঙ্গ রাজা অতিশয় শীল সম্পন্ন, সাধু এবং ব্রাহ্মণ ভক্ত ছিলেন, তাঁহার ঐ প্রকার কুসন্তান কিরূপে উৎপন্ন হইল যে তাহার দুঃশীলতা হেতু তৎপিতা অঙ্গ বিমনস্ক হইয়া পুর হইতে বহির্গত হয়েন ॥ ১৬ ॥

কিং বাংহো বেণ উদ্দিশ্য ব্রহ্মদণ্ডমযূযুজন্। দণ্ডব্রতধরে রাজ্ঞি মুনয়ো ধর্ম্মকোবিদাঃ ॥ ১৭ ॥
নাবধ্যেয়ঃ প্রজাপালঃ প্রজাভিরঘবানপি। যদসৌ লোকপালানাং বিভর্ত্ত্যোজঃ স্বতেজসা ॥ ১৮
এতদাখ্যাহি মে ব্রহ্মন্ সুনীথাত্মজচেষ্টিতং। শ্রদ্দধানায় ভক্তায় ত্বং পরাবরবিত্তমঃ ॥ ১৯ ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥
অঙ্গোঽশ্বমেধং রাজর্ষিরাজহার মহাক্রতুং। নাজগ্মুর্দেবতা স্তস্মিন্নাহূতা ব্রহ্মবাদিভিঃ।
ত ঊচুর্বিস্মিতা স্তাত যজমানমথর্ত্বিজঃ। হবীংষি হূয়মানানি ন তে গৃহ্ণন্তি দেবতাঃ ॥ ২০ ॥
রাজন্ হবীংষ্যদুষ্টানি শ্রদ্ধয়া সাদিতানি তে। ছন্দাংস্যযাত যামানি যোজিতানি ধৃতব্রতৈঃ।

শ্রীধরস্বামী।

কিঞ্চ অংহঃ অপরাধং বেণ উদ্দিশ্য আলক্ষ্য ॥ ১৭ ॥
যতোয়মধর্ম্ম ইত্যত্রাহ নাবধ্যেয়ঃ অবজ্ঞেয়োপি নভবতি ॥ ১৮ ॥
পরাবরবিদাং মধ্যে অতিশ্রেষ্ঠঃ ॥ ১৯ ॥
অভাবী পুত্রঃ কাম্যকর্ম্মণা বলাদাপাদিতো ন সুখায় ভবেদিতি দ্যোতয়ন্নঙ্গস্যপুত্রোৎপত্তিক্রমমাহ অঙ্গ ইত্যাদিনা ॥ ২০ ॥
অযাতযামানি অগতবীর্য্যাণি ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রাচীনবলবত্তবাপরাধ বিশেষেন প্রতিহত পুত্রভাগ্যত্বেপি তস্য শ্রীবিষ্ণুপ্রযজনমাহাত্ম্যাৎ পুত্রোজাতঃ তথা তেন দূষিত তদ্ভাগ্যত্বেপি তস্মাদেবাসৌ বৈরাগ্য হেতুর্জাতঃ পৌত্রশ্চ তদবতার এবেত্যাহ। অঙ্গ ইত্যাদিনা ॥ ২০ ॥
অত্রোপকরণানিতু সমীচীনান্যেবেত্যাহুঃ রাজন্নিতি। পৌরুষবান্ ইতি তস্য নিরর্গলত্বমুক্তং। তথাপি নগৃহ্নন্তীতি পূর্ব্বে-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ অংহোঽপরাধঃ। রাজ্ঞীতি রাজ্ঞএব দণ্ডেঽধিকারো নতু রাজ্ঞোপি দণ্ডে মুনীনামধিকার ইত্যর্থঃ ॥১৭।১৮।১৯।২০।২১॥

আর বেণ রাজা হইয়া স্বয়ং দণ্ডব্রত ধারণ করিয়াছিলেন, ধর্ম্মজ্ঞ মুনিগণ কি অপরাধ দেখিয়া তাঁহার প্রতি ব্রহ্মদণ্ড নিপাত করিলেন ॥ ১৭ ॥

প্রজাপালক রাজা পাপবান্ হইলেও প্রজা সকল কর্ত্তৃক অবজ্ঞাস্পদ হইতে পারেন না যে হেতু রাজা স্বীয় তেজঃ দ্বারা সকল লোকপালের প্রভাব ধারণ করেন ॥ ১৮ ॥

অতএব হে ব্রহ্মন্! সুনীথা তনয় বেণের চরিত্র বিস্তার করিয়া বলিতে আজ্ঞা হউক, আমি আপনার ভক্ত, শ্রদ্ধান্বিত হইয়া শুনিতে ইচ্ছা করিতেছি, আপনি পরাবর বেত্তাদিগের মধ্যে শ্রেষ্ঠ, আপনার কিছুই অবিদিত নাই, সবিশেষ বর্ণন করুন ॥ ১৯ ॥

মৈত্রেয় কহিলেন হে তাত! বৃত্তান্ত বলি শুন। রাজর্ষি অঙ্গ অশ্বমেধ যজ্ঞ আহরণ করিয়াছিলেন, কিন্তু তাহাতে বেদ বক্তা ঋত্বিগ্‌গণ মন্ত্র দ্বারা আহ্বান করিলেও দেবতাদের আগমন হয় নাই, অতএব পুরোহিতেরা বিস্মিত হইয়া যজমানকে কহিলেন, মহারাজ! আপনার এই যজ্ঞে যে সকল হবিঃ হোম করা হইয়াছে, দেবতারা তাহা গ্রহণ করিতেছেন না ॥ ২০ ॥

রাজন্! এ যজ্ঞের হবিঃ সকলে দোষ মাত্র নাই, আপনি শ্রদ্ধা পূর্ব্বক সমস্ত দ্রব্যই আহরণ করিয়াছেন, অপর এই সকল ঋত্বিক্ ধৃতব্রত হইয়া যে যে মন্ত্রপাঠ করিতেছেন, তাহাও নির্বীর্য্য নহে, এ স্থলে দেবতাদের কিঞ্চিন্মাত্র হেলন ত আমরা দেখিতে পাই না, তবে তাঁহারা এ স্থানে অধিষ্ঠিত

নবিদামেহ দেবানাং হেলনং বয়মম্বপি। যন্ন গৃহ্লন্তি ভাগান্ স্বান্ যে দেবাঃ কর্ম্মসাক্ষিণঃ ॥ ২১ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

অঙ্গো দ্বিজবচঃ শ্রুত্বা যজমানঃ সুদুর্ম্মনাঃ। তৎপ্রষ্টুং ব্যসৃজদ্বাচং সদস্যাংস্তদনুজ্ঞয়া ॥ ২২ ॥

নাগচ্ছন্ত্যাহুতা দেবা ন গৃহ্লন্তি গ্রহানিহ। সদসস্পতয়ো ব্রূত কিমবদ্যং ময়া কৃতং ॥ ২৩ ॥

শ্রীসদসস্পতয় ঊচুঃ ॥

নরদেবেহ ভবতো নাঘং তাবন্মনাক্ স্থিতং। অস্ত্যেকং প্রাক্তনমঘং যদিহেদৃক্ ত্বমপ্রজঃ ॥ ২৪ ॥

তথা সাধয় ভদ্রন্তে আত্মানং সুপ্রজং নৃপ। ইষ্টস্তে পুত্রকামস্য পুত্রং দাস্যতি যজ্ঞভুক্ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

যজ্ঞে গৃহীতমৌনোপি বাচং ব্যসৃজৎ প্রাযুঙ্ক্ত ॥ ২২ ॥

আহুতাঃ আহূতাঃ গ্রহান্ সোমপাত্রাণি ইহ যজ্ঞে ন গৃহ্লন্তি ॥ ২৩ ॥

ইহ জন্মনি তাবন্মনাগীষদপ্যঘং ন স্থিতং। কথঞ্চিজ্জাতস্যাঘস্য সদ্যএব প্রায়শ্চিত্তৈঃ ক্ষালনাৎ কিন্তু প্রাক্তনমেকমঘমস্তি। যদ্যস্মাৎ ঈদৃক্ গুণাধিকোপি ত্বং প্রজারহিতঃ ॥ ২৪ ॥

অতো যথা দেবা হবির্গৃহ্লন্তি তথাত্মানং সুপ্রজং সাধয়। কথং সাধনীয়ং তত্রাহ ইষ্ট ইতি ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

নৈবান্বয়ঃ ॥ ২১। ২২। ২৩ ॥

নরদেব ভবতোনাবদ্যং কিঞ্চিদাস্থিতং। অস্ত্যেকং প্রাক্তনাবদ্যমিতি কচিৎ পাঠঃ চিৎসুখ সম্মতশ্চ প্রাক্তনাবদ্যং জন্মান্তরীয়াপরাধ ইতি ব্যাখ্যানাৎ ॥ ২৪। ২৫। ২৬। ২৭। ২৮। ২৯। ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪। ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যজ্ঞে গৃহীতমৌনোপি বাচং ব্যসৃজৎ প্রাযুঙ্ক্তঃ ॥ ২২ ॥

গ্রহান্ সোমপাত্রাণি ॥ ২৩। ২৪। ২৫ ॥

হইয়া স্ব স্ব ভাগ গ্রহণ করিতেছেন না কেন? দেবতারাই কর্ম্ম সাক্ষী, তাঁহাদের অধিষ্ঠান না হওয়াতে সকলই যে বৃথা হইতেছে ॥ ২১ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! ব্রাহ্মণদিগের এই বাক্য শ্রবণ করিয়া যজমান অঙ্গ রাজা অতিশয় দুর্ম্মনাঃ হইলেন এবং যদিও যজ্ঞার্থ মৌনাবলম্বন করিয়াছিলেন তথাচ সদস্যদিগের অনুমতি লইয়া বাক্য প্রয়োগ করত কহিলেন ॥ ২২ ॥

হে সদস্যগণ! দেবতাদের আহ্বান হইতেছে তথাচ তাঁহারা এ যজ্ঞে সোমপাত্র সকল যে গ্রহণ করিতেছেন না ইহার কারণ কি? আমি কি দোষ করিয়াছি ॥ ২৩ ॥

ভূতরাট্ শ্রীরুদ্রঃ ॥ ৫৬ ॥ অজো ব্রহ্মেব আত্মবত্ত্বে জিতেন্দ্রিয়ত্বে ॥ ৫৭ ॥
ভক্ত্যাদিভিঃ পরার্থোদ্যমে চাত্মনৈব তুল্যঃ নিরুপমঃ ॥ ৫৮ ॥
পুংভিঃ সৎ পুরুষৈঃ রামঃ সীতাপতিঃ যথা সতাং কর্ণরন্ধ্রেষু প্রবিষ্টঃ ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি চতুর্থে দ্বাবিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

স্ত্রীণাং সৎ স্ত্রীভিশ্চোর্দ্ধ্বং গীতয়া সর্ব্বোর্দ্ধত্বেন নীতয়েত্যর্থঃ ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্বাত্মা সর্ব্বত্র সঞ্চারযুক্তঃ ॥ ৫৫। ৫৬ ॥
অজো ব্রহ্মা আত্মবত্ত্বে জিতেন্দ্রিয়ত্বে ॥ ৫৭ ॥ ভক্ত্যাদিভিঃ পরার্থোদ্যমেনেচ আত্মনৈব তুল্যো নিরুপমঃ ॥ ৫৮। ৫৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বাবিংশোপি চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দুর্ব্বোধ্য ছিলেন অর্থাৎ তাঁহার কি করিতে ইচ্ছা কেহই জানিতে পারিত না। অপর তিনি স্থৈর্য্য দ্বারা সুমেরু তুল্য, শিক্ষা বিষয়ে ধর্ম্মরাজ সদৃশ, আশ্চর্য্যে হিমালয়ের সমান এবং কুবের তুল্য কোষাঢ্য ছিলেন, আর তিনি বরুণের ন্যায় অর্থ গোপন করিতেন ॥ ৫৪ ॥

অপিচ সর্ব্বত্র গমনাগমনে ক্ষমতা থাকাতে কেবল সাহস ও প্রতাপ বিষয়ে বায়ুর তুল্য ছিলেন ॥ ৫৫

তাঁহার এমত উগ্র স্বভাব ছিল যে সাক্ষাৎ ভগবান্ রুদ্র বলিয়া বোধ হইত এবং কন্দর্প সদৃশ সৌন্দর্য্যবান্ ও মৃগেন্দ্রের ন্যায় প্রশস্তমনা ছিলেন ॥ ৫৬ ॥

অপর তিনি প্রজাবাৎসল্যে মনুর তুল্য, মনুষ্যদের উপরে প্রভুত্বে ব্রহ্মার সদৃশ, বেদবাদে বৃহস্পতির সমান এবং জিতেন্দ্রিয়তা বিষয়ে সাক্ষাৎ ভগবান্ হরির সদৃশ ছিলেন ॥ ৫৭ ॥

আর গো ব্রাহ্মণ, গুরু ও বিষ্ণুভক্ত জনের প্রতি ভক্তি এবং লজ্জা, বিনয়, শীল ও পরার্থ উদ্যমে তাঁহার উপমা স্থান ছিল না ॥ ৫৮ ॥

ত্রিলোকী মধ্যে সর্ব্বস্থানে সকল পুরুষেই তাঁহার যশঃ গান করিত, তাহাতে সীতাপতি রামচন্দ্র যেমন সাধু পুরুষদের কর্ণরন্ধ্রে প্রবিষ্ট হয়েন, তাহার ন্যায় তিনিও কুলকামিনীগণের শ্রবণ বিবরে প্রবিষ্ট হয়েন, তাঁহার ন্যায় তিনিও কুলাঙ্গনাগণে শ্রবণ বিবরে প্রবিষ্ট হইতেন ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি চতুর্থে দ্বাবিংশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ।

দৃষ্ট্বাত্মানং প্রবয়সমেকদা বৈণ্য আত্মবান্। আত্মনা বর্দ্ধিতাশেষ স্বানুসর্গঃ প্রজাপতিঃ॥ ১॥
জগতস্তস্থুষশ্চাপি বৃত্তিদো ধর্ম্মভৃৎ সতাং। নিষ্পাদিতেশ্বরাদেশো যদর্থমিহ জজ্ঞিবান্॥ ২॥
আত্মজেষ্বাত্মজাং ন্যস্য বিরহাদ্রুদতীমিব। প্রজাসু বিমনঃস্বেকঃ সদারোঽগাত্তপোবনং॥ ৩॥

শ্রীধরস্বামী।

ত্রয়োবিংশে সভার্য্যস্য বনে নিত্য সমাধিতঃ। বিমানমধিরুহ্যাথ বৈকুণ্ঠগতিরীর্য্যতে॥ ০॥
প্রবয়সং বৃদ্ধং দৃষ্ট্বা তপোবনমগাদিতি তৃতীয়েণান্বয়ঃ। স্বকৃতোঽনুসর্গঃ অন্নাদি সর্গঃ পুর গ্রামাদি সর্গশ্চ বর্দ্ধিতোঽশেষঃ স্বানুসর্গো যেন॥ ১॥
নিষ্পাদিত ঈশ্বরাদেশঃ প্রজাপালনাদির্যেন। জজ্ঞিবান্ জাতঃ॥ ২॥
আত্মজাং পৃথ্বীং বিমনঃসু চিন্তাতুরাসু সদারঃ সভার্য্যঃ॥ ৩॥

ক্রমসন্দর্ভঃ।

দৃষ্ট্বেতি ত্রিকং॥ ১॥
নিষ্পাদিতেতি তস্য ভগবৎ পার্ষদত্বং লীলামাত্রাঙ্গীকৃতেন নরাকারোপাধিত্বং তদাদেশসম্পাদনার্থমেব ধর্ম্মজ্ঞানাদ্যনুকরণং। তদাদেশশ্চ সাধারণ লোকশিক্ষার্থমেবেতি ব্যক্তং তদেবমপি শুদ্ধ ভক্তত্বমেব স্থাপিতং॥ ২॥
রোদনে লিঙ্গং প্রজাসু বিমনঃ স্বিতি॥ ৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রয়োবিংশে বনং গত্বা তপঃ কৃত্বা হরিং যজন্। ত্যক্ত্বা নৃলোকং সস্ত্রীকো বৈকুণ্ঠমগমৎ পৃথুঃ॥ ০॥
আত্মানং দেহং প্রবয়সং বৃদ্ধং দৃষ্ট্বা অদ্যাপি ভগবানস্মাৎ সাক্ষাৎ সেবার্থং স্বপার্শ্বং ন নয়তীত্যতোঽনুমীয়তে মম তাবৎ প্রমাণকং ভজনং নাভূন্নিষ্কষায়তাচ নবর্ত্তত ইত্যতো বানপ্রস্থাশ্রমমিষেণ বনং গত্বা কীর্ত্তন স্মরণাভ্যামষ্টাবেব যামান্নয়নম্বৎ পূর্ব্ব পুরুষো ধ্রুব ইব শীঘ্রং ভগবৎ প্রাপ্ত্যর্থমেব তপঃ কুর্ব্বন্ লোকে বানপ্রস্থ ধর্ম্মং খ্যাপয়ামীতি মনসি নিশ্চিত্য তপোবনমগাদিতি তৃতীয়েনান্বয়ঃ আত্মনা স্বেনৈব বর্দ্ধিতোঽশেষঃ স্বীয়োঽনুসর্গঃ অন্নাদি পুরগ্রামাদি সর্গো যেন সঃ। আত্মজাং পৃথ্বীং॥ ১। ২। ৩॥

ত্রয়োবিংশতি অধ্যায়ে ভার্য্যা সহ বন প্রস্থান করিয়া নিত্য সমাধি দ্বারা বিমানারোহণ পূর্ব্বক পৃথুর বৈকুণ্ঠ গমন॥ ০॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! ব্রহ্মতনয় যোগীশ্বর সনৎকুমারের প্রমুখাৎ আত্মতত্ত্ব শ্রবণাবধি, প্রজাপতি পৃথু সর্ব্বদা আত্মনিষ্ঠ থাকিতেন এবং অন্নাদি দান ও পুর গ্রামাদির উৎসর্গ অশেষ রূপে বর্দ্ধিত করিয়াছিলেন। ঐ রূপে কাল যাপন করিতে করিতে একদা বিবেচনা করিলেন আমি ত এক্ষণে প্রাচীন হইলাম॥ ১॥

পৃথিবীস্থ স্থাবর জঙ্গমের বৃত্তি বিধান ও সাধু পুরুষদিগের ধর্ম্ম পালন করিয়াছি, অপর যে প্রজা রক্ষণার্থ ভূমণ্ডলে আমার জন্ম হয়, যথাসাধ্য তাহা নির্ব্বাহ করাতে জগদীশ্বরের আদেশও নিষ্পাদিত হইয়াছে॥ ২॥

এক্ষণে আর গৃহাশ্রমে কি প্রয়োজন? এই প্রকার বিবেচনা করিয়া আপনার পুত্রী স্বরূপা পৃথ্বীকে পুত্র হস্তে সমর্পণ পূর্ব্বক তপস্যার্থ ভার্য্যা সহ একাকী তপোবনে প্রস্থান করিলেন। তাঁহার বিরহে ধরণী যেন রোদন করিতে লাগিলেন এবং প্রজাকুল অতিশয় চিন্তাকুল হইল॥ ৩॥

তত্রাপ্যদাভ্য নিয়মো বৈখানসসুসম্মতে। আরব্ধ উগ্রে তপসি যথা স্ববিজয়ে পুরা ॥ ৪ ॥
কন্দমূল ফলাহারঃ শুষ্কপর্ণাশনঃ ক্বচিৎ। অব্ভক্ষঃ কতিচিৎ পক্ষান্ বায়ুভক্ষস্ততঃ পরং ॥ ৫ ॥
গ্রীষ্মে পঞ্চতপা বীরো বর্ষাস্বাসারষাণ্মুনিঃ। আকণ্ঠমগ্নঃ শিশিরে উদকে স্থণ্ডিলেশয়ঃ ॥
তিতিক্ষুর্যতবাগ্দান্ত ঊর্দ্ধরেতা যতানিলঃ। আরিরাধয়িষুঃ কৃষ্ণমচরত্তপ উত্তমং ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

অদাভ্যা বিঘ্নৈর্শিষ্কিতুমশক্যা নিয়মা যস্য। বানপ্রস্থানাং সুসম্মতে উগ্রে তপসি আরব্ধঃ প্রবৃত্তঃ কর্ত্তরি ক্তঃ। স্বস্য ধরামণ্ডলস্য বিজয়ে পূর্ব্বং যথা মহতা যত্নেন প্রবৃত্তঃ ॥ ৪ ॥

উগ্রং তপো দর্শয়তি কন্দমূলেতি ত্রিভিঃ ক্বচিৎ কদাচিৎ ॥ ৫ ॥

চতুর্দ্দিক্ষু চত্বারোঽগ্নয়ঃ উপরি সূর্য্য ইতি পঞ্চানাং তপঃ সন্তাপো যস্য স পঞ্চতপাঃ। আসারং সহত ইত্যাসারষাট্। শিশিরে ঋতৌ স্থণ্ডিলেশয়ঃ ভূমিশয়নঃ সর্ব্বদা ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

অদাভ্যেতি দম্ভনোদন ইতি কম্নক্রমাৎ। এতদ্বৈবোব অদাভ্যেতি গৌড়াঃ। অধ্যাত্মেতি সম্বন্ধোক্তিঃ আত্মনিয়মানিতি চিৎসুখঃ ॥৪

কন্দেতি ত্রিকং ॥ ৫ ॥

বীরেত্যত্র ধীরেতি ক্বচিৎ। জিতেত্যত্র যতেরিতি ক্বচিৎ। আরিরাধয়িষুঃ কৃষ্ণমিতি। তত্তৎ প্রচারার্থং তেনাবতারিতত্বাত্তদাজ্ঞা প্রতিপালন রূপ মারাধনং কর্ত্তুমিচ্ছুরিত্যর্থঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাপীতি যথা গার্হস্থ্যে কর্ম্মকরণং কর্ম্মিজন প্রদর্শনয়া তথৈব তৃতীয়াশ্রমেপি বানপ্রস্থ জন প্রদর্শনয়াস্য তপশ্চরণমিত্যাহ বৈখানসানাং সুসম্মতে উগ্রতপসি আরব্ধঃ প্রবৃত্তঃ। অদাভ্য নিয়মোঽখণ্ডা ব্রতঃ। দম্ভনোদনে ইতি ধাতোঃ রূপং স্বস্য স্বীয়স্য ধরামণ্ডলস্য জয়ে যথা পূর্ব্বং যত্নেন প্রবৃত্তঃ ॥ ৪।৫ ॥

চতুর্দ্দিক্ষু চত্বারোঽগ্নয় উপরি সূর্য্যঃ ইতি পঞ্চতপাঃ আসারষাট্ ধারাসংপাতসহঃ। স্থণ্ডিলেশয়ঃ ভূমিশায়ী ননু লোক প্রদর্শনার্থকেপি তস্মিং স্তাবতি তপসি তস্য কীদৃশং মন আসীত্তত্রাহ আরিরাধয়িষুরিতি বৈকুণ্ঠে সাক্ষাৎ কৃষ্ণারাধনকামোঽহং তপশ্চরামীতি তস্য সঙ্কল্প আসীদিত্যর্থঃ। দৃশ্যতেচ রাগাত্মক ভক্তিমতাং সিদ্ধানাং শ্রীবিশাখাদি গোপীজনানাং বৃহদ্বামন দৃষ্টানাং শ্রুতীনাঞ্চ কৃষ্ণপ্রাপ্ত্যর্থং তপশ্চরণমিতি ॥ ৬ ॥

আদিরাজ পৃথু পূর্ব্বে যেমন ধরামণ্ডল জয়ে মহৎ যত্ন পূর্ব্বক প্রবৃত্ত ছিলেন তপোবনে গিয়া তেমনি বানপ্রস্থাশ্রমের সম্মত উগ্র তপস্যায় প্রবৃত্ত হইলেন। তাঁহার প্রতাপে সেখানে তপস্যা বিষয়ক কোন নিয়ম বিঘ্ন দ্বারা প্রতিহত হইল না ॥ ৪ ॥

বৎস বিদুর! বেণতনয় পৃথুর কঠোর তপস্যার বিবরণ বলি শ্রবণ কর, কদাচিৎ কন্দমূল ও ফল মাত্র আহার করিতেন, কখন বা কেবল শুষ্কপত্র ভক্ষণ করিয়া থাকিতেন, কতিপয় দিবস জলপানেই যাপন হইত, তাহার পরে বায়ু মাত্র ভক্ষণ করিয়া দেহ যাত্রা নির্ব্বাহ করিতেন ॥ ৫ ॥

গ্রীষ্ম ঋতুতে চারি দিকে অগ্নি ও উপরে খরতর দিনকরের কিরণ সহ্য করত পঞ্চতপা হইয়া থাকিতেন, বর্ষাকালে অনাবৃত স্থানে উপবিষ্ট হইয়া বারিধারা বর্ষণ সহিষ্ণুতা করিতেন। শীতকালে জলাশয়ে গিয়া জলমধ্যে কণ্ঠদেশ পর্য্যন্ত নিমগ্ন করিয়া থাকিতেন। আর মৌনব্রত ও ভূমি শয়ন সর্ব্বদাই ছিল। অপর দান্ত, সহিষ্ণু ও ঊর্দ্ধরেতা হইয়া বাক্য ও প্রাণবায়ুকে সংযমন করিয়া থাকিতেন। এই রূপে ভগবান্ শ্রীকৃষ্ণের আরাধনা বাসনায় অত্যুৎকৃষ্ট তপস্যা আচরণ করিতে লাগিলেন ॥ ৬

তেন ক্রমানুরুদ্ধেন ধ্বস্ত কর্ম্মামলাশয়ঃ। প্রাণায়ামৈঃ সংনিরুদ্ধ ষড়্বর্গশ্ছিন্ন বন্ধনঃ।
সনৎকুমারো ভগবান্ যমাহাধ্যাত্মিকং পরং। যোগং তেনৈব পুরুষমভজৎ পুরুষর্ষভঃ।
ভগবদ্ধর্ম্মিণঃ সাধো শ্রদ্ধয়া যততস্তদা। ভক্তির্ভগবতি ব্রহ্মণ্যনন্য বিষয়াভবৎ ॥ ৭ ॥
তস্যানয়া ভগবতঃ পরিকর্ম্ম শুদ্ধসত্ত্বাত্মনস্তদনু সংস্মরণানুপূর্ত্ত্যা।

শ্রীধরস্বামী।

তেন তপসা ক্রমানুরুদ্ধেন শনৈঃ প্রাপ্তেন ধ্বস্তানি কর্ম্মাণি যস্ত অতঃ অমল আশয়ো যস্ত ছিন্নানি বন্ধনানি বাসনা যস্য ॥ ৭ ॥
পরি কর্ম্মণা পরিচর্য্যয়া শুদ্ধসত্ত্ব আত্মা মনো যস্ত তস্য জ্ঞানমভূৎ কীদৃশং যেন নিজমুপাধিং জীবকোশং হৃদয়গ্রন্থিং সংশয়ানামসন্তা-

ক্রমসন্দর্ভঃ।

তেনেতি যুগ্মকং। সিদ্ধেনেত্যত্রাবিরুদ্ধেনেতি কচিৎ। ধ্বস্তকর্ম্মেত্যাদিকমনুকরণমাত্রং। কর্ম্মবন্তানমপি ভগবদারাধনায়ৈ বানুকৃতমিত্যাহ। সনদিতি ॥
অতএব তৎফলং তথৈব জাতমিত্যাহ। ভগবদিতি। সদেত্যত্র তদেতি কচিৎ ॥ ৭ ॥
তত স্তাদৃশ ভক্ত্যঙ্গে জ্ঞান বৈরাগ্যে ব্যজ্ঞোপাধি পরিত্যাগশ্চ দর্শিত ইত্যাহ। তস্যানযেতি মূর্ত্ত্যোত্যত্র পূর্ব্বেতি চিৎসুখঃ ॥ ৮

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তেন তপসা ক্রমেণৈবানুসিদ্ধেন পরিপাকং প্রাপ্তেন অমলাশয়ঃ প্রফুল্লমনাঃ ধ্বস্ত কর্ম্মাতু স প্রাগেব প্রাণায়ামৈর্ভগবন্মন্ত্রা বৃত্তিভিরেব ভক্তিমার্গ বিহিতৈঃ। আত্মনি স্বস্মিন্নধিকৃতং বিনয়াদিত্বাৎ স্বার্থে ঠক্ আধ্যাত্মিকং পরমস্তিকং যৎ পাদপঙ্কজ পলাশেত্যাদি পদ্যদ্বয়েনোক্তং শুদ্ধং ভক্তিযোগং ব্যাখ্যান্তরে আধ্যাত্মিকস্য জ্ঞানযোগস্য পরত্বানুক্তেঃ শ্রেষ্ঠত্বানুক্তেশ্চ তেন চ পুরুষ ভজনাসম্ভবাদুত্তর শ্লোকেচানুপপত্তেশ্চাসঙ্গতিরেব তাদৃশ শব্দেনোক্তিস্ত ভক্তিযোগস্য রহস্যত্ব ব্যঞ্জিকৈব জ্ঞেয়া ॥ ৭ ॥
ততশ্চ হরিভক্তি মহাদেব্যাঃ সর্ব্বা মুক্ত্যাদি সিদ্ধয়ঃ। ভুক্তয়শ্চাদ্ভুতা স্তস্যাশ্চেটিকাবদনু ক্রতা ইতি নারদপঞ্চরাত্রোক্তে স্তস্যা নন্যভক্তিমতোঽনাকাঙ্ক্ষতোপি স্বতএব স্বয়ং ব্রহ্মবিদ্যা তথা অণিমাদ্যষ্টাদশ সিদ্ধয়শ্চ মূর্ত্তিমত্য এবাগত্য বয়ং ভগবতা প্রেষিতা স্তদর্থমেব অস্মানঙ্গীকুর্ব্বিতি বদন্ত্য স্তস্যাভিমুখে প্রাদুরভবন্নিত্যাহ তস্যেতি দ্বাভ্যাং পরিকর্ম্মণা পরিচর্য্যায়া শুদ্ধসত্ত্ব এবাত্মা মনো যস্ত তস্ত পৃথোরনয়া ভক্ত্যা জ্ঞানং ব্রহ্মবিদ্যাখ্যং বিরক্তিযুক্তমভূৎ স্বতএব প্রাদুর্বভূব। ভক্ত্যা কীদৃশ্যা ভগবদনুক্ষণ স্মরণেনানুপূর্ত্তি র্যস্যা স্তয়া যদ্যপি শুদ্ধ ভক্তাশ্চাতকা ইব ভক্তেরেব মাধুর্য্যাস্বাদিনঃ স্বয়ং প্রাপ্তামপি ব্রহ্মবিদ্যাং নাঙ্গীকুর্ব্বন্তি তৎ কার্য্যভূতো লিঙ্গদেহধ্বংসো ভক্ত্যৈব বিনানুসন্ধানেনাপি ভবেৎ। যদুক্তং জরয়ত্যাশু যা কোষং নিগীর্ণ মনলো যথেতি। তদপি যথা কশ্চিৎ জাঠরানলেন জরয়িষ্যমাণস্যাপি নিগীর্ণান্নস্য শীঘ্র পাকার্থং কিমপ্যৌষধং পিবতি তথৈব পৃথু র্ভগবদ্ধাম্নি সাক্ষাৎ সেবা প্রাপ্ত্যর্থমত্যুৎকণ্ঠঃ কাল বিলম্বাসহিষ্ণুঃ সোপাধি ধ্বংসনার্থং ব্রহ্মজ্ঞানমঙ্গীচকারেত্যাহ নিশিতেনাতিতীক্ষ্নেন যেন জ্ঞানেন নিজ জীবকোষং সোপাধিং চিচ্ছেদ। কীদৃশঃ সংশয়দপং ভক্ত্যা দৃষ্ট সাক্ষাদ্ভগবচ্চরণস্ত মে জীব কোষো নাস্ত্যস্তি বেতি তদীয় সন্দেহাস্পদং বস্তুত স্তস্য জীবকোষোনাস্ত্যেব কৃষ্ণস্ত পূর্ব্বদেহ কথাশ্রয়মিতি উভাবপি চ ভদ্রস্ত উত্তমঃশ্লোকবিগ্রহাবিত্যাদ্যুক্তেঃ। পৃথু দেহস্ত ভগবদ্বিগ্রহত্বাৎ। তদপি পৃথোস্তস্য যোগেন স্বদেহত্যাগ চিকীর্ষাতু ভক্তিমহিম্না স্বস্মিন্ প্রাকৃতত্ব মননাৎ দেহপাত

তপস্যার প্রভাবে তাঁহার কর্ম্ম সকল ক্রমশঃ ক্ষয় প্রাপ্ত হইল, অতএব চিত্ত নির্ম্মল হইতে লাগিল এবং প্রাণায়াম দ্বারা কামাদি রিপু ষড়্বর্গের প্রচার নিরুদ্ধ ও বাসনা সকল নিঃসংশয়িত রূপে ছিন্ন হইয়া গেল। তদনন্তর ভগবান্ সনৎকুমার যে আধ্যাত্মিক যোগ উপদেশ করিয়াছিলেন তাহা অবলম্বন করিয়া ভগবান্ পরম পুরুষের উপাসনায় প্রবৃত্ত হইলেন। বৎস বিদুর! আদিরাজ পৃথু সাধু এবং ভগবদ্ধর্ম্ম নিষ্ঠ ছিলেন, শ্রদ্ধা সহকারে এবম্প্রকার যত্ন করাতে অচিরেই ভগবান্ ব্রহ্মে তাঁহার ঐকান্তিকী ভক্তি হইল ॥ ৭ ॥

ভগবানের পরিচর্য্যা দ্বারা পৃথুর চিত্ত বিশুদ্ধ হইয়াছিল অতএব শীঘ্রই বৈরাগ্য বিশিষ্ট জ্ঞান উদিত

জ্ঞানং বিরক্তিমদভূরিনিশিতেন যেন চিচ্ছেদ সংশয়পদং নিজজীবকোষং ॥ ৮ ॥
ছিন্নান্যধীরধিগতাত্ম গতি র্নিরীহস্তত্তত্যজেঽচ্ছিনদিদং বয়ুনেন যেন।
তাবন্ন যোগগতিভির্যতিরপ্রমত্তো যাবদ্গদাগ্রজকথাসু রতিং ন কুর্য্যাৎ।

শ্রীধরস্বামী।

বনাদীনাং পদমাশ্রয়ং চিচ্ছেদ। কীদৃশেন অনয়া ভক্ত্যা নিশিতেন কথম্ভূতয়া তস্য ভগবতঃ সংস্মরণেনানুপূর্ত্তি র্যস্যাস্তয়া নিশিতেন ॥ ৮ ॥

কিঞ্চ ছিন্না অন্যধীঃ দেহাত্মবুদ্ধি র্যস্য। যতোঽধিগতাত্মগতিঃ অতএব নিরীহঃ। প্রাপ্তাসু সিদ্ধিষু নিস্পৃহঃ। যেন বয়ুনেন জ্ঞানেন ইদং সংশয়পদং চিচ্ছেদ তৎ তত্যজে ত্যক্তবান্ তৎ প্রযত্নাদপ্যুপররামেত্যর্থঃ। তস্য যোগসিদ্ধিষপি নিস্পৃহত্বং যুক্তমে-

ক্রমসন্দর্ভঃ।

ততশ্চ ছিন্না অন্যত্র উপাধি রূপে ধী দৃষ্টি র্যস্য অধিগতঃ প্রকটিতঃ আত্মনঃ পার্ষদ রূপস্যাপি জ্ঞানং যেন তথাভূতঃ সন্ অতএব নিরীহঃ প্রাপ্ত্যান্তরেচ্ছা শূন্যঃ সন্ যেনতু বয়ুনেনেদং সংশয়পদমচ্ছিনৎ তত্যজে। নচানুষ্ঠিতো জ্ঞান যোগঃ স্বগতি দানেন তস্য ভক্তিগতিং বিহন্তুং শক্নোতি। যত যাবদিতি। অত্রতু স্বাভাবিক্যেব চ তৎ কথা রতিরিত্যপি নাসৌ প্রভবেদিতি ভাবঃ অত্র বৈকুণ্ঠ গতিস্ত ন সিদ্ধ্যন্তরবদিতি টীকাভিপ্রায়শ্চ ॥

এবং ভাবনা গতং ত্যাগমুক্ত্বা সাক্ষাদপ্যাহ। এবমিতি। ধীরেতি কচিৎ। আত্মানং মনঃ আত্মনি পার্ষদ রূপে অতএব ব্রহ্ম

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রবণন্তু বহির্মুখমতোৎখাত্তা ভাবার্থং ভগবদবতারাণামিব অন্যেষাং ভগবদ্ভক্তানামিব চ মায়য়ৈব প্রত্যায়িতং ভগবৎসু শ্রীরামস্য ভক্তেষু শ্রীধ্রুবস্য দেহ পাতাভাবএব তেষাং দেহপাতাভাবোপলক্ষণার্থো জ্ঞেয় ইতি তু ভক্তান্ প্রতি সিদ্ধান্তো দর্শিতো জ্ঞেয়ঃ ॥ ৮ ॥

ততশ্চ ছিন্না অন্যধী র্দেহাত্ম বুদ্ধি র্যস্য সঃ। অধিগতাত্ম গতিঃ অনুভূত পরমাত্ম স্বরূপঃ। নিরীহঃ প্রাপ্তাসু সিদ্ধিষু নিস্পৃহঃ নতু কথং নিস্পৃহত্বং বিদ্যাঙ্গীকারাদিত্যত আহ যেন বয়ুনেন জ্ঞানেন ইদং লিঙ্গশরীরং অচ্ছিনচ্চিচ্ছেদ তত্তত্যজে তত্যাজ। তাবৎ প্রয়োজনার্থমেব তদঙ্গীকারাদনন্তরঞ্চ তজ্জ্ঞানং তত্যাজৈবেতি বস্তুতো নিস্পৃহত্বমেবেত্যর্থঃ। অয়মত্রাশয়ঃ। শুদ্ধায়া ভক্তেঃ ফলং দ্বিবিধং অনুসংহিতমননুসংহিতঞ্চ তত্রানুসংহিতং প্রেমভক্তিরেব অননুসংহিতং জ্ঞানসিদ্ধ্যাদি। তত্রচ কস্যচিত্তুকস্য স্বতঃ প্রাপ্তএব তত্র তত্র যদ্যাদিৎসা স্যাত্তদা শুদ্ধায়া ভক্তেঃ সঙ্কোচঃ স্যাৎ। যদুক্তমেকাদশে। অন্তরায়ান্ বদন্ত্যেতানিতি। কিঞ্চ তত্ত্যাগ সামর্থ্যঞ্চ শুদ্ধ ভক্ত্যভ্যাস বলেনৈব স্যাদিত্যাহ তাবদিতি তস্য শ্রীকৃষ্ণকথারতত্বান্ন তাসু লোভোজাত ইতি শ্রীস্বামিচরণাঃ ॥

কিঞ্চ তাসু সিদ্ধিষু মধ্যে স্বচ্ছন্দমৃত্যুনাম্নীং সিদ্ধিং স্বয়মুপস্থিতামালক্ষ্য শীঘ্রমেব ভগবৎ পার্শ্বং জিগমিষো স্তস্য পৃথোর্বিদ্যায়া ইব তস্যা অপি যদৈবাঙ্গী চিকীর্ষা অজনিষ্ট তদৈব তয়া মহাকর্ম্মঠ পুরোধসেব দেহত্যাগ প্রকারঃ শিক্ষয়ত্যা পৃথুঃ স্বেচ্ছয়ৈব সুখেন দেহং ত্যক্তুমারেভে ইত্যাহ এবমিতি ষড্ভিঃ। বীরপ্রবর ইতি দেহমেবমধুনৈব ত্যক্ত্বা শুদ্ধচিন্ময়াকারঃ সন্ সংপ্রত্যেব

হইল, সেই জ্ঞান ভগবানের অনুস্মরণে পরিপুষ্ট ভক্তির দ্বারা তিক্ষ্ণীকৃত হওয়াতে তদ্দারা তিনি অসম্ভাবনাদির আশ্রয় যে হৃদয়গ্রন্থি তাহা ছেদন করিয়া ফেলিলেন ॥ ৮ ॥

অপর তাঁহার দেহে আত্মবুদ্ধি ছিন্ন হইয়া গেল এবং ভগবৎ স্বরূপ প্রাপ্ত হওয়াতে উপস্থিত অণিমাদি সিদ্ধিতেও আর স্পৃহা রহিল না, অতএব যে জ্ঞানদ্বারা অসম্ভাবনাদির আস্পদ হৃদয়গ্রন্থির ছেদন হইল, পরে তাহাও পরিত্যাগ করিলেন অর্থাৎ ঐ বিষয়ে যত্ন করিতে বিরত হইলেন। বিদুর! ঐ অবস্থায় যোগ সিদ্ধি বিষয়ে পৃথুর নিঃস্পৃহ হওয়া উপযুক্ত বটে কারণ যাবৎ পর্য্যন্ত ভগবান্ শ্রীকৃষ্ণের কথায় রতি হইয়া তাহাতে লোভ না জন্মে তাবৎ পর্য্যন্তই যোগগতি বিশিষ্ট যতি অপ্রমত্ত হইতে পারে না

এবং স বীরপ্রবরঃ সংযোজ্যাত্মানমাত্মনি। ব্রহ্মভূতো দৃঢ়ঃ কালে তত্যাজ স্বং কলেবরং ॥ ৯॥
সংপীড্য পায়ুং পার্ষ্ণিভ্যাং বায়ুমুৎসারয়ন্ শনৈঃ। নাভ্যাং কোষ্ঠেষবস্থাপ্য হৃদুরঃ কণ্ঠশীর্ষণি ॥১০
উৎসর্পয়ংশ্চ তং মূর্দ্ধি ক্রমেণাবেশ্য নিস্পৃহঃ ॥ ১১ ॥
বায়ুং বায়ৌ ক্ষিতৌ কায়ং তেজস্তেজস্যযূযুজৎ। খান্যাকাশে দ্রবং তোয়ে যথাস্থানং বিভাগশঃ ॥১২

শ্রীধরস্বামী।

বেত্যাহ। তাবন্নাপ্রমত্তঃ কিন্তু প্রমত্তো ভবতি। তস্য শ্রীকৃষ্ণকথারতত্বাৎ ন তাসু লোভো জাত ইত্যর্থঃ ॥ ৯ ॥
দেহত্যাগপ্রকারমাহ সংপীড্যেতি পঞ্চভিঃ। পায়ুং গুদং সংপীড্যেতি মুক্তাসনং সূচিতং। সংপীড্য সীবনীং সূক্ষ্মাং গুল্ফে নৈবতু মধ্যতঃ। সব্যে দক্ষিণ গুল্ফেন মুক্তাসনমিতীরিতং। মূলাধারাৎ বায়ুমুৎসারয়ন্ ঊর্দ্ধং নয়ন্ নাভ্যামবস্থাপ্য ততঃ কোষ্ঠেষবস্থাপ্য অযূযুজদিত্যুত্তরেণান্বয়ঃ। কোষ্ঠান্যেবাহ। হৃদাদীনাং দ্বন্দ্বৈক্যং শীর্ষং ভ্রূমধ্যং তস্মিন্ ॥ ১০ ॥
তং বায়ুং। অসূনিতি পাঠে এবমসূন্ প্রাণানুৎসর্পয়ন্ ক্রমেণ মূর্দ্ধি ব্রহ্মরন্ধ্রে আবেশ্য ততোদেহারম্ভক পঞ্চভূতানি সমষ্টি ভূতেষু বিলাপিতবান্ ॥ ১১ ॥
তদাহ বায়ুং বায়ৌ অযূযুজৎ একীকৃতবান্ কায়ং দেহগত কঠিনাংশং ক্ষিতৌ খানি ইন্দ্রিয়চ্ছিদ্রাণি দ্রবাংশং তোয়ে ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভূতঃ শুদ্ধ চিদ্রূপঃ সন্ কালে ভগবত স্তাদৃশেচ্ছাবসরে দৃঢ়মপুনরাবৃত্তি র্যথাস্যাত্তথা স্বং স্বীকৃতং কলেবরমুপাধিং তত্যাজ ॥ ৯ ॥
সংপীড্যেতি ত্রিকং। উৎসর্পন্নিতি চিৎসুখঃ ॥ ১০। ১১। ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৈকুণ্ঠং গত্বা ভগবচ্চরণৌ পরিচরাণীতি জাত মহোৎসাহ ইত্যর্থঃ। আত্মানং মনঃ আত্মনি পার্ষদ রূপে দেহে। অতএব ব্রহ্মভূতঃ শুদ্ধচিদ্রূপঃ সন্ ॥ ৯ ॥
দেহত্যাগে ব্যাপারান্ স্বয়ং স্ফুরিতানাহ সংপীড্যেতি মুক্তাসনং সূচিতং সংপীড্য সীবনীং সূক্ষ্মাং গুল্ফেনৈবতু মধ্যতঃ। সব্যে দক্ষিণ গুল্ফেন মুক্তাসনমিতীরিতমিতি। মূলাধারচক্রাদ্বায়ুমুৎসারয়ন্ ঊর্দ্ধং স্বাধিষ্ঠানচক্রং নয়ন্ নাভ্যাং মণিপূরক চক্রে অবস্থাপ্য ততঃ কোষ্ঠেষবস্থাপ্য অযূযুজৎ ইত্যুত্তরেণান্বয়ঃ। কোষ্ঠান্যেবাহ হৃৎ অনাহত চক্রং। উরঃ কণ্ঠাধো বিশুদ্ধি চক্রং কণ্ঠ স্তস্যৈব চক্রস্যাগ্রদেশঃ শীর্ষং ভ্রূমধ্যমাজ্ঞাচক্রং তস্মিন্ ॥ ১০ ॥
তং বায়ুং উৎসর্পয়ন্নসূনিতি পাঠে প্রাণান্। মূর্দ্ধি ব্রহ্মরন্ধ্রে আবেশ্য ॥ ১১ ॥
বায়ুং দেহারম্ভকং তং সমষ্টিবায়ৌ অযূযুজৎ একীকৃতবান্। এবমন্যান্যপি দেহারম্ভকং ভূত চতুষ্টয়ানি সমষ্টি ভূতেষু বিলাপিত

মত্ত থাকেন। ভগবৎ কথায় লোভ জন্মিলে আর তাহাতে প্রয়োজন কি? সে যাহা হউক ধীরবর পৃথু এই প্রকারে আত্মাতে আত্ম যোজন পূর্ব্বক ব্রহ্ম স্বরূপ হইয়াছিলেন। তদনন্তর কাল উপস্থিত হইলে স্বীয় কলেবর পরিত্যাগ করিলেন ॥ ৯ ॥

বিদুর! আদিরাজ পৃথুর দেহ ত্যাগের প্রকার বলি শ্রবণ কর। তিনি চরণ দ্বয়ের পার্ষ্ণি দ্বারা গুহ্যদ্বার নিপীড়িত করিয়া মূলাধার অর্থাৎ গুহ্য ও লিঙ্গের মধ্য অঙ্গুলিদ্বয় পরিমিত স্থান হইতে ক্রমে বায়ুকে ঊর্দ্ধে উত্তোলন পূর্ব্বক স্বাধিষ্ঠান চক্রে স্থাপন করিলেন, তাহার পরে ঐ বায়ুকে নাভি স্থানে অর্থাৎ মণিপুর চক্রে লইয়া গেলেন, তদনন্তর কোষ্ঠ সকলে অর্থাৎ হৃদয় (অনাহতচক্র) বক্ষঃস্থল (বিশুদ্ধ চক্র) কণ্ঠদেশ (বিশুদ্ধ চক্রের অগ্রভাগ) ও ভ্রূমধ্যে অর্থাৎ আজ্ঞাচক্রে নীত করিলেন ॥ ১০

তাহার পর সেই বায়ুকে ব্রহ্মরন্ধ্রে উত্তোলন পূর্ব্বক স্থাপন করিয়া ॥ ১১ ॥

দেহারম্ভক পঞ্চভূতকে বিভাগ করত মহাভূতের সহিত মিশ্রিত করিয়া অর্থাৎ দেহস্থ বায়ুকে

ক্ষিতিমম্ভসি তত্তেজস্যদো বায়ৌ নভস্যমুং। ইন্দ্রিয়েষু মনস্তানি তন্মাত্রেষু যথোদ্ভবং ॥ ১৩ ॥
ভূতাদিনামূন্যুৎকৃষ্য মহত্যাত্মনি সন্দধে। তং সর্ব্বগুণবিন্যাসং জীবে মায়াময়ে স্বধাৎ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

তদেবং দেহং প্রবিলাপ্যাদ্বিতীয়াত্ম প্রতিপত্ত্যর্থং মহাভূতানামপি লয়মাহ ক্ষিতিং অম্ভস্যেকীকৃতবান্। তৎ অম্ভঃ। অদস্তেজঃ অমুং বায়ুং। তদেবং তামসাহঙ্কার কার্য্যস্য আকাশ পর্য্যন্তং লয়মুক্ত্বা সাত্ত্বিক রাজসাহঙ্কার কার্য্যাণাং লয়মাহ ইন্দ্রিয়েষু মন ইতি দেবানামপ্যুপলক্ষণং। ন বিকল্পক জ্ঞানে মনস ইন্দ্রিয়ৈরাকর্ষণাৎ তেষু লয়াভিধানং নতু কার্য্যত্বাৎ। তদুক্তং গীতাসু। ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে ইতি অত্রচ ইন্দ্রিয়ৈ র্বিষয়াকৃষ্টৈরাক্ষিপ্তং ধ্যায়তাং মন ইতি ইন্দ্রিয়েষু নভ ইতি পাঠেপ্যয়মর্থঃ। ভট্টাদীনাং মতে নভশ্চাক্ষুষং কেষাঞ্চিন্মানসং। আনুমানিকত্বমতেপীন্দ্রিয় ব্যাপারোস্ত্যেব। নভোগুণঃ শব্দঃ শ্রোত্রগ্রাহ্যঃ অত ইন্দ্রিয় গ্রাহ্যত্বাৎ ইন্দ্রিয়েষু নভোবিলাপিতমিতি তানি ইন্দ্রিয়াণি যথোদ্ভবং উদ্ভবোঽত্র বৃত্তিলাভঃ সচ বিষয়াধীন ইতি শ্রোত্রাদীনাং বিশেষণ শব্দাদিষু লয়ঃ। যদ্বা তন্মাত্র কার্য্যাণ্যেবেন্দ্রিয়াণি মনোপি অপঞ্চীকৃত পঞ্চতন্মাত্র কার্য্যং আহঙ্কারিকত্বাভিধানং তু তদধীনত্ববিবক্ষয়েত্যবিরোধঃ ॥ ১৩ ॥

ভূতাদিনাহঙ্কারেণ প্রাগবশিষ্ট নভঃ সহিতানীন্দ্রিয়াণি উৎকৃষ্য পরতোনীত্বা ভূতাদৌ ক্ষিপ্ত্বা তেন সহ মহত্তত্বে সংদধ ইত্যর্থঃ

ক্রমসন্দর্ভঃ।

মনসো দেবতানাং চেন্দ্রিয়েষু লয়স্ত তানি বিনা মন আদয়ঃ স্বরূপং ন প্রাপ্নুবন্তি। তত্তদগ্রাহ্য রূপাপি মাত্রা লম্ভনত্বাদিতি ভাবনা ময়ো জ্ঞেয়ঃ অমূনি তন্মাত্রাণি ॥ ১৩ ॥

ভূতাদিনা অহঙ্কারেণ মেলয়িত্বা ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বানিত্যাহ। কায়ং কায়স্থিতা ক্ষিতিঃ ক্ষিতৌ এবং কায়স্থিতং তেজঃ খানি কায়স্থিত ছিদ্রাণি দ্রবং কায়স্থিতং জলং ॥ ১২ ॥

তদেবং দেহং প্রবিলাপ্য অদ্বিতীয়াত্ম প্রতিপত্ত্যর্থং মহাভূতানামপি লয়ং ভাবয়ামাসেত্যাহ ক্ষিতিমম্ভসীত্যাদি তৎ অম্ভঃ অদস্তেজঃ অমুং বায়ুং ॥

তদেবং তামসাহঙ্কার কার্য্যস্যাকাশ পর্য্যন্তঃ লয়মুক্ত্বা সাত্ত্বিক রাজসাহঙ্কার কার্য্যাণাং লয়মাহ। ইন্দ্রিয়েম্বিতি মন ইতি দেবানামপ্যুপলক্ষণং। মনঃ দেবতাশ্চ ইন্দ্রিয়েষু সন্দধে বিলাপয়ামাস। তানীন্দ্রিয়াণি তন্মাত্রেষু শব্দাদিম্বিতি মনস ইন্দ্রিয়াধীনত্বাৎ ইন্দ্রিয়েষু লয়ঃ। ইন্দ্রিয়াণাঞ্চ বিষয়াধীনত্বাৎ বিষয়েষু লয়ঃ সঙ্গত এব। যদুক্তং ইন্দ্রিয়ৈর্বিষয়াকৃষ্টৈ রাক্ষিপ্তং ধ্যায়তাং মন ইতি। যথোদ্ভবমিতি পরত্রৈবান্বেতি। নতু পূর্ব্বত্র। ততশ্চ যথোদ্ভবং যথাস্যাত্তথা ॥ ১৩ ॥

অমূনি তন্মাত্রাণি ভূতাদিনা অহঙ্কারেণ উৎক্ষিপ্য তত্রৈব ভূতাদাবেব উৎকর্ষেণ ক্ষিপ্ত্বা প্রবিলাপ্যেত্যর্থঃ। তং ভূতাদিঞ্চ মহ-

বায়ুতে, দেহের কঠিন ভাগকে ক্ষিতিতে, দৈহিক তেজকে তেজে, দেহস্থিত ইন্দ্রিয় ছিদ্রকে–আকাশে এবং দেহের রসভাগকে জলে সংযোজন করিলেন ॥ ১২ ॥

বৎস! আদিরাজ পৃথু এই প্রকারে দেহ বিলয় করিয়া পরে অদ্বিতীয় আত্ম প্রাপ্ত্যর্থ মহাভূত সকলেরও লয় করিলেন। যথাক্রমে ক্ষিতিকে জলে লয় করিয়া সেই জলকে তেজে বিলীন করিলেন। তাহার পরে তেজকে বায়ুতে লয় করিয়া ঐ বায়ুকে আকাশে মিশাইয়া দিলেন। এই প্রকারে তামস অহঙ্কারের কার্য্য সকলের লয় হইলে তৎপরে সাত্ত্বিক ও রাজসিক অহঙ্কারের কার্য্য সকলকে যথা স্থানে লীন করিলেন অর্থাৎ আকাশকে ইন্দ্রিয় পঞ্চকে এবং পাঁচ ইন্দ্রিয়কে তাহাদের উৎপত্তি ক্রমে অপঞ্চীকৃত পঞ্চতন্মাত্রে বিলীন করিলেন ॥ ১৩ ॥

তাহার পরে অহঙ্কারের সহিত পূর্ব্বাবশিষ্ট আকাশ ও সেই ইন্দ্রিয় সকলকে অহঙ্কারে ক্ষেপণ

তত্রানুশয়মাত্মস্থমসাবনুশয়ী পুমান্ । জ্ঞানবৈরাগ্যবীর্য্যেণ স্বরূপস্থোঽজহাৎ প্রভুঃ ॥ ১৫ ॥
অর্চ্চির্নাম মহারাজ্ঞী তৎপত্ন্যনুগতা বনং । সুকুমার্য্যতদর্হা চ যৎ পদ্ভ্যাং স্পর্শনং ভুবঃ ॥ ১৬ ॥
অতীব ভর্ত্তু র্ব্রতধর্ম্ম নিষ্ঠয়া শুশ্রূষয়া চার্ষদেহযাত্রয়া ।

শ্রীধরস্বামী ।

সর্ব্বেষাং গুণানাং বিন্যাসঃ স্থিতি র্যস্মিন্ তং মহান্তং মায়াময়ে মায়োপাধি প্রধানে জীবে ॥ ১৪ ॥
তত্রানুশয়োপাধিং । যঃ পূর্ব্বমনুশয়ী পুমান্ জীবঃ অসৌ পৃথুঃ ব্রহ্মণি স্থিতঃ সন্নজহাদিত্যর্থঃ ॥ ১৫ ॥
বনপ্রবেশমারভ্য রাজ্ঞ্যাঃ কথামাহ অর্চ্চির্নামেতি চতুর্ভিঃ । অনুগতা অনুজগাম । অতদর্হা তদপি নার্হতি যা । কিং পদ্ভ্যাং ভুবঃ স্পর্শনমিতি যৎ ॥ ১৬ ॥
ভর্ত্তু র্ব্রতং যদ্ভূমিশয়নাদি তস্মিন্ ধর্ম্মে যা নিষ্ঠা তয়া । ঋষীণামিয়মার্ষী দেহযাত্রা কন্দমূলাদিবৃত্তিঃ তয়া চ আর্ত্তিং দুঃখং ন

ক্রমসন্দর্ভঃ ।

তমিত্যৰ্দ্ধকং ॥
জ্ঞান বৈরাগ্যয়ো বীর্য্যং যস্মাত্তেন ভক্তিযোগেনেত্যর্থঃ স্ব স্বরূপে পার্ষদলক্ষণে স্থিতঃ সন্ প্রভুস্তত্র মহা সমর্থঃ জহাদিত্য-ত্রাপ্যধাদিতি কচিৎ । অপ্যধাৎ তিরোহিতবান্ অজহাদিত্যর্থঃ । ইতি স্বামি তাৎপর্য্যাদেষ এব পাঠঃ । ইতি তজ্জ্ঞাঃ অজহাদিত্যেব পাঠঃ কিন্তু যঃ পূর্ব্বমিত্যধ্যাহার সংপাদনায়ৈব ইত্যুক্তমন্যৈ ॥ ১৫ । ১৬ ॥
প্রেয়সঃ কর্ম্মভূতস্য যৎ সেবায়াং করেণ স্পর্শনে মানঃ পূজনঞ্চ তাভ্যাং নির্বৃতি র্যস্যাঃ নির্বৃতেতি চিৎসুখঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ত্যাত্মনি মহত্তত্ত্বে ইন্দ্রিয়েষু নভ ইতি পাঠে যথাস্থানমিত্যস্যানুবৃত্তেঃ সর্ব্বত্রাধারাধেয় ভাবেনৈব লয়োজ্ঞেয়ঃ । তথাহি ক্ষিতিরম্ভসি তিষ্ঠতি অম্ভস্তেজসি তিষ্ঠতীত্যেবং পূর্ব্ব পূর্ব্বেষামাদেয়ানাং পর পরত্রাধারে লয়ঃ । নভশ্চ ইন্দ্রিয়েষু তিষ্ঠতীতি তস্য তেষু লয়ঃ । মনসোপীন্দ্রিয়ত্বাদিন্দ্রিয়াণি সর্ব্বাণি বিষয়োন্মুখত্বাদ্বিষয়েষু তিষ্ঠন্তীতি ইন্দ্রিয়াণাং তন্মাত্রেষু লয়ঃ ততশ্চ তন্মাত্রাণাং যথোদ্ভব-মিত্যনেন পূর্ব্বানুবৃত্তেন যথাস্থানমিত্যনেনাপ্যন্বয়ঃ সম্ভবতি ॥
সর্ব্বেষাং গুণানাং বিন্যাসঃ স্থিতি র্যত্র তং মায়াময়ে জীবে জীবোপাধৌ মায়ায়ামিত্যর্থঃ স জীবো যৎ পুনর্ভব ইত্যাদিষু জীবো-পাধাবপি জীব শব্দ প্রয়োগ দর্শনাৎ ॥ ১৪ ॥
তত্রানুশয়মুপাধিং যঃ পূর্ব্বমনুশয়ী পুমান্ জীবঃ । অসৌ পৃথু র্জ্ঞান বৈরাগ্য রূপায়া বিদ্যাশক্তে বীর্য্যেণ প্রভাবেন স্বস্ব রূপে ভগবদ্ভক্তি লব্ধে পার্ষদ দেহে স্থিতঃ সন্নজহাৎ প্রভুঃ ত্যাগে পরম সমর্থঃ । পূর্ব্বে চিচ্ছেদ সংশয় পদং নিজ জীবকোষমিতি যৎকোষ ছেদন মুক্তং তদেতৎপ্রকারকমেব পুনঃ স্থূল দেহত্যাগ সময়ে পিষ্টপেষ ন্যায়েন তথা চক্র ইতি ততশ্চ ভগবৎ প্রেষিতং বিমান মারুহ্য বৈকুণ্ঠং জগামেত্যগ্রিম বাক্যে ব্যক্তং ভাবি ॥ ১৫ ॥ বন প্রবেশমারভ্য রাজ্ঞ্যাঃ কথামাহ অর্চ্চির্নামেতি চতুর্ভিঃ ॥১৬
ব্রতং ভূমিশয়নাদি ধর্ম্মঃ শ্রবণ কীর্ত্তনাদিঃ । আর্ষদেহযাত্রা কন্দমূলাদি বৃত্তিঃ তয়া । প্রেয়সঃ কর্ম্মভূতস্য যৎ সেবায়াং

পূর্ব্বক তাহার সহিত মহত্তত্ত্বে সংযোগ করিলেন এবং ঐ মহত্তত্ত্বকে মায়োপাধি প্রধান জীবে যোজন করিলেন ॥ ১৪ ॥

বিদুর ! আদিরাজ পৃথু এই অবস্থার পূর্ব্বে অনুশায়ী জীব ছিলেন এক্ষণে জ্ঞান ও বৈরাগ্য বলে আত্মস্থ হইয়া অনুশয়োপাধি জীবকেও পরিত্যাগ করিলেন ॥ ১৫ ॥

বৎস ! এক্ষণে পৃথু পত্নী অর্চ্চিঃ নাম্নী মহারাজ্ঞীর কথা বলি শ্রবণ কর । তিনি যদিও অতিশয় সুকুমারী ছিলেন চরণদ্বয় দ্বারা ভূমি স্পর্শও তাঁহার যোগ্য ছিল না, তথাচ পতির সহিত পদব্রজে বন গমন করিয়াছিলেন ॥ ১৬ ॥

ভর্তার যে ভূমিশয়নাদি ব্রত তাহাতেই তাঁহারও অতিশয় নিষ্ঠা হয়, ঋষি সম্বন্ধীয় দেহযাত্রা অর্থাৎ

নাবিন্দতার্ত্তিং পরিকর্শিতাপি সা প্রেয়স্করস্পর্শনমান নির্বৃত্তিঃ ॥ ১৭ ॥
দেহং বিপন্নাখিল চেতনাদিকং পত্যুঃ পৃথিব্যা দয়িতস্যচাত্মনঃ।
আলক্ষ্য কিঞ্চিচ্চ বিলপ্য সা সতী চিতামথারোপয়দদ্রিসানুনি ॥ ১৮ ॥
বিধায় কৃত্যং হ্রদিনী জলাপ্লুতা দত্ত্বোদকং ভর্ত্তুরুদারকর্ম্মণঃ।
নত্বা দিবিষ্ঠাং স্ত্রিদশাং স্ত্রিঃ পরীত্য বিবেশ বহ্নিং ধ্যায়তী ভর্ত্তৃপাদং ॥ ১৯ ॥
বিলোক্যানুগতাং সাধ্বীং পৃথুং বীরবরং পতিং। তুষ্টুবুর্বরদা দেবৈ র্দেবপত্ন্যঃ সহস্রশঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

প্রাপ তত্র হেতুঃ প্রেয়সঃ করেণ স্পর্শনং মানঞ্চ তাভ্যাং নির্বৃতির্যস্যাঃ ॥ ১৭ ॥
পৃথিব্যাঃ পত্যু র্দুহিতৃত্বস্থ তস্যা দেবতা রূপেণ বিপন্নং নষ্টমখিলং চেতনাদিকং যস্মিন্ তথাভূতং দেহমালক্ষ্য তদ্দেহং চিতামারোপয়ং ॥ ১৮ ॥

কৃত্যং তৎকালোচিতং বিধায় হ্রদিন্যা জলে আপ্লুতা স্নাতা সতী ভর্ত্তুরুদকং দত্ত্বা দিবি অন্তরীক্ষে স্থিতান্ নত্বা। বহ্নিং ত্রিঃ প্রদক্ষিণী কৃত্য ॥ ১৯ ॥

দেবৈঃ সহিতাঃ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

কিঞ্চিদ্বিলপ্যেতি। স্নেহেন বিলপ্য বিচারেণ তু তৎ পরিত্যজ্যেত্যর্থঃ ॥ ১৮ । ১৯ । ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

করেণ স্পর্শনং মানঃ পূজনঞ্চ তাভ্যামেব নির্বৃতি র্যস্যাঃ সা ॥ ১৭ ॥

আত্মনঃ স্বস্য পত্যুঃ পৃথোঃ। দয়া সংজাতা হস্তেতি দয়িত স্তস্য। পৃথিব্যাং দুহিতৃ ভাবাৎ তস্যাং তস্য দয়ৈবেত্যর্থঃ। কিঞ্চিচ্চ বিলপ্যেতি তৎ কালোচিতক্রিয়াব্যগ্রত্বাৎ ॥ ১৮ ॥

দিবিস্থিতান্ স্বর্গাদাগত্য পৃথুং দিদৃক্ষুং স্তস্যা দৃগ্গোচর এবান্তরীক্ষে স্থিতান্ বহ্নিং ত্রিঃ প্রদক্ষিণীকৃত্য ॥ ১ । ২০ ॥

কন্দমূল ফল বৃত্তি দ্বারা জীবন ধারণ পূর্ব্বক নিরন্তর স্বামির শুশ্রূষা করিতেন। এসকল কঠোরে অত্যন্ত কৃশা হইলেও তাঁহার ক্লেশ বোধ হইত না, যে হেতু প্রিয়তম পতি কর দ্বারা স্পর্শ ও আদর করাতে তাহাতেই নির্বৃতি লাভ করিতেন ॥ ১৭ ॥

পতিপরায়ণা অর্চ্চিঃ যখন দেখিলেন আপনার ও পৃথিবীর পতি পৃথুর দেহে চেতনাদি সমুদায় বিনষ্ট হইল তখন কিয়ৎক্ষণ বিলাপ করিয়া পরে পর্ব্বতের প্রস্থে চিতা রচনা পূর্ব্বক তদুপরি স্বামির কলেবর আরোপণ করিলেন ॥ ১৮ ॥

তদনন্তর তৎকালোচিত অন্যান্য ক্রিয়া নির্ব্বাহ করিয়া নদীর জলে অবগাহন পূর্ব্বক উদার কর্ম্মা ভর্ত্তার তর্পণ করিলেন। পরে অন্তরীক্ষ স্থিত দেবগণকে প্রণাম করিয়া তিনবার চিতা প্রদক্ষিণ করত ভর্ত্তৃচরণ চিন্তা করিতে করিতে বহ্নি প্রবেশ করিলেন ॥ ১৯ ॥

বৎস বিদুর! পতি পরায়ণা অর্চ্চিকে বীরবর পতি পৃথুর সহিত সহমৃতা দেখিয়া আকাশ পথে দণ্ডায়মান দেবপত্নী সকল দেবগণের সহিত সহস্র বার স্তব করিতে লাগিলেন ॥ ২০ ॥

কুর্ব্বত্যঃ কুসুমাসারং তস্মিন্ মন্দরসানুনি। নদৎস্বমরতূর্য্যেষু গৃণন্তিস্ম পরস্পরং ॥

শ্রীদেব্য উচুঃ ॥

অহো ইয়ং বধূর্ধন্যা যা চৈবং ভূভুজাং পতিং। সর্ব্বাত্মনা পতিং ভেজে যজ্ঞেশং শ্রীর্বধূরিব।

সৈষা নূনং ব্রজত্যূর্দ্ধমনুবৈণ্যং পতিং সতী। পশ্যতাস্মানতীত্যার্চ্চি র্দুর্বিভাব্যেন কর্ম্মণা ॥ ২১ ॥

তেষাং দুরাপং কিন্ত্বন্যন্মর্ত্ত্যানাং ভগবৎ পদং। ভুবি লোলায়ুষো যে বৈ নৈষ্কর্ম্ম্যং সাধয়ন্ত্যুত ॥ ২২ ॥

সবঞ্চিতো বতাত্মধ্রুক্ কৃচ্ছ্রেণ মহতা ভুবি। লব্ধ্বাপবর্গ্যং মানুষ্যং বিষয়েষু বিষজ্জতে ॥

শ্রীধরস্বামী।

গৃণন্তিস্ম অস্তাবন্ত ॥ ২১ ॥

ভগবান্ পদ্যতে গম্যতেঽনেনেতি তথা তৎ নৈষ্কর্ম্ম্যং জ্ঞানং যে চঞ্চলায়ুষোপি সাধয়ন্তি তেষামন্যৎ দেবাদিপদং কিমু দুর্লভং ন কিঞ্চিদিত্যর্থঃ ॥ ২২ ॥

অভক্তং শোচন্তি সবঞ্চিত ইতি যত আত্মনে দ্রুহ্যতি যোঽপবর্গসাধনং মানুষ্যং লব্ধ্বাপি বিষয়েষ্বাসক্তিং যাতি ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

এষা ইত্যঙ্গুল্যা দর্শয়তি। উর্দ্ধং শ্রীবৈকুণ্ঠলোকং। অনুবৈণ্যমিত্যগ্রপশ্চাদ্ভাবেন দর্শনাৎ ॥ ২১ ॥

টীকায়াং ভগবৎ প্রাপকং জ্ঞানমিতি ভক্তিযোগাঙ্গত্বমুক্তং। যদ্বা। ভগবৎ পদং শ্রীবৈকুণ্ঠং নৈষ্কর্ম্ম্যং কর্ম্মণা ন সাধ্যমিত্যর্থঃ। বিদ্যুল্লোলায়ুষ ইতি চিৎসুখ মতঃ ॥ ২২ ॥

আপবর্গ্যং সালোক্যাদি সিদ্ধিদং ভক্তিযোগসিদ্ধিদং বা ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃণন্তিস্ম উচুঃ ॥

এষেত্যঙ্গুল্যা দর্শয়ন্তি উর্দ্ধমিত্যধঃ কিং চিতাগ্নিং পশ্যথেতি ভাবঃ। নূনমিতি বিতর্কে যেয়ং বিমানস্থা কাচিৎ বিদ্যোতিনী দৃশ্যতে সৈষা অর্চ্চিরেব ভবেদিত্যর্থঃ। অনুবৈণ্যমিত্যগ্রে বিমানস্থং বৈণ্যং তৎ পশ্চাদর্চ্চিষমপি বিমানে পশ্যতেত্যর্থঃ। অস্মান তীত্যেতি বয়ং দেবতা অস্যাঃ পাদতলবর্ত্তিনোঽভূমেতি ভাবঃ ॥ ২১ ॥

হন্ত হন্ত ঈদৃশ্যএব মানুষ্যোবয়মপি ভূয়াস্ম যদি ভাগ্যং স্যাদিত্যাহ তেষামিতি কিং উ অন্যং পারমেষ্ঠ্যাদিকং যে বৈ নিশ্চিত মেতে পৃথ্বর্চ্চিঃ প্রভৃতয়ঃ ভগবতঃ পদং ধাম বৈকুণ্ঠং নৈষ্কর্ম্ম্য রূপং ॥ ২২ ॥

অভক্তং শোচন্তি স ইতি ॥

অনন্তর অমরগণের তুরী ভেরী প্রভৃতি বাদিত হইলে অমরাঙ্গনা সকল ঐ পর্ব্বতের প্রস্থে পুষ্প বৃষ্টি করিতে করিতে পরস্পর কহিতে লাগিলেন। আহা! এই বধূ অর্চ্চিঃ অতিধন্যা, যজ্ঞেশ্বরের বধূ লক্ষ্মীর তুল্যা, মহীপতিদিগের পতি আপন পতিকে সর্ব্বান্তঃকরণে ভজনা করিয়াছেন, সেই দুর্ব্বিভাব্য আত্ম কর্ম্ম দ্বারা আমাদিগকে অতিক্রম করিয়া উর্দ্ধলোকে স্বামির পশ্চাৎ পশ্চাৎ গমন করিতেছেন। কি আশ্চর্য্য! দেখ! দেখ! ॥ ২১ ॥

অথবা এ বিষয় বিস্ময়কর নহে যে সকল ব্যক্তি চঞ্চল পরমায়ুঃ প্রাপ্ত হইয়াও এমত নৈষ্কর্ম্ম অর্থাৎ জ্ঞান সাধন করে যাহাতে ভগবানকে প্রাপ্ত হওয়া যায়, তাহাদের দেবাদি পদ কি দুর্ল্লভ হয়? অর্থাৎ তাহাদের পক্ষে উহাও কিছুই নহে ॥ ২২ ॥

আহা! পৃথিবী মধ্যে মনুষ্য জন্ম অপবর্গের সাধন, অতি কৃচ্ছ্রে সেই মানব জন্ম লাভ করিয়া যে

শ্রীমৈত্রেয় উবাচ ॥

স্তুবন্তীষ্বমরস্ত্রীষু পতিলোকং গতা বধূঃ। যং বা আত্মবিদাং ধুর্য্যো বৈণ্যঃ প্রাপাচ্যুতাশ্রয়ঃ।
ইত্থং ভূতানুভাবোঽসৌ পৃথুঃ স ভগবত্তমঃ। কীর্ত্তিতং তস্য চরিতমুদ্দামচরিতস্য তে।
য ইদং সুমহৎ পুণ্যং শ্রদ্ধয়াবহিতঃ পঠেৎ। শ্রাবয়েচ্ছৃণুয়াদ্বাপি স পৃথোঃ পদবীমিয়াৎ ॥ ২৩ ॥
ব্রাহ্মণো ব্রহ্মবর্চ্চস্বী রাজন্যো জগতীপতিঃ। বৈশ্যঃ পঠন্ বিট্পতিঃ স্যাৎ শূদ্রঃ সত্তমতামিয়াৎ।
ত্রিঃ কৃত্ব ইদমাকর্ণ্য নরো নার্য্যথ বাদৃতা। অপ্রজাঃ সুপ্রজতমো নির্ধনো ধনবত্তমঃ।
অস্পষ্টকীর্ত্তিঃ সুযশা মূর্খো ভবতি পণ্ডিতঃ। ইদং স্বস্ত্যয়নং পুংসামমঙ্গল্য নিবারণং।
ধন্যং যশস্যমায়ুষ্যং স্বর্গ্যং কলিমলাপহং। ধর্ম্মার্থকামমোক্ষাণাং সম্যক্ সিদ্ধিমভীপ্সুভিঃ।

শ্রীধরস্বামী।

বিশাং পশ্বাদীনাং বৈশ্যাদীনাং বা পতিঃ স্যাৎ ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

পত্যুঃ শ্রীপৃথোঃ সম্বন্ধিনং লোকং। তং প্রাপ্তলোকমিত্যর্থঃ। তস্য প্রাপঙ্কিকত্বং নিষেধয়তি যং বা ইতি। আত্মবিদাং ধুর্য্যঃ অচ্যুতাশ্রয় ইতি জ্ঞান প্রচারত্বেনাত্মবিদামাশ্রয়ঃ। স্বতস্তচ্যুত মাত্র শরণ ইত্যর্থঃ ॥ ২৩ ॥

ব্রাহ্মণ ইতি। সার্দ্ধযুগ্মকং ॥ ২৪। ২৫। ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্থ কিং সহমরণপুণ্যলভ্যং পতিলোকং নহি নহি যং লোকং বৈ নিশ্চিতং বৈণ্যঃ প্রাপ আত্মবিদাং ধুর্য্য ইতি ন তস্য প্রাকৃতঃ পতিলোকঃ প্রাপ্ত্যর্হ ইতি ভাবঃ। অচ্যুতাশ্রয় ইতি নাপি সাযুজ্যং লভ্যং। নকাময়ে নাথেত্যাদি তদীয় প্রার্থনা বিরোধাৎ। অতঃ শ্রীস্বামিচরণৈরেতদধ্যায়ার্থ উক্তঃ। যথা। ত্রয়োবিংশে সভার্য্যস্য বনে নিত্য সমাধিতঃ। বিমানমধিরুহ্যাথ বৈকুণ্ঠগতি রীর্য্যত ইতি ভক্তভিন্নেষ্বেব পতিলোকস্য বলীয়ত্বং জ্ঞেয়ং ॥ ২৩ ॥

বিশাঃ পশ্বাদীনাং বৈশ্যানাং বা পতিঃ স্যাৎ ॥ ২৪ ॥

ব্যক্তি মোক্ষের নিমিত্ত যত্ন না করিয়া বিষয়ে আসক্ত হয়, তাহার প্রতি বিধাতার বিড়ম্বনা! সে আপনা হইতে আপনার সুমহৎ অনিষ্ট করে। মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! এ দিকে অমর স্ত্রী সকল ঐ প্রকারে স্তব করিতে লাগিলেন ও দিকে পৃথুপত্নী অর্চ্চিঃ পতিলোকে গিয়া উপনীত হইলেন, অথবা আত্মজ্ঞ শ্রেষ্ঠ অচ্যুতাশ্রয় বেণতনয় পৃথু যে লোক প্রাপ্ত হইলেন অর্চ্চিও সেই লোকে গিয়া উপস্থিত হইলেন। বৎস! মহা ভাগবত পৃথু এই প্রকার মহাভানুভব ও উদ্দাম চরিত, তাঁহার এই চরিত্র তোমার নিকট কীর্ত্তন করিলাম। যে ব্যক্তি অবহিত হইয়া শ্রদ্ধা পূর্ব্বক এই সুমহৎ পুণ্য আখ্যান স্বয়ং পাঠে অথবা শ্রবণ করাইবে কিম্বা করিবে, তাহার পৃথুর পদবীতে গতি হইবে ॥ ২৩ ॥

ব্রাহ্মণেরা এই চরিত্র পাঠ করিলে ব্রহ্মতেজঃ সম্পন্ন ক্ষত্রিয়ে পড়িলে পৃথিবীপতি, বৈশ্য পাঠ করিলে পশ্বাদির পতি হইবে। আর যদি শূদ্রে পড়ে সে অতি সাধু হইবে। নর অথবা নারী যদি শ্রদ্ধান্বিত হইয়া এই চরিত্র তিনবার শ্রবণ করে, তবে যে ব্যক্তি অপুত্রক সে সৎপুত্রবান্ ও যে নির্দ্ধন সে মহাধন সম্পন্ন হইবে, আর যাহার কীর্ত্তি অস্পষ্ট, তাহার যশঃ সর্ব্বত্র বিস্তৃত হইবে, এবং ইহা শুনিয়া মূর্খ জনেরাও পাণ্ডিত্য লাভ করিতে পারিবে। এই চরিত্র অতিশয় পবিত্র ও স্বস্ত্যয়ন স্বরূপ, ইহাতে পুরুষ সকলের সমস্ত অমঙ্গল নিবারণ হয়, ইহা আয়ুঃ ধন ও যশের বৃদ্ধিকারী এবং স্বর্গের সাধন ও কলি কল্মষ নাশক। ধর্ম্ম অর্থ কাম মোক্ষের সম্যক্ সিদ্ধিকামি পুরুষেরা শ্রদ্ধা-

শ্রদ্ধয়ৈতদনুশ্রাব্যং চতুর্ণাং কারণং পরং। বিজয়াভিমুখোরাজা শ্রুত্বৈতদভিযাতি যান্।
বলিং তস্মৈ হরন্ত্যগ্রে রাজানঃ পৃথবে যথা ॥ ২৪ ॥
মুক্তান্যসঙ্গো ভগবত্যমলাং ভক্তিমুদ্বহন্। বৈণ্যস্য চরিতং পুণ্যং শৃণুয়াৎ শ্রাবয়েৎ পঠেৎ ॥ ২৫ ॥
বৈচিত্রবীর্য্যাভিহিতং মহন্মাহাত্ম্যসূচকং। অস্মিন্ কৃতমতির্মর্ত্ত্যঃ পার্থবীং গতিমাপ্নুয়াৎ ॥ ২৬
অনুদিনমিদমাদরেণ শৃণ্বন্ পৃথুচরিতং প্রথয়ন্ বিমুক্তসঙ্গঃ।
ভগবতি ভবসিন্ধুপোতপাদে সচ নিপুণাং লভতে রতিং মনুষ্যঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতং ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৩ ॥ * ॥

শ্রীধরস্বামী।

যদ্যপি বহূনি ফলানি ভবন্তি তথাপি মুক্তান্য সঙ্গএব শ্রবণাদি কুর্য্যাৎ ॥ ২৫ ॥
মহতো ভগবতো মাহাত্ম্য সূচকং পার্থবীং পৃথুসম্বন্ধিনীং পার্থিবীমিতিবা পাঠঃ ॥ ২৬ ॥
প্রথয়ন্ কীর্ত্তয়ন্ ভবসিন্ধৌ পোতঃ পাদৌ যস্য ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ত্রয়োবিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

মনুষ্য ইতি। মনুষ্য মাত্রস্যাধিকারিতা দর্শিতা ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য ত্রয়োবিংশতিতমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অমলাং শুদ্ধাং ভক্তিং উদ্বহন্ উদ্যোঢ়ুস্তু মুক্তান্যসঙ্গঃ ত্যক্তান্য ফলএব শৃণুয়াৎ ॥ ২৫ ॥
হে বিচিত্রবীর্য্যস্য পুত্র মহতাং মাহাত্ম্যস্য সূচকং পৃথূপাখ্যানমিদমভিহিতং। পার্থবীং পৃথুসম্বন্ধিনীং ॥ ২৬ । ২৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োবিংশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ন্বিত হইয়া সর্ব্বদা ইহা শ্রবণ করিবেন, যে হেতু ইহা ঐ চতুষ্টয়ের প্রধান কারণ। বিজিগীষু রাজা এই আখ্যান শ্রবণ করিয়া যদি অন্য রাজাদের অভিমুখে যাত্রা করেন তাহা হইলে রাজারা অগ্রে পৃথুকে যে প্রকারে কর প্রদান করিত সেই প্রকারে স্বয়ং বশীভূত হইয়া তৎক্ষণাৎ তাঁহার নিকটে কর আনিয়া সমর্পণ করিবে ॥ ২৪ ॥

যদিও এই চরিত্র শ্রবণে বহুতর ফল হয়, অথাপি অন্য সঙ্গ পরিত্যাগ করিয়া ভগবানের প্রতি অমলা ভক্তি উদ্বহন পূর্ব্বক শ্রবণ অথবা শ্রাবণ কিম্বা পাঠ করিতে হইবে ॥ ২৫ ॥

হে বিচিত্রবীর্য্য তনয় বিদুর! এই চরিত্র ভগবানের মাহাত্ম্য সূচক, যে মানব ইহাতে আপনার মতি স্থির করেন তাঁহার পৃথু সম্বন্ধিনী গতি লাভ হইবে ॥ ২৬ ॥

বৎস! সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক আদিরাজ পৃথুর এই বিশুদ্ধ চরিত্র বিস্তার করিয়া সাদরে প্রতিদিন শ্রবণ ও কীর্ত্তন করিলে, এই সংসার সাগর নিস্তারের তরণী স্বরূপ ভগবানের পাদপদ্মে নিশ্চলা রতি লাভ হইবে ॥ ২৭ ॥

॥ * ॥ চতুর্থে ত্রয়োবিংশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

বিজিতাশ্বোঽধি রাজাসীৎ পৃথুপুত্রঃ পৃথুশ্রবাঃ। যবীয়োভ্যোঽদদাৎ কাষ্ঠা ভ্রাতৃভ্যো ভ্রাতৃবৎসলঃ ॥ ১ ॥

হর্য্যক্ষায়াদিশৎ প্রাচীং ধূম্রকেশায় দক্ষিণাং। প্রতীচীং বৃকসংজ্ঞায় তুর্য্যাং দ্রবিণসে বিভুঃ ॥ ২ ॥

অন্তর্দ্ধানগতিং শক্রাল্লব্ধ্বান্তর্দ্ধানসংজ্ঞিতঃ। অপত্যত্রয়মাধত্ত শিখণ্ডিন্যাং সুসম্মতং ॥ ৩ ॥

পাবকঃ পবমানশ্চ শুচিরিত্যগ্নয়ঃ পুরা। বশিষ্ঠশাপাদুৎপন্নাঃ পুনর্যোগগতিঙ্গতাঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

একাদশভিরধ্যায়ৈঃ পৃথোশ্চরিত্তমীরিতং। প্রচেতসামথাষ্টাভিস্তন্মধ্যে পঞ্চভিঃ পিতুঃ। চতুর্ব্বিংশে প্রপৌত্রাত্তু পৃথোঃ প্রাচীনবর্হিষঃ। প্রচেতসাং জনি স্তেভ্যোরুদ্রগীতঞ্চ বর্ণ্যতে ॥ ০ ॥

অধিরাজ আসীদিত্যর্থঃ। যবীয়োভ্যঃ কনিষ্ঠেভ্যঃ কাষ্ঠা দিশঃ ॥ ১ ॥

তুর্য্যাং চতুর্থীং ॥ ২ ॥

শক্রাল্লব্ধ্বা পৃথোরশ্বমেধে অশ্ববিজয়াবসরে ॥ ৩ ॥

অপত্যত্রয়মেবাহ পাবক ইতি পুরা যঃ শাপস্তস্মাৎ মনুষ্যেষু উৎপন্নাঃ সন্তঃ যোগগতিং অগ্নিত্বং প্রাপ্তাঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পৃথোঃ প্রপৌত্রাৎ প্রাচীন বর্হিষো যে প্রচেতসঃ। চতুর্বিংশে রুদ্রগীতং ত আপুরিতি কীর্ত্ত্যতে ॥ ০ ॥

অধিরাজা অধিরাজঃ যবীয়োভ্যঃ স্বকনিষ্ঠেভ্যঃ ॥ ১ । ২ ॥

লব্ধ্বা পিতুরশ্বমেধীয়াশ্ববিজয়াবসরে ইত্যর্থঃ। অন্তর্দ্ধান নামা ॥ ৩ ॥

যোগগতিমগ্নিত্বং ॥ ৪ ॥

চতুর্ব্বিংশতি অধ্যায়ে পৃথুর প্রপৌত্র প্রাচীনবর্হি হইতে প্রচেতাদিগের উৎপত্তি ও তাঁহাদের নিমিত্ত রুদ্রগীত বর্ণন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! আদিরাজ পৃথু মর্ত্ত্য দেহ পরিত্যাগ করিয়া দিব্য গতি লাভ করিলে তাঁহার যশস্বী পুত্র বিজিতাশ্ব অদ্বিতীয় ধরার অধীশ্বর হইয়া স্নেহ বশতঃ কনিষ্ঠ ভ্রাতাদিগকে এক এক দিক্ দান করিলেন ॥ ১ ॥

অর্থাৎ হর্য্যক্ষকে পূর্ব্ব, ধূম্রকেশকে দক্ষিণ, বৃককে পশ্চিম এবং দ্রবিণসকে উত্তর দিকের আধিপত্য দান করিলেন ॥ ২ ॥

মহারাজ পৃথু যৎকালীন অশ্বমেধ যজ্ঞ করেন, তখন অশ্ব জয়াবসরে বিজিতাশ্ব ইন্দ্রের নিকট অন্তর্দ্ধান গতি বিদ্যা প্রাপ্ত হন, এই নিমিত্ত পরে তাঁহার "অন্তর্দ্ধান" নাম হইয়াছিল। সে যাহা হউক, শিখণ্ডিনী নাম্নী তাঁহার যে ভার্য্যা ছিল, তাঁহার গর্ভে তিনি আত্মতুল্য তিনটী পুত্র উৎপন্ন করিলেন॥ ৩

পাবক, পবমান এবং শুচি। এই তিন অগ্নির প্রতি পূর্ব্বে বশিষ্ঠ মুনির শাপ হয়, তাহাতে ঐ তিন অগ্নিই মানব দেহ প্রাপ্ত হইয়া অন্তর্দ্ধানের তিন পুত্র হইয়া জন্মিলেন। কিন্তু পরে তাঁহারা পুনরায় আপনাদের যোগ গতি অর্থাৎ অগ্নিত্ব প্রাপ্ত হয়েন ॥ ৪ ॥

অন্তর্দ্ধানোনভস্বত্যাং হবির্দ্ধানমবিন্দত। য ইন্দ্রমশ্বহর্ত্তারং বিদ্বানপি নজঘ্নিবান্ ॥ ৫ ॥
রাজ্ঞাং বৃত্তিং করাদান দণ্ড শুল্কাদি দারুণাং। মন্যমানোদীর্ঘসত্র ব্যাজেন বিসসর্জ্জহ ॥ ৬ ॥
তত্রাপি হংসং পুরুষং পরমাত্মানমাত্মদৃক্। যজংস্তল্লোকতামাপ কুশলেন সমাধিনা।
হবির্দ্ধানাদ্ধবির্দ্ধানী বিদুরাসূত ষট্ সুতান্। বর্হিষদং গয়ং শুক্লং কৃষ্ণং সত্যং জিতব্রতং ॥ ৭ ॥
বর্হিষৎস্থ মহাভাগো হাবির্দ্ধানিঃ প্রজাপতিঃ। ক্রিয়াকাণ্ডেষু নিষ্ণাতো যোগেষুচ কুরূদ্বহ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

নভস্বত্যাং অন্যস্যাং ভার্য্যায়াং। অন্তর্দ্ধানস্ত বিশেষণং য ইতি। এতেন শক্রাদন্তর্দ্ধান গতিলাভে কারণমুক্তং ॥ ৫ ॥
সচান্তর্দ্ধানো রাজ্ঞাং বৃত্তিং করাদানাদিভিঃ দারুণাং পরপীড়াত্মিকাং মন্যমানো বিসসর্জ্জ ॥ ৬ ॥
হন্তি স্বানাং ক্লেশমিতি হংসস্তং পুরুষং পূর্ণং কুশলং পুণ্যং তদ্রূপেণ সমাধিনা ॥ ৭ ॥
হাবির্দ্ধানিঃ হবির্দ্ধানস্ত পুত্রঃ। যোগেষু প্রাণায়ামাদিষু ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

রাজ্ঞামিতি। সাক্ষাত্ত্যাগে রাজমর্য্যাদা লঙ্ঘনং স্যাদিতি ভাবঃ ॥ ১।২।৩।৪।৫।৬।৭।৮।৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নভস্বত্যামন্যস্যাং ভার্য্যায়াং যোঽন্তর্দ্ধানঃ। বিদ্বানপি ন জঘ্নিবানিতি শক্রাদন্তর্দ্ধান গতিলাভে কারণং ॥ ৫ ॥
যোঽন্তর্দ্ধানোরাজ্ঞাং বৃত্তিং বিসসর্জ্জ। কুতঃ করদানাদিভি দারুণাং মন্যমানঃ ॥ ৬ ॥
তত্রাপি দীর্ঘ সত্রেপি কর্ম্মকর্ম্মন্নপি হংসাবতারং যজন্ তস্য লোকএব লোকো বাসস্থানং যস্য মৃগেক্ষণেতি বৎ সমাসঃ তস্য ভাবস্তত্তা তাং ॥ ৭।৮ ॥

বৎস বিদুর! অন্তর্দ্ধানের শিখণ্ডিনী ভিন্ন অন্য একটী নভস্বতী নাম্নী ভার্য্যা ছিল, তাঁহার গর্ভে অন্তর্দ্ধান, হবির্দ্ধান নামে এক পুত্র লাভ করেন। অন্তর্দ্ধানের মহাত্মতার কথা কি বলিব ইন্দ্রকে পিতৃ যজ্ঞের অশ্বহর্ত্তা জানিয়াও বধ করেন নাই, তাহাতেই ইন্দ্র তুষ্ট হইয়া তাঁহাকে অন্তর্দ্ধান গতি বিদ্যা প্রদান করিয়াছিলেন ॥ ৫ ॥

সে যাহা হউক, অন্তর্দ্ধান পিতৃরাজ্য প্রাপ্ত হইয়া কিয়ৎকাল রাজকার্য্য নির্ব্বাহ করণানন্তর একদা বিবেচনা করিলেন কর আদায়, দণ্ড বিধান ও শুল্ক (মাসুল) গ্রহণ ইত্যাদিই রাজাদের বৃত্তি, এ সকল ত পরপীড়া দায়ক। অতএব দীর্ঘকাল সাধ্য একটী যজ্ঞ আরম্ভ করিয়া সেই ছলে রাজবৃত্তি পরিত্যাগ করিলেন ॥ ৬ ॥

এবং যে যজ্ঞ আরব্ধ হইল তাহাতেও পরমাত্ম দর্শী হইয়া আত্মীয় জনের ক্লেশহারি পূর্ণ পরম পুরুষের অর্চ্চনা করিতে লাগিলেন, অতএব পুণ্য সমাধি দ্বারা অচিরেই তাঁহার তল্লোক প্রাপ্তি হইল। বৎস বিদুর! মহারাজ পৃথুর দ্বিতীয় পুত্র হবির্দ্ধান, তাঁহার ভার্য্যার নাম হবির্দ্ধানী। হবির্দ্ধানের ঔরসে হবির্দ্ধানী ছয়টী পুত্র প্রসব করিলেন, তাহাদের নাম যথা বর্হিষদ, গয়, শুক্ল, কৃষ্ণ, সত্য এবং জিতব্রত ॥ ৭ ॥

হে কুরুবর! ঐ ছয়ের মধ্যে বর্হিষদ মহাভাগ্যবান্ ও প্রজাপতি ছিলেন, সর্ব্বদা ক্রিয়াকাণ্ড ও প্রাণায়ামাদি যোগে রত থাকিতেন ॥ ৮ ॥

যস্যেদং দেবযজনমনুযজ্ঞং বিতন্বতঃ। প্রাচীনাগ্রৈঃ কুশৈরাসীদাস্তৃতং বসুধাতলং ॥ ৯ ॥
সামুদ্রীং দেবদেবোক্তামুপযেমে শতদ্রুতিং ॥ ১০ ॥
যাং বীক্ষ্য চারু সর্ব্বাঙ্গীং কিশোরীং সুষ্ঠ্বলঙ্কৃতাং। পরিক্রামন্তীমুদ্বাহে চকমেঽগ্নিঃ শুকীমিব ॥ ১১
বিবুধাসুর গন্ধর্ব্ব মুনিসিদ্ধনরোরগাঃ। বিজিতাঃ সূর্য্যয়া দিক্ষু ক্বণয়ন্ত্যৈব নূপুরৈঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ক্রিয়াকাণ্ডে নিষ্ণাতত্বমাহ যস্তেতি। ইদং বসুধাতলং দেবযজনং যজ্ঞবাটং বিতন্বতঃ যত্রৈকো যজ্ঞঃ কৃত স্তৎ সমীপএব যজ্ঞান্তরং কুর্ব্বতঃ সতঃ। অতএব প্রাচীনবর্হিরুচ্যতে ॥ ৯ ॥

সমুদ্রস্য কন্যাং দেবদেবেন ব্রহ্মণোপদিষ্টাং শতদ্রুতিং নাম ॥ ১০ ॥

কিশোরীং বালাং পরিক্রামন্তীং প্রদক্ষিণং গচ্ছন্তীং শুকীমিবেতি। এবং হ্যাখ্যায়তে সপ্তর্ষীণাং সত্রে তদ্ভার্য্যাদর্শনেনাগ্নিঃ কামসন্তপ্তোঽভূৎ। তস্য তদ্ভার্য্যা স্বাহা নাম সপ্তর্ষি ভার্য্যারূপ ধারিণী সতী রময়ামাস রময়িত্বাচ তদ্রেতঃ শুকীরূপেণ শরস্তম্বে নিধায়াগচ্ছৎ। তাং যথা সপ্তর্ষিভার্য্যা ভ্রান্ত্যা অগ্নিঃ কামিতবান্ তদ্বদিতি শুকীমিতি পাঠে স্তোক ঘৃতধারামিত্যর্থঃ ॥ ১১ ॥

সূর্য্যয়া নবোঢ়য়ৈব বিবুধাদয়ো বিজিতা অভিভূতাঃ। তচ্চ নূপুরৈঃ পাদৌ ক্বণয়ন্ত্যৈব ধ্বনি মাত্রেণ ইত্যর্থঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

সামুদ্রীমিত্যর্দ্ধকং ॥ ১০। ১১। ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্যেদং বসুধাতলং কুশৈরাস্তৃতমাচ্ছাদিতমাসীদিতি। পৃথিব্যাং তাদৃশং স্থলং নাসীদ্যত্র তেন যজ্ঞঃ কৃতো নাসীদিত্যতএব সপ্রাচীনবর্হিরিত্যুচ্যত ইতি ভাবঃ। তত্রাপ্যনুযজ্ঞং প্রতিযজ্ঞমেবং দেবানাং সর্ব্বেষামেব যজনং বিতন্বতঃ বিস্তার্য্য মুখ্য কল্পেনৈব কুর্ব্বতঃ ॥ ৯ ॥ সমুদ্রস্য কন্যাং দেবদেবেন ব্রহ্মণোপদিষ্টাং ॥ ১০ ॥

শুকীমিবেত্যেবং হ্যাখ্যায়তে। মহর্ষীণাং সত্রে তদ্ভার্য্যা দর্শনেনাগ্নিঃ কামার্ত্তোঽভূৎ তস্য তদ্ভার্য্যা স্বাহা নাম সপ্তর্ষি ভার্য্যা রূপ ধারিণী সতী রময়ামাস রময়িত্বাচ তদ্রেতঃ শুকীরূপেণ শরস্তম্বে নিধায়াগচ্ছৎ তাং যথা সপ্তর্ষি ভার্য্যা ভ্রান্ত্যা অগ্নিঃ কামিতবান্ তদ্বৎ। শুকীমিবেতি পাঠে স্তোক ঘৃতধারামিবেত্যর্থঃ ॥ ১১ ॥

সূর্য্যয়া নবোঢ়য়ৈব বিজিতাঃ। তচ্চ নূপুরৈঃ পাদৌ ক্বণয়ন্ত্যৈব ধ্বনিমাত্রেণৈব নতু তাং কেপি দ্রষ্টুং শেকুরিতি ভাবঃ ॥১২।১৩

তিনি যে খানে একটী যজ্ঞ করিতেন তাহার সমীপে পুনরায় যজ্ঞ করিয়া বসুধা তলকে যজ্ঞবেদিময় করিয়াছিলেন এবং তদীয় পূর্ব্বাগ্র কুশা দ্বারা অবনীতল আস্তৃত হইয়াছিল। অতএব লোকে এখনও তাঁহাকে প্রাচীনবর্হিঃ বলিয়া থাকে ॥ ৯ ॥

তিনি ব্রহ্মার আদেশে সমুদ্র কন্যা শত দ্রুতির পাণিগ্রহণ করিয়াছিলেন ॥ ১০ ॥

শতদ্রুতির রূপ লাবণ্যের কথা কি বলিব বিবাহার্থ অলঙ্কৃত হইয়া সেই বালা যখন অগ্নি প্রদক্ষিণ করিতেছিলেন তখন হুতাশন শুকীর ন্যায় তাহার প্রতি কাম ভাব প্রকাশ করেন।

এই বিষয়ে আখ্যায়িকা যথা। পূর্ব্বে সপ্তর্ষিদের যজ্ঞে তাঁহাদের ভার্য্যাকে নিরীক্ষণ করিয়া অগ্নি কামাতুর হয়েন, তাহাতে অগ্নির ভার্য্যা স্বাহা সপ্তর্ষিদের ভার্য্যা রূপ ধারণ করিয়া অগ্নিকে রমণ করান, এবং রমণানন্তর শুকী রূপিণী হইয়া অগ্নির রেত শর স্তম্বে রাখিয়া আইসেন। অগ্নি যেমন সপ্তর্ষি ভার্য্যা ভ্রমে শুকীতে উপগত হন তদ্রূপ শতদ্রুতিতেও কামাতুর হইয়াছিলেন ॥ ১১ ॥

সে যাহা হউক, নববিবাহিতা সেই কন্যা নূপুর দ্বারা চরণের ধ্বনি করিয়াই সকল দিকের সুর অসুর গন্ধর্ব্ব মুনি সিদ্ধ উরগ ও নর সকলকে জয় করিলেন ॥ ১২ ॥

প্রাচীনবর্হিষঃ পুত্রাঃ শতদ্রুত্যাং দশাভবন্। তুল্যনাম ব্রতাঃ সর্ব্বে ধর্ম্মস্নাতাঃ প্রচেতসঃ॥ ১৩
পিত্রা দিষ্টাঃ প্রজাসর্গে তপসেঽর্ণবমাবিশন্। দশবর্ষ সহস্রাণি তপসার্চ্চং স্তপস্পতিং।
যদুক্তং পথি দৃষ্টেন গিরিশেন প্রসীদতা। তদ্ধ্যায়ন্তো জপন্তশ্চ পূজয়ন্তশ্চ সংযতাঃ।
শ্রীবিদুর উবাচ॥
প্রচেতসাং গিরিত্রেণ যথাসীৎ পথি সঙ্গমঃ। যদ্বাভ্যাহ হরঃ প্রীতস্তন্নো ব্রহ্মন্ বদার্থবৎ॥ ১৪॥
সঙ্গমঃ খলু বিপ্রর্ষে শিবেন হি শরীরিণাং। দুর্ল্লভো মুনয়োদধ্যু রসঙ্গাদ্যমভীপ্সিতং॥ ১৫॥
আত্মারামোপি যঃ স্বস্য লোককল্পস্য রাধসে। শক্ত্যা যুক্তো বিচরতি ঘোরয়া ভগবান্ ভবঃ॥ ১৬

শ্রীধরস্বামী।

তুল্যং নাম ব্রতমাচারশ্চ যেষাং ধর্ম্মস্নাতাঃ ধর্ম্মপারগাঃ॥ ১৩॥ তপসা তপসাং পতিং হরিং আর্চ্চন্ অর্চ্চয়ামাসুঃ॥ ১৪॥
মুনয়োপি সঙ্গত্যাগেনাপ্তুমিষ্টং যং দধ্যুরেব কেবলং নতু প্রাপুঃ তেন শিবেন॥ ১৫॥
নন্থ মুনীনাং কিং তদ্ধ্যানেন ঘোরত্বাদিত্যাশঙ্ক্যাহ। আত্মারামোপি লোকরচনায়াঃ পালনায়॥ ১৬॥

ক্রমসন্দর্ভঃ।

ধর্ম্মস্নাতা ইত্যত্র ধনুঃ স্নাত ইতি চিৎসুখঃ ধনুর্ব্বেদপারগঃ॥ ১৩। ১৪। ১৫॥
ঘোরয়া দুষ্টং প্রতি॥ ১৬। ১৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তপসাং পতিং হরিং আর্চ্চন অর্চ্চয়ামাসুঃ। কীদৃশাঃ যদুক্তং গিরিশেন তদেব ধ্যায়ন্তঃ॥
যৎ রহো রহস্যং প্রীতঃ সন্ বাচা অভিধয়ৈব আহ॥ ১৪॥
অসঙ্গাৎ সঙ্গং পরিত্যজ্য অভি সর্ব্বতো ভাবেন ঈপ্সিতং প্রাপ্তুমিষ্টং যং মুনয়োপি দধ্যুরেব॥ ১৫॥
মুনীনাং ধ্যানগম্যোপি কৃপয়া সকামানামপি কামং দাতুং দৃশ্যোপি ভবতীত্যাহ আত্মেতি লোককল্পস্য রাধসে লোকমনোরথ কল্পনস্য সিদ্ধয়ে॥ ১৬। ১৭॥

কালক্রমে তাঁহার গর্ব্ভে প্রাচীনবর্হির দশটী পুত্র জন্মিল, তাহাদের সকলের নাম "প্রচেতা" এবং সকলেই সমান ব্রতধারী ও ধর্ম্মপারগ॥ ১৩॥

প্রাচীনবর্হিঃ তাঁহাদিগকে প্রজাসৃষ্টি করিতে আদেশ করিলে তাঁহারা তদ্বিষয়ে সক্ষম হইবার মানসে তপস্যার্থ সমুদ্রে প্রবেশ করিলেন এবং দশ সহস্র বৎসর যাবৎ তপস্যা করিয়া তদ্দ্বারা তপঃ পতি ভগবানের অর্চ্চনা করিলেন। অনন্তর পথি মধ্যে গিরিশের সহিত সাক্ষাৎ হওয়াতে তিনি প্রসন্ন হইয়া যাহা উপদেশ করেন নিরন্তর সংযত হইয়া কেবল তাঁহারই ধ্যান, তাঁহারই জপ এবং তাঁহাকেই পূজা করিতে লাগিলেন। বিদুর জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! পথিমধ্যে শিবের সহিত প্রচেতাদের যে প্রকারে সঙ্গম হয় এবং ভগবান্ ভব প্রীত হইয়া তাঁহাদিগকে যাহা কহেন অনুগ্রহ পূর্ব্বক বলিতে আজ্ঞা হউক॥ ১৪॥

হে বিপ্রর্ষে! মুনিগণ সঙ্গ পরিত্যাগ করিয়া অভীপ্সিত যে শিবের প্রাপ্তি নিমিত্ত ধ্যান মাত্র করেন, দর্শন প্রাপ্তহন না, সেই শিবের সহিত শরীরি পুরুষদিগের মিলন যে অসম্ভব! প্রচেতারা কি রূপে তাঁহার সাক্ষাৎ পাইলেন॥ ১৫॥

ভগবান্ ভব আত্মারাম হইয়াও আত্মকৃত লোক রচনার পালনার্থ ঘোর শক্তি সংযুক্ত হইয়া বিচরণ করেন, অতএব কেহ এমত বলিতে পারিবেন না যে তিনি ঘোর বলিয়া মুনিদের ধ্যেয় নহেন॥ ১৬॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

প্রচেতসঃ পিতুর্ব্বাক্যং শিরসাদায় সাধবঃ। দিশ প্রতীচীং প্রযযু স্তপস্যাদৃতচেতসঃ ॥ ১৭ ॥
সমুদ্রমুপবিস্তীর্ণমপশ্যন্ সুমহৎ সরঃ। মহন্মন ইব স্বচ্ছং প্রসন্ন সলিলাশয়ং ॥ ১৮ ॥
নীলরক্তোৎপলাম্ভোজ কহ্লারেন্দীবরাকরং। হংস সারস চক্রাহ্ব কারণ্ডব নিকূজিতং ॥ ১৯ ॥
মত্ত ভ্রমর সৌস্বর্য্য হৃষ্টরোম লতাঙ্ঘ্রিপং। পদ্মকোশ রজোদিক্ষু বিক্ষিপৎ পবনোৎসবং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

গুর্ব্বাজ্ঞাকারিণাং শিবদর্শনং স্বতএব ভবতীত্যাশয়েনাহ প্রচেতস ইতি ॥ ১৭ ॥
সমুদ্রমুপসমুদ্রাৎ কিঞ্চিন্ন্যূনং উপোধিকে চেতি কর্ম্ম প্রবচনীয়ঃ প্রসন্নাঃ সলিলাশয়াঃ মৎস্যাদয়ো যস্মিন্ ॥ ১৮ ॥
নীলোৎপলাদীনামাকরং জন্মস্থানং। উৎপলাম্ভোজ কহ্লারাণি রাত্রি দিন সন্ধ্যা বিকাশীনি ইন্দীবরং নীলোৎপলং তস্য পুনরুক্তিঃ প্রাচুর্য্য জ্ঞাপনার্থং। হংসাদিভির্নিকূজিতং ॥ ১৯ ॥
মত্তানাং ভ্রমরাণাং সৌস্বর্য্যেণ হৃষ্টরোমাণো লতাঙ্ঘ্রিপা যস্মিন্। পদ্মকোশরজোদিক্ষু বিক্ষিপতা পবনেনোৎসবো যস্মিন্ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

সমুদ্রমিতি ত্রিকং। সমুদ্রমুপ উপসমুদ্রং তৎ সমীপমিত্যর্থঃ স্বচ্ছত্বং স্থলস্য প্রসন্নত্বং সলিলস্য কিং কুর্ব্বৎ সরঃ দিক্ষু পদ্মকোশ রজো বিক্ষিপৎ। কীদৃশং তত্রত্যঃ পবনেন উৎসবঃ উদ্রেকো যস্য তৎ ॥ ১৮। ১৯। ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সমুদ্রমুপসমুদ্রাৎ কিঞ্চিন্ন্যূনং। উপোঽধিকে হীনেচেতি কর্ম্মপ্রবচনীয়ঃ ॥ ১৮ ॥
নীলঞ্চ তদ্রক্তঞ্চেতি তথা ভূতং যদুৎপলং অতএব ইন্দীবরং নীলোৎপলমিতি ন পুনরুক্তিঃ ॥ ১৯ ॥
মত্তভ্রমরাণাং সৌস্বর্য্যেণ হৃষ্ট রোমাণি ইব মুকুল যুক্তা লতা অঙ্ঘ্রিপাশ্চ যত্র তৎ। পদ্মকোশ রজোদিক্ষু বিক্ষিপতা পবনেন উৎসবো যত্র তৎ ॥ ২০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস ! যে সকল ব্যক্তি গুরুর আজ্ঞাকারী তাহাদের আপনা হইতেই মঙ্গল হয়, পিতা প্রজা সৃষ্টি করিতে আদেশ করিলে প্রচেতাগণ তদীয় বাক্য মস্তকে গ্রহণ করিলেন এবং প্রীত মনে তপস্যার্থ পশ্চিম দিকে যাত্রা করিলেন ॥ ১৭ ॥

কিয়দ্দূর গমন করিলে একটী সুমহৎ সরোবর তাঁহাদের দৃষ্টিগোচর হইল, তাহা সমুদ্রবৎ অতি বৃহৎ এবং মহতের মানস তুল্য নির্ম্মল, তাহাতে মৎস্যাদি সর্ব্ব প্রকার জল জন্তু ছিল ॥ ১৮ ॥

অপর সেই সরোবরে ভূরি ভূরি নীলোৎপল, রক্তোৎপল ও কমল কহ্লার ইত্যাদি জলজ পুষ্প সকল প্রস্ফুটিত হইয়া মনোহর শোভা পাইতেছিল এবং হংস, সারস, চক্রবাক, কারণ্ডব প্রভৃতি পক্ষিগণ নিরন্তর ক্রীড়া করত কোলাহল করিতেছিল ॥ ১৯ ॥

তাহার তীরে বিবিধ পাদপ ও লতা সকল মত্ত মধুকরের মধুর স্বরে রোমাঞ্চিত হইয়া রহিয়াছিল। তথায় মন্দ মন্দ বহন শীল বায়ু পদ্ম সকলের কোষ হইতে পরাগ আকর্ষণ করিয়া সকলদিকে বিস্তীর্ণ করাতে তদ্দ্বারা যেন মহোৎসব হইতেছিল ॥ ২০ ॥

তত্র গান্ধর্ব্বমাকর্ণ্য দিব্যমার্গ মনোহরং। বিসিস্ম্যূ রাজপুত্রাস্তে মৃদঙ্গপণবাদ্যনু॥ ২১॥
তর্হ্যেব সরসস্তস্মান্নিক্রামন্তং সহানুগং। উপগীয়মানমমরপ্রবরং বিবুধানুগৈঃ।
তপ্তহেম নিকায়াভং শিতিকণ্ঠং ত্রিলোচনং। প্রসাদসুমুখং বীক্ষ্য প্রণেমুর্জ্জাতকৌতুকাঃ।
সতান্ প্রপন্নার্ত্তিহরো ভগবান্ ধর্ম্মবৎসলঃ। ধর্ম্মজ্ঞান্ শীলসম্পন্নান্ প্রীতান্ প্রীত উবাচহ॥ ২২॥
শ্রীরুদ্র উবাচ॥
যূয়ং বেদিষদঃ পুত্রা বিদিতং বশ্চিকীর্ষিতং। অনুগ্রহায় ভদ্রং ব এবং মে দর্শনং কৃতং॥ ২৩॥

শ্রীধরস্বামী।

তত্র মৃদঙ্গ পণবাদি বাদ্যমনু পশ্চাৎ দিব্যৈর্মার্গৈর্ভেদৈর্মনোহরং গান্ধর্ব্বগানমাকর্ণ্য বিস্ময়ং প্রাপ্তাঃ মৃদঙ্গ পণবাদ্যবদিতি পাঠে মৃদঙ্গ পণবাদি অবৎ রক্ষৎ তেষাং ধ্বনিমতিরস্কুর্ব্বদিত্যর্থঃ॥ ২১॥
তেচ ত্রিলোচনং বীক্ষ্য জাতাশ্চর্য্যাঃ প্রণেমুরিত্যুত্তরেণান্বয়ঃ। তপ্তহেম রাশি সদৃশ কান্তিং শিতির্নীলঃ কণ্ঠোযস্য তং॥ ২২॥
বেদিষদঃ বর্হিষদঃ চিকীর্ষিতং ভগবদারাধনং বিদিতং॥ ২৩॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র গান্ধর্ব্বমিতি। পণবাদ্যবদিতি পাঠে মতুপ্ জ্ঞেয়ঃ॥ ২১॥
তর্হীতি। মণিকায়ার্ণমিতি চিৎসুখঃ সুবর্ণরাশি সদৃশ বর্ণং॥
প্রপন্নান্ গিরিশ ইতি কচিৎ॥ ২২॥
দর্শনমিতি হেতুমদ্ভাবেযুচ দর্শনমিত্যর্থঃ॥ ২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গান্ধর্ব্বং গানং মার্গা গানসম্বন্ধিনঃ কদা মৃদঙ্গ পণবাদি বাদ্যমনু পশ্চাৎ পণবাদ্যবদিতি পাঠে মতুপো জ্ঞেয়ঃ। যদ্বা মৃদঙ্গ পণবাদি কীদৃশং অবৎ রক্ষৎ। সতু মূল ধ্বনিভিরপি গানমতিরস্কুর্ব্বদিত্যর্থঃ॥ ২১। ২২॥
চিকীর্ষিতং ভগবদারাধনমেব অতএব বো যুষ্মাকমনুগ্রহায় এবং দর্শনং কৃতং দত্তং। যদ্বা বোনুগ্রহায় যুষ্মৎ কর্ত্তৃকানুগ্রহ প্রাপ্তয়ে ময়ৈবং দর্শনং কৃতং। যদ্বা বোঽনুগ্রহায় যুষ্মাননুগ্রহীতুং যুষ্মাকং দর্শনং ময়া কৃতমিত্যর্থঃ॥ ২৩॥

সে যাহা হউক, প্রচেতাগণ সেই সরোবরের তীরে উপনীত হইলে মৃদঙ্গ পণবাদি বাদ্যের পর মনোহর গীত তাঁহাদের কর্ণগোচর হইল, তাহাতে সকলেই বিস্ময়ান্বিত হইলেন॥ ২১॥

সেই সময়ে ভগবান্ ভব আপনার অনুচরগণ সহিত ঐ সরোবর হইতে নির্গত হইতেছিলেন। তাঁহার কান্তি তপ্তকাঞ্চন রাশির তুল্য, কণ্ঠ নীলবর্ণ এবং ললাট দেশ লোচনত্রয়ে বিভূষিত, চারিদিকে অমরগণ বেষ্টন করিয়া স্তব করিতেছিলেন। প্রচেতারা তাঁহাকে অবলোকন করিয়া কৌতুহলাক্রান্ত হওত প্রণাম করিলেন। বিদুর! ভগবান্ গিরিশ প্রপন্ন জনের আর্ত্তিহারী এবং অতিশয় ধর্ম্মবৎসল। প্রচেতাদিগের ভাব দর্শনে তাঁহার বোধ হইল এ সকল ব্যক্তি ধর্ম্মজ্ঞ ও সুশীল এবং প্রীতিমান্, অতএব প্রীত হইয়া তাঁহাদিগকে কহিলেন॥ ২২॥

অহে বৎসগণ! তোমরা বর্হিষদের পুত্র বটে, তোমাদের ভগবদারাধনা কর্ম্ম আমি অবগত আছি, তোমাদের মঙ্গল হউক, তোমাদের প্রতি অনুগ্রহ প্রকাশার্থ আমি স্বয়ং আসিয়া দর্শন দিলাম॥ ২৩॥

যঃ পরং রহসঃ সাক্ষাৎ ত্রিলিঙ্গাজ্জীবসংজ্ঞিতাৎ। ভগবন্তং বাসুদেবং প্রপন্নঃ স প্রিয়োহি মে ॥২৪
স্বধর্ম্মনিষ্ঠঃ শতজন্মভিঃ পুমান্ বিরিঞ্চতামেতি ততঃ পরং হি মাং।
অব্যাকৃতং ভাগবতোঽথ বৈষ্ণবং পদং যথাহং বিবুধাঃ কলাত্যয়ে ॥ ২৫ ॥
অথ ভাগবতা যূয়ং প্রিয়াঃ স্থ ভগবান্ যথা। ন মদ্ভাগবতানাঞ্চ প্রেয়ানন্যোঽস্তি কর্হিচিৎ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

অনুগ্রহে কারণমাহ। যঃ সাক্ষাৎ বাসুদেবং প্রপন্নঃ সহি মে প্রিয়ঃ। কথম্ভূতং রহসঃ সূক্ষ্মাৎ ত্রিগুণাৎ প্রধানাৎ জীবসংজ্ঞিতাৎ পুরুষাচ্চ পরং প্রকৃতিপুরুষয়ো র্নিয়ন্তারমিত্যর্থঃ ॥ ২৪ ॥

তৎ কিং তস্য মহত্তমত্বমিত্যাহ। স্বধর্ম্মনিষ্ঠঃ পুমান্ বহুভি র্জন্মভি র্বিরিঞ্চতাং প্রাপ্নোতি ততোপি পুণ্যাতিশয়েন মামেতি ভাগবতস্তু দেহান্তে অব্যাকৃতং প্রপঞ্চাতীতং বৈষ্ণবং পদমেতি। যথাহং রুদ্রোভূত্বা আধিকারিকবৎ বর্ত্তমানঃ। বিবুধা দেবা শ্চাধিকারিকাঃ কলাত্যয়ে অধিকারান্তে লিঙ্গভঙ্গে সত্যেষ্যন্তি ॥ ২৫ ॥

অথ ভাগবতত্বাৎ যূয়ং মে প্রিয়াঃ স্থ। ভবদ্ভিরপি ময়ি প্রীতিঃ কার্য্যেত্যাশয়েনাহ মদন্যো ভাগবতানাঞ্চ প্রেয়ান্নাস্তি ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি ন্যায়াৎ রহস ইতি ব্রহ্মণোপি যদ্বা রহসঃ চতুঃশ্লোকী প্রোক্তস্য রহস্যাখ্যস্য প্রেম্নঃ পরং পরমাশ্রয়ং। রংহস ইতি লেখক ভ্রমঃ সূক্ষ্মাদিতি স্বটীকায়াং অস্বারস্যাৎ। তমস ইতি চিৎসুখঃ ॥ ২৪ ॥

স্বধর্ম্মেত্যস্য টীকায়াং তৎ কিমিতি তত্র হেতুঃ ক ইত্যর্থঃ। বিবুধা ইত্যত্র বিবুধৈরিতি চিৎসুখঃ বিবুধৈঃ কার্য্যৈঃ সহ ॥২৫।২৬।২৭

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনুগ্রহে কারণমাহ যঃ সাক্ষাদ্ভগবন্তং বাসুদেবং প্রপন্নঃ সহি মে প্রিয়ঃ কথম্ভূতং রহসঃ সূক্ষ্মাৎ ত্রিগুণাৎ প্রধানাৎ জীব সংজ্ঞিতাৎ পুরুষাচ্চ পরং প্রকৃতি পুরুষয়ো র্নিয়ন্তারমিত্যর্থ ইতি স্বামিচরণাঃ। যদ্বা ত্রিগুণাত্মায়াশক্তেঃ জীবসংজ্ঞিতাৎ জীব শক্তেশ্চ রহঃ সর্ব্বদুর্লক্ষ্যং যৎ নির্গুণং ব্রহ্ম তস্মাদপি পরং ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি গীতাভ্যঃ। যঃ সাক্ষাৎ প্রপন্নঃ নতু কর্ম্মার্পণ দ্বারা নাপি দেবতান্তর ভক্তি জ্ঞানাদি ব্যবধানেনেত্যর্থঃ। সহি সহৈব প্রিয় ইতি তেন মদ্ভক্তোপি ন মে তথাপ্রিয় ইতি ভাবঃ ॥২৪

ব্রহ্ম রুদ্র বিষ্ণুনামস্মাকং সুকৃতেঃ প্রাপ্তি তারতম্যং মন্মুখাদেব যূয়ং শৃণুতেতি বদন্ বিষ্ণোঃ সর্ব্বতঃ শ্রৈষ্ঠ্যমাহ স্বধর্ম্মনিষ্ঠঃ পুমান্ শত জন্মভি র্বিরিঞ্চতাং বিরিঞ্চি পদং এতি তত্রাপ্যনিশ্চিতত্বে শত জন্মভিরপি ন প্রাপ্নোতীত্যর্থঃ। ততো বিরিঞ্চিতোপি পরং শ্রেষ্ঠং মাং ততোপি পুণ্যাতিশয়ৈরেবেতি। ভাগবতস্তু অথ দেহান্ত এব অব্যাকৃতং প্রপঞ্চাতীতং বৈষ্ণবং পদং বৈকুণ্ঠমেতি। যথাহং এমি প্রতিক্ষণমেব বৈকুণ্ঠে বসন্নেকেন প্রকাশেন ভগবন্তং ভজামীত্যর্থঃ। বিবুধাশ্চাধিকারিক ভক্তাঃ কলা লিঙ্গং তস্য অত্যয়ে স্বস্বাধিকারান্তেপি লিঙ্গ ভঙ্গে এবৈষ্যন্তীতি ভক্তেঃ সাধন সাধ্য সময়ানাং সুখলভ্যত্বেনাপি সর্ব্বোৎকর্ষো দর্শিতঃ ॥ ২৫ ॥

অথ অতএব ভাগবতানাঞ্চেতি চকারেণ যথেত্যস্যান্বয়াৎ ভাগবতানাং যথা ভগবতোঽন্যঃ প্রেয়ান্নাস্তি তথা মৎ মত্তোপীত্যর্থঃ ॥ ২৬ ॥

হে প্রচেতা সকল! প্রধান এবং জীব সংজ্ঞিত পুরুষ হইতে পর অর্থাৎ প্রকৃতি পুরুষের নিয়ন্তা যে ভগবান্ বাসুদেব, তাঁহার শরণাপন্ন যে ব্যক্তি হয় সে আমার অতিশয় প্রিয় ॥ ২৪ ॥

অহে বৎসগণ! স্বধর্ম্মনিষ্ঠ পুরুষ বহু জন্মে ব্রহ্মত্ব প্রাপ্ত হয়, তাহার পরে আমাকে পায়, কিন্তু, যে ব্যক্তি ভগবদ্ভক্ত, তাঁহার দেহান্তেই প্রপঞ্চাতীত বৈষ্ণব পদ লাভ হয়, ইহার প্রমাণ দেখ, এই আমি রুদ্র হইয়া অধিকৃতের ন্যায় বর্ত্তমান আছি এবং এই দেবতারা অধিকৃত হইয়া আছেন, কিন্তু যখন আমাদের অধিকারের শেষ হইবে তখন লিঙ্গদেহ ভঙ্গ হওয়াতে সকলেই প্রপঞ্চাতীত পদ প্রাপ্ত হইব ॥ ২৫ ॥

অহে রাজনন্দনগণ! তোমরা পরম ভাগবত, এই নিমিত্ত ভগবানের ন্যায় আমারও প্রিয়পাত্র। ফলতঃ ভগবদ্ভক্তদিগের আমা ব্যতীত অন্য কেহ প্রিয়তম নাই, ইহাতে তোমাদেও আমার প্রতি প্রীতি করা কর্ত্তব্য ॥ ২৬ ॥

ইদং বিবিক্তং জপ্তব্যং পবিত্রং মঙ্গলং পরং। নিঃশ্রেয়সকরঞ্চাপি শ্রূয়তাং যদ্বদামি বঃ।

শ্রীমৈত্রেয় উবাচ॥

ইত্যনুক্রোশহৃদয়ো ভগবানাহ তাঞ্ছিবঃ। বদ্ধাঞ্জলীন্ রাজপুত্রান্নারায়ণপরং বচঃ॥ ২৭॥

শ্রীরুদ্র উবাচ॥

জিতং ত আত্মবিদ্বর্য্য স্বস্তয়ে স্বস্তিরস্তু মে। ভবতা রাধসা রাদ্ধং সর্ব্বস্মা আত্মনে নমঃ॥ ২৮॥

শ্রীধরস্বামী।

অত ইদং জপ্তব্যং শ্রূয়তামিতি বিবিক্তমসংকীর্ণং যথাভবতি॥ ২৭॥

সৃষ্ট্যাদৌ ব্রহ্মণা সৃষ্ট্বা পুত্রেভ্যঃ প্রোক্তমিষ্টদং। স্তোত্রং প্রাহ প্রচেতোভ্যঃ কৃপয়া ভগবান্ শিবঃ। তে জিতং তবোৎকর্ষঃ আত্মবিদ্বর্য্যাণাং স্বস্তয়ে শোভন সত্তায়ৈ স্বানন্দ লাভায়েত্যর্থঃ। অতোমে স্বস্তিঃ স্বানন্দসত্তাস্তু। ননু মমোৎকর্ষো মদর্থ এব কিং ন স্যাৎ তত্রাহ। ভবতা রাধসা স্বানন্দ রূপেণ রাদ্ধং সিদ্ধং ত্বং নিরতিশয় পরমানন্দ রূপেণৈব নিত্যং স্থিত ইত্যর্থঃ। অতএবং ভূতায়াত্মনে তুভ্যং নমঃ। সর্ব্বস্মৈ সর্ব্বরূপায়॥ ২৮॥

ক্রমসন্দর্ভঃ।

অস্য ভক্তিযোগস্য সাধনমপি ভক্তিযোগ এবেত্যাহ সোচিরাদিতি অচ্যুতকথাশ্রয়ত ইতি তজ্জন্য ইত্যর্থঃ। কস্য স্যাদিত্যাহ শৃণ্বত ইতি। অধীয়তঃ ভগবদ্ধর্ম্মানধীয়ানস্য শ্রবণাদি ভক্তিত্রয়াত্মকমাত্রং জ্ঞেয়ং ॥ ৩৫ ॥

রাজন্! পদার্থ বিদ্যমান না থাকিলেও সংসার নিবর্ত্ত হয় না, স্বপ্নে ভ্রমণকারি পুরুষের ন্যায় উপাধিকৃত মনঃ দ্বারা বর্ত্তমান থাকে ॥ ৩২ ॥

অতএব পুরুষার্থ স্বরূপ যে আত্মা তাঁহার জ্ঞান হেতুই অনর্থ পরম্পরা রূপ সংসার হয়, কিন্তু পরম গুরু স্বরূপ যে ভগবান্ বাসুদেব তাঁহার প্রতি দৃঢ়া ভক্তি করিলে ঐ সংসার একেবারে বিনষ্ট হইতে পারে ॥ ৩৩ ॥

হে রাজন্! ভগবদ্বিষয়া ভক্তি সামান্যা নহে, ভগবান্ বাসুদেবের প্রতি বিহিত হইলে তাহা সম্যক্ প্রকারে বৈরাগ্য ও জ্ঞান উৎপন্ন করিয়া দেয় ॥ ৩৪ ॥

হে রাজর্ষে! সেই ভক্তিযোগ একান্ত দুর্ল্লভ নহে, যে ব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া নিত্য শ্রবণ ও অধ্যয়ন করে তাহার সম্বন্ধে ভগবান্ অচ্যুতের কথা আশ্রয় করিয়া তাহা অচিরেই উৎপন্ন হয় ॥ ৩৫ ॥

যত্র ভাগবতা রাজন্ সাধবো বিশদাশয়াঃ। ভগবদ্গুণানুকথন শ্রবণব্যগ্রচেতসঃ॥ ৩৬॥
তস্মিন্মহন্মুখরিতা মধুভিচ্চরিত্র পীযুষশেষসরিতঃ পরিতঃ স্রবন্তি।
তা যে পিবন্ত্যবিতৃষোনৃপগাঢ়কর্ণৈস্তান্ন স্পৃশন্ত্যশনতৃড্‌ভয়শোকমোহাঃ॥ ৩৭॥
এতৈরুপদ্রুতোনিত্যং জীবলোকঃ স্বভাবজৈঃ। ন করোতি হরের্নূনং কথামৃতনিধৌ রতিং॥ ৩৮॥

শ্রীধরস্বামী।

কুত্র স্থাতব্যমিত্যপেক্ষায়ামাহ যত্রেতি ভগবতো গুণানামনুকথনে শ্রবণেচ ব্যগ্রং সত্বরং চেতো যেষাং তে॥ ৩৬॥

নন্থ সাধুসঙ্গং বিনা স্বয়মেব হরিকথা চিন্তনাদিনা ভক্তির্ভবেদেবেত্যাশঙ্ক্যাহ দ্বাভ্যাং। তস্মিন্ স্থানে মহদ্ভির্মুখরিতাঃ কীর্ত্তিতাঃ মধুভিচ্চরিত্রমেব পীযুষং তদেব শিষ্যত ইতি শেষো যাস্থ অসারাংশ রহিতাঃ শুদ্ধামৃতবাহিন্য ইত্যর্থঃ। অবিতৃষঃ অলং বুদ্ধিশূন্যাঃ সন্তঃ গাঢ়ৈঃ সাবধানৈঃ কর্ণৈ র্যে তাঃ সরিতঃ পিবন্তি সেবন্তে অশন শব্দেন ক্ষুল্লক্ষ্যতে অশনাদয়স্তান্ন স্পৃশন্তি ভক্তিরসিকান্ ন বাধন্ত ইত্যর্থঃ॥ ৩৭॥

সৎসঙ্গ মন্তরেণ স্বয়মেব কথাচিন্তনাদাবালস্যাদিনা রসাবেশাভাবাচ্চ ক্ষুৎপিপাসাদ্যভিভূতস্য ভক্তির্ন সম্ভবতীত্যাহ এতৈরিতি॥ ৩৮॥

ক্রমসন্দর্ভঃ।

ভগবদ্গুণানামনুকথনে অনুশ্রবণে চ ব্যগ্রং বিবশং চেতো যেষাং তে॥ ৩৬॥

নচ তৎ কথা তত্র স্বযত্ন সাপেক্ষা ন চসাধনান্তর সব্যপেক্ষা ন চ পরিচ্ছিন্নেত্যাহ। তস্মিন্নিতি। মহান্তো মুখরিতা যাভিরিতি আহিতাগ্ন্যাদিত্বান্নিষ্ঠায়াঃ পরনিপাতঃ॥ ৩৭॥

এতৈরিতি মহৎ সঙ্গ প্রভাবেনৈব সা কথা তদ্বিঘ্ননাশিকাং রতিং জনয়তীতি ভাবঃ॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কুত্র স্থাতব্যমিত্যপেক্ষায়ামাহ যত্রেতি যথৈব গৃহাসক্তা গৃহ কর্ম্ম ব্যগ্রা স্তথৈব হন্তারমনুকথনস্য সময়ঃ হা হা শ্রবণস্য সময়োব্যতীতঃ সংপ্রতি কীর্ত্তনস্য সময়োঽভ্যেতি। হাহন্ত মন্দভাগ্যোঽহং নিদ্রালস্য দুর্দৈহিক কৃত্য গমিত সময়ঃ শীঘ্রগতিরেব ভক্তসমাজং কেন প্রকারেণ গচ্ছামীত্যেবং ব্যগ্রং চেতো যেষাং তে॥ ৩৬॥

যত্র ভাগবতা স্তত্রৈব ভগবৎ কথা ইতি কোঽয়ং নিয়ম ইতি চেত্তত্রাহ তস্মিন্ মহৎ সদসি মুখং রান্তি গৃহ্নন্তীতি মুখরাঃ মহদ্ভির্মুখরাঃ কৃতা ইতি মুখরিতাঃ স্বয়মেব মুখপ্রাপ্তীকৃতাঃ যা মহতাং মুখে সদা তিষ্ঠন্তীত্যর্থঃ। তাএব কা স্তত্রাহ মধুভিচ্চরিত্র পীযূষাণাং যে শেষাঃ মহদ্ভিরাস্বাদ্যাস্বাদ্য মহা প্রসাদী কৃতা স্তএব সরিতো মহানদ্যঃ পরিতশ্চতুর্দ্দিক্ষু প্রতিভক্তাএব স্রবন্তি তা যে পিবন্তীতি তাসাং স্বাদাধিক্যাৎ তেষাঞ্চ তৃষ্ণাধিক্যাং সূচিতং। তা ইতি তাসামেকমপি কণং পরিত্যক্তুং নশক্নুবন্তীত্যনুরাগো ব্যঞ্জিতঃ। অবিতৃষঃ অলং বুদ্ধিশূন্যা গাঢ়ৈরিতি দৃঢ়ত্বেন শ্রবসংভাবনা শূন্যৈঃ। অশন তুট্‌ ক্ষুত্রাদ্যভুঙ্ক্তে ইতি ভোজনাকাঙ্ক্ষা ভয়াদয়শ্চ ন স্পৃশন্তীতি ভক্তেরেব কৃপয়া পরম্পরং ভোজিতত্বাৎ। আকিঞ্চন্যেনৈব ভয়াভাবাৎ তে ন স্মরন্ত্যতিতরাং প্রিয়মিত্যাদ্যুক্ত্যা বিস্মৃত মমতাস্পদত্বেনৈব শোকমোহাদ্যভাবাদিতি॥ ৩৭॥

সৎ সঙ্গমন্তরেণ স্বয়মেব হরিকথা চিন্তনাদালস্যাদিনা রসাবেশাভাবাচ্চ ক্ষুৎ পিপাসাদ্যভিভূতস্য ভক্তি র্ন প্রায়ো বিকসতীতি

মহারাজ! যে স্থানে বিশদাশয় ভগবদ্ভক্ত সাধুগণ ভগবানের গুণ সকলের কথন ও শ্রবণ নিমিত্ত ব্যগ্রচিত্ত হইয়া বর্ত্তমান থাকেন॥ ৩৬॥

সেই স্থানে মহদ্ব্যক্তিদের বদন হইতে ভগবান্ মধুসূদনের পবিত্র চরিত্র প্রায়ই কীর্ত্তিত হয়। রাজন্! ভগবানের চরিত্র কথা সাক্ষাৎ অমৃত বাহিনী নদী। যে সকল ব্যক্তি অলং বুদ্ধি শূন্য হইয়া সাবধানে ঐ নদীর সেবা করেন, তাঁহাদিগকে ক্ষুধা তৃষ্ণা ভয় শোক এবং মোহ ইত্যাদি কিছুই স্পর্শ করিতে পারে না। ফলতঃ ভক্তিরসিক ব্যক্তিদিগকে ক্ষুধা প্রভৃতি বাধা দিবে সম্ভাবনা কি?॥ ৩৭॥

কিন্তু যদি সৎ সঙ্গ লাভ না হয় এবং স্বয়ং হরিকথা চিন্তনাদিতে যত্ন না করে, তাহা হইলে জীব

প্রজাপতিপতিঃ সাক্ষাদ্ভগবান্ গিরিশোমনুঃ। দক্ষাদয়ঃ প্রজাধ্যক্ষা নৈষ্ঠিকাঃ সনকাদয়ঃ ॥ ৩৯ ॥
মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ। ভৃগুর্ব্বশিষ্ঠ ইত্যেতে মদন্তা ব্রহ্মবাদিনঃ ॥ ৪০ ॥
অদ্যাপি বাচস্পতয়স্তপোবিদ্যা সমাধিভিঃ। পশ্যন্তোপি ন পশ্যন্তি পশ্যন্তং পরমেশ্বরং ॥ ৪১ ॥
শব্দব্রহ্মণি দুষ্পারে চরন্ত উরু বিস্তরে। মন্ত্রলিঙ্গৈর্ব্যবচ্ছিন্নং ভজন্তো ন বিদুঃ পরং ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

ভগবদনুগ্রহমন্তরেণতু ন কস্যাপি জ্ঞান সম্ভব ইতি কৈমুত্য ন্যায়েনাহ চতুর্ভিঃ। প্রজাপতিপতির্ব্রহ্মা ॥ ৩৯ ॥
মদন্তা অহং নারদোঽন্তে যেষাং তে ॥ ৪০ ॥
বাচাং পতয়োপি তপোবিদ্যা সমাধিভিঃ উপায়ৈঃ পশ্যন্তোপি বিচিন্বন্তোপি পশ্যন্তং সর্ব্বসাক্ষিণং নপশ্যন্তি ॥ ৪১ ॥
কুত ইত্যত আহ। শব্দ ব্রহ্মণি বেদে উরুর্বিস্তারোযস্য। অর্থতোপি পারশূন্যে তস্মিন্ বর্ত্তমানাঃ মন্ত্রাণাং লিঙ্গৈঃ বজ্রহস্তত্বাদি গুণযুক্ত বিবিধ দেবতাভিধান সামর্থৈঃ পরিচ্ছিন্নমেবেন্দ্রাদিরূপং তত্তৎ কর্ম্মাগ্রহেণ ভজন্তঃ পরমেশ্বরং ন বিদুঃ ॥ ৪২ ॥

ক্রমসন্দর্ভঃ।

তাং বিনা সাধনান্তরৈস্ত্বস্মদ্বিধানামপি ভগবজ্জ্ঞানং ন স্যাৎ কিমুতান্যেষামিত্যাহ চতুর্ভিঃ। তত্র প্রজাপতীতি ত্রিকং। তপঃ কৃচ্ছ্রাদি। বিদ্যা উপাসনা। সমাধিশ্চিত্তৈকাগ্র্যং। পশ্যন্তোপীতি যথার্থজ্ঞানাৎ ॥ ৩৯। ৪০ ॥ ৪১ ॥
ততঃ কর্ম্মনিষ্ঠাতু সুতরামেব নজানন্তীত্যাহ। শব্দেতি ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্যঞ্জিতমেবার্থমভিধয়াপ্যাহ এতৈরিতি। ৩৮ ॥
নন্বু তরতি শোকমাত্মবিদিতি শ্রুতে র্জ্ঞানিনাং কিং ভক্ত্যেতি তত্র কৈমুত্য ন্যায়েন জ্ঞানিনো নৈব জানন্তীত্যাহ প্রজেতি চতুর্ভিঃ। ভগবান্ সর্ব্বজ্ঞঃ মদন্তা ইতি ন কেবলং তানেব নিন্দামি অপি ত্বাত্মানমপি এতে তপো বিদ্যা সমাধিভি র্নপশ্যন্তীতি ভক্ত্যাতু পশ্যন্তীত্যর্থঃ। এতেষাং ভক্তিমত্ত্বস্যাপি প্রসিদ্ধেঃ এতে বয়ং ভক্ত্যা বিনা কে বরাকা ইতি ভাবঃ। বাচস্পতয় ইতি অন্যান্ প্রতি শাস্ত্রার্থমুপদেষ্টুং সরস্বতীপতয়ো ভবন্তি স্বয়ন্তু শাস্ত্রার্থং নৈব জানন্তি ভক্তিং বিনা ব্যাখ্যানাদিতি ভাবঃ অদ্যাপীতি তপ আদীনাং পরিপাকশ্চ জ্ঞাপিতঃ। অজ্ঞানস্য লক্ষণং পশ্যন্তোপি বিচিন্বন্তোপি নপশ্যন্তীতি ॥ ৩৯। ৪০। ৪১ ॥
কর্ম্মিণস্তু সুতরামেব ন জানন্তীত্যাহ শব্দ ব্রহ্মণি বেদে দুষ্পারে অর্থতঃ উরু বিস্তর ইতি শব্দতোপি দুষ্পারে মন্ত্রলিঙ্গৈর্বজ্র হস্তত্বাদি চিহ্নৈর্বিশিষ্টমিন্দ্রাদিকং ভজন্তঃ পরং পরমেশ্বরং ন বিদুঃ ॥ ৪২ ॥

স্বভাবতঃ প্রবৃত্ত ঐ সকল ক্ষুধাতৃষ্ণাদি দ্বারাই নিত্য উপদ্রুত হইয়া পড়ে সুতরাং ভগবানের কথা রূপ নিধিতে তাহার রতি হয় না ॥ ৩৮ ॥

ফলতঃ ভগবদনুগ্রহ ব্যতিরেকে কাহারও জ্ঞান হওয়া সম্ভাবনা নাই, মহারাজ! প্রজাপতিদিগের পতি সাক্ষাৎ ব্রহ্মা, ভগবান্ গিরিশ এবং মনু, দক্ষ প্রভৃতি প্রজাপতি, আর সনকাদি নৈষ্ঠিক ব্রহ্মচারী ॥ ৩৯

তথা মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু, বশিষ্ঠ এবং আমি (নারদ) ও মদন্ত ব্রহ্মাবাদিগণ ॥ ৪০ ॥

এই সমস্ত ব্যক্তি বাক্য সকলের পতি হইয়াও এবং তপস্যা বিদ্যা সমাধি প্রভৃতি উপায় দ্বারা সতত অন্বেষণ করিয়াও সর্ব্ব সাক্ষি পরমেশ্বরকে অদ্যাপি দেখিতে পান না ॥ ৪১ ॥

কারণ যে বেদের বিস্তার অতিমহৎ এবং যাহার অর্থের পার নাই, সেই বেদে বর্ত্তমান হইয়া ইহাঁরা সকলেই কর্ম্মাদিতে আগ্রহ প্রকাশ করেন এবং মন্ত্র সকলের দ্বারা পরিচ্ছিন্ন যে ইন্দ্রাদি দেবতা কেবল তাঁহাদেরই ভজনা করিয়া থাকেন, সুতরাং পরমেশ্বরকে জানিতে পারেন না ॥ ৪২ ॥

যদা যস্যানুগৃহ্লাতি ভগবানাত্মভাবিতঃ। স জহাতি মতিং লোকে বেদেচ পরিনিষ্ঠিতাং ॥ ৪৩ ॥
তস্মাৎ কর্ম্মসু বর্হিষ্মন্নজ্ঞানাদর্থকাশিষু। মার্থ দৃষ্টিং কৃথাঃ শ্রোত্রস্পার্শিষ্বস্পৃষ্টবস্তুষু ॥ ৪৪ ॥
স্বং লোকং নবিদুস্তে বৈ যত্র দেবো জনার্দ্দনঃ। আহুর্ধুম্রধিয়োবেদং সকর্ম্মকমতদ্বিদঃ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

তর্হ্যন্যঃ কোনাম কর্ম্মাদ্যাগ্রহং হিত্বা পরমেশ্বরমেব ভজেদত আহ যদা যমনু গৃহ্লাতি অনুগ্রহে হেতুঃ আত্মনি ভাবিতঃ সন্ স তদা লোকে লোক ব্যবহারে বেদেচ কর্ম্মমার্গেচ পরিনিষ্ঠিতাং মতিং ত্যজতি ॥ ৪৩ ॥

অর্থকাশিষু পরমার্থতয়া প্রকাশমানেষু পুরুষার্থ বুদ্ধিং মা কৃথাঃ প্ররোচনায় কেবলং শ্রোত্রপ্রিয়েষু নস্পৃষ্টং বস্তু যৈঃ ॥ ৪৪ ॥

নমু বেদে স্বর্গাদি সাধনত্বেন উক্তানি কর্ম্মাণীতি বেদবাদিনোবদন্তি কথমস্পৃষ্টবস্তুষ্বিতি উচ্যতে তত্রাহ। যে ধূম্রধিয়ো মলিনবুদ্ধয়ঃ সকর্ম্মকং কর্ম্মপরং বেদমাহুঃ তে অতদ্বিদঃ অবেদজ্ঞাঃ যতঃ তে স্বং স্বরূপভূতং লোকং আত্মতত্ত্বং বেদতাৎপর্য্য গোচরং ন বিদুঃ যত্র দেবোস্তি ॥ ৪৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

মহৎসু শ্রদ্ধাতারতম্যাত্তু ভগবদনুগ্রহঃ সময়ভেদমপেক্ষ্য প্রবর্ত্তমানঃ সর্ব্বনিরপেক্ষাং ভক্তিং দদাতীত্যাহ। যদা যস্যেতি। আত্মনি মহদ্দ্বারা কথা শ্রবণেন শুদ্ধে চিত্তে ভাবিতঃ সন্ যদা যস্যানুগৃহ্লাতি তদা স লোকে লৌকিক ব্যবহারে বেদেচ কর্ম্মকাণ্ডে পরি নিষ্ঠিতামপি মতিং জহাতি ॥ ৪৩ ॥

অর্থকাশিষু অর্থত্বেন প্রতীয়মানেষু ॥ ৪৪ ॥

আহুঃ অত্র ক ইচ্ছ বেদ যত্র স ইত্যস্যাঃ শ্রুতেরর্থমাহ। স্বমিতি। যে ধূম্রধিয়োবেদং সকর্ম্মকং কর্ম্মমাত্র প্রতিপাদকমাহুঃ তে স্বং জনার্দ্দনস্য স্বং স্বরূপং লোকং বৈকুণ্ঠাখ্যং ন বিদুঃ কিন্তু স্বর্গাদিকং এব বিদুঃ। যত্র লোকে যৎপরং কর্ম্মভগবদ্ধর্ম্ম লক্ষণং তন্ন বিদুঃ ॥ ৪৫ ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু যদি জ্ঞানিনঃ কর্ম্মিণশ্চ ন জানন্তি তদা কস্তং জানাতি ভক্তএবেতি চেৎ স ভক্ত এব কথং স্যাৎ কেন বা চিহ্নেন স জ্ঞেয় ইত্যত আহ যদেতি আত্মনি মনসি ভাবিতঃ অর্থাদ্ভক্তৈরেব হে ভগবন্নিমং জনং সংসারাদুদ্ধরন্নঙ্গীকুর্ব্বিতি স্বভক্তৈর্মনসি নিবেদিতো ভগবান্ যদা যস্য যমনুগৃহ্লাতি তদৈব স ভক্তঃ লোকে লৌকিক ব্যবহারে বেদেচ কর্ম্মকাণ্ডে পরিনিষ্ঠিতামপি মতিং ত্যজতি ॥ ৪৩ ॥

অর্থা ইব প্রকাশন্ত ইত্যর্থকাশিন স্তেষু অর্থ দৃষ্টিং পুরুষার্থ বুদ্ধিং প্ররোচনায় কেবলং শ্রোত্র প্রিয়েষু ন স্পৃষ্টং বস্তু যৈস্তেষু ॥ ৪৪

নমু তর্হি কথমেতে মৎপুরোধসো মুনয়ো বিদ্বাংসো মাং যাগাদি কর্ম্মৈব কারয়ন্তীতি তত্রাহ স্বমিতি যত্র জনার্দ্দনো দেবো বর্ত্ততে তং লোকং বৈকুণ্ঠং স্বং স্বীয়ং স্বপ্রাপ্যং ন বিদুঃ কিন্তু স্বর্গমেব স্বং বিদুরিত্যর্থঃ। যতো ধূম্রধিয়ো মলিন বুদ্ধয়ো বেদং সকর্ম্মকং কর্ম্মপরমেবাহুঃ। অতদ্বিদঃ বেদার্থানভিজ্ঞাঃ। যদুক্তং ভগবতা কালেন নষ্টা প্রলয়ে বাণীয়ং বেদ সংজ্ঞিতা। ময়াদৌ

রাজন্! এমত আশঙ্কা করিও না যে ব্রহ্মবাদি দেবতারা কর্ম্মের আগ্রহ পরিত্যাগ করিয়া পরমেশ্বরের ভজন করিতে অক্ষম, তবে অন্যে কিরূপে পারিবেক ? মহারাজ! ভগবান্ বাসুদেব আত্মাতে ভাবিত হইয়া যখন যাহার প্রতি অনুগ্রহ করেন, তখন তাহার লোকব্যবহারে ও কর্ম্মমার্গে পরিনিষ্ঠিতা বুদ্ধি পরিত্যক্তা হয় ॥ ৪৩ ॥

অতএব হে বর্হিষ্মন্! কর্ম্ম সকল যদিও পরমার্থ রূপে প্রকাশ পায় তথাপি তাহাতে পরমার্থ বুদ্ধি করিও না, ঐ সকল কেবল শ্রোত্রপ্রিয় তাহাতে বস্তুতঃ যথার্থ বস্তুর সম্পর্ক মাত্র নাই ॥ ৪৪ ॥

যে সকল ব্যক্তির বুদ্ধি মলিন, সুতরাং বেদকে কর্ম্ম পর বলে, তাহারা বেদের যথার্থ তাৎপর্য্য জানে না, কারণ যেখানে সাক্ষাৎ ভগবান্ জনার্দ্দন আছেন সেই স্ব স্বরূপ লোক যে আত্মতত্ত্ব, তাহা

আস্তীর্য্য দর্ভৈঃ প্রাগগ্রৈঃ কার্ৎস্ন্যেন ক্ষিতিমণ্ডলং। স্তব্ধো বৃহদ্বধান্মানী কর্ম্মণাবৈষি যৎপরং ॥৪৬
তৎকর্ম্ম হরিতোষং যৎ সা বিদ্যা তন্মতির্যয়া ॥ ৪৭ ॥
হরির্দেহভৃতামাত্মা স্বয়ং প্রকৃতিরীশ্বরঃ। তৎপাদমূলং শরণং যতঃ ক্ষেমো নৃণামিহ ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী।

ত্বন্তু মহামূর্খ ইত্যাহ আস্তীর্য্যেতি। বৃহদ্বধাৎ বহুপশুবধাৎ মানী মহাযজ্বাহমিত্যহঙ্কারী। অতঃ স্তব্ধঃ অবিনীতঃ সন্ কর্ম্মণা অবৈষি পরং বিদ্যাস্বরূপং তচ্চ ন বেৎসি ॥ ৪৬ ॥

নারদঃ স্বয়ং কৃপয়া তৎ স্বয়ং নিরূপয়তি হরিং তোষয়তীতি হরিতোষং যৎ তদেব কর্ম্ম। যয়া তস্মিন্ হরৌ মতির্ভবতি সৈব বিদ্যা মহাফলত্বাৎ ॥ ৪৭ ॥

কুত ইত্যপেক্ষায়াং হরেঃ পরম ফলত্বং দর্শয়ন্নাহ দ্বাভ্যাং। হরির্দেহ ভৃতামাত্মা ঈশ্বরশ্চ। তত্র হেতুঃ স্বয়ং স্বাতন্ত্র্যেণ প্রকৃতিঃ কারণং অতস্তেষাং তৎপাদমূলমেব শরণং আশ্রয়ঃ যতো যস্মিন্ ॥ ৪৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তস্য কর্ম্মত্বং পরত্বং চ দর্শয়তি। যদিতি। যদ্ধরিতোষং তদ্ধেতুকং তদেব কর্ম্ম তস্যৈব কর্ত্তব্যত্বাদিতি ভাবঃ। তথা সৈব চ বিদ্যা শাস্ত্রোত্থ জ্ঞানং। যয়া তন্মতিং তদনুভবোপি ভবতীতি ॥ ৪৭। ৪৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্রহ্মণে প্রোক্তা ধর্ম্মো যস্মাৎ মদাত্মক ইতি ॥ ৪৫ ॥

ত্বন্তু তৈরনভিজ্ঞৈরধ্যাপিতো মহামূর্খ এবেত্যাহ আস্তীর্য্যেতি। বৃহদ্বধাৎ বৃহৎপশুবধাৎ। মানী মহাযজ্বাহমিত্যহঙ্কারী স্তব্ধোঽবিনীতঃ ॥ ৪৬ ॥

নমু তর্হি পরমেশ্বরকর্ম্ম কিং তদিতি কৃপয়া স্বমেব ব্রূহীত্যত আহ তদিতি অন্যৎ পুনঃ কর্ম্মৈব নোচ্যত ইতি ভাবঃ। সেতি অন্যা পুনর্বিদ্যৈব নোচ্যত ইতি ভাবঃ ॥ ৪৭ ॥

দেহভৃতামাত্মেতি তত্তোষং বিনা স্বস্য কথং সন্তোষোভবত্বিতি ভাবঃ। প্রকৃতিরীশ্বর ইতি প্রকৃতি পুরুষৌ সর্ব্ব জগন্মাতা পিতরাবপি হরিরেবেত্যর্থঃ ॥ ৪৮ ॥

তাহারা অবগত নহে ॥ ৪৫ ॥

হে বর্হিষ্মন্! তুমি মহামূর্খ, তোমার বোধমাত্র নাই। প্রাগগ্র কুশা দ্বারা ক্ষিতিমণ্ডল আস্তরণ পূর্ব্বক বহু বহু পশুবধ করিয়া আপনাকে মহাযজ্বা বলিয়া অহঙ্কার করিতেছ, অতএব স্তব্ধ হইয়া কর্ম্ম দ্বারা প্রাপ্য যে লোক তাহাই জানিতেছ, যাহা বিদ্যা স্বরূপ অর্থাৎ পরম বস্তু তাহা বিদিত হইতেছ না ॥ ৪৬ ॥

হে রাজন্! কর্ম্ম ও বিদ্যা কাহাকে বলে শুনিবে? যাহাতে ভগবান্ হরির পরিতোষ হয় তাহাই কর্ম্ম এবং যাহা দ্বারা ভগবানে মতি জন্মে তাহাই বিদ্যা ॥ ৪৭ ॥

মহারাজ! ভগবান্ হরি স্বাতন্ত্র্য রূপে সকলের কারণ, এই হেতু তিনি দেহধারি জীবমাত্রেরই আত্মা, কারণ এবং ঈশ্বর। অতএব তাঁহার পাদমূলই দেহিদিগের আশ্রয়, সেই পাদমূল হইতেই তাহাদের মঙ্গল হইবে ॥ ৪৮ ॥

স বৈ প্রিয়তমশ্চাত্মা যতো ন ভয়মণ্বপি। ইতি বেদ স বৈ বিদ্বান্ যো বিদ্বান্ স গুরুর্হরিঃ॥৪৯
প্রশ্ন এবং হি সংছিন্নো ভবতঃ পুরুষর্ষভ॥ ৫০॥
অত্র মে বদতো গুহ্যং নিশাময় সুনিশ্চিতং॥ ৫১॥

শ্রীধরস্বামী।

নচ তদ্ভজনেঽন্যভজন ইব দুঃখং ভয়ঞ্চেতি আহ স ইতি। ইতি যো বেদ স এব বিদ্বান্ স গুরুরেব হরিশ্চ॥ ৪৯॥

উক্তমুপসংহরতি। এবং ভগবতঃ প্রশ্নঃ সংছিন্নঃ পরিহৃতঃ॥ ৫০॥

তদেবমাত্মনো বন্ধমোক্ষ প্রকারে কথারূপকেণ কথিতেঽপি নাতিনির্ব্বিন্ন চিত্তং পুত্রাগমনং প্রতীক্ষমাণং সন্তং তৎক্ষণমেব মহাভয় প্রকম্পিত সকল গাত্রং গৃহান্নির্ব্বাসয়িতুং হরিণ রূপকমাহ অত্রেতি বদতো মে বচঃ শৃণু॥ ৫১॥

ক্রমসন্দর্ভঃ।

তস্মাদেবং ভূতোগুরুরেবাশ্রয়ণীয় ইত্যুপদিশন্ পুরঞ্জনোপাখ্যানাদি বিবক্ষিতমাহ। সবৈ ইতি সার্দ্ধেন। বৈ প্রসিদ্ধে রূপ গুণলীলাদিভির্মনোহরত্বেন স হরিনামা সর্ব্বেষাং প্রিয়তমঃ পরমপ্রীতানাং যোগ্যঃ। যতএব চাত্মা স্বাত্মেতি পাঠে স্বেষাং জীবানাং রশ্মিস্থানীয়ানাং দেহভৃতাং মণ্ডলস্থানীয়ঃ। যস্মাদেবচ। যতঃ সকাশাদণ্বপি ভয়ং ন জায়তে ইতি যো বেদ সএব বিদ্বান্। সএব গুরুঃ যএবম্ভূতো গুরুঃ সতু হরিরেবেত্যর্থঃ॥ ৪৯॥

প্রশ্নেত্যর্দ্ধকং॥ ৫০॥

অত্রেত্যর্দ্ধকং॥ ৫১। ৫২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স হরিরেব প্রিয়তম আত্মা অসৌ জীবস্থ প্রিয় এবেত্যর্থঃ। তত্র হেতুঃ যতো যদ্ভজনাৎ অন্য জীবাত্মানস্ত স্বর্গাদি ভোগ প্রদান রূপাদ্ভজনাদ্দুঃখমেব ভবতীত্যর্থঃ। ইতি বিভেদেনৈবাত্মত্বয়ং যো বেদ সএব বিদ্বাং ত্বয়া জ্ঞেয়ঃ। য এবং বিদ্বান্ সএব ত্বয়া গুরুরাশ্রয়ণীয়ঃ। যএবং গুরুঃ সএব হরি ত্বয়োপাসনীয় ইত্যর্থঃ॥ ৪৯॥

উক্তমর্থমুপসংহরতি প্রশ্নঃ সংছিন্নঃ পরিহৃতঃ॥ ৫০॥

তদেবং পুরঞ্জনোপাখ্যানেন বৈরাগ্য ভক্তিভ্যামাত্মন উদ্ধার প্রকারমবগম্যাপি প্রস্থাপ্যমানৈর্দূতৈঃ পুত্রানানীয় রাজ্যেঽভিষিচ্য প্রব্রজিষ্যামীতি মনসি বিচারয়ন্তং রাজানমভিমৃশ্য তং সদ্যএব গৃহান্নিঃসারয়িতুং পুনর্হরিণ রূপক কথামাহ অত্র বদতো মে গুহ্যং বচঃ শৃণু॥ ৫১॥

হে রাজন্! অন্য ভজনের ন্যায় ভগবান্ হরির সেবাতে দুঃখ অথবা ভয়ের সম্ভাবনা নাই, যে হেতু "ভগবান্ হরিই প্রিয়তম ও তিনিই আত্মা, তাঁহাতে ভয়ের লেশমাত্র নাই" যে ব্যক্তি ঐ রূপ জানেন তিনিই বিদ্বান্, যিনি বিদ্বান্ তিনিই গুরু, তিনিই হরি॥ ৪৯॥

দেবর্ষি নারদ এই রূপ কহিয়া অবশেষে আপনার বাক্য সমাপ্ত করত কহিলেন হে পুরুষশ্রেষ্ঠ! তুমি যে যে সংশয়যুক্ত প্রশ্ন করিয়াছিলে তৎসমুদায়ের উত্তর প্রদান পূর্ব্বক এই সন্দেহ ভঞ্জন করিলাম॥ ৫০॥

পরন্তু যদিও কথার রূপক দ্বারা আত্মার বন্ধন ও মোক্ষের প্রকার কথিত হইল তথাপি প্রাচীনবর্হির চিত্তে বৈরাগ্য উৎপন্ন হইল না, তিনি আপনার পুত্রাগমন প্রতীক্ষায় রহিলেন এবং মহাভয়ে তাঁহার সর্ব্বাঙ্গ কম্পিত হইতে লাগিল অতএব তাঁহাকে গৃহ হইতে নির্ব্বাসিত করিবার মানসে, দেবর্ষি পুনরায় কহিলেন, মহারাজ! আমি একটী গুহ্য বিষয় বলিতেছি মনোনিবেশ পূর্ব্বক শ্রবণ কর॥ ৫১॥

ইস্তঃ শরেণায়মিহ পরাবিধ্যতি তমিমমাত্মানমহোরাজন্ ভিন্নহৃদয়ং দ্রষ্টুমর্হসীতি যথা মৃগয়ুহতং মৃগমিতি ॥ ৫৩ ॥

স ত্বং বিচক্ষ্য মৃগচেষ্টিতমাত্মনোঽন্তশ্চিত্তং নিযচ্ছ হৃদি কর্ণধুনীঞ্চ চিত্তে।
জহ্যঙ্গনাশ্রমমসত্তমযূথগাথং প্রীণীহি হংসশরণং বিরম ক্রমেণ ৫৪ ॥

শ্রীরাজোবাচ ॥

শ্রুতমন্বীক্ষিতং ব্রহ্মন্ ভগবান্ যদভাষত। নৈতজ্জানস্ত্যুপাধ্যায়াঃ কিং ন ব্রূয়ুর্বিদুর্যদি ॥ ৫৫ ॥
সংশয়োত্র তু মে বিপ্র সংছিন্নস্তৎকৃতো মহান্। ঋষয়োঽপিহি মুহ্যন্তি যত্র নেন্দ্রিয়বৃত্তয়ঃ ॥ ৫৬ ॥

শ্রীধরস্বামী।

যান্তমিত্যস্য ব্যাখ্যা বিহরন্তমিতি। অন্তর্নালিকায়াং গূঢ়েন শরেণ পরাবিধ্যতি দূরাদেব তাড়য়তি ॥ ৫৩ ॥

উপদেশ সারমাহ স ইতি বিচক্ষ্য বিচার্য্য অন্তর্হৃদি চিত্তং কর্ণয়োর্ধুনীং নদীমিব বহির্বৃত্তিং চিত্তে নিযচ্ছ। এতচ্চ সর্বেন্দ্রিয় উপলক্ষণার্থং গৃহাশ্রমঞ্চ জহি কীদৃশং অসত্তমানামতিকামুকানাং যানি যূথানি তেষাং গাথা বার্ত্তা যস্মিন্। হংসানাং জীবানাং শরণমীশ্বরং এবং ক্রমেণ সর্ব্বতো বিরম ॥ ৫৪ ॥

অর্থান্তরং প্রষ্টুং পূর্ব্বোক্তমর্থমনুবদতি শ্রুতমিতি। অন্বীক্ষিতং বিচারিতং চ ব্রহ্মন্ নারদ। এতৎ ত্বদুক্তমাত্মতত্ত্বমুপাধ্যায়া যে মম কর্ম্মোপদেষ্টার আচার্য্যা স্তে ন জানন্তি ॥ ৫৫ ॥

অতস্তৎ কৃত উপাধ্যায় কৃতঃ তদ্বাক্য বিরোধেনাত্মতত্ত্বেঽসম্ভাবনা রূপো মহান্ সংশয়ঃ সংছিন্ন স্ত্বয়া অত্র কশ্চিৎ সংশয়ো

ক্রমসন্দর্ভঃ।

অতঃ শ্রীভগবদ্ধর্ম্ম নিতু সংশয়শ্ছিন্ন এব। কিন্তু কর্ম্মমার্গেত্বেকঃ সংশয়ো বর্ত্ততে তচ্ছেদনং চ সংপ্রত্যনুপাদেয়মপি কেবলং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দৃষ্ট্বাচ শীঘ্রমিমমঙ্গনাশ্রমাদ্বহিষ্কুরু। তদৈবাস্তকহস্তাদসৌ বিচ্যুতো ভবিষ্যতীতি ভাবঃ ॥ ৫৩ ॥

ব্যঞ্জিতমর্থমভিধয়াপি স্পষ্টমাহ সত্বমিতি বিচক্ষ্যোত্যার্ষং বিচার্য্য অন্তর্হৃদি চিত্তং মনোনিযচ্ছ কর্ণয়োর্ধুনীং নদীমিব অপাযসোমমমৃতা অভূমেত্যাদি ফলশ্রুতিং চিত্তে নিযচ্ছ লীনী কুর্ব্বিতি ফলশ্রুতে র্বিচারাসহত্বেন বৈয়র্থ্যাদিতি ভাবঃ। হংসানাং শরণং পর্ণশালাং ভগবন্তং প্রতি প্রণীহি। প্রীণয়েতি বা ক্রমেণ বিষয়ানন্দাদ্বিরম ॥ ৫৪ ॥

যত্ত্বানভাষত তৎশ্রুতং অনুপশ্চাদীক্ষিতং বিচার্য্য সাক্ষাৎ কৃতং চ যে মুনয়োঽত্রত্যা মাং কর্ম্মাধ্যাপয়ন্তি তে এতন্ন জানন্তি। যদিচ জানন্তি তর্হি কিং নব্রূয়ুরতোঽদ্যারভ্য ত্বমেব মে গুরুরভূরিতি ভাবঃ ॥ ৫৫ ॥

অত স্তৎকৃত উপাধ্যায় কৃতঃ তদ্বাক্য বিরোধেন ভক্তিজ্ঞানবৈরাগ্যেষ্বসংভাবনা রূপোয়ঃ সংশয় আসীৎ স ত্বয়া বিশেষেণ

এই বিদ্ধ করে বিলম্ব নাই ॥ ৫৩ ॥

অতএব হে রাজন্! তুমি আপনার হৃদয়ে আত্মার মৃগ তুল্য চেষ্টার বিষয় বিচার করিয়া হৃদয় মধ্যে চিত্তকে এবং কর্ণের নদী স্বরূপ চিত্তের বহির্বৃত্তিকে চিত্ত মধ্যে নিরুদ্ধ করহ। আর যোষিৎ সকলের যে আশ্রম অতি কামুক ব্যক্তিবর্গের বার্ত্তাতেই পরিপূর্ণ, তাহা পরিত্যাগ করিয়া জীব সকলের আশ্রয় ঈশ্বরকে প্রীতকর এবং ক্রমে ক্রমে সকল হইতে বিরত হও ॥ ৫৪ ॥

রাজা প্রাচীন বর্হি অন্য জিজ্ঞাসা করিবার মানসে নারদোক্ত ঐ বিষয়ের অনুবাদ পূর্ব্বক কহিলেন, ব্রহ্মন্! আপনি যাহা বলিলেন শ্রবণ করিলাম এবং বিচার করিয়াও দেখিলাম। আপনি যাহা বলিলেন আমার বোধ হয় আমার উপদেশক উপাধ্যায়গণ এ সকল জানিতেন না, তাঁহারা বিদিত থাকিলে কি আমাকে বলিতেন না? ॥ ৫৫ ॥

হে দেবর্ষে! আমার উপাধ্যায়গণের বাক্য সহ বিরোধ হওয়াতে আত্মতত্ত্বে অসম্ভাবনা রূপ

ক্ষুদ্রং চরং সুমনসাং শরণে মিথিত্বা রক্তং ষড়ঙ্ঘ্রিগণসামসু লুব্ধকর্ণং।
অগ্রে বৃকানসুতৃপো বিগণয্য যান্তং পৃষ্ঠে মৃগং মৃগয় লুব্ধকবাণভিন্নং ॥ ৫২ ॥

সুমনঃ সধর্ম্মণাং স্ত্রীণাং শরণ আশ্রমে পুষ্প মধু গন্ধবৎ ক্ষুদ্রতমং কাম্য কর্ম্ম বিপাকজং কাম সুখ লবং জিহ্বোপস্থাদিভি র্বিচিম্বন্তং মিথুনীভূয় তদভিনিবেশিত মনসং ষড়ঙ্ঘ্রি গণ সামগীত বদতি মনোহর বনিতাদি জনালাপেম্বতিতরাং প্রলোভিত কর্ণমগ্রে বৃকযূথবদাত্মন আয়ু র্হরতোঽহো রাত্রাদি কাল বিশেষানবিগণয্য গৃহেষু বিহরন্তং পৃষ্ঠত এব পরোক্ষমনুপ্রবৃত্তো লুব্ধকঃ কৃতান্তো

শ্রীধরস্বামী।

ক্ষুদ্রমল্পং চরতীতি তথা তং অলুক্। সুমনসাং পুষ্পাণাং শরণে আশ্রমে বাটিকায়াং মিথিত্বা মিথঃ পরস্পরং স্ত্রিয়া সহ মিলিত্বা তত্রৈব রক্তমাসক্তং ষড়ঙ্ঘ্রয়ো ভ্রমরা স্তেষাং গণাঃ তেষাং সামসু গীতেষু লুব্ধঃ কর্ণো যস্য তং। পরেষামসুভির্হ্নৈতৈঃ স্বীয়ানসূন্ তর্পয়ন্তীত্যসুতৃপঃ তান্ অবিগণয্য অগণয়িত্বা লুব্ধকস্য বাণেন ভিন্নং মৃগং মৃগয় অন্বেষয় ॥ ৫২ ॥

শ্লোকং প্রস্তুতং যোজয়ন্ ব্যাচষ্টে সুমনোভিঃ সমানো ধর্ম্মঃ পরিণাম বিরসত্বং যাসাং স্ত্রীণাং মিথিত্বেত্যস্য ব্যাখ্যা মিথুনীভূয় স্ত্রীভিঃ সহ ইতি শেষঃ। রক্তমিত্যস্য ব্যাখ্যা তাস্বভিনিবেশিতং মনোযেন। অসুতৃপ ইত্যস্য ব্যাখ্যা আয়ুর্হরত ইতি।

ক্রমসন্দর্ভঃ।

সুমন ইত্যাদি গদ্যান্তে দ্রষ্টু মর্হসীত্যনন্তরং যথা মৃগযুহতং মৃগমিতি কচিদধিকং বর্ত্ততে ॥ ৫৩। ৫৪। ৫৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্ষুদ্রমিতি মৃগং হরিণং মৃগয়স্ব বিপত্তিমজ্ঞানন্তং সদ্যএব মরিষ্যন্তং অন্বেষয়। কীদৃশং ক্ষুদ্রং দূর্ব্বাদি যবসং চরতীতি তথা তং। মৃগয়স্ব আর্ষঃ। সুমনসাং পুষ্পাণাং শরণে উদ্যানে মিথিত্বা স্ত্রিয়া সহ মিথুনীভূয় রক্তমাসক্তং সামসু সঙ্গীতেষু অগ্রে তং ভক্ষয়িতুমেব নিলীনান্ বৃকান্। অজ্ঞানাদেব অবিগণয্য যান্তং পৃষ্ঠেতু নিলীয় বর্ত্তমানস্য লুব্ধকস্য বাণৈর্ভিন্নং ভিন্নপ্রায়ং অন্বেষয়। তেন শীঘ্রমিমং পুষ্পোদ্যানাদন্যত্র নয় অন্যথা বৃকা লুব্ধকাশ্চৈনং হনিষ্যন্ত্যেবেতি ভাবঃ ॥ ৫২ ॥

শ্লোকমিমং প্রস্তুতং যোজয়ন্ ব্যাচষ্টে। অত্র সুমনসাং শরণে ইত্যস্য ব্যাখ্যা সুমনঃ সধর্ম্মণামিতি পরিণাম বিরসত্বাৎ নব মালিকা পুষ্প তুল্যানাং ক্ষুদ্রং চরন্তমিত্যস্য ব্যাখ্যা পুষ্পমধ্বিত্যাদি মিথিত্বেত্যস্য ব্যাখ্যা মিথুনীভূয় স্ত্রীভিঃ সহেতি শেষঃ। রক্তমিত্যস্য ব্যাখ্যা তাসু স্ত্রীষ্বেব অভিনিবেশিতশ্চিত্তং অসুতৃপ ইত্যস্য ব্যাখ্যা আয়ুর্হরত ইতি যান্তমিত্যস্য ব্যাখ্যা বিহরন্তমিতি অতিতরামিত্যস্যৈব বিশেষণং অন্তঃ শরেণ অন্তর্নালিকায়া গূঢেন শরেণ অলক্ষিতেন মরণ ব্যাপারেণেত্যর্থঃ। দ্রষ্টুমর্হসীতি

রাজন্! পশ্চাদ্ভাগে ব্যাধের বাণে ভিন্ন প্রায়ঐ মৃগটীকে অবলোকন কর, ওটী ক্ষুদ্র সুখের অন্বেষণ করিয়া চরিতেছে, পুষ্প সকলের আশ্রমে অর্থাৎ বৃক্ষ বাটিকায় স্ত্রীর সহিত এক একবার মিলিত হইতেছে,উহার অগ্রে বৃক সকল বর্ত্তমান, তাহারা সামান্যও নহে, অন্যের প্রাণ দ্বারা আপনার প্রাণকে পরিতৃপ্ত করে, তাহাদিগকে তুচ্ছ করিয়া যাইতেছে, ব্যাধের বাণে বিদ্ধ হয় আর বিলম্ব নাই ॥ ৫২ ॥

অর্থাৎ হে রাজন্! ব্যাধহত মৃগের ন্যায় নির্ভিন্ন হৃদয় এই আত্মাকে দেখিতে যোগ্য হও, ইনি পুষ্পের ন্যায় সমান ধর্ম্মশালি অর্থাৎ পুষ্পবৎ পরিণাম বিরস যে সকল যোষিৎ তাহাদের আশ্রমে থাকিয়া পুষ্পমধু গন্ধবৎ অতিতুচ্ছ এবং কাম্য কর্ম্মের পরিপাক জন্য যে যৎকিঞ্চিৎ কাম সুখ, তাহাই জিহ্বা ও উপস্থাদি দ্বারা সতত অন্বেষণ করিতেছেন এবং স্ত্রীর সহিত মিথুন হইয়া তাহারই প্রতি মনোনিবেশ করিতেছেন এবং ভ্রমর সকলের সঙ্গীত তুল্য যে পুত্র কলত্রাদির অতি মনোহর আলাপ, তৎ শ্রবণার্থই উহাঁর কর্ণ প্রলোভিত হইতেছে, অগ্রে বৃক যূথবৎ অহোরাত্রাদি কাল বিশেষ সকল উহার আয়ু হরণ করিতেছে উনি তাহাদিগকে গণ্য না করিয়া গৃহের মধ্যেই বিহার করিতেছেন। ব্যাধের তুল্য কৃতান্ত উহাঁর পৃষ্ঠভাগে অর্থাৎ পরোক্ষে থাকিয়া দূর হইতে গূঢ় শর সন্ধান পূর্ব্বক

কর্ম্মাণ্যারভতে যেন পুমানিহ বিহায় তং। অমুত্রান্যেন দেহেন জুষ্টানি সক্রদশ্নুতে ॥ ৫৭ ॥
ইতিবেদবিদাং বাদঃ শ্রূয়তে তত্র তত্রহ ॥ ৫৮ ॥
কর্ম্ম যৎ ক্রিয়তে প্রোক্তং পরোক্ষং ন প্রকাশতে ॥ ৫৯ ॥

শ্রীধরস্বামী।

বর্ত্ততে যত্রেন্দ্রিয় বৃত্তীনামপ্রবৃত্তে মুহ্যন্তি ॥ ৫৬ ॥

সংশয়মাহ দ্বাভ্যাং কর্ম্মাণি যেন দেহেন করোতি তমত্রৈব বিহায় অমুত্র লোকান্তরে কর্ম্মোপস্থাপিতেনান্যেন দেহেন জুষ্টানুপভুক্তানি জীবোহশ্নুতে প্রাপ্নোতি ॥ ৫৭ ॥

ইতি বাদঃ শ্রূয়তে। প্রাপ্যপুণ্য কৃতাং লোকানিতি। শরীরজৈঃ কর্ম্মদোষৈ র্যাতি স্থাবরতাং নর ইতি। ত্বয়া চোক্তং শাশ্বতীরনুভূয়ার্ত্তিমিতি। এতচ্চ কর্ত্তৃভোক্তৃ দেহ ভেদেন কৃতনাশাকৃতাভ্যাগম প্রসঙ্গান্ন সংগচ্ছত ইতি ভাবঃ ॥ ৫৮ ॥

সংশয়ান্তরমাহ প্রোক্তং বেদোক্তং কর্ম্ম ক্রিয়তে জনৈঃ তচ্চ নিরন্তর ক্ষণএব পরোক্ষং অদৃশ্যং সন্ন প্রকাশতে অতঃ কর্ম্মণো নষ্টত্বাৎ তৎ ভোগোপ্যতি দুর্ঘট ইতি ভাবঃ ॥ ৫৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

মুহ্যন্তৎ স্বত্যাপাত শাস্ত্রার্থমেব মৃগ্যাত ইত্যাশয়েনাহ। দ্বাভ্যাং তত্র কর্ম্মাণীতি সার্দ্ধকং কর্ম্মেত্যর্দ্ধকং। যেন দেহেনারভতে তেনৈব জুষ্টানি সেবিতানি নির্ব্যূঢ়ানি কর্ম্মাণ্যমুত্রান্যেন দেহেন সমশ্নুতে ইতি হি বেদবিদাং বাদস্তত্বনির্ণয়ঃ ॥ ৫৬। ৫৭। ৫৮ ॥

কর্ম্ম চ তৎক্ষণাদপ্রকটমেব স্যাৎ ততশ্চ স্নানভোজনাদিবৎ সংস্কার রূপত্বেনাগ্নিজন্মাদিবৎ সূক্ষ্ম রূপত্বেন চান্যত্র সঞ্চারণা সম্ভবাৎ। কথমন্যেন দেহেন তদ্ভোগঃ সংভবতীত্যর্থঃ ॥ ৫৯। ৬০। ৬১। ৬২। ৬৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রকর্ষেণ সম্যক্ প্রকারেণ ছিন্নঃ যত্র যেষু ইন্দ্রিয়বৃত্তয়োপি ন প্রভবন্তি যে জিতেন্দ্রিয়া ইত্যর্থঃ। তে ঋষয়োপি হি নিশ্চিতং মুহ্যন্তি মোহাদেব কর্ম্ম কুর্বন্তি মদ্বিধান্ কর্ম্মকারয়ন্তিচ তর্হি মদ্বিধানাং কা বার্ত্তেতি ভাবঃ ॥ ৫৬ ॥

কিঞ্চ কর্ম্মবর্ত্মন্যেকঃ সংশয়ো বর্ত্ততে তমপি সংছিন্ধীত্যাহ কর্ম্মাণি যেন দেহেন কুরুতে পুমান্ জীবন্তং দেহমিহৈব বিহায় অমুত্র লোকান্তরে অন্যেন দেহেন জুষ্টানি উপভুক্তানি স্বর্গ নরকাদীনি অশ্নুতে প্রাপ্নোতি ইতি বাদঃ শ্রূয়তে স কথং সঙ্গচ্ছতে নহ্যন্যেন ক্রিয়তেঽন্যেন ভুজ্যতে ইত্যুচিতমিতি ভাবঃ ॥ ৫৭ ॥

সংশয়ান্তরমাহ কর্ম্মপ্রোক্তং বেদোক্তং ক্রিয়তে জনৈঃ। তচ্চ সমনন্তর ক্ষণএব পরোক্ষং স্যাত্তজ্জন্যমদৃষ্টং যত্তস্যাপি সত্ত্বে প্রমাণাদর্শনাত্তদপি ন প্রকাশতে অতো লোকান্তরে কথং তৎফলস্য ভোগ ইতি ॥ ৫৮ ॥ ৫৯ ॥

মহৎ সংশয় ছিল, আপনি তাহার উচ্ছেদ করিয়া দিলেন কিন্তু এখনও ঐ বিষয়ে একটী সংশয় আছে, তাহাও সামান্য নহে, তদ্বিষয়ে ইন্দ্রিয় বৃত্তি সকলের অপ্রবৃত্তি হেতু ঋষিগণ মুগ্ধ হইয়া থাকেন ॥ ৫৬ ॥

হে বিপ্র। জীব ইহ লোকে যে দেহ দ্বারা কর্ম্ম করে সেই দেহকে এইখানেই পরিত্যাগ করিয়া যায়, তাহার এখানকার কর্ম্ম দ্বারা পরলোকে অন্য এক দেহ হয়, সেই দেহ দ্বারা বারম্বার ঐ সকল কর্ম্মের ফলভোগ করে ॥ ৫৭ ॥

বেদবেত্তাদিগের এই রূপ বাক্য, তত্তৎ প্রসঙ্গে শুনা গিয়া থাকে। ফলতঃ শরীর জন্য কর্ম্ম দোষে স্থাবর যোনি প্রাপ্ত হয় এমত শ্রুতিও স্পষ্ট রহিয়াছে, কিন্তু ইহা কিরূপে সঙ্গত হয়, এক দেহে কর্ম্ম, অন্য দেহে ফলভোগ এ কেমন কথা? ॥ ৫৮ ॥

অপর লোকে বেদোক্ত যে কর্ম্ম করে তাহা পরক্ষণেই পরোক্ষ অর্থাৎ অদৃশ্য হয়, পরে আর প্রকাশ পায় না, ইহাতে বোধ হয় ঐ কর্ম্ম নষ্ট হইয়া যায়, যদি কর্ম্ম নষ্ট হইয়া গেল তাহা হইলে তাহার ফলভোগ কি রূপে ঘটিবে? ॥ ৫৯ ॥

শ্রীনারদ উবাচ ॥

যেনৈবারভতে কর্ম্ম তেনৈবাহমুত্র তৎপুমান্। ভুঙ্‌ক্তেহ্যব্যবধানেন লিঙ্গেন মনসা স্বয়ং ॥ ৬০ ॥
শয়ানমিমমুৎসৃজ্য শ্বসন্তং পুরুষো যথা। কর্ম্মাত্মন্যাহিতং ভুঙ্‌ক্তে তাদৃশেনেতরেণ বা ॥ ৬১ ॥
মমৈতে মনসা যদ্যদসাবহমিতি ব্রুবন্। গৃহ্লীয়াত্তৎ পুমান্ রাদ্ধং কর্ম্ম যেন পুনর্ভবঃ ॥ ৬২ ॥

শ্রীধরস্বামী।

প্রথমস্যোত্তরমাহ যেনৈবেতি। অব্যবধানেন কর্তৃভোক্তৃ দেহবিচ্ছেদং বিনা স্থূলদেহ নাশেপি মনঃ প্রধানস্য লিঙ্গ দেহস্যানাশাদ্নোক্ত দোষ প্রসঙ্গ ইত্যর্থঃ ॥ ৬০ ॥

লিঙ্গদেহ বিশিষ্টস্য ভোক্তৃত্বং স্বপ্ন দৃষ্টান্তেন স্পষ্টয়তি। শয়ানমিমং জাগ্রদ্দেহং শ্বসন্তং জীবন্তমুৎসৃজ্য তদভিমানং ত্যক্ত্বা আত্মনি মনসি সংস্কার রূপেণাহিতং কর্ম্ম যথা ভুঙ্‌ক্তে তাদৃশেন শয়ান দেহ সদৃশেন কর্ম্মোপস্থাপিতেন দেহেন অন্যেন বা পশ্বাদি দেহেন তথা লোকান্তরেঽপীতি ভাবঃ ॥ ৬১ ॥

নমু ভবতু নাম লিঙ্গ বিশিষ্টস্যানেন দৃষ্টান্তেন ভোক্তৃত্বং কর্তৃত্বন্তু দানপ্রতিগ্রহাদিষু স্থূলদেহ বিশিষ্টস্যৈব দৃশ্যতে তত্রাহ মমৈতে পুত্রাদয়ঃ অসাবহং ব্রাহ্মণ ইতি ব্রুবন্ মনসা যদ্যদ্দেহং গৃহ্লীয়াৎ ততস্ততো দেহাৎ রাদ্ধং সিদ্ধং কর্ম্ম পুমান্ গৃহ্লীয়াৎ যেন কর্ম্মণা এবমহঙ্কার গৃহীতেন পুনর্ভবো ভবতি অন্যথা জন্মানুপপত্তেঃ। অতোভিমন্তুর্মনো বিশিষ্টস্যৈব কর্তৃত্বং অভিমান বিষয়স্তু দেহস্ত পুত্রাদিবৎ দ্বারমাত্রত্বমিতি ভাবঃ ॥ ৬২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রথমস্যোত্তরমাহ যেনৈবেতি লিঙ্গেন লিঙ্গদেহেন মনসা মনঃ প্রধানেন পাপপুণ্যয়োর্মনঃ প্রধানৈরিন্দ্রিয়ৈরেব করণাৎ তৎফলয়োঃ স্বর্গ নরকয়োরপীন্দ্রিয়ৈরেব ভোগাৎ ন বিদ্যতে ব্যবধানং যস্য তেনাব্যবধানেন লিঙ্গেনেতি স্থূলদেহস্য তত্র ব্যবধায়কত্বাশঙ্কেঃ ॥ ৬০ ॥

লিঙ্গদেহেনৈব যদ্যপি কর্তৃত্ব ভোক্তৃত্বে ভবত স্তদপি স্থূলদেহং বিনা ন সিদ্ধ্যত ইতি চেৎ সত্যং সতু স্থূলদেহো যঃ কশ্চন কর্ম্মণৈবোপস্থাপ্যতে ইতি সদৃষ্টান্তমাহ শয়ানমিমং জাগ্রদ্দেহং শ্বসন্তং জীবন্তমুৎসৃজ্য তদভিমানং ত্যক্ত্বা আত্মনি মনসি সংস্কার রূপেণাহিতং কর্ম্ম যথা ভুঙ্‌ক্তে তাদৃশেন শয়ান দেহ সদৃশেন কর্ম্মোপস্থাপিতেন স্থূলদেহেন অন্যেন বা পশ্বাদি দেহেন তথা লোকান্তরেঽপীতি ভাবঃ ॥ ৬১ ॥

স্থূলদেহে কেবলমভিমানমাত্রং তেন চ যৎ সহায়কং জীবস্য তদ্দর্শয়তি মমৈতে যাগাঃ স্বর্গফলা ইতি। অয়মহং কর্ম্ম করোমীতি ব্রুবন্ মনসা যদ্যদ্দেহং স্থূলং গৃহ্লীয়াদভিমান বিষয়ী কুর্য্যাৎ। ততো দেহাদ্রাদ্ধং সিদ্ধং কর্ম্মৈব সলিঙ্গো জীবো গৃহ্লীয়াৎ

নারদ কহিলেন রাজন্! জীব ইহ লোকে যে দেহ দ্বারা কর্ম্ম করে, পরলোকে অব্যবধানেই অর্থাৎ কর্ত্তা ভোক্তার বিচ্ছেদ না হইতে হইতেই সেই দেহ দ্বারা ফলভোগ করিয়া থাকে, ফলতঃ যদিও স্থূল দেহ বিনষ্ট হয় তথাচ মনঃ প্রধান লিঙ্গদেহের ধ্বংস না হওয়াতে তাহার দ্বারাই ফলভোগ করিয়া থাকে, ইহাতে সংশয়ের বিষয় কি? ॥ ৬০ ॥

জাগ্রদবস্থায় এই যে দেহ বর্ত্তমান রহিয়াছে, এতদভিমানী জীব শয়ান হইলে যেমন জাগ্রৎ দেহ পরিত্যাগ করিয়া মনো মধ্যে সংস্কার রূপে স্থিত কর্ম্ম সকলকে স্বপ্ন দেহ দ্বারা ভোগ করে তাহার ন্যায়, স্বপ্নদেহ সদৃশ কর্ম্ম জন্য পশ্বাদি দেহ অথবা অন্য কোন দেহ দ্বারা লোকান্তরে ফল ভোগ করিবে ইহাতে তোমার আশ্চর্য্য বোধ কেন হইতেছে? ॥ ৬১ ॥

"আমার এই সকল পুত্র" "এই আমি ব্রাহ্মণ" এই প্রকার কহিয়া জীব মনের দ্বারা যে যে দেহ গ্রহণ করে সেই সেই দেহ হইতে সিদ্ধ কর্ম্ম পুনরায় প্রাপ্ত হয়, সেই সমস্ত কর্ম্ম অহঙ্কার দ্বারা

যথানুমীয়তে চিত্তমুভয়ৈরিন্দ্রিয়েহিতৈঃ। এবং প্রাগ্দেহজং কর্ম্ম লক্ষ্যতে চিত্তবৃত্তিভিঃ ॥ ৬৩ ॥
নানুভূতং কচানেন দেহেনাদৃষ্টমশ্রুতং। কদাচিদুপলভ্যেত যদ্রূপং যাদৃগাত্মনি ॥ ৬৪ ॥

শ্রীধরস্বামী।

যদুক্তং কর্ম্মণো নষ্টত্বান্নামুত্র ভোগ ইতি তত্রাহ যথেতি। উভয়ৈর্জ্ঞান কর্ম্মরূপৈরিন্দ্রিয়াণামীহিতৈঃ কদাচিৎ কচিৎ কর্ম্ম প্রবৃত্তিভিশ্চিত্তমনুমীয়তে সত্যপি সর্ব্বেন্দ্রিয় বিষয় সম্বন্ধে যুগপজ্জ্ঞানানুৎপত্তেঃ তদুক্তমক্ষপাদেন যুগপজ্জ্ঞানানুপপত্তির্মনসো লিঙ্গমিতি এবং চিত্তবৃত্তিভিরপি পূর্ব্বদেহজং কর্ম্ম লক্ষ্যতে তাসামপি যুগপদনুৎপত্তেঃ ॥ ৬৩ ॥

ইতোপি কর্ম্ম লক্ষ্যতে ইত্যাহ নানুভূতমিতি দ্বাভ্যাং। অনেন বর্ত্তমানেন দেহেন কচ কুত্রচিদপি নানুভূতং অননুভূতং অনুপভুক্তং অদৃষ্টঞ্চাশ্রুতঞ্চ যদ্রূপং যদাত্মকং যাদৃক্ যৎ প্রকারঞ্চ তৎ কদাচিৎ স্বপ্ন মনোরথাদিষু আত্মনি মনসি উপলভ্যেত ॥ ৬৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

নানুভূতমিতি যুগ্মকং ॥ ৬৪ ॥ ৬৫ । ৬৬ । ৬৭ । ৬৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নতু তং স্থূলদেহং প্রয়োজনাভাবাদেবেতি ভাবঃ। ততশ্চ তেন কর্ম্মণৈবমহঙ্কারগৃহীতেন পুনর্ভবো ভবতি অন্যথা জন্মানুপপত্তেঃ ॥ ৬২ ॥

যৎ পৃষ্টং কর্ম্মণ স্তৎকালএব নষ্টত্বান্নামুত্র ভোগ ইতি তত্রাহ। যথেতি উভয়ৈর্জ্ঞান কর্ম্মরূপৈরিন্দ্রিয়াণামীহিতৈর্যুগপদনুত্থিতৈশ্চিত্তমনুমীয়তে সত্যপি সর্ব্বেন্দ্রিয় বিষয় সম্বন্ধে যুগপজ্জ্ঞানানুৎপত্তেঃ তদুক্তমক্ষপাদেন যুগপজ্জ্ঞানানুৎপত্তি র্মনসোলিঙ্গমিতি। তস্মাদ্যদা যেনেন্দ্রিয়েণ মনসো যোগ স্তদা তস্যেন্দ্রিয়স্যৈব বিষয় জ্ঞানমিতি। এবমেব চিত্তস্য সর্ব্বাভির্বৃত্তিভি র্যুগপদনুদ্ভূতাভিঃ পূর্ব্বদেহজং কর্ম্ম লক্ষ্যতে। যেন যেন কর্ম্মণা যদা যদা যা যা চিত্তবৃত্তি র্যুজ্যতে সা সৈব ভদ্রা অভদ্রা বাপ্যুদ্ভবতীত্যর্থঃ। তেন কর্ম্মণঃ সমনন্তরক্ষণ এবোপরতত্বেপি তৎ সংস্কার স্তদ্রূপস্তিষ্ঠেদেবেতি সিদ্ধান্তো দর্শিতঃ ॥ ৬৩ ॥

নন্থ স্থূলদেহ নাশেপি লিঙ্গদেহোযন্ন নশ্যতীত্যেতৎ কথং প্রতীমস্তত্রাহ নানুভূতমিতি দ্বাভ্যাং অনেন বর্ত্তমানেন দেহেন কচিৎ চ কদাপি অননুভূতং অনুপভুক্তং অদৃষ্টঞ্চাশ্রুতঞ্চ পূর্ব্বদেহগতং বস্তু স্বপ্নমনোরথাদৌ উপলভ্যেত তচ্চ যদ্রূপং যাদৃক্ যৎ প্রকারকঞ্চ আত্মনি মনসি উপলভ্যেত তদ্রূপং তাদৃগেব পূর্ব্বদেহ সম্ভবং লিঙ্গিনোঽস্য জীবস্য শ্রদ্ধৎস্ব নিশ্চয়েন মন্যস্ব হে রাজন্ নহ্যননুভূতোঽর্থো মনস্প্রষ্টুং মনসি স্ফুরিতু মর্হতি তস্মাদ্বাল্যে দৃষ্টশ্রুতং বস্তু যথা বার্দ্ধকে স্ফুরতি তথৈব পূর্ব্ব পূর্ব্ব স্থূল দেহগত মেতদ্দেহস্থে মনসি স্ফুরতি চেত্তদেবেদং মনোনান্যদিতি জানীয়াদিতি ভাবঃ ॥ ৬৪ ॥ ৬৫ ॥

পরিগৃহীত হওয়াতে তদ্দারাই পুনর্জ্জন্ম হইয়া থাকে, অর্থাৎ মনোবিশিষ্ট অভিমন্তাই কর্ত্তা, অভিমানের বিষয় যে দেহ, তাহা দ্বার মাত্র ॥ ৬২ ॥

হে রাজন্! কর্ম্ম সকল পরক্ষণে নষ্ট হইয়া যায়, ইহাতে পরকালে সে সকলের ভোগ কি রূপে হইবে বলিয়া যে সংশয় প্রকাশ করিলে তদ্বিষয়ে আমার বক্তব্য এই, যেমন ইন্দ্রিয় সকলের জ্ঞান ও কর্ম্ম রূপ দ্বিবিধ প্রবৃত্তি দ্বারা চিত্তের অনুমান করা যায়, সেই রূপ চিত্ত বৃত্তি দ্বারা পূর্ব্ব দেহ জন্য কর্ম্ম সকলের অনুমান হইয়া থাকে ॥ ৬৩ ॥

অপর যে বস্তু যে প্রকার ও যৎ স্বরূপ তাহা যদি সেই প্রকারে ও তৎস্বরূপে এই দেহ দ্বারা কোথাও অনুভূত বা দৃষ্ট অথবা শ্রুত না হয়, তাহা হইলে কখন স্বপ্ন অথবা মনোরথ ইত্যাদিতে সেই বস্তুর উপলব্ধি হইতে পারে না ॥ ৬৪ ॥

তেনাস্য তাদৃশং রাজন্ লিঙ্গিনোদেহসম্ভবং। শ্রদ্ধৎস্বানমুভূতোর্থো ন মনঃ স্প্রষ্টু মর্হতি ॥ ৬৫
মনএব মনুষ্যস্য পূর্ব্ব রূপাণি শংসতি। ভবিষ্যতশ্চ ভদ্রস্তে তথৈব ন ভবিষ্যতঃ ॥ ৬৬ ॥
অদৃষ্টমশ্রুতঞ্চাত্র কচিন্মনসি দৃশ্যতে। যথা তথানুমন্তব্যং দেশকালক্রিয়াশ্রয়ং ॥ ৬৭ ॥

শ্রীধরস্বামী।

তেন হেতুনা অস্য লিঙ্গিনো বাসনাশ্রয়স্য জীবস্য তাদৃশং তদনুভবাদি যুক্তং পূর্ব্বদেহসম্ভবং শ্রদ্ধৎস্ব নিশ্চয়েন মন্যস্ব। নহ্যননুভূতোঽর্থো মনঃ স্প্রষ্টুং মনসি স্ফুরিতুমর্হতি ॥ ৬৫ ॥

কিঞ্চ মনোবৃত্ত্যৈব পূর্ব্বাপরাণি শুভাশুভ নিমিত্তানি শরীরাণি জ্ঞায়ন্ত ইত্যাহ মন এবেতি। ভদ্রস্ত ইতি সম্যগবধানার্থমাশিষাভিনন্দতি। ভবিষ্যতঃ উন্নত্বং প্রাপ্স্যতঃ নভবিষ্যতঃ নীচত্বং প্রাপ্স্যতোপি ভাবীনি রূপাণি শংসতি মন এবৌদার্য্য কার্পণ্যাদি বৃত্তিভিঃ পূর্ব্বমপ্যেবমাসীৎ পশ্চাদপ্যেবমেব ভবিষ্যতীতি জ্ঞাপয়তীত্যর্থঃ ॥ ৬৬ ॥

নমু কদাচিদ্দর্শনানর্হমপি স্বপ্নে প্রতীয়তে যথা পর্ব্বতাগ্রে সমুদ্রঃ দিবা নক্ষত্রাণি স্বশিরশ্ছেদ ইত্যাদি তত্রাহ অদৃষ্টমিতি। অন্য দেশাশ্রয়ঃ পর্ব্বতাগ্রে সমুদ্রঃ নিশাশ্রয়ং নক্ষত্রাদিকং দিবা অভ্যঙ্গাদি ক্রিয়াশ্রয়ং শিরশ্ছেদনাশ্রয়ং নিদ্রাদোষেণ প্রতীয়ত ইত্যনুমন্তব্যং পরস্যাপি মতে তদনুপপত্তে স্তুল্যত্বাদিতি ভাবঃ ॥ ৬৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ মনোবৃত্ত্যৈব পূর্ব্বাপরাণ্যশুভানি শুভানিচ শরীরাণি জ্ঞায়ন্ত ইত্যাহ মনএব কর্ত্তৃ উগ্রত্ব শান্তত্বাদিভিঃ কার্পণ্যৌদার্য্যাদিভিশ্চ মনুষ্যস্য পূর্ব্ব রূপাণি পূর্ব্ব পূর্ব্ব শরীরাণি পূর্ব্বমপ্যয়মেবাসীদিতি শংসতি কথয়তি ভবিষ্যতশ্চ তস্য ভাবীনি শরীরাণি এবমেবায়ং ভবিষ্যতীতি তথা জ্ঞান বৈরাগ্যাদি দৃষ্ট্যা পূর্ব্বমপ্যস্য শমদমাদ্যাসীৎ নভবিষ্যত ইতি পুনর্জ্জনিষ্যমাণস্যাস্য মুক্তির্ভবিষ্যতীতি মনএব জ্ঞাপয়ত্যত একমেব মনোময়ং লিঙ্গ শরীরং নপুনঃ পুনর্জাতমিত্যর্থঃ। ভদ্রস্ত ইত্যেতৎ ত্বং বুদ্ধ্যস্বেতি কৃপয়া আশীর্ব্বাদঃ ॥ ৬৬ ॥

নমু কথং কদাচিদ্দর্শনানর্হমপি স্বপ্নে প্রতীয়তে যথা পর্ব্বতাগ্রে সমুদ্রঃ দিবা নক্ষত্রাণি স্বশিরশ্ছেদ ইত্যাদীন্যত আহ অদৃষ্টং দর্শনানর্হং অশ্রুতং শ্রবণানর্হং যথা যেন প্রকারেণ দৃশ্যতে। তথা তেনৈব প্রকারেণ দেশকালক্রিয়াশ্রয়ং তত্তদনুমন্তব্যং। তত্র অন্যদেশাশ্রয়ঃ সমুদ্রঃ পর্ব্বতাগ্রে। নিশাশ্রয়ং নক্ষত্রাদিকং। দিবা অভ্যঙ্গাদি ক্রিয়াশ্রয়ং শিরঃ খলু ছেদন ক্রিয়ায়াং ধাতু বৈষম্য প্রযুক্তয়া স্বপ্নগতয়া ভ্রান্ত্যা প্রতীতং ॥ ৬৭ ॥

অতএব বাসনাশ্রয় জীবের তত্তদনুভবাদি যুক্ত পূর্ব্বদেহ হইতে পারে ইহা বিশ্বাস কর, নচেৎ মনঃ অনুভূত বিষয় স্পর্শ করিতে কথন সমর্থ হইতে পারে না ॥ ৬৫ ॥

হে রাজন্! মনই মনুষ্যের পূর্ব্বরূপ সকল প্রকাশ করিয়া দেয়, আর মনই মনুষ্যের ভবিষ্যতে উন্নতি প্রাপ্তি অথবা নীচত্ব প্রাপ্তি হইলে যেমন যেমন রূপ হইবে তাহা ঔদার্য্য ও কার্পণ্যাদি বৃত্তি দ্বারা জানাইয়া থাকে অতএব কাহারও ঔদার্য্য বা কার্পণ্যাদি দেখিলেই লোকে বলিয়া থাকে এ ব্যক্তি পূর্ব্ব জন্মেও এরূপ ছিল পরেও এ প্রকার হইবে ॥ ৬৬ ॥

অপর যেমন কথন কথন অদৃষ্ট ও অশ্রুত বিষয়ও মনোমধ্যে প্রকাশমান হয়, সেই রূপ পর্ব্বতাগ্রে সমুদ্র, দিবসে নক্ষত্র দর্শন, আপনার শিরশ্ছেদন, ইত্যাদি অসম্ভব বিষয়ও দেশ কাল ও ক্রিয়া আশ্রয় করিয়া নিদ্রা দোষে স্বপ্নাবস্থায় প্রতীয়মান হইতে পারে ইহা স্বীকার করিতে হইবে ॥ ৬৭

সর্ব্বে ক্রমানুরোধেন মনসেন্দ্রিয়গোচরাঃ। আয়ান্তি বহুশোযান্তি সর্ব্বে সমনসোজনাঃ॥ ৬৮॥
সত্ত্বৈকনিষ্ঠে মনসি ভগবৎপার্শ্ববর্ত্তিনি। তমশ্চন্দ্রমসীবেদমুপরজ্যাবভাসতে॥ ৬৯॥
নাহং মমেতি ভাবোঽয়ং পুরুষে ব্যবধীয়তে। যাবদ্বুদ্ধি মনোঽক্ষার্থ গুণব্যূহো হ্যনাদিমান্॥ ৭০

শ্রীধরস্বামী।

নমু দরিদ্রঃ কচিদাত্মানং মহারাজং পশুতি রাজাচ রঙ্কমাত্মানং পশুতি তৎকথমসম্ভাবিতং সঙ্গচ্ছেত তত্রাহ সর্ব্ব ইতি। আয়ান্তি ভোগ্যত্বেন প্রাপ্নুবন্তি যান্তিচ ভোগানন্তরং যদি কশ্চিদমনা ভবেৎ তর্হ্যেবং ন স্যাৎ। নত্বেতদস্তীত্যাহ সর্ব্বে সমনস ইতি। অতঃ সর্ব্বেষাং সমনস্কত্বাৎ মনসিচ সর্ব্বার্থানাং ক্রমেণ প্রবেশাৎ নাত্যন্তাদৃষ্টচরঃ কস্যাপি কশ্চিদর্থোঽস্তীত্যর্থঃ॥ ৬৮॥

তদেবং সর্ব্বৈরপি সর্ব্বেঽর্থাঃ ক্রমেণ দৃশ্যন্ত ইত্যুক্তং। ইদানীং যুগপদপি সর্ব্বদর্শনং কদাচিদ্ভবতীত্যাহ সত্ত্বৈকনিষ্ঠ ইতি ভগবৎ পার্শ্ববর্ত্তিনি ভগবদ্ধ্যানপরে মনসি ইদং বিশ্বং উপরজ্য সংযোগমিব প্রাপ্যাবভাসতে প্রতীত্যনর্হস্যাপি কদাচিৎ প্রতীতৌ দৃষ্টান্তঃ। চন্দ্রমসি উপরজ্য তমোরাহুরিব তদিদং শুদ্ধে মনসি সর্ব্ববিষয় স্ফুরণং যোগিপ্রত্যক্ষ সিদ্ধমিতি প্রসিদ্ধং॥ ৬৯॥

তদেবং স্থূলদেহ নাশেপি লিঙ্গদেহস্যানাশাৎ অন্যঃ কর্ত্তা অন্যো ভোক্তেতি দোষো নাস্তীত্যুক্তং তত্রৈবং শঙ্কতে। নমু লিঙ্গ দেহস্য স্থূলদেহ দ্বারেণৈব কর্তৃত্ব ভোক্তৃত্বে নতু কেবলস্য তত্র কদাচিৎ স্থূলদেহাভাবে জীবস্য কর্তৃত্ব ভোক্তৃত্বাভাবাৎ মুক্তিঃ প্রসজ্যেত তত্রাহ। অহং মমেতি ভাবঃ স্থূলদেহ সম্বন্ধঃ পুরুষে জীবে ন ব্যবধীয়তে নবিচ্ছিন্নো ভবতি। কিং পর্য্যন্তং বুদ্ধ্যাদীনাং

ক্রমসন্দর্ভঃ।

যা চেতন শ্রীভগবন্নিষ্ঠে চেতসিতু বিশ্বজীবাসংস্ফুরণমনাসঙ্গেনৈবেতি দৃষ্টান্তেনাহ সত্ত্বৈকেতি জীবাখ্য চিচ্ছক্তিবিশেষেণ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

একেনৈব লিঙ্গদেহেন পরঃসহস্রান্ স্থূলদেহান্ প্রবিশ্য কালভেদেন এক এব যঃ কোপি জীবঃ সর্ব্বানেব বিষয় ভোগান্ ভুঙ্ক্তে ইত্যাহ সর্ব্বে ইতি সমনসঃ সলিঙ্গদেহাঃ॥ ৬৮॥

তদেবং সর্ব্বৈরপি সর্ব্বেঽর্থাঃ ক্রমেণ দৃশ্যন্ত ইত্যুক্তং। ইদানীং যুগপদপি সর্ব্ব দর্শনং কদাচিদ্ভবতীত্যাহ সত্ত্বে শুদ্ধসত্ত্বে চিদ্বিভূতাবেব একা নিষ্ঠা নিতরাং স্থিতির্যস্য তথাভূতে মনসি ভগবৎ পার্শ্ববর্ত্তিনি সতি ইদং বিশ্বমুপরজ্য সংযোগমিব প্রাপ্যাবভাসতে ভগবান্ যথা বিশ্বং পশ্যতি তদা তদিচ্ছাবশাত্তত্কোপি পশ্যতি যথা ব্রজেশ্বরী মৃত্ভক্ষণ লীলায়ামিত্যর্থঃ। প্রতীত্যনর্হস্যাপি কদাচিৎ প্রতীতৌ দৃষ্টান্তঃ। চন্দ্রমসি উপরজ্য তমঃ রাহুরিব॥ ৬৯॥

তদেবং স্থূলদেহ নাশেপি লিঙ্গদেহস্যানাশাদন্য কর্ত্তান্যো ভোক্তেতিঃ দোষোনাস্তীত্যুক্তং। তত্রৈবং শঙ্কতে নমু লিঙ্গদেহস্য স্থূলদেহ দ্বারেণৈব কর্তৃত্বভোক্তৃত্বে দৃশ্যেতে নতু কেবলস্য তত্র কদাচিৎ স্থূলদেহাভাবে জীবস্য কর্তৃত্বাদ্যভাবামুক্তিঃ প্রসজ্যেতেতি তত্রাহ নাহমিতি অহং মমেতি ভাবঃ স্থূলদেহ সম্বন্ধঃ পুরুষে জীবে ন ব্যবধীয়তে ন বিচ্ছিন্নো ভবতি কিং পর্য্যন্তং বুদ্ধি মনোঽক্ষার্থ

অপিচ সকল মনুষ্যেরই মন আছে এবং সকল বস্তুই ক্রমানুরোধে মন ও ইন্দ্রিয়ের গোচর হইয়া ভোগ্যত্ব রূপে উপস্থিত ও ভোগানন্তর গত হইয়া থাকে অতএব সকল পদার্থই ক্রমশঃ মনোমধ্যে প্রবিষ্ট হওয়াতে কোন বস্তুই কাহারও একান্ত অনুভূত নহে, সুতরাং স্বপ্নযোগে রাজার আপনাকে দরিদ্র করিয়া দর্শন ও দরিদ্রের আপনাকে মহারাজ করিয়া অবলোকন ইত্যাদিও অসম্ভব হইতে পারে না॥ ৬৮॥

হে রাজন্! রাহু যেমন চন্দ্রের সহিত সংযুক্ত হইয়া প্রকাশ পায় তাহার ন্যায় সত্ত্বৈকনিষ্ঠ এবং ভগবদ্ধ্যান পরায়ণ যে মনঃ তাহাতে প্রত্যক্ষ পরিদৃশ্যমান এই বিশ্ব সংযুক্তবৎ হইয়া প্রকাশ পাইয়া থাকে, ফলতঃ শুদ্ধ মনের মধ্যে বিষয়ের স্ফুরণ যোগিদের প্রত্যক্ষ সিদ্ধ, এ কথা প্রসিদ্ধই আছে॥ ৬৯

অপর বুদ্ধি, মনঃ, ইন্দ্রিয় বিষয় ও গুণ এই সকলের পরিণাম যাবৎ থাকে, তাবৎ পর্য্যন্ত "আমি আমার" এই ভাব অর্থাৎ স্থূল দেহ সম্বন্ধ বিচ্ছিন্ন হয় না, অতএব কদাচিৎ কর্তৃত্ব ভোক্তৃত্ব বিরহে

সুপ্তি মূর্চ্ছোপতাপেষু প্রাণায়নবিঘাততঃ। নেহতেহমিতি জ্ঞানং মৃত্যু প্রজ্বারয়োরপি ॥ ৭১ ॥
গর্ভে বাল্যে প্যপৌগুল্যাদেকাদশ বিধং তদা। লিঙ্গং ন দৃশ্যতে যূনঃ কুহ্বাং চন্দ্রমসো যথা ॥ ৭২
অর্থে হ্যবিদ্যমানেপি সংসৃতির্ন নিবর্ত্ততে। ধ্যায়তো বিষয়ানস্য স্বপ্নেহনর্থাগমো যথা ॥ ৭৩ ॥

শ্রীধরস্বামী।

ব্যূহঃ পরিণামো লিঙ্গং যাবদস্তি। ন আদিমান্ অনাদিমান্ ॥ ৭০ ॥
স্বাপাদাবহঙ্কারাদ্যভাবাৎ তৎবিচ্ছেদমাশঙ্ক্যাহ দ্বাভ্যাং। সুপ্ত্যাদিষু উপতাপঃ ইষ্টবিয়োগাদি দুঃখং তেষু অহমিতি জ্ঞানং অহঙ্কারঃ নেহতে ন প্রকাশতে প্রাণায়নানামিন্দ্রিয়াণাং বিঘাতাৎ। ইন্দ্রিয়ৈর্হিদমহঙ্কারাস্পদ বস্তু গ্রহণে হ্যহঙ্কারঃ স্ফুরতি নান্যথেতর্থঃ ॥ ৭১ ॥
অপৌগুল্যাৎ অসংপূর্ণত্বাৎ প্রাণায়নানামিতি শেষঃ। যূনস্তরুণস্য যদেকাদশবিধং একাদশেন্দ্রিয়ৈঃ স্ফুটং লিঙ্গমহঙ্করণং তন্ন দৃশ্যতে। সতোপ্যনভিব্যক্তৌ দৃষ্টান্তঃ কুহ্বামমাবস্যায়াং চন্দ্রমসো লিঙ্গং রূপমিব ॥ ৭২ ॥
তস্মানহঙ্কারাস্পদস্য স্থূলদেহস্যাবিচ্ছেদাদ্বস্তুভূতার্থা ভাবেপি সংসৃতি নিবৃত্তির্নাস্তীত্যাহ অর্থেহীতি ॥ ৭৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

জীবো ব্যাবহারিকঃ ॥ ৬৯। ৭০। ৭১। ৭২। ৭৩। ৭৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রূপোগুণ ব্যূহোগুণ পরিণামো লিঙ্গং যাবদস্তি। নম্বয়ং কদারভ্য প্রবৃত্তস্তত্রাহ অনাদিমান্ অবিজ্ঞাতাদিকালঃ ॥ ৭০ ॥
নম্বু লিঙ্গদেহ সদ্ভাবে এব পরঃ সহস্রাণাং স্থূলদেহানাং নাশ উদ্ভবশ্চ যথা ভবতি তথাস্থূলদেহসদ্ভাবেপি প্রতি সুষুপ্তি সূক্ষ্ম দেহানাং নাশঃ সুষুপ্ত্যন্তে চোদ্ভবশ্চ কথং ন ক্রমস্তত্রাহ সুপ্তীতি দ্বাভ্যাং উপতাপ ইষ্টবিয়োগাদি দুঃখং সুপ্ত্যাদিষু প্রাণানাং অয়নং ইন্দ্রিয়েষু সঞ্চলনং তস্য বিঘাতাৎ বিঘাতজন্যাদিন্দ্রিয়াণাং স্বস্ব ব্যাপারাসামর্থ্যাৎ অহমিতি জ্ঞানং অহঙ্কারঃ অহমমুক ইতি জ্ঞানং নেহতে ন প্রকাশতে তত্র সুষুপ্তৌ মন আদি সর্ব্বেন্দ্রিয়েষু প্রাণসঞ্চারণাভাবঃ স্বপ্নে বহির্জ্ঞানেন্দ্রিয়েষ্বেবেতি জ্ঞেয়ং। মৃত্যু প্রজ্বারাভ্যাং জনিতে কষ্টেপি সুষুপ্ত্যাদিষু যথা পূর্ব্বং বিঘাতাধিক্যং নতু লিঙ্গস্যাভাবঃ ॥ ৭১ ॥
অপৌগুল্যাৎ অসম্পূর্ণত্বাৎ ইন্দ্রিয়ায়তনানামিতি শেষঃ। যূন স্তরুণস্য যদেকাদশ বিধং একাদশেন্দ্রিয়ৈঃ স্ফুটং লিঙ্গদেহ মহঙ্কার কারণং তন্ন দৃশ্যতে। সতোপ্যনভিব্যক্তৌ দৃষ্টান্তঃ। কুহ্বামমাবস্যায়াং চন্দ্রমসোলিঙ্গং রূপমিব ॥ ৭২ ॥
এবং সুষুপ্ত্যাদিষু লিঙ্গস্য বিঘাতএব নত্বভাবঃ। যেচ সুষুপ্তি প্রলয়য়োর্লিঙ্গস্য প্রকৃতৌ লয়াদভাবমাহ স্তস্মতেপি জীবস্য তদা ন মুক্তিঃ কিন্তু সংসার এবেতি সদৃষ্টান্তমাহ অর্থে লিঙ্গশরীরে বিষয়ধ্যানাদনিবৃত্তস্য পুংসঃ স্বপ্নে বিষয়াভাবেপি বিষয় গ্রহণ রূপস্যানর্থস্য যথা আগমনং তথৈব সুষুপ্তৌ লিঙ্গলয়েপি অবিদ্যা তৎ সংস্কারাণামপগমাৎ ন মুক্তিঃ কিন্তু সংসার এবেত্যর্থঃ ॥ ৭৩

মুক্তি প্রসঙ্গ হয় এমত আশঙ্কাও করিতে পার না ॥ ৭০ ॥
আর নিদ্রা মূর্চ্ছা ও উপতাপ (ইষ্ট বিয়োগ জন্য দুঃখ) তথা মৃত্যু ও জরা এই সকল অবস্থায় ইন্দ্রিয় দ্বারা যখন অহঙ্কারাস্পদ বস্তু গ্রহণ হয় তখনই অহঙ্কারের স্ফূর্ত্তি হইয়া থাকে, অন্যথা হয় না, অতএব নিদ্রাদি অবস্থায় অহঙ্কার একেবারে থাকে না এমত মনে করিও না ॥ ৭১ ॥
রাজন্! যুবা পুরুষের একাদশ ইন্দ্রিয় দ্বারা যে রূপ অহঙ্কার সুব্যক্ত দৃষ্ট হয় অমাবস্যায় চন্দ্রকলার ন্যায় গর্ভে ও বাল্যাবস্থায় ইন্দ্রিয় সকল সম্পূর্ণ না হওয়াতে উহা তদ্রূপ দৃষ্ট হয় না ॥ ৭২
অতএব অহঙ্কারাস্পদ যে স্থূল দেহ, তাহার বিচ্ছেদ না হওয়াতে যদিও বিষয় সকল বস্তুতঃ বিদ্যমান থাকে না, তথাচ সংসার নিবৃত্ত হয় না, বিষয় ধ্যানকারি পুরুষের যেমন স্বপ্নে অর্থাগম হয় তাহার ন্যায়, প্রকারান্তরে সংসার বিদ্যমান থাকে ॥ ৭৩ ॥

এবং পঞ্চবিধং লিঙ্গং ত্রিবৃৎ ষোড়শবিস্তৃতং। এষ চেতনয়া যুক্তো জীব ইত্যভিধীয়তে।
অনেন পুরুষোদেহানুপাদত্তে বিমুঞ্চতি। হর্ষং শোকং ভয়ং দুঃখং সুখঞ্চানেন বিন্দতি॥ ৭৪॥
যথা তৃণজলৌকেয়ং নাপযাত্যপযাতিচ। নত্যজেন্ম্রিয়মাণোপি প্রাগ্দেহাভিমতিং জনঃ।
যাবদন্যং ন বিন্দেত ব্যবধানেন কর্ম্মণাং॥ ৭৫॥
মনএব মনুষ্যেন্দ্র ভূতানাং ভবভাবনং॥ ৭৬॥
যদাক্ষৈশ্চরিতান্ ধ্যায়ন্ কর্ম্মাণ্যারভতেঽসকৃৎ। সতি কর্ম্মণ্যবিদ্যায়াং বন্ধঃ কর্ম্মণ্যনাত্মনঃ॥ ৭৭

শ্রীধরস্বামী।

যাবল্লিঙ্গং স্থূলদেহাবিচ্ছেদাৎ সংসারানিবৃত্তিরিত্যেতৎ প্রপঞ্চয়তি এবমিতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। পঞ্চ তন্মাত্রাত্মকং ত্রিবৃৎ ত্রিগুণং ষোড়শ বিকারাত্মনা বিস্তৃতং॥ ৭৪॥

নবেকং দেহং বিসৃজ্য দেহান্তর প্রবেশাৎ পূর্ব্বং বিদেহতা স্যাদেব অত আহ যথেতি। নাপযাতি পূর্ব্বতৃণস্যাত্যাগাৎ অপযাতিচ তৃণান্তর ধারণাৎ তথা নত্যজেৎ অন্যং দেহং কর্ম্মণাং প্রাগ্দেহারম্ভকাণাং ব্যবধানেন বিচ্ছেদেন সমাপ্ত্যা॥ ৭৫॥

প্রকরণার্থমুপসংহরতি মনএবেতি। ভবভাবনং সংসারহেতুঃ॥ ৭৬॥

কথং সতি তদাহ যদেতি চরিতান্ উপভুক্তান্ যতঃ কর্ম্মণি সতি নবসঙ্গস্থ কুতঃ কর্ম্ম তত্রাহ অবিদ্যায়াং সত্যাং অনাত্মনো দেহাদেঃ কর্ম্মণি বন্ধো ভবতি॥ ৭৭॥

ক্রমসন্দর্ভঃ।

যথেতি সার্দ্ধকং॥ ৭৫॥
মন ইত্যর্দ্ধকং॥ ৭৬॥
অবিদ্যায়াং সত্যামিতি যথা সংমোহিতো জীব ইতি ন্যায়েন সঙ্গমনীয়ং॥ ৭৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লিঙ্গশরীরমেব কিং তত্রাহ এবমিতি পঞ্চবিধং পঞ্চপ্রাণা বিধা বিদধতশ্চেষ্টাং কুর্ব্বন্তো যত্র তৎ। ত্রিবৃৎ ত্রিগুণং ষোড়শ বিকারাত্মনা বিস্তৃতং জীবোলিঙ্গদেহঃ॥ ৭৪॥

দেহত্যাগ দেহান্তর প্রবেশয়ো মধ্য ক্ষণেপ্যভিমানাবিচ্ছেদমাহ যথেতি নাপযাতি পূর্ব্বতৃণস্যাত্যাগাৎ অপযাতিচ তৃণান্তর ধারণাৎ কর্ম্মণামুত্তরদেহারম্ভকাণাং ব্যবধানেন বিশেষতো ধারণেন॥ ৭৫॥

প্রকরণমুপসংহরতি মন এবেতি ভবভাবনং সংসারহেতুঃ॥ ৭৬॥

কেন প্রকারেণেত্যত আহ যদেতি। চরিতান্ উপভুক্তান্ পদার্থান যতঃ কর্ম্মণি একস্মিন্নপি বীজরূপে স্থিতে সতি অবিদ্যায়াং সত্যাং অনাত্মনো দেহাদেঃ কর্ম্মণি বন্ধো ভবতি॥ ৭৭॥

রাজন্! পঞ্চতন্মাত্র স্বরূপ এবং ত্রিগুণ ও ষোড়শ বিকারে বিস্তৃত লিঙ্গদেহ এই প্রকারে চেতনার সহিত সংযুক্ত হইলে তাহাকে জীব বলা যায়। এই লিঙ্গ দ্বারাই পুরুষ স্থূল দেহ সকল গ্রহণ ও পরিত্যাগ করিয়া থাকে। আর ইহা দ্বারাই, শোক, হর্ষ, সুখ, দুঃখ ও ভয় প্রাপ্ত হয়॥ ৭৪॥

যেমন তৃণজলৌকা পূর্ব্ব তৃণ একেবারে পরিত্যাগ করে না, তৃণান্তর ধারণ করিয়াই ত্যাগ করে, তাহার ন্যায় পুরুষ ম্রিয়মাণ হইলে পূর্ব্বদেহের আরম্ভক কর্ম্ম সকলের সমাপন দ্বারা যাবৎ অন্য দেহ অবলম্বন না হয় তাবৎ পূর্ব্বদেহাভিমান পরিত্যাগ করে না॥ ৭৫॥

হে নরনাথ! বস্তুতঃ মনই প্রাণি সকলের সংসার কারণ॥ ৭৬॥

ইন্দ্রিয় সকল দ্বারা যে সমস্ত বিষয় উপভুক্ত হয় তাহার ধ্যান করিয়াই পুরুষ পুনঃ পুনঃ কর্ম্ম আরম্ভ করিয়া থাকে, যে হেতু কর্ম্ম থাকিলেই অবিদ্যা থাকে, অবিদ্যা থাকিলেই দেহাদির কর্ম্মেতে বন্ধন হয়॥ ৭৭॥

অতস্তদপবাদার্থং ভজ সর্ব্বাত্মনা হরিং। পশ্যংস্তদাত্মকং বিশ্বং স্থিত্যুৎপত্ত্যপ্যয়া যতঃ॥ ৭৮॥
শ্রীমৈত্রেয় উবাচ॥
ভাগবত্ত মুখ্যো ভগবান্নারদো হংসয়োর্গতিং। প্রদর্শ্য নৃপমামন্ত্র্য সিদ্ধলোকং ততোগমৎ॥ ৭৯॥
প্রাচিনবর্হী রাজর্ষিঃ প্রজাসর্গাভিরক্ষণে। আদিশ্য পুত্রানগমৎ তপসে কপিলাশ্রমং।
তত্রৈকাগ্রমনা ধীরো গোবিন্দচরণাম্বুজং। বিমুক্তসঙ্গোঽনুভজন্ ভক্ত্যা তৎ সাম্যতামগাৎ।
এতদধ্যাত্মপারোক্ষ্যং গীতং দেবর্ষিণানঘ। যঃ শ্রাবয়েৎ যঃ শৃণুয়াৎ সলিঙ্গেন বিমুচ্যতে॥ ৮০

শ্রীধরস্বামী।

বিশ্বস্থিত্যাদয়ো যতো হরের্ভবন্তি॥ ৭৮॥
হংসয়ো জীবেশ্বরয়োঃ॥ ৭৯॥
পুত্রান্ আদিশ্যেতি পুত্রাণামাদেশং মন্ত্রিণামগ্রে কথয়িত্বা॥ ৮০॥

ক্রমসন্দর্ভঃ।

অতস্তদপবাদার্থমিত্যত্র ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদীশাদপেতস্য ইত্যাদিকমুপজীব্যং॥ ৭৮॥
তৎসাম্যং তৎ সারূপ্যং॥ ৭৯। ৮০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হংসয়োর্জীবেশ্বরয়োঃ॥ ৭৮॥
পুত্রাণাদিশ্যেতি পুত্রাণামাদেশং মন্ত্রিণামগ্রে কথয়িত্বা পুত্রাণাং তদা তত্রানাগমনাৎ॥ ৭৯॥
সাম্যতাং সাম্যং সারূপ্যং॥
এতদুপাখ্যানং মুকুন্দযশসা কর্ম্মাদিভ্যো ভক্ত্যুৎকর্ষ রূপেণ তস্মিন্মহমুখরিতা মধুভিচ্চরিত্রেত্যাদিনা ব্যঞ্জিতেন বা পারমেষ্ঠ্যং পরমেষ্ঠিনঃ কর্ম্ম। পরমেষ্ঠিনাপ্যেতন্নিত্যং কীর্ত্ত্যত ইত্যর্থঃ তৎকৃতং বা॥ ৮০॥

অতএব ঐ অবিদ্যার নিবারণার্থ সর্ব্বান্তঃকরণে ভগবান্ হরির ভজনা কর এবং এই বিশ্বকে তন্ময় দেখ, তাঁহা হইতেই সৃষ্টি স্থিতি প্রলয় হইতেছে॥ ৭৮॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! ভাগবত প্রধান ভগবান্ নারদ এই প্রকারে জীব ও ঈশ্বরের গতি উপদেশ দিলেন, তদনন্তর প্রাচীনবর্হি নৃপতিকে আমন্ত্রণ করিয়া তথা হইতে সিদ্ধলোকে প্রস্থান করিলেন॥ ৭৯॥

তাহার পর রাজর্ষি প্রাচীনবর্হিঃ মন্ত্রিদিগকে আহ্বান করিয়া তাহাদের অগ্রে কহিলেন আমার পুত্রদিগকে প্রজা সৃষ্টির রক্ষণাবেক্ষণ করিতে কহিও। এই রূপে আপনার পুত্রদের প্রতি আদেশ করিয়া তপস্যার্থ কপিলাশ্রমে গমন করিলেন। সেই আশ্রমে সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক একাগ্রমনা হইয়া ভগবান্ গোবিন্দের চরণাম্বুজ আরাধনা করিয়াছিলেন, তাহাতে ঐকান্তিকী ভক্তি প্রভাবে অচিরেই তাঁহার ভগবৎ সাম্য লাভ হইল। বৎস বিদুর! দেবর্ষি নারদ এই প্রকারে পরোক্ষ অধ্যাত্ম তত্ত্বের বর্ণন করিয়া কহিলেন, যে ব্যক্তি ইহা শ্রবণ করিবে অথবা কাহাকেও শ্রবণ করাইবে সে লিঙ্গ দেহ হইতে বিযুক্ত হইবে সন্দেহ নাই॥ ৮০॥

এতন্মুকুন্দযশসা ভুবনং পুনানং দেবর্ষিবর্য্য মুখনিঃসৃতমাত্মশৌচং।

যঃ কীর্ত্ত্যমানমধিগচ্ছতি পারমেষ্ঠ্যং নাস্মিন্ ভবে ভ্রমতি মুক্তসমস্তবন্ধঃ ॥ ৮১ ॥

আধ্যাত্ম পারোক্ষ্যমিদং ময়াধিগতমদ্ভুতং। এবং সত্ত্র্যাশ্রয়ঃ পুংসশ্ছিন্নোহ মুত্রচ সংশয়ঃ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে শ্রীনারদ প্রাচীনবর্হিঃ সম্বাদে পুরঞ্জনোপাখ্যানে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৯ ॥ * ॥

শ্রীবিদুর উবাচ ॥

যে ত্বয়াভিহিতা ব্রহ্মন্ সুতাঃ প্রাচীনবর্হিষঃ। তে রুদ্রগীতেন হরিং সিদ্ধিমাপুঃ প্রতোষ্য কাং ॥ ১

শ্রীধরস্বামী।

আত্মশৌচং মনঃ শোধকং পারমেষ্ঠ্যং সর্ব্বোৎকৃষ্টফলদং ॥ ৮১ ॥

স্ত্রীবুদ্ধি স্তৎ সহিতস্যাত্মন আশ্রয়োঽহঙ্কারশ্ছিন্নোভবতি। অমুত্র কর্ম্মফল ভোগঃ কথমিতি সংশয়শ্ছিন্নঃ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে একোনত্রিংশঃ ॥ * ॥

প্রসঙ্গাৎ পঞ্চভিঃ প্রোক্তং বৃত্তং প্রাচীনবর্হিষঃ। বর্ণ্যতে পুনর্ব্বিভ্যাং প্রস্তুতং তৎ প্রচেতসাং। তত্র ত্রিংশে তপ স্তুষ্টাদীশাল্লব্ধবরাস্ততঃ। আগত্য বার্ক্ষীমুদ্বাহ্য রাজ্যং চক্রুরিতীর্য্যতে ॥ ০ ॥

হরিং প্রতোষ্য কাং সিদ্ধিমাপুঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

মুকুন্দযশসা। তস্মিন্মহন্মুখরিতা ইত্যাদিনা লক্ষণেন তদ্যশো মহিম্না ॥ ৮১ ॥ স্ত্রিয়াশ্রম ইতি ছান্দস ইয়ঙাদেশঃ ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য একোনত্রিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ত্রীবুদ্ধিস্তৎসহিতস্যাশ্রমোঽহঙ্কারঃ পক্ষে গার্হস্থ্য লক্ষণঃ অমুত্র কর্ম্ম ফলভোগঃ কথমিতি সংশয়শ্চ ছিন্নঃ ॥ ৮১ । ৮২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্থ একোনত্রিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ত্রিংশে প্রচেতসোলব্ধবরাঃ স্তুত্যা হরের্জনাৎ। গত্বা দগ্ধ্বা তরূন্ বার্ক্ষীং লব্ধ্বা রাজ্যং মুদা বভুঃ ॥ ০ ॥

প্রচেতসাং কথামধ্যে এব তৎ পিতুঃ প্রাচীনবর্হিষঃ। নারদোপদেশাদুদ্ধারমাকর্ণ্য পুনস্তেষামেবাবশিষ্টাং কথাং শুশ্রূষতে যে ইতি। হরিং প্রতোষ্য কাং সিদ্ধিমাপুঃ ॥ ১ ॥

অপিচ হে বৎস! দেবর্ষি শ্রেষ্ঠ নারদের মুখনিঃসৃত এই অধ্যাত্মতত্ত্ব ভগবান্ মুকুন্দের যশে ত্রিভুবন পবিত্র করে এবং ইহা মনের সংশোধক। কোন ব্যক্তি ইহা কীর্ত্তন করিলে, যিনি শ্রবণ করিবেন, তাঁহার সমস্ত বন্ধন মোচন হইবে, এ সংসারে আর কখন তাঁহাকে ভ্রমণ করিতে হইবে না ॥৮১ ॥

বৎস! এই পরোক্ষ অদ্ভুত অধ্যাত্ম তত্ত্ব বৃত্তান্ত আমিই প্রাপ্ত হইয়াছিলাম, ইহার দ্বারা বুদ্ধিযুক্ত আত্মার অহঙ্কার ছিন্ন হয় এবং পরকালে কি প্রকারে কর্ম্ম ভোগ হয় এরূপ সংশয় দূরীভূত হইয়া যায় ॥ ৮২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে ঊনত্রিংশ ॥ * ॥

ত্রিংশদধ্যায়ে তপস্যায় তুষ্ট পরমেশ্বর সন্নিধানে বর লাভানন্তর প্রত্যাগমন করিয়া বৃক্ষোৎপন্না কন্যার পাণিগ্রহণ পূর্ব্বক প্রাচীনবর্হিঃ পুত্রদের রাজ্য করণ ॥ ০ ॥

বিদুর জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! আপনি প্রাচীনবর্হিঃ রাজার যে সকল পুত্রদের কথা কহিলেন, তাঁহারা রুদ্রগীত জপ দ্বারা ভগবান্ হরিকে পরিতুষ্ট করিয়া কি রূপ সিদ্ধি প্রাপ্ত হন? ॥ ১ ॥

কিং বার্হস্পত্যেহ পরত্র বাথ কৈবল্যনাথ প্রিয়পার্শ্ববর্ত্তিনঃ।
আসাদ্য দেবং গিরিশং যদৃচ্ছয়া প্রাপুঃ পরং নূনমথ প্রচেতসঃ॥ ২॥
শ্রীমৈত্রেয় উবাচ॥
প্রচেতসোন্তরুদধৌ পিতুরাদেশকারিণঃ। জপযজ্ঞেন তপসা পুরঞ্জনমতোষয়ন্॥ ৩॥
দশবর্ষ সহস্রান্তে পুরুষস্তু সনাতনঃ। তেষামাবিরভূৎ কৃচ্ছ্রং শান্তেন শময়ন্ রুচা॥ ৪॥
সুপর্ণস্কন্ধমারূঢ়ো মেরুশৃঙ্গমিবাম্বুদঃ। পীতবাসা মণিগ্রীবঃ কুর্ব্বন্ বিতিমিরা দিশঃ॥ ৫॥

শ্রীধরস্বামী।

হে বার্হস্পত্য কস্তাঞ্চিদ্বিদ্যায়াং বৃহস্পতের্মৈত্রেয়ঃ শিষ্য ইতি জ্ঞাতব্যং তে যদৃচ্ছয়া গিরিশং প্রাপ্য তস্যৈব কৈবল্যনাথ প্রিয়স্ত গিরিশস্ত পার্শ্ববর্ত্তিনস্তদনুগৃহীতাঃ সন্তোনূনং পরং মোক্ষং প্রাপুরেব ততঃ পূর্ব্বন্তু ইহ অথবা পরত্র কিং প্রাপুঃ॥ ২॥
রুদ্রগীত জপরূপেণ যজ্ঞেন তপসাচ পুরঞ্জনং হরিং॥ ৩॥
তেষাং কৃচ্ছ্রং তপঃ ক্লেশং রুচা কান্ত্যা শময়ন্ শান্তেন সত্বেন বপুষা আবির্ভূতঃ॥ ৪॥
সুপর্ণস্কন্ধমারূঢ় ইত্যাদীনাং বর্হিষতঃ সুতানাহেতি তৃতীয়েনান্বয়ঃ॥ ৫॥

ক্রমসন্দর্ভঃ।

সুপর্ণেতি ত্রিকং। কাশিষ্ণুনা ভ্রাজমানেন। কনক বর্ণেনালৌকিকত্বান্ন তু, কনকময়েনেত্যর্থঃ। তেন বিভূষণেন কুণ্ডলাদিনা। পূর্ব্বং শ্রীরুদ্রোপদিষ্ট পরম ব্যোমাখ্য মহাবৈকুণ্ঠাধিপ চতুর্ভুজত্বেন ধ্যানস্যাপি শ্রীভগবতোঽষ্টভুজত্বেনাবির্ভাবস্যাভিপ্রায়োয়ং। নাধুনা ভবদত্যন্তাভীষ্ট দানার্থ সহসাবিভূর্তঃ। কিন্তু আপাত সান্ত্বনাদ্যর্থমেবেতি॥ ১।২।৩।৪।৫।৬।৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে বার্হস্পত্য। কস্তাঞ্চিদ্বিদ্যায়ামুদ্ধবমৈত্রেয়ৌ বৃহস্পতেঃ শিষ্যাবিতি প্রসিদ্ধেঃ প্রচেতসঃ ইহ লোকে পরত্রচ কিং পরং শ্রেষ্ঠং বস্তু প্রাপুঃ কিং কৃত্বা যদৃচ্ছয়ৈব গিরিশং দেবমাসাদ্য কীদৃশাঃ কৈবল্যনাথস্ত প্রিয়াঃ পার্শ্ববর্ত্তিনশ্চ॥ ২॥
রুদ্রগীতরূপেণ জপযজ্ঞেন পুরঞ্জনং হরিং॥ ৩॥
শান্তেন শান্তয়া রুচা॥ ৪।৫॥

হে ব্রহ্মন্! আপনি বৃহস্পতির শিষ্য, সকল জানেন, ঐ সকল রাজপুত্র তপঃ প্রভাবে ভগবান্ গিরিশকে প্রাপ্ত হইয়া কৈবল্যনাথ প্রিয় সেই মহেশ্বরের অনুগ্রহে পার্শ্ববর্ত্তী অর্থাৎ অনুগ্রহ ভাজন হওত অবশ্য মোক্ষ প্রাপ্ত হইয়া থাকিবেন। কিন্তু তাহার পূর্ব্বে ইহলোকে ও পরলোকে কি প্রাপ্ত হয়েন?॥ ২॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! প্রচেতারা আপনাদের পিতার আদেশ পালন করতঃ সমুদ্রের জল মধ্যে থাকিয়া রুদ্রগীত জপ যজ্ঞ ও তপস্যা দ্বারা ভগবান্ হরির পরিতোষ জন্মাইতেছিলেন॥ ৩॥

দশ সহস্র বৎসর তপস্যা করিলে সনাতন পুরুষ ভগবান্ বিষ্ণু স্বীয় কান্তি দ্বারা তাহাদের তপঃ ক্লেশ শান্তি করত সত্ব মূর্ত্তি অবলম্বন করিয়া সমক্ষে আবির্ভূত হইলেন॥ ৪॥

মেঘ যেমন সুমেরু শৃঙ্গের উপরে থাকে তাহার ন্যায় তিনি গরুড়ের স্কন্ধে আরূঢ় হইয়াছিলেন, তাঁহার পরিধান পীতবসন, গলদেশে কৌস্তুভ মণি, অঙ্গকান্তি দ্বারা দিক্ সকল প্রকাশ পাইতেছিল॥ ৫॥

কাশিষ্ণুনা কনকবর্ণ বিভূষণেন ভ্রাজৎকপোলবদনো বিলসৎ কিরীটঃ।
অষ্টায়ুধৈরনুচরৈর্মুনিভিঃ সুরেন্দ্রৈরাসেবিতো গরুড়কিন্নরগীতকীর্ত্তিঃ॥ ৬॥
পীনায়তাষ্ট ভুজমণ্ডল মধ্য লক্ষ্ম্যা স্পর্দ্ধৎ শ্রিয়া পরিবৃতো বনমালয়াদ্যঃ।
বর্হিষতঃ পুরুষ আহ সুতান্ প্রপন্নান্ পর্জ্জন্যনাদরুতয়া সঘৃণাবলোকঃ॥ ৭॥
শ্রীভগবানুবাচ॥
বরং বৃণীধ্বং ভদ্রং বো যূয়ং মে নৃপনন্দনাঃ। সৌহার্দ্দেনাপৃথগ্ধর্ম্মা স্তুষ্টোহং সৌহৃদেন বঃ॥ ৮॥
যোঽস্মস্মরতি সন্ধ্যায়াং যুষ্মানমুদিনং নরঃ। তস্য ভ্রাতৃষ্বাত্মসাম্যং তথা ভূতেষু সৌহৃদং॥ ৯॥

শ্রীধরস্বামী।

কনকময়েন বর্ণবতা বিভূষণেন ভ্রাজমানং কপোলং বদনং চ যস্য। অষ্টভিরায়ুধৈঃ গরুড়এব কিন্নরঃ তেন পক্ষস্বনৈ র্গীতা কীর্ত্তির্যস্য॥ ৬॥

পীনাশ্চ যে আয়তা অষ্টৌ ভুজা স্তেষাং মণ্ডলং সমূহঃ তন্মধ্যে স্থিতয়া লক্ষ্ম্যা স্পর্দ্ধমানা শ্রীঃ শোভা যস্যাঃ তয়া বনমালয়া পরিবৃতঃ আদ্যঃ পুরুষঃ আহ পর্জ্জন্যস্য নাদ ইব রুতং নাদো যস্যা স্তয়া বাচা সঘৃণোঽবলোকো যস্য॥ ৭॥

যূয়ং মে মত্তো বৃণীধ্বং সৌহার্দ্দেন হেতুনা হ পৃথগ্ধর্ম্মো যেষাং তেষাং সম্বোধনং বঃ পরস্পরং সৌহৃদেন তুষ্টোহং॥ ৮॥

ভূতেষু সৌহৃদঞ্চ ভবিষ্যতি॥ ৯॥

ক্রমসন্দর্ভঃ।

স্বাভাবিকেন সৌহার্দ্দেন হেতুনা বো যুষ্মাকং মদুপাসকানামিত্যর্থঃ। সৌহৃদেন বৈশিষ্ট্যং প্রাপ্তেন তেন তুষ্টোহং যথা ন তথা মদুপাসনয়াপীত্যর্থঃ॥ ৮॥

ভ্রাতৃষু সমবাসনং মদ্ভক্তেষু আত্মসাম্যং স্বাত্মনীব পরস্পর স্নেহং॥ ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কনকময়েন বর্ণবতা নানা রত্ন জটিতত্বেন নানা বর্ণবতা বিভূষণেন কুণ্ডলাদিনা ভুজমণ্ডলমধ্যে লক্ষ্মীঃ শোভা যস্যা স্তয়া। স্পর্দ্ধন্তী স্পর্দ্ধমানা শ্রীর্লক্ষ্মীর্যয়া তয়া। আদ্যঃ পুরুষঃ। পর্জ্জন্যনাদ ইব রুতং নাদোযস্যা স্তয়া বাচা আহ। স ক্বপাবলোকঃ॥৬।৭।৮।৯॥

অপর উজ্জ্বল কনকময় ভূষণ দ্বারা বদন ও কপোল মনোহর শোভা প্রকাশ করিতেছিল এবং মস্তকে চমৎকার কিরীট দেদীপ্যমান রহিয়াছিল। আর অষ্টহস্তে অস্ত্র সকল আশ্চর্য্য রূপে শোভা পাইতেছিল। অপিচ অনুচর মুনিগণ এবং প্রধান প্রধান দেবগণ চারিদিকে সেবা করিতেছিলেন, আর গরুড় স্বয়ং কিন্নর স্বরূপ হইয়া পক্ষ শব্দ দ্বারা তাঁহার কীর্ত্তি গান করিতেছিল॥ ৬॥

অপর তিনি যে বনমালায় পরিবৃত ছিলেন, তাহার শোভা সামান্য হয় নাই, পীন অথচ আয়ত যে আটটী বাহু তৎ সমুদায়ের মধ্যস্থিত লক্ষ্মীর সহিত স্পর্দ্ধা করিতেছিল। বৎস বিদুর! ঐ প্রকার ঐশ্বর্য্য শালী সেই আদ্য পুরুষ সদয়াবলোকন পূর্ব্বক মেঘ গম্ভীর বাক্য দ্বারা প্রাচীনবর্হির পুত্রদিগকে সম্বোধন করিয়া কহিলেন॥ ৭॥

অহে নৃপনন্দনগণ! তোমাদের পরস্পর সৌহার্দ্দ হেতু এক প্রকারই ধর্ম্ম, অতএব এই সৌহৃদ্যে আমি যথেষ্ট সন্তুষ্ট হইলাম, তোমাদের মঙ্গল হউক, আমার নিকট অভিলষিত বর প্রার্থনা কর॥ ৮॥

হে রাজপুত্র সকল! তোমরা আমার অতিশয় প্রিয়পাত্র, তোমাদের সম্মানার্থ আমি এই এক বর দিতেছি, যে মানব অনুদিন সন্ধ্যাকালে তোমাদিগকে স্মরণ করিবে তাহার ভ্রাতৃ প্রতি আত্ম তুল্য স্নেহ এবং প্রাণি সকলে সৌহৃদ্য হইবে॥ ৯॥

যে তু মাং রুদ্রগীতেন সায়ং প্রাতঃ সমাহিতাঃ। স্তুবন্ত্যহং কামবরান্ দাস্যে প্রজ্ঞাঞ্চ শোভনাং ॥ ১০ ॥
যদ্যূয়ং পিতুরাদেশমগ্রহীষ্ট মুদান্বিতাঃ। অথোব উশতীকীর্ত্তি র্লোকানমু ভবিষ্যতি ॥ ১১ ॥
ভবিতা বিশ্রুতঃ পুত্রোঽনবমো ব্রহ্মণো গুণৈঃ। য এতামাত্মবীর্য্যেণ ত্রিলোকীং পূরয়িষ্যতি ॥১২
কণ্ডোঃ প্রম্লোচয়া লব্ধা কন্যা কমললোচনা। তাঞ্চাপবিদ্ধাং জগৃহুর্ভূরুহা নৃপনন্দনাঃ ॥ ১৩ ॥
ক্ষুৎক্ষামায়া মুখে রাজা সোমঃ পীযূষবর্ষিণীং। দেশিনীং রোদমানায়া নিদধে স দয়ান্বিতঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

তেভ্যোপি দাস্যে কিং পুনর্যুষ্মভ্যমিতি শেষঃ ॥ ১০ ॥

হে পাণ্ডবেয়! যেমন পাপকারী লোক পাপানুসারে উল্লিখিত নিরয়গামী হয়, তেমনি ধর্ম্মানুষ্ঠানকারী জনগণ স্ব স্ব কর্ম্মানুসারে স্বর্গাদিলোক প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৪৫ ॥

পরন্তু যাহারা পরলোকে ধর্ম্ম ও অধর্ম্মের ফলভোগ করে তথায় তাহাদের ভোগ একেবারে শেষ হয় না কিঞ্চিৎ অবশিষ্ট থাকে, তদ্দ্বারা ঐ সকল ব্যক্তিকে পুনরায় জন্ম নিমিত্ত এই মর্ত্ত্যলোকে আসিয়া প্রবেশ করিতে হয় ॥ ৪৬ ॥

রাজন্! নিবৃত্তি রূপ যে মার্গ তাহা অগ্রেই (দ্বিতীয়স্কন্ধে) ব্যাখ্যা করিয়াছি। হে কুরুকুলাবতংশ! পুরাণ সকলে যে ব্রহ্মাণ্ডকে চতুর্দ্দশ প্রকারে বিভাগ করিয়া কল্পনা করেন, তাহা এই রূপ, অর্থাৎ যে রূপ বর্ণন করিলাম তদ্রূপ, ইহাই সাক্ষাৎ ভগবান্ মহাপুরুষের মায়া গুণময় স্থূলরূপ, ইহার বিবরণ যে ব্যক্তি আদর পূর্ব্বক পাঠ ও শ্রবণ করে এবং শ্রবণ করান্ ॥ ৪৭ ॥

শ্রদ্ধা ও ভক্তি দ্বারা তাঁহার বুদ্ধি বিশুদ্ধা হয় এবং তিনি ভগবান্ পরমাত্মার অগ্রাহ্য হইলেও উপনিষৎ সম্বন্ধীয় বিষয় অবগত হইতে পারেন ॥ ৪৮ ॥

শ্রুত্বা যথা স্থূলসূক্ষ্মরূপং ভগবতো যতিঃ। স্থূলে নির্জিতমাত্মানং শনৈঃ সূক্ষ্মং ধিয়া নয়েদিতি ॥ ৪৯ ॥
ভূদ্বীপবর্ষ সরিদদ্রি নভঃ সমুদ্র পাতাল দিঙ্ নরক ভাগণ লোকসংস্থা।
গীতা ময়া তব নৃপাদ্ভুতমীশ্বরস্য স্থূলং বপুঃ সকল জীবনিকায়ধাম ॥ ৫০ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে নরক বর্ণনং ষড়্বিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৬ ॥ * ॥ সমাপ্তশ্চায়ং পঞ্চমস্কন্ধঃ ॥ * ॥

শ্রীধরস্বামী।

যথাবৎ শ্রুত্বা ॥ ৩৯

কথম্ভূতা সংস্থা সকলানাং জীবনিকায়ানাং ধাম আশ্রয়ভূতং বপুঃ ॥ ৫০ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে ষড়্বিংশঃ ॥ * ॥

পঞ্চমস্কন্ধ সম্বন্ধি পদ ভাবার্থদীপনৈঃ। প্রীয়তাং পরমানন্দ নৃহরির্বালভাষিতৈঃ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবত পদভাবার্থ দীপিকায়াং শ্রীধরস্বামি বিরচিতায়াং পঞ্চমস্কন্ধঃ সমাপ্তঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

যথা স্থূলং শ্রুত্বা তথা সূক্ষ্মঞ্চ শ্রুত্বা স্থূলে রূপে আত্মানং নির্জিতং কৃত্বা শনৈঃ ক্রমেণ সূক্ষ্মং প্রতি ধিয়া ব্যবসায়াত্মিকয়া বুদ্ধ্যা নয়েদিত্যন্বয়ঃ। পাঠান্তরন্তু সুগমং সূক্ষ্মমত্র ভক্তিমাত্র গম্যং রূপং যাবন্ন জায়েত পরাবরেঽস্মিন্ বিশ্বেশ্বরে দ্রষ্টরি ভক্তিযোগ ইতি দ্বিতীয়োক্তেঃ ॥ ৪৯। ৫০ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য ষড়্বিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

ইতি শ্রীভাগবত ক্রমসন্দর্ভে পঞ্চমস্কন্ধস্য ক্রমসন্দর্ভঃ সমাপ্তঃ। শ্রীমদ্ভাগবতং মহামৃতনিধিং সংমথ্য সন্দর্ভতঃ কৃষ্ণং পূর্ণতমং প্রকাশ্য শশিনং হস্তামলক্যাদিবৎ। যোজানাতি তমোবিধূয় বিধিবৎ সন্দর্শয়ন্ স্বাশ্রিতান্ জীবান্ জীবয়তীতি সদ্গুণগণং তং জীব মীশং ভজে ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যথাযথাবৎ স্থূলে রূপে নির্জিতং বশীকৃতমাত্মানং মনঃ ॥ ৪৯ ॥ ৫০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষড়্বিংশঃ পঞ্চমে স্কন্ধে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সহিষ্ণুতা দিব্যসুধাপ্রবাহান্ সাধূন্ সমাকর্ণ্য জিজীবিষামি। স্বধাষ্ট্যদুর্ব্বার ভুজঙ্গদষ্টস্তাহো গতি র্মে কথমন্যথা স্যাৎ ॥

ফলতঃ যতি ব্যক্তিরাও ভগবানের স্থূল সূক্ষ্ম রূপ যথাবৎ শ্রবণ করিয়া স্থূল বিষয়ে চিন্তনাদি দ্বারা আত্মাকে জয় করত পরে বুদ্ধি দ্বারা ক্রমে ক্রমে সূক্ষ্ম বিষয়ে স্থাপন করিয়া থাকেন ॥ ৪৯ ॥

হে নৃপ! পৃথিবী মধ্যে দ্বীপ, বর্ষ, পর্ব্বত, সরিৎ, সাগর, আকাশ, নক্ষত্র, পাতাল, নরক, ইত্যাদি লোক রচনা তোমার নিকট যাহা কীর্ত্তন করিলাম ইহা ঈশ্বরের সেই স্থূল শরীর, জীব সমুদায় ইহারই আশ্রিত ॥ ৫০ ॥

॥ * ॥ ইতি পঞ্চমস্কন্ধে ষড়্বিংশ ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায়াং পঞ্চমস্কন্ধঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীমদ্ভাগবতম্।

মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন প্রণীতম্।

শ্রীশ্রীপূজ্যপাদ শ্রীধরস্বামিকৃত ভাবার্থদীপিকা টীকা।
শ্রীশ্রীপূজ্যপাদ জীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভ
শ্রীশ্রীযুক্ত বিশ্বনাথ চক্রবর্ত্তিকৃত সারার্থদর্শিনী টীকা সমেতং

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদসমেতঞ্চ
ত্রিপুরাধীশ্বর শ্রীমন্মহারাজ বীরচন্দ্র বর্ম্মমানিক্যস্য
সম্পূর্ণ সাহায্যেন মূল্যং বিনা বিতরিতব্যং।

ষষ্ঠস্কন্ধঃ।

মুর্শিদাবাদ;
বহরম্পুর,—রাধারমণযন্ত্রে
শ্রীরামনারায়ণ বিদ্যারত্নেন প্রকাশিতং
মুদ্রিতঞ্চ

সন১২৯২ ভাদ্র।

শ্রীমদ্ভাগবতম্।

ষষ্ঠস্কন্ধঃ।

প্রথমাধ্যায়ঃ।

নমঃ শ্রীকৃষ্ণায়।

শ্রীপরীক্ষিদুবাচ ॥

নিবৃত্তিমার্গঃ কথিত আদৌ ভগবতা যথা। ক্রমযোগোপলব্ধেন ব্রহ্মণা যদসংসৃতিঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

শ্রীকৃষ্ণায় নমঃ। পুণ্যারণ্যে নৃসিংহৈক নামসিংহো বিরাজতে। যন্নাদতঃ পলায়ন্তে মহাকল্মষকুঞ্জরাঃ। বিসর্গসম্ভবান্ জীবান্ স্বমর্য্যাদাসু সংস্থিরান্। বিষ্ণুঃ পাত্যখিলৈ রূপৈ রিত্যেবং পঞ্চমে স্থিতং। অধ্যায়ৈরেকোনবিংশত্যা ষষ্ঠে পোষণমুচ্যতে। অক্লিলঙ্ঘিত মর্য্যাদ ভক্তরক্ষণ লক্ষণং। অজামিলো মনুষ্যেষু মহাপাপো যথেরিতঃ। বিশ্বরূপাদি ঘাতীচ তথা দেবেষু বাসবঃ। অজামিলস্য ভক্তত্বং বিষ্ণুদূতৈ র্নিরূপিতং। সঙ্কেত ভগবন্নাম পুন্নেহাসুসঙ্গজং। ইন্দ্রোপি ভগবদ্ভক্তঃ সখ্যোনোপেন্দ্রসেবকঃ। তদধীন সুরৈশ্বর্য্য শক্র নির্জয় জীবিতঃ। তত্রাদৌ ত্রিভিরধ্যায়ৈরজামিলকথোচ্যতে। বিশ্বরূপ কথা ষড়্ভি রিন্দ্রদোষোক্তয়ে ততঃ। ইন্দ্রস্যৈবতু দোষোক্ত্যৈ বৃত্রাখ্যানং তথাষ্টভিঃ। দ্বাভ্যাঞ্চ মরুদাখ্যানমেবং প্রকরণক্রমঃ। তত্রাদৌ প্রথমে বিষ্ণো র্দূতৈঃ পাতকিমোচনে। তৎপাপখ্যাপনায়োক্তং যাম্যৈ র্ধর্ম্মাদি লক্ষণং ॥ ০ ॥

অথ ষষ্ঠস্কন্ধো ব্যাখ্যায়তে। পূর্ব্বোক্তানুবাদ পূর্ব্বক মনন্তরোক্ত নরকপরিহারোপায়ং পৃচ্ছতি নিবৃত্তিমার্গ ইতি ষড়্ভিঃ।

ক্রমসন্দর্ভঃ।

শ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ ॥

শ্রীকৃষ্ণ কৃষ্ণচৈতন্য সসনাতন রূপকং। গোপাল রঘুনাথাপ্ত ব্রজজীবক পাহি মাং।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ওঁ নমঃ শ্রীকৃষ্ণায় ॥

প্রণম্য শ্রীগুরুং ভূয়ঃ শ্রীকৃষ্ণং করুণার্ণবং। লোকনাথং জগচ্চক্ষুঃ শ্রীশুকং তমুপাশ্রয়ে। গোপরামাজনপ্রাণ

যোগিবর শুকদেব দ্বিতীয়স্কন্ধের শেষে শ্রীমদ্ভাগবতের সর্গ বিসর্গাদি রূপ যে দশটী লক্ষণ বর্ণন করেন তন্মধ্যে তৃতীয় চতুর্থ এবং পঞ্চমস্কন্ধে সর্গ বিসর্গ ও স্থান ইত্যাদি বর্ণন করণানন্তর একণে ষষ্ঠ স্কন্ধে একোন বিংশতি অধ্যায়ে পোষণ বলিতে আরম্ভ করিলেন। তন্মধ্যে প্রথমাধ্যায়ে মহাপাপি অজামিলের মোচনার্থ আগত বিষ্ণুদূতের প্রশ্নে ধর্ম্মাদি লক্ষণ বর্ণন ও অজামিলের পাপ কথন ॥ ০ ॥

রাজা পরীক্ষিৎ সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! আপনি আদৌ অর্থাৎ দ্বিতীয়স্কন্ধে

প্রবৃত্তিলক্ষণশ্চৈব ত্রৈগুণ্যবিষয়ো মুনে। যোঽসাবলীনপ্রকৃতের্গুণসর্গঃ পুনঃ পুনঃ ॥ ২ ॥
অধর্ম্মলক্ষণা নানা নরকাশ্চানুবর্ণিতাঃ। মন্বন্তরশ্চ ব্যাখ্যাত আদ্যঃ স্বায়ম্ভুবো যতঃ।

শ্রীধরস্বামী।

আদৌ দ্বিতীয়স্কন্ধে বৈশ্বানরং যাতীত্যাদিনা ভগবতা ত্বয়া। যথা যথাবৎ যদ্যেন মার্গেণ ক্রমেণ যোগোঽর্চ্চিরাদি প্রাপ্তিস্তেনোপলব্ধো যো ব্রহ্মা তেন সহ অসংসৃতির্মোক্ষো ভবতি। ব্রহ্মণা সহ তে সর্ব্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদমিতি বচনাৎ ॥ ১ ॥

ত্রৈগুণ্যং স্বর্গাদি সুখং তদেব বিষয়ঃ প্রাপ্যং যস্য ন লীনা প্রকৃতি র্যস্য তস্য পুংসঃ পুনঃ পুনর্গুণসর্গঃ ভোগার্থ দেহারম্ভ রূপো। যো মার্গঃ সচ কথিতঃ তৃতীয়ে দক্ষিণেন পথার্য্যম্নঃ পিতৃলোকং ব্রজন্তি তে ইত্যাদিনা ॥ ২ ॥

অনুবর্ণিতা অস্য নিরস্তরাধ্যায়ে ব্যাখ্যাতশ্চতুর্থস্যাদৌ যতো যস্মিন্ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ষষ্ঠস্য ক্রমসন্দর্ভে সন্দর্ভাণাং সমাহৃতিঃ। ক্রিয়তে যন্নিদেশেন সমেঽনন্য গতের্গতিঃ। অথ ষষ্ঠস্কন্ধস্য ক্রমসন্দর্ভঃ। স্বামিপাদৈর্ন যদ্ব্যক্তং যদ্ব্যক্তং চাস্ফুটং ক্বচিৎ। তত্র তত্রৈব বিজ্ঞেয়ঃ সন্দর্ভঃ ক্রমসংজ্ঞকঃ ॥

বৈষ্ণবাপরিতোষঃ স্যাদ্যত্র যত্র ততস্ততঃ। লেখ্যং বৈষ্ণবসিদ্ধান্ত দাক্ষিণ্যেনৈব কিঞ্চন। প্রষ্টব্যার্থোপযুক্তমেব তৎ পূর্ব্বোক্তমনুবদতি নিবৃত্তীতি পঞ্চভিঃ। তত্র পরলোকমার্গো তাবদ্দ্বৌ। বেদানুসারেণৈক স্তদতিক্রমেণান্যঃ প্রথমোঽত্র দ্বিবিধঃ। নিবৃত্তি প্রবৃত্তি লক্ষণঃ উত্তরস্ত্বেকবিধোঽধর্ম্ম লক্ষণঃ। তত্র মার্গত্বং নাম ক্রমযোগহেতুত্বমিত্যুক্তং ক্রমযোগোপলব্ধেনেতি জ্ঞান ভক্তীতু সদ্যঃ প্রাপকত্বান্মার্গত্বেন ন বিবক্ষিতে। তদেতদভিপ্রেত্যাহ। প্রথম সার্দ্ধদ্বয়েন। তত্র নিবৃত্তীতি যুগ্মকং ॥ ১ ॥

অধর্ম্মেত্যর্দ্ধকং অধর্ম্ম লক্ষণাস্তজ্জ্ঞাপকাঃ ॥ ২ ॥

মন্বন্তরাদিকং তু প্রাসঙ্গিক তত্রৈব বর্ণিতমিত্যাহ। মন্বন্তরশ্চেতি সার্দ্ধদ্বয়েন। যতো যস্মিন্ মার্গদ্বয়ে ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রেয়সেতি প্রভুষ্ণবে। তদীয় প্রিয়দাস্যায় মাং মদীয়মহং দদে। স্বমর্য্যাদাস্থিতানাং যদ্ভূপাতাল দিবৌকসাং। পালনং স্থান শব্দোক্তং পঞ্চমে তদুদীরিতং। ভক্তানাং ধর্ম্ম মর্য্যাদোল্লঙ্ঘিনামপি পালনং। যত্তবেত্তত্ত্ব বিদ্বদ্ভিঃ পোষণং পরিকীর্ত্তিতং। পাপিনোঽজামিলস্যাপি নামাভাসেণ ভক্তত্বা। গুরুদ্রোহোপি শক্রস্য প্রোক্তাধিকৃতভক্ততা। তয়োশ্চ পোষণাচ্চিত্রকেত্বাদীনাঞ্চ কিং পুনঃ। অধ্যায়ৈকোনবিংশত্যা ভক্তবাৎসল্যমুচ্যতে। তত্রতু ত্রিভিরধ্যায়ৈ কথাজামিলসংশ্রয়া। বিশ্বরূপাশ্রয়া ষড়্ভির্বৃত্রাখ্যানমথাষ্টভিঃ। মরুদাখ্যান মধ্যায়দ্বয়েন পরিকীর্ত্তিতং। যত্রানুবৃত্তিরিন্দ্রেণ দিত্যাং পুংসবনব্রতে। তত্রেহ প্রথমেঽধ্যায়ে বিষ্ণুদূতৈরজামিলে। মোচ্যমানে তদীয়াদ্যান্মুচ্যন্তে যমকিঙ্করৈঃ। নরাণাং নরকপাতযাতনা শ্রবণেন দয়ার্দ্রহৃদয় স্তন্নিস্তারোপায়স্য প্রষ্টব্যস্য প্রত্যুত্তর বাচনযোগ্যতাযামুৎসাহমুপপাদয়িতুং পূর্ব্বোক্তানুবাদেনোপদিষ্টার্থাবধারণ যোগ্যতাং স্বস্যাভিব্যঞ্জয়তি। নিবৃত্তীতি। যথা যথাবৎ। আদৌ দ্বিতীয়স্কন্ধে বৈশ্বানরং যাতীত্যাদিনা তথা তৃতীয়েচ যে স্বধর্ম্মান্ন দুহন্তীত্যাদিনা যৎ যেন মার্গেণ ক্রমযোগেন প্রাপ্তো যো ব্রহ্মা তেন সহ অসংসৃতি র্মোক্ষো ভবতি। ব্রহ্মণা সহ তে সর্ব্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদমিতি শ্রুতেঃ। প্রবৃত্তি লক্ষণশ্চ কথিত স্তৃতীয়এব যেত্বিহাসক্তমনস ইত্যাদিনা ত্রৈগুণ্যং স্বর্গাদিসুখং তদেব বিষয় প্রাপ্যং যস্য ন লীনা প্রকৃতি র্যস্য তস্য সংসারিণঃ গুণৈরেব সর্গঃ পুনঃ পুনর্জন্ম যতঃ সঃ ॥ ১। ২ ॥

যতো যস্মিন্ ॥ ৩ ॥

যথাবৎ নিবৃত্তি মার্গ কহিয়াছেন। তাহাতে ক্রমে অর্চ্চিরাদি লোক প্রাপ্তি হইয়া পরে তদ্দ্বারা ব্রহ্মার উপলব্ধি ও তাঁহার সহিত মুক্তি হয় ॥ ১ ॥

অপর প্রবৃত্তি রূপ যে মার্গ, স্বর্গাদি সুখই যাহার প্রাপ্য এবং প্রকৃতির বিলয় না হওয়াতে যাহা পুরুষের পুনঃ২ ভোগার্থ দেহারম্ভ স্বরূপ, তাহাও তৎপরে (তৃতীয়স্কন্ধে) বর্ণন করিয়াছেন ॥ ২ ॥

অপর অধর্ম্ম স্বরূপ যে নানাবিধ নরক তাহাও তৎপশ্চাৎ বর্ণিত হইয়াছে। অতএব আপনি মন্ব-

প্রিয়ব্রতোত্তানপদোর্বংশস্তচ্চরিতানিচ ॥ ৩ ॥

দ্বীপ বর্ষ সমুদ্রাদ্রি নদ্যুদ্যান বনস্পতীন্ । ধরামণ্ডল সংস্থানং ভাগ লক্ষণমানতঃ ।

জ্যোতিষাং বিবরাণাঞ্চ যথেদমসৃজদ্বিভুঃ ॥ ৪ ॥

অধুনেহ মহাভাগ যথৈব নরকান্নরঃ । নানোগ্রযাতনান্নেয়াত্তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥ ৫ ॥

শ্রীশুক উবাচ ॥

নচেদিহৈবাপচিতিং যথাংহসঃ কৃতস্য কুর্য্যান্মন উক্তি পাণিভিঃ ।

ধ্রুবং স বৈ প্রেত্য নরকানুপৈতি যে কীর্ত্তিতা মে ভবতস্তিগ্মযাতনাঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী ।

দ্বীপাদীন্ ভাগতো লক্ষণতো মানতশ্চ ধরামণ্ডলস্য সংস্থানং জ্যোতিষাং বিবরাণাঞ্চ ইদং সংস্থানং বিভুর্হরি র্যথাসৃজৎ তথা ব্যাখ্যাতমিত্যর্থঃ ॥ ৪ ॥

নানা উগ্রা যাতনা যেষু তান্নরকান্ যথা যেন উপায়েন ন ইয়াৎ ন গচ্ছেৎ তন্মে অধুনা ব্যাখ্যাতুমর্হসি ॥ ৫ ॥

তত্র তাবন্মম্বাদ্যুক্তং যথাযথ প্রায়শ্চিত্তং বিনা নরকা দুর্নিবারা ইত্যাহ নচেদিতি দ্বাভ্যাং । মন উক্তিপাণিভিঃ মনোবাক্ কায়ৈঃ কৃতস্যাংহসঃ তৈরেব ইহৈব অপচিতিং প্রায়শ্চিত্তং যথাবন্ন কুর্য্যাৎ চেত্তর্হি পুরুষঃ প্রেত্য মৃত্বা নরকান্ ধ্রুবমুপৈতি। যে ময়া যে ভবতঃ কীর্ত্তিতাঃ তিগ্মা দারুণা যাতনা যেষু তে তান্ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ ।

দ্বীপেতি সার্দ্ধকং । বিবরাণাং চেত্যুপলক্ষণং নরকাণাং ॥ ৪ ॥

প্রষ্টব্যমাহ । অধুনেতি । লোকানাং যথেষ্ট সাধনে তে দ্বে জ্ঞানে তথানিষ্টপরিহার সাধনমপি জ্ঞাতব্যমিতি ভাবঃ ॥ ৫ ॥

তত্র স্বমতং প্রায়শ্চিত্তং প্রশ্নেনোৎপাদয়িতুমন্যমনুবদতি । নচেদিতি ॥ ৬ । ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

দ্বীপাদীন্ যথা অসৃজৎ তথা ব্যাখ্যাতমিত্যন্বয়ঃ । ভাগতো লক্ষণতো মানতশ্চ ধরামণ্ডলস্য জ্যোতিষাং সূর্য্যাদীনাং ইদং সংস্থানং যথা অসৃজৎ তথা ব্যাখ্যাতমিত্যর্থঃ ॥ ৪ ॥

নানা উগ্রা যাতনা যেষু তান্ নরকান্ যথা ন ইয়াৎ ন গচ্ছেৎ তৎ লোকানামিষ্টানিষ্ট সাধনে দ্বে যথা জ্ঞাতে তথা নিষ্ট পরিহার সাধনমপি জ্ঞাতব্যমিতি ভাবঃ ॥ ৫ ॥

তত্র স্বশিষ্যস্য পরীক্ষিতঃ স্বমতে ব্যুৎপত্তিং পরীক্ষমাণঃ কশ্চিণাং মতে নরক প্রতীকারমাহ নচেদিতি দ্বাভ্যাং ইহৈব জন্মনি মনোবাক্ কায়ৈর্ব্যস্তৈঃ সমস্তৈর্বা কৃতস্যাংঘসঃ অপচিতিং প্রায়শ্চিত্তং ইহৈব জন্মনি ন কুর্য্যাচ্চেত্তদা তীগ্মা দারুণাঃ ॥ ৬ ॥

স্তরেরও ব্যাখ্যা করিয়াছেন, যাহাতে স্বায়ম্ভুব মনু প্রথমে হয়েন, তদনন্তর প্রিয়ব্রত ও উত্তানপাদ এই দুই মনুপুত্রের বংশ ও তাঁহাদের চরিত্রও বর্ণন করিয়াছেন ॥ ৩ ॥

তথা-দ্বীপ, বর্ষ, পর্ব্বত, সমুদ্র, নদী, উদ্যান, বৃক্ষ এবং বিভাগ লক্ষণ ও পরিমাণ অনুসারে ধরামণ্ডলের তথা সূর্য্যাদি জ্যোতির্গণের এবং অতলাদি অধোলোকের সংস্থান ভগবান্ হরি যে প্রকারে সৃষ্টি করেন তদ্রূপে সমুদায় ব্যাখ্যা করিয়াছেন ॥ ৪ ॥

হে মহাভাগ ! এক্ষণে মানবগণ যে উপায়ে বিবিধ উগ্র যাতনার স্থান নরক না যাইতে পারে অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক তাহা ব্যাখ্যা করিতে যোগ্য হউন ॥ ৫ ॥

রাজা পরীক্ষিতের এই প্রশ্ন শ্রবণ করিয়া শুকদেব কহিলেন, রাজন্ ! পুরুষ শরীর অথবা মনঃ কিম্বা বচন দ্বারা পাপাচরণ করিয়া যদি ইহ লোকেতেই ঐ দেহাদি দ্বারা যথাবিধি মম্বাদি উক্ত প্রায়শ্চিত্ত না করে তাহা হইলে যে সকল নরকের নাম কীর্ত্তন করিয়াছি, যাহাতে দারুণ যাতনা ভোগ করিতে হয়, মৃত্যুর পর অসংশয় সেই নরক প্রাপ্ত হইয়া থাকে ॥ ৬ ॥

তস্মাৎ পুরৈবাশ্বিহ পাপনিষ্কৃতৌ যতেত মৃত্যোরবিপদ্যতাত্মনা।
দোষস্য দৃষ্ট্বা গুরুলাঘবং যথা ভিষক্ চিকিৎসেত রুজাং নিদানবিৎ ॥ ৭ ॥

শ্রীরাজোবাচ ॥

দৃষ্টশ্রুতাভ্যাং যৎপাপং জানন্নপ্যাত্মনোঽহিতং। করোতি ভূয়ো বিবশঃ প্রায়শ্চিত্তমথো কথং ॥ ৮
ক্বচিন্নিবর্ত্ততেঽভদ্রাৎ ক্বচাচরতি তৎপুনঃ। প্রায়শ্চিত্তমথোঽপার্থং মন্যে কুঞ্জরশৌচবৎ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

যস্মাদেবং তস্মাৎ পাপস্য নিষ্কৃতৌ প্রায়শ্চিত্তে যতেত কদা মৃত্যোঃ পুরৈব। তত্রাপি অবিপদ্যতা অক্ষীয়মাণেনাত্মনা দেহেন। যদ্বা অবিপৎ বিপত্তিরহিতো যাবৎ। যতাত্মনা সংযতেন মনসা তত্রাপি আশু অন্যথা অতীত চিরকালেতু দ্বিগুণং ব্রতমর্হতীতি দ্বৈগুণ্যাপত্তেঃ। অত্রচ পাপস্য মহত্ত্বমল্পত্বঞ্চাবেক্ষ্য তদনুরূপ প্রায়শ্চিত্তে যতেত রুজাং রোগাণাং নিদানবিৎ যথা বৈদ্যঃ তদনুরূপং চিকিৎসেত তদ্বৎ ॥ ৭ ॥

অত্র চোদয়তি দ্বাভ্যাং। দৃষ্টং রাজদণ্ডাদি শ্রুতং নরকপাতাদি তাভ্যামাত্মনঃ পাপমহিতং জানন্নপি ভূয়ঃ প্রায়শ্চিত্তানন্তরং করোতি অথো অতঃ কারণাৎ দ্বাদশাব্দিকাদি কথং প্রায়শ্চিত্তং তেন সমূল দোষস্যানিবৃত্তেঃ। নিবৃত্তৌচ পুনঃ পাপপ্ররোহাযোগাদিতি ভাবঃ ॥ ৮ ॥

কিঞ্চ ক্বচিৎ কদাচিদভদ্রাৎ পাপাৎ নিবর্ত্ততে কচিত্তদেব পুনরাচরতি। যথা কুঞ্জরঃ স্নাতোপি রজোভিরাত্মানং মলিনী

ক্রমসন্দর্ভঃ।

তথৈব পৃচ্ছতি দৃষ্টেতি ॥ ৮। ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্মাদেবং তস্মান্মৃত্যোঃ পুরৈব তত্রাপ্যাশু। অন্যথা অতীব চিরকালেতু দ্বিগুণং ব্রত মর্হতীতি দ্বৈগুণ্যাপত্তেঃ। অবিপদ্যতা-ত্মনেতি। যাবজ্জরা রোগাদিভি র্ব্রতাদ্যসামর্থ্যং নস্যাদিত্যর্থঃ। অত্র ব্যবস্থাপকো বিদ্বান্ ধর্ম্মশাস্ত্রতাৎপর্য্য বিজ্ঞো মৃগ্য ইত্যাহ দোষস্যেতি গুরুলাঘবং গৌরবং লাঘবঞ্চ ॥ ৭ ॥

মতমিদমাক্ষিপন্ন সম্মন্যমান আহ দৃষ্টেতি দ্বাভ্যাং। দৃষ্টং রাজদণ্ডাদি শ্রুতং নরক পাতাদি তাভ্যামাত্মনোঽহিতং পাপং প্রায়শ্চিত্তানন্তরমপি করোতি লোকে তথা দৃষ্টত্বাদিত্যর্থঃ। অথো অতঃ প্রায়শ্চিত্তং কথং পাপনাশকমিত্যর্থঃ। তস্য পাপ নাশকত্বে পুনঃ পাপপ্ররোহাযোগাদিতি ভাবঃ ॥ ৮ ॥

ক্বচিদ্যৌবনাদৌ অভদ্রাৎ পাপান্নিবর্ত্ততে পুন স্তদেব পাপং কচিদ্বার্দ্ধকে চরতি অথো অতএব অপার্থং ব্যর্থং কুঞ্জরশৌচবদিতি

অতএব মৃত্যুর পূর্ব্বে যাবৎ দেহের বিপত্তি না হয় তাবৎ সংযত মনে অবিলম্বে পাপের নিষ্কৃতি নিমিত্ত প্রায়শ্চিত্তানুষ্ঠানে যত্ন করা উচিত, নতুবা কালাতিপাত হইলে দ্বিগুণ প্রায়শ্চিত্ত অর্হে। পরন্তু রোগ সকলের নিদানবেত্তা বৈদ্য যেমন রোগের গুরুত্ব ও লঘুত্ব বিবেচনা করিয়া চিকিৎসা করিয়া থাকে তাহার ন্যায়, পাপেরও মহত্ত্ব অল্পত্ব বিবেচনা করিয়া তদনুরূপ প্রায়শ্চিত্তার্থ যত্ন করা বিধেয় ॥ ৭

রাজা কহিলেন ব্রহ্মন্! ইহলোকে দেখা যাইতেছে যে পাপ করিলে রাজদণ্ডাদি হয় এবং পর লোকে তন্নিমিত্ত নরক পাত হইবে ইহাও শাস্ত্রে শুনিতেছি, ইহাতে পাপ যে আপনার অহিতকারি তাহা স্পষ্টই জানা যাইতেছে, কিন্তু ঐরূপ জানিয়াও প্রায়শ্চিত্তানন্তর পুরুষ বিবশ হইয়া পুনর্ব্বার ঐ পাপ কর্ম্মেই রত থাকে, অতএব দ্বাদশ বার্ষিক ব্রতাদিকে কি প্রকারে প্রায়শ্চিত্ত বলিয়া গণ্য করিতে পারি? ॥ ৮ ॥

তাহাতে ত মূল সহিত দোষের নিবৃত্তি হয় না! অপর দৃষ্ট হইতেছে প্রায়শ্চিত্ত করিয়া কদাচিৎ পাপ হইতে নিবৃত্ত হয়, কখন বা তদ্রূপ পাপ পুনরায় করিয়া থাকে। অতএব যদি একেবারে পাপের

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

কর্ম্মণা কর্ম্মনির্হারো নহ্যাত্যন্তিক ইষ্যতে। অবিদ্বদধিকারিত্বাৎ প্রায়শ্চিত্তং বিমর্শনং ॥ ১০ ॥

নাশ্নতঃ পথ্যমেবান্নং ব্যাধয়োঽভিভবন্তিহি। এবং নিয়মকৃদ্রাজন্ শনৈঃ ক্ষেমায় কল্পতে ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

করোতি। তথা পাপস্য পুনর্হ্নির্হারত্বেন নরকপাতস্যাবশ্যং ভাবিত্বাৎ প্রায়শ্চিত্তং ব্যর্থমিতি ॥ ৯ ॥

পরিহরতি কর্ম্মণা কৃচ্ছ্রাদি প্রায়শ্চিত্তেন কর্ম্মণঃ পাপস্য নির্হারো নাশঃ আত্যন্তিকঃ সমূলো নহীষ্যতে। অবিদ্বানধিকারী যস্মিন্ তস্য ভাবস্তত্ত্বং তস্মাৎ অতো অবিদ্যানাশাভাবাৎ নষ্টেপি তস্মিন্ পাপে তৎসংস্কারেণ পাপান্তরস্য পুনঃ পুনঃ প্ররোহো ভবত্যেব। কিন্তর্হি মুখ্যং প্রায়শ্চিত্তং তদাহ প্রায়শ্চিত্তং তু বিমর্শনং জ্ঞানং ॥ ১০ ॥

তচ্চ নিত্যামপ্রমত্তঃ শনৈর্লভতে নান্য ইতি সদৃষ্টান্তমাহ নেতি। পথ্যমেবান্নমশ্নতঃ পুরুষান্ যথা ব্যাধয়ো ন বাধন্তে তথা নিয়মাদি কর্ত্তা ক্ষেমায় তত্ত্বজ্ঞানায় সমর্থো ভবতি ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বমতং বক্তুমাহ কর্ম্মণেতি ॥ ১০। ১১ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ভাবঃ। কুঞ্জরোহি স্নাত্বাপি পুনরাত্মানং রজোভির্মলিনী করোতি ॥ ৯ ॥

পরীক্ষয়োত্তীর্ণং পরীক্ষিতং পুনরপি পরীক্ষিষ্যমাণঃ সিদ্ধান্তং জ্ঞাপয়তি কর্ম্মণা কৃচ্ছ্রাদি প্রায়শ্চিত্তেন কর্ম্মণঃ পাপস্য নাশো নাত্যন্তিকঃ কিন্ত্বাপাতত উপশম ইত্যর্থঃ। অবিদ্বান্ অবিদ্যাবদ্ধো জীব এবাধিকারী যস্য তস্য ভাব স্তত্ত্বং তস্মাদ্ধেতোরিত্য বিদ্যায়াঃ পাপমূলস্য বিদ্যমানত্বাৎ পুনঃ পুনরপি পাপপ্ররোহাদিতি ভাবঃ। কিং তর্হি মুখ্যং প্রায়শ্চিত্তমিত্যতঃ পুনরপি পরীক্ষমাণো জ্ঞানিনাং মতেনাহ বিমর্শনং জ্ঞানং তস্যৈবাবিদ্যানিবর্ত্তকত্বাদিতি ভাবঃ ॥ ১০ ॥

নন্বু তর্হি পাপবত্ত্বে অন্তঃকরণ শুদ্ধ্যভাব স্তস্মিংশ্চ সতি কুতো জ্ঞানপ্রসঙ্গ ইতি চেৎ সত্যং জ্ঞানসাধনেনাপি পাপোপশম ইতি সদৃষ্টান্তমাহ পথ্যমেবান্নমশ্নতঃ পুরুষান্ যথা ব্যাধয়ো ন বাধন্তে তথা নিয়মাদি কর্ত্তা ক্ষেমায় পাপনাশনায় শনৈঃ শনৈরেব সমর্থো ভবতি ॥ ১১ ॥

মূলোৎপাটন না হইল এবং তজ্জন্য নরক পাত অবশ্যই হইবে এমত প্রমাণ দেখা যাইতে লাগিল, তবে প্রায়শ্চিত্তের প্রয়োজন কি? আমার বোধ হয় তাহা কুঞ্জর—স্নানের ন্যায় ব্যর্থ অর্থাৎ হস্তী স্নাত হইয়া যেমন পরক্ষণেই ধূলি দ্বারা আপন অঙ্গ মলিন করে, পুরুষও তদ্রূপ প্রায়শ্চিত্ত করিয়াও পুনরায় পাপ করিলে তজ্জন্য নরকগামী হইবে ॥ ৯ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! চান্দ্রায়ণাদি যে সকল প্রায়শ্চিত্ত, তদ্দ্বারা একেবারে পাপের মূলোচ্ছেদ হয় না, কারণ ঐ সকল প্রায়শ্চিত্তের অধিকারী অবিদ্বান্ পুরুষ, তাহাদের অবিদ্যা নাশ না হওয়াতে প্রায়শ্চিত্ত দ্বারা এক বার পাপক্ষয় হইলেও সংস্কার বশতঃ পুনঃ২ পাপান্তরের প্ররোহ হইয়া থাকে। রাজন্! আমার এই কথায় এখন যদি জিজ্ঞাসা কর তবে মুখ্যপ্রায়শ্চিত্ত কি? তাহার উত্তর এই, জ্ঞানই মুখ্য প্রায়শ্চিত্ত ॥ ১০ ॥

কিন্তু নিত্য অপ্রমত্ত হইয়া যত্ন করিলে ক্রমে২ ঐ জ্ঞান লাভ করিতে পারা যায়, একেবারে লভ্য হয় না, যেমন প্রত্যহ পথ্য অন্ন ভোজি ব্যক্তিকে অভিভব করিতে রোগ সকল ক্রমে ২ অসমর্থ হয় তাহার ন্যায়, নিয়মকারী পুরুষও ক্রমে২ তত্ত্ব জ্ঞানার্থ সমর্থ হইয়া থাকেন ॥ ১১ ॥

তপসা ব্রহ্মচর্য্যেণ শমেনচ দমেনচ। ত্যাগেন সত্য শৌচাভ্যাং যমেন নিয়মেন বা ॥
দেহ বাগ্ বুদ্ধিজং ধীরা ধর্মজ্ঞাঃ শ্রদ্ধয়ান্বিতাঃ। ক্ষিপন্ত্যঘং মহদপি বেণুগুল্মমিবানলঃ ॥ ১২ ॥
কেচিৎ কেবলয়া ভক্ত্যা বাসুদেবপরায়ণাঃ। অঘং ধুন্বন্তি কার্ৎস্ন্যেন নীহারমিব ভাস্করঃ ॥ ১৩ ॥
ন তথাহ্যঘবান্ রাজন্ পূয়েত তপ আদিভিঃ। যথা কৃষ্ণার্পিতপ্রাণস্তৎ পুরুষনিষেবয়া ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

এতদেব বিশদয়তি দ্বাভ্যাং তপসা ঐকাগ্রেণ মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চৈকাগ্র্যং পরমং তপ ইতি স্মৃতেঃ। ব্রহ্মচর্য্যেণাষ্টাঙ্গেন তদুক্তং স্মরণং কীর্ত্তনং কেলিঃ প্রেক্ষণং গুহ্যভাষণং। সংকল্পোঽধ্যবসায়শ্চ ক্রিয়া নির্ব্বৃত্তিরেবচ। এতন্মৈথুনমষ্টাঙ্গং প্রবদন্তি মনীষিণঃ বিপরীতং ব্রহ্মচর্য্যমেতদেবাষ্ট লক্ষণমিতি। শমো মনসো নিয়মনং দমো বাহ্যেন্দ্রিয়াণাং। ত্যাগো দানং যমোঽহিংসাদিঃ নিয়মো জপাদিঃ ॥ ১২ ॥

তস্মাতিদুষ্করত্বাৎ মুখ্যমেবান্যৎ প্রায়শ্চিত্তমাহ কেচিদিত্যনেন। এবম্ভূতা ভক্তিপ্রধানা বিরলা ইতি দর্শয়তি। কেবলয়া তপ আদি নিরপেক্ষয়া বাসুদেবপরায়ণা ইতি নাধিকারি বিশেষণমেতৎ। কিন্ত্বনোযামশ্রদ্ধয়া তত্রাপ্রবৃত্তের্থান্তেষেব পর্য্যবসানাৎ অনুবাদমাত্রং ॥ ১৩ ॥

এতচ্চ জ্ঞানমার্গাদপি শ্রেষ্ঠমিত্যাহ। ন তথা পূয়েত তদ্ভক্তস্তৎ পুরুষনিষেবয়া কৃষ্ণেঽর্পিতাঃ প্রাণা যেন ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বমতমাহ। কেচিদিত্যাদিনা তৃতীয়াধ্যায়ং যাবৎ। অত্র ভক্তির্দ্বিবিধা। সন্ততা কাদাচিৎকীচ। তত্রাদ্যা দ্বিবিধা। আসক্তি মাত্র যুক্তা রাগময়ীচ। অন্ত্যাতু ত্রিধা। রাগাভাসময়ী তচ্ছূন্য স্বরূপভূতা আভসভূতাচ। তত্রাভাসভূতায়া অপি সর্ব্বোত্তম প্রায়শ্চিত্তত্বং দর্শয়িতুং রাগময্যাঃ কৈমুত্যবোধকমাসক্তিময্যা মাহাত্ম্যমাহ কেচিদিতি। কার্ৎস্ন্যেন বাসনয়া সহেত্যর্থঃ ভাস্করদৃষ্টান্তেন স্বাভাবিক্যাভাস্থানীয়য়া ভক্ত্যা নীহারস্থানীয়স্যাগন্তুকস্য সপ্রষ্টু মশক্যস্য চাঘসংঘস্যানুষঙ্গিকতয়ৈব সদ্যোনিঃশেষঃ ধূননমিতি জ্ঞাপিতং ॥ ১৩। ১৪। ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এতদেব বিশদয়তি দ্বাভ্যাং তপসা ভোগরাহিত্যেন ব্রহ্মচর্য্যেণ স্ত্রীপ্রেক্ষণাদিত্যাগেন শমেন যথাশক্তি মনো নিয়মেন। দমেন বাহ্যেন্দ্রিয়নিগ্রহেণ ত্যাগেন দানেন যমেনাহিংসাদিনা নিয়মেন জপাদিনা ॥ ১২ ॥

অত্রাপি বেণুগুল্মানল দৃষ্টান্তেন পুনরপি পাপপ্ররোহ সূচনাদপ্রসন্নমনসং রাজানং ভক্তানাং মতেনাহ। কেচিদিত্যোতে পুনর্বিরল প্রচারা ইতি ভাবঃ। কেবলয়া কর্ম্ম জ্ঞানাদি রহিতয়া সত্যোপি গুণীভূতান্ কর্ম্ম জ্ঞানাদীন্ অনপেক্ষমানয়াচ। অত্র কার্ৎস্ন্যেন ইতি প্রয়োগাৎ নীহারভাস্কর দৃষ্টান্তেনচ পাপনির্ম্মূলনং ভক্ত্যৈব নানাথেতি সূচিতং ॥ ১৩ ॥

অত্রাপি পাপপ্রশমনে তুচ্ছ এব বস্তুনি ভক্তিমহাদেব্যা বিনিয়োগোঽনুচিত ইতি ভক্তিশাস্ত্র তাৎপর্য্য বিজ্ঞানাং মতেন স্বাভিমতে নাস্তমতাক্ষেপ পূর্ব্বকমাহ নেতি কৃষ্ণার্পিত প্রাণ ইতি পাপকর্ম্মাণং মাং সমুচিত শিক্ষাদণ্ডার্থং নরকে পাতয়তু ন পাতয়তু বা সএব মে গতি স্তস্যৈবাহমিত্যাত্মন এব সমর্পণেন নরকপ্রতীকারমপ্যকুর্ব্বন্ শুদ্ধভক্তিমান্ ইত্যর্থঃ। কৃষ্ণার্পিত প্রাণস্তং কথং ভাদিত্যাত

ফলতঃ ধর্ম্মজ্ঞ ধীর পুরুষ শ্রদ্ধান্বিত হইয়া তপস্যা, ব্রহ্মচর্য্য, শম, দম, দান, সত্য, শৌচ, যম (অহিংসাদি) অথবা নিয়ম দ্বারা কায় মনঃ বাক্য কৃত সুমহৎ পাপকেও অগ্নি দ্বারা বেণুগুল্ম নাশের ন্যায় সম্পূর্ণ রূপে বিনষ্ট করিয়া থাকেন ॥ ১২ ॥

অতএব ঐ প্রকার প্রায়শ্চিত্তই মুখ্য। পরন্তু তদ্ব্যতিরিক্ত অন্য প্রায়শ্চিত্তও আছে। অর্থাৎ বাসুদেব পরায়ণ কতিপয় সাধুব্যক্তি দিবাকরের কিরণে নীহার বিনাশের ন্যায় ভগবানের ঐ কান্তিকী ভক্তি দ্বারা সমুদায় পাপ সম্পূর্ণ রূপে উন্মূলিত করিয়া থাকেন ॥ ১৩ ॥

হে রাজন্! এই ভক্তিমার্গ জ্ঞানমার্গ অপেক্ষাও শ্রেষ্ঠ, যে হেতু পাপী মনুষ্য ভগবান্ শ্রীকৃষ্ণে মনঃ সমর্পণ পূর্ব্বক ভগবদ্ভক্ত পুরুষদিগের সেবা করিয়া যেমন পবিত্র হইতে পারে তপস্যাদি দ্বারা

সধ্রীচীনোহ্যয়ং লোকে পন্থাঃ ক্ষেমোঽকুতোভয়ঃ। সুশীলাঃ সাধবো যত্র নারায়ণপরায়ণাঃ॥ ১৫
প্রায়শ্চিত্তানি চীর্ণানি নারায়ণপরাঙ্মুখং। ন নিষ্পুনন্তি রাজেন্দ্র সুরাকুম্ভমিবাপগাঃ॥ ১৬॥
সকৃন্মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো র্নিবেশিতং তদ্গুণরাগি যৈরিহ।

শ্রীধরস্বামী।

অত্র হেতুঃ সধ্রীচীনঃ সমীচীনঃ অয়ং পন্থা ভক্তিমার্গঃ যতঃ ক্ষেমঃ। ক্ষেমত্বে হেতুঃ নকুতশ্চিদ্বিঘ্নাদের্ভয়ং যস্মিন্। তদেবাহ সুশীলাঃ কৃপালবঃ সাধবো নিষ্কামাঃ যত্র যস্মিন্ মার্গে। অতো ন জ্ঞানমার্গ ইবাসহায়তা নিমিত্তং ভয়ং নাপি কর্ম্ম মার্গবৎ মৎসরাদি যুক্তেভ্যো ভয়মিতি ভাবঃ॥ ১৫॥

ভক্তেরন্য নিরপেক্ষত্বমুক্তং কৃচ্ছ্রাদীনিতু ভক্তিং বিনা নশোধয়ন্তীত্যাহ প্রায়শ্চিত্তানীতি। মহতামপ্যশোধকত্বে দৃষ্টান্তমাহ সুরাকুম্ভমাপগা ইবেতি॥ ১৬॥

ভক্তিঃ স্বল্পাপি পুণাতোবেত্যাহ সকৃদিতি তস্য গুণেষু রাগমাত্রমস্তি নতু জ্ঞানং যস্য তন্মনঃ তাবতৈব চীর্ণং কৃতং নিষ্কৃতং প্রায়

ক্রমসন্দর্ভঃ।

প্রায়শ্চিত্তানীতি নিশ্চিতং ন পুনন্তি॥ ১৬॥

অথ রাগাভাসমর্য্যাস্ততোপ্যুত্তমত্বেনাহ সকৃদিতি। রাগোঽত্র রত্যাভাসঃ। সকৃচ্ছব্দ প্রয়োগাৎ সাক্ষাদ্রতৌ সত্যামসকৃদেব তন্নিবেশঃ স্যাৎ। দধতি সকৃন্মনস্ত্বয়ি য আত্মনি নিত্য সুখে ন পুনরুপাসতে পুরুষ সারহরাবসথানিতি শ্রুতিস্তুতেঃ অতএব টীকায়াং তস্য গুণেষু

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আহ তৎ পুরুষেতি॥ ১৪॥

নচ জ্ঞানযোগ ব্রতাদ্যসমর্থানামেব ভক্তিযোগ ইতি বাচ্যং ইত্যাহ সধ্রীচীনঃ হি নিশ্চিতং অয়মেব সর্ব্বতঃ শ্রেষ্ঠঃ ন কুতোপি বিঘ্নাদের্ভয়ং যত্র সঃ। সুশীলাঃ সাধব ইতি জ্ঞানমার্গ ইব অসহায়তা নিমিত্তং ভয়ং ন নাপি কর্ম্মমার্গবন্মৎসরতাদি হেতুকং ভয়মিতি ভাবঃ॥ ১৫॥

কিঞ্চান্বয় ব্যতিরেকাভ্যাং ভক্তিরেব পাপপ্রশমনী দৃষ্টা ন জ্ঞানকর্ম্মাদীত্যাহ। প্রায়শ্চিত্তানীতি বহুবচনেন কর্ম্ম জ্ঞানময়ানি সর্ব্বাণীত্যর্থঃ। নারায়ণপরাঙ্মুখং ভক্তিভক্তোৎকর্ষয়োঃ শ্রুতয়োরপি তত্র শ্রদ্ধাহীনং ন পুনন্তি ভক্তিস্তু জ্ঞানকর্ম্মাদিহীনমপি পুনাতি কেবলয়া ভক্তেতি পূর্ব্বোক্তেঃ॥ ১৬॥

নাত্র ভক্তিত্বমাপ্যপেক্ষণীয় ইত্যাহ সকৃদপি কিং পুনরসকৃৎ। মনোপি কিং পুনঃ শ্রোত্রাদি। তচ্চ মনো গুণ রাগি বিষয়াসক্তং কিং পুনর্গুণ রাগ রহিতং। স্বপ্নেপি কিং পুনঃ সাক্ষাত্তাবন্মাত্র ধ্যানেনৈবাচীর্ণং নিষ্কৃতিং প্রায়শ্চিত্তং যৈস্তে অত্র সকৃদিত্যাদি

তাহার তদ্রূপ শুদ্ধিতা জন্মে না॥ ১৪॥

অতএব ইহলোকে ভক্তিমার্গই সমীচীন পথ এবং পরম মঙ্গল দায়ক, এই পথে কোন বিঘ্নাদিরও আশঙ্কা নাই। ফলতঃ সুশীল, দয়ালু, নিষ্কাম সাধু গণ এই বর্ত্মে নিত্য বর্ত্তমান, এই কারণেই জ্ঞান মার্গের ন্যায় এই মার্গে সহায়তার অভাব নিমিত্ত ভয় অথবা কর্ম্ম মার্গের ন্যায় মৎসরান্বিত পুরুষ হইতে বিঘ্ন হইবার সম্ভাবনা নাই॥ ১৫॥

রাজন্! এক ভক্তিই অন্য নিরপেক্ষ হইয়া পবিত্র করিতে সমর্থ হয়, চান্দ্রায়ণাদি প্রায়শ্চিত্ত ভক্তি ব্যতিরেকে স্বাতন্ত্র্যে পবিত্র করিতে, সক্ষম নহে। ফলতঃ যেমন নদী সকল মদ্যভাণ্ড শুদ্ধি করিতে পারে না তাহার ন্যায়, সুমহৎ প্রায়চিত্ত আচরিত হইলেও তাহা নারায়ণ পরাঙ্মুখ ব্যক্তিকে পবিত্র করিতে সমর্থ হয় না॥ ১৬॥

অধিকন্তু ভক্তি অল্প পরিমাণে কৃতা হইলেও পবিত্র করণে সুন্দর রূপ সমর্থ হন। ইহার প্রমাণ এই, যে সকল পুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণের পদারবিন্দে একবারমাত্র আপনার মনঃ নিবেশিত করেন,

ন তে যমং পাশভৃতশ্চ তদ্ভটান্ স্বপ্নেপি পশ্যন্তিহি চীর্ণনিষ্কৃতাঃ ॥ ১৭ ॥
অত্রচোদাহরন্তীমমিতিহাসং পুরাতনং। দূতানাং বিষ্ণুযময়োঃ সম্বাদং তং নিবোধ মে ॥ ১৮ ॥
কান্যকুব্জে দ্বিজঃ কশ্চিদ্দাসীপতিরজামিলঃ। নাম্না নষ্ট সদাচারো দাস্যাঃ সংসর্গদূষিতঃ ॥ ১৯ ॥
বন্দ্যক্ষৈঃ কৈতবৈশ্চৌর্য্যৈর্গর্হিতাং বৃত্তিমাস্থিতঃ। বিভ্রৎ কুটুম্বমশুচি র্যাতয়ামাস দেহিনঃ ॥ ২০
এবং নিবসতস্তস্য লালয়ানস্য তৎসুতান্। কালোত্যগান্মহান্রাজন্নষ্টাশীত্যায়ুষঃ সমাঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

শ্চিত্তং যৈঃ ॥ ১৭ ॥

ইমমর্থমিতিহাসেনোপপাদয়তি অত্র চেতি। মে মত্তঃ ॥ ১৮ ॥

কান্যকুব্জে পুরে দাস্যাঃ পতির্নাম্না অজামিলঃ ॥ ১৯ ॥

বন্দ্যা গ্রহেন অক্ষৈশ্চ দ্যূতেন কৈতবৈর্বঞ্চনাদিভিশ্চ বৃত্তিং জীবিকাং বিভ্রৎ পুষ্ণন্ যাতয়ামাস পীড়য়ামাস ॥ ২০ ॥

আয়ুষঃ সম্বন্ধী মহান্ কালোঽত্যগাৎ। স কিয়ানিত্যপেক্ষায়ামাহ। অষ্টাশীত্যা সংখ্যয়া যুক্তাঃ সমাঃ সম্বৎসরাঃ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

রাগমাত্রমস্তি নতু জ্ঞানমিত্যুক্তং। রাগমাত্রং যৎকিঞ্চিদ্রাগঃ জ্ঞানঞ্চ যাথার্থ্যেনানুভব ইতি। অত্রৈষাং পূর্ব্বোক্ত্যঃ উত্তমত্বং ভক্ত ভক্ত্যাভাসসদ্ভাবেন যমাদীনাং তদ্দৃষ্টিপথেপি গন্তমশক্যত্বান্মহাপ্রভাবরূপং দর্শিতং ॥ ১৭ ॥

অথ তত্র তত্র কৈমুত্যং দর্শয়িতুমিতিহাসমুপক্ষিপতি অত্র চেতি ॥ ১৮ । ১৯ । ২০ । ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পদৈঃ কস্যচিচ্ছুদ্ধ ভক্তস্য দৈবাৎ পাপানাং পৌনঃ পুনোপ্যুৎখাতদংষ্ট্রোরগদংশানামিব তেষামকিঞ্চিৎকরত্বাৎ কুঞ্জরশৌচবদাক্ষেপ বিষয়ী ভাবোঽনুচিত এব অপি চেৎ সুদুরাচারো ভজতে মামিত্যাদি বচনেভ্যঃ ॥ ১৭ ॥

অত্রার্থ এবেতিহাসমুপক্ষিপতি। অত্রেতি যঃ সংবাদ স্তং নিবোধ মে মত্তঃ ॥ ১৮ । ১৯ ॥

বন্দী শৃঙ্খলিত জনতা তয়া তদা কর্ষণেনেত্যর্থঃ। অক্ষৈশ্চ দ্যূতেন কৈতবৈর্বঞ্চনাদিভিশ্চ বৃত্তিং জীবিকাং। যাতয়ামাস পীড়য়ামাস ॥ ২০ ॥

আয়ুসঃ সম্বন্ধী মহান্ কালোঽত্যগাৎ। স কিয়ানিত্যপেক্ষায়ামাহ অষ্টাশীত্যা সংখ্যয়া যুক্তাঃ সমাঃ সংবৎসরাঃ ॥ ২১ ॥

তাহাতে তাঁহাদের সেই মনঃ ভগবানে অনুরাগি মাত্র হয়, তদীয় জ্ঞান বিশিষ্ট হয় না, তথাচ যম অথবা পাশ হস্ত যমপুরুষগণ স্বপ্নেও তাঁহাদের দৃষ্টিগোচর হইতে পারে না, কারণ ভগবানে একবার মাত্র মনো নিবেশ করাতেই তাহাদের কর্ত্তৃক সমুদায় প্রায়শ্চিত্ত আচরিত হয় ॥ ১৭ ॥

মহারাজ! এ বিষয়ে পণ্ডিতগণ একটী পুরাতন ইতিহাস উদাহরণ দিয়া থাকেন। বিষ্ণুদূত ও যমদূতের সম্বাদে ঐ ইতিহাস রচিত হইয়াছে। তোমার নিকট তাহা বলিতেছি, শ্রবণ কর ॥ ১৮ ॥

রাজন্! কান্যকুব্জ দেশে অজামিল নামে এক ব্রাহ্মণ দাসীর পতি হইয়াছিল, সুতরাং সর্ব্বদা দাসী সংসর্গে দূষিত হয় এবং তন্নিবন্ধন তাহার সমুদায় সদাচার বিনষ্ট হইয়া যায় ॥ ১৯ ॥

ঐ ব্রাহ্মণ সতত অশুচি হইয়াই রহিত এবং পণ পূর্ব্বক পাশ ক্রীড়া, বঞ্চনা, চৌর্য্য, ইত্যাদি দ্বারা নিন্দিত জীবিকা অবলম্বন করত তদ্দ্বারাই কুটুম্বদিগের ভরণ পোষণ করিত অতএব তাহা হইতে সর্ব্বদাই মনুষ্যদিগের অতিশয় ক্লেশ হইত ॥ ২০ ॥

হে রাজন্! এই প্রকার গর্হিত কর্ম্ম দ্বারা দাসীপুত্র গুলির ভরণ পোষণ পূর্ব্বক বাস করিতে২ কালক্রমে ঐ ব্রাহ্মণের পরমায়ুঃ সম্বন্ধি সুমহৎ কাল গত হইল অর্থাৎ তাহার অষ্টাশীতি বৎসর বয়স অতিক্রান্ত হইল ॥ ২১ ॥

তস্য প্রবয়সঃ পুত্রা দশ তেষান্তু যোঽবমঃ। বালো নারায়ণো নাম্না পিত্রোশ্চ দয়িতো ভৃশং ॥২২
সবদ্ধহৃদয়স্তস্মিন্নর্ভকে কলভাষিণি। নিরীক্ষমাণস্তল্লীলাং মুমুদে জরঠোভৃশং ॥ ২৩ ॥
ভুঞ্জানঃ প্রপিবন্ খাদন্ বালকং স্নেহযন্ত্রিতঃ। ভোজয়ন্ পায়য়ন্ মূঢ়ো ন বেদাগতমন্তকং।
স এবং বর্ত্তমানোজ্ঞো মৃত্যুকাল উপস্থিতে। মতিঞ্চকার তনয়ে বালে নারায়ণাহ্বয়ে ॥ ২৪ ॥
সপাশহস্তাং স্ত্রীন্ দৃষ্ট্বা পুরুষানতিদারুণান্। বক্রতুণ্ডানূর্দ্ধ রোম্ন আত্মানং নেতুমাগতান্ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

প্রবয়সঃ বৃদ্ধস্য ॥ ২২ ॥

বদ্ধং হৃদয়ং যেন জরঠঃ বৃদ্ধঃ ॥ ২৩ ॥

এতচ্চ তদুপলালনাদি নারায়ণ নাম্নঃ পরম মাহাত্ম্যেন তদ্ভক্তিরেবাভূদিতি সিদ্ধান্তোপযোগিত্বেনাপি দ্রষ্টব্যং ॥ ২৪ ॥

বক্রাণি তুণ্ডানি মুখানি যেষাং ঊর্দ্ধানি রোমাণি যেষাং তান্ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

পিত্রোশ্চ দয়িত ইতি মাতুরপি কৃতার্থত্বমুক্তং ॥ ২২ । ২৩ । ২৪ । ২৫ । ২৬ । ২৭ । ২৮ । ২৯ । ৩০ । ৩১ । ৩২ । ৩৩ । ৩৪ । ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রবয়সো বৃদ্ধস্য ॥ ২২ ॥

জরঠো বৃদ্ধঃ ॥ ২৩ ॥

খাদন্ চর্ব্বয়ন্ ॥

এতচ্চ তদুপলালনাদি শ্রীনারায়ণ নামোচ্চারণ মাহাত্ম্যেন তদ্ভক্তিরেবাভূদিতি সিদ্ধান্তোপযোগিত্বেন দ্রষ্টব্যমিতি শ্রীস্বামি-চরণাঃ ॥ ২৪ ॥

ত্রীনিতি অজামিলেন কৃতানাগনন্তানামপি পাপানাং কায়িক বাচিক মানসত্বেন ত্রৈবিধ্যাত্রয় এব যাম্যা আগতাঃ নারায়ণ নাম্নশ্চতুরক্ষরত্বাচ্চত্বারো বিষ্ণুপার্ষদা আগতা ইতি জ্ঞেয়ং। প্লাবিতেন প্লুতত্বং নীতেন ॥ ২৫ । ২৬ ॥

অতএব সে অতি বৃদ্ধ হইয়া পড়িল, তাঁহার দশটী পুত্র জন্মিয়াছিল, তন্মধ্যে সর্ব্ব কনিষ্ঠের নাম নারায়ণ, শিশু বলিয়া সেই পুত্র পিতা মাতার অতিশয় প্রিয়পাত্র হয় ॥ ২২ ॥

ফলেও বৃদ্ধ অজামিল মধুরভাষি সেই শিশুতেই বদ্ধ হৃদয় হইয়া সর্ব্বদা তাহারই ক্রীড়া কৌতুক দর্শন করত আনন্দ অনুভব করিত ॥ ২৩ ॥

স্নেহযন্ত্রিত হইয়া ভোজন অথবা জলাদি পান সময়ে সেই বালককে আপন সঙ্গে লইয়া ভোজন পান করাইত। এই রূপে সর্ব্বদা কনিষ্ঠ পুত্রে নিরন্তর নিবিষ্ট চিত্ত থাকাতে কালক্রমে অন্তক যে আপনার অন্তিকে আসিয়া উপস্থিত হইল তাহাও সে জানিতে পারে নাই। হে রাজন্! মূঢ় অজা-মিল জীবদ্দশায় ঐ প্রকারে বর্ত্তমান ছিল, মৃত্যুকাল উপস্থিত হইলেও নারায়ণ নামক সেই বালকেই আপনার মনঃ নিবেশিত করিল ॥ ২৪ ॥

অনন্তর তাঁহার দৃষ্টি গোচর হইল, অতিশয় উগ্রমূর্ত্তি, বক্রবদন, ঊর্দ্ধরোমাঞ্চিত তিনটা পুরুষ পাশ হস্তে করিয়া সম্মুখে আসিতেছে, তাহাদের ইচ্ছা এই যে তাহাকে যমালয়ে লইয়া যাইবে। মহা-রাজ! অজামিলের নিকটে তিনজন যমদূত আসিবার তাৎপর্য্য এই যে, ওব্যক্তি কায়িক, বাচিক ও মানসিক ত্রিবিধ পাপই করিয়াছিল ॥ ২৫ ॥

দূরে ক্রীড়নকাসক্তং পুত্রং নারায়ণাহ্বয়ং । প্লাবিতেন স্বরেণোচ্চৈরাজুহাবাকুলেন্দ্রিয়ঃ ॥ ২৬ ॥
নিশম্য ম্রিয়মাণস্য মুখতোহরিকীর্ত্তনং । ভর্তুর্নাম মহারাজ পার্ষদাঃ সহসাপতন্ ।
বিকর্ষতোঽন্তর্হৃদয়াদ্দাসীপতিমজামিলং । যমপ্রেষ্যান্ বিষ্ণুদূতা বারয়ামাসুরোজসা ॥ ২৭ ॥
ঊচুর্নিষেধিতাস্তাংস্তে বৈবস্বতপুরঃসরাঃ । কে যূয়ং প্রতিষেদ্ধারো ধর্ম্মরাজস্য শাসনং ॥ ২৮ ॥
কস্য বা কুত আয়াতাঃ কস্মাদস্য নিষেধথ । কিং দেবা উপদেবা বা যূয়ং কিং সিদ্ধসত্তমাঃ ॥ ২৯
সর্ব্বে পদ্মপলাশাক্ষাঃ পীতকৌশেয় বাসসঃ । কিরীটিনঃ কুণ্ডলিনো লসৎ পুষ্করমালিনঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী ।

প্লাবিতেন প্লুতত্বং নীতেন ॥ ২৬ ॥
হরিকীর্ত্তনং নিশম্যাপতন্ যতস্তদ্ভর্ত্তুর্নাম ॥ ২৭ ॥
পুরঃসরা ভৃত্যাঃ ॥ ২৮ ॥
অস্য নয়নং নিষেধথ ॥ ২৯ ॥
বয়ন্তু যুষ্মান্ নজানীমহীতি ন কোপঃ কার্য্যঃ । যতোঽলৌকিকাদ্ভুতরূপা যূয়মিত্যাহঃ সর্ব্বে ইতি সার্দ্ধাভ্যাং । লসন্ত্যঃ পুষ্কর-মালাঃ সন্তি যেষাং ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

হরিকীর্ত্তনং নিশম্যাপতন্ কথং ভূতস্য ভর্ত্তুর্নাম ব্রুবতঃ ॥
অজামিলমিমং বৈষ্ণবং মাবিকর্ষথ রে মাবিকর্ষথ যদি জীবিতুমিচ্ছথেতি বারয়ামাসুঃ ॥ ২৭ ॥
পুরস্সরা ভৃত্যা অস্য নয়নং নিষেধথ ॥ ২৮ । ২৯ । ৩০ ॥

সে যাহা হউক, এই ভয়ঙ্কর ব্যাপার অবলোকন করিয়া অজামিল অতিশয় ব্যাকুল হৃদয় হইল, এবং কিয়দ্দূরে আপনার পরম স্নেহ ভাজন নারায়ণ নামক যে তনয় ক্রীড়নক লইয়া ক্রীড়া করিতে ছিল, প্লুতস্বরে উচ্চ রূপে নাম ধরিয়া তাহাকেই ডাকিতে লাগিল অর্থাৎ বৎস ! নারায়ণ ! শীঘ্র আইস এই বলিয়া বারম্বার ডাকিতে লাগিল ॥ ২৬ ॥

হে মহারাজ ! আশ্চর্য্য বৃত্তান্ত শ্রবণ কর । মৃত্যুকালে অজামিলের মুখে চতুরক্ষর নারায়ণ নামকীর্ত্তন শ্রবণ করিবা মাত্র ভগবানের চারিজন পার্ষদ তৎক্ষণাৎ তাহার নিকটে আসিয়া উপস্থিত হইলেন। বিষ্ণুদূতদিগের সহসা আগমনের কারণ এই, তাঁহারা মনে করিলেন এ ব্যক্তি অন্তকালে আমাদের প্রভুর নাম কীর্ত্তন করিতেছে । অনন্তর তাঁহাদের দৃষ্টিগোচর হইল, শমন কিঙ্করগণ দাসীপতি অজা-মিলের আত্মাকে হৃদয় মধ্য হইতে আকর্ষণ পূর্ব্বক গ্রহণ করিতেছে, অতএব বল পূর্ব্বক নিবারণ করিয়া কহিলেন, অরে যমপ্রেষ্যগণ ! যদি তোদের বাঁচিতে ইচ্ছা থাকে তবে পরম বৈষ্ণব অজামি-লকে স্পর্শ করিস্ না পলায়ন কর ॥ ২৭ ॥

হে মহারাজ ! ধর্ম্ম রাজের ভৃত্যগণ অজামিলকে লইতে নিষেধ হওয়াতে সক্রোধ বচনে সেই চারু দর্শন পুরুষদিগকে কহিল,তোমরা কে হে ? আমাদিগকে ধর্ম্মরাজের আজ্ঞা পালন করিতে নিষেধ কর ? ॥ ২৮ ॥

তোমরা কাহার লোক ? কোথা হইতে আসিলে ? কি কারণেই বা এই দুরাচার পাপিকে যম পুরে লইয়া যাইতে নিষেধ করিলে ? তোমরা কি দেবতা ? না উপদেবতা ! না প্রধান সিদ্ধ । ॥ ২৯ ॥

আমরা তোমাদিগকে জানিতে পারি নাই, অতএব আমাদের এই সকল প্রশ্নে কোপ করিও না,

সর্ব্বে চ নূত্ন বয়সঃ সর্ব্বে চারু চতুর্ভুজাঃ। ধনুর্নিষঙ্গাসি গদা শঙ্খ চক্রাম্বুজশ্রিয়ঃ॥ ৩১ ॥
দিশো বিতিমিরালোকাঃ কুর্ব্বন্তঃ স্বেন তেজসা। কিমর্থং ধর্ম্মপালস্য কিঙ্করান্নো নিষেধথ ॥৩২
শ্রীশুক উবাচ ॥
ইত্যুক্তে যমদূতৈস্তে বাসুদেবোক্তকারিণঃ। তান্ প্রত্যূচুঃ প্রহস্যেদং মেঘনির্হ্রাদয়া গিরা ॥ ৩৩
শ্রীবিষ্ণুদূতা উচুঃ ॥
যূয়ং বৈ ধর্ম্মরাজস্য যদি নির্দ্দেশকারিণঃ। ব্রূত ধর্ম্মস্য নস্তত্ত্বং যচ্চ ধর্ম্মস্য লক্ষণং ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

নবং বয়োযেষাং নিষঙ্গ ইষুধিঃ ধনুর্নিষঙ্গাদিভিঃ শ্রীঃ শোভা যেষাং ॥ ৩১ ॥

বিগতং তিমিরমালোকশ্চান্যে যাভ্যঃ তথাভূতা দিশঃ কুর্ব্বন্তঃ ভবতামনুচিতমিদমিত্যাহুঃ কিমর্থমিতি ॥ ৩২ ॥

অহোদণ্ড্যাদণ্ড্যজ্ঞান শূন্যা এতে চৌরা এবাস্মভিয়া ধর্ম্মরাজস্য কিঙ্করা ইত্যনৃতং বদন্তীতি বিস্ময়েন প্রহস্য তান্ প্রত্যূচুঃ। মেঘস্যেব নির্হ্রাদো ধ্বনির্যস্যাস্তয়া ॥ ৩৩ ॥ তত্ত্বং স্বরূপং লক্ষণং প্রমাণং ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আকৃত্যাচ যূয়ং পরম শিষ্টাএব লক্ষ্যধ্বে ইত্যাহুঃ সর্ব্বে ইতি ॥ ৩১ ॥

বিগতং তিমিরং আলোকশ্চান্যদীয়ো যাসু তাঃ কর্ম্মণাতু কথমশিষ্টা ইত্যাহুঃ কিমর্থমিতি ॥ ৩২ ॥

প্রহস্যেত্যরে ধর্ম্মমেব ন জানীথ কিমিত্যস্মত্তয়েন ধর্ম্মরাজস্য কিঙ্করা ইতি ব্রূথ কিন্তু যূয়ং প্রেতবিশেষা এবাস্মদ্ধস্ত পতিতাঃ কথমদ্য জীবিষ্যথেতি ভাবঃ ॥ ৩৩ ॥

ননু বয়ং ধর্ম্মরাজস্য দূতা ভবাদৈব কে তাবদস্মান্নপরিচিষ্যন্তীত্যত আহু র্যূয়মিতি। নির্দ্দেশো নিদেশঃ নোঽস্মান্ প্রতি তত্ত্বং স্বরূপং লক্ষণং প্রমাণং ॥ ৩৪ ॥

তোমাদিগকে মনোহর রূপবান্ দেখিতেছি; তোমাদের সকলকারই চক্ষু পদ্মপলাশ তুল্য, পরিধান পীতবর্ণ কৌশেয় বসন, সকলেই কুণ্ডলধারী, তোমাদের সকলকারই গলদেশে পদ্মমালা শোভা পাইতেছে ॥ ৩০ ॥

অপর তোমাদের সকলেরই অভিনব বয়স, সকলেরই মনোহর চারি ২ বাহু, ধনুঃ, তূণ, খড়্গ, গদা, শঙ্খ, চক্র ও পদ্মের দ্বারা সকলেরই চমৎকার শ্রী হইয়াছে ॥ ৩১ ॥

অধিকন্তু তোমাদের তেজে দিক্ সকলের অন্ধকার ও অন্যান্য জ্যোতির্ময় পদার্থের জ্যোতিঃ বিনষ্ট হইল। তোমাদের আকৃতি দেখিয়া পরম শিষ্ট বোধ হইতেছে? কিন্তু কর্ম্ম যে অশিষ্টের মত করিলে? আমরা ধর্ম্মরাজের কিঙ্কর, তাঁহারই আজ্ঞা পালন করিতে আসিয়াছি তোমরা কে? কি নিমিত্ত আমাদিগকে নিষেধ করিতেছ? এরূপ করা তোমাদের উচিত হয় না।॥ ৩২ ॥

শুকদেব কহিলেন রাজন্। যমদূতেরা এই প্রকার কহিলে বাসুদেবের আজ্ঞাবহ সেই চারিজন দূত বিবেচনা করিলেন ইহাদের দণ্ড্যাদণ্ড্য জ্ঞান নাই, নিশ্চয় ইহারা চৌর বটে, আমাদের ভয়ে মিথ্যা করিয়া ধর্ম্ম রাজের দূত বলিয়া পরিচয় দিল, যাহা হউক, এক্ষণে আমাদের হস্তে পড়িয়াছে কোথায় গিয়া জীবিত থাকিবে, অতএব ক্ষণকাল বিস্ময় প্রকাশের পর হাস্য করিয়া মেঘধ্বনি তুল্য গভীর স্বরে কহিতে লাগিলেন ॥ ৩৩ ॥

বিষ্ণুদূতেরা কহিলেন, অহে পাশহস্ত পুরুষগণ! তোমরা কেমন ধর্ম্মরাজের দূত, তোমাদিগকে ধর্ম্ম বিষয় প্রশ্ন করি, বল দেখি ধর্ম্মের স্বরূপ ও প্রমাণ কি?॥ ৩৪ ॥

কথং স্বিদ্ধ্রিয়তে দণ্ডঃ কিং বাস্য স্থানমীপ্সিতং। দণ্ড্যাঃ কিং কারিণঃ সর্ব্বে আহোস্বিৎকতিচিন্নৃণাং ॥৩৫

যমদূতা ঊচুঃ ॥

বেদ প্রণিহিতো ধর্ম্মো হ্যধর্ম্মস্তদ্বিপর্য্যয়ঃ। বেদো নারায়ণঃ সাক্ষাৎ স্বয়ম্ভুরিতি শুশ্রুম ॥ ৩৬ ॥

যেন স্বধাম্ন্যমী ভাবা রজঃ সত্ত্ব তমোময়াঃ। গুণ নাম ক্রিয়ারূপৈ র্বিভাব্যন্তে যথাতথং ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

কথং স্বিৎ কেন প্রকারেণ স্থানং বিষয়ঃ কারিণঃ নৃণামিতি নরাএব ন পশ্বাদয়ঃ তেষ্বপি কতিচিদেবেত্যর্থঃ ॥ ৩৫ ॥

বেদেন প্রণিহিতোবিহিতো ধর্ম্মঃ সচ বেদ প্রমাণক ইত্যর্থঃ। অনেন যোবেদপ্রমাণকঃ স ধর্ম্মঃ যোধর্ম্মঃ স বেদ প্রমাণক ইতি স্বরূপং প্রমাণঞ্চোক্তং যথাহ জৈমিনিঃ। চোদনা লক্ষণোর্থো ধর্ম্ম ইতি ব্যাখ্যাতঞ্চ ভট্টৈঃ স্বয়মেকেন সূত্রেণ শ্রুতার্থাভ্যাং নিরূপ্যত ইতি। অপৃষ্টমপ্যধর্ম্মস্য স্বরূপং লক্ষণঞ্চ দণ্ডস্থান কথনায়াহুঃ। তদ্বিপর্য্যয়ো যোবেদনিষিদ্ধঃ সোঽধর্ম্মঃ নিষেধঃ তস্মিন্ প্রমাণ মিত্যর্থঃ। বেদস্য প্রামাণ্যে হেতুঃ বেদো নারায়ণাদুদ্ভূতঃ সএব সাক্ষাদিত্যুপচারঃ। স্বয়ম্ভুরিতিচ নিশ্বাসমাত্রেণ স্বয়মেব ভবতীতি তথাচ শ্রুতিঃ। অস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতৎ যদৃগ্বেদ ইতি ॥ ৩৬ ॥

কোঽসৌ নারায়ণস্তত্রাহুঃ। যেন স্বধাম্নি স্ব স্বরূপেঽমী ভাবাঃ প্রাণিনঃ গুণাঃ শান্তত্বাদয়ঃ নামানি ব্রাহ্মণ ইত্যাদীনি। ক্রিয়া অধ্যয়নাদ্যাঃ রূপাণি বর্ণাশ্রমাদীনি। তৈর্বিভাব্যন্তে বিবিচ্যন্তে। যথাতথং যথার্থং স নারায়ণঃ ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

বেদে প্রণিহিতো বিহিত ইত্যর্থঃ সাক্ষাদিতি স্বয়মেবেত্যর্থঃ। অতএব স্বয়ম্ভূঃ ॥ ৩৬ ॥ যেন পরমেণ হেতুনা। ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কথমিতি দণ্ডস্য প্রকারঃ প্রশ্নঃ তিষ্ঠত্যস্মাদিতি স্থানমিতি দণ্ডস্য কারণ প্রশ্নঃ। কারিণঃ কর্ম্মিণঃ ইতি বিষয় প্রশ্নঃ। সর্ব্বে ইতি কিং পশ্বাদয়োঽপি কিং বা নৃণাং মধ্যে কতিচিদিতি তত্র ব্যবস্থা প্রশ্নঃ ॥ ৩৫ ॥

বেদেন প্রণিহিতো বিহিতঃ। বেদবিহিতত্বং ধর্ম্মত্বমিতি ধর্ম্ম স্বরূপং তত্র বেদ বিধিরেব প্রমাণমিতি প্রমাণঞ্চোক্তং। দণ্ডকারণ প্রশ্নেনাধর্ম্মস্যাপি পৃষ্টত্বাৎ অধর্ম্মস্য স্বরূপং প্রমাণঞ্চাহুঃ। তদ্বিপর্য্যয়স্তস্মা যো বেদনিষিদ্ধঃ সোঽধর্ম্মঃ বেদনিষেধএব তস্মিন্ প্রমাণমিত্যর্থঃ। স্বয়ম্ভুরিতি নারায়ণস্য নিশ্বাসমাত্রেণ স্বয়মেব ভবতীতি তথাচ শ্রুতিঃ। অস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদৃগ্বেদ ইতি ॥ ৩৬ ॥

কোসৌ নারায়ণ স্তত্রাহঃ যেন স্বধাম্নি বৈকুণ্ঠে স্থিতৈব অমী ভাবাঃ প্রাণিনঃ সঙ্কল্পমাত্রেণৈব গুণাঃ শান্তত্বাদয়ঃ নামানি ব্রাহ্মণ ইত্যাদীন্ ক্রিয়া অধ্যয়নাদ্যাঃ রূপাণি বর্ণাশ্রমাদীনি তৈর্বিভাব্যন্তে বিবিধ তয়া সৃজ্যন্তে যথাযথং যথাবৎ ॥ ৩৭ ॥

অপর দণ্ড ধারণ কি প্রকারে করিতে হয়, দণ্ডের ঈপ্সিত স্থানই বা কি? আর যে সকল ব্যক্তি দণ্ডনীয় হয় তাহাদের কর্ম্মই বা কি? মনুষ্যেরাই কর্ম্ম করিয়া থাকে, পশ্বাদি কর্ম্ম করে না, কর্ম্মি মনুষ্যদের মধ্যে কত ব্যক্তিই বা দণ্ডার্হ? ॥ ৩৫ ॥

বিষ্ণুদূত গণের প্রমুখাৎ এই সকল প্রশ্ন শ্রবণানন্তর যমানুচরেরা প্রত্যুত্তর দিল, যাহা বেদ বিহিত অর্থাৎ বেদে যাহা কর্ত্তব্যত্ব রূপে উপদেশ করিয়াছেন তাহাই ধর্ম্ম এবং যাহা তাহার বিপরীত অর্থাৎ বেদে যাহা অকর্ত্তব্য বলিয়া নিষেধ করিয়াছেন তাহাই অধর্ম্ম। অতএব বিধি নিষেধ স্বরূপে ধর্ম্মা ধর্ম্মের প্রমাণও বেদই হইয়াছেন। যদি বল বেদের প্রামাণ্য কি? এমত আশঙ্কা করিতে পার না, যে হেতু বেদ নারায়ণ হইতে উৎপন্ন এবং সাক্ষাৎ নারায়ণ স্বরূপ। অপর পরমেশ্বরের নিশ্বাসমাত্রে বেদ স্বয়ং উদ্ভূত হয়, একারণ তাহা স্বয়ম্ভূ বলিয়াও শ্রুত হইয়া থাকে ॥ ৩৬ ॥

অপিচ নারায়ণ কে? ইহা যদি জানিবার অভিলাষ কর তবে শুন। যিনি আপনার স্বরূপে সত্ত্ব রজঃ ও তমোময় প্রাণি সকলকে শান্তত্বাদি গুণ, ব্রাহ্মণাদি নাম, অধ্যয়নাদিক্রিয়া এবং বর্ণাশ্রমাদি রূপ দ্বারা যথাবৎ ব্যক্ত করেন, তিনিই নারায়ণ ॥ ৩৭ ॥

সূর্য্যোঽগ্নিঃ খং মরুদ্দেবঃ সোমঃ সন্ধ্যাহনীদিশঃ । কং কুঃ স্বয়ং ধর্ম্ম ইতি হ্যেতে দৈহস্য সাক্ষিণঃ ॥ ৩৮

এতৈরধর্ম্মো বিজ্ঞাতঃ স্থানং দণ্ডস্য যুজ্যতে । সর্ব্বে ক্রমানুরোধেন দণ্ডমর্হন্তি কারিণঃ ॥ ৩৯ ॥

সম্ভবন্তিহি ভদ্রাণি বিপরীতানি চানঘাঃ । কারিণাং গুণসঙ্গোঽস্তি দেহবান্নহ্যকর্ম্মকৃৎ ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী ।

তথাপ্যধর্ম্মোঽনেন কৃত ইতি কুতো জ্ঞায়তে তত্রাহুঃ সূর্য্য ইতি । অহনী অহশ্চ রাত্রিশ্চ কং উদকং কু পৃথ্বী দৈহস্য জীবস্য । যথাহ আদিত্য চন্দ্রাবনিলোঽনলশ্চ দ্যৌর্ভূমিরাপো হৃদয়ং যমশ্চ । অহশ্চ রাত্রিশ্চ উভেচ সন্ধ্যে ধর্ম্মোহি জানাতি জনস্য বৃত্তমিতি মনুঃ ॥ ৩৮ ॥

স্থানমাহুঃ । এতৈঃ নিমিত্তভূতৈ র্বিজ্ঞাতঃ দণ্ড্যানাহুঃ সর্ব্ব ইতি ॥ ৩৯ ॥

বিপরীতান্যভদ্রাণ্যপি কর্ম্মিণাং সম্ভবন্তি যতস্তেষাং গুণসঙ্গোঽস্তি যদি কশ্চিদকর্ত্তা স্যাৎ তর্হি তস্যাভদ্রাণি ন স্যুঃ । নম্বে-তদস্তীত্যাহুঃ নহি দেহবান্ কর্ম্মকৃদস্তি অতঃ সর্ব্বে কর্ম্মিণঃ কর্ম্মিণাঞ্চ পাপস্যাবশ্যম্ভাবিত্বাৎ তে সর্ব্বে দণ্ডমর্হন্তীতি ॥ ৪০ ॥

ক্রমসন্দর্ভঃ ।

সাক্ষিণঃ আদিত্য চন্দ্রাবিত্যাদি মন্ত্রময়পরীক্ষাদৌ ভদ্রাভদ্র ব্যঞ্জকাঃ ॥ ৩৮ ॥

যুজ্যতে ভবতীত্যর্থঃ ॥ ৩৯ । ৪০ । ৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

কোপি ন জানাত্বিতি পাপং পুংভি র্বিবিক্তে ক্রিয়তে অত্র সূর্য্যাদয়ো দৈহস্য জীবস্য সাক্ষিণো যেনৈব বিভাব্যস্ত ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ অহশ্চ রাত্রিশ্চ কং উদকং কুঃ পৃথিবী যথাহুঃ । আদিত্য চন্দ্রাবনিলোঽনলশ্চ দ্যৌর্ভূমিরাপো হৃদয়ং যমশ্চ । অহশ্চ রাত্রিশ্চ উভে চ সন্ধ্যে ধর্ম্মোপি জানাতি নরস্য বৃত্তমিতি ॥ ৩৮ ॥

স্থানমাহুঃ এতৈরিতি দণ্ড্যানাহুঃ সর্ব্বে এব প্রাণিনঃ ॥ ৩৯ ॥

সর্ব্বেষাং দণ্ড্যত্বে হেতুঃ । সম্ভবন্তীতি বিপরীতান্যভদ্রাণি পাপানি । যতঃ কারিণাং কর্ম্মিণাং গুণসঙ্গোঽস্ত্যেব । গুণাশ্চ সত্ত্বাদ্যাঃ পুণ্য পাপ হেতব এব । যাবজ্জীবময়ং ধার্ম্মিকোঽধার্ম্মিকোবেতি তু ভূম্নৈব ব্যপদেশঃ নমু কারিণামেব গুণ সঙ্গ ইত্যু-চ্যতে । যদি কশ্চিদিদং কারী স্যাৎ স স্বদণ্ড্য এবেতি তত্রাহুঃ । দেহবানিতি দেহধারী নরঃ । অথচ কর্ম্ম রহিত ইতি প্রত্যক্ষ বিরুদ্ধমিত্যর্থঃ ॥ ৪০ ॥

অহে চারু দর্শন সকল ! যদি বলেন এব্যক্তি অধর্ম্ম করিয়াছে, তাহা কি রূপে জানিলে, ইহার উত্তর এই সূর্য্য, চন্দ্র, অগ্নি, আকাশ, পবন, সন্ধ্যা, দিবা, রাত্রি, দিক্, পৃথিবী, জল এবং ধর্ম্ম ইহাঁরা জীব সকলের আচরণের সাক্ষী ॥ ৩৮ ॥

অতএব উল্লিখিত সূর্য্যাদি হইতে যেমন ধর্ম্ম জ্ঞাত হওয়া যায়, তদ্রূপ অধর্ম্মও পরিজ্ঞাত হইয়া থাকে, সেই অধর্ম্মই দণ্ডের স্থান । পরন্তু যাবতীয় দণ্ডার্হ কর্ম্মী লোক যাহার যেমন পাপ তদনুরূপ দণ্ড যথাক্রমে প্রাপ্ত হয় ॥ ৩৯ ॥

অহে নিষ্পাপ পুরুষগণ ! কর্ম্মি পুরুষদিগের ভদ্র ও তাহার বিপরীত অর্থাৎ অভদ্র দুই সম্ভাব্য, যে হেতু তাহাদের গুণ সঙ্গ আছে । ফলতঃ যদি কোন দেহী সর্ব্বতোভাবে কর্ম্ম শূন্য হয়, তবেই তাহার অভদ্র হইতে পারে না, কিন্তু তদ্রূপ জীব কই ? দেহধারী হইয়া কর্ম্ম না করে এমত প্রাণী প্রায় নাই । অতএব সকলেই কর্ম্ম কর্ত্তা, কর্ম্মিদের পাপ অবশ্যই হয়, সুতরাং সকল কর্ম্মীই দণ্ডার্হ ॥ ৪০ ॥

যেন যাবান্ যথাঽধর্ম্মোধর্ম্মোবেহ সমীহিতঃ। স এব তৎফলং ভুঙ্‌ক্তে তথা তাবদমুত্র বৈ॥ ৪১
যথেহ দেবপ্রবরা ত্রৈবিধ্যমুপলভ্যতে। ভূতেষু গুণবৈচিত্র্যাত্তথান্যত্রানুমীয়তে॥ ৪২॥
বর্ত্তমানোঽন্যয়োঃ কালো গুণাভিজ্ঞাপকো যথা। এবং জন্মান্যয়োরেতদ্ধর্ম্মাধর্ম্মনিদর্শনং॥ ৪৩॥

শ্রীধরস্বামী।

কথং স্বিৎ ব্রিয়তে দণ্ড ইত্যস্যোত্তরং যেনেতি ধর্ম্মোবেতি দৃষ্টান্তঃ অধর্ম্মানুসারেণ দণ্ডো ধর্ম্মানুসারেণ সুখমিত্যর্থঃ॥ ৪১॥

নকেবলং সূর্য্যাদয় এব জ্ঞাপকাঃ কিন্ত্বর্থাপত্তিরপীত্যাহঃ যথেতি। হে দেবপ্রবরাঃ ইহ জন্মনি শান্তত্বোর মূঢ়ত্বেন বা সুখি দুঃখি মিশ্রত্বেন বা ধার্ম্মিকত্বাদিনা বা ত্রৈবিধ্যং ভূতেষু যথোপলভ্যতে তথাঽন্যত্র জন্মান্তরেপি অনুমীয়তে। ত্রৈবিধ্যান্যথানুপপত্ত্যা কল্প্যতে॥ ৪২॥

বর্ত্তমান জন্মনা পূর্ব্বাপর জন্ম ধর্ম্মাধর্ম্ম জ্ঞানং ভবতীতি সদৃষ্টান্তমাহঃ। বর্ত্তমানো বসন্তাদিকালঃ অন্যয়োর্ভূতভবিষ্যতোর্ব সন্তয়ো র্যে গুণাঃ পুষ্প ফলাদয়ঃ তেষামভিজ্ঞাপকো যথা এবমেতজ্জন্ম অন্যয়ো র্ভূতভাবি জন্মনো র্ধর্ম্মাধর্ম্মৌ নিদর্শয়তীতি তথা॥ ৪৩॥

ক্রমসন্দর্ভঃ।

অনুমীয়তে বর্ত্তৈরপীতি শেষঃ॥ ৪২॥

বর্ত্তমানঃ পূর্ব্ব সন্ধ্যাদির্বসন্তাদির্বা স যথা পূর্ব্বভাগে স্বপূর্ব্বকালস্য রাত্র্যাদেঃ শিশিরাদের্বা গুণাংশান্ ব্যঞ্জয়তি। উত্তর ভাগে চ স্বপরকালস্য দিবসাদের্নিদাঘাদের্ব্বা তথা বর্ত্তমান জন্মাপি স্ব পূর্ব্ব জন্মাদেরিত্যর্থঃ॥ ৪৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কথং দণ্ড ইত্যস্যোত্তরমাহঃ যাবান্ যৎ প্রমাণকঃ যথা যেন প্রকারেণ অধর্ম্মোধর্ম্মো বা কৃতঃ। তৎ ফলং দুঃখং সুখং বা তাবত্তৎ প্রমাণকং শাস্ত্রদৃষ্টৈবেতি শেষঃ॥ ৪১॥

সত্ত্বাদি গুণ সঙ্গঃ প্রত্যক্ষমেবোপলভ্যতামিত্যাহঃ। ইহ লোকে ত্রৈবিধ্যং পুণ্য পাপ মিশ্র কর্ম্মত্বেন নৃণাং ত্রৈবিধ্যং যথা তথৈবান্যত্র পরলোকেঽন্য জন্মনি বা সুখিত্ব মিশ্রত্ব দুঃখিত্বেন ত্রৈবিধ্যং অনুমীয়তে। শাস্ত্র দৃষ্টৈবেতি ভাবঃ॥ ৪২॥

বর্ত্তমান জন্মনৈব পূর্ব্বাপর জন্ম ধর্ম্মাধর্ম্ম জ্ঞানং ভবতীতি সদৃষ্টান্তমাহঃ। বর্ত্তমানোবসন্তাদিকালঃ অন্যয়োর্ভূত ভবিষ্যতো র্বসন্তয়ো র্যে গুণাঃ পুষ্প ফলাদয় স্তেষামভিজ্ঞাপকো যথা এবমেতজ্জন্মৈব অন্যয়োর্ভূতভাবিনো র্জন্মনো র্ধর্ম্মাধর্ম্মৌ নিদর্শয়তীতি তথা॥ ৪৩॥

অহে দেবগণ! আপনারা যে জিজ্ঞাসা করিয়াছিলেন ধর্ম্মরাজ কি রূপে দণ্ড বিধান করেন, তাহার উত্তর এই, যে ব্যক্তি ইহলোকে যে প্রকার যত ধর্ম্ম অথবা অধর্ম্ম আচরণ করে সে স্বয়ং পরলোকে সেই প্রকারে তাবৎ পরিমিত ফল অবশ্যই ভোগ করিয়া থাকে অর্থাৎ ধর্ম্মানুসারে যেরূপ তাহার সুখ হয়, অধর্ম্মানুসারে তদ্রূপ দণ্ডও অবশ্য হইয়া থাকে॥ ৪১॥

হে দেবপ্রবর সকল! কেবল সূর্য্যাদিই ধর্ম্মাধর্ম্ম জ্ঞাপক এমত নহে কিন্তু যুক্তি দ্বারাও তাহা অবগত হওয়া যায় অর্থাৎ শান্তত্ব, ঘোরত্ব, মূঢ়ত্ব, অথবা সুখিত্ব, দুঃখিত্ব ও তদুভয় মিশ্রত্ব ইত্যাদি গুণ বৈচিত্র হেতু প্রাণি সকলকে তদ্রূপ ত্রিবিধ দেখা যায় অন্য জন্মেতেও তাহার তদ্রূপ হইতে পারে, কিন্তু ধর্ম্মাধর্ম্ম ব্যতিরেকে ঐরূপ ত্রৈবিধ্য সম্ভবে না, সুতরাং তাহা অনুমান সিদ্ধ হয়॥ ৪২॥

অপর বর্ত্তমান বসন্তাদিকাল যেমন অতীত অনাগত বসন্তাদি কালের গুণ সকলের (পুষ্প ফলাদির) জ্ঞাপক হয়, তেমনি উপস্থিত জন্মও অতীত অনাগত জন্মের ধর্ম্মাধর্ম্মের নিদর্শক হইয়া থাকে॥ ৪৩॥

মনসৈব পুরে দেবঃ পূর্ব্বরূপং বিপশ্যতি। অনুমীমাংসতেঽপূর্ব্বং মনসা ভগবানজঃ ॥ ৪৪ ॥
যথাজ্ঞস্তমসা যুক্ত উপাস্তে ব্যক্তমেব হি। ন বেদ পূর্ব্বমপরং নষ্ট জন্ম স্মৃতিস্তথা ॥ ৪৫ ॥
পঞ্চভিঃ কুরুতে স্বার্থান্ পঞ্চ বেদাথ পঞ্চভিঃ। একস্তু ষোড়শেন ত্রীন্ স্বয়ং সপ্তদশোঽশ্নুতে ॥৪৬

শ্রীধরস্বামী।

অন্যঞ্চ ধর্ম্মাধর্ম্ম জ্ঞান প্রকারোঽন্যেষাং ধর্ম্মরাজস্ত মনসৈব সর্ব্বং পশ্যতীত্যাহুঃ। পুরে সংযমন্যাং স্থিতএব দেবোযমঃ দেহে স্থিতোঽন্তর্যামী বা জীবস্ত পূর্ব্বং ধর্ম্মাধর্ম্মাদি যুক্তং বিশেষেণ পশ্যতি। অনু অনন্তরং অপূর্ব্বং রূপং মীমাংসতে। যদস্তানুরূপং তৎ বিচারয়তি যতোঽসৌ ভগবানজ ॥ ৪৪ ॥

জীবস্ত্বীশ্বরেণোপস্থাপিতং বর্ত্তমানং দেহং পশ্যতি নতু পূর্ব্বমপরঞ্চেত্যাহুঃ যথেতি অজ্ঞোঽবিদ্যোপাধিঃ জীবস্ত ব্যক্তমেব প্রাচীন কর্ম্মাভিব্যক্তং বর্ত্তমানমেব দেহমুপাস্তে অহমিতি মন্যতে। পূর্ব্বমপরং বা ন বেদ তত্র হেতুঃ। নষ্টা জন্মনাং স্মৃতির্যস্ত। তত্র দৃষ্টান্তঃ। তমসা নিদ্রয়া যুক্তো যথা স্বপ্নেঽভিব্যক্তমেব নতু জাগ্রদ্দেহাদি পূর্ব্ব স্বপ্নাদি গতং বা তদ্বদিত্যর্থঃ ॥ ৪৫ ॥

এবম্ভূতস্তাবিদ্যোপাধি জীবস্য সংসারং প্রপঞ্চয়তি পঞ্চভিঃ শ্লোকৈঃ। পঞ্চভিঃ কর্ম্মেন্দ্রিয়ৈঃ স্বার্থানুপাদানাদীন্ কুরুতে পঞ্চভির্জ্ঞানেন্দ্রিয়ৈঃ পঞ্চ শব্দাদীন্ বেদ ষোড়শেন মনসা সহ সপ্তদশঃ ষোড়শোপাধ্যন্তর্গতোপি স্বয়ং ত্বেক এব সর্ব্বেন্দ্রিয় বিষয় প্রতিসন্ধানাৎ ত্রীন্ জ্ঞানকর্ম্মেন্দ্রিয় মনো বিষয়ান্ প্রাপ্নোতি ॥ ৪৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভগবানজ ইতি যম পক্ষে তদ্বিভূতিত্বাৎ ভক্ত্যা তদভেদনির্দ্দেশঃ ॥ ৪০ । ৪৫ । ৪৬ । ৪৭ । ৪৮ । ৪৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

অন্যঞ্চ ধর্ম্মাধর্ম্ম জ্ঞান প্রকারস্ত্বন্যেষাং প্রায়িকঃ ধর্ম্মরাজস্ত মনসৈব নিশ্চিতমেব সর্ব্বং পশ্যতীত্যাহুঃ। পুরে সংযমন্যাং স্থিতএব দেবোযমঃ পূর্ব্বরূপং পূর্ব্বজন্ম স্বরূপং ধর্ম্মাধর্ম্মাদিযুক্তং পশ্যতি। অনু অনন্তরমপূর্ব্বং বর্ত্তমানং ভাবিরূপং মীমাংসতে। যদযস্তানু-রূপং তৎ বিচারয়তি ভগবান্ সর্ব্বজ্ঞঃ অজো ব্রহ্ম তুল্যঃ ॥ ৪৪ ॥

জীবস্তু পূর্ব্বাপর জ্ঞানাভাবাৎ পাপাদৌ প্রবৃত্তির্ন চিত্রমিত্যাহুঃ যথা তমসা যুক্তঃ পশ্বাদি র্ব্যক্তং বর্ত্তমান দেহমেব উপাস্তে যথেষ্টাহারাদ্যৈঃ সুখয়তি তথৈব নরোপি নষ্টা জন্মনৈব স্মৃতি র্যস্যেতি পূর্ব্বাপর জ্ঞানাভাবে হেতুঃ ॥ ৪৫ ॥

ততশ্চ পঞ্চভিঃ কর্ম্মেন্দ্রিয়ৈ র্যথেষ্টং স্বার্থান্ কুরুতে। পঞ্চভির্জ্ঞানেন্দ্রিয়ৈঃ পঞ্চ শব্দাদি বিষয় ভোগান্ অনুভবতি। ষোড়শেন মনসা ইন্দ্রিয়েন তু ত্রীন্ জ্ঞানকর্ম্মেন্দ্রিয় মনো বিষয়ান্ অশ্নুতে প্রাপ্নোতি। স্বয়ং সপ্তদশো জীবঃ ॥ ৪৬ ॥

হে দেবগণ! উল্লিখিত রীত্যনুসারে ধর্ম্মাধর্ম্ম পরিজ্ঞান অন্যান্য প্রাণি সকলের সম্বন্ধে প্রায়িক, কিন্তু আমাদের ধর্ম্মরাজ আপন পুরী সংযমনীতে বসিয়া মনের দ্বারাই যাবতীয় জীবের পূর্ব্ব রূপ অর্থাৎ ধর্ম্মাধর্ম্ম বিশেষ রূপে অবলোকন করেন, পশ্চাৎ অপূর্ব্ব রূপে অর্থাৎ যাহার যেমন উপযুক্ত তদ্রূপ বিচার করিয়া থাকেন, তিনি ভগবান্ অর্থাৎ সর্ব্বজ্ঞ এবং অজ অর্থাৎ ব্রহ্মার তুল্য অতএব তাঁহার ঐ প্রকার করা অসম্ভব নহে ॥ ৪৪ ॥

হে সুদৃশ্য ব্যক্তি গণ! জীব অজ্ঞ, অবিদ্যোপাধি, প্রাক্তন কর্ম্ম দ্বারা অভিব্যক্ত এই যে বর্ত্তমান দেহ, ইহারই উপাসনা করে অর্থাৎ এই দেহকেই "আমি" বলিয়া অভিমান করিয়া থাকে, পূর্ব্ব অথবা পর কিছুই জানিতে পারে না, তৎকারণ তাহার জন্মান্তরীয় স্মৃতি নষ্ট হইয়া যায়। যেমন নিদ্রিত ব্যক্তি জাগ্রদ্দেহাদি বিস্মরণ পূর্ব্বক স্বপ্নাভিব্যক্তি দেহাদির উপাসনা করে তদ্বৎ ॥ ৪৫ ॥

অপর ঐ জীব হস্ত পদাদি পাঁচটী কর্ম্মেন্দ্রিয় দ্বারা গ্রহণ গমনাদি পাঁচটী বিষয় অবগত হয়। অধিকন্তু ষোড়শ পদার্থ যে মনঃ তাহার সহিত মিলিত হইয়া সপ্তদশতম হইয়াও সকল ইন্দ্রিয়ের বিষয় অনুসন্ধান করাতে একাকী কর্ম্মেন্দ্রিয় ও মনঃ এই তিনের সকল বিষয়ই ভোগ করিতে পায় ॥ ৪৬ ॥

তদেতৎ ষোড়শ কলং লিঙ্গং শক্তিত্রয়ং মহৎ। ধত্তেহনুসংসৃতিং পুংসি হর্ষশোকভয়ার্ত্তিদাং ॥ ৪৭ ॥
দেহ্যজ্ঞোঽজিতষড়্বর্গো নেচ্ছন্ কর্ম্মাণি কার্য্যতে। কোশকার ইবাত্মানং কর্ম্মণাচ্ছাদ্য মুহ্যতি ॥ ৪৮ ॥
নহি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ। কার্য্যতেহ্যবশঃ কর্ম্ম গুণৈঃ স্বাভাবিকৈর্বলাৎ ॥ ৪৯ ॥
লব্ধ্বা নিমিত্তমব্যক্তং ব্যক্তাব্যক্তং ভবত্যুত। যথা যোনি যথাবীজং স্বভাবেন বলীয়সা ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

তদেতল্লিঙ্গং শরীরং শক্তিত্রয়ং গুণত্রয় কার্য্যং। মহদনাদি পুংসি জীবে অনুসংসৃতিং ধত্তে ॥ ৪৭ ॥
নেচ্ছন্নিচ্ছিন্নপি অনেনৈব কর্ম্মাণি কার্য্যতে। কোশকারঃ কীট বিশেষঃ মুহ্যতি নির্গমোপায়ং ন জানাতি ॥ ৪৮ ॥
কার্য্যত ইত্যত্রানুভবং প্রমাণয়তি নহীতি। গুণৈর্গুণকার্য্য রাগাদিভিঃ স্বাভাবিকৈঃ পূর্ব্বসংস্কারোদ্ভূতৈঃ ॥ ৪৯ ॥
কর্ম্মবশেনচ তদনুরূপো দেহোভবতীত্যাহঃ লব্ধেতি। অব্যক্তং অদৃষ্টং নিমিত্তং লব্ধ্বা ব্যক্তাব্যক্তং তদনুরূপং স্থূলং সূক্ষ্মঞ্চ শরীরং ভবতি। যথাযোনি মাতৃ সদৃশং যথা বীজং পিতৃ সদৃশং। স্বভাবো বাসনা শুক্র শোণিতয়োরেক রূপত্বেপি মাতৃ ভাবনা পিতৃভাবনা রূপয়া কর্ম্মবাসনয়া মাতা পিতৃ সদৃশো দেহো ভবতীত্যর্থঃ ॥ ৫০ ॥

ক্রমসন্দর্ভঃ।

লব্ধেতি অদৃষ্টেন নিমিত্তেন যে যোনি বীজে প্রাপ্যেতে তৎ স্বভাবানুসারেণ দেহো ভবতীত্যর্থঃ ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সপ্তদশস্থ তত্ত তদেতল্লিঙ্গ শরীরং কর্ত্তৃ শক্তিত্রয়ঃ গুণত্রয় কার্য্যং পুংসি জীবে অনুসংসৃতিং ধত্তে। মহদ্দুর্নিবারং ॥ ৪৭ ॥
অনেন লিঙ্গেনৈব কদাচিৎ কর্ম্ম কর্ত্তুমনিচ্ছন্নপি বলাৎ কর্ম্মাণি কার্য্যতে ততশ্চ কোষকারঃ কীট ইব মুহ্যতি নির্গমোপায়ং ন জানাতি ॥ ৪৮ ॥
স্বাভাবিকৈঃ পূর্ব্ব সংস্কারোদ্ভূতৈঃ ॥ ৪৯ ॥
এবঞ্চ নিমিত্তমদৃষ্টং লব্ধ্বা তৎ কর্ম্মানুসারেণ ব্যক্তাব্যক্তং স্থূলং সূক্ষ্মঞ্চ শরীরং ভবতি যথা যোনি কচিন্মাতৃ সদৃশং যথা বীজং কচিৎ পিতৃ সদৃশং কচিদুভয় সদৃশং স্বভাবেন হিংস্রত্ব সৌম্যত্বেন চ যুক্তং ॥ ৫০ ॥

হে মহাশয় গণ! ষোড়শ কলাবিশিষ্ট লিঙ্গ শরীর এবং সত্বাদি গুণত্রয়ের কার্য্য তিন শক্তি, ইহারা ঐ জীবের কেবল সেই মতি জন্মাইয়া দেয়, যাহাতে হর্ষ, শোক, ভয় এবং পীড়া এতাবন্মাত্র উপস্থিত করিয়া থাকে ॥ ৪৭ ॥

হে দেব প্রবর সকল! জীব অজ্ঞ এবং কামাদি রিপু ষড়্বর্গ জয় করিতে অক্ষম, ইহাতে যদিও কিছু করিতে ইচ্ছা না থাকে তথাচ লিঙ্গশরীর তাহাদিগকে কর্ম্ম করায়। সুতরাং কোশকার কৃমির ন্যায়, সে আপনার কর্ম্ম দ্বারা আপনাকে আচ্ছন্ন করিয়া মুগ্ধ হয় অর্থাৎ আপনার নির্গমোপায় জানিতে পারে না ॥ ৪৮ ॥

যদি বল লিঙ্গ শরীর যে জীবকে কর্ম্ম করায় ইহাতে প্রমাণ কি? উত্তর, অনুভবই ঐ বিষয়ে প্রমাণ যে হেতু প্রত্যক্ষ দেখা যাইতেছে কোন এক ব্যক্তিএক ক্ষণের নিমিত্তও নিষ্কর্ম্মা হইয়া থাকিতে পারে না, সকলেই অবশ হইয়া প্রাক্তন কর্ম্মের সংস্কারোৎপন্ন গুণ অর্থাৎ গুণ কার্য্য রাগাদি দ্বারা কর্ম্ম করিতে বাধ্য হয় ॥ ৪৯ ॥

হে অমলাশয় গণ! সেই সকল কর্ম্ম জন্য যে অদৃষ্ট,তাহাই জীবের স্থূল অথবা সূক্ষ্ম শরীরের কারণ, সেই বাসনা অতিশয় বলবতী, তদ্দ্বারা জীবের পিতৃ সদৃশ অথবা মাতৃ সদৃশ দেহ প্রাপ্তি হয় ॥ ৫০ ॥

এবং প্রকৃতিসঙ্গেন পুরুষস্য বিপর্য্যয়ঃ । আসীৎ সএব নচিরাদীশসঙ্গাদ্বিলীয়তে ॥ ৫১ ॥

অয়ং হি শ্রুতসম্পন্নঃ শীলবৃত্তগুণালয়ঃ । ধৃতব্রতো মৃদুর্দান্তঃ সত্যবাঙ্ মন্ত্রবিচ্ছুচিঃ ॥ ৫২ ॥

গুর্ব্বগ্ন্যতিথিবৃদ্ধানাং শুশ্রূষুরনহঙ্কৃতঃ । সর্ব্বভূত সুহৃৎ সাধুর্মিতবাগনসূয়কঃ ॥ ৫৩ ॥

একদাসৌ বনং যাতঃ পিতৃসন্দেশকৃদ্দ্বিজঃ । আদায় তত আবৃত্তঃ ফল পুষ্প সমিৎ কুশান্ ॥ ৫৪

দদর্শ কামিনং কঞ্চিচ্ছূদ্রং সহ ভুজিষ্যয়া । পীত্বাচ মধুমৈরেয়ং মদাঘূর্ণিতনেত্রয়া ॥ ৫৫ ॥

শ্রীধরস্বামী ।

সংসার ক্রমমুপসংহরন্তো মুক্তিপ্রকারমাহঃ এবং ইতি ঈশসঙ্গাৎ পরমেশ্বরভজনাৎ ॥ ৫১ ॥

তদেবং সামান্ততো ধর্ম্মাদি নির্ণয়মুক্ত্বা প্রস্তুতস্যাজামিলস্যাধর্ম্মং প্রপঞ্চয়ন্তো দণ্ড্যত্বমাহঃ অয়ং হীতি যাবদধ্যায় সমাপ্তি। তত্র যাভ্যাং তৎ পূর্ব্ব বৃত্তানুবাদোঽন্যায়াতিরেক প্রদর্শনার্থঃ । শীলং সুস্বভাবঃ বৃত্তং সদাচারঃ গুণাঃ ক্ষমাদয়ঃ তেষামালয়ঃ ॥৫২

অনহংকৃতো নিরহঙ্কারঃ ॥ ৫৩ ॥

আবৃত্তঃ বলাৎ পরাবৃত্তঃ ॥ ৫৪ ॥

ভুজিষ্যয়া ভোগস্ত্রিয়া দাস্যা মৈরেয়ং মধু পৈষ্টীং সুরাং পিত্বা মদেনাঘূর্ণিতে ভ্রান্তে নেত্রে যস্যাঃ ॥ ৫৫ ॥

ক্রমসন্দর্ভঃ ।

এব ইতি ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদিতিবৎ ॥ ৫১ ॥

অত্র প্রকরণে তাদৃশ স্বধর্ম্ম নিষ্ঠয়াপি পাতান্ন রক্ষিতোভূৎ কিন্তু ভক্ত্যাভাসেনৈব স রক্ষিত ইতি যমদূতবাক্য দ্বারা শ্রীশুকদেবস্যাভিপ্রায়ঃ ॥ ৫২ । ৫৩ । ৫৪ । ৫৫ । ৫৬ । ৫৭ । ৫৮ । ৫৯ । ৬০ । ৬১ । ৬২ । ৬৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

এব ইতি প্রকৃতি পুরুষয়োঃ সঙ্গাভ্যামেব বন্ধমোক্ষৌ ভবত ইত্যর্থঃ ॥ ৫১ ॥

তদেবং ধর্ম্মাধর্ম্মাদি স্বরূপমুক্ত্বা প্রস্তুতস্যাজামিলস্য দণ্ড্যত্ব জ্ঞাপনায়াধর্ম্মং প্রপঞ্চয়তি । অয়ং হীত্যাদিনা তত্রাপ্যতিশয়ানৌচিত্যং জ্ঞাপয়িতুং যাভ্যাং ধার্ম্মিকত্বমাহঃ । শীলং সুস্বভাবঃ বৃত্তং সদাচারঃ । গুণাঃ ক্ষমাদয়ঃ ॥ ৫২ । ৫৩ । ৫৪ ॥

ভুজিষ্যয়া দাস্যা সংভুজ্যমানয়া মৈরেয়ং পৈষ্টং মধু মদ্যং ব্যপেতং লোকভয়রহিতং অনয়া সহ ॥ ৫৫ । ৫৬ ॥

হে দেবশ্রেষ্ঠ সকল ! প্রকৃতির সঙ্গ বশতঃ পুরুষের এই রূপ বিপর্য্যয় হইয়া থাকে কিন্তু যদিস্যাৎ পুরুষ স্বয়ং ঈশ সঙ্গ করে অর্থাৎ পরমেশ্বরোপাসনায় তৎপর হয় তাহা হইলে অচিরে তাঁহাতে বিলয় পাইতে পারে ॥ ৫১ ॥

হে দেবগণ ! এই ব্রহ্ম কুলোদ্ভব অজামিল প্রথম বয়সে শ্রুত সম্পন্ন, মৃদু, সুস্বভাব এবং সদাচার বিশিষ্ট হওয়াতে ক্ষমাদি বিবিধ গুণের আলয় ছিল। ইন্দ্রিয় দমন পূর্ব্বক সতত ব্রতধারী হইয়া থাকিত, ইহার তুল্য সত্যবাদী, মন্ত্রজ্ঞ ও শুচি অন্য কেহ ছিল না ॥ ৫২ ॥

আর সকল ভূতেরই দেহাভ্যন্তরে আত্মা রূপে ভগবান্ হরি অবস্থিত আছেন, অতএব সকল ভূতকেই ভগবান্ হরির স্থান বলিয়া অবলোকন করা কর্ত্তব্য, কাহারও প্রতি দ্রোহাচরণ করিতে হয় না, এই রূপ করিলেই তোমাদের প্রতি ভগবান্ প্রসন্ন হইবেন ॥ ১০ ॥

যঃ সমুৎপতিতং দেহে আকাশান্মন্যুমুল্বণং। আত্মজিজ্ঞাসয়া যচ্ছেৎ সগুণানতিবর্ত্ততে ॥ ১১ ॥
অলং দগ্ধৈদ্রুমৈর্দীনৈঃ খিলানাং শিবমস্তু বঃ। বার্ক্ষী হ্যেষা বরা কন্যা পত্নীত্বে প্রতিগৃহ্যতাং ॥ ১২
ইত্যামন্ত্র্য বরারোহাং কন্যামাপ্সরসীং নৃপ। সোমোরাজা যযৌ দত্বা তে ধর্ম্মেণোপযেমিরে।
তেভ্যস্তস্যাং সমভবদ্দক্ষঃ প্রাচেতসঃ কিল। যস্য প্রজাবিসর্গেণ লোকা আপূরিতাস্ত্রয়ঃ ॥ ১৩ ॥
যথা সসর্জ্জ ভূতানি দক্ষোদুহিতৃবৎসলঃ। রেতসা মনসা চৈব তন্মমাবহিতঃ শৃণু ॥ ১৪ ॥
মনসৈবাসৃজৎ পূর্ব্বং প্রজাপতিরিমাঃ প্রজাঃ। দেবাসুরমনুষ্যাদীন্নভঃ স্থলজলৌকসঃ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

আকাশাৎ দেহে সমুৎপতিতং আকস্মিকমিত্যর্থঃ। আত্মবিচারেণ যো নিযচ্ছেৎ ॥ ১১ ॥

খিলানাং শেষাণাং বোযুষ্মাকঞ্চ শিবমস্তু। বৃক্ষরক্ষণার্থং তদীয়াং কন্যাং দদাতি বার্ক্ষী বৃক্ষৈঃ পালিতা ॥ ১২ ॥

আমন্ত্র্য সান্ত্বয়িত্বা আপ্সরসীং অপ্সরসঃ প্রম্লোচায়াঃ সুতাং ॥ ১৩ ॥

দুহিতৃ বৎসল ইতি তস্য কন্যাবংশ এবেত্যুক্তং মম মত্তঃ ॥ ১৪ ॥

প্রজাপতির্দ্দক্ষঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ননু কোপকালে কুত এতাবান্ বিচার স্তত্রাহ য ইতি। আকাশাদিব দেহে সমুৎপতিতমাকস্মিকমিত্যর্থঃ। আত্মনো জিজ্ঞাসয়া বিচারেণ যচ্ছেৎ উপশময়েৎ সগুণানিতি অন্যথা যূয়ং গুণৈরেব গ্রস্তা ভবিষ্যথেতি সামোক্ত্যা ভেদশ্চ ধ্বনিতঃ ॥ ১১ ॥

ভেদেনাপ্যুপশমাভাবমালক্ষ্য দানমাহ অলমিতি খিলানাং শেষাণাং বৃক্ষী বার্ক্ষৈঃ পালিতত্বাদ্বৃক্ষকন্যা ॥ ১২ ॥

আপ্সরসীং অপ্সরসঃ প্রম্লোচায়াঃ সুতাং ॥

সমভবদিতি দক্ষস্য স্বায়ম্ভুবমনুবংশ্যত্বাৎ স্বায়ম্ভুবে মন্বন্তরে জন্ম। যস্য প্রজাবিসর্গেণেতি প্রজাবিসর্গস্তস্য চাক্ষুষএব চাক্ষুষে ম্বন্তরে প্রাপ্তে প্রাক্ সর্গে কালবিক্রুতে। যঃ সসর্জ্জ প্রজা ইষ্টা স দক্ষো দৈবচোদিত ইতি চতুর্থোক্তেঃ। তস্মাৎ মধ্যে মন্বন্তর পঞ্চকমভিব্যাপ্যাস্য তপএব পৌর্ব্বকালিকৈশ্বর্য্যপ্রাপ্ত্যর্থকমবগম্যতে ॥ ১৩ ॥

দুহিতৃবৎসলঃ ইতি পুত্রবংশাভাবঃ সূচিতঃ ॥ ১৪ ॥

প্রজাপতি র্দক্ষঃ বিন্ধ্যস্য পাদান্ প্রত্যাস্যপর্ব্বতান্ ॥ ১৫। ১৬ ॥

হে বৎস গণ! ক্রোধ কালে হিতাহিত বিবেচনা থাকে না সত্য, কিন্তু যে ব্যক্তি দেহকে আকাশ হইতে সমুৎ পতিত অর্থাৎ অকস্মাৎ উৎপন্ন জানিয়া আত্মজ্ঞান দ্বারা তীব্র কোপ দমন করেন তিনিই গুণ সকলকে অতিক্রমণ করিতে পারেন ॥ ১১ ॥

অতএব তোমরা এই দীন বৃক্ষ সকলকে আর দগ্ধ করিও না, অবশিষ্ট এই সকল বৃক্ষের এবং তোমাদের মঙ্গল হউক। এই সকল বৃক্ষ একটী কন্যা প্রতিপালন করিয়া রাখিয়াছে, তোমাদিগকে সেই এই কন্যা সম্প্রদান করিতেছে, এ কন্যা অতি সুরূপা, তোমরা ইহাকে পত্নীত্বে পরিগ্রহ কর ॥ ১২

হে নৃপ! সোমরাজা এই প্রকারে সান্ত্বনা করণানন্তর আপনি উদ্যোগী হইয়া প্রম্লোচা অপ্সরার সেই কন্যাটী প্রচেতাদিগকে দান করিলেন। তাঁহারাও ধর্ম্মতঃ তাহার পাণি গ্রহণ করিলেন, সেই গর্ভে ঐ প্রচেতাদের ঔরসে দক্ষের জন্ম হয়, যাঁহার প্রজা সমূহে ত্রিভুবন পরিপূর্ণ হইয়াছে ॥ ১৩ ॥

রাজন্! প্রজাপতি দক্ষ দুহিতৃ বৎসল ছিলেন, তিনি যে প্রকারে শুক্র ও মনের দ্বারা ভূত সকলকে সৃষ্টি করেন মনোনিবেশ পূর্ব্বক আমার নিকট তাহার বৃত্তান্ত শ্রবণ কর ॥ ১৪ ॥

হে পাণ্ডবেয়! দক্ষ প্রজাপতি প্রথমে দেব, দৈত্য, মনুষ্য প্রভৃতি খেচর, ভূচর, জলচর, প্রজা সকলকে মনের দ্বারাই সৃষ্টি করিয়াছিলেন ॥ ১৫ ॥

তমবৃংহিতমালোক্য প্রজাসর্গং প্রজাপতিঃ। বিন্ধ্যপাদানুপব্রজ্য সোঽচরদ্দুষ্করং তপঃ।
তত্রাঘমর্ষণং নাম তীর্থং পাপহরং পরং। উপস্পৃশ্যানুষবণং তপসা তোষয়দ্ধরিং॥ ১৬॥
অস্তৌষীদ্ধংসগুহ্যেন ভগবন্তমধোক্ষজং। তুভ্যং তদভিধাস্যামি কস্যাতুষ্যদ্যথা হরিঃ॥ ১৭॥
শ্রীপ্রজাপতিরুবাচ॥
নমঃ পরায়াবিতথানুভূতয়ে গুণত্রয়াভাস নিমিত্তবন্ধবে।

শ্রীধরস্বামী।

অবৃংহিতং অসংবৃদ্ধং বিন্ধ্যস্য পাদান্ সন্নিহিতপর্ব্বতান্॥ ১৬॥
হংসগুহ্যাখ্যেন স্তোত্রেণ কস্য দক্ষস্য॥ ১৭॥
পরায় সর্ব্বোত্তমায় নমো দধে নমস্করোমি পরত্বে হেতুঃ অবিতথানুভূতিশ্চিচ্ছক্তি র্যস্য অতো গুণ ত্রয়াভাসশ্চ জীবঃ নিমিত্তঞ্চ মায়া তয়োর্ব্বন্ধবে নিয়ন্ত্রে এবমপি গুণেষু তত্ত্ববুদ্ধির্যেষাং তৈর্জী নৈরদৃষ্টঃ ধাম স্বরূপং যস্য। তত্র হেতুঃ নিবৃত্তং মানং যস্মাৎ তস্মৈ নিবৃত্তমানাবধয়ে ইতি পাঠে নিবৃত্তং মানমবধিশ্চ যস্মাৎ। তর্হি কথং তস্য সিদ্ধি স্তত্রাহ স্বয়ম্ভুবে স্বপ্রকাশায়॥ ১৮॥

ক্রমসন্দর্ভঃ।

পরাপর কামেন নিষ্কামেন বা পরমেশ্বর এব ভজনীয়ো নান্য স্তস্য মায়া জীববশীকারি শক্তিত্বাৎ। অন্যস্য তন্মায়াধীন তুচ্ছ শক্তিত্বাদীতি স্ব বাঞ্ছা সিদ্ধৈবমুত্তং দর্শয়ংস্তদর্থং স্তুতি বিশেষেণোপতিষ্ঠতে নম ইতি। অবিতথেত্যব্যভিচারজ্ঞানেচ্ছা শক্তি দর্শিতে। গুণত্রয়েতি তাদৃশ ক্রিয়া শক্তিশ্চ দর্শিতা। জীবমায়া নিয়ন্তৃত্বাত্তাসাং তাদৃশ শক্তীনাং তত্তদতীতত্বেন স্বরূপভূতত্বং চ তথাপি গুণেষু সত্বাদিষ্বেব তত্ত্ব বুদ্ধিঃ কারণ জ্ঞানং যেষাং তৈরদৃষ্টঃ তর্কয়িতুমশক্যং কিমুতানুভবিতুমশক্যং। ধাম তদৃশ শক্তি প্রকাশোপি কিমুত স্বরূপ তৎ পূর্ণ শক্তী যস্য তস্মৈ সর্ব্বত্র হেতুঃ স্বপ্রকাশায়েতি। গুণত্রয়স্যাভাসঃ স্বাজ্ঞানেনারোপো যস্মিন্ স জীব ইতি জীবস্য চিদ্রূপত্বে তদ্দজ্ঞান স্পৃষ্টত্বাভাসতো নিকর্ষ এবং ব্যক্তীকৃতঃ। রশ্মি স্থানীয়ত্বাত্তস্য॥ ১৮। ১৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হংসগুহ্যেন স্তোত্রেণ পূর্ব্বসিদ্ধেনৈব নিগমেন নতু দক্ষকৃতেনেত্যর্থঃ। কস্য দক্ষস্য॥ ১৭॥
পরায় জীবমায়া মায়িকেভ্য ইত্যর্থঃ। কুতঃ। অবিতথানুভূতয়ে সত্যানুভবায় গুণত্রয়াভাসো জীবঃ নিমিত্তং মায়া তয়োর্ব্বন্ধবে এবমপি গুণেষু তত্ত্ববুদ্ধি র্যেষাং তৈর্জী নৈরদৃষ্ট স্বরূপায়। তদ্ভিন্নৈরপি স সম্যাগবগম্য ধামেত্যাহ নিবৃত্তো মানাবধিঃ পরিমাণ সীমা যস্য তস্মৈ নহ্যেতাবদ্রূপ রূপৈশ্বর্য্যকঃ পরমেশ্বর ইতি কোপি বক্তুং শক্নোতীতি ভাবঃ। যদুক্তং ব্রহ্মণা গুণাত্মনস্তেপি গুণান্ বিমাতুং হিতাবতীর্ণস্য ক ঈশিরেস্যেতি। নিবৃত্তমানায় দধে ইতি পাঠে মানোজ্ঞানং। দধে করোমি তদা নম ইতি কর্ম্ম পদং। তর্হি কথং তস্য সিদ্ধ স্তত্রাহ স্বয়ম্ভুবে স্বপ্রকাশায়॥ ১৮॥

কিন্তু ঐ প্রজাসৃষ্টি কোন প্রকারেই বর্দ্ধিত হয় নাই, তদবলোকনে ঐ প্রজাপতি প্রব্রজ্যা অবলম্বন পূর্ব্বক বিন্ধ্য গিরির সন্নিহিত একটী ক্ষুদ্র পর্ব্বতে গমন করিয়া দুশ্চর তপস্যা আরম্ভ করিলেন। সেই গিরির অদূরে অঘমর্ষণ নামে যে একটী পাপহারী তীর্থ ছিল, সেই তীর্থে ত্রিসন্ধ্যা স্নান করিয়া তপস্যা করত ভগবান্ হরির সন্তোষ জন্মাইতেন॥ ১৬॥

এবং হংসগুহ্য নামক প্রসিদ্ধ স্তোত্র পাঠ করত ভগবান্ অধোক্ষজের স্তব করিতেন। হে রাজন্! ভগবান্ যে প্রকারে প্রজাপতি দক্ষের প্রতি প্রসন্ন হয়েন, তোমার নিকট তাহাও বর্ণন করি শ্রবণ কর॥ ১৭

প্রাচেতস দক্ষ এই প্রকারে স্তব করিয়া কহিলেন, সর্ব্বোত্তম সেই পরমাত্মাকে আমি নমস্কার করি, তাঁহার চিৎ শক্তি অবিতথ, অতএব তিনি জীব ও মায়া এই দুইয়ের নিয়ামক। পরন্তু এ প্রকার হইলেও যে সকল জীবের গুণেতেই তত্ত্ব বুদ্ধি, তাহারা তাঁহার স্বরূপ দেখিতে পায় না, কারণ

অদৃষ্ট ধাম্নে গুণতত্ত্ববুদ্ধিভির্নিবৃত্তমানায় দধে স্বয়ম্ভুবে ॥ ১৮ ॥
ন যস্য সখ্যং পুরুষোঽবৈতি সখ্যুঃ সখা বসন্ সংবসতঃ পুরেঽস্মিন্ ।
গুণোযথা গুণিনো ব্যক্তদৃষ্টেস্তস্মৈ মহেশায় নমস্করোমি ॥ ১৯ ॥
দেহোঽসবোঽক্ষা মনবো ভূতমাত্রা নাত্মানমন্যঞ্চ বিদুঃ পরং যৎ ।
সর্ব্বং পুমান্ বেদ গুণাংশ্চ তজ্জ্ঞো ন বেদ সর্ব্বজ্ঞমনন্তমীড়ে ॥ ২০ ॥

শ্রীধরস্বামী ।

অদৃষ্টধামত্বং দর্শয়ন্নাহ নেতি । পুরুষঃ সখা জীবঃ অস্মিন্ পুরে দেহে বসন্নপি অত্রৈব সম্বসতঃ সখ্যুঃ যস্য সখ্যং করণ প্রবর্ত্তকত্বাদিকং নাবৈতি ন জানাতি তস্মৈ । কুতোব্যক্ত দৃষ্টে প্রপঞ্চ দ্রষ্টুঃ নহি দ্রষ্টা দৃশ্যো ভবতি । প্রথমান্ত পাঠে ব্যক্তে প্রপঞ্চএব দৃষ্টি র্যস্য সঃ । গুণোবিষয়ো গুণিনো বিষয়িণ ইন্দ্রিয়াদেঃ সখ্যং প্রকাশকত্বং যথা ন বেত্তি তদ্বৎ ॥ ১৯ ॥

নমু গুণোজড়ত্বান্নজানাতি জীবস্তু চেতনঃ কিমিতি ন জানাতি তত্রাহ দেহঃ অসবঃ প্রাণা অক্ষাণি ইন্দ্রিয়াণি মনবোঽন্তঃকরণানি ভূতানিচ মাত্রাশ্চ তন্মাত্রাণি আত্মানং স্ব স্বরূপং দৃশ্যং অন্যমিন্দ্রিয়বর্গং তয়োঃ পরঞ্চ দেবতাবর্গং ন বিদুঃ পুমান্ জীবস্তু সর্ব্বং এতত্রয়ং বেদ গুণাংশ্চ তন্মূল ভূতান্ বেদ তজ্জ্ঞোঽপি সন্ যং সর্ব্বজ্ঞং ন বেদ তমনন্তমীড়ে স্তৌমি ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ ।

দেহেতি অন্যং দেবতাবর্গং পরং পুমাংসঞ্চ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অদৃষ্ট ধামত্বমুপপাদয়তি নেতি । যস্য পরমাত্মনঃ সখ্যং করণ প্রবর্ত্তকত্বাদিকং পুরুষো জীবো নাবৈতি ন জানাতি অস্মিন্নেব পুরে দেহে বসতোঽপি সখ্যুরপি আত্মারামত্বেঽপি সখ্যাদেব তৎ কামিতান্ বিষয়ান্ ভোজয়িতুঃ । স্বয়ং সখাপি তস্য তত্তৎ সখ্য মনুভবন্নপি অত্রৈব দেহে বসন্নপি নৈব বেদ ব্যক্তদৃষ্টেরিতি ষষ্ঠ্যন্ত পাঠে বুদ্ধীন্দ্রিয়াদি প্রকাশাদেব যদ্বিষয়কং জ্ঞানং ব্যক্তমেব তস্যাপীশ্বরস্য প্রথমান্ত পাঠে তস্মাদেব হেতো র্যং কর্ত্তৃকং জ্ঞানং ব্যক্তমেব সোঽপি জীবঃ গুণঃ শব্দ স্পর্শাদি র্যথা গুণিনঃ শ্রোত্রাদে-রিন্দ্রিয়স্য সখ্যং স্বমাধুর্য্যাদি জ্ঞাপন লক্ষণং নবেত্তি তদ্বৎ ॥ ১৯ ॥

নমু গুণো জড়ত্বাৎ ন জানাতু জীবস্তু চেতনঃ কথং ন জানাতি তত্র স সর্ব্বত্র চেতনোঽপি পরমেশ্বরে ত্বচেতন এবেত্যাহ দেহশ্চ তত্রস্থা অসবঃ প্রাণাশ্চ অক্ষা ইন্দ্রিয়াণিচ মনবোঽন্তঃকরণানিচ ভূতানি পৃথিব্যাদীনিচ মাত্রাঃ শব্দাদয়শ্চ আত্মানং স্ব স্বরূপং আত্মনাং মধ্যে অন্যমন্যস্বরূপং আত্মভ্যঃ সর্ব্বেভ্যএব পরং জীব স্বরূপঞ্চ ন বিদুঃ । পুমান্ জীবস্তু চেতনত্বাৎ সর্ব্বং আত্মানং দেহাদীন্ গুণান্ সত্ত্বাদীন্ তন্মূলভূতাংশ্চ বেদ জীবন্মুক্তত্ব দশায়াং তং পরমাত্মানঞ্চ জানাতীতি তজ্জ্ঞঃ । তদপি সর্ব্বজ্ঞং পরমেশ্বরং ন বেদ । নমু তজ্জ্ঞ ইতি ব্রূষে তদপি ন বেদেতি কুতস্তত্রাহ অনন্তং অপ্রাকৃত গুণানামনন্ত্যাত্তদপ্যজ্ঞানমেব যদুক্তং দ্যুপতয়এব তে ন যযুরন্তমনন্ততয়েতি ॥ ২০ ॥

তাঁহার পরিমাণ ও সীমা নাই, আর তিনি স্বয়ং প্রকাশ পান এই কারণে সিদ্ধ বস্তু ॥ ১৮ ॥

অপর গুণ অর্থাৎ শব্দ স্পর্শাদি বিষয় যেমন গুণির অর্থাৎ শ্রোত্রাদি ইন্দ্রিয়ের সখ্য [প্রকাশকত্ব] জানে না, তেমনি সখা জীবও এই দেহরূপ পুর মধ্যে বাস করিয়া এই স্থানেই বাসকারি যে সখার ইন্দ্রিয় প্রবর্ত্তকত্বাদি রূপ সখ্য জানিতে পারেন না, কারণ প্রপঞ্চেতেই তাঁহার দৃষ্টি নিবদ্ধ থাকে, সেই মহেশকে আমি নমস্কার করি ॥ ১৯ ॥

অহো ! দেহ, প্রাণ, ইন্দ্রিয়, অন্তঃকরণ, পঞ্চভূত, পঞ্চ তন্মাত্র, ইহারা আত্মাকে অর্থাৎ স্বস্বরূপকে অন্য ইন্দ্রিয় বর্গকে এবং ঐ দুইয়ের শ্রেষ্ঠ দেবতাবর্গকে জানিতে পারে না, যদিও পুরুষ অর্থাৎ জীব এই তিন এবং এই তিনের মূলীভূত গুণ সকলকেও জানেন তথাচ তিনি ঐ রূপ জ্ঞাতা হইয়াও যে সর্ব্বজ্ঞ ভগবানকে জানিতে পারেন না, আমি সেই ভগবান্ অনন্তদেবকে স্তব করি ॥ ২০ ॥

যদোপরামো মনসো নাম রূপ রূপস্য দৃষ্ট স্মৃতি সংপ্রমোষাৎ।
য ঈয়তে কেবলয়া স্বসংস্থয়া হংসায় তস্মৈ শুচি সদ্মনে নমঃ॥ ২১॥
মনীষিণোঽন্তর্হৃদি সংনিবেশিতং স্বশক্তিভির্নবভিশ্চ ত্রিবৃদ্ভিঃ।

শ্রীধরস্বামী।

অদৃষ্ট ধামত্বমুক্ত্বা স্বপ্রকাশত্বমাহ যদা মনস উপরামঃ সমাধিঃ নতু সুষুপ্তাবিব লয়ঃ নচ জাগ্রৎ স্বপ্নয়োরিব বিক্ষেপঃ তদাহ নামরূপে রূপ্যেতে যেন তৎ তথা তস্য উপরামে হেতুঃ দৃষ্টং দর্শনং স্মৃতিশ্চ তয়োঃ সংপ্রমোষাৎ নাশাৎ তদা কেবলেন স্বরূপজ্ঞানেন যঃ প্রতীয়তে তস্মৈ হংসায় শুদ্ধায় শুচি শুদ্ধং চিন্ময়ং সদ্ম প্রতীতিস্থানং যস্য তস্মৈ নমঃ॥ ২১॥

এবম্ভূতঃ কেষাং প্রতীয়তে ইত্যপেক্ষায়ামাহ মনীষিণ ইতি দ্বাভ্যাং। বিবেকিনোঽয়ং নিষ্কর্ষন্তি বিবিচ্য ধারয়ন্তি স নির্ব্বাণ সুখানুভূতি র্ম প্রসীদতামিতি দ্বয়োরন্বয়ঃ। এবং নিষ্কর্ষতাং প্রতীয়ত ইতি ভাবঃ। কিমিতি নিষ্কর্ষন্তি স্বশক্তিভি র্গূঢ়ং অপ্রকাশমানং কতিভির্নবভিঃ পুনশ্চ ত্রিবিদ্ভিঃ ত্রিগুণাভিঃ সপ্তবিংশত্যুপাধিভি র্গূঢ়ং অষ্টাবিংশং নিষ্কর্ষন্তীত্যর্থঃ। যথা নবভিঃ প্রকৃতি পুরুষ

ক্রমসন্দর্ভঃ।

স্বসংস্থয়া স্বরূপশক্ত্যা॥ ২১॥

মনীষিণ ইতি যুগ্মকং। ত্রিবৃন্নব শক্ত্যতীতত্বে সতি কথং স্বতো নিঃশক্তিক এবাহং নেত্যাহ। অশেষেতি। অনুভূতিরবশ্যং মন্তব্যা। তাং বিনা পুরুষার্থত্বাসিদ্ধেঃ। তস্যাং চ মন্তব্যায়াং তল্লক্ষণা পত্তাপি স্বরূপ শক্তিঃ সিদ্ধ্যত্যেবেতি ভাবঃ। তথৈবাহ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

নম্বু তজ্জ্ঞোপি ন বেদেতি যদুক্তং তত্র তদেন বেদ্যং বস্তু দ্বিবিধং সুজ্ঞেয়ং দুর্জ্ঞেয়ঞ্চ। তত্র সুজ্ঞেয়ং নির্ব্বিশেষ স্বরূপমাহ। যদেতি যদা মনস উপরামঃ উপরামাতিশয়ঃ সমাধিঃ। নতু সুষুপ্তাবিব লয়ঃ। নচ জাগ্রৎ স্বপ্নয়োরিব বিক্ষেপঃ কীদৃশস্য নাম রূপে রূপ্যেতে যেন তস্য। উপরামাতিশয়ে হেতুঃ দৃষ্টং দর্শনং স্মৃতিশ্চ তয়োঃ সম্প্রমোষাৎ সম্যক্ তয়ৈব নাশাৎ তদা যঃ কেবলয়া স্বস্য সংস্থয়ৈব নির্ব্বিশেষ জ্ঞান গম্যতয়া বস্তু মাত্রত্বেনেত্যর্থঃ। ঈয়তে প্রতীয়তে তস্মৈ হংসায় শুদ্ধায়। শুচি শুদ্ধং চিত্তং সদ্ম প্রতীতি স্থানং যস্য তস্মৈ। এতৎ স্বরূপস্য সুজ্ঞেয়ত্বমুক্তং ব্রহ্মণা যথা। তথাপি ভূমন্মহিমাগুণস্য তে বিবোদ্ধুমর্হত্যমলান্তরাত্মভি রিতি॥ ২১॥

দুর্ব্বিজ্ঞেয়ং সবিশেষ স্বরূপমাহ মনীষিণঃ শুদ্ধভক্তাঃ গূঢ়ং অন্তর্হৃদি সংনিবেশিতং প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেণ স্বানান্তাবসরোরুহমিত্যুক্ত রীত্যা শ্রবণ ভক্ত্যা অন্তর্হৃদি প্রবেশিতং। পুনর্মনীষয়া প্রেমভক্ত্যাখ্যয়া নিষ্কর্ষন্তি। অন্তর্হৃদয়াম্নিষ্কৃষ্য চক্ষুরাদিভিরিন্দ্রিয়ৈঃ সৌন্দর্য্যাদি মাধুর্য্যমাস্বাদয়ন্তীত্যর্থঃ। কীদৃশং সন্তং নিষ্কর্ষন্তি স্বশক্তিভিশ্চিচ্ছক্তিভিঃ সহিতং। কতিভি র্নবভির্বিমলাদ্যাভি স্তত্রাপি ত্রিবৃদ্ভিশ্চিচ্ছক্তেরেব তিসৃভির্বৃত্তিভিঃ হ্লাদিনী সন্ধিনী সম্বিত্তিশ্চ সহিতং। যদুক্তং। বিষ্ণুপুরাণে। হ্লাদিনী সন্ধিনী সম্বিৎ ত্বয্যেকা সর্ব্ব সংশ্রয়ে। হ্লাদ তাপকরী মিশ্রা ত্বয়ি নোগুণবর্জ্জিতে ইতি। যথা দারুণি কাষ্ঠে পাকদস্যুং পঞ্চদশ সামিধেনী মন্ত্রৈঃ প্রকাশ্যমলৌকিকং বহ্নিং নিষ্কর্ষন্তি সপ্রসীদতামিত্যুত্তরেণান্বয়ঃ। অস্য সবিশেষ স্বরূপস্যাপ্রাকৃতানন্ত গুণস্য দুর্ব্বিজ্ঞেয়ত্বং ভক্তিহীনৈরনুভবিতু মশক্যত্বাৎ ভক্তৈরনুভূয়মানত্বেপি মাধুর্য্যৈশ্বর্য্যয়োঃ পারাজ্ঞানাৎ। যদুক্তং ব্রহ্মণৈব। গুণাত্মনস্তেপি গুণান্ বিমাতুং হিতাবতীর্ণস্য ক ঈশিরেস্য। কালেন যৈর্বা বিমিতাঃ সুকল্পৈর্ভূপাংশবঃ খে মিহিকাদ্যুভাস॥ ২২॥ ইতি যত্তু তস্য মায়িকং সবিশেষং রূপং তদ্ব্যতিরিক্তমেব মমোপাস্যমিত্যাহ। স মম প্রসীদতাং। অশেষা বিশেষা যস্যা তয়া মায়ায়া নিষেধেন যন্নির্ব্বাণ সুখং বাধা হুবিদারকা আধ্যাত্মিকাদি দুঃখ শরাঃ কেপি ন সন্তি যত্র তন্নির্ব্বাণসুখে অনুভূতি র্যস্য সঃ হ্লাদ তাপকরী মিশ্রা ত্বয়ি-

যাহার দ্বারা নাম রূপ আরোপ হয় সেই মনের দৃষ্টি স্মৃতি বিনাশ হেতু, যখন উপরম অর্থাৎ সমাধি হয়, তখন কেবল স্বরূপ জ্ঞান দ্বারা যিনি প্রতীত হয়েন, সেই শুদ্ধ হংসকে আমি নমস্কার করি, তাঁহার প্রতীতি স্থানও অতিশয় শুদ্ধ॥ ২১॥

যিনি প্রকৃতি পুরুষ মহৎ অহঙ্কার এবং পঞ্চতন্মাত্র এই নয় তথা তিন গুণ ও ষোড়শ বিকার স্বরূপ আপনার নব শক্তি দ্বারা হৃদয়ের মধ্যে নিশ্চলীভূত হইয়া আছেন এবং পঞ্চদশ সামিধেনী মন্ত্র দ্বারা

বহ্নিং যথা দারুণি পাঞ্চদশ্যং মনীষয়া নিষ্কর্ষন্তি গূঢ়ং ॥ ২২ ॥
স বৈ মমাশেষ বিশেষ মায়া নিষেধ নির্ব্বাণ সুখানুভূতিঃ।
স সর্ব্ব নামা সচ বিশ্বরূপঃ প্রসীদতামনিরুক্তাত্ম শক্তিঃ ॥ ২৩ ॥
যদ্যন্নিরুক্তং বচসা নিরূপিতং ধিয়াক্ষভির্ব্বা মনসোত যস্য।

শ্রীধরস্বামী।

মহদহঙ্কার পঞ্চ তন্মাত্র রূপাভিঃ। ত্রিবৃত্তিঃ ত্রিগুণাত্মভিঃ চকারাৎ ষোড়শ বিকার রূপাভিশ্চ। কথম্ভূতং নিষ্কর্ষন্তি মনীষয়া অন্তর্হৃদি সংনিবেশিতং নিশ্চলীকৃতং পাঞ্চদশ্যং পঞ্চদশ সামিধেনী মন্ত্রৈঃ প্রকাশ্যং অলৌকিকং বহ্নিমিব অহঙ্কারাস্পদাত্মনোঽন্যং যং পরমাত্মানং নিষ্কর্ষন্তীত্যর্থঃ ॥ ২২ ॥

অশেষা বিশেষা যস্যা তস্যা মায়ায়া নিষেধেন নির্ব্বাণ সুখে অনুভূতির্যস্য। অপ্রসক্ত নিষেধাসম্ভবাৎ প্রসক্তিমাহ। স এব সর্ব্ব নামা সএব বিশ্বরূপ ইতি। তদ্রূপত্বেপি বাস্তবত্বাভাবাৎ নিষেধ সম্ভবতীত্যাহ অনিরুক্তা আত্মনি শক্তির্মায়া যস্য সঃ ॥ ২৩ ॥

নন্বু যদি কেবলয়া স্বসংস্থয়া প্রতীয়তে তর্হি সর্ব্ব নামত্বং বিশ্বরূপত্বঞ্চানুপপন্নং বাগাদ্যগোচরত্বাদিত্যাশঙ্ক্য সর্ব্বৈর্নামভি র্বাচ্যং প্রত্যক্ষাদি দৃশ্যঞ্চ তস্য স্বরূপং বস্তুতো মাভূৎ। তথাপি মায়য়া ঘটত ইতি শ্লোকত্রয়েণোপপাদয়ন্ নমস্করোতি যদ্যদিতি যদ্যদ্ বচসা নিরুক্তং অভিহিতং ধিয়া নিরূপিতং ব্যবসিতং অক্ষভির্ব্বা ইন্দ্রিয়ৈর্নিরূপিতং গৃহীতং। উত অপি মনসাপি

ক্রমসন্দর্ভঃ।

প্রসীদতামিতি। নন্বু তাভ্যো নিষ্কৃষ্টশ্চেৎ কথং তন্ময় সর্ব্বনাম রূপঃ তত্রাহ। অনিরুক্তেতি। অচিন্ত্যশক্তিত্বাদিত্যর্থঃ ॥২২।২৩॥

নন্বু মম যন্নির্ব্বাণ সুখৈক রূপং ব্রহ্মাখ্যং স্বরূপং তস্যানুভূতিকমেব ভবদতীত ত্রিবৃন্নবশক্তিকং ভবতু। যত্তু গুণ রূপবৃংহিতং স্বরূপং তত্তু তন্ময়মেব ভবেৎ। জগৎ সাদৃশ্যাত্তত্রাহ যদ্যদিতি ত্রিকেণ। গুণৈরূপৈশ্চ বৃংহিতং অসমোর্দ্ধ বৃহত্তমং যৎ স্বরূপং তদপি। বচ আদি গোচরো যদ্যদ্বস্তু তন্ন ভবতি তত্র হেতুঃ স বৈ ইতি। সগুণ রূপ বৃংহিত স্বরূপত্বং গুণ প্রলয় সৃষ্টিভ্যাং লক্ষ্যতে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নো গুণ বর্জ্জিত ইতি বৈষ্ণবোক্তেঃ। অপ্রসক্ত নিষেধাসংভবাৎ প্রসক্তিমাহ স এব সর্ব্ব নামা সএব বিশ্ব রূপ ইতি ব্রহ্মাদি তৃণান্তানাং যানি নাম রূপাণি তানি তস্যৈবেত্যর্থঃ। মায়ায়া তচ্ছক্তিত্বেন মায়িক বিশ্বস্যাপি তদ্রূপত্বাৎ তস্য স্বরূপ ভূতা শক্তিস্তু মায়াশক্তে র্মায়িকাদ্বিশ্বস্মাচ্চান্যৈবেত্যাহ অনিরুক্তা মায়িক বাঙ্মনসাভ্যামনিরুক্তি বিষয়ীভূতা আত্ম ভূতা শক্তি র্যস্য সঃ ॥ ২৩ ॥

বাগ্বুদ্ধ্যাদিকন্তু সর্ব্ব মায়িকমেব তেন নিরূপিতমপি সর্ব্বং মায়িকমেব ভবেৎ। তত্তু ন তৎ স্বরূপমিত্যাহ। যদ্যদিতি যদ্যদ্বচসা নিরুক্তমভিহিতং ধিয়া নিরূপিতং ব্যবসিতং অক্ষভির্বা ইন্দ্রিয়ৈ র্নিরূপিতং গৃহীতং উত অপি মনসাপি নিরূপিতং সঙ্কল্পিতং তত্তৎ সর্ব্বং যস্য স্বরূপং মাভূৎ ন ভবতি। তস্মৈ নম ইতি তৃতীয়েনান্বয়ঃ। হি যত স্তদগুণানামেব রূপং গুণবৃংহিতং হি তদিতি পাঠে গুণৈ র্বৃংহিতং সতু গুণব্যতিরিক্ত ইত্যর্থঃ। যতঃ গুণানাং অপায় বিসর্গাভ্যাং প্রলয়োৎপত্তিভ্যাং লক্ষণং যস্য সঃ। যঃ সৃষ্টি প্রলয়ৌ করোতি স ঈশ্বর ইত্যতঃ সৃষ্টেঃ পূর্ব্বত্র প্রলয়াৎ পরত্রচ তস্য সত্ত্বসিদ্ধেঃ। অত দৃশ্যতে ত্বগ্র্যয়া বুদ্ধ্যা ইতি মনসা এবানুদ্রষ্টব্য ইতি। তমেব বিদিত্বা অতিমৃত্যুমেতীতি আত্মা বা অরে মন্তব্য ইত্যাদি তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ ভগবান্ হরিরীশ্বরঃ। শ্রোতব্যঃ

প্রকাশ্য হইয়া থাকেন। অতএব অলৌকিক বহ্নির ন্যায় অতিশয় গূঢ় হওয়াতে বিবেকী পুরুষেরা আপনাদের বুদ্ধি দ্বারা বিবেচনা পূর্ব্বক নিষ্কর্ষণ করিয়া যাঁহার ধ্যান করেন ॥ ২২ ॥

সেই পরমাত্মা আমার প্রতি প্রসন্ন হউন। যে মায়ার অশেষ বিশেষ সেই মায়ার নিষেধ হওয়াতে নির্ব্বাণ সুখেতেই যাঁহার অনুভব হয় তিনিই সকলের নামধারী, তিনিই বিশ্বরূপ, তাঁহার আত্মাতে কিরূপ শক্তি [মায়া] আছে তাহা কেহ কখন নির্ব্বচিতে পারে নাই, অতএব তিনি অবস্তু নহেন ॥ ২৩

অহো! যিনি স্বপ্রকাশ, সুতরাং বাক্য দ্বারা যাহা অভিহিত হয়, বুদ্ধি দ্বারা যাহা ব্যবসিত হয়, ইন্দ্রিয় সকল দ্বারা যাহা নিরূপিত হয়, কিম্বা মনের দ্বারা যাহা যাহা সংকল্পিত হয়, এ সমুদায়ই

মাভূৎ স্বরূপং গুণবৃংহিতং হি তৎ স বৈ গুণাপায় বিসর্গ লক্ষণঃ ॥ ২৪ ॥

যস্মিন্ যতো যেনচ যস্য যস্মৈ যদ্যো যথা কুরুতে কার্য্যতে বা।

শ্রীধরস্বামী।

নিরূপিতং সংকল্পিতং। যস্য স্বপ্রকাশস্য তস্য তদ্বৎ স্বরূপং মাভূৎ ন ভবতি তৎ স্বরূপত্বাভাবে হেতুঃ হি যস্মাৎ তত্তদ্গুণ-নামেব রূপং গুণবৃংহিতমিতি পাঠান্তরে গুণৈর্বর্দ্ধিতং সতু গুণ ব্যতিরিক্তঃ। যতো গুণানামপায় বিসর্গাভ্যাং প্রলয়োৎপত্তিভ্যাং লক্ষ্যত ইতি তথা চেতনাধিষ্ঠানং বিনা তয়োরসম্ভবাৎ। যদ্বা যস্য স্বরূপং মাভূৎ ন ভবতি তস্মৈ নম ইতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ২৪ ॥

তদেবং বস্তুতো গুণস্বরূপত্বাভাবমঙ্গীকৃত্য অনিরুক্তাত্মশক্তিরিত্যনেন দোক্তিতং মায়য়া সর্ব্বব্যাপ্যত্বেন বিশ্বরূপত্বমাহ। যস্মিন্ন-ধিকরণে যতোঽপাদানাৎ যেন কারণেন যস্য সম্বন্ধিনঃ যস্মৈ সংপ্রদানায় যদীপ্সিততমং যঃ কর্ত্তা কুরুতে স্বতন্ত্রঃ কার্য্যতে বা অন্যেন প্রযোজ্য কর্ত্তা তদ্বাঙ্কেতি প্রত্যেকং সম্বন্ধঃ। অত্রচ ষষ্ঠৈঃ সপ্তভিঃ সপ্তবিভক্ত্যর্থা দর্শিতাঃ। যথেতি ক্রিয়াকারক সম্বন্ধ প্রকার বাচিনামব্যয়ানামর্থাঃ। কুরুতে কার্য্যতে বেতি স্বার্থপরার্থ ক্রিয়াদ্বয়ঞ্চ সর্ব্বেষাং দর্শিতঃ। চশব্দেন ভাবকর্ম্মাদি বিহিত প্রত্যয়ার্থাঃ সংগৃহীতাঃ তদ্বৈষ্ণবেতি কৃতস্তত্রাহ তদ্ধেতু স্তেষাং কারণং তৎকৃতঃ সার্দ্ধাঃ প্রাক স্বসিদ্ধং নন্ন ব্রহ্মাদয়ঃ তদ্ধেতবঃ শ্রূয়ন্তে অবরেচ দৃশ্যন্তে তৎ কথং ব্রহ্মৈব তদ্ধেতুস্তত্রাহ পরেষামবরেষাঞ্চ হেতূনাং পরমং কারণং। নন্ন সর্ব্ব কারণত্বে তস্য কিং নাম

ক্রমসন্দর্ভঃ।

তর্কান্ত এব নত্বনুভূয়ন্ত ইতি। যদ্বা গুণানামপায়োহপগমো যস্মাৎ তস্মিন্ বিগতসর্গে নিত্যাসিদ্ধে বৈকুণ্ঠে লক্ষ্যতে তদধিষ্ঠাতৃত্বেন দৃশ্যত ইতি ॥ ২৪ ॥

তদেব দর্শয়তি যস্মিন্নিতি। যদিতি যত্র বিবদমানানাং যুক্ত্যাঞ্চ বাদিনাং তত্তত্বাদেপি তাদৃশ তত্তর্ক তচ্ছ্রম এব কারণত্ব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কীর্ত্তিতব্যাশ্চ ইতি পরস সহস্র শ্রুতি স্মৃতি বাক্য বিরোধাদীশ্বরানঙ্গীকৃতৈবেব বচ আদিত্তিরিতি ব্যাখ্যেয়ঃ। অতএব শ্রুত্যাব গ্রায়েতি বিশেষণং। অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ। সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদ ইত্যাদিযুক্ত বচনঞ্চ কেচিত্তু কাৎস্ন্যেন নিরূপণাভাবান্ন নিরূপিতমিত্যাহুঃ। যতোঽপ্রাপ্য নিবর্ত্তন্তে বাচশ্চ মনসা সহেত্যত্রাপাদান নির্দ্দেশাৎ বাঙ্মনসাগমাদ্বং নিবর্ত্তন্ত ইতি অস্তালাভাদ্বাঙ্মনসাগমাত্বঞ্চেতি বৎ ॥ ২৪ ॥

নন্ন গুণময়ঃ রূপং যদি তৎ স্বরূপং ন ভবতি তর্হি তস্যাপূর্ণত্বং প্রসজ্জেতেত্যত আহ যস্মিন্নধিকরণে যতোঽপাদানাৎ যেন করণেন যস্য সম্বন্ধিনঃ যস্মৈ সংপ্রদানায় যদীপ্সিতমং যঃ কর্ত্তা কুরুতে স্বতন্ত্রঃ কার্য্যতে বা অন্যেন প্রযোজ্য কর্ত্রা তদ্বাঙ্কেতি প্রত্যেকমন্বয়ঃ। অত্র সপ্তভি র্ষষ্ঠৈঃ সপ্তবিভক্ত্যর্থা দর্শিতাঃ। যথেতি প্রকার বাচিনামব্যয়ানামর্থাঃ কুরুতে কার্য্যতে চেতি স্বার্থপরার্থ ক্রিয়াদ্বয়ঞ্চ দর্শিতঃ। চ শব্দেন চ ভাবকর্ম্মাদি বিহিত প্রত্যয়ার্থাশ্চ সংগৃহীতাঃ। তদ্বৈষ্ণবেতি কুত স্তত্রাহ। তদ্ধেতু স্তেষাং কারণং। কারণত্বং কুতঃ প্রাক্ প্রসিদ্ধং নন্ন ব্রহ্মাদয় স্তদ্ধেতবঃ শ্রূয়ন্তে অবরেচ দৃশ্যন্তে তত্রাহ। পরেষামবরে-ষাঞ্চ পরমং তেষাং কারণানামপি কারণত্বাৎ পরমং কারণমিত্যর্থঃ নন্ন সর্ব্বকারণত্বে তস্য কিং নাম সহকারিত্বং ভবেত্তত্রাহ। একং অন্য নিরপেক্ষমেব তৎ কারণমিত্যর্থঃ। নন্ন চিচ্ছক্তীনাং বিমলাদ্যানাং নব বিধানাং চিচ্ছক্তি বৃত্তীনাং হ্লাদিন্যাদীনাং ত্রিবিধানাং তদ্বিলাসানাং বৈকুণ্ঠ তৎ পার্ষদাদীনাং বাসুদেব সঙ্কর্ষণাদীনাঞ্চ নিত্য সিদ্ধত্ব শ্রবণাৎ কালমায়া জীবাদৃষ্টানাঞ্চ জগৎ কারণত্বস্য চ শ্রবণাৎ কথমেকমিত্যুচ্যত ইত্যত আহ অনন্যং ন বিদ্যতে অন্যৎ যস্মাৎ। চিচ্ছক্তীনাং তদ্বিলাসানাঞ্চ তৎ স্বরূপ ভূতত্বাৎ

যাঁহার স্বরূপ হইতে পারে না, যে হেতু এ সকল পদার্থ গুণ দ্বারা বর্দ্ধিত হইয়া থাকে, পরমাত্মা এ সকল হইতে ভিন্ন, কারণ, তিনি গুণ সকলের প্রলয় ও উৎপত্তি দ্বারা লক্ষ্য হয়েন ॥ ২৪ ॥

অপর যে অধিকরণে, যে অপাদান হইতে, যে করণ দ্বারা, যাহার সম্বন্ধে, যৎ সম্প্রদানক, যৎ কর্ম্মক, যৎ কর্ত্তৃক, যে প্রকারে কোন কর্ম্ম কৃত অথবা কারিত হয়, তিনিই ব্রহ্ম, তিনিই ঐ সকলের

পরাবরেষাং পরমং প্রাক্ প্রসিদ্ধং তদ্ব্রহ্ম তদ্ধেতুরনন্যদেকং ॥ ২৫ ॥
যচ্ছক্তয়োবদতাং বাদিনাং বৈ বিবাদ সম্বাদভুবো ভবন্তি ।
কুর্ব্বন্তি চৈষাং মুহুরাত্মমোহং তস্মৈ নমোঽনন্তগুণায় ভূম্নে ॥ ২৬ ॥
অস্তীতি নাস্তীতিচ বস্তুনিষ্ঠয়োরেকস্থয়োর্ভিন্ন বিরুদ্ধ ধর্ম্মণোঃ ।

শ্রীধরস্বামী ।

সহকারি ভবেৎ তদানীমজ্ঞাভাবাৎ । সত্যং নিরপেক্ষমেব তৎ কারণমিত্যাহ অনন্যাৎ বিজাতীয়শূন্যং একং স্বজাতীয় শূন্যঞ্চ তস্মৈ নম ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৫ ॥

নন্বেবং ব্রহ্ম চেদ্বিশ্বস্য হেতুঃ তর্হি ন কদাচিদনীদৃশং জগদিতি বদন্তো মীমাংসকাঃ কুতোঽত্র বিবদন্তে তৈশ্চান্যে স্বভাববা-দিনঃ সম্বদন্তে তেচ তত্ত্ববিদ্ভির্বোধিতা অপি কুতঃ পুনঃ পুনর্মুহ্যন্তি তত্রাহ । যস্য মায়াবিদ্যাদ্যাঃ শক্তয়ো বিবাদস্য কচিৎ সম্বাদস্য চ ভুবঃ স্থানানি ভবন্তি তস্মৈ নমঃ ॥ ২৬ ॥

ননু কিং তদ্ব্রহ্ম যস্য শক্তয়ো বিবাদাদি ভুবো ভবন্তি তত্রাহ অস্তীতি যোগ উপাসনা শাস্ত্রং তত্র হি বিরাড়্ রূপেণোপাসনায়াং পাতাল পাদাদিকমস্তীত্যুপাস্যত্বেন বিধীয়তে । নাস্তীতি সাংখ্যং জ্ঞানশাস্ত্রং তত্র হ্যপাণি পাদঃ অচক্ষুরশ্রোত্রমিতিচ পাদাদি

ক্রমসন্দর্ভঃ ।

মোপস্থিতা ইত্যাহ যচ্ছক্তয় ইতি । অতএবানন্ত গুণত্বং ভূমত্বং চ তস্যেত্যর্থঃ ॥ ২৫ । ২৬ ॥

তত্র বিবাদাবসরে তাদৃশ গুণরূপ বৃংহিত স্বরূপমপি সিদ্ধ্যতীত্যাহ । অস্তীতি যোগঃ স্থূলোপাসনাশাস্ত্রং । তত্রহি ভগবতো নাম রূপিত্বং শ্রূয়তে তত্র দৃষ্ট কল্পনা লাঘবাৎ ঘটপটাদি লক্ষণাখিল নামধেয়ত্বং পাতাল পাদাদিকত্বং চেতি বিধীয়তে নাস্তীতি সাংখ্যং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

বাসুদেবাদীনাং তদংশত্বাৎ কালমায়াদীনামস্বরূপভূতত্বেপি তচ্ছক্তিত্বাৎ তদনন্যত্বমিত্যর্থঃ ॥ ২৫ ॥

নম্বত্র মতে স্বজাতীয় বিজাতীয় স্বগত ভেদাসহিষ্ণুবোঽনন্যোঽদ্বৈতবাদিনো বিবদন্তে তৈশ্চান্যে নৈয়ায়িকাঃ ষোড়শ পদার্থ বাদিত্বাৎ দ্বৈতবাদিনো বিবদন্তে তৈশ্চান্তে বৈশেষিকাঃ সম্বদন্তে তৈঃ সর্ব্বৈশ্চান্যোন কদাচিদনীদৃশং জগদিতি বদন্তো মীমাংসকা বিবদন্তে তৈশ্চান্যে স্বভাববাদিনঃ সংবদন্তে তেচ তত্ত্ববিদ্ভির্বোধিতা অপি কুতঃ পুন র্মুহ্যন্তীতি তত্রাহ যচ্ছক্তয়ঃ যস্য মায়াশক্তিবৃত্তয়ো বদতাং সমাদধতাং বাদিনাং তত্রাক্ষেপকৃতাং বিবাদস্য কচিৎ সম্বাদস্যচ ভুব উৎপত্তিহেতবো ভবন্তি প্রয়োজনমাহ আত্মমোহ মিতি আত্মানং জিজ্ঞাসমানানামপীত্যর্থঃ । মুহুরিতি তত্রাবিচ্ছেদঃ সূচিতঃ । অনন্ত গুণায়েত্যনন্ত শব্দস্যানেকার্থত্বেনাঽনাশ-বাচিত্বাৎ গুণানামনশ্বরত্বং নিঃসীমত্বঞ্চোক্তং । ইমে চান্যেচ ভগবন্নিত্যা যত্র মহাগুণা ইতি পৃথিব্যুক্তৌ নিত্যা ইতি পদেন নাস্তঞ্চ গুণানামগুণস্য জগ্মুর্যোগেশ্বরা যে ভব পাদ্ম মুখ্যা ইতি সূতোক্তৌচ অগুণস্যেতি যোগেশ্বরা ইতি পদাভ্যাং জ্ঞানশক্তি বলৈশ্বর্য্য বীর্য্য তেজাংস্যশেষতঃ । ভগবচ্ছব্দ বাচ্যানি বিনা হেয়ৈর্গুণাদিভিরিতি পরাশরোক্তৌচ বিনা হেয়ৈরিত্যুপন্যাসেনচ তদীয় গুণানামপ্রাকৃতত্বাবগমেপ্যবাস্তবত্বমাচক্ষাণাস্তেঽপরাধিনঃ কথমবিদ্যয়া নমোহস্তামিতি ভাবঃ ॥ ২৬ ॥

ননু তে শাস্ত্রজ্ঞাঃ কিমিতি নিন্দ্যন্তে শাস্ত্রাণামেবৈকমত্যাভাবেন পরস্পর বিরোধাদিতি চেন্নৈবং বাদীরিত্যাহ অস্তীতি যোগ সাংখ্যয়োঃ যোগো ভক্তিযোগ শাস্ত্রং সাংখ্যং জ্ঞানশাস্ত্রং তয়ো স্তৎ প্রসিদ্ধং পরং সর্ব্বোৎকৃষ্টং বৃহদ্ব্রহ্ম সমমনুকূলঞ্চ

কারণ, যে হেতু সকলের অগ্রে আপনা হইতেই সিদ্ধ আছেন । তিনি পর ও অপর সকলের পরম কারণ এবং বিজাতীয় শূন্য ॥ ২৫ ॥

যাঁহার অবিদ্যাদি শক্তি সকল বিবাদ কারি বাদিদিগের নিকট কখন বিবাদের কখন বা সম্বাদের স্থান হইয়া থাকে এবং সেই সকল বাদিদিগের আত্মাতে মুহুর্মুহুঃ মোহ উপস্থিত করিয়া দেয়, সেই অনন্ত গুণে অলঙ্কৃত পরম পুরুষ ভগবান্‌কে আমি নমস্কার করি ॥ ২৬ ॥

অহো ! যে যোগ শাস্ত্রে পাদাদি আছে বলিয়া তদ্রূপে যাঁহার উপাসনার বিধি দিয়া থাকেন এবং যে সাংখ্য শাস্ত্রে পাদাদি নাই বলিয়া যাঁহার উপাসনা নিষেধ করেন, পরস্পর বিরুদ্ধ সেই দুই যোগ

অবেক্ষিতং কিঞ্চন যোগসাংখ্যয়োঃ সমং পরং হ্যনুকূলং বৃহত্তৎ ॥ ২৭॥

শ্রীধরস্বামী।

নাস্তীতি নিষিধ্যতে। তয়োর্যোগ সাংখ্যয়োর্যৎ কিঞ্চিৎ সমং অনুবর্ত্তমানং অবেক্ষিতং প্রতীতং তৎ বৃহৎ ব্রহ্ম বিবাদেপ্যবিবাদাস্পদং ব্রহ্মেত্যর্থঃ। বিবাদং স্ফুটয়তি ভিন্নৌ অস্তি নাস্তীত্যেবং ভূতৌ বিরুদ্ধৌ ধর্ম্মৌ যয়োঃ তয়োর্ভিন্ন বিষয়ত্বেপি বিরোধো নস্যাদিত্যেকস্থয়োরিত্যুক্তং এক বিষয়য়োঃ কুতঃ বস্তুনিষ্ঠয়োঃ পাদাদি বিধিনিষেধয়োরেক বস্তু নিষ্ঠত্বাৎ। সমত্বে হেতুঃ পরং হি যতো বিধি প্রতিষেধয়োরবিষয়ঃ। তয়োঃ পাদাদি বিষয়ত্বাত্তর্হি তথা বিধস্য সদ্ভাবে কিং প্রমাণং তত্রাহ। অনুকূলং অধিষ্ঠানং বিনা পাদাদিকল্পনাহযোগাৎ। অবধিং বিনা তন্নিষেধাযোগাচ্চ তয়োরুপপাদকত্বেন সিদ্ধমিত্যর্থঃ। তস্মৈ নম ইতি পূর্ব্বস্যানুষঙ্গঃ॥ ২৭॥

ক্রমসন্দর্ভঃ।

জ্ঞানশাস্ত্রং তত্র হি নিষেধং শ্রুতিভিস্তস্য নাম রূপিত্বং যন্নিষিধ্যতে তৎ প্রাপঞ্চিক নামরূপিত্বস্য কল্পিতত্বাৎ সর্ব্বৈথৈব নাস্তীতি নিশ্চীয়তে। তদুক্তমুভয়মতমস্যৈব প্রাক্। স সর্ব্বনামা সচ বিশ্বরূপ ইত্যাদিনা। যদন্নিরুক্তং বচসা নিরূপিতমিত্যাদিনাচ। অস্তীতি নাস্তীতি বস্তু নিষ্ঠা যয়োঃ তমেব বিবাদং স্ফুটয়তি ভিন্নৌ অস্তীতি নাস্তীত্যেবম্ভূতৌ বিরুদ্ধৌ ধর্ম্মৌ যয়োস্তয়োঃ নম্বাস্তামনয়োর্ব্বিভিন্ন বিষয়ত্বং নেত্যাহ। একস্থয়োঃ সমান বিষয়য়োঃ তদেবং বিবাদে সতি তয়োর্যৎ কিঞ্চিন সমং সমঞ্জসত্বেনৈব অবেক্ষিতং প্রতীতং বস্তু তৎ দ্বয়োরপি বৃহৎ। বৃহদনুকূলং ভবতি। কিং তৎ সমঞ্জসং যৎ পরং নাম রূপাদত্যন্তং তদভাবাচ্চ বিলক্ষণং। যত্র যুগপন্নাম রূপিত্ব মনাম রূপিত্বমপি বক্তুং শক্যতে তদ্বিলক্ষণং কিমপি নামরূপ লক্ষণমেব বস্ত্বিত্যর্থঃ। এতদুক্তং ভবতি। একস্মিন্নেব বস্তুনি নামরূপিত্ব বিধি নিষেধাভ্যাং পরস্পরং শ্রুতয়ঃ পরাহতার্থাঃ স্যুঃ। অত্রতু পরত্বে নোভয়ত্রাপি প্রাক্তন যুক্ত্যা সমঞ্জসমপ্রাকৃত নাম রূপিত্বমেব বিধি নিষেধ শ্রুতি তাৎপর্য্যেণোপস্থাপ্যতে ইতি তত্ত্বমতং বিবাদমাত্রং। ইত্থমেব শ্রীধ্রুবেণ নির্ব্বিবাদত্বমুক্তং। তির্য্যঙ্ নগদ্বিজ সরীসৃপ দেব দৈত্য মর্ত্ত্যাদিভিঃ পরিচিতং সদসদ্বিশেষং। রূপং স্থবিষ্ঠমজ তে মহদাদ্যনেকং নাতঃ পরং পরম বেদ্মি ন যত্র বাদঃ ইতি ॥ ২৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যথাস্মাত্তথা অবেক্ষিতং। পরস্পর বিরুদ্ধয়ো স্তয়োর্দ্বয়োরেব শাস্ত্রয়োরবেক্ষণে কিমপি বৈষম্যং প্রাতিকূল্যঞ্চ নাস্তীত্যর্থঃ। তয়োঃ কথম্ভূতয়োঃ অস্তীতি নাস্তীতি ভিন্ন বিরুদ্ধ ধর্ম্ময়োঃ। যোগশাস্ত্রে হি কৃষ্ণং পিশঙ্গাম্বরমম্বুজেক্ষণং চতুর্ভুজং শঙ্খ গদাদ্যদায়ুধমিত্যাদিনা নাম রূপ গুণ পাণি পাদাদ্যঙ্গো পাঙ্গ পার্ষদ ধামাদি অস্তীত্যুপাস্যত্বেন বিধীয়তে। সাঙ্খ্য শাস্ত্রে ত্বনামরূপ গুণমপ্যাণি পাদমচক্ষুরশ্রোত্রমেকমদ্বিতীয়মপি নামরূপাদিকং নাস্তীতি নিষিধ্যতে ইত্যেবং ভূতৌ ভিন্নৌ পরস্পর বিরুদ্ধৌচ ধর্ম্মৌ যয়ো স্তয়োর্ভিন্ন বিষয়ত্বে বিরোধো নস্যাদিত্যেকস্থয়োঃ। একস্মিন্ ব্রহ্মণ্যেব তিষ্ঠত ইত্যেকং ব্রহ্মৈব বিষয়ীকুর্ব্বতোরিত্যর্থঃ। নমু তর্হি কথমবৈষম্যমপ্রাতিকূল্যং বা তত্রাহ বস্তু নিষ্ঠয়োঃ বস্তুনি বাস্তব বস্তুন্যেব নিষ্ঠা প্রতিপাদকত্ব লক্ষণা যয়োঃ। তেন ভক্তিশাস্ত্র বিধিনা বাস্তবং বস্ত্বেব প্রতিপাদয়তি নত্ববাস্তবং। তথা জ্ঞান শাস্ত্রঞ্চ নিষেধেন বাস্তবং বস্ত্বেব প্রতিপাদয়তি নত্ববাস্তবং তেন ভক্তিশাস্ত্রেণ পরমেশ্বরস্য রাম কৃষ্ণাদি মূর্ত্তের্নাম রূপাদিক বস্তু প্রতিপাদনে সিদ্ধে জ্ঞানশাস্ত্রমপি স্বস্য বস্তু নিষ্ঠত্বাদেব তস্য নাম রূপাদিকং নৈব নিষিদ্ধাতি কিন্তু তস্য মায়িক মূর্ত্তে বিরাজএব অতএব পুনর্ভক্তি শাস্ত্রমপি জ্ঞান শাস্ত্র নিষিদ্ধং বিরাড্রূপং উপাস্যত্বেন নোপাদত্তে। যদুক্তং অমুনী ভগবদ্রূপে ময়া তে হ্যনুবর্ণিতে। উভে অপি ন গৃহ্ণন্তি মায়াসৃষ্টে বিপশ্চিত ইতি বিরাড্রূপস্যাপি ধারণায়ামুপাদানস্তু কস্যচিদেব প্রথম দশায়ামেব চিত্তশুদ্ধ্যর্থমেব নতু সর্ব্বদোপাসনার্থমিতি ভক্তি জ্ঞানশাস্ত্রয়ো

ও সাংখ্য শাস্ত্রের দ্বারা যে কিছু প্রতীত হয়, সেই বৃহদ্বস্তু ব্রহ্মবাদেও অবিবাদের আস্পদ অর্থাৎ তাহাই পরম ব্রহ্ম। যোগ ও সাংখ্য শাস্ত্র মধ্যে যদি কেহ "পাদাদি আছে" এবং কেহ "পাদাদি নাই বলিয়া বিবাদ করাতে ঐ দুইয়ের ধর্ম্ম ভিন্ন ভিন্ন হউক, তথাপি দুইয়ের বিধি নিষেধ এক বস্তু নিষ্ঠ হওয়াতে তাহাদের বিষয় একই হইয়াছে। সে যাহা হউক, সেই বস্তু পরম, যে হেতু বিধি নিষেধের বিষয় নহেন এবং বিনা অধিষ্ঠানে পদাদি কল্পনা ও বিনা বিধিতে নিষেধ অসম্ভব হওয়াতে

যোঽনুগ্রহার্থং ভজতাং পাদমূলমনামরূপো ভগবাননন্তঃ ।
নামানি রূপাণিচ জন্ম কর্ম্মভি র্ভেজে স মহ্যং পরমঃ প্রসীদতু ॥ ২৮ ॥
যঃ প্রাকৃতৈর্জ্ঞানপথৈর্জনানাং যথাশয়ং দেহগতোবিভাতি ।

শ্রীধরস্বামী ।

ননূদাসীনস্য সমস্য নমস্কারে কোলাভ স্তত্রাহ য ইতি । পাদমূলং ভজতাং অনুগ্রহার্থং প্রাকৃত নামরূপ রহিতোপি জন্মভিরব-তারৈ র্বিশুদ্ধোর্জ্জিত সত্বানি রূপাণি কর্ম্মভি র্নামানিচ যো ভেজে তৎকুতো ভগবানচিন্ত্যৈশ্বর্য্যঃ স মহ্যং প্রসীদতু ॥ ২৮ ॥

নহু তাদৃশাঃ সকামা গণেশাদীন্ প্রার্থয়ন্তে ত্বন্তু তান্ বিহায় কিমিতি ভগবন্তমেব প্রার্থয়সে তত্রাহ । প্রাকৃতৈরর্ব্বাচীনৈর্জ্ঞান-পথৈ রূপাসনামার্গৈ র্যথাশয়ং তত্তদ্বাসনানুসারেণ যোদেহগতোঽন্তর্যামী তত্তদ্দেবতা রূপেণ বিবিধো ভাতি । যথা বায়ুঃ পার্থিবং

ক্রমসন্দর্ভঃ ।

তদেব ব্যনক্তি যোনাম রূপ রহিত এব নামানি রূপাণি ভেজে প্রকটিতবান্ । জন্ম কর্ম্মভিঃ সহিতানিচ প্রকটিতবানিত্যর্থঃ ব্যতিরেকে দোষমাহ । অনন্তঃ যদি তস্মিন্নাম রূপিত্বাদিকং ন্যাস্তি তর্হি তচ্ছক্তিমত্বং প্রতি সান্তত্বমেব প্রসজ্জেতেতি তদুক্তং প্রচেতোভিঃ । নহ্যন্তো যদ্বিভূতীনাং সোনন্ত ইতি গীয়তে ইতি । তত্তৎ প্রকাশনে হেতুঃ ভগবান্ ভগাত্মক শক্তিমান্ । তস্যাঃ শক্তের্ম্মায়াত্বং নিষেধতি । পরমঃ পরাখ্য শক্তিরূপা মা লক্ষ্মী র্যস্মিন্ । অন্যথা পরস্ব ব্যাঘাতঃ স্যাদিতি ভাবঃ তস্যার মায়য়া সর্ব্বং সর্ব্বমৈশ্বর্য্য সম্ভবং । অমায়োহীশ্বরো যস্মাত্তস্মাত্তং পরমং বিদুরিত্যুক্তেঃ । নতু সর্ব্বনাম বিশ্বরূপত্বে তত্রাহিত্যেচ সংভ-বত্যেব । তত্তদুপাসকাঃ প্রমাণং । অত্র কে স্যুরিত্যাশক্যাহ পাদমূলং ভজতামনুগ্রহার্থমিতি । যোগসাংখ্যয়ো স্তত্ত্বং ন সম্যক্ প্রকাশতে কিন্তু ভক্তাবেব । ভক্তিরেবৈনং দর্শয়তীত্যাদি শ্রুতেঃ । তস্মাদ্যদুক্তং তয়োর্ব্বিবাদ মাত্রত্বমিতি ভাবঃ । অতএব বক্ষ্যতেঽনন্তরমেব । ইতীত্যাদৌ প্রাদুরাসীৎ কুরুশ্রেষ্ঠ ভগবান্ ভক্তবৎসলঃ । কৃতপাদঃ সুপর্ণাংস ইত্যাদি । পাদমূলং ভজতামিত্যনেন তান্ প্রতি রূপ প্রাকট্যাৎ । পূর্ব্বমপি রূপমস্ত্যেবেতি ব্যঞ্জিতং । চরণং পবিত্রং বিততং পুরাণমিত্যাদি শ্রুতেঃ । ভেজ ইত্যতীত নির্দ্দেশঃ । প্রমাণ্যাদার্ঢ্যায়নাদিত্বং বোধয়তি । অনন্তপদস্তচ নামাণি রূপাণি চানন্তান্যেবেতি ভাবঃ । অত্র প্রাকৃত নামরূপ রহিতোপীতি টীকাচ ॥ ২৮ ॥

নহু বিভূতিকামস্ত তব তত্তদ্বিভূতি সম্বলিত গণপত্যাদ্যুপাধিত্বৈনব মমোপাসনাযুক্তা কথং সর্ব্বাত্মনা নিরুপাধিত্বেন

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

বস্তুতত্ত্ববিরোধ এবেতি শাস্ত্রাবিরোধেপি বিবদমানাঃ শাস্ত্র তাৎপর্য্যমবিদ্বাংসো দার্শনিকা এব বিগীতা ইতি ভাবঃ ॥ ২৭ ॥

অতো নামরূপাদি বিধি নিষেধ্যভ্যাং শাস্ত্রদ্বয়াবিরোধং ব্যঞ্জয়ন্ ভক্তবৎসলস্ত ভগবতঃ স্বস্মিন্ননুগ্রহং প্রার্থয়তে । য ইতি অনাম রূপঃ প্রাকৃত নাম রূপাদি রহিতোপি জন্মভিরবতারৈ র্বিশুদ্ধোর্জ্জিত সত্বানি রূপাণি কর্ম্মভি র্নামানিচ ভেজে ইতি স্বামি চরণাঃ । ভেজে প্রপঞ্চে প্রকটী চকার ॥ ২৮ ॥

তদেবং ন যস্ত সখ্যামিত্যনেন সর্ব্বং পুমান্ বেদ গুণাংশ্চ তজ্জ্ঞো ন বেদ সর্ব্বজ্ঞমনন্তমীড় ইত্যনেনচ জীবেশ্বরয়োরল্পজ্ঞত্ব সর্ব্বজ্ঞত্বাভ্যাং বাস্তবমেব পার্থিক্যমবধারিতমেব । ততশ্চ যদোপরমো মনস ইত্যনেন মনীষিণোঽন্তর্হৃদীত্যনেন চ তৈস্তৈবেশ্বর-স্তৈকস্থাপ্যালোলিক নির্ব্বিশেষ সবিশেষ জ্ঞান গম্যত্বেন নির্ব্বিশেষং সবিশেষ স্বরূপঞ্চ যথামতি ব্যঞ্জিতং । পুনশ্চ সবৈ মমা-

সেই বস্তু অনুকূল অর্থাৎ ঐ দুইয়ের উৎপাদক রূপেও সিদ্ধ আছেন ॥ ২৭ ॥

অহো ! যিনি প্রাকৃত নাম রূপ রহিত হইয়াও পাদমূলের উপাসনাকারি পুরুষদিগের প্রতি অনুগ্রহ বিস্তার নিমিত্ত অবতার সকল দ্বারা বিশুদ্ধ সত্ত্ব বহু বহু রূপ এবং কর্ম্ম সকল দ্বারা ভূরি ভূরি নাম গ্রহণ করিয়া থাকেন, যাঁহার ঐশ্বর্য্য অচিন্তনীয়, সেই অনন্ত পরমেশ্বর আমার প্রতি প্রসন্ন হউন ॥ ২৮

যেমন বায়ু পদ্মাদি বিশেষ বিশেষ পদার্থের বিশেষ বিশেষ গন্ধ আশ্রয় করিয়া নানা গন্ধ বিশিষ্ট হইয়া প্রকাশ পায় এবং রেণুর ধূসরত্বাদি আশ্রয় করিয়া নানা রূপ বিশিষ্ট হয়, তেমনি যে ভগবান্

যথানিলঃ পার্থিবমাশ্রিতো গুণং স ঈশ্বরো মে কুরুতাং মনোরথং ॥ ২৯ ॥

শ্রীশুক উবাচ ॥

ইতি স্তুতঃ সংস্তুবতঃ স তস্মিন্নঘমর্ষণে। প্রাদুরাসীৎ কুরুশ্রেষ্ঠ ভগবান্ ভক্তবৎসলঃ ॥ ৩০ ॥

কৃতপাদঃ সুপর্ণাংসে প্রলম্বাষ্ট মহাভুজঃ। চক্র শঙ্খাসি চর্ম্মেষু ধনুঃ পাশ গদাধরঃ।

পীতবাসা ঘনশ্যামঃ প্রসন্ন বদনেক্ষণঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

পঙ্কজাদি গন্ধভেদমাশ্রিত্য নানা গন্ধবান্ বিভাতি যেনোগুণং ধূসরত্বাদিকমাশ্রিত্য নানা রূপবান্ প্রতীয়তে। তদ্বত্তসৈব তত্তদ্দেবতারূপেণ বিশেষ ফলদাতৃত্বাৎ স ঈশ্বর এব মম মনোরথং সত্যং করোতু। কিমন্তর্গড়ুভি র্দেবতান্তরৈরিত্যর্থঃ। তদুক্তং গীতাসু। যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি। তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহং। স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যারাধনমীহতে। লভতেচ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হিতান্ ইতি। যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহমিতিচ ॥ ২৯ ॥

সংস্তুবতো দক্ষস্য ভগবান্ প্রত্যক্ষোঽভূৎ ॥ ৩০ ॥

তং বর্ণয়তি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ সুপর্ণস্যাংসে স্কন্ধে কৃতৌ পাদৌ যেন। প্রলম্বা আজানুলম্বিতা অষ্টৌ মহান্তো ভুজা যস্য চক্রাদ্যষ্টায়ুধধরঃ। প্রসন্নং বদনমীক্ষণেচ যস্য ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্তোষি। তত্রাহ যঃ প্রাকৃতৈরিতি। তত্র তত্রানিলবৎ স্বকার্য্যকরত্বং ভবত এব নতুপাধেরিতি স্থিতে কিমুপাধি ভাবনয়েতি ভাবঃ ॥ ২৯ ॥

ইতি সার্দ্ধ পঞ্চকং ॥ ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শেষেতি ত্রয়েণ মায়িক বস্তূনাং তদ্রূপত্বেপি তৎ স্বরূপ ভূতত্বাভাব উক্তঃ। পুনরস্তীতি নাস্তীতি দ্বয়েন ভক্তিশাস্ত্র জ্ঞানশাস্ত্রয়োরবিরোধো গূঢ়োপি স্পষ্টীকৃতঃ। ইদানীং যে জীবেশ্বরয়োঃ পার্থক্যমুপাধি কৃতমেব ন বাস্তবমিত্যাচক্ষতে। তেষাং জ্ঞানিমানিনামসমঞ্জস পথগামিত্বং ধ্বনয়ন্ স্বমনোরথ সিদ্ধিং প্রার্থয়তে। যঃ প্রাকৃতৈরর্ব্বাচীনৈর্জ্ঞানমার্গৈ র্জনানাং দেহগতঃ যথাশয়ং আশয়মন্তঃকরণং দুষ্টং শিষ্টং বা অনতিক্রম্য তদ্ধর্ম্মাক্রান্তএব বিভাতি জীবরূপেণ ভাসতে যথা বায়ুঃ পার্থিবং দুষ্টং শিষ্টং বা গন্ধমাশ্রিতো নানা গন্ধবান্ ভবতি নতু বস্তুতঃ ॥ ২৯ ॥

সংস্তুবতো দক্ষস্য ॥ ৩০। ৩১ ॥

অর্ব্বাচীন উপাসনা মার্গ দ্বারা মানবগণের বাসনানুসারে দেহগত হইয়া তত্তদ্দেবতা রূপে বিশেষ বিশেষ ফল প্রদান করেন, সেই পরমেশ্বরই আমার মনোরথ সফল করুন, দেবান্তরে আমার প্রয়োজন নাই ॥ ২৯ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! দক্ষ প্রজাপতি এই প্রকারে স্তুতি করিলে ভক্তবৎসল ভগবান্ তাঁহার স্তবে সন্তুষ্ট হইলেন এবং প্রসন্ন হইয়া সেই তীর্থেই প্রাদুর্ভূত হওত চমৎকার রূপে তাঁহাকে দর্শন দিলেন ॥ ৩০ ॥

ভগবানের চরণ দ্বয় গরুড়ের স্কন্ধোপরি বিন্যস্ত ছিল, আটটী বিশাল বাহু জানু পর্য্যন্ত লম্বিত হইয়া রহিয়াছিল, আট হাতে শঙ্খ, চক্র, অসি, চর্ম্ম, ধনুঃ, বাণ, খড়্গ, পাশ এবং গদা এই অষ্ট অস্ত্র শোভা পাইতেছিল, কটিদেশ পীত বসনে আচ্ছাদিত, শরীর নবঘন তুল্য শ্যামবর্ণ, বদন ও নয়ন সর্ব্বদাই প্রসন্ন ॥ ৩১ ॥

বনমালানিবীতাঙ্গো লসৎ শ্রীবৎসকৌস্তুভঃ। মহাকিরীট কটকঃ স্ফুরন্মকর কুণ্ডলঃ ॥ ৩২ ॥
কাঞ্চ্যঙ্গুলীয় বলয় নূপুরাঙ্গদ ভূষিতঃ। ত্রৈলোক্যমোহনং রূপং বিভ্রত্ত্রিভুবনেশ্বরঃ ॥ ৩৩ ॥
বৃতোনারদনন্দাদ্যৈঃ পার্ষদৈঃ সুরযূথপৈঃ। স্তূয়মানোনুগায়দ্ভিঃ সিদ্ধগন্ধর্ব্বচারণৈঃ।
রূপং তন্মহদাশ্চর্য্যং বিচক্ষ্যাগতসাধ্বসঃ। ননাম দণ্ডবদ্ভূমৌ প্রহৃষ্টাত্মা প্রজাপতিঃ ॥ ৩৪ ॥
ন কিঞ্চনোদীরয়িতুমশকত্তীব্রয়া মুদা। আপূরিত মনোদ্বারৈর্হ্রদিন্য ইব নির্ঝরৈঃ ॥ ৩৫ ॥
তং তথাবনতং ভক্তং প্রজাকামং প্রজাপতিং। চিত্তজ্ঞঃ সর্ব্বভূতানামিদমাহ জনার্দ্দনঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

বনমালয়া নিবীতং কণ্ঠাদিপাদান্তং ব্যাপ্তমঙ্গং যস্য। লসন্তৌ শ্রীবৎসকৌস্তুভৌ যস্য মহান্তি কিরীট কটকানি যস্য স্ফুরন্তী মকর কুণ্ডলে যস্য ॥ ৩২ ॥

কাঞ্চ্যাদিভি র্বিভূষিতঃ। বলয়মত্র পাদভূষণংদ্রষ্টব্যং কটকস্যোক্তত্বাৎ। ত্রৈলোক্যমোহনং শ্রীপুরুষোত্তমাখ্যং ॥ ৩৩ ॥

সুরযূথপৈর্লোকপালৈঃ ॥ ৩৪ ॥

আপূরিতানি মনোদ্বারাণীন্দ্রিয়াণি তৈঃ। যথা হ্রদিন্যো নদ্যোনির্ঝরৈরাপূর্য্যন্তে তথা মহানন্দাপূর্ণত্বেনাবৃত্তিকত্বাৎ বাগাদীনাং ন কিঞ্চিৎ বক্তুং শক্তোঽভূদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

যদ্যপ্যসৌ নাবোচৎ তথাপি চিত্তজ্ঞ ইদং বক্ষ্যমাণমাহ ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তীব্রয়া নিতান্তয়া মুদা স্বাত্মস্থিত তৎ প্রেম রূপয়া আপূরিতৈঃ সর্ব্বেণাপ্যংশেন পূরিতৈঃ সদ্ভির্মনোদ্বারৈঃ জ্ঞানেন্দ্রিয়ৈরিতি তত্তদাবেশাৎ স্বাত্মনঃ সর্ব্বাংশেন পূরিতৈ নির্ঝরৈর্জলনির্গমৈ হ্রদিন্য ইবেতি ॥ ৩৫। ৩৬। ৩৭। ৩৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কটকঃ পাদকটকঃ বলয়ং হস্তস্থং ॥ ৩২। ৩৩। ৩৪ ॥

যথা হ্রদিন্যো নির্ঝরৈরাপূর্য্যন্তে তথা মুদা আনন্দেন আপূরিতানি মনোদ্বারাণি চক্ষুরাদীন্দ্রিয়াণি তৈর্হেতুভিঃ কিঞ্চন উদীরয়িতুং বক্তুং দ্রষ্টুং শ্রোতুং বা নাশকৎ ॥ ৩৫। ৩৬ ॥

অপর কণ্ঠ অবধি পাদতল পর্য্যন্ত বনমালা ব্যাপ্ত, বক্ষঃস্থলে শ্রীবৎস চিহ্ন ও কৌস্তুভ মণি, মস্তকে মহার্ঘ কিরীট, কর্ণে মকরাকার কুণ্ডল ॥ ৩২ ॥

অপিচ সেই ত্রিভুবনেশ্বর ভগবান্ পদভূষণ, নূপুর, কটিভূষণ, অঙ্গুরী, অঙ্গদ ইত্যাদি অলঙ্কারে অলঙ্কৃত হইয়া পুরুষোত্তম নামক ত্রৈলোক্য মোহন রূপ ধারণ করিয়াছিলেন ॥ ৩৩ ॥

রাজন্! ভগবান্ যে ঐ প্রকার বেশ ভূষায় বিভূষিত হইয়া একাকী আবির্ভূত হইয়াছিলেন এমত নয়, তাঁহার সঙ্গে নারদ, সুনন্দ, নন্দ প্রভৃতি দেব প্রবর পার্ষদগণ এবং লোকপাল সকল তাঁহার চতুর্দ্দিকে পরিবৃত ছিলেন, আর গানকারি সিদ্ধ, চারণ ও গন্ধর্ব্ব বর্গ দুইদিকে দণ্ডায়মান হইয়া তাঁহার স্তব করিতেছিল। হে রাজন্! এই প্রকার আশ্চর্য্য রূপ দর্শন করিয়া প্রজাপতি দক্ষের অন্তঃকরণে ভয় জন্মিল কিন্তু অনতিবিলম্বেই হৃষ্ট চিত্ত হইয়া ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিলেন ॥ ৩৪ ॥

পরন্তু কোন কথা কহিতে তাঁহার শক্তি হইল না, কারণ যেমন নির্ঝরোদকে নদী সকল পরিপূর্ণ হয় তাঁহার ন্যায়, গুরুতর হর্ষে তাঁহার যাবতীয় ইন্দ্রিয় দ্বার পরিপূর্ণ হইয়াছিল, অর্থাৎ সুমহৎ আনন্দে পরিপূর্ণ হওয়াতে তদীয় বাগাদি ইন্দ্রিয় বৃত্তি যেন শূন্য হইল, সুতরাং বাক্য প্রয়োগ করিতে সামর্থ্য হইল না ॥ ৩৫ ॥

যদিও তিনি কিছু কহিলেন না, তথাচ ভগবান্ সর্ব্ব ভূতের চিত্তজ্ঞ, সেই প্রকার প্রণত পরম ভক্ত ও প্রজাকাম ঐ প্রজাপতিকে সম্বোধন করিয়া কহিতে লাগিলেন ॥ ৩৬ ॥

শ্রীভগবানুবাচ ॥

প্রাচেতস মহাভাগ সংসিদ্ধস্তপসা ভবান্ । যচ্ছ্রদ্ধয়া মৎপরয়া ময়ি ভাবং পরং গতঃ ॥ ৩৭ ॥
প্রীতোঽহং তে প্রজানাথ যত্তেঽস্যোদ্বৃংহণং তপঃ । মমৈষ কামো ভূতানাং যদ্ভূয়াসুর্বিভূতয়ঃ ॥৩৮
ব্রহ্মা ভবো ভবন্তশ্চ মনবো বিবুধেশ্বরাঃ । বিভূতয়ো মম হ্যেতা ভূতানাং ভূতিহেতবঃ ॥ ৩৯ ॥
তপো মে হৃদয়ং ব্রহ্মংস্তনুর্বিদ্যা ক্রিয়াকৃতিঃ । অঙ্গানি ক্রতবো জাতা ধর্ম্ম আত্মাসবঃ সুরাঃ ॥৪০

শ্রীধরস্বামী ।

ভাবং ভক্তিং গতঃ প্রাপ্তঃ ॥ ৩৭ ॥

যদ্যতঃ তে তপঃ অস্য বিশ্বস্যোদ্বৃংহণং বৃদ্ধিকরং অতস্তেঽহং প্রীতঃ মত্তপসোলোক সমৃদ্ধ্যর্থত্বে কৎ প্রীতেঃ কিং কারণং তত্রাহ মমেতি। ভূতানাং বিভূতয়ঃ সমৃদ্ধয়ো ভূয়াসুরিতি যদেষ এব মম কামঃ অতো মৎকাম পূরণাদেবাহং প্রীতোঽস্মীত্যর্থঃ ॥ ৩৮ ॥

ভূতিবিস্তার প্রযত্নশ্চ ভবোচিত এবেত্যাহ ব্রহ্মেতি। ভবন্তঃ প্রজাপতয়ঃ ভূতেস্তরবস্ত হেতবঃ ॥ ৩৯ ॥

বিশ্বপ্রবৃদ্ধ্যর্থেন ত্বত্তপসাঽহং প্রীত ইত্যুক্তং। তদেব তপঃ স্তুবন্ প্রসঙ্গাদন্যান্যপি লোক বৃদ্ধিকরাণি বিদ্যাদীনি স্তৌতি। তপো যম নিয়মাদি সহিতং ধ্যানং মে হৃদয়ং। বিদ্যা সাঙ্গ মন্ত্রজপঃ সাধ্যানং তনোতীতি তনুর্দ্দেহঃ। ক্রিয়া ধ্যানাদি বিষয়ঃ পুং ব্যাপারো ভাবনা শব্দবাচ্যঃ। তেন হি ধ্যানাদিকামা ক্রিয়তে ইত্যাকৃতিঃ। জাতাঃ সুনিষ্পন্নাঃ ক্রতবোঽঙ্গানি শিরো বা এতৎ যৎ প্রবর্গ্য উপসদশ্চক্ষুষী আজ্যভাগাবিত্যাদি শ্রুতেঃ। ধর্ম্মঃ ক্রত্বাদ্যপূর্ব্বং আত্মা মনঃ হৃদয়াশ্রয়ত্বাৎ সুরা যজ্ঞভুজঃ তএবাসবঃ প্রাণঃ সন্তর্পণীয়ত্বাৎ ॥ ৪০ ॥

ক্রমসন্দর্ভঃ ।

নন্বকামস্য তব কথম্ভূত বিভূতি কামনা উচ্যতে। ভক্তসম্বন্ধাত্তত্তাৎসল্যেনৈবেত্যাহ। ব্রহ্মেতি। ব্রহ্মাদয়ো ভক্তা হি মনবঃ মম বিভূতয়ঃ তে চান্যেষাং ভূতিহেতব ইতি ॥ ৩৯ ॥ যতো ভক্তিঃ খলু মমান্তরঙ্গা শক্তিরিত্যাহ তপ ইতি ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

ময়ি পরং ভাবং পরমাত্মৈবায়মিতি শ্রেষ্ঠাং ভাবনাং ॥ ৩৭ ॥

অস্য বিশ্বস্য উদ্বৃংহণং বৃদ্ধিকরং যত্তে তপোঽভূৎ এষ মমৈব কামঃ মদিচ্ছয়ৈব তব তপঃ সিদ্ধং বভূবেত্যর্থঃ। নমু কিমাকার স্তে কাম তত্রাহ ভূতানাং বিভূতয়ঃ সমৃদ্ধয়ো ভূয়াসুরিতি। যদেষ এবেতি ॥ ৩৮ ॥

নতু ভবাদৃশা নিকৃষ্টা এবেত্যাহ ব্রহ্মেতি ॥ ৩৯ ॥

কর্ম্মযোগে সমুচিতং মে রূপং শৃণ্বিত্যাহ তপঃ যম নিয়মাদিকং মে হৃদয়ং। বিদ্যা সাঙ্গ মন্ত্রজপো মে তনুঃ। ক্রিয়া নিত্য নৈমিত্তিকাদ্যা মমাকৃতিঃ আকারঃ। ক্রতবো মমাঙ্গানি শিরোবা। এতদ্যৎ প্রবর্গ্য উপসদশ্চক্ষুষী আজ্য ভাগাবিত্যাদি শ্রুতেঃ। জাতা অভূবন্। ধর্ম্মঃ ক্রত্বাদ্যপূর্ব্বং মমাত্মা মনঃ। মমাসবো দেবাঃ। সচ্চিদানন্দ স্বরূপস্য মম হৃদয়াদি বিভূতয় রূপ আদয়ঃ ॥ ৪০

ভগবান্ কহিলেন অহে প্রচেতঃপুত্র মহাভাগ দক্ষ ! মদ্বিষক শ্রদ্ধা সহকারে আমাতে ভক্তি করাতেই তোমার তপস্যা সিদ্ধ হইল ॥ ৩৭ ॥

হে প্রজানাথ! তোমার তপআচরণ এই বিশ্বের বৃদ্ধিকরী, ইহাতে আমি তোমার প্রতি সাতিশয় প্রীত হইয়াছি, কারণ প্রাণি সকলের সমৃদ্ধি হয় ইহাই আমার কামনা অতএব তোমা হইতে আমার ঐ কামনা পূর্ণ হওয়াতে তোমার প্রতি আমার পরম প্রীতি জন্মিয়াছে ॥ ৩৮ ॥

বৎস! তোমরা (প্রজাপতি সকল) ব্রহ্মা, ভব, মনুগণ এবং দেবেশ্বরগণ আমার বিভূতি ও প্রাণি সকলের উদ্ভবের কারণ ॥ ৩৯ ॥

হে ব্রহ্মন্! তপস্যা অর্থাৎ যম নিয়মাদি সহিত ধ্যান আমার হৃদয়, বিদ্যা অর্থাৎ সাঙ্গ মন্ত্র-জপ আমার শরীর, ক্রিয়া অর্থাৎ ভাবনা শব্দ বাচ্য পুরুষ ব্যাপার আমার আকৃতি, যজ্ঞ আমার অঙ্গ, ধর্ম্ম অর্থাৎ যজ্ঞানুষ্ঠান জন্য অপূর্ব্ব আমার মনঃ, যজ্ঞভোক্তা দেবগণ আমার প্রাণ ॥ ৪০ ॥

অহমেবাসমেবাগ্রে নান্যৎ কিঞ্চান্তরং বহিঃ। সংজ্ঞানমাত্রমব্যক্তং প্রসুপ্তমিব বিশ্বতঃ ॥ ৪১ ॥
ময্যনন্তগুণেঽনন্তে গুণতো গুণবিগ্রহঃ। যদাসীত্তত এবাদ্যঃ স্বয়ম্ভূঃ সমভূদজঃ ॥ ৪২ ॥
সবৈ যদা মহাদেবো মম বীর্য্যোপবৃংহিতঃ। মেনেঽখিলমিবাত্মানমুদ্যতঃ সর্গকর্ম্মণি ॥ ৪৩ ॥
অথ মেঽভিহিতোদেব স্তপোঽতপ্যত দারুণং। নব বিশ্বসৃজো যুষ্মান্ যেনাদাবসৃজদ্বিভুঃ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

তপসঃ সন্তানবৃদ্ধিহেতুত্বং দর্শয়িতুং দ্বিতীয় তৃতীয়োক্তমিতিহাসমাহ চতুর্ভিঃ। অহমেবেতি বস্ত্বন্তর ব্যাবৃত্তিঃ। আস-মেবেতি ক্রিয়ান্তর ব্যাবৃত্তিঃ আন্তরং গ্রাহকং বহিগ্রাহ্যং সংজ্ঞানমাত্রং চৈতন্যমাত্রং। অব্যক্তং ইন্দ্রিয়বৃত্তিভিরনভিব্যক্তং অতএব প্রসুপ্তমিব বিশ্বতঃ সর্ব্বত্র ॥ ৪১ ॥

গুণতো মায়াতো গুণময়ো বিগ্রহো ব্রহ্মাণ্ডং ততস্তস্মাদেবাজোঽযোনিজঃ ॥ ৪২ ॥

খিলং অসমর্থমিব ॥ ৪৩ ॥

মে ময়া তপস্তপেত্যভিহিতঃ সন্ যেন তপসা ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র ভক্ত এব মম সৃষ্ট্যাদি সম্বন্ধে হেতুরিতি দর্শয়িতুমাহ। অহমিতি। পদ্যমিদং জগদধিকৃত্য নতু বৈকুণ্ঠমধিকৃত্যেতি জ্ঞেয়ং ॥ ৪১ ॥

ভক্তমেব দর্শয়তি। ময়ীতি ॥ ৪২ ॥ বীর্য্যোপবৃংহিতঃ বীর্য্যাজ্জাতঃ ॥ ৪৩ ॥

তস্য চ ভক্তিং দর্শয়তি। অথেতি। তস্মাত্তবতোপি ভূতবিভূতিহেতুত্বং ভক্তত্বাদেবেতি ॥ ৪৪। ৪৫। ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভক্তিযোগে সমুচিতং মে স্বরূপং শৃণ্বিত্যাহ অহমেব ত্বয়া দৃষ্টস্তৎ স্বরূপ বস্ত্রালঙ্কারাস্ত্র বাহন পার্ষদাদি বিশিষ্ট এবাগ্রে সৃষ্টেঃ পূর্ব্বমাসমেব তথৈবাগ্রে মহাপ্রলয়ানন্তরমপি ভবিষ্যাম্যেবেত্যগ্রে ইত্যস্য পূর্ব্বোত্তর কালবাচিত্বাল্লভ্যতে। সাম্প্রতং ত্বমেবেত্যস্য স্বতএব প্রাপ্তিরিতি স্বস্য ত্রৈকালিকী সত্তা দর্শিতা। কিঞ্চ। মম অন্তরং বহিশ্চ অন্যৎ কিমপি নাস্তি। পরিচ্ছিন্নস্যাপি মৎ স্বরূপস্য ব্যাপকত্বাদিত্যচিন্ত্য শক্তিমত্ত্বঞ্চ দর্শিতং। যদ্বক্ষ্যতে নচান্তর্ন বহির্যস্য ন পূর্ব্বং নাপি চাপরং। পূর্ব্বাপরং বহিশ্চান্তর্জগতো যো জগচ্চ যঃ। তং মত্বাত্মজমব্যক্তং মর্ত্ত্যলিঙ্গমধোক্ষজং। গোপিকোলূখলে দাম্না ববন্ধ প্রাকৃতং যথেতি। জ্ঞানযোগে সমুচিতং স্বরূপং শৃণ্বিত্যাহ। সংজ্ঞানমাত্রং চৈতন্যমাত্রং। অব্যক্তমিন্দ্রিয় বৃত্তিভিরগ্রাহ্য বিশ্বতঃ সর্ব্বত্র ॥ ৪১ ॥

স্ব স্বরূপ সত্ত্বমুপদিশ্য সৃষ্টৌ প্রবর্ত্তয়িতুমিতিহাসমাহ। ময়ীতি গুণতো মায়াতঃ। গুণবিগ্রহো মহাসমষ্টি ব্রহ্মাণ্ডং তত্তন্মধ্য এব স্বয়ম্ভূ যুষ্মাকমাদ্যঃ ॥ ৪২ ॥

খিলমসমর্থমিব ॥ ৪৩ ॥

মে ময়া তপ তপেত্যুক্তঃ সন্ যেন তপসা ॥ ৪৪ ॥

অহে প্রজাপতে! অগ্রে কেবল আমিই ছিলাম, আমা ভিন্ন অন্তরস্থ কোন গ্রাহক অথবা বহিঃস্থিত কোন গ্রাহ্য বস্তু ছিল না। অর্থাৎ কেবল চৈতন্য মাত্র ছিল, তাহাও ইন্দ্রিয় বৃত্তি দ্বারা ব্যক্ত হইত না, অতএব এই জগৎ সর্ব্বত্র প্রসুপ্তের ন্যায় ছিল ॥ ৪১ ॥

অনন্তর গুণ যুক্ত যে আমি, আমাতে মায়া দ্বারা গুণময় বিগ্রহ এই ব্রহ্মাণ্ড যখন প্রকাশ পাইল সেই সময়েই আদ্য স্বয়ম্ভু অযোনিজ হইয়া প্রাদুর্ভূত হইলেন ॥ ৪২ ॥

সেই স্বয়ম্ভু আমার বীর্য্যে বর্দ্ধিত হওয়াতে সৃষ্টি কার্য্যে উদ্যত হইয়াছিলেন, কিন্তু যখন আপনাকে তদ্বিষয়ে অসমর্থের ন্যায় বোধ করিলেন ॥ ৪৩ ॥

তখন আমি তাঁহাকে তপস্যা করিতে উপদেশ করিলাম তাহাতে তিনি দারুণ তপস্যা করিলেন এবং সেই তপস্যা দ্বারা আদৌ তোমাদের নয় জন বিশ্ব স্রষ্টাকে সৃষ্টি করিলেন ॥ ৪৪ ॥

এষা পঞ্চজনস্যাঙ্গ দুহিতা বৈ প্রজাপতেঃ। অসিক্নী নাম পত্নীত্বে প্রজেশ প্রতিগৃহ্যতাং ॥ ৪৫ ॥
মিথুন ব্যবায় ধর্মস্ত্বং প্রজাসর্গমিমং পুনঃ। মিথুন ব্যবায় ধর্মিণ্যাং ভূরিশো ভাবয়িষ্যসি ॥ ৪৬ ॥
ত্বত্তোঽধস্তাৎ প্রজাঃ সর্ব্বা মিথুনীভূয় মায়য়া। মদীয়য়া ভবিষ্যন্তি হরিষ্যন্তি চ মে বলিং ॥
শ্রীশুক উবাচ ॥
ইত্যুক্ত্বা মিষতস্তস্য ভগবান্ বিশ্বভাবনঃ। স্বপ্নোপলব্ধার্থ ইব তত্রৈবান্তর্দধে হরিঃ ॥ ৪৭ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে হংসগুহ্যস্তবো নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

শ্রীধরস্বামী।

সন্ততিবৃদ্ধিকরোপায়মাহ এষেতি। অঙ্গ হে দক্ষ পঞ্চজনাখ্যস্য প্রজাপতেঃ ॥ ৪৫ ॥
মিথুনস্য স্ত্রী পুংসয়োর্ব্যবায়োরতিঃ সএব ধর্ম্মো যস্য স ত্বং তথা ভূতায়াং তস্যাং ॥ ৪৬ ॥
মায়য়া নিমিত্তভূতয়া স্ত্রিয়া সহ মিথুনীভূয় ভবিষ্যন্তি পুত্রাদি রূপেণোৎপৎস্যন্তে ॥ ৪৭ ॥
॥ * ॥ ইতি ষষ্ঠে চতুর্থঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

মিথুনীভূয়েতি কেবলং মিথুনীভূয়ৈবেত্যর্থঃ ॥ ৪৭ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ত্বমপি সর্ব্ব রূপে পৈতৃকে ধর্ম্মে বর্তস্বেত্যাহ এষেতি ॥ ৪৫ ॥
মিথুনস্য স্ত্রীপুংসয়োর্ব্যবায়ঃ রতিঃ সএব ধর্ম্মো যস্য স ত্বং। তথা ভূতায়াং তস্যামিতি তাদৃশ হংসগুহ্যস্তবেন স্তুতোপি দত্ত নিজ শ্রীমূর্ত্তি দর্শন প্রসাদোপি উপদিষ্ট নিজ তত্ত্বোপি দক্ষো ভগবতা যৎ কর্ম্মমার্গ গম্যে বিষয়ভোগে নিঃসীমকে নিক্ষিপ্তো নতু স্বপ্রেমামৃতসিন্ধৌ তৎ খলু স্বমহাভক্ত শ্রীরুদ্রাপরাধশেষস্যাঙ্কুরত্বেন হেতুতা ইতি গম্যতে। অতএবানন্তরাধ্যায়ে শ্রীমুনীন্দ্রেণাপি বিষ্ণুমায়োপবৃংহিত ইত্যা খ্যাস্যমানোদক্ষো নারদমপ্যাক্ষেপ্স্যতীতি পুনরপ্যস্য মহদপরাধঃ ফলিষ্যতি নচ কর্দ্দমোপি ভগবতা বিষয়ভোগ এব নিক্ষিপ্ত ইতি বাচ্যং। তস্যৈবং সকামত্বমালক্ষ্যৈব ভগবতা সাবধিকএব বিষয়ভোগ বরোদত্তঃ। নতু নিরবধিক এব। যদুক্তং তত্রৈব ত্বঞ্চ সম্যগনুষ্ঠায় নিদেশং মে উশত্তমঃ। ময়ি তীর্থীকৃতাশেষ ক্রিয়ার্থো মাং প্রপৎস্যসে ইতি। সচ কর্দ্দমোপি অনুগ্রহায়াস্মীত্যাদিনা ভক্তিমেবাস্তে প্রার্থয়ামাস। এবং সকামা অপি সর্ব্বএব ভক্তা ধ্রুবাদয়ো ভক্তিমেবাচ কাঙ্ক্ষুরেব দক্ষস্তুজং ভক্তিং নাকাঙ্ক্ষতিস্ম ভগবানপি তাং নদদাবিত্যেতদেবাপরাধ শেষস্যাস্তিত্বে লক্ষণমিতি ॥ ৪৬ ॥
ভবিষ্যন্তি পুত্রাদি রূপেণ জনিষ্যন্তে ॥ ৪৭ ॥
॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্কন্ধে চতুর্থোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অতএব হে দক্ষ! সুপ্রসিদ্ধ প্রজাপতি পঞ্চজনের এই কন্যা এখানে আছেন, ইহার নাম অসিক্নী, তুমি ইহাঁকে পত্নীত্ব রূপে প্রতিগ্রহ কর ॥ ৪৫ ॥

স্ত্রী পুরুষের রতি ক্রীড়া রূপ যে ধর্ম্ম, সেই ধর্ম্ম অবলম্বন করিয়া, ঐ রূপ ধর্ম্মশালিনী এই নারীতে ভূরি ভূরি প্রজা উৎপন্ন করিতে পারিবে ॥ ৪৬ ॥

আমার মায়া বশতঃ তোমার পর প্রজা সকল স্ত্রীর সহিত মিথুনী ভূত হইয়া পুত্রাদি রূপে উৎপন্ন হইবে এবং আমার নিমিত্ত পূজোপহার আহরণ করিবে। শুকদেব কহিলেন হে রাজন্! বিশ্বভাবন ভগবান্ এই প্রকার কহিয়া দর্শনকারি দক্ষের সমক্ষে স্বপ্ন লব্ধ পদার্থের ন্যায় সেই স্থানেই অন্তর্দ্ধান হইলেন ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে চতুর্থ অধ্যায় ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তস্যাং স পাঞ্চজন্যাং বৈ বিষ্ণুমায়োপবৃংহিতঃ। হর্য্যশ্ব সংজ্ঞানযুতং পুত্রানজনয়দ্বিভুঃ ॥ ১ ॥
অপৃথগ্ধর্ম্মশীলাস্তে সর্ব্বে দাক্ষায়ণা নৃপ। পিত্রা প্রোক্তাঃ প্রজাসর্গে প্রতীচীং প্রযযুর্দিশং ॥ ২ ॥
তত্র নারায়ণসরস্তীর্থং সিন্ধুসমুদ্রয়োঃ। সঙ্গমো যত্র সুমহন্মুনি সিদ্ধ নিষেবিতং ॥ ৩ ॥
তদুপস্পর্শনাদেব বিনির্ধূত মলাশয়াঃ। ধর্ম্মে পারমহংস্যেচ প্রোৎপন্ন মতয়োপ্যুত ॥ ৪ ॥
তেপিরে তপ এবোগ্রং পিত্রাদেশেন যন্ত্রিতাঃ। প্রজাবিবৃদ্ধয়ে যত্তান্ দেবর্ষিস্তান্ দদর্শ হ ॥ ৫

শ্রীধরস্বামী।

পঞ্চমে নারদেনাথ বাচঃ কূটৈস্তু নাশিতান্। সুতানাকর্ণ্য দক্ষোঽমুং শশাপেতি নিরূপ্যতে ॥ ১ ॥
অপৃথক্ ধর্ম্মশীলা একাচার স্বভাবাঃ ॥ ২ ॥
তত্র প্রতীচ্যাং দিশি সিন্ধোর্নদ্যাঃ সমুদ্রস্যচ যত্র সঙ্গমঃ তত্র তন্নারায়ণ সরোনাম তীর্থং প্রযযুরিত্যন্বয়ঃ। সুমহৎ অতি বিস্তীর্ণং ॥ ৩ ॥
বিনির্ধূতো মলো রাগাদির্যস্মাৎ স আশয়ো যেষাং ॥ ৪ ॥
তান্ শুদ্ধ সত্বানপি পিত্রাদেশেন প্রজাবিবৃদ্ধয়ে যত্তান্ উদ্যুক্তান্ দদর্শ ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

উবাচ চেতি চতুষ্কং। পঞ্চ গুণিতাঃ পঞ্চ আশ্রয়ি রূপা যত্র তদাশ্রয় রূপং অদ্ভুতং ॥ ১ । ২ । ৩ । ৪ । ৫ । ৬ । ॥ ৭ । ৮ । ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বাচঃ কূটেন হর্য্যশ্বানংশাংশ্চাকৃত বৈষ্ণবান্। পঞ্চমে নারদঃ শপ্তঃ স দক্ষেণেতি বর্ণ্যতে ॥ ১ । ২ ॥
তত্র দিশি নারায়ণ সরস্তীর্থং মহদ্বর্ত্ততে। যত্র সিন্ধোর্নদ্যাঃ সমুদ্রস্যচ সঙ্গমঃ ॥ ৩ ॥ ৪ ॥
যত্তান্ উদ্যতান্ ॥ ৫ ॥

পঞ্চমাধ্যায়ে নারদের কূট বাক্যে পুত্র নাশের বৃত্তান্ত শ্রুত হইয়া তাঁহার প্রতি দক্ষের অভিশাপ ॥ ০

শুকদেব কহিলেন হে রাজন্! প্রজাপতি দক্ষ বিষ্ণুমায়ায় বর্দ্ধিত হইয়া সেই পঞ্চজনীর গর্ভে হর্য্যশ্ব নামক অযুত পুত্র উৎপন্ন করিলেন ॥ ১ ॥

ঐ সকল তনয় দিগের এক আচার ও এক প্রকার স্বভাব হইল। প্রজাপতি তাঁহাদিগকে প্রজা সৃষ্টি করিতে কহিলে তাঁহারা সকলেই পশ্চিমদিকে গমন করিলেন ॥ ২ ॥

পশ্চিম দিকে যে স্থানে সিন্ধু নদী সমুদ্রের সহিত মিলিত হইয়াছে সেই স্থানে নারায়ণসরঃ নামে এক প্রসিদ্ধ তীর্থ আছে, তাহা অতিশয় পুণ্যজনক, মহা ২ মুনি ও সিদ্ধগণ নিরন্তর তাহার সেবা করিয়া থাকেন ॥ ৩ ॥

দক্ষ তনয় হর্য্যশ্বগণ ঐ তীর্থে গমন করিয়া তাহার জল স্পর্শ করিবামাত্র যদিও তাঁহাদের অন্তঃ করণে রাগাদি অশেষ মল বিশেষ রূপে নির্ধূত এবং পারমহংস্য ধর্ম্মে বুদ্ধি উদিত হইল ॥ ৪ ॥

তথাপি পিতা প্রজা সৃষ্ট্যর্থ যে আদেশ করেন, তাহাতে নিয়ন্ত্রিত হইয়া প্রজা সৃজন কামনায় তীব্র তপস্যায় প্রবৃত্ত হইলেন। একদিন দেবর্ষি নারদ ঐ স্থান দিয়া যাইতে যাইতে দেখিলেন ঐ সকল হর্য্যশ্ব শুদ্ধ সত্ব হইয়াও পিতার নিদেশে প্রজা সৃজনার্থ ঐরূপ উদ্যুক্ত রহিয়াছেন ॥ ৫ ॥

উবাচ চাথ হর্য্যশ্বাঃ কথং স্রক্ষ্যথ বৈ প্রজাঃ। অদৃষ্ট্বান্তং ভুবো যূয়ং বালিশা বত পালকাঃ॥ ৬
তত্রৈক পুরুষং রাষ্ট্রং বিলং বা দৃষ্টনির্গমং। বহুরূপাং স্ত্রিয়ঞ্চাপি পুমাংসং পুংশ্চলীপতিং॥ ৭॥
নদীমুভয়তোবাহাং পঞ্চপঞ্চাদ্ভুতং গৃহং। কচিদ্ধংসং চিত্রকথং ক্ষৌরপব্যং স্বয়ং ভ্রমি॥ ৮॥
কথং স্বপিতুরাদেশমবিদ্বাংসোবিপশ্চিতঃ। অনুরূপমবিজ্ঞায় অহো সর্গং করিষ্যথ॥ ৯॥

শ্রীধরস্বামী।

অহো মোক্ষমার্গাধিকারিণঃ সন্তঃ এতে প্রবৃত্তিনিষ্ঠৈঃ কর্ম্মভির্নশ্যেয়ন্নিতি কৃপয়া স্বিদ্ধার্থৈর্বাক্যৈরুপদিশতিস্ম তদাহ উবাচ চেতি চতুর্ভিঃ। পালকাঃ সন্তোপি বালিশাঃ অজ্ঞা যূয়ং কথং প্রজাঃ স্রক্ষ্যথ বতেতি খেদে বালকা ইতি পাঠে বালিশত্বে হেতুঃ॥ ৬॥

একএব পুরুষো যস্মিন্ তদ্রাষ্ট্রং অদৃষ্টেত্যনুষঙ্গঃ। বিলমিত্যাদি দ্বিতীয়ান্তান্ অবিজ্ঞায় কথং সর্গং করিষ্যথেতি তৃতীয়েনান্বয়ঃ॥ ৭॥

পঞ্চ পঞ্চানাং পঞ্চবিংশতেঃ অদ্ভুতং গৃহং। ক্ষৌরপব্যং ক্ষুরৈঃপবিভিঃ বজ্রৈশ্চ নির্ম্মিতমিব তীক্ষ্ণং দৃঢ়ঞ্চেত্যর্থঃ। স্বয়ং স্বতন্ত্রং ভ্রমি ভ্রমণ স্বভাবং॥ ৮॥

বিপশ্চিতঃ সর্ব্বজ্ঞস্য স্বপিতুরাদেশমাত্মনঃ অনুরূপমবিদ্বাংসোঽজানন্তঃ পূর্ব্বোক্তমেক পুরুষং রাষ্ট্রমিত্যাদ্যবিজ্ঞায় অহো কথং সর্গং করিষ্যথেত্যন্বয়ঃ॥ ৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শুদ্ধান্তঃকরণা এতে মোক্ষ ধর্ম্মাধিকারিণঃ অনুরোধাৎ পিতুঃ কস্মাদত্র মজ্জন্তি কর্ম্মণি তদিমান্ মোচয়ে তত্ত্বমুপদিশ্যৈব গূঢ়বাক্। ইতি কারুণিকো বাচঃ কূটাংস্তানাহ নারদঃ হে হর্য্যশ্বাঃ ভুবোঽন্তমদৃষ্ট্বা প্রজাঃ কথং স্রক্ষ্যথ ব্যাখ্যাস্যেষাং স্বয়মেবাগ্রে করিষ্যত ইতি ন ব্যাখ্যায়তে তস্মাৎ যূয়ং বালিশা মূর্খাএব বতো বালকাঃ পালকা ইতি পাঠে প্রজানাং পালকা অপি যূয়ং বালিশাএব বতেতি বিস্ময়ে। এক এব পুরুষো যত্র তদ্রাষ্ট্রমিত্যাদি দ্বিতীয়ান্তানাং অবিজ্ঞায় কথং স্বর্গং করিষ্যথেতি তৃতীয়েনান্বয়ঃ। উভয়তোবাহাং উভয়দিক্ প্রবাহবতীং পঞ্চপঞ্চানাং পঞ্চবিংশতি তত্ত্বানাং অদ্ভুতং গৃহং বিষ্ণুং পরমসাদৃশ্য প্রদত্বাৎ ভক্তানাং তানি তত্রৈব স্থাতুমর্হন্তীতি ভাবঃ। ক্ষুরৈঃ পবিভির্বজ্রৈশ্চ নির্ম্মিতমতিতীক্ষ্ণং কিমপি বস্তু বিপশ্চিতঃ সর্ব্বজ্ঞস্য॥ ৬। ৭। ৮। ৯॥

অতএব দেবর্ষি তাঁহাদিগকে সম্বোধন করিয়া কহিলেন অহে হর্য্যশ্বগণ! তোমরা বালক! কি খেদের বিষয়! পালক হইয়াও তোমরা এমত মূর্খ, প্রজাসৃষ্ট্যর্থ তপস্যা করিতেছ? ভূমির অন্ত না জানিয়া কি প্রকারে সৃষ্টি করিবে? ॥ ৬॥

তথা যেখানে একমাত্র পুরুষ সেই রাজ্য এবং যাহা হইতে কাহাকেও কখন নির্গত হইতে দেখা যায় নাই সেই বিল, আর যাহার বহুরূপ সেই স্ত্রী এবং যিনি পুংশ্চলীর পতি সেই পুরুষ॥ ৭॥

অপর সেই নদী যাহা উভয় দিকে বহিতেছে অথবা সেই গৃহ যাহা পঞ্চবিংশতি পদার্থ দ্বারা অতিশয় অদ্ভুত এবং সেই চিত্রধ্বনি যুক্ত হংস। অপর যাহা বজ্র দ্বারা নির্ম্মিত, স্বতন্ত্র এবং ভ্রমণ শীল সেই বস্তু॥ ৮॥

এ সকল না জানিয়া কি রূপে সৃষ্টি করিবা? তোমাদের পিতা সর্ব্বজ্ঞ ছিলেন, তাঁহার অনুরূপ কি, তাহাও বিশেষ রূপে অগ্রে জানা কর্ত্তব্য, তাহা না জানিয়া সৃষ্টির নিমিত্ত অগ্রসর হওয়া উচিত হয় না॥ ৯॥

তন্নিশম্যাথ হর্য্যশ্বা ঔৎপত্তিকমনীষয়া। বাচঃ কূটন্তু দেবর্ষেঃ স্বয়ং বিমমৃশুর্ধিয়া ॥ ১০ ॥
ভূঃ ক্ষেত্রং জীবসংজ্ঞং যদনাদি নিজবন্ধনং। অদৃষ্ট্বা তস্য নির্ব্বাণং কিমসৎ কর্ম্মভির্ভবেৎ ॥ ১১ ॥
এক এবেশ্বর স্তুর্য্যো ভগবান্ স্বাশ্রয়ঃ পরঃ। তমদৃষ্ট্বা ভবং পুংসঃ কিমসৎ কর্ম্মভির্ভবেৎ ॥ ১২ ॥
পুমান্নৈবৈতি যদ্গত্বা বিলস্বর্গং গতো যথা। প্রত্যগ্ধামা বিদ উহ কিমসৎ কর্ম্মভির্ভবেৎ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

হকিঞ্চনবিত্তায়েতি বচনাৎ কিঞ্চ ভববর্ত্মনি যে পান্থা স্তেষামস্মদাদি দুর্জ্জীবানাং শুদ্ধভক্তি রহিতানামপি নিজাশ্রমস্য প্রাপ্তৌ অবিদ্যাং তীর্ত্বা স্বানন্দাধিগমে সতীত্যর্থঃ। সংসারস্য অন্তে পরি সর্ব্বতো ভাবেনেষ্টা বাঞ্ছিতা গতিঃ সাযুজ্যং সালোক্যং দাস্যাদি প্রেমা বা যতস্তস্মৈ ॥ ৪২। ৪৩ ॥

মমোপস্থানং স্তোত্রমেব বিদ্যা তয়া। আত্মৈশ্বর্য্যেতি যে মামনয়া স্তুবন্তি তেষাং মদৈশ্বর্য্য স্মৃতির্ভবেৎ। আত্মনৈবাবিক্রিয়-মাণেন সগুণমগুণঃ সৃজসি হরসি পাসীত্যত্রৈশ্বর্য্যোক্তেঃ ॥ ৪৪ ॥

অহো দৌর্ভাগ্যং মূর্খতাচ যুষ্মাকং অনয়া বিদ্যয়া মাং স্তুত্বাপি ভক্তিং ন প্রার্থয়ধ্বে ইত্যাহ কিমিতি ॥ ৪৫ ॥

তাঁহার শরণ প্রাপ্ত হয়, তিনি তাহার পক্ষে সংসারান্তে উত্তম গতি স্বরূপ হইয়া থাকেন, অতএব তিনি পরম আর্ত্তিহারী ॥ ৪২ ॥

শুকদেব কহিলেন রাজন্! অমর বৃন্দ এই প্রকারে আদর পূর্ব্বক স্তব করিলে ভগবান্ হরি শ্রবণ করিয়া সাতিশয় সন্তোষ প্রকাশ করত তাঁহাদিগকে কহিলেন ॥ ৪৩ ॥

হে দেবশ্রেষ্ঠ সকল! আমার এই স্তোত্র সমন্বিত তোমাদের জ্ঞান দ্বারা আমি অতিশয় প্রীত হই-লাম। এই স্তব সহিত জ্ঞানে পুরুষদের আত্মার ঐশ্বর্য্য অর্থাৎ অসংসারিত্ব স্মরণ হইবে এবং আমাতে ঐকান্তিকী ভক্তি জন্মিবে ॥ ৪৪ ॥

হে বিবুধর্ষভগণ! আমি প্রীত হইলে পুরুষদের আর দুষ্প্রাপ্য কি থাকে? অর্থাৎ কিছুই থাকে না। অতএব তত্ত্বজ্ঞ ব্যক্তি আমাতেই একান্ত ভাবে চিত্তসমর্পণ করিয়া মত্ত হইয়া থাকেন, অন্য কিছুই ইচ্ছা করেন না ॥ ৪৫ ॥

নবেদ কৃপণঃ শ্রেয় আত্মনো গুণবস্তুদৃক্। তস্য তানিচ্ছতো যচ্ছেদ্যদি সোপি তথাবিধঃ ॥ ৪৬ ॥
স্বয়ং নিঃশ্রেয়সং বিদ্বান্ নবক্ত্যজ্ঞায় কর্ম্ম হি। নরাতি রোগিণোঽপথ্যং বাঞ্ছতোপি ভিষক্তমঃ ॥৪৭
মঘবন্ যাত ভদ্রং বো দধ্যঞ্চমৃষিসত্তমং। বিদ্যাব্রত তপঃ সারং গাত্রং যাচত মাচিরং ॥ ৪৮ ॥
স বা অধিগতোদধ্যঙ্ঙশ্বিভ্যাং ব্রহ্ম নিষ্কলং। যদ্বা অশ্বশিরো নাম তয়োরমরতাং ব্যধাৎ ॥ ৪৯ ॥

শ্রীধরস্বামী।

যদুক্তং দেবৈঃ স্বয়ং তদুপকল্পয়াস্মাকমিত্যাদি। তৎসম্পাদনং কৃপালোর্ম্মানুচিতমিত্যাশয়েনাহ ন বেদেতি দ্বাভ্যাং গুণেষু বিষয়েষু তত্ত্বদর্শী তান্ বিষয়ান্ তথা বিধোঽজ্ঞ এব ॥ ৪৬ ॥

কর্ম্ম প্রবৃত্তিমার্গং ন বক্তি হি অপথ্যং যথা ন রাতি দদাতি ভিষকৃতমঃ সদ্বৈদ্যঃ ॥ ৪৭ ॥

এবং তত্ত্বকথনেনানৌচিত্যং পরিহৃত্য তদভিপ্রায়মনুসরন্নাহ মঘবন্নিতি। বিদ্যয়া ব্রতৈ স্তপসাচ সারং দৃঢ়ং গাত্রং শরীরং যাচধ্বং ॥ ৪৮ ॥

তত্র তদীয়ং বিদ্যাতিশয়মাহ স বা ইতি দ্বাভ্যাং। এবং হ্যত্র প্রসিদ্ধা কথা। নিশম্যাঽথর্ব্বণং দক্ষং প্রবর্গ্য ব্রহ্মবিদ্যয়োঃ। দধ্যঞ্চং সমুপাগম্য তমূচতুরথাশ্বিনৌ। ভগবন্ দেহি নৌ বিদ্যামিতি শ্রুত্বা সচাব্রবীৎ। কর্ম্মণ্যবস্থিতোদ্যাহং পশ্চাদ্বক্ষ্যামি

ক্রমসন্দর্ভঃ।

স্বয়মিতি। তস্মান্ন বুদ্ধিভেদং জনয়েদিত্যাদিকং। অসমর্থোপদেষ্টৃ বিষয়ং জ্ঞেয়ং ॥ ৪৭। ৪৮ ॥

নিষ্কলং মায়াতীতং ॥ ৪৯। ৫০। ৫১। ৫২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যদ্যপি যূয়ং মূর্খা বিষয়ানভিলসন্তঃ স্বতন্ত্রাস্তত্রং ন জানীথ তদপ্যহন্ত বিজ্ঞস্তান্ কথং যুষ্মভ্যং দদামি। নহি মাতা সুতেভ্যঃ স্বহস্তেন বিষং দদাতীত্যাহ নেতি গুণান্ বিষয়ানেব বস্তু পুরুষার্থং পশ্যতীতি স আত্মনঃ শ্রেয়ো ন বেদ। তস্য তস্মৈ তানেব যো বিজ্ঞোপি যচ্ছেৎ সোপি অজ্ঞএব ॥ ৪৬ ॥

কর্ম্ম ন বক্তি প্রবৃত্তিমার্গং নোপদিশতি অপথ্যং যথা ন রাতি ন দদাতি ভিষক্তমঃ সদ্বৈদ্যঃ ॥ ৪৭ ॥

তদপি যদি দেহারামত্বাদ্বিষয়ান্ বিনা ম্রিয়ধ্বে তর্হি তত্রোপায়ং শৃণুতেত্যাহ মঘবন্নিতি বিদ্যয়া ব্রতৈস্তপসাচ সারং দৃঢ়ং গাত্রং শরীরং যাচত যাচধ্বং ॥ ৪৮ ॥

তদীয়ং বিদ্যাতিশয়মাহ স বা ইতি দ্বাভ্যাং। এবং হ্যত্র প্রসিদ্ধা কথা। নিশম্যাথর্ব্বণং দক্ষং প্রবর্গ্য ব্রহ্মবিদ্যয়োঃ। দধ্যঞ্চং সমুপাগম্য তমূচতুরথাশ্বিনৌ। ভগবন্ দেহি নৌ বিদ্যামিতি শ্রুত্বা সচাব্রবীৎ। কর্ম্মণ্যবস্থিতোদ্যাহং পশ্চাদ্বক্ষ্যামি গচ্ছতং।

হে বৎসগণ! যে ব্যক্তি বিষয় সকলে তত্ত্ব দর্শন করে, সে অতি কৃপণ, আপনার শ্রেয়ঃ কি তাহা জানিতে পারে না, সুতরাং বিষয়েতে তাহার যে ইচ্ছা, তাহা সম্পাদন করিয়া দেওয়া দয়ালু ব্যক্তির উচিত হয় না, তাহার তুল্য অজ্ঞ পুরুষেই তাহা সম্পন্ন করিয়া দিতে পারে ॥ ৪৬ ॥

যে ব্যক্তি বিজ্ঞ, স্বয়ং নিঃশ্রেয়স অবগত আছেন তিনি কখন অজ্ঞকে প্রবৃত্তিমার্গ উপদেশ করিতে পারেন না, রোগী অভিলাষ করিলেও সদ্বৈদ্য কি কখন তাহাকে অপথ্য দিতে পারে? ॥ ৪৭ ॥

হে রাজন্! এই প্রকার তত্ত্ব কথন দ্বারা অনৌচিত্য পরিহারানন্তর ইন্দ্রের অভিপ্রায় অনুসরণ পূর্ব্বক সেই ভগবান্ কহিতে লাগিলেন। হে দেবেন্দ্র! এক্ষণে স্বস্থানে গমন কর, তোমার মঙ্গল হউক। দধ্যঙ্ ঋষির শরীরটী বিদ্যা ব্রত ও তপস্যা দ্বারা অতিশয় দৃঢ়, তাঁহার নিকটে গমন পূর্ব্বক তদীয় দেহ যাচ্ঞা কর, বিলম্ব করিও না ॥ ৪৮ ॥

হে দেবরাজ! সেই মুনি অধ্যাত্ম বিদ্যায় অতিশয় বিদ্বান্, তিনিই শুদ্ধ ব্রহ্ম অধিগত হইয়া অশ্বিনীকুমার দ্বয়কে তাহা প্রদান করেন, সেই ব্রহ্ম অশ্বের শিরঃ দ্বারা কথিত হইয়াছিল এই কারণে

দধ্যঙ্ঙাথর্ব্বণস্ত্বষ্ট্রে বর্ম্মাভেদ্যং মদাত্মকং। বিশ্বরূপায় যৎ প্রাদাৎ ত্বষ্টা যত্ত্বমধাস্ততঃ ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

গচ্ছতং। তয়োর্নির্গতয়োরেব শক্র আগত্য তং মুনিং। উবাচ ভিষজো র্বিদ্যাং মাবাদী রশ্বিনোর্মুনে। যদি মদ্বাক্যমুল্লঙ্ঘ্য ব্রবীষি সহসৈব তে। শিরশ্ছিন্দ্যাং ন সন্দেহ ইত্যুক্ত্বা প্রযযৌ হরিঃ। ইন্দ্রে গতে তথাভেত্য নাসত্যাবূচতুর্দ্বিজং। তন্মুখাদিন্দ্রগদিতং শ্রুত্বা তাবূচতুঃ পুনঃ। আবাং তব শিরচ্ছিত্বা পূর্ব্বমশ্বস্য মস্তকং। সন্ধাস্যাব ততো ব্রূহি তেন বিদ্যাঞ্চ নৌ দ্বিজ। তস্মিন্নিন্দ্রেণ সংছিন্নে পুনঃ সন্ধায় মস্তকং। নিজন্তে দক্ষিণাং দত্ত্বা গমিষ্যাবো যথাগতং। এতৎ শ্রুত্বা তথাবোচৎ দধ্যঙ্ঙাথর্ব্বণস্তয়োঃ। প্রবর্গ্যং ব্রহ্মবিদ্যাঞ্চ সৎকৃতোঽসত্যশঙ্কিত ইতি। ততশ্চায়মর্থঃ। দধ্যঙ্ নিষ্কলং শুদ্ধং ব্রহ্ম অধিগতঃ জ্ঞাতবান্। নিষ্কৃতমিতি পাঠেতু নিতরাং কৃতং ভবতি ধনং যেন তং প্রবর্গ্যাধিগত ইত্যর্থঃ ততোঽশ্বিভ্যাং প্রাদাদিত্যুত্তরস্যানুষঙ্গঃ উপদিদেশেত্যর্থঃ কথম্ভূতং ব্রহ্ম যদ্বৈ অশ্বশিরসা প্রোক্তত্বাৎ অশ্বশিরোনাম প্রসিদ্ধং তয়োরমরতাং জীবন্মুক্তত্বং ব্যধাৎ তথাচ শ্রুতিঃ অশ্বস্য শীর্ষ্ণা প্রযত্তামুবাচেতি ॥ ৪৯ ॥

মদাত্মকং বর্ম্ম শ্রীনারায়ণকবচঞ্চ অধিগত ইতি পূর্ব্বস্যানুষঙ্গঃ। তত্র হেতুঃ যদযস্মাৎ ত্বষ্ট্রে প্রাদাৎ কিং তৎ যৎ ত্বষ্টা বিশ্ব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তয়োর্নির্গতয়োরেব শক্র আগত্য তং মুনিং। উবাচ ভিষজোর্ব্বিদ্যাং মাবাদীরশ্বিনোর্মুনে। যদি মদ্বাক্যমুল্লঙ্ঘ্য ব্রবীষি সহসৈব তে। শিরশ্ছিন্দ্যাং ন সন্দেহ ইত্যুক্ত্বা স যযৌ হরিঃ। ইন্দ্রে গতে তথাভ্যেত্য নাসত্যাবূচতুর্দ্বিজং। তন্মুখাদিন্দ্রগদিতং শ্রুত্বা তাবূচতুঃ পুনঃ। আবাং তব শিরশ্ছিত্বা পূর্ব্বমশ্বস্য মস্তকং। সন্ধাস্যাবস্ততো ব্রূহি তেন বিদ্যাঞ্চ নৌ দ্বিজ। তস্মিন্নিন্দ্রেণ সংছিন্নে পুনঃ সন্ধায় মস্তকং। নিজং তে দক্ষিণাং দত্ত্বা গমিষ্যাবো যথাগতং। এতচ্ছ্রুত্বা তথোবাচ দধ্যঙ্ঙাথর্ব্বণস্তয়োঃ। প্রবর্গ্যং ব্রহ্মবিদ্যাঞ্চ সৎকৃতোঽসত্যশঙ্কিত ইতি। ততশ্চায়মর্থঃ। দধ্যঙ্ নিষ্কলং শুদ্ধং ব্রহ্ম অধিগতঃ জ্ঞাতবান্ নিষ্কৃতমিতি পাঠে কৃতাদনিত্য পদার্থান্নিষ্ক্রান্তং। ততোঽশ্বিভ্যাং প্রাদাদিত্যুত্তরস্যানুষঙ্গঃ ব্রহ্ম কীদৃশং যদ্বৈ অশ্বশিরসা প্রোক্তত্বাদশ্বশিরোনাম। তয়োরমরতাং জীবন্মুক্তত্বং ব্যধাৎ। তথাচ শ্রুতিঃ। অশ্বস্য শীর্ষ্ণা প্রযতীমুবাচেতি ॥ ৪৯ ॥

মদাত্মকং বর্ম্ম শ্রীনারায়ণকবচং ত্বষ্ট্রে প্রাদাৎ যৎ কবচং ত্বষ্টা বিশ্বরূপায় স্বপুত্রায় প্রাদাৎ ততো বিশ্বরূপাৎ ত্বং যৎ অধা ধৃতবানসি

অশ্বশিরঃ নামে প্রসিদ্ধ হইয়াছে, এই বিদ্যা হইতেই অশ্বিনীকুমারদিগের জীবন্মুক্তত্ব লাভ হয় ॥ ০ ॥

এই বিষয়ে একটী প্রসিদ্ধ কথা আছে যে অশ্বিনী কুমারদ্বয় শুনিতে পাইলেন দধ্যঙ্ ঋষি প্রবর্গ্য ও ব্রহ্ম বিদ্যায় দক্ষ, অতএব তাঁহার সমীপে গমন করিয়া কহিলেন ব্রহ্মন্! আপনি যে বিদ্যায় পারদর্শী হইয়াছেন আমাদিগকে তাহা উপদেশ করুন। অশ্বিনীকুমারদিগের এই প্রার্থনায় ঐ মুনি প্রত্যুত্তর করিলেন, সম্প্রতি আমি কর্ম্মে নিবিষ্ট আছি, এক্ষণে যাও পশ্চাৎ কহিব। অশ্বিনীকুমারেরা মুনির কথায় তাঁহার আশ্রম হইতে নির্গত হইবামাত্র দেবরাজ ইন্দ্র ঐ ঋষির সমীপে আগমন করিয়া কহিলেন, মুনে! অশ্বিনীকুমারেরা বৈদ্য, ভিষক্দের প্রতি ব্রহ্মবিদ্যা উপদেশ অকর্ত্তব্য, অতএব তাহাদিগকে ঐ বিদ্যা প্রদান করিবেন না, যদি আমার বাক্য উল্লঙ্ঘন করিয়া উপদেশ দেন তাহা হইলে আমি তৎক্ষণাৎ আপনার শিরশ্ছেদন করিব ইহাতে সন্দেহ নাই। এই কথা বলিয়া দেবরাজ প্রস্থান করিলে অবিলম্বেই অশ্বিনীকুমারেরা পুনরায় বিদ্যার্থী হইয়া ঐ মুনির আশ্রমে আগমন করিলেন এবং মুনির প্রমুখাৎ ইন্দ্রের ঐ কথা শুনিয়া কহিলেন, আমরা প্রথমে আপনার মস্তক ছেদন করিয়া অশ্বের মুণ্ড সন্ধান করি, আপনি ঐ মুখ দিয়া আমাদিগকে বিদ্যা উপদেশ করুন। ইন্দ্র আসিয়া আপনার ঐ মুণ্ড ছেদন করিলে আমরা পুনর্ব্বার আপনার নিজমুণ্ড সেই কবন্ধে সন্ধান করিয়া দিব, তদনন্তর বিদ্যোপদেশ নিমিত্ত দক্ষিণা দিয়া যাইব। দধ্যঙ্ মুনি ঐ কথা শুনিয়া অশ্বিনীকুমারদিগকে অশ্বমুণ্ড দ্বারা প্রবর্গ্য ও ব্রহ্মবিদ্যা উপদেশ করিয়াছিলেন, এই কারণে ঐ বিদ্যা অশ্বশির নামে প্রসিদ্ধ হয় ॥ ৪৯ ॥

দেবরাজ! দধ্যঙ্ মুনি মদাত্মক বর্ম্ম অর্থাৎ নারায়ণ কবচ প্রাপ্ত হইয়াছিলেন এবং তিনিই ত্বষ্টাকে

যুষ্মভ্যং যাচিতোঽশ্বিভ্যাং ধর্ম্মজ্ঞোঽঙ্গানি দাস্যতি। ততস্তৈরায়ুধশ্রেষ্ঠো বিশ্বকর্ম্ম বিনির্ম্মিতঃ।
যেন বৃত্রশিরোহর্ত্তামত্তেজ উপবৃংহিতঃ ॥ ৫১ ॥
তস্মিন্‌ বিনিহতে যূয়ং তেজোঽস্ত্রায়ুধসম্পদঃ। ভূয়ঃ প্রাপ্স্যথ ভদ্রং বো নহিংসন্তিচ মৎপরান্‌ ॥ ৫২
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে ভগবদুপদেশো নাম নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

শ্রীধরস্বামী।

রূপায় পুত্রায় প্রাদাৎ কীদৃশং যৎ ত্বং ততো বিশ্বরূপাৎ অধা ধৃতবানসি। তদেবং বিদ্যয়া সারং গাত্রং যাচধ্বমিত্যর্থঃ ॥ ৫০ ॥
নম্বু শ্রেষ্ঠং দেহং কথং দাস্যতি তত্রাহ যুষ্মভ্যমঙ্গানি অস্থীনি যাচিতঃ সন্‌ দাস্যতি। যতোধর্ম্মজ্ঞঃ বিশেষতোঽশ্বিভ্যাং শিষ্যপ্রীত্যা-দাস্যতি অঙ্গানীত্যনেন হেয়ত্বং দর্শিতং। তৈরস্থিভি র্বিশ্বকর্ম্মণা নির্ম্মিত আয়ুধশ্রেষ্ঠো বজ্রো ভবিষ্যতীতি শেষঃ। যেন ভবান্‌ বৃত্রস্য শিরোহর্ত্তা হরিষ্যতি মম তেজসা উপবৃংহিতঃ সন্‌ ॥ ৫১ ॥
তেজশ্চাস্ত্রাণিচ আয়ুধানিচ সম্পদশ্চ ভূয়ঃ প্রাপ্স্যথ। মহাকায়ঃ ত্রিভুবন গ্রাসী সএবাস্মান্‌ হন্যাদিতি শঙ্কাকুলচিত্তান্‌ প্রত্যাহ। মৎপরাংশ্চ কেপি ন হিংসন্তি অতোযুষ্মাকং ভদ্রমেবেতি শেষঃ ॥ ৫২ ॥
॥ * ॥ ইতি ষষ্ঠে নবমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে নবমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতএব বিদ্যয়া সারং গাত্রং যাচধ্বমিত্যর্থঃ ॥ ৫০ ॥
নম্বেবং কোদাতা যঃ স্বগাত্রমপি দদ্যাৎ তত্রাহ। যুষ্মভ্যমিতি বিশেষতোঽশ্বিভ্যাং শিষ্যপ্রীত্যা দাস্যতি। অশ্বিভ্যাং হেতুভ্যামিতি বা ॥
তৈরঙ্গৈরস্থিভিঃ ভবিষ্যতীতি শেষঃ ॥ ৫১ ॥
নম্বু সর্ব্বগ্রাসিনা বৃত্রেণ সার্দ্ধং যোদ্ধুং নশক্নুমস্তস্মাত্তং হন্তুং স্বয়মেব যতস্বেত্যত আহ নহিংসন্তীতি বৃত্রস্তদ্বশীভূতা অসুরাশ্চ মৎপরান্‌ যুষ্মান্‌ ন যস্তি বৃত্রস্য পরম ভক্তত্বেন মদর্থং স্বদেহমপি জিহাসোর্ব্বস্ততো যুষ্মাসু দ্বেষো নাস্ত্যেব যথা যুষ্মাকং তস্মিন্নিতি ভাবঃ ॥ ৫২ ॥
॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্য নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ঐ কবচ উপদেশ করেন, ত্বষ্টা হইতে বিশ্বরূপ প্রাপ্ত হন, পরে বিশ্বরূপ তোমাকে দিয়াছেন। অতএব ঐ মুনির গাত্র নারায়ণ কবচ প্রভাবে অতিশয় দৃঢ়, তোমরা গিয়া তাঁহার সেই গাত্র যাচ্ঞা কর ॥ ৫০

হে মহেন্দ্র! সকলেরই দেহ অত্যন্ত প্রিয়, ঐ মুনি তাহা কেন প্রদান করিবেন এমত আশঙ্কা করিও না, তিনি পরম ধর্ম্মজ্ঞ, তোমরা বিশেষতঃ অশ্বিনীকুমারদ্বয় যাচ্ঞা করিলে শিষ্যপ্রীতি বশতঃ তৎক্ষণাৎ আপনার অঙ্গ প্রদান করিবেন। সেই সকল অস্থির দ্বারা বিশ্বকর্ম্মা যে শস্ত্র নির্ম্মাণ করিবেন তাহা আয়ুধ শ্রেষ্ঠ অর্থাৎ বজ্র হইবে। তুমি আমার তেজে বর্দ্ধিত হইয়া ঐ বজ্রের দ্বারা বৃত্রাসুরের মস্তক ছেদন করিও ॥ ৫১ ॥

হে দেবগণ! ঐ দানব নিহত হইলে তোমরা সকলে পুনরায় স্ব স্ব তেজঃ, অস্ত্র ও সম্পদ প্রাপ্ত হইবে। ঐ অসুর মহাকায়, ত্রিভুবন গ্রাসী, তোমাদিগকে গ্রাস করিবে এমত আশঙ্কা করিও না, যে সকল পুরুষ আমার আশ্রিত, তাহাদের হিংসা করিতে কেহ সমর্থ হয় না, অতএব তোমাদের মঙ্গল হইবে সন্দেহ নাই ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে নবম ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

ইন্দ্রমেবং সমাদিশ্য ভগবান্ বিশ্বভাবনঃ। পশ্যতামনিমেষাণাং তত্রৈবান্তর্দধে হরিঃ ॥ ১ ॥
তথাভিযাচিতো দেবৈ ঋষিরাথর্ব্বণোমহান্। মোদমান উবাচেদং প্রহসন্নিব ভারত ॥ ২ ॥
অপি বৃন্দারকা যূয়ং ন জানীথ শরীরিণাং। সংস্থায়াং যস্ত্বভিদ্রোহো দুঃসহশ্চেতনাপহঃ ॥ ৩ ॥
জিজীবিষূণাং জীবানামাত্মা প্রেষ্ঠ ইহেপ্সিতঃ। ক উৎসহেত তং দাতুং ভিক্ষমাণায় বিষ্ণবে ॥ ৪ ॥

শ্রীদেবা ঊচুঃ ॥

কিং নু তদ্দুস্ত্যজং ব্রহ্মন্ পুংসাং ভূতানুকম্পিনাং। ভবদ্বিধানাং মহতাং পুণ্যশ্লোকেড্যকর্ম্মণাং ॥ ৫

শ্রীধরস্বামী।

দশমে কেশবাদিষ্ট দধ্যগস্থিজ বজ্রধৃক্। ইন্দ্রোযুধ্যত বৃত্রেণ সাসুরেণ সনির্জ্জরঃ ॥ ১ ॥
মোদমান এব তন্মুখাদ্ধর্ম্মং শ্রোতুকামঃ প্রত্যাচক্ষাণ ইবোবাচ অপীতি যাভ্যাং ॥ ২ ॥
হে বৃন্দারকা অপি কিং সংস্থায়াং মৃত্যৌ যোঽভিদ্রোহো দুঃখং তং ন জানীথ ॥ ৩ ॥
আত্মা দেহঃ বয়ং জানীম এব কিন্তু শ্রীবিষ্ণুরস্মন্মুখেন যাচত ইতি চেত্তত্রাহ বিষ্ণবেপি দাতুং ক উৎসহেত ॥ ৪ ॥
পুণ্যশ্লোকৈ রীড্যানি কর্ম্মাণি যেষাং ॥ ৫ ॥

দশমোধ্যায়স্য ক্রমসন্দর্ভো নাস্তি ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দধীচো যাচিতাৎ প্রাপ্তৈরস্থিভির্ব্বজ্রনির্ম্মিতিঃ। দশমেঽভূজ্জয়স্যাজৌ দেবানামসুরৈঃ সহ ॥ ১ ॥
মোদমানোপি প্রহসন্নিব যাচ্ঞা প্রত্যাখ্যানেন তান্ তিরস্কুর্ব্বন্নিব ॥ ২ ॥
সংস্থায়াং মৃত্যৌ ॥ ৩ ॥
আত্মা দেহঃ বয়ং জানীম এব কিন্তু বিষ্ণুরেবাস্মন্মুখেন যাচতে ইতি চেত্তত্রাহ। বিষ্ণবেপি দাতুং ক উৎসহেত ॥ ৪। ৫ ॥

দশমাধ্যায়ে ভগবানের আদেশে দধ্যঙ্ ঋষির অস্থি নির্ম্মিত বজ্র ধারণ পূর্ব্বক বৃত্রাসুর সহ অমর রাজের সংগ্রাম ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! বিশ্বভাবন ভগবান্ হরি, ইন্দ্রকে এই প্রকার আদেশ করিয়া দর্শন কারি দেবগণের সমক্ষে সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥ ১ ॥

তদনন্তর দেবগণ মহান্ আথর্ব্বণ দধ্যঙ্ মুনি সন্নিধানে গমন করিয়া তাঁহার শরীর যাচ্ঞা করিলেন। হে ভারত! দেবতাদের প্রমুখাৎ ধর্ম্ম শুনিতে ঐ মুনির অভিলাষ ছিল অতএব আনন্দ প্রকাশ পূর্ব্বক প্রত্যাখ্যানের ন্যায় হাস্য বচনে কহিলেন ॥ ২ ॥

অহে বৃন্দারকগণ! শরীরধারিদিগের শরীর নাশে যে দুঃখ হয়, বোধকরি তোমরা তাহা জান না। অহে অমরবৃন্দ! মৃত্যু যাতনা অতিশয় দুঃসহ, তাহা চেতনাকে বিনষ্ট করে ॥ ৩ ॥

অপর যে সকল জীব জীবিত থাকিতে ইচ্ছা করে, তাহাদের দেহই অতিশয় প্রিয়, যদি বল আমরা তোমার দেহ চাহিতেছি না, আমাদের মুখ দিয়া ভগবান্ বিষ্ণু যাচ্ঞা করিতেছেন। তাহার উত্তর এই, কোন্ ব্যক্তি আপনার দেহ, যাচমান বিষ্ণুকেও দান করিতে উৎসাহী হইতে পারে? ॥ ৪ ॥

দধ্যঙ্ মুনির এই সকল কথা শুনিয়া দেবগণ কহিতে লাগিলেন ব্রহ্মন্! যে সকল মহাপুরুষ আপনার তুল্য দয়াবান্, পুন্যবান্ লোকেরা সর্ব্বদা যাঁহাদের কর্ম্ম সকলের প্রসংশা করিয়া থাকেন, তাঁহাদের পরোপকারার্থ দুস্ত্যজ কি আছে? ॥ ৫ ॥

নূনং স্বার্থপরো লোকো ন বেদ পরসঙ্কটং। যদি বেদ নযাচেত নেতি নাহ যদীশ্বরঃ ॥ ৬ ॥

ঋষিরুবাচ ॥

ধর্ম্মং বঃ শ্রোতুকামেন যুয়ং মে প্রত্যুদাহৃতাঃ। এষ বঃ প্রিয়মাত্মানং ত্যজন্তং সংত্যজাম্যহং ॥ ৭ ॥

যোঽধ্রুবেণাত্মনা নাথা ন ধর্ম্মং ন যশঃ পুমান্। ঈহেত ভূতদয়য়া স শোচ্যঃ স্থাবরৈরপি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

যাচকো যদি বেদ তর্হি ন যাচেত যদীশ্বরো দানসমর্থঃ বেদ তর্হি সোপি নেতি নাহ অতো যথা তব সঙ্কটং বয়ং স্বার্থপরা ন জানীমঃ এবং প্রত্যাচক্ষাণস্ত্বমস্মৎ সঙ্কটং ন জানাসীতি ভাবঃ ॥ ৬ ॥

মে ময়া প্রত্যুদাহৃতাঃ প্রত্যুক্তাঃ ত্যজন্তং মাং ত্যক্ত্বা যান্তং আত্মানং দেহং ॥ ৭ ॥

অধ্রুবেণাত্মনা দেহেন হে নাথাঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঋষিরাহ নূনমিত্যাদি ন যাচেতেত্যন্তং। দেবাঃ প্রত্যাহুঃ নূনমিত্যাদি পদ্যমেব নযাচেতেতি। চতুরক্ষর বিনা ভূতং। ততশ্চার্থান্তরন্যাসস্তাত্র বিশেষতোঽয়মর্থঃ। যাচকো লোকঃ নূনং স্বার্থপরঃ স্বর্গ্যাদ্যৈশ্বর্য্যভোগপরঃ। পরন্তু দাতুঃ সঙ্কটং স্বদেহাস্থি প্রদানে পীড়াং ন বেদ। যদি দেবত্বেন বিবেকবত্ত্বাদ্বেদ তর্হি ন যাচেতেতি তেন যুষ্মাকং বিবেকাভাবান্ন দেবত্বং কিন্তু ব্যাঘ্রাদি পশু তুল্যত্বমিতি ঋষিণোক্তং শ্রুত্বা দেবৈঃ প্রত্যুক্তং। দাতা লোকোপি নূনং স্বার্থপরঃ দেহেন্দ্রিয়াদিষু মমত্বে চিরজীবিত্ব সুখপরঃ পরেষাং যাচকানাং সঙ্কটং ঘোর শত্রূপদ্রবাদি দুঃখং ন বেদ যদি ঋষিত্বেন বিজ্ঞান বিবেক দয়াদিমত্ত্বাদ্বেদ তর্হি নেতি নাহং ন দাস্যামীতি ন ব্রূয়াৎ যদস্মাদীশ্বরঃ তদ্দানসমর্থঃ তেন ভবাপি বিজ্ঞানাদ্যভাবান্ন ঋষিত্বং। প্রত্যুত শোকমোহাদিসদ্ভাবাদস্মদাদি পশু তুল্যত্বমিতি ভাবঃ ॥ ৬ ॥

ধর্ম্মং বঃ শ্রোতু কামেনেতি। স ধর্ম্মো যুষ্মৎ প্রত্যুত্তরেণৈব শ্রুতঃ। যদ্বা ধ্বনিরয়ং বক্রোক্ত্যৈব ধর্ম্মো ন শ্রুতঃ কিন্তু বাক্ চাতুর্য্যং শ্রুতং ভবতু তাবৎ স্বাভিপ্রায়ং জ্ঞাপয় ইত্যাহ এষ ইতি আত্মানং দেহং ত্যজন্তং অচিরাদেব ত্যক্ষ্যন্তং সম্যক্ ত্যজামীতি সদোহো যাবন্মাং ন ত্যজতি তাবদহমেব তং ত্যজামি যুষ্মাভ্যং দদামীত্যেতাবত্তু ভাগ্যং মম ভবত্বিতি ভাবঃ ॥ ৭ ॥

হে নাথাঃ ॥ ৮ ॥

হে মহর্ষে! ইহা নিশ্চিত বটে, স্বার্থপর লোকে অন্যের ক্লেশ বিবেচনা করে না, কিন্তু এ স্থানে আমাদের বক্তব্য এই যে, যাচক যদি পরের দুঃখ বুঝিতে পারে, তাহা হইলে সে যেমন যাচ্ঞা করে না, তেমনি দানে সমর্থ পুরুষও অন্যের কষ্ট বুঝিলে "না" বলিতে পারে না। অর্থাৎ আমরা যদ্রূপ স্বার্থপর হওয়াতে আপনার সঙ্কটের প্রতি দৃষ্টিপাত করিতেছি না, আপনিও তদ্রূপ প্রত্যাখ্যান করাতে অস্মদাদির কি বিপদ উপস্থিত তাহা জানিতে পারিতেছেন না ॥ ৬ ॥

তদনন্তর সেই মুনিবর কহিলেন অহে অমরগণ! আপনাদের মুখে ধর্ম্ম শুনিতে ইচ্ছা করিয়াই এই প্রকার প্রত্যুক্তি করিলাম, আমার এই দেহ অত্যন্ত প্রণয়াস্পদ হইলেও অবশ্য একদিন আমাকে পরিত্যাগ করিয়া যাইবে, আপনারা এ দেহ ভিক্ষা করিতেছেন, আপনাদিগের নিমিত্ত ইহা এখনি ত্যাগ করিতেছি ॥ ৭ ॥

হে নাথগণ! এই দেহ অনিত্য, ইহার দ্বারা প্রাণি সকলের প্রতি অনুকম্পা প্রকাশ পূর্ব্বক যে পুরুষ ধর্ম্ম ও যশঃ উপার্জ্জন করিতে চেষ্টা না পায়, অচেতন স্থাবরগণও তাহার নিমিত্ত শোক করিয়া থাকে ॥ ৮ ॥

এতাবানব্যয়োধর্ম্মঃ পুণ্যশ্লোকৈরুপাসিতঃ। যোভূতশোকহর্ষাভ্যামাত্মা শোচতি হৃষ্যতি ॥ ৯ ॥
অহো দৈন্যমহো কষ্টং পারক্যৈঃ ক্ষণভঙ্গুরৈঃ। যন্নোপকুর্য্যাদস্বার্থৈর্মর্ত্ত্যঃ স্বজ্ঞাতিবিগ্রহৈঃ ॥ ১০ ॥
শ্রীবাদরায়ণিরুবাচ ॥
এবং কৃতব্যবসিতো দধ্যঙ্ঙাথর্ব্বণস্তনুং। পরে ভগবতি ব্রহ্মণ্যাত্মানং সন্নয়ন্ জহৌ ॥ ১১ ॥
যতাক্ষাসুমনো বুদ্ধিস্তত্ত্বদৃক্ ধ্বস্তবন্ধনঃ। আস্থিতঃ পরমং যোগং ন দেহং বুবুধে গতং ॥ ১২ ॥
অথেন্দ্রো বজ্রমুদ্যম্য নির্ম্মিতং বিশ্বকর্ম্মণা। মুনেঃ শক্তিভিরুৎসিক্তো ভগবত্তেজসান্বিতঃ।
বৃতোদেবগণৈঃ সর্ব্বৈর্গজেন্দ্রো পর্য্যশোভত। স্তূয়মানো মুনিগণৈস্ত্রৈলোক্যং হর্ষয়ন্নিব ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

ভূতানাং শোকেন শোচতি হর্ষেণ হৃষ্যতি য আত্মা স্বয়ং তস্য যোধর্ম্মঃ এতাবানেবাব্যয় ইত্যর্থঃ ॥ ৯ ॥
পারক্যৈঃ শ্বশৃগালাদিভির্ভক্ষ্যৈঃ অস্বার্থৈঃ স্বার্থোপযোগশূন্যৈঃ স্বং বিত্তং জ্ঞাতয়ঃ পুত্রাদয়ঃ বিগ্রহো দেহঃ তৈর্নোপকুর্য্যাদিতি যৎ ॥ ১০ ॥
কৃতং ব্যবসিতং নিশ্চয়ো যেন আত্মানং ক্ষেত্রজ্ঞং সন্নয়ন্ একীকুর্ব্বন্ তনুং জহৌ ॥ ১১ ॥
যতা অক্ষাদয়ো যেন তত্ত্বং পশ্যতীতি তথা। ধ্বস্তানি গতানি বন্ধনানি যস্য ॥ ১২ ॥
অথেন্দ্রোঽশোভত ইত্যন্তরেণান্বয়ঃ। মুনেঃ শক্তিভিরস্থিভি নির্ম্মিতং। উৎসিক্ত উর্জ্জিতঃ মুনিশক্তিভিরিতি বা পাঠঃ ॥ ১৩

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মা মনঃ ॥ ৯ ॥
অদাতারমাক্ষিপতি অহো ইতি পারক্যৈঃ শৃগালাদিভির্ভক্ষ্যৈঃ স্বং বিত্তং জ্ঞাতয়ঃ পুত্রাদয়ঃ বিগ্রহা দেহাস্তৈঃ ॥ ১০ ॥
আত্মানং মনঃ ॥ ১১ ॥
যোগং সমাধিং গতং স্বস্মাবিচ্যুতং ॥ ১২ ॥
শক্তিভিরস্থিভিঃ শক্তিভিরিতিচ পাঠঃ ॥ ১৩ ॥

হে অমরবৃন্দ! যে ব্যক্তি স্বয়ং প্রাণি সকলের শোকে শোকাকুল ও হর্ষে হর্ষান্বিত হন, তাঁহার তাবন্মাত্র অব্যয় ধর্ম্ম, পুণ্যশ্লোক মানবেরা ঐ ধর্ম্মের উপাসনা করিয়া থাকেন ॥ ৯ ॥

অহো! এই যে সকল ধন পুত্র দেহ দৃষ্ট হইতেছে, এ সমস্তই কুক্কুর শৃগালাদির ভক্ষ্য, এ সকলে স্বার্থের উপযোগিতামাত্র নাই, আর ইহারা স্থায়িও নহে, ক্ষণভঙ্গুর, ক্ষণে ক্ষণে ক্ষয় প্রাপ্ত হইতেছে এ সকল দ্বারা পরোপকার না করা কি কষ্ট ও কি কৃপণতার কর্ম্ম ॥ ১০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! আথর্ব্বণ দধ্যঙ্ ঋষি এই প্রকার নিশ্চয় করিয়া পরব্রহ্মের সহিত ক্ষেত্রজ্ঞ আত্মার ঐক্য সম্পাদন পূর্ব্বক শরীর পরিত্যাগ করিলেন ॥ ১১ ॥

তাঁহার ইন্দ্রিয়, প্রাণ, মনঃ এবং বুদ্ধি সংযত ছিল, স্বয়ং তত্ত্বদর্শন করিতেন, সুতরাং সমস্ত বন্ধন বিধ্বস্ত হইয়া গিয়াছিল, অতএব পরম যোগাবলম্বন করাতে নিজ দেহ যে গত হইল, তাহা তাঁহার বোধগম্য হইল না ॥ ১২ ॥

অনন্তর মুনির অস্থি দ্বারা বিশ্বকর্ম্মা বজ্র নির্ম্মাণ করিয়া দিলেন, দেবরাজ সেই বজ্র ধারণ পূর্ব্বক ভগবত্তেজে সমন্বিত ও উর্জ্জিত হইয়া গজেন্দ্রের উপরি শোভা পাইতে লাগিলেন। দেবতারা চতুর্দ্দিকে বেষ্টন করিয়া দণ্ডায়মান হইলেন এবং মুনিগণ স্তব আরম্ভ করিলেন, তাহাতে ত্রিভুবন যেন হর্ষান্বিত হইল ॥ ১৩ ॥

বৃত্রমভ্যদ্রবচ্ছক্রমসুরানীকযূথপৈঃ। পর্য্যস্তমোজসা রাজন্ ক্রুদ্ধোরুদ্র ইবান্ধকং ॥ ১৪ ॥
ততঃ সুরাণামসুরৈ রণঃ পরম দারুণঃ। ত্রেতামুখে নর্ম্মদায়ামভবৎ প্রথমে যুগে।
রুদ্রৈর্ব্বসুভিরাদিত্যৈরশ্বিভ্যাং পিতৃবহ্নিভিঃ। মরুদ্ভি ঋর্ভুভিঃ সাধ্যৈ র্বিশ্বেদেবৈর্ম্মরুৎপতিং ॥ ১৫ ॥
দৃষ্ট্বা বজ্রধরং শক্রং রোচমানং স্বয়া শ্রিয়া। নামৃষ্যন্নসুরা রাজন্মৃধে বৃত্রপুরঃসরাঃ।
নমুচিঃ শম্বরোঽনর্ব্বা দ্বিমূর্দ্ধা ঋষভোঽসুরঃ। হয়গ্রীবঃ শঙ্কুশিরা বিপ্রচিত্তিরয়োমুখঃ।
পুলোমা বৃষপর্ব্বাচ প্রহেতিহের্তিরুৎকলঃ। দৈতেয়া দানবা যক্ষা রক্ষাংসিচ সহস্রশঃ।
সুমালি মালি প্রমুখাঃ কার্ত্তস্বর পরিচ্ছদাঃ। প্রতিষিধ্যেন্দ্রসেনাগ্রং মৃত্যোরপি দুরাসদং।
অভ্যর্দ্দয়ন্নসংভ্রান্তাঃ সিংহনাদেন দুর্ম্মদাঃ ॥ ১৬ ॥
গদাভিঃ পরিঘৈর্ব্বাণৈঃ প্রাসমুদ্গর তোমরৈঃ। শূলৈঃ পরশ্বধৈঃ খড়্গৈঃ শতঘ্নীভির্ভুষুণ্ডিভিঃ।
সর্ব্বতোঽবাকিরন্ শস্ত্রৈরস্ত্রৈশ্চ বিবুধর্ষভান্ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

অসুরানীকানাং যূথপৈঃ পর্য্যস্তং পরিবৃতং ॥ ১৪ ॥
রণঃ সংগ্রামঃ প্রথমে যুগে কৃতযুগে ত্রেতাযুগস্য মুখে আরম্ভে ॥ ১৫ ॥
নামৃষ্যন্ নাসহন্ত ॥ ১৬ ॥
শতঘ্নীতু চতুর্হস্তা লৌহকণ্টক সঞ্চিতা। ভুষুণ্ডী সর্ব্বতো লৌহকণ্টকানুক্রমোন্নতা ইত্যভিধানং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

পর্য্যস্তং পরিবৃতং অন্তকমিবেতি রুদ্রোহি যমমপি সংহর্ত্তুং শক্নোতীত্যভিপ্রায়েণ। যথা সিংহঃ সিংহমিবেত্তিবদয়ং দৃষ্টান্তঃ ॥১৪
ত্রেতামুখে ত্রেতারম্ভে। প্রথমে যুগে বৈবস্বত মন্বন্তরস্য প্রথমে চতুর্যুগে ॥ ১৫। ১৬ ॥
তাং শতঘ্নী চতুর্হস্তা লৌহকণ্টক সঞ্চিতা। ভুষুণ্ডী সর্ব্বতো লৌহকণ্টকানুক্রমোন্নতেত্যভিধানং ॥ ১৭ ॥

হে রাজন্! তদনন্তর দেবরাজ বৃত্রাসুরের প্রতি ধাবমান হইলেন। যদিও সে অসুরসেনার যূথপে পরিবৃত ছিল তথাচ ক্রুদ্ধ রুদ্র যেমন অন্ধকের উপর আক্রমণ করিয়াছিলেন তাঁহার ন্যায় দেবরাজ বল পূর্ব্বক ঐ অসুরের উপরে পতিত হইলেন ॥ ১৪ ॥

তাহার পর দানবগণের সহিত দেবগণের ভয়ঙ্কর সংগ্রাম আরম্ভ হইল। হে মহারাজ! বৈবস্বত মন্বন্তরের প্রথম চতুর্যুগে সত্যযুগাবসানে ত্রেতা যুগের আরম্ভে নর্ম্মদা নদীর তটে ঐ যুদ্ধ হইয়াছিল ॥১৫

হে রাজন্! ঐ যুদ্ধে রুদ্রগণ, বসুগণ, আদিত্যগণ, অশ্বিনীকুমারদ্বয়, পিতৃগণ, অগ্নিগণ, মরুৎ সকল, ঋভুগণ, সাধ্যগণ এবং বিশ্বেদেবগণ ইত্যাদি দেবসৈন্যে পরিবৃত হইয়া বজ্রধারী মহেন্দ্রের সাতিশয় শোভা হইল, বিপক্ষপক্ষ বৃত্র প্রভৃতি অসুর নিকর তাহা সহ্য করিতে পারিল না। অতএব নমুচি, শম্বর, অনর্ব্বা, দ্বিমূর্দ্ধা, ঋষভ, হয়গ্রীব, শঙ্কুশিরা, বিপ্রচিত্তি, অয়োমুখ, পুলোমা, বৃষপর্ব্বা, প্রহেতি, হেতি, উৎকল ইত্যাদি দৈত্য ও সহস্র সহস্র রাক্ষস, তথা সুমালি মালি প্রভৃতি অসুরগণ স্বর্ণময় পরিচ্ছদ ধারণ পূর্ব্বক সিংহনাদ করিতে করিতে যে সকল ইন্দ্রসেনা মৃত্যুরও দুরাসদ, তাহাদিগকে নিরোধ করিয়া মর্দ্দন করিতে লাগিল। অতিশয় দুর্ম্মদতা নিমিত্ত তাহাদের কিঞ্চিন্মাত্র ভয় বা সম্ভ্রম হইল না ॥ ১৬ ॥

ভূরি ভূরি গদা, পরিঘ, বাণ, প্রাস, মুদ্গর, তোমর, শূল, পরশ্বধ, খড়্গ, শতঘ্নী, ভুষুণ্ডি ইত্যাদি অস্ত্র শস্ত্র ধারণ করিয়া দেবতাদিগকে সর্ব্বতোভাবে আচ্ছন্ন করিতে লাগিল ॥ ১৭ ॥

ন তে দৃশ্যন্ত সংছিন্নাঃ শরজালৈঃ সমন্ততঃ । পুঙ্খানুপুঙ্খং পতিতৈর্জ্যোতীংষীব নভোঘনৈঃ ॥ ১৮ ॥

ন তে শস্ত্রাস্ত্রবর্ষৌঘা হ্যাসেদুঃ সুরসৈনিকান্ । ছিন্নাঃ সিদ্ধপথে দেবৈর্লঘুহস্তৈঃ সহস্রধা ॥ ১৯ ॥

অথ ক্ষীণাস্ত্রশস্ত্রৌঘা গিরিশৃঙ্গদ্রুমোপলৈঃ । অভ্যবর্ষন্ সুরবলং চিচ্ছিদুস্তাংশ্চ পূর্ব্ববৎ ॥ ২০ ॥

তানক্ষতান্ স্বস্তিমতো নিশাম্য শস্ত্রাস্ত্র পূগৈ রথবৃত্রনাথাঃ ।
দ্রুমৈর্দৃষদ্ভির্বিবিধাদ্রিশৃঙ্গৈরবিক্ষতাংস্তত্রসুরিন্দ্রসৈনিকান্ ॥ ২১ ॥

সর্ব্বে প্রয়াসা অভবন্ বিমোঘাঃ কৃতাঃ কৃতা দেবগণেষু দৈত্যৈঃ ।
কৃষ্ণানুকূলেষু যথা মহৎসু ক্ষুদ্রৈঃ প্রযুক্তা উষতী রূক্ষবাচঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী ।

পুঙ্খো মূলদেশঃ একস্য মূলদেশমনু তৎ সংলগ্নোঽপরস্য পুঙ্খো যথা ভবতি তথা নভস্থৈর্ঘনৈঃ জ্যোতীংষীবেত্যনেন তেষাং তদপ্রাপ্তিঃ সূচিতা ॥ ১৮ ॥

তামেবাহ নত ইতি । শস্ত্রাণামস্ত্রাণাঞ্চ যানি বর্ষাণি তেষামোঘাঃ ন আসেদুঃ ন প্রাপুঃ সিদ্ধপথে আকাশে ॥ ১৯ ॥

ক্ষীণা অস্ত্রাণাং শস্ত্রাণাঞ্চ ওঘা যেষাং গিরিশৃঙ্গৈঃ দ্রুমৈরুপলৈশ্চ ॥ ২০ ॥

তানিন্দ্রসৈনিকান্ শস্ত্রাণামস্ত্রাণাঞ্চ পূগৈঃ সমূহৈঃ অক্ষতান্ ক্ষতশূন্যান্ স্বস্তিমতঃ সুখিনঃ দ্রুমাদিভিশ্চাবিক্ষতান্ নিশাম্য বৃত্রো নাথো যেষাং তে তত্রসুঃ ভীতাঃ ॥ ২১ ॥

কৃতাঃ কৃতাঃ পুনঃ পুনঃ কৃতাঃ কৃষ্ণোঽনুকূলো যেষাং তেষু দেবগণেষু । উষতী রুষত্যঃ অকল্যাণ্যঃ রূক্ষাঃ পরুষা বাচো যথা মহৎসু ক্ষোভকর্য্যো ন ভবন্তি তদ্বৎ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তে দেবাঃ পুঙ্খঃ শরস্য মূলদেশঃ একস্য পুঙ্খমনু পতিতোষঃ শরস্তস্য পুঙ্খমেবং পতিতৈঃ । নভস্থৈর্ঘনৈর্জ্যোতীংষীবেত্য-নেন তেষাং তদপ্রাপ্তিঃ সূচিতা ॥ ১৮ । ১৯ । ২০ ॥ নিশাম্য দৃষ্ট্বা তত্রসু ভীতাঃ ॥ ২১ ॥

কৃতাঃ কৃতাঃ পুনঃ পুনঃ কৃতাঃ যথা মহৎসু বৈষ্ণবেষু উষতীরুষত্যঃ যূয়ং শীঘ্রং ম্রিয়ধ্বমিত্যকল্যাণ্যঃ । রূক্ষাঃ পরুষা বাচঃ রে রে অধমা ইত্যাদ্যাঃ ॥ ২২ । ২৩ । ২৪ । ২৫ ॥

কিন্তু একের মূলদেশে অন্যের মূলদেশ যদ্রূপ সংলগ্ন হয়, তদ্রূপে শর পতিত হওয়াতে দেবগণ তদ্দ্বারা চতুর্দ্দিকে আচ্ছন্ন হইয়া আকাশস্থ মেঘ সমূহে আবৃত জ্যোতির্গণের ন্যায় অদৃশ্য হইয়া রহিলেন ॥ ১৮ ॥

সুতরাং অসুরদিগের অস্ত্র শস্ত্র বর্ষণ দেবসেনাগণের উপরে পড়িতে পারিল না, বরঞ্চ আকাশেই লঘুহস্ত অমরগণ কর্ত্তৃক সহস্রখণ্ডে ছিন্ন ভিন্ন হইয়া যাইতে লাগিল ॥ ১৯ ॥

অনন্তর অসুরদিগের অস্ত্র শস্ত্র সকলই পরিক্ষীণ হইল অতএব তাহারা পর্ব্বত শৃঙ্গ, প্রস্তরখণ্ড ও বৃক্ষ লইয়া দেবতাদিগের উপর বর্ষণ আরম্ভ করিল। দেবতারা ঐ সকলও পূর্ব্ববৎ ছেদন করিয়া দিলেন ॥ ২০ ॥

এই রূপে ভূরি ভূরি অস্ত্র শস্ত্র প্রহারেও দেবসৈন্যগণকে অক্ষিন্ন ও সুখি এবং বৃক্ষ, পাষাণ ও গিরি শৃঙ্গাদি প্রক্ষেপেও তাহাদিগকে অবিক্ষত দেখিয়া বৃত্র রক্ষিত অসুরগণ সাতিশয় ভীত হইল ॥ ২১ ॥

তাহার পর তাহারা দেবগণের প্রতিকূলে পুনরায় যাহা যাহা করিতে যত্ন করিল, দেবতাদের প্রতি ভগবান্ শ্রীকৃষ্ণ অনুকূল থাকাতে সে সকলই বিফল হইয়া গেল, যেমন ক্ষুদ্রলোক কর্ত্তৃক অকল্যাণকর রূক্ষ বচন মহদ্ব্যক্তির ক্ষোভদায়ক হয় না, তদ্রূপ দৈত্যদিগের চেষ্টায় অমরগণের কিঞ্চিন্মাত্র গ্লানি বোধ হইল না ॥ ২২ ॥

তে স্বপ্রয়াসং বিতথং নিরীক্ষ্য হরাবভক্তা হতযুদ্ধদর্পাঃ।
পলায়নায়াজিমুখে বিসৃজ্য পতিং মনস্তে দধুরাত্তসারাঃ॥ ২৩॥
বৃত্রোঽসুরাংস্তাননুগান্মনস্বী প্রধাবতঃ প্রেক্ষ্য বভাষ এতৎ।
পলায়িতং প্রেক্ষ্য বলঞ্চ ভগ্নং ভয়েন তীব্রেণ বিহস্য বীরঃ॥ ২৪॥
কালোপপন্নাং রুচিরাং মনস্বিনাং জগাদ বাচং পুরুষপ্রবীরঃ।
হে বিপ্রচিত্তে নমুচে পুলোমন্ ময়াঽনর্ব্বন্ শম্বর মে শৃণুধ্বং॥ ২৫॥
জাতস্য মৃত্যুর্ধ্রুব এব সর্ব্বতঃ প্রতিক্রিয়া যস্য নচেহ কৢপ্তা।
লোকোযশশ্চাথ ততো যদি হ্যমুং কোনাম মৃত্যুং নবৃণীত যুক্তং॥ ২৬॥
দ্বৌ সম্মতাবিহ মৃত্যূ দুরাপৌ যদ্ব্রহ্মসন্ধারণয়া জিতাসুঃ।

শ্রীধরস্বামী।

হতো যুদ্ধে দর্পো যেষাং আত্তঃ পরৈর্গৃহীতঃ সারোঐশ্বর্য্যং যেষাং তেঽতিপ্রসিদ্ধা অপি তে দৈত্যাঃ। এবং হি তে ইত্যস্যা-পৌনরুক্ত্যং আজিমুখে যুদ্ধারম্ভে পতিং বিসৃজ্য পলায়নায় মনো দধুঃ যতো হরাবভক্তাঃ॥ ২৩॥
প্রধাবতঃ পলায়মানান্ প্রেক্ষ্য আদাবেব তীব্রেণ ভয়েন পলায়িতঃ ভগ্নঞ্চ যদ্বলং সৈন্যং তচ্চ প্রেক্ষ্য এতৎ বক্ষ্যমাণং বভাষে॥২৪
তদেব বিশিনষ্টি কালোপপন্নাং অবসরোচিতাং মনস্বিনাং রুচিরাং হে ময় হে অনর্ব্বন্ মে বাচং শৃণুত॥ ২৫॥
ততো মৃত্যোরিহ যশঃ লোকঃ স্বর্গশ্চ যদি স্যাৎ অথ তর্হি অমুং মৃত্যুং যুক্তং সমীচীনং প্রাপ্তুং বা॥ ২৬॥
ব্রহ্ম সন্ধারণয়া কলেবরং বিজহ্যাদিতি যৎ স একো মৃত্যুঃ বীরশয়ে রণভূমৌ অনিবৃত্তঃ অপরাঙ্মুখঃ সন্ বিজহ্যাদিতি যৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততো মৃত্যোরিহ যশঃ স্বর্গশ্চ যদি স্যাৎ অথ তর্হি অমুং মৃত্যুং যুক্তং সমুচিতং॥ ২৬॥
বীরশয়ে সংগ্রামে অনিবৃত্তঃ অভিমুখস্থঃ॥ ২৭॥

হে মহারাজ! অসুরগণ ভগবান্ হরির প্রতি ভক্তি করিত না, সুতরাং তাহাদের সমস্ত দর্প অচিরেই উচ্ছিন্ন হইয়া গেল ও তাহাদের ঐশ্বর্য্য দেবগণ কর্ত্তৃক গৃহীত হইল অতএব তাহারা যদিও প্রসিদ্ধ যোদ্ধা, তথাচ যুদ্ধের প্রারম্ভেই আপনাদের চেষ্টা সকল বিফল দেখিয়া নিজ প্রভু বৃত্রকে পরিত্যাগ করত আত্মত্রাণের পথ দেখিতে লাগিল॥ ২৩॥

বৃত্রাসুর স্বয়ং মহাবীর, যখন দেখিল অনুগত অসুরগণ ইতস্ততঃ ধাবমান হইতেছে এবং প্রথমেই ভূরি ভূরি সেনা গুরুতর ভয়ে ভগ্ন ও পলায়িত হইয়া সমর পরিত্যাগ করিয়া গিয়াছে, তখন হাস্য করিয়া কহিতে লাগিল॥ ২৪॥

তাহার সে সকল বাক্য সে অবসরের উপযুক্ত এবং মনস্বি জনের মনোহর। সে বলিল অহে বিপ্রচিত্তি! অহে নমুচি! অহে পুলোমন্! অহে ময়! অহে অনর্ব্বন্! অহে শম্বর! আমার বাক্য শ্রবণ কর॥ ২৫॥

জন্মিলে মৃত্যু নিশ্চয়ই হয়, কোন প্রকারে তাহার প্রতিক্রিয়া নাই। ইহাতে যদি সেই মৃত্যু হইতে ইহলোকে যশঃ ও পরলোকে স্বর্গ হইবার সম্ভাবনা হয়, তবে ঐ সমীচীন মৃত্যু উপস্থিত হইলে কোন্ মনস্বী তাহা স্বীকার না করে?॥ ২৬॥

অহে অসুরগণ! সংসারে দুই প্রকার মৃত্যু অতিশয় দুষ্প্রাপ্য, সকলের অদৃষ্টে ঘটিয়া উঠে না।

কলেবরং যোগরতো বিজহ্যাদ্যদগ্রণী বীরশয়েঽনিবৃত্তঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে বৃত্রবধে দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তএবং শংসতোধর্ম্ম্যং বচঃ পত্যুরশেষতঃ। নৈবাগৃহ্ণন্ত সংত্রস্তাঃ পলায়নপরা নৃপ ॥ ১ ॥

বিশীর্য্যমাণাং পৃতনামাসুরীমসুরর্ষভঃ। কালানুকূলৈস্ত্রিদশৈঃ কাল্যমানামনাথবৎ ॥ ২ ॥

দৃষ্ট্বাতপ্যত সংক্রুদ্ধ ইন্দ্রশত্রুরমর্ষিতঃ। তান্নিবার্য্যৌজসারাজন্নির্ভর্ৎস্যেদমুবাচহ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

স চৈকঃ। তৌ দ্বাবিহ শাস্ত্রে সম্মতৌ মৃত্যু তথাচ স্মৃতিঃ। দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড়্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হত ইতি ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে দশমঃ ॥ * ॥

একাদশেতু বৃত্রস্য যুধ্যমানস্য বজ্রিণা। ভক্তিজ্ঞান বলোদর্কাশ্চিত্রা বাচোঽনুবর্ণিতাঃ ॥ ০ ॥

শংসতঃ কথয়তঃ পত্যুর্ব্বচঃ ॥ ১ ॥

কালানুকূলৈঃ কালানুবর্ত্তিভিঃ। কাল্যমানাং বিদ্রাব্যমাণাং ॥ ২ ॥

অমর্ষিতঃ অসহমানঃ তাং ত্রিদশান্নিবার্য্য নির্ভর্ৎস্যচ ইদং বক্ষ্যমাণমুবাচ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্য দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

একাদশেতু সংগ্রাম মধ্যে বৃত্রস্য বর্ণিতাঃ। শৌর্য্যময্যোগিরঃ কাশ্চিৎ প্রেমময্যশ্চ কাশ্চন ॥ ০ ॥

অনাথবৎ অনাথানিব তাংস্ত্রিদশান্ ॥ ১। ২। ৩ ॥

হে মাতুরুচ্চরিতাঃ পুরীষতুল্যা দেবাঃ পৃষ্ঠতোহতৈ র্দৈত্যৈঃ কিং নযশো নাপি ধর্ম্মঃ। তৃতীয়ান্ত পাঠে দৈত্যানাং বিশেষণং ভীতানাং বধো ন শ্লাঘ্যঃ কর্ত্তৃকর্ম্মণোরুভয়োরপি যশো ধর্ম্মাভাব ব্যঞ্জকত্বাৎ জুগুপ্সিত ইত্যর্থঃ ॥ ৪ ॥

এক যোগ ধারণা পূর্ব্বক প্রাণাদি জয় পূর্ব্বক শরীর পরিত্যাগ, দ্বিতীয় সেনার অগ্রণী হইয়া সমরাঙ্গণে অপরাঙ্মুখে কলেবর বিসর্জন। অতএব ধর্ম্মশাস্ত্রেও কহিয়াছেন, যোগযুক্ত সন্ন্যাসী ও সম্মুখ যুদ্ধে নিহত যোদ্ধা এই দুই ব্যক্তি সূর্য্যমণ্ডল ভেদ করিয়া গমন করেন ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে দশম ॥ * ॥

একাদশ অধ্যায়ে বজ্রধারি ইন্দ্রের সহিত যুধ্যমান বৃত্রাসুরের ভক্তি, জ্ঞান ও বল সম্বন্ধীয় বিচিত্র কথা ॥ ০ ॥

শুকদেব কহিলেন রাজন্! বৃত্রাসুর অসুর সকলের প্রভু, সে ঐ প্রকার ধর্ম্মোপেত বাক্য প্রয়োগ করিতে থাকিলেও অসুরেরা সে সকল গ্রহণ করিল না, ত্রস্ত হইয়া পলায়নই করিতে লাগিল ॥ ১ ॥

অপর দেবতারা কালানুবর্ত্তী হইয়া তাড়াইয়া দিতে ছিলেন, তাহাতে আসুরী সেনাও অনাথবৎ বিশীর্ণ হইয়া যাইতেছিল ॥ ২ ॥

ঐ সকল অবলোকন করিয়া ইন্দ্রশত্রু বৃত্রের হৃদয় অতিশয় সন্তপ্ত হইল। অসুর রাজ ঐ অসুরগণ সমক্ষে ঐ ব্যাপার সহ্য করিতে অসমর্থ হইয়া ভয়ঙ্কর ক্রোধ প্রকাশ পূর্ব্বক বল দ্বারা অমর নিকরকে নিবারণ ও ভর্ৎসনা করিয়া কহিতে লাগিল ॥ ৩ ॥

কিং ব উচ্চরিতৈর্মাতুর্ধাবদ্ভিঃ পৃষ্ঠতোহতৈঃ। নহি ভীতবধঃ শ্লাঘ্যো নস্বর্গ্যঃ শূরমানিনাং ॥ ৪ ॥
যদি বঃ প্রধনে শ্রদ্ধা সারং বা ক্ষুল্লকা হৃদি। অগ্রে তিষ্ঠত মাত্রং মে নচেদ্গ্রাম্যসুখে স্পৃহা ॥ ৫ ॥
এবং সুরগণান্ ক্রুদ্ধো ভীষয়ন্ বপুষা রিপূন্। ব্যনদৎসু মহাপ্রাণো যেন লোকা বিচেতসঃ॥ ৬ ॥
তেন দেবগণাঃ সর্ব্বে বৃত্রবিস্ফোটনেন বৈ। নিপেতুর্মূর্চ্ছিতা ভূমৌ যথৈবাশনিনা হতাঃ ॥ ৭ ॥
মমর্দ্দ পদ্ভ্যাং সুরসৈন্যমাতুরং নিমীলিতাক্ষং রণরঙ্গদুর্ম্মদঃ।
গাং কম্পয়ন্নুদ্যতশূল ওজসা নালং বনং যূথপতির্যথোন্মদঃ ॥
বিলোক্য তং বজ্রধরোত্যমর্ষিতঃ স্বশত্রবেহভিদ্রবতে মহাগদাং।

শ্রীধরস্বামী।

তদাহ দ্বাভ্যাং। মাতুরুচ্চরিতৈঃ পুরীষপ্রায়ৈঃ মাতুরুচ্চরিতা ইতি প্রথমান্ত পাঠে দেবানাং সম্বোধনং পৃষ্ঠতো হতৈঃ দৈত্যৈঃ কিং ন কিঞ্চিৎ ন যশো নাপি ধর্ম্মঃ। তদেবাহ নহীতি ॥ ৪ ॥

প্রধনে সংগ্রামে সারং ধৈর্য্যং হে ক্ষুল্লকাঃ ক্ষুদ্রাঃ মাত্রং ক্ষণমাত্রং মে অগ্রে তিষ্ঠত নচেদিহলোকভোগে স্পৃহা অস্তি ॥ ৫ ॥

সুরগণান্ রিপূন্ সুমহান্ প্রাণো বলং যস্য যেন বিচেতসো বভূবুঃ ॥ ৬ ॥

বৃত্রস্য বিস্ফোটনেন নাদেন ॥ ৭ ॥

উদ্যতং শূলং যেন নালং নলানাং বনং। উদ্গতো মদো যস্য সঃ। যূথপতি র্গজো যথা মর্দ্দয়তি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রধনে যুদ্ধে সারং ধৈর্য্যং হে ক্ষুল্লকাঃ ক্ষুদ্রাঃ ॥ ৫। ৬ ॥

বৈ ইতি চার্থে বিস্ফোটিতং উরু প্রগণ্ডয়োঃ করতলাঘাতস্তেন চ ॥ ৭ ॥

আতুরত্বাদেব মুদ্রিতনেত্রং। নলানাং বনং নালং যূথপতির্হস্তী ॥

অহে দেবগণ! তোমারা মাতার পুরীষ প্রায়, বৃথা কেন ধাবমান হইতেছ? পৃষ্ঠের দিকে থাকিয়া দৈত্যদিগকে বধ করিলে কি হইবে? ইহাতে যশঃ বা ধর্ম্ম কিছুইত হইবার সম্ভাবনা দেখিতেছি না, কেন না যাহারা আপনাদিগকে শূর বলিয়া মানে তাহাদিগের ভীত ব্যক্তিকে বধ করা শ্লাঘ্য অথবা স্বর্গ্য নহে অর্থাৎ যশোধর্ম্মের অভাব হেতু প্রত্যুত জুগুপ্সাই হয় ॥ ৪ ॥

অরে ক্ষুদ্রচিত্ত দেবগণ! যদি তোদের যুদ্ধে শ্রদ্ধা অথবা হৃদয়ে ধৈর্য্য থাকে, আর যদি গ্রাম্য ভোগে স্পৃহা না করিস্, আমার অগ্রে কিঞ্চিৎ কাল থাক্ দেখি ॥ ৫ ॥

হে রাজন্! বৃত্র এই প্রকারে ক্রুদ্ধ হইয়া স্বীয় শরীর দ্বারা বিপক্ষ দেবগণকে ভয় প্রদর্শন করিতে করিতে ঐ অসুর মহাবলে এমত গর্জন করিল যে, তদ্দ্বারা ত্রিভুবন অচেতন প্রায় হইল ॥ ৬ ॥

মহারাজ! বৃত্রাসুরের সিংহনাদে দেবতারা সকলেই বজ্রাহতের ন্যায় মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইলেন ॥ ৭ ॥

ঐ দানব সমরাঙ্গণে দুর্ম্মদ হইয়াছিল, অসুরগণকে আতুর হইয়া পড়িতে এবং ভয়ে তাহাদের নয়ন নিমীলিত হইতে দেখিয়াও তাহার কিঞ্চিন্মাত্র দয়া হইল না, প্রত্যুত মদমত্ত যূথপতি গজ, পদ দ্বারা যেমন নল বন মর্দ্দন করে তাহার ন্যায় শূল উত্তোলন পূর্ব্বক তেজে পৃথিবী কম্পিত করত দুই পা দিয়া সেই সকল পতিত সুর সেনাকে মর্দ্দিত করিতে লাগিল। তাহার এই প্রকার ব্যবহার দেখিয়া বজ্রধারি দেবরাজের রোষানল প্রজ্বলিত হইল, পরে নিজ শত্রু ঐ অসুরকে আপনার অভিমুখে ধাবমান হইয়া আসিতে দেখিয়া তাহার প্রতি অসহ্যবেগ মহতী গদা নিক্ষেপ করিলেন। হে রাজন্!

চিক্ষেপ তামাপততীং সুদুঃসহাং জগ্রাহ বামেন করেণ লীলয়া।
স ইন্দ্রশত্রুঃ কুপিতো ভৃশং তয়া মহেন্দ্রবাহং গদয়োরুবিক্রমঃ।
জঘান কুম্ভস্থল উন্নদন্মৃধে তৎকর্ম্ম সর্ব্বে সমপূজয়ন্নৃপ ॥ ৮ ॥
ঐরাবতোবৃত্রগদাভিমৃষ্টো বিঘূর্ণিতোদ্রিঃ কুলিশাহতো যথা।
অপাসরদ্ভিন্নমুখঃ সহেন্দ্রো মুঞ্চন্নসৃক্ সপ্তধনু র্ভৃশার্ত্তঃ ॥ ৯ ॥
ন সন্নবাহায় বিষণ্ণচেতসে প্রাযুঙ্‌ক্ত ভূয়ঃ সগদাং মহাত্মা।
ইন্দ্রোমৃতস্যন্দিকরাভিমর্শ বীতব্যথ ক্ষতবাহোঽবতস্থে ॥ ১০ ॥
স তং নৃপেন্দ্রাহবকাম্যয়া রিপুং বজ্রায়ুধং ভ্রাতৃহণং বিলোক্য।
স্মরংশ্চ তৎকর্ম্ম নৃশংসমংহঃ শোকেন মোহেন হসন্ জগাদ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

সপ্তধনুঃ প্রমাণং দেশং। ৯ ॥

সন্নোঽবসন্নো বাহো যস্য তস্মৈ ন প্রাযুঙ্‌ক্ত। অমৃতস্যন্দী অমৃতস্রাবী যঃ স্বকরঃ তেনাভিমর্শঃ স্পর্শঃ তেন বীতব্যথো গত দুঃখঃ ক্ষতো বাহো যস্যেন্দ্রস্য সঃ তথাভূতোঽবতস্থে ॥ ১০ ॥

স বৃত্রঃ হে নৃপেন্দ্র আহবকাময়া যুদ্ধেচ্ছয়া অবস্থিতং ভ্রাতৃহণং ভ্রাতরং বিশ্বরূপং হতবন্তং নৃশংসং ক্রূরং তদেবাংহঃ পাপং তস্য কর্ম্ম স্মরন্ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অভিদ্রবতে সম্মুখমাগচ্ছতে। ৮ ॥

ভিন্নমুখঃ বিদীর্ণবক্ত্রঃ সপ্তধনুরষ্টাবিংশতি হস্তমাত্রং ॥ ৯ ॥

সন্নোঽবসন্নোবাহো যস্য তস্মৈ। অমৃতস্যন্দী অমৃত স্রাবী যঃ স্বকর স্তস্যাভিমর্শেন স্পর্শেন গতব্যথঃ ॥ ১০ ॥

নৃশংসং ক্রূরং ॥ ১১ ॥

বৃত্রাসুরের বল সামান্য নয়, অমর রাজের গদা আসিয়া পড়িবার উপক্রম হইতেই সে অবলীলাক্রমে বাম করে ধারণ করিল এবং সাতিশয় কুপিত হইয়া বদন উন্নত করত ঘোরতর গর্জন করিতে করিতে ঐ গদা দ্বারাই দেবরাজের বাহন ঐরাবতের কুম্ভ স্থলে আঘাত করিল। হে রাজন্! বিপক্ষ পক্ষ ব্যক্তি মাত্রই মহাবল বৃত্রের ঐ কর্ম্মের মহতী প্রশংসা করিয়াছিল ॥ ৮ ॥

সে যাহা হউক, মহেন্দ্র বাহন ঐরাবত গজ অসুর রাজের গদা দ্বারা আঘাতিত হইয়া বজ্রাহত পর্ব্বতের ন্যায় ঘূর্ণিত হইল এবং অতিশয় আতুর হইয়া বিবর্ণ বদনে রুধির বমন করিতে করিতে দেবরাজের সহিত রণস্থল হইতে সপ্তধনুঃ অর্থাৎ অষ্টাবিংশতি হস্ত প্রমাণ অন্তর এক প্রদেশে অপসৃত হইয়া গেল ॥ ৯ ॥

বৃত্রাসুর অতিশয় মহাত্মা এ প্রযুক্ত ইন্দ্রবাহন ঐরাবণ অবসন্ন ও বিষণ্ণচিত্ত হইলে, তাহার প্রতি পুনর্ব্বার আর অস্ত্রক্ষেপ করিল না, অতএব দেবরাজ আপনার ক্ষত বাহনের গাত্রে অমৃত-স্রাবি কর দ্বারা স্পর্শ করিয়া ব্যথা নিবারণ করত কিঞ্চিৎ কাল বিশ্রামার্থ অবস্থান করিলেন ॥ ১০ ॥

হে রাজন্! বৃত্রাসুর দেখিল ইন্দ্র যুদ্ধ পরিত্যাগ করিয়া যাইতেছেন না, পুনরায় রণ করিবার বাসনায় অবস্থিতি করিতেছেন, অতএব বজ্রধারী ও ভ্রাতৃহন্তা ঐ দেবের সেই সকল ক্রূর কর্ম্ম, যাহা পাপ স্বরূপ, স্মরণ করিয়া শোক ও মোহে হাঁসিতে হাঁসিতে বলিতে লাগিল ॥ ১১ ॥

বৃত্র উবাচ ॥

দিষ্ট্যা ভবান্মে সমবস্থিতোরিপুর্যোব্রহ্মহা গুরুহা ভ্রাতৃহাচ।
দিষ্ট্যাঽনৃণোদ্যাহমসত্তম ত্বয়া মচ্ছূল নির্ভিন্নদৃশদ্ধৃদাচিরাৎ ॥ ১২ ॥
যোনোগ্রজস্যাত্মবিদোদ্বিজাতেগু র্বোরপাপস্যচ দীক্ষিতস্য।
বিস্রভ্য খড়্গেন শিরাংস্যবৃশ্চৎ পশোরিবাকরুণঃ স্বর্গকামঃ ॥ ১৩ ॥
শ্রী হ্রী দয়া কীর্ত্তিভিরুজ্ঝিতং ত্বাং স্বকর্ম্মণা পুরুষাদৈশ্চগর্হ্যং।
কৃচ্ছ্রেণ মচ্ছূলবিভিন্ন দেহমস্পৃষ্ট বহ্নিং সমদন্তি গৃধ্রাঃ ॥ ১৪ ॥
অন্যেনু যেত্বেহ নৃশংসমজ্ঞা যদুদ্যতাস্ত্রাঃ প্রহরন্তি মহ্যং।

শ্রীধরস্বামী।

যো ব্রহ্মহা ব্রাহ্মণং হতবান্ বিশেষতঃ স্বগুরুং মমচ ভ্রাতরং স ভবানগ্রতঃ সমবস্থিতঃ। এতদ্দিষ্ট্যা ভদ্রং জাতং দিষ্ট্যেত্যব্যয় মানন্দার্থে। হে অসত্তম মম শূলেন নির্ভিন্নং দৃশত্তুল্যাং হৃৎ হৃদয়ং যস্য তেন ত্বয়া নিমিত্তভূতেন অদ্য অচিরাদেব ভ্রাতুরনৃণোঽহং স্যাং এতচ্চ দিষ্ট্যা ॥ ১২ ॥

স্বর্গকামো যো ভবান্ অবৃশ্চৎ। স্বর্গকামো যাজ্ঞিকঃ পশোরিবেতি বা ॥ ১৩ ॥

তং ত্বামস্পৃষ্টবহ্নিং অদগ্ধদেহং সমদন্তি। বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমান বন্নির্দ্দেশঃ ॥ ১৪ ॥

অন্যেঽপি যে অজ্ঞা ইহ ত্বা ত্বাং নৃশংসমনু মহ্যমুদ্যতাস্ত্রাঃ সন্তোযদি প্রহরন্তি তৈ ভূতনাথান্ ভৈরবাদীন্ যক্ষ্যামি। কথ-

ক্রমসন্দর্ভঃ।

অস্পৃষ্ট বহ্নিং সমদন্তীতি ক্রোধেনৈবাসত্তবোক্তিঃ ॥ ১৪ । ১৫ । ১৬ । ১৭ । ১৮ । ১৯ । ২০ । ২১ । ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মচ্ছূলেন নির্ভিন্নং দৃশত্তুল্যং হৃদযস্য তথাভূতেন সতা অদ্যাহমনৃণোঽভুবং ॥ ১২ ॥

স্বর্গকামো যাজ্ঞিকো ভবাংশ্চ ॥ ১৩ ॥

সমদন্তীতি বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমানবদিতি লট্ ॥ ১৪ ॥

অন্যে যে ত্বা ত্বাং অনুগতাঃ তৈর্যজামি যক্ষ্যামি অসুরবারৈব। তেন চাসুরান্ অসুরেষ্টদেবান্ ভূতনাথাংশ্চ প্রীণয়ামীত্যর্থঃ ॥১৫॥

বৃত্রাসুর কহিল অহো! যে ব্যক্তি ব্রহ্মঘাতক বিশেষতঃ স্বীয় গুরু ও আমার ভ্রাতার নিধনকারী, সেই মদীয় শত্রু তুমি আমার অগ্রে অবস্থিত রহিয়াছ, কি সৌভাগ্য! অহে অসত্তম! তোমার পাষাণ তুল্য হৃদয় শূল দ্বারা নির্ভিন্ন করিয়া অদ্য আমি অচিরে যে ভ্রাতার অঋণী হইব ইহাও ভাগ্য ক্রমে ঘটিয়াছে ॥ ১২ ॥

অহো! আমাদের অগ্রজ বিশ্বরূপ, সুব্রাহ্মণ, আত্মজ্ঞ, নিষ্পাপ, দীক্ষিত হইয়া যাগ করিতেছিলেন, তিনি তোমারও অন্য কেহ নহেন, পরম গুরু, অকরুণ হইয়া স্বর্গকামী যাজ্ঞিক যেমন যজ্ঞীয় পশুর শিরশ্ছেদ করে তাহার ন্যায় খড়্গ দ্বারা তুমি সেই মহাত্মার মস্তক ছেদন করিয়াছ ॥ ১৩ ॥

নিশ্চয় জানিতে পারিলাম দয়া, লজ্জা, শ্রী ও কীর্ত্তি তোমাকে পরিত্যাগ করিয়াছে, আপনার কর্ম্ম দোষে রাক্ষসদের নিকটেও তুমি নিন্দনীয় হইয়াছ। অতএব আমি এই শূল দ্বারা তোমার হৃদয় নির্ভিন্ন করি, অগ্নি তোমার এ পাপ দেহকে স্পর্শ করিবেন না, গৃধ্রগণ ইহাকে ভক্ষণ করুক ॥ ১৪ ॥

অন্যান্য যে সকল অজ্ঞ দেব এখানে উপস্থিত আছে, ইহারা যদি ক্রূর কর্ম্মা তোমার অনুগামী হইয়া অস্ত্র উদ্যম পূর্ব্বক আমাকে প্রহার করে, তীক্ষ্ণীকৃত ত্রিশূল দিয়া ইহাদেরও গলদেশ নির্ভিন্ন

তৈর্ভূতনাথান্ সগণান্ নিশাত ত্রিশূল নির্ভিন্নগলৈর্যজামি ॥ ১৫ ॥
অথো হরে মে কুলিশেন বীর হর্ত্তা প্রমথ্যৈব শিরো যদীহ।
তত্রানৃণোভূতবলিং বিধায় মনস্বিনাং পাদরজঃ প্রপৎস্যে ॥ ১৬ ॥
সুরেশ কস্মান্ন হিনোষি বজ্রং পুরঃস্থিতে বৈরিণি ময্যমোঘং।
মা সংশয়িষ্ঠা ন গদেব বজ্রঃ স্যান্নিষ্ফলঃ কৃপণার্থেব যাচ্ঞা ॥ ১৭ ॥
নন্বেষ বজ্রস্তব শক্র তেজসা হরের্দধীচস্তপসা চ তেজিতঃ।

শ্রীধরস্বামী।

ভূতৈঃ নিশাতং তীক্ষ্ণীকৃতং যৎ মম ত্রিশূলং তেন নির্ভিন্নো গলো যেষাং তৈঃ ॥ ১৫ ॥

অথো অথবা হরে ভো ইন্দ্র যদি ভবানেব মম শিরোহর্ত্তা হরিষ্যতি তত্র তথা সতি অনৃণো বিমুক্ত কর্ম্ম বন্ধনঃ সন্ ভূতেভ্যো বলিং দেহেন বিধায় মনস্বিনাং পাদরজঃ প্রপৎস্যে ধীরাণাং পদং প্রাপ্স্যামি ॥ ১৬ ॥

জীবিতাদপি মৃত্যুরেব মমাভিমত ইত্যাশয়েনাহ সুরেশেতি নহিনোষি নক্ষিপসি গদেব নিষ্ফলো বাস্যতীতি সংশয়ং মাকার্ষীঃ কৃপণাদর্থঃ প্রয়োজনং যস্যাঃ সা যাচ্ঞা যথা নিষ্ফলা তথা ন স্যাৎ ॥ ১৭ ॥

অমোঘত্বে হেতুং বদন্ তং প্রোৎসাহয়তি নন্বিতি তেজিতঃ তীক্ষ্ণীকৃতঃ শত্রুং মাং জহি বিষ্ণুনা যন্ত্রিতঃ প্রেরিতঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অথো অথবা ভূতেভ্যঃ শৃগালাদিভ্যো বলিং স্বদেহেনাতিস্থূলেন বিধায় দত্বা অনৃণঃ শোধিত ঋণঃ সন্ মনস্বিনাং শ্রীনারদাদি ভক্তানাং পাদরজঃ প্রাপ্স্যামি ॥ ১৬ ॥

ত্বং যথা জীবিত্বা স্বর্গীয় বিষয়ভোগমভিলষসি তথৈবাহং মৃত্বা বৈকুণ্ঠে ভগবতঃ সাক্ষাচ্চরণসেবামভিলষামীতি তবচ মম চাভীষ্টং সিধ্যতু কিমিতি মদ্বধে বিলম্বসে ইত্যাহ সুরেশেতি বজ্রক্ষেপণৌপযুক্তং লক্ষ্যং কদা প্রাপ্স্যসীত্যাহ। পুর এব কেবলং স্থিতে নতু কমপি প্রতীকারং কুর্ব্বতীত্যর্থঃ। নন্থ মহাসত্বে ত্বয়ি কদাচিদ্বজ্রক্ষেপো নিষ্ফলঃ স্যাদিতি শঙ্কে তত্রাহ অমোঘমব্যর্থং। নন্থ গদা যথা মদীয়ৈব ত্বৎপাণিগতা মম পীড়াকরী সাক্ষাদেবাভূৎ তথৈব যদি বজ্রোপি স্যাত্তদাহং কিং করিষ্যামীত্যত আহ। মেতি কৃপণাদর্থঃ প্রয়োজনং যস্যাঃ সা যাচ্ঞা যথা নিষ্ফলা তথা বজ্রং নিষ্ফলং ন স্যাৎ ॥ ১৭ ॥

অমোঘত্বে হেতুং বদন্ প্রোৎসাহয়তি। নন্বিতি হরে র্ভগবতঃ তেজসা দধীচস্তপসাচ তেজিত তীক্ষ্ণীকৃতঃ। বিষ্ণুনা যন্ত্রিতঃ। প্রেরিতঃ বৃতো যত্র পক্ষে ॥ ১৮ ॥

করত রুধির দ্বারা সগণ ভূতনাথ ভৈরবগণকে অর্চ্চনা করিব ॥ ১৫ ॥

অহে ইন্দ্র! যদি তুমি প্রকৃষ্ট রূপে মথন পূর্ব্বক বজ্র দ্বারা আমার শিরঃ হরণ কর তাহাতেও আমার কোন ক্ষতি নাই, আমি কর্ম্মবন্ধন হইতে বিমুক্ত হইয়া স্বীয় দেহ দ্বারা ভূত সকলের বলি বিরচন পূর্ব্বক ধীর জনের গতি প্রাপ্ত হইব ॥ ১৬ ॥

অনন্তর জ্ঞানোদয় হওয়াতে জীবন অপেক্ষা নিধনই আমার অভিমত, এই আশয়ে বলিতে লাগিল, অহে সুরেশ! আমি তোমার সম্মুখে উপস্থিত আছি, আমার প্রতি বজ্র কেন ক্ষেপণ করিতেছ না? হে মহেন্দ্র! এই অশনি অমোঘ, এমত মনে আশঙ্কা করিও না যে কৃপণ সন্নিধানে যাচ্ঞা যদ্রূপ নিষ্ফল হয় তদ্রূপ গদার ন্যায় ইহাও বিফল হইবে ॥ ১৭ ॥

হে শক্র! তোমার এই কুলিশ ভগবান্ হরির তেজে, তথা দধ্যঙ্ ঋষির তপস্যায় তিক্ষ্ণীকৃত হইয়া আছে, তুমি এই অশনি দ্বারা শত্রুকে (আমাকে) বধ কর, তুমি বিষ্ণু কর্ত্তৃক প্রেরিত হইয়াছ

তেনৈব শক্রং যহি বিষ্ণুযন্ত্রিতো যতো হরির্বিজয়ঃ শ্রীগুর্ণাস্ততঃ ॥ ১৮ ॥
অহং সমাধায় মনো যথাহ নঃ সঙ্কর্ষণস্তচ্চণারবিন্দে।
ত্বদ্বজ্ররংহোলুলিত গ্রাম্যপাশো গতিং মুনে র্যাম্যপবিদ্ধলোকঃ ॥ ১৯ ॥
পুংসাং কিলৈকান্তধিয়াং স্বকানাং যাঃ সম্পদো দিবি ভূমৌ রসায়াং।
নরাতি যদ্দ্বেষ উদ্বেগ আধি মর্দঃ কলি র্ব্যসনং সংপ্রয়াসঃ ॥ ২০ ॥
ত্রৈবর্গিকায়াস বিঘাতমস্মৎ পতির্বিধত্তে পুরুষস্য শক্র।

শ্রীধরস্বামী।

হননে মম পীড়া স্যাদিত্যপি মাসংশয়িষ্ঠা ইত্যাশয়েনাহ অহমিতি। সঙ্কর্ষণো মৎপতি র্যথাহ তথা তদীয় চরণারবিন্দে মনঃ সমাধায় মুনে র্যোগিনো গতিমহং যাস্যামি তব বজ্রস্য রংহসা লুলিতশ্ছিন্নোগ্রাম্যপাশো বিষয়ভোগ লক্ষণো যস্য। অপবিদ্ধ লোকস্ত্যক্তদেহঃ ॥ ১৯ ॥

তর্হি ভগবান্ স্বভৃত্যায় মহ্যমেব স্বর্গাদি সম্পদো দাস্যতীতি মাসংশয়িষ্ঠা ইত্যাহ পুংসামিতি। স্বর্গে ভূমৌ রসাতলেচ যা সম্পদস্তাঃ কিল নিশ্চিতং নরাতি নদদাতি। তত্র হেতুঃ যৎ যাভ্যঃ দ্বেষাদয়ো ভবন্তি ॥ ২০ ॥

তর্হি স্ব ভক্তস্য কিং বিধত্তে তদাহ ত্রৈবর্গিকো ধর্ম্মার্থ কাম বিষয়ো য আয়াসঃ তস্য বিঘাতং বিধত্তে। তত আয়াসোপর

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অয়মেবং মাং প্রলোভ্য পুনঃ পরাক্রমাবিষ্কারেণ বজ্রঞ্চ নিষ্ফলয্য পুনরপি মাং হনিষ্যতীতি মামংস্থাঃ। অহং যৎ করোমি তদেকাগ্রমনাঃ শৃণ্বিত্যাহ অহমিতি সঙ্কর্ষণো নোঽস্মাকং প্রভুঃ যথা আহ তথা তচ্চরণারবিন্দে মনঃ সমাধায় মুনে র্যোগিনো গতিমহং যাস্যামি। ত্বদ্বজ্রস্য রংহসা লুলিতঃ খণ্ডিতঃ গ্রাম্যপাশাকার এতদ্দেহো যস্য সঃ। অপবিদ্ধ লোকঃ ত্যক্তত্রিলোকৈশ্বর্য্যঃ ॥১৯

তর্হি ত্বদ্ভক্তিতোষিতঃ সঙ্কর্ষণ স্তুভ্যমেব স্বর্গাদ্যৈশ্বর্য্যং দাস্যতীতি মাবাদীঃ। শৃণু রে শক্র মৎপ্রভোস্ত্বঞ্চ ভক্তোঽহঞ্চ ভক্ত স্তত্র তুভ্যমেব ভোগৈশ্বর্য্যং দদাতি নতু মহ্যমিত্যত্র কারণং মৎ প্রভোঃ স্বভাবমেব শৃণ্বিত্যাহ পুংসামিতি। যাঃ সংপদঃ তা একান্তধীভ্যঃ পুংভ্যো নরাতি নদদাতি কুতঃ যদ্যতঃ সংপদ্ভ্যো দ্বেষাদয়োভক্তিসুখে বিক্ষেপকা ভবন্তীত্যতঃ ॥ ২০ ॥

মাং স্বপার্শ্বং শীঘ্রমেব নেতুং বজ্রেণ মদ্বধোপায়মুক্ত্বা যত্তুভ্যং মৎ প্রভুর্ভোগসংপদং দদাতি এতেনৈব ত্বয্যাত্মনি তস্যানুগ্রহাভাবং মন্যস্বেত্যাহ ত্রৈবর্গিকোধর্ম্মার্থ কামবিষয়ো য আয়াস স্তস্য বিঘাতং বিধত্তে পুরুষস্য স্বান্তরঙ্গ ভক্তস্য তত আয়াসোপর-

ইহাতে তোমার পরাজয়ের আশঙ্কা নাই, কেন না যেখানে হরি সেই খানেই বিজয়, শ্রী ও গুণ সকল বর্ত্তমান ॥ ১৮ ॥

অহে ইন্দ্র! তোমার বজ্রাঘাতে আমার পীড়া হইবে এমত মনে করিও না, আমার প্রভু সঙ্কর্ষণ আমাকে যে রূপ উপদেশ করিয়াছেন, তদ্রূপে আমি তদীয় চরণারবিন্দে চিত্ত সমাহিত করিয়া দেহ-ত্যাগ পূর্ব্বক যোগিগণের গতি প্রাপ্ত হইব। অতএব তোমার বজ্র দ্বারা আমার অপকার হইবে না, বরং বিষয় ভোগ রূপ গ্রাম্য পাশ ছিন্ন হইবে ॥ ১৯ ॥

অহে দেবরাজ! আমি ভগবান্ সঙ্কর্ষণের নিজ ভৃত্য, তিনি আমাকে স্বর্গাদি সম্পত্তি প্রদান করিবেন এ আশঙ্কাও করিও না, যে হেতু যে সকল পুরুষ একান্তভাবে ভগবানের প্রতি চিত্ত সমর্পণ করেন এবং যাঁহারা তাঁহার স্বজন বলিয়া গণ্য হন, তাঁহাদিগকে তিনি স্বর্গ মর্ত্ত্য পাতালে যে সকল সম্পত্তি আছে তাহা অর্পণ করেন না, কারণ ঐ সকল সম্পত্তি হইতে দ্বেষ, উদ্বেগ, মনঃ পীড়া, মত্ততা, বিবাদ, এবং ক্লেশ হইয়া থাকে ॥ ২০ ॥

যদি বল তবে তিনি নিজ ভক্তজনের কি বিধান করিবেন? বলিতেছি শুন। আমাদের প্রভু

ততোমুমেয়োভগবৎ প্রসাদো যোদুর্ল্লভোঽকিঞ্চনগোচরোঽন্যৈঃ ॥ ২১ ॥
অহং হরে তব পাদৈকমূল দাসানুদাসো ভবিতাস্মি ভূয়ঃ।
মনঃ স্মরেতাসুপতে গুণানাং গৃণীত বাক্ কর্ম্ম করোতু কায়ঃ ॥ ২২ ॥
ন নাকপৃষ্ঠং নচ পারমেষ্ঠ্যং ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যং।

শ্রীধরস্বামী।

মাদেবানুমেয়ঃ নত্বৈশ্বর্য্যাদিনা। অতঃ সম্যক্ ভগবৎ প্রসাদাভাবাৎ তব সম্পদোঽভবিষ্যন্তীতি ভাবঃ ॥ ২১ ॥

এবমিন্দ্রায় স্বাভিপ্রায়ং নিবেদ্য ভগবন্তং প্রার্থয়তে অহমিতি। তব পাদাবেব একং মূলমাশ্রয়ো যেষাং তেষাং দাসানামনুদাসঃ ভূয়ো ভবিতাস্মি ভবিষ্যামি ভবেয়ং অসুপতেঃ প্রাণনাথস্য তব গুণান্ মম মনঃ স্মরতু বাগপি তানেব কীর্ত্তয়তু কায়স্তবৈব কর্ম্ম করোতু ॥ ২২ ॥

ননু কিং দাস্যেন তুভ্যং মহাফলানি দাস্যামি তত্রাহ। নাকপৃষ্ঠং ধ্রুবপদং ব্রহ্মলোকাদিকঞ্চ। হে সমঞ্জস নিখিল সৌভাগ্য

ক্রমসন্দর্ভঃ।

সার্ব্বভৌমং শ্রীপ্রিয়ব্রতাদীনামিব মহারাজ্যং। রসাধিপত্যং পাতালাদি স্বাম্যং অপুনর্ভবং মোক্ষমপি অত্র নাকপৃষ্ঠাদি চতুষ্টয়স্যানুক্রমশ্চ ন্যূনত্ব বিবক্ষয়া। ততশ্চোত্তরোত্তরং কৈমুত্যমপি। ধ্রুবপদস্য শ্রৈষ্ঠ্যং বিষ্ণুপদ সন্নিহিতত্বাৎ। যোগ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মাদেব ভগবৎ প্রসাদঃ অনুমেয়ঃ। নন্বেবমস্মদনুভবেতু ন ভাতি তত্রাহ স অকিঞ্চন গোচরএব অন্যৈস্তু মাভিস্তু দুর্ল্লভো যুষ্মদ-গোচর এবেত্যত ত্বয়ি তস্য সম্যক্ প্রসাদাভাবাৎ তব সংপদোভবিষ্যন্তীতি বিশ্বস্তো ভূত্বা শীঘ্রং বজ্রং নিক্ষিপেতি ভাবঃ ॥ ২১ ॥

তদপি বজ্রমনিক্ষিপন্তমিন্দ্রং দৃষ্ট্বা হন্ত হন্ত বরাকমিমং শক্রং বহি র্দর্শিনং কিমিতি ব্রবীমি স্বপ্রভোশ্চরণারবিন্দ এব কিং ন নিবেদয়ামীতি ধ্যানাবির্ভূতং ভগবন্তমালোক্যাহ অহমিতি তব পাদাবেব একং মূলমাশ্রয়ো যেষাং তেষাং দাসানাং অনুদাসোভূয়ঃ পুনরপি ভবিতাস্মি ভবিষ্যামি কিং তত্র কিয়ান্ বিলম্বোবর্ত্ততে তং কৃপয়া কথয়। উৎকণ্ঠয়া জর্জ্জরীভূতোঽস্মীতি ভাবঃ। নহু বিলম্বেনৈব ত্বামহমেব এবাত্মসাৎ করোমি স্বাভীষ্টান্ বরান্ বৃণিত্যত আহ মনো মম অসুপতেঃ প্রাণনাথস্য তব প্রাণনাথং ত্বাং স্মরতু বাক্ গুণান্ কীর্ত্তয়তু কায়ঃ কর্ম্ম ত্বৎ পাদসংবাহন ব্যজন তাম্বুল প্রদানাদিকং করোত্বিতি কায় বাঙ্মনসাং মে প্রার্থনা ॥ ২২

ননু তুভ্যং স্বর্গাপবর্গাদীনি সর্ব্বাণ্যেব ফলানি দদামি গৃহাণেতি তত্র স শিরোধূননং ননেত্যাহ নেতি নাকপৃষ্ঠং স্বর্গপদং ত্বা ত্বাং বিরহব্য ত্যক্ত্বা ত্বদ্বিরহেণ মম প্রাণা জ্বলন্তি। স্বর্গাদয়ঃ কিং মে সুখয়িষ্যন্তীতি ধ্বনিঃ। ত্বৎ সংযোগে মম পূর্ব্ব

সেই ভগবান্ আপনার ভক্তজনের ধর্ম্ম, অর্থ, কাম, এই ত্রিবর্গ বিষয়ক আয়াসের উপশম বিধান করেন। হে শক্র! ঐ আয়াস শান্তি দ্বারাই ভগবানের প্রসন্নতা অনুমান করা যায়, ঐশ্বর্য্যাদি দ্বারা তাহা অনুমেয় হয় না। অকিঞ্চন ভিক্ষুজন অনায়াসে ঐরূপ ভগবৎ প্রসাদ প্রাপ্ত হইতে পারেন, কিন্তু তদ্ভিন্ন ব্যক্তিদের পক্ষে তাহা অতি দুর্ল্লভ ॥ ২১ ॥

হে রাজন্! বৃত্রাসুর এই প্রকারে ইন্দ্র সন্নিধানে আপনার অভিপ্রায় ব্যক্ত করিয়া পরে ভগবা-ন্‌কে সম্বোধন পূর্ব্বক প্রার্থনা করিল, হে ভগবন্! আপনার চরণ দ্বয়ই যাঁহাদের আশ্রয়, আমি সেই সকল দাসদিগের অনুদাস পুনরায় হইব এবং এক্ষণেও আছি, অতএব আপনি আমার প্রাণ সকলের পতি, আমার মনঃ তোমার গুণ স্মরণ করুক, আমার বাক্য তোমার গুণ কীর্ত্তন করুক, মদীয় শরীর তোমারই কর্ম্মে ব্যাপৃত হউক ॥ ২২ ॥

হে নিখিল সৌভাগ্য নিধে! তোমাকে পরিত্যাগ করিয়া স্বর্গ পৃষ্ঠ, অথবা ধ্রুবলোক প্রভৃতি ব্রহ্ম-

ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা সমঞ্জসত্বা বিরহয্য কাঙ্ক্ষে ॥ ২৩ ॥
অজাতপক্ষা ইব মাতরং খগাঃ স্তন্যং যথা বৎসতরাঃ ক্ষুধার্ত্তাঃ।

শ্রীধরস্বামী।

সিধে ত্বা ত্বাং বিরহয্য পৃথক্ কৃত্বা ন কাঙ্ক্ষে নেচ্ছামি ॥ ২৩ ॥

তর্হি কিমিচ্ছসি তদাহ। অজাতপক্ষাঃ খগাঃ ক্ষুধাদিভিঃ পীড়িতা যথা মাতরং। যথাচ দাম্না বদ্ধা বালবৎসাঃ স্তন্যং।

ক্রমসন্দর্ভঃ।

সিদ্ধ্যাদিদ্বয়ং তু সার্ব্বত্রিকমিতি পশ্চাদ্বিন্যস্তং। অনয়োস্তূত্তরশ্রৈষ্ঠ্যং ॥ ২৩ ॥

অজাত পক্ষা ইত্যনেনানন্যাশ্রয়ত্বং তদনুগমনাসমর্থত্বং তথা তৎ সহিতেন মাতরমিত্যনেনানন্য স্বাভাবিক দয়ালুত্বং তদীয় দয়াধিক্যঞ্চ ব্যঞ্জিতং। তেন তেন চ মাতরিতেষামপি প্রীত্যতিশয়ো দর্শিতঃ। তত স্তৎ সাম্যেপি তদ্বদাত্মনোঽপি ভগবতি প্রীত্যাধিক্য হেতুকা দিদৃক্ষা ব্যঞ্জিতা। তথাপি তন্মাত্রা যদ্বস্তরমুপহ্রিয়তে তদেব তেষামুপজীব্যমাস্বাদ্যঞ্চেতি কেবল তন্নিষ্ঠত্বাভাবাদপরিতোষেণ দৃষ্টান্তান্তরমাহ স্তন্যমিতি। অত্র দিদৃক্ষা যোজনার্থং মাতরমিত্যেবানুবর্ত্তয়িতব্যে স্তন্যমিত্যুক্তি স্তস্যাস্তৈ স্তদংশ প্রাচুর্য্য ভাবনয়া বস্তুত স্তস্য তদীয় শরীরাংশতয়া চ তদভেদ বিবক্ষার্থা ততঃ স্তন্যং স্তন্য রূপতদংশময়ীং মাতরমিত্যেব লব্ধে তাদৃশী মাতৈব তৈরুপজীব্যতে আস্বাদ্যতেচেতি পূর্ব্বতঃ শ্রৈষ্ঠ্যং দর্শিতং। তথা বৎসতরা অত্যন্ত বালবৎসা স্ততএব স্বামিবদ্ধ তয়া তদনুগতাবসমর্থা ইতি সাধারণ্যেঽপি বহু সময়াতিক্রমাৎ। ক্ষুধার্ত্তা ইত্যনেন পূর্ব্বতো বৈশিষ্ট্যং। তথা গোজাতেঃ স্নেহাতিশয় স্বাভাব্যেন চ তদনুসন্ধেয়ং। অথ তথাপ্যুত্তর দৃষ্টান্তে স্তন্যগবোঃ কার্য্য কারণ ভাবেন ভেদং বিতর্ক্য দৃষ্টান্তদ্বয়েপ্যজাত পক্ষত্বাদি বিশেষণৈরায়ত্যাং তাদৃশ প্রীতেরস্থিরতাং চালোক্য দৃষ্টান্তান্তরমাহ প্রিয়মিতি। সৎস্বপি বাচকান্তরেষূভয়োঃ প্রিয়শব্দেনৈব নির্দ্দেশাৎ স্বাভাবিকা ব্যভিচারি প্রীতি মন্তাবেব তৌ গৃহীতৌ। যত্র বার্দ্ধকে বাল্যেপি সহ বিহারাদিকং দৃশ্যতে। তত স্তাদৃশী কাপি প্রিয়া যথা তাদৃশং প্রিয়ং ব্যুষিতং বিদূর প্রোষিতং সন্তং অনন্যোপজীবিত্বেন বিষণ্ণা সতী দিদৃক্ষতে। লোচন দ্বারা তদাস্বাদায় ভৃশমুৎকণ্ঠতে তথা মম মনোপি ত্বামিত্যর্থঃ। অত্র দার্ষ্টান্তিকেপি স্বকর্ত্তৃকত্বমনুক্ত্বা মনঃ কর্ত্তৃকোল্লেখেনা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

শ্লোকোক্তং বরত্রয়ং ভবেত্তদা তদেব মে স্বর্গাপবর্গাদি সর্ব্ব সুখতমং কিমেতৈ র্গৃহীতৈরিত্যনুধ্বনিঃ ॥ ২৩ ॥

কিঞ্চ অত্যুৎকণ্ঠাবতোপি মম ত্বৎপ্রাপ্তি স্ত্বদধীনৈব নচ তত্র মে স্বতঃ কাপি শক্তিরস্তীত্যত্র দৃষ্টান্ত ত্রয়মাহ। অজাতপক্ষাঃ খগাঃ খগবালকাঃ বৃকাদিত্রস্তাঃ ক্ষুৎপীড়িতাশ্চ মাতরং কদা প্রাপ্স্যাম ইতি প্রতিক্ষণং দিদৃক্ষমাণাঃ পত্রেপি সঞ্চলতি আয়াতা মম মাতেতি বুদ্ধ্যা কোমলং কণ্ঠং কূজন্তশ্চঞ্চূন্ প্রসারয়ন্তি নতু তর্হি তন্মাতা যথা আগত্য বৃকাদিভ্যো রক্ষন্তী স্বতঃ পৃথগ্ভূতৈরানীতৈঃ ক্ষুদ্রকীটৈ স্তচ্চঞ্চু মধ্যে নিহিতৈ স্তেষাং ক্ষুধামুপশময়তি তথৈবাহমপি ত্রিবিধ তাপেভ্য ইন্দ্রাদি শত্রুভ্যশ্চ ত্বাং রক্ষন্ স্বর্গ পারমেষ্ঠ্যাদি ভোগৈর্দত্তৈ স্ত্বদভীষ্টং পূরয়াণীতি তত্র ত্বন্মাধুর্য্যং বিনা মম নান্যৎ কিমপ্যভীষ্টমিতি তথা ত্বৎপ্রাপ্তি প্রতিকূলং বৃত্রাখ্য স্থূল সূক্ষ্ম দেহদ্বয় বন্ধনং বিনা মম নাস্তৎ কিমপি তাপত্রয়মিত্যতো দৃষ্টান্তান্তরমাহ স্তন্যং বাঞ্ছন্তীতি শেষঃ বৎসতরা অত্যল্প বয়স্কা বৎসা গৃহস্থ গৃহে দামবদ্ধাঃ ক্ষুধয়া মাতুরেব দুগ্ধপানৈকতান মনস্ত্বাদার্ত্তাঃ। অত্রাপি বৎসতরা মাতুর্দুগ্ধমেব স্বসুখমভিলষন্তোপি মাতুঃ কামপি সেবাং নলিপ্সমানা ইত্যপরিতুষ্য দৃষ্টান্তান্তরমাহ। প্রিয়ং প্রীতিমন্তং পতিং ব্যুষিতং সুদূর দেশস্থং প্রিয়া প্রেমবতী বিষণ্ণা তদ্বিরহ জর্জরিতা দিদৃক্ষতে সা যথা স্বীয় সর্ব্বেন্দ্রিয় ব্যাপারৈঃ সেবমানা প্রিয়ং সুখয়িতুং প্রিয়স্যৈব সৌন্দর্য্য সৌস্বর্য্যাদিভি র্গুণলীলা বৈদগ্ধ্যাদিভিশ্চ স্বসর্ব্বেন্দ্রিয়াণি সুখয়িতুমিচ্ছতি তথৈবাহমপি ত্বাং সেবেয়েত্যত এব মনঃ

পদ কিম্বা সর্ব্ব ভূমির কর্ত্তৃত্ব বা রসাতলের আধিপত্য অথবা যোগসিদ্ধি কি অপুনর্ভব অর্থাৎ মুক্তি কিছুতেই আমার আকাঙ্ক্ষা নাই ॥ ২৩ ॥

হে অরবিন্দনেত্র! আমার কোন কামনা নাই, যেমন অজাত পক্ষ পক্ষিশাবকগণ ক্ষুধাদি দ্বারা পীড়িত হইয়া মাতার আগমন প্রতীক্ষা করে এবং যেমন রজ্জু বদ্ধ শিশু বৎসগণ ক্ষুধার্ত্ত হইয়া স্তন্য দর্শনার্থ স্পৃহান্বিত হয়, আর যেমন অনঙ্গশরপীড়িতা প্রেয়সী দূরদেশগত স্বীয় প্রিয়কে দিদৃক্ষু হয়,

প্রিয়ং প্রিয়েব ব্যুষিতং বিষণ্ণা মনোঽরবিন্দাক্ষ দিদৃক্ষতে ত্বাং ॥ ২৪ ॥
মমোত্তমঃশ্লোকজনেষু সখ্যং সংসারচক্রে ভ্রমতঃ স্বকর্ম্মভিঃ।
ত্বন্মায়য়াত্মাত্মজ দার গেহেষ্বাসক্তচিত্তস্য ন নাথ ভূয়াৎ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে বৃত্রবাক্য মেকাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১১ ॥ * ॥

ঋষিরুবাচ ॥

শ্রীধরস্বামী।

যথাচ ব্যুষিতং দূরদেশং গতং প্রিয়ং কামেন বিষণ্ণা প্রিয়া। তথা মে মনঃ তাপত্রয়পীড়িতং কর্ম্মভির্ব্বদ্ধং কামাদিভির্বিষণ্ণঞ্চ ত্বাং দিদৃক্ষতে দ্রষ্টুমিচ্ছতীত্যর্থঃ ॥ ২৪ ॥

উত্তমঃশ্লোকস্য তব জনেষু ভক্তেষ্বেব সখ্যং ভূয়াৎ। ত্বন্মায়য়া দেহাদিষ্বাসক্তচিত্তস্য ভূয়োপি তেষ্বাসক্তির্ন ভূয়াৎ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে একাদশঃ ॥ * ॥

দ্বাদশেতি বিষণ্ণেন স্বয়মুৎসাহিতেন তু। মহেন্দ্রেণ মহাযুদ্ধে বৃত্রস্য বধ ঈর্য্যতে ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

বুদ্ধি পূর্ব্বক প্রবৃত্তি প্রাপ্তৌ প্রীতেঃ স্বাভাবিকত্বেনাব্যভিচারিত্বং ব্যক্তং। তথারবিন্দাক্ষেতি মনসো ভ্রমর তুল্যতা সূচনেন ভগবতঃ পরম মধুরিমোল্লেখেন চ তস্যৈবোপজীব্যস্য মাস্বাদ্যত্বঞ্চ দর্শিতং ॥ ২৪ ॥

অথ তদ্দর্শন ভাগ্যং স্বস্যাসংভাবয়ন্নিদমপি মম স্যাদিতি সবাষ্পমাহ মমোত্তমেতি। তদেতচ্ছুদ্ধ প্রেমোদ্গার মহত্ত্বেনৈব শ্রীমদ্বৃত্রবধোঽসৌ বিলক্ষণত্বাচ্ছ্রীমদ্ভাগবত লক্ষণেষু পুরাণান্তরে গণ্যতে। বৃত্রাসুরবধোপেতং তদ্ভাগবতমিষ্যত ইতি ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে একাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্মরেত্তাসুগতে গুণানাং গৃণীত বাক্ কর্ম্মকরোতুকায় ইতি বরত্রয়মবাপ্তমিতি ভাবঃ। কিন্তু সা দাস্য সখ্য শৃঙ্গারৈঃ প্রিয়ং সুখয়েদহন্তু কেবলেনৈব দাস্যেন ত্বাং সুখয়েয়মিত্যেতাবানেব ভেদঃ ॥ ২৪ ॥

অথ তৎক্ষণ এবাতিদৈন্যভাবোদয়েন হন্ত হন্ত মমাধমস্য কথমেতাবৎ সৌভাগ্যং সম্ভবেদত এতদস্ত্বিতি প্রার্থয়তে। মম উত্তমঃশ্লোকজনেষু ত্বদ্ভক্তেষু সখ্যং ভূয়াৎ কিন্তু ত্বন্মায়য়া আত্মাত্মজাদিষ্বাসক্তস্য জনস্য কস্যাপি ময়ি সখ্যং ন ভূয়াৎ। যদৈতজ্জন্মনি অসুরাণাং ময়ি সখ্যমভূৎ মমচ ত্বদ্ভক্তেষু সখ্যং নাভূদিত্যপারং দুঃখমন্বভূবমিতি ভাবঃ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠে একাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

যং শৌর্য্যেণ গতোৎসাহঃ শক্রোঽভূদ্যেন বোধিতঃ। তং সংস্তূয় মহাযুদ্ধেঽহরিতি দ্বাদশে কথা ॥ ০ ॥

তেমনি আমার মনঃ তাপত্রয়ে সন্তপ্ত, কর্ম্ম সকলে বদ্ধ, তথা কামাদি দ্বারা পীড়িত হওয়াতে তোমাকে দর্শন করিতে অভিলাষ করে ॥ ২৪ ॥

অতএব হে ভগবন্! আমি স্বীয় কর্ম্ম দ্বারা সংসার চক্রে ভ্রমণ করিতেছি, ঐ ক্লেশ শান্তি নিমিত্ত তোমার ভক্তজন সহ আমার সখ্য হউক। প্রভো! তোমার মায়া বশতঃ এক্ষণে যে সকল পুত্র কলত্র দেহ গেহে আমার চিত্ত আসক্ত হইয়াছে পুনরায় যেন ঐ সকলে আসক্ত না হয় ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে একাদশ ॥ * ॥

দ্বাদশাধ্যায়ে মহাযুদ্ধে স্বয়ং বৃত্র কর্ত্তৃক উৎসাহিত হইয়া মহেন্দ্রের বৃত্র বধ ॥ ০ ॥

এবং জিহাসুর্নৃপ দেহমাজৌ মৃত্যুং বরং বিজয়ান্মন্যমানঃ।
শূলং প্রগৃহ্যাভ্যপতৎ সুরেন্দ্রং যথা মহাপুরুষং কৈটভোঽপ্সু॥ ১॥
ততো যুগান্তাগ্নিকঠোরজিহ্বমাবিধ্য শূলং তরসাসুরেন্দ্রঃ।
ক্ষিপ্ত্বা মহেন্দ্রায় বিনদ্য বীরো হতোঽসি পাপেতি রুষা জগাদ॥ ২॥
খ আপতত্তদ্বিচলদ্গ্রহোল্কবন্নিরীক্ষ্য দুষ্প্রেক্ষ্যমজাতবিক্লবঃ।
বজ্রেণ বজ্রী শতপর্ব্বণাচ্ছিনদ্ভুজঞ্চ তস্যোরগরাজভোগং॥ ৩॥
ছিন্নৈকবাহুঃ পরিঘেণ বৃত্রঃ সংরব্ধ আসাদ্য গৃহীতবজ্রং।
হনৌ ততাড়েন্দ্রমথামরেভং বজ্রঞ্চ হস্তান্ন্যপতন্মঘোনঃ।

শ্রীধরস্বামী।

মহাপুরুষং শ্রীবিষ্ণুং অপ্সু প্রলয়োদকে॥ ১॥

যুগান্তাগ্নিবৎ কঠোরা জিহ্বা শিখা যস্য তদাবিধ্য ভ্রাময়িত্বা॥ ২॥

তৎ খে আপতৎ আগচ্ছৎ বিচলৎ পরিভ্রমৎ গ্রহশ্চ উল্কাচ গ্রহোল্কং তদ্বৎ দুষ্প্রেক্ষ্যং শতং পর্ব্বাণি যস্য তেন। উরগরাজো বাসুকিঃ তস্য ভোগো দেহ স্তদাকারং॥ ৩॥

হনৌ কপোলপ্রান্তে অমরেভমৈরাবতঞ্চ॥ ৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মামযমিতি কর্ত্তব্য মূঢ়ো নহন্তি তদহমেব স্বসৌর্য্যং দর্শয়ন্নিমমুৎসাহয়ানি কোপয়ানিচ যতোমাময়ং শীঘ্রং নিহন্যাদিত্যাশয়েনাহ পুনর্যোদ্ধুং প্রবৃত্ত ইত্যাহ শূলমিতি। অপ্সু প্রলয়োদকে॥ ১॥

জিহ্বা শিখা আবিধ্য ভ্রময়িত্বা॥ ২॥

আপতৎ আগচ্ছৎ॥ ৩॥

হনৌ কপোলপ্রান্তে॥

পুরুহূত ইন্দ্রঃ॥ ৪। ৫॥

মহর্ষি শুকদেব কহিলেন হে রাজন্! বৃত্রাসুর এই প্রকারে যুদ্ধক্ষেত্রে আত্মদেহ পরিত্যাগ করিতে ইচ্ছুক হওয়াতে বিজয় অপেক্ষা মৃত্যুকেই শ্রেষ্ঠ করিয়া মান্য করত শূল গ্রহণ করিল এবং যেমন কৈটভাসুর প্রলয়োদকে ভগবান্ বিষ্ণুর প্রতি পতিত হইয়াছিল তাহার ন্যায় দেবরাজের অগ্রে পতিত হইল॥ ১॥

তদনন্তর যে শূলাস্ত্রের শিখা প্রলয়াগ্নি অপেক্ষাও ভয়ঙ্কর, সেই শূল বেগে ঘূর্ণিত করিয়া মহেন্দ্রের প্রতি নিক্ষেপ করিল, পরে সিংহনাদ করিতে করিতে ক্রোধ ভরে "অরে পাপ! তুই হত হইলি" এই প্রকার কটূক্তি প্রয়োগ করিতে লাগিল॥ ২॥

হে মহারাজ! দানবরাজের ঐ শূল গ্রহ এবং উল্কার তুল্য দুষ্প্রেক্ষ্য ছিল, যদিও নিক্ষিপ্ত হইয়া ঘুরিতে ২ আসিতে লাগিল, তথাচ তদ্দর্শনে অমরেশ্বরের কিঞ্চিন্মাত্র বৈক্লব্য জন্মিল না, তিনি শত পর্ব্ব সমন্বিত বজ্র দ্বারা অনায়াসে তাহা ছেদন করিলেন এবং ঐ অসুরের ভুজ, যাহা উরগরাজ বাসুকির দেহাকার তাহাও ছেদন করিয়া দিলেন॥ ৩॥

এক বাহু ছিন্ন হইলে বৃত্রাসুর ক্রোধে কম্পিত কলেবর হইয়া পরিঘ (লৌহময় যষ্টি) ধারণ পূর্ব্বক বজ্রধর পুরন্দরের প্রতি ধাবমান হইল এবং তাঁহার হনুদেশে অর্থাৎ কপোলের প্রান্ত ভাগে

বৃত্রস্য কর্ম্মাতিমহাদ্ভুতং তৎ সুরাসুরাশ্চারণ সিদ্ধসংঘাঃ।
অপূজয়ং স্তৎ পুরুহূতসঙ্কটং নিরীক্ষ্য হাহেতি বিচক্রুশুর্ভৃশং॥ ৪॥
ইন্দ্রো ন বজ্রং জগৃহে বিলজ্জিতশ্চ্যুতং স্বহস্তাদরিসন্নিধৌ পুনঃ।
তমাহ বৃত্রোহর আত্ত বজ্রো জহি স্বশত্রুং ন বিষাদ কালঃ॥ ৫॥
যুযুৎসতাং কুত্রচিদাততায়িনাং জয়ঃ সদৈকত্র নবৈ পরাত্মনাং।
বিনৈকমুৎপত্তিলয় স্থিতীশ্বরং সর্ব্বজ্ঞমাদ্যং পুরুষং সনাতনং॥ ৬॥
লোকাঃ সপালা যস্যেমে শ্বসন্তি বিবশা বশে। দ্বিজা ইব সিচা বদ্ধাঃ স কাল ইহ কারণং॥ ৭
ওজঃ সহো বলং প্রাণমমৃতং মৃত্যুমেবচ। তমজ্ঞায় জনোহেতুমাত্মানং মন্যতে জড়ং।

শ্রীধরস্বামী।

পুনশ্চ তমাহ বৃত্রঃ হে হরে ইন্দ্র॥ ৫॥

সদা জয়ো নৈব কিন্তু কুত্রচিজ্জয়ঃ একত্র কুত্রচিন্ন বৈ। যদ্বা কুত্রচিদপি যুযুৎসতাং সদা জয়ো ন বৈ কিন্ত্বেকত্রৈব কদাচিদেবেত্যর্থঃ। পরো দেহ আত্মা যেষাং পরাধীনাত্মনামিতি বা। আদ্যমনাদিং সনাতনং নিত্যং॥ ৬॥

পরাধীনতামেবাহ লোকা ইতি সপ্তভিঃ। যস্য বশে স্থিতাঃ স্বয়ং বিবশাঃ সন্তঃ শ্বসন্তি চেষ্টন্তে দ্বিজাঃ পক্ষিণঃ সিচা জালেন কালঃ কলয়তীতি ভগবানিহ জয়াদৌ কারণং॥ ৭॥

ওজ আদি রূপং তং কালং হেতুমজ্ঞায় অবিজ্ঞায় জড়ং সন্তমাত্মানং দেহং হেতুং মন্যতে॥ ৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আততায়িনাং শস্ত্রবতাং কুত্রচিৎ শক্রষু সদা জয়ঃ একত্র শত্রৌ নজয়শ্চ। যথা যুষ্মাকং অসুরেষু সদা জয়ঃ। ময়িতু নজয় ইত্যর্থঃ। যতঃ পরঃ অনাত্মাত্মীয়ঃ অস্বাধীন আত্মা পরমেশ্বরো যেষাং পরমেশ্বরস্তু সদৈব জয় ইত্যাহ বিনৈকমিতি। তেন স্বাধীনীকৃত পরমেশ্বরাণামর্জ্জুনাদীনামিব ন যুষ্মাকং সদা জয় ইতি ভাবঃ॥ ৬॥

তস্মাদ্যুষ্মাকং কর্ম্মাধীনানাং তু শুভাশুভাদৃষ্টানুকূলঃ কালএব জয়পরাজয়য়োঃ কারণমিত্যাহ লোকা ইতি যস্য বশে স্থিতাঃ শ্বসন্তি চেষ্টন্তে দ্বিজাঃ পক্ষিণঃ শিচা জালেন॥ ৭॥

ওজ আদি রূপং তং কালং হেতুমজ্ঞায় অবিজ্ঞায় জড়ং সন্তমাত্মানং দেহং হেতুং মন্যতে।

মহাবলে আঘাত করিল, তাহাতে অমরেন্দ্র—বাহান ঐ রাবণও তাড়িত হইল এবং মহেন্দ্রের হস্ত হইতে বজ্রও পড়িয়া গেল। হে নরেন্দ্র! দানবেন্দ্রের ঐ মহাদ্ভুত কর্ম্ম নিরীক্ষণ করিয়া সুর, অসুর, সিদ্ধ, চারণ এবং গন্ধর্ব্বগণ বহু বহু প্রশংসা করিলেন কিন্তু দেবেন্দ্রের বিপদ দর্শনে তৎক্ষণাৎ সকলে উচ্চৈঃস্বরে হাহাকার করিতে লাগিল॥ ৪॥

হে রাজন্! হস্ত হইতে বজ্র পতিত হওয়াতে ইন্দ্র লজ্জিত হইয়া শত্রু সমক্ষে তাহা পুনরায় উত্তোলন করিয়া লয়েন নাই, ইহাতে বৃত্র তাঁহাকে সম্বোধন পূর্ব্বক কহিল, দেবরাজ! বজ্র উঠাইয়া লইয়া নিজ বৈরিকে বধ কর, এখন বিষাদের সময় নহে॥ ৫॥

অহে অমরাধীশ! উৎপত্তি স্থিতি ও লয়ের ঈশ্বর এক সর্ব্বজ্ঞ সনাতন আদি পুরুষ ব্যতিরেকে পরাধীনাত্মা আততায়ি যুযুৎসু পুরুষদিগের সর্ব্বত্রে জয়ই হয় না, কোথাও জয়, কোথাও বা অজয় হইয়া থাকে, অতএব তোমার বিষাদের বিষয় কি?॥ ৬॥

হে দেবেন্দ্র! লোকপাল সহিত এই সমস্ত লোক যাঁহার অধীন হওয়াতে জালবদ্ধ পক্ষিদের ন্যায় বিবশ হইয়া স্ব স্ব ব্যাপারে চেষ্টা করিতেছে, সেই কালই অর্থাৎ ভগবানই জয়াদির কারণ॥ ৭
হে দেবরাজ! সেই ভগবানই সামর্থ্য, সাহস, বল, প্রাণ, অমৃত এবং মৃত্যুর স্বরূপ, কিন্তু আশ্চর্য্যের

যথা দারুময়ী নারী যথা পত্রময়ো মৃগঃ। এবম্ভূতানি মঘবন্নীশতন্ত্রাণি বিদ্ধি ভোঃ ॥ ৮ ॥
পুরুষঃ প্রকৃতির্ব্যক্তমাত্মভূতেন্দ্রিয়াশয়াঃ। শক্নুবন্ত্যস্য সর্গাদৌ ন বিনা যদনুগ্রহাৎ ॥ ৯ ॥
অবিদ্বানেবমাত্মানং মন্যতে ঽনীশমীশ্বরং। ভূতৈঃ সৃজতি ভূতানি গ্রসতে তানি তৈঃ স্বয়ং ॥ ১০
আয়ুঃ শ্রীঃ কীর্ত্তিরৈশ্বর্য্যমাশিষঃ পুরুষস্য যাঃ। ভবন্ত্যেবহি তৎকালে যথাঽনিচ্ছোর্বিপর্য্যয়াঃ ॥ ১১

শ্রীধরস্বামী।

নন্বারম্ভক প্রধান পুরুষাদি তন্ত্রাণীতি যুক্তং তত্রাহ পুরুষ ইতি। ব্যক্তং মহত্তত্ত্বং। আত্মা অহঙ্কারঃ ॥ ৯ ॥

নন্ব স্বকর্ম্ম দ্বারা জীব এব সৃষ্ট্যাদি হেতুরিতি মীমাংসকা মন্যন্তে তত্রাহ এবমবিদ্বান্ অনীশমেবাত্মানং ঈশ্বরং স্বতন্ত্রং মন্যতে। নন্বু পিত্রাদয়ঃ স্রষ্টারো দৃশ্যন্তে ব্যাঘ্রাদয়শ্চ হন্তারঃ তত্রাহ ভূতৈরিতি স্বয়মীশ্বরঃ ॥ ১০ ॥

নন্বু ত্বয়া পরাজিতস্য মম জয়াদি শঙ্কৈব নাস্তি কিমিতি বলান্মাং যুদ্ধে প্রবর্ত্তয়সি তত্রাহ আয়ুরিতি। তৎকালে জয়াদি কালে বিপর্য্যয়া অকীর্ত্ত্যাদয়ঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চ তস্য কালস্যাপি বশয়িতা যঃ পুরুষঃ সোপি যস্য বশে স স্বয়ং ভগবানেব সর্ব্বকারণকারণমিতি সদৃষ্টান্তমাহ যথেতি দ্বাভ্যাং। ঈশতন্ত্রাণি তস্যেশ্বরস্যাধীনানি ॥ ৮ ॥

পুরুষো মহৎস্রষ্টা স্বাংশোপি কিমুত প্রকৃত্যাদয় ইত্যর্থঃ। ব্যক্তং মহত্তত্ত্বমাত্মা অহঙ্কারঃ। এতে যস্যানুগ্রহাদ্বিনা সর্গাদৌ নশক্নুবন্তি। নচ পুরুষশ্চ সএব কথং তদনুগ্রাহ্য ইতি বাচ্যং। পর ব্রহ্মণোপি তদনুগ্রাহ্যত্ব শ্রবণাৎ যথা মদীয়ং মহিমানঞ্চ পরব্রহ্মেতি শব্দিতং। বেৎস্যস্যনুগৃহীতং মে সংপ্রশ্নৈর্বিবৃতং হৃদীতি ॥ ৯ ॥

নন্বু স্বকর্ম্ম দ্বারা জীবএব সৃষ্ট্যাদি হেতুরিতি মীমাংসকা মন্যন্তে তত্রাহ এবমবিদ্বান্। অনীশমেবাত্মানং জীবং ঈশং মন্যতে। নন্বু পিত্রাদয়ঃ স্রষ্টারোদৃশ্যন্তে ব্যাঘ্রাদয়স্তু হন্তারস্তত্রাহ ভূতৈরিতি ॥ ১০ ॥

নন্বু ত্বয়া পরাজিতস্য মম জয়াদি শঙ্কৈব নাস্তি কিমিতি বলান্মাং যুদ্ধে প্রবর্ত্তয়সীতি তত্রাহ আয়ুরিতি। তৎকালে আয়ুরাদ্যনুকূলে কালে অতস্তবায়ং জয়কালস্ত্বং জেষ্যসীতি ভাবঃ। বিপর্য্যয়া মৃত্যুদারিদ্র্যাদয়ঃ ॥ ১১ ॥

বিষয় এই যে, জন সকল তাঁহাকে জয়াদির কারণ না জানিয়া জড়রূপে বর্ত্তমান এই যে দেহ ইহাকে কারণ বলিয়া মানে। পরন্তু হে মঘবন্! যেমন দারুময়ী নারী, অথবা যেমন পত্রময় মৃগ স্বতন্ত্র হইয়া কোন চেষ্টা করিতে পারে না তাহার ন্যায়, এই সমস্ত ভূত ভগবান্ ঈশের পরতন্ত্র, অর্থাৎ এ সকলও তাঁহার অধিষ্ঠান ব্যতিরেকে কোন ব্যাপারে সমর্থ নহে ॥ ৮ ॥

অধিক কি বলিব তাঁহার অনুগ্রহ ব্যতিরেকে প্রকৃতি পুরুষ, মহত্তত্ত্ব, ভূত, ইন্দ্রিয়, মন, এ সকলও জীবের সৃষ্ট্যাদিতে সক্ষম নহে ॥ ৯ ॥

হে মহেন্দ্র! মীমাংসকেরা কহিয়া থাকেন জীবই স্বীয় কর্ম্ম দ্বারা সৃষ্ট্যাদির হেতু, কিন্তু ঐ মত যথার্থ নহে, অবিদ্বান্ ব্যক্তিই দেহকে ঈশ্বর অর্থাৎ স্বাধীন করিয়া মানে। যদি বল পিত্রাদি হইতে সৃষ্টি ও ব্যাঘ্রাদি হইতে বিনাশ দেখিতে পাওয়া যায়, উত্তর, তাহারাও পরতন্ত্র। ফলতঃ ভগবানই স্বয়ং পিত্রাদি ভূত সকলের দ্বারা ভূতগণের সৃষ্টি করিয়া থাকেন এবং তিনিই ব্যাঘ্রাদি ভূত সকলের দ্বারা ভূত সকলকে গ্রাস করেন ॥ ১০ ॥

হে দেবরাজ! তুমি আমা কর্ত্তৃক পরাজিত হইয়াছ ইহাতে তোমার জয় হইবার সম্ভাবনা নাই, আমি বল পূর্ব্বক তোমাকে যুদ্ধে প্রবর্ত্ত করাইতেছি এমত আশঙ্কা করিও না, পুরুষের কীর্ত্তি, শ্রী, ঐশ্বর্য্য, আয়ু এবং আশিষ এ সকল জয়াদি কালে অবশ্যই হয়, কিন্তু ঐ সময়ে তত্তদ্বিষয়ে অনিচ্ছা প্রকাশ করিলে বিপরীত অর্থাৎ অকীর্ত্তি ইত্যাদি হইয়া থাকে ॥ ১১ ॥

তস্মাদকীর্ত্তি যশসোর্জয়াপজয়য়োরপি। সমঃ স্যাৎ সুখদুঃখাভ্যাং মৃত্যুজীবিতয়োস্তথা ॥ ১২ ॥

সত্ত্বং রজস্তম ইতি প্রকৃতের্নাত্মনো গুণাঃ। তত্র সাক্ষিণমাত্মানং যো বেদ স ন বধ্যতে ॥ ১৩ ॥

পশ্য মাং নির্জ্জিতং শক্র বৃক্নায়ুধভুজং মৃধে। ঘটমানং যথাশক্তি তব প্রাণজিহীর্ষয়া ॥ ১৪ ॥

প্রাণগ্লহোঽয়ং সমর ইষ্বক্ষো বাহনাসনঃ। অত্র ন জ্ঞায়তেঽমুষ্য জয়োঽমুষ্য পরাজয়ঃ ॥ ১৫ ॥

শ্রীশুক উবাচ ॥

ইন্দ্রো বৃত্রবচঃ শ্রুত্বা গতালীকমপূজয়ৎ। গৃহীতবজ্রঃ প্রহসংস্তমাহ গতবিস্ময়ঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

যস্মাদেবং সর্ব্বমীশ্বরাধীনং তস্মাৎ সমঃ স্যাৎ হর্ষবিষাদ হীনো ভবেৎ ॥ ১২ ॥

সমদৃষ্টাবুপায়মাহ সত্ত্বমিতি হর্ষাদিভি র্ন বধ্যতে ॥ ১৩ ॥

হর্ষবিষাদ নিবৃত্ত্যৈ ত্বাহমেব গুরুরিত্যাহ পশ্যেতি বৃক্নমায়ুধং ভুজশ্চ যস্য ॥ ১৪ ॥

অনিয়তত্বং দ্যূত রূপকেণোপসংহরতি প্রাণা এব গ্লহঃ পণো যস্মিন্ ইষব এবাক্ষাঃ পাশকা যস্মিন্ বাহনান্যেব হস্ত্যাদীনি ইতস্ততশ্চাল্যমানানি আসনানি ফলকা যস্মিন্ ॥ ১৫ ॥

গতালীকং নিষ্কপটং ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

বাহনানি হস্ত্যাদীন্যেব আসনানি সারি স্থানীয়ানাং যোদ্ধৄণামাধার ভূতাঃ ফলকা যস্মিন্ ॥ ১৫ ॥

গত বিস্ময়ঃ প্রাপ্তবিস্ময়ঃ ॥ ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২। ২৩। ২৪। ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সমঃ সমভাবনাবান্ স্যাৎ সুখ দুঃখয়োঃ ॥ ১২ ॥

জয়পরাজয়াদ্যা গুণকার্য্যাএব আত্মা তু গুণব্যতিরিক্ত এবেতি বিবেকেন হর্ষ বিষাদৌ ন কার্য্যাবিত্যাহ সত্ত্বমিতি। নবধ্যতে সংসার বন্ধং ন প্রাপ্নোতি ॥ ১৩ ॥

অত্রার্থে অহমেব তে গুরুরিত্যাহ পশ্যেতি ॥ ১৪ ॥

যুদ্ধমিদং দ্যূত ক্রীড়নমেব। দোষ বুদ্ধ্যাপি রাগিভি স্ত্যক্তুমশক্যমিত্যাহ প্রাণএব গ্লহঃ পণোযত্র। ইষব এবাক্ষাঃ পাশকা যস্মিন্। বাহনানি হস্ত্যশ্বাদীন্যেব আসনানি ফলকা যস্মিন্ ॥ ১৫ ॥

গতবিস্ময় ইতি হন্ত হন্ত কথমসুরস্যাপ্যেতাবন্তি ভক্তিজ্ঞান বৈরাগ্যাণীতি প্রথমং বিস্মিতো হাস্যরহিত এবাসীৎ। ততঃ

অতএব হে সুরাধীশ! যে হেতু সকলই ঈশ্বরাধীন, সেই কারণে কীর্ত্তি, অকীর্ত্তি, জয়, পরাজয়, সুখ, দুঃখ, তথা জীবন মরণে সমান অর্থাৎ হর্ষ বিষাদ শূন্য হওয়া উচিত ॥ ১২ ॥

হে মঘবন্! সত্ত্ব রজঃ ও তমঃ এই তিন প্রকৃতির গুণ, আত্মার নহে, যে ব্যক্তি আত্মাকে গুণ ত্রয়ের সাক্ষী স্বরূপ জানেন, তিনি হর্ষাদি দ্বারা কখন বদ্ধ হন না ॥ ১৩ ॥

অহে শক্র! বিষাদ নিবৃত্তি নিমিত্ত এক্ষণে আমিই তোমার গুরু হইতেছি, আমাকে অবলোকন কর, আমি তোমা কর্ত্তৃক নির্জিত হইয়াছি এবং আমার অস্ত্র ও হস্ত ছিন্ন হইয়া গিয়াছে তথাপি তোমার প্রাণ সংহার ইচ্ছা করিয়া যথাশক্তি যত্ন করিতেছি ॥ ১৪ ॥

হে দেবরাজ! আমাদের এই সংগ্রাম দ্যূতক্রীড়ার তুল্য, ইহাতে পরস্পরের প্রাণই পণ, শর সমূহই পাশক, বাহনগণই হস্ত্যশ্বাদি বলরূপে ইতস্ততঃ চাল্যমান হইতেছে, এ দ্যূতে কাহার জয় হইবে ও কাহার পরাজয় হইবে এখনও জানা যাইতেছে না ॥ ১৫ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! বৃত্রাসুরের ঐ সকল বচন শ্রবণ করিয়া ইন্দ্র বিস্মিত হইলেন এবং

অহো দানব সিদ্ধোসি যস্য তে মতিরীদৃশী। ভক্তঃ সর্ব্বাত্মনাত্মানং সুহৃদং জগদীশ্বরং।
ভবানতার্ষীন্মায়াং বৈ বৈষ্ণবীং জনমোহিনীং। যদ্বিহায়াসুরং ভাবং মহাপুরুষতাঙ্গতঃ।
খল্বিদং মহদাশ্চর্য্যং যদ্রজঃ প্রকৃতেস্তব। বাসুদেবে ভগবতি সত্ত্বাত্মনি দৃঢ়া মতিঃ॥ ১৭॥
যস্য ভক্তির্ভগবতি হরৌ নিঃশ্রেয়সেশ্বরে। বিক্রীড়িতোমৃতাম্ভোধৌ কিং ক্ষুদ্রৈঃ খাতকোদকৈঃ॥ ১৮
শ্রীশুক উবাচ॥
ইতি ব্রুবাণাবন্যোন্যং ধর্ম্মজিজ্ঞাসয়া নৃপ। যুযুধাতে মহাবীর্য্যাবিন্দ্রবৃত্রৌ যুধাংপতী॥ ১৯॥

শ্রীধরস্বামী।

ভক্তঃ সেবিতবানসি॥ ১৭॥
তস্য তব খাতকোদকৈঃ গর্ত্তাদি জলোপমৈঃ স্বর্গাদিভিঃ কিং॥ ১৮॥
যুধাং সংগ্রামাণাং পতী মুখ্যৌ॥ ১৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রহ্লাদ বলি প্রভৃতি স্বত্যা ভক্তিরস্মাদৃশেভ্যোপি কোটি গুণিতা খল্বসুরেষপি সংভবেদেব ইতি বিস্ময়াপায়ে তস্য প্রহর্ষ হেতুকো হাসশ্চাভূদিত্যর্থঃ॥ ১৬॥
ভক্তঃ সেবিতবানসি॥
মহদাশ্চর্য্যমিতি। পুনরপি বিস্ময়োদয়ঃ। রজঃস্বভাবস্য তব কথং দৃঢ়া ভক্তিঃ প্রহ্লাদাদৌতু নারদাদি মহদনুগ্রহেণৈব রজঃ স্বভাবাপগমাত্তত্রোচিতৈব ভক্তিরিতি ভাবঃ। সত্ত্বাত্মনি শুদ্ধ সত্ত্ব মূর্ত্তৌ॥ ১৭॥
তব স্বর্গাদি ভোগোপেক্ষাযুক্তৈবেত্যাহ। যস্যেতি খাতোদকৈঃ গর্ত্তাদিজলোপমৈঃ স্বর্গাদিভিঃ কিং অস্মাকন্তু ভক্ত্যভাবাদেতৈরেব নির্বৃতিরিতি ভাবঃ॥ ১৮। ১৯॥

নিষ্কপট জানিয়া তাহার প্রশংসা করিতে লাগিলেন। অনন্তর বিস্ময় পরিত্যাগ পূর্ব্বক বজ্র গ্রহণ করিয়া হাস্য করিতে করিতে কহিলেন॥ ১৬॥

অহে দানবেন্দ্র! তুমি সিদ্ধ হইয়াছ, অহো! তোমার এ প্রকার বুদ্ধি জন্মিয়াছে। বোধ হইতেছে তুমি সর্ব্বান্তঃ করণে সকলের আত্মা ও সুহৃদ্ যে জগদীশ্বর, তাঁহার সেবা করিয়াছ, অপর জনমোহিনী বৈষ্ণবী মায়া উত্তীর্ণ হইয়াছ, যে হেতু তোমাতে অসুর ভাবের অভাব এবং মহাপুরুষ ভাবের প্রকাশ দেখিতেছি। পরন্তু ইহা অতিশয় আশ্চর্য্যের বিষয়, তুমি রজঃ প্রকৃতি, সত্ত্বমূর্ত্তি ভগবান্ বাসুদেবে তোমার দৃঢ়া মতি কি প্রকারে হইল? ॥ ১৭॥

যাহা হউক, নিঃশ্রেয়সের ঈশ্বর ভগবান্ হরিতে যখন তোমার ভক্তি জন্মিয়াছে এবং যখন তুমি অমৃত সাগরে বিহার করিয়াছ, তখন ক্ষুদ্র গর্ত্তাদির জল তুল্য স্বর্গাদিতে তোমার আর প্রয়োজন নাই, নিশ্চয় জানিতে পারিলাম॥ ১৮॥

শুকদেব কহিলেন হে রাজন্! ধর্ম্ম জানিতে বাসনা করিয়া ঐ প্রকার কহিতে কহিতে ইন্দ্র ও বৃত্রের ঘোরতর সমর আরম্ভ হইল, দুই জনেই মহাবীর্য্য ও মহাযোদ্ধা, অতএব কোন পক্ষের ন্যূনতা বোধ হইল না॥ ১৯॥

আবিধ্য পরিঘং বৃত্রঃ কার্ষ্ণায়সমরিন্দমঃ। ইন্দ্রায় প্রাহিণোদ্ঘোরং বামহস্তেন মারিষ।
সতু বৃত্রস্য পরিঘং করঞ্চ পরিঘোপমং। চিচ্ছেদ যুগপদ্দেবো বজ্রেন শতপর্ব্বণা ॥ ২০ ॥
দোর্ভ্যামুৎকৃত্তমূলাভ্যাং বভৌ রক্তস্রবোঽসুরঃ। ছিন্নপক্ষো যথাগোত্রঃ খাদ্ভ্রষ্টো বজ্রিণা হতঃ ॥২১
কৃত্বাঽধরাং হনুং ভূমৌ দৈত্যোদিব্যুত্তরাং হনুং। নভোগম্ভীরবক্ত্রেণ লেলিহোল্বণজিহ্বয়া ॥ ২২
দংষ্ট্রাভিঃ কালকল্পাভির্গ্রসন্নিব জগত্ত্রয়ং। অতিমাত্র মহাকায় আক্ষিপংস্তরসা গিরিং ॥ ২৩ ॥
গিরিরাট্ পাদচারীব পদ্ভ্যাং নির্জ্জরয়ন্মহীং। জগ্রাস স সমাদ্য বজ্রিণং সহবাহনং ॥ ২৪ ॥
মহাপ্রাণো মহাবীর্য্যো মহাসর্প ইব দ্বিপং। বৃত্রগ্রস্তং তমালোক্য সপ্রজাপতয়ঃ সুরাঃ।
হা কষ্টমিতি নির্ব্বিণ্ণাশ্চুক্রুশুঃ সমহর্ষয়ঃ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

হে মারিস শ্রেষ্ঠ হে রাজন্ ॥ ২০ ॥
উৎকৃত্তং মূলং যয়ো স্তাভ্যাং রক্তং স্রবতীতি তথা। গোত্রঃ পর্ব্বতঃ ॥ ২১ ॥
কৃত্বা ধরামিত্যাদে র্জগ্রাসেতি তৃতীয়েনান্বয়ঃ। নভোবৎ গম্ভীরেণ বক্ত্রেণ লেলিহঃ সর্পঃ তদ্বদুল্বনয়া জিহ্বয়া ॥ ২২ ॥
কালকল্লাভি মৃত্যু তুল্যাভিঃ। অতিমাত্রোঽত্যুচ্ছ্রিতো মহান্ কায়ো যস্য আক্ষিপন্ চালয়ন্ ॥ ২৩ ॥
নির্জ্জরয়ন্ চূর্ণয়ন্ ॥ ২৪ ॥
মহাপ্রাণো মহাবলঃ মহাবীর্য্যো মহাপ্রভাবঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আবিধ্য ভ্রাময়িত্বা মারিষ হে মান্য। ২০ ॥
গোত্রঃ পর্ব্বতঃ। ২১।
নভোবদ্গম্ভীরেণ বক্ত্রেণ লেলিহঃ সর্প স্তদ্বদুল্বনয়া জিহ্বয়া নির্জ্জরয়ন্ জীর্ণীকুর্ব্বন্ তরসা জগ্রাসেতান্বয়ঃ। ২২। ২৩। ২৪। ২৫ ॥

হে নৃপশ্রেষ্ঠ! মহাবল বৃত্র কৃষ্ণবর্ণ লৌহময় ঘোর পরিঘ অস্ত্র বাম করে ধারণ করিয়া ঘূর্ণিত করত ইন্দ্রের প্রতি নিক্ষেপ করিল কিন্তু তাহার ঐ পরিঘ এবং পরিঘ তুল্য কর উভয়কেই দেবরাজ আনত পর্ব্ব বজ্র দ্বারা এক কালীন ছেদন করিয়া ফেলিলেন ॥ ২০ ॥

বাহুদ্বয়ের মূল উৎকৃত্ত হইলে তাহা হইতে অনর্গল রুধির নির্গত হইতে লাগিল কিন্তু তাহাতেও ইন্দ্রের বজ্রে ছিন্নপক্ষ পর্ব্বত যেমন আকাশ হইতে ভ্রষ্ট হইয়া শোভা পায় তাহার ন্যায়, ঐ অসুর শোভা পাইতে লাগিল ॥ ২১ ॥

অনন্তর সে আপনার হনুদেশ অর্থাৎ গণ্ডের নিম্নভাগ ভূমিতে পাতিয়া ও উপর ভাগ স্বর্গে রাখিয়া আকাশের ন্যায় গম্ভীর মুখ ও সর্পতুল্য উল্বণ জিহ্বা ॥ ২২ ॥

এবং মৃত্যু সদৃশ করাল দংষ্ট্রা দ্বারা ত্রিজগৎ যেন গ্রাস করিতে প্রবৃত্ত হইল। পরে আপনার প্রকাণ্ড দেহ অত্যর্থ উচ্ছ্রিত এবং বেগে গিরি সকল সঞ্চালিত করিয়া ॥ ২৩ ॥

পাদচারি পর্ব্বতরাজের ন্যায় পৃথ্বী চূর্ণ করত বজ্রধারি পুরন্দরের নিকটে আসিল এবং বাহন সহিত তাঁহাকে সম্পূর্ণ রূপে গ্রাস করিয়া মুখের মধ্যে পুরিল ॥ ২৪ ॥

হে রাজন্! মহাবল মহাপ্রতাপ মহাসর্প যদ্রূপ গজকে গ্রাস করে তাহার ন্যায় ঐ অসুর সুরপতিকে গ্রাস করিল। দেবগণ দেবরাজকে বৃত্রগ্রস্ত দেখিয়া ভয় ও নির্ব্বেদে বিবর্ণ হইলেন এবং ঋষিগণ সহিত "হা কষ্ট" এই প্রকার কহিতে কহিতে পরিতাপ আরম্ভ করিলেন ॥ ২৫ ॥

নিগীর্ণোঽপ্যসুরেন্দ্রেণ ন মমারোদরং গতঃ । মহাপুরুষসন্নদ্ধো যোগমায়াবলেন চ ॥ ২৬ ॥
ভিত্ত্বা বজ্রেণ তৎকুক্ষিং নিষ্ক্রম্য বলভিদ্বিভুঃ । উচ্চকর্ত্ত শিরঃ শত্রোর্গিরিশৃঙ্গমিবৌজসা ॥ ২৭ ॥
বজ্রস্তু তৎ কন্ধরমাশুবেগঃ কৃন্তন্ সমন্তাৎ পরিবর্ত্তমানঃ ।
ন্যপাতয়ত্তাবদহর্গণেন যোজ্যোতিষামযনে বার্ত্রহত্যে ॥ ২৮ ॥
তদা চ খে দুন্দুভয়ো বিনেদু র্গন্ধর্ব্বসিদ্ধাঃ সমহর্ষিসংঘাঃ ।
বার্ত্রঘ্নলিঙ্গৈ স্তমভিষ্টুবানা মন্ত্রৈর্মুদা কুসুমৈরভ্যবর্ষন্ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী ।

মহাপুরুষেণ কবচরূপেণ শ্রীনারায়ণেন সন্নদ্ধো দংশিতঃ যোগবলেন মায়াবলেন চ ॥ ২৬ ॥

বলভিদিন্দ্রঃ । উচ্চকর্ত্ত চিচ্ছেদ ॥ ২৭ ॥

তস্য কন্ধরং কন্ধরাং আশুবেগঃ অতিবেগবান্ জ্যোতিষাং সূর্য্যাদীনাং অয়নে দক্ষিণোত্তর গতিরূপে সম্বৎসরে যোঽহর্গণঃ ষষ্ঠ্যুত্তর শতত্রয়াত্মকঃ তাবতাহর্গণেনৈব বার্ত্রহত্যে বৃত্রহত্যা যোগ্যে কালেন্যপাতয়ৎ । যদ্বা স্বার্থে তদ্ধিতঃ বৃত্রহত্যায়াং বৃত্রহননার্থং পরিবর্ত্তমান ইত্যর্থঃ ॥ ২৮ ॥

বার্ত্রঘ্ন লিঙ্গৈ র্মন্ত্রৈঃ বৃত্রহন্তুর্বীর্য্য প্রকাশকৈঃ বার্ত্রহত্যা যশসে পৃতনাসাহ্যায় চেত্যাদ্যৈঃ তমিন্দ্রং অভিষ্টুবানাঃ অভিষ্টুবন্তঃ ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ ।

ন মমারেত্যত্র হেতুমাহ মহাপুরুষেণ বিশ্বরূপোপদিষ্ট নারায়ণবর্ম্মণা সংনদ্ধঃ নম্নু গুরুবধেপি সা বিদ্যা স্ফুরদিতি শাস্ত্রবিদাম সম্মতঃ তত্রাহ যোগেতি । সংপ্রতিলব্ধেন ভগবচ্ছক্তিবলেনেত্যর্থঃ । চকারাত্তদ্বলেন পূর্ব্বশক্তেরপ্যুদ্বোগমিতঃ ॥ ২৬।২৭।২৮।২৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

মহাপুরুষেণ শ্রীনারায়ণ কবচেন সংনদ্ধো দংশিতঃ যোগবলেন স্বমায়া বলেনচ তত্র যোগোঽষ্টাঙ্গঃ । মায়া অন্তর্দ্ধান পবনাদিরূপেণ স্থিতিঃ ॥ ২৬ ॥

উচ্চকর্ত্ত চিচ্ছেদ ॥ ২৭ ॥

আশুবেগোপি সমন্তাৎ পরিবর্ত্তমানঃ কন্ধরায়াঃ সর্ব্বতোদিক্ষু ভ্রমন্নেব কৃন্তন্ নত্বেকতোদিশঃ । কন্ধরায়া মহাসারত্বাদিতি ভাবঃ । তাবতা অহর্গণেন কর্ত্তিত্বা ভূমৌ ন্যপাতয়ৎ যোঽহর্গণঃ জ্যোতিষাং সূর্য্যাদীনাং সম্বন্ধিনী অয়নে যে দক্ষিণোত্তরে অভিব্যাপ্য ভবেদিত্যর্থঃ । অয়নে কীদৃশে বার্ত্রহত্যে বৃত্রহত্যাযোগ্যে দণ্ডাদি য প্রত্যয়াত্তাৎ স্বার্থিকে নানা তত্র ভবার্থে নানা বারূপং ॥ ২৮ ॥ বার্ত্রঘ্নলিঙ্গৈ বার্ত্রহত্যা যশসে পৃতনাসাহ্যায় চেত্যাদ্যৈর্মন্ত্রৈস্তমিন্দ্রমভিষ্টুবানা ॥ ২৯ ॥

হে রাজন্ ! যদিও অসুরেন্দ্র কর্ত্তৃক গিলিত হইয়া মহেন্দ্র তদীয় উদর গত হইলেন, তথাচ নারায়ণ—কবচে সন্নদ্ধ থাকাতে তৎপ্রভাবে যোগমায়ার বলে দেবরাজের মৃত্যু হইল না ॥ ২৬ ॥

কিয়ৎক্ষণানন্তর স্বীয় বজ্র দ্বারা ঐ অসুরের কুক্ষি বিদীর্ণ করিয়া নির্গত হইলেন এবং নিজ তেজে গিরি শৃঙ্গের ন্যায় ঐ শত্রুর শিরঃ কর্ত্তন করিয়া ফেলিলেন ॥ ২৭ ॥

হে রাজন্ ! যদিও ইন্দ্রের বজ্র অতিশয় বেগবান্ তথাচ বৃত্রহননার্থ সর্ব্বতোভাবে পরিচালিত হইয়া তাহার কন্ধর কর্ত্তন করত সূর্য্যাদির দুই অয়নে অর্থাৎ সম্বৎসরে যত দিন, তত দিনে তাহা পাতিত করিল ॥ ২৮ ॥

মহারাজ ! বৃত্রাসুর বিনষ্ট হইলে আকাশে দুন্দুভিধ্বনি হইল এবং গন্ধর্ব্ব ও সিদ্ধগণ মহর্ষি সংঘ সহিত বৃত্রহন্তার বীর্য্য প্রকাশক মন্ত্র পাঠ পূর্ব্বক ভূরি ভূরি স্তব করত আহ্লাদে পুষ্প বৃষ্টি করিতে লাগিলেন ॥ ২৯ ॥

বৃত্রস্য দেহান্নিষ্ক্রান্তমাত্মজ্যোতিররিন্দম । পশ্যতাং সর্বদেবানামলোকং সমপদ্যত ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে বৃত্রবধো দ্বাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১২ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

বৃত্রে হতে ত্রয়োলোকা বিনা শক্রেণ ভূরিদ । সপালা হ্যভবন্ সদ্যো বিজ্বরা নির্বৃতেন্দ্রিয়াঃ ॥ ১ ॥

দেবর্ষি পিতৃভূতানি দৈত্যা দেবানুগাঃ স্বয়ং । প্রতিজগ্মুঃ স্বধিষ্ণ্যানি ব্রহ্মেশেন্দ্রাদয়স্ততঃ ॥ ২ ॥

শ্রীরাজোবাচ ॥

শ্রীধরস্বামী ।

অলোকং লোকাতীতং ভগবন্তং ॥ ৩০

॥ * ॥ ইতি ষষ্ঠে দ্বাদশঃ ॥ * ॥

ত্রয়োদশেতু বৃত্রাখ্য ব্রহ্মহত্যা মহাভয়াৎ । চিরং নষ্টোঽর্চিতঃ শক্রো বিষ্ণুনেতি নিরূপ্যতে ॥ ০ ॥

অনির্বৃতং শক্রমপৃষ্ট্বা স্বয়মেব প্রতিজগ্মুঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ ।

বৃত্রস্যেতি আত্মজ্যোতিরাবিভূর্ত পার্ষদদেহাত্মকং । অলোকং ভগবল্লোকং ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অত্র যদৈব বৃত্রঃ সবাহনমিন্দ্রং জগ্রাস তদৈব মম হন্তা অন্যঃ কোপি নাস্তীতি নিশ্চিত্য যোগবলেনৈব দেহং ত্যক্ত্বা কথং ন শীঘ্রং ভগবৎ পার্শ্বং যামীতি বিভাব্য সমাধিং চকার তদৈবেন্দ্রোঽচেতনস্য বৃত্রদেহস্য কুক্ষিং বিদার্য্য নিঃসৃত্য শিরশ্ছেদে প্রবৃত্ত ইতি গিরি শৃঙ্গমিব চকর্ত্তেতি দৃষ্টান্তাৎ জ্ঞেয়ং । আত্মজ্যোতিঃ পার্ষদদেহাত্মকঃ প্রকাশঃ বৃত্রদেহাৎ পৃথগ্ভূতঃ । অলোকং লোকাতীতং শ্রীসঙ্কর্ষণ বৈকুণ্ঠং ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং । ষষ্ঠস্য দ্বাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ত্রয়োদশে ব্রহ্মহত্যা ভয়াদিন্দ্রোঽবসচ্চিরং । মানসাম্ভোজনালেঽস্য ততো রক্ষাশ্বমেধতঃ ॥ ০ ॥

ব্রহ্মেশেন্দ্রাদয় ইতি । ইন্দ্রস্য স্বধিষ্ণ্য গমনং নোপপদ্যতে বৃত্রবধক্ষণ এব ব্রহ্মহত্যোপদ্রব প্রাপ্তেঃ । তস্মাত্তস্য ইত্যনেন মানসসরোবরাদাগত্য প্রবর্ত্তিতাদশ্বমেধাৎ পরস্ত ইতি ব্যাখ্যেয়ং ॥ ১ । ২ ॥

হে শক্রনাশন রাজন্ ! সেই সময়ে বৃত্রদেহ হইতে তদীয় আত্মজ্যোতিঃ নির্গত হইয়া দর্শনকারি দেবগণের সমক্ষেই ভগবান্ সঙ্কর্ষণদেবে/গিয়া সঙ্গত হইল ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে দ্বাদশ ॥ * ॥

ত্রয়োদশ অধ্যায়ে বৃত্রবধ জনিত ব্রহ্ম হত্যা ভয়ে ইন্দ্রের চির পলায়ন এবং ভগবান্ কর্তৃক তাঁহার রক্ষা ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্ ! বৃত্রাসুর নিহত হইলে ইন্দ্র ব্যতীত লোকপাল সহিত তিন লোকের মনঃ সদ্যঃ বিজ্বর ও নির্বৃত হইল ॥ ১ ॥

দেব, ঋষি, পিতৃ, ভূত, দৈত্য ও দেবানুচর সকল তথা ব্রহ্মা ঈশ প্রভৃতি সানন্দমনে স্ব স্ব স্থানে গমন করিলেন কিন্তু মহেন্দ্র আপনার কর্ম দ্বারা বিমর্ষ হইয়া কি করিতেছেন জিজ্ঞাসা করিতেও কাহারও বিলম্ব সহিল না ॥ ২ ॥

ইন্দ্রস্যানির্বৃতের্হেতুং শ্রোতুমিচ্ছামি ভো মুনে। যেনাসন্ সুখিনো দেবা হরের্দুঃখং কুতোঽভবৎ ॥ ৩

শ্রীশুক উবাচ ॥

বৃত্রবিক্রমসংবিগ্নাঃ সর্ব্বে দেবাঃ সহর্ষিভিঃ। তদ্বধায়ার্থয়ন্নিন্দ্রং নৈচ্ছদ্ভীতো বৃহদ্বধাৎ ॥ ৪ ॥

ইন্দ্র উবাচ ॥

স্ত্রীভূদ্রুমজলৈরেনো বিশ্বরূপবধোদ্ভবং। বিভক্তমনুগৃহ্ণদ্ভির্ব্রহত্যাং ক মার্জ্ম্যহং ॥

শ্রীশুক উবাচ ॥

ঋষয় স্তদুপাকর্ণ্য মহেন্দ্রমিদমব্রুবন্। যাজয়িষ্যাম ভদ্রং তে হয়মেধেন মাস্মভৈঃ।
হয়মেধেন পুরুষং পরমাত্মানমীশ্বরং। ইষ্ট্বা নারায়ণং দেবং মোক্ষসেপি জগদ্বধাৎ।

শ্রীধরস্বামী।

হরেরিন্দ্রস্য ॥ ৩ ॥
তস্য দুঃখহেতুং বক্তুং প্রস্তাবকথামাহ বৃত্রবিক্রমেত্যাদিনা। আর্থয়ন্ প্রার্থয়ন্তঃ। বৃহদ্বধাৎ ব্রহ্মবধাৎ ভীতঃ সন্ ॥ ৪ ॥
এনঃ পাপং বিভক্তং বিভজ্য গৃহীতং মার্জ্মি শোধয়ামি ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

বৃত্রবিক্রমেত্যাদি বৃত্রবাক্য শ্রবণানন্তরমেব জ্ঞেয়ং ॥ ১। ২। ৩ ৪ ॥

অথ যথা বৃহস্পত্যবজ্ঞাত্মকং পাপং বিশ্বরূপবধাত্মকপাপান্তরস্য জনকং জাতং। তথাচ তচ্চ লোকমাত্র দৃষ্ট্যা বিভক্তমপি বৃত্র-বধাত্মকপাপান্তরজনকত্বেনাবশিষ্টমেব দৃষ্টং ইন্দ্রঃ স্বয়মপি তদবশেষমনুভূয়াস্তভীত এব বহিস্তান্ প্রত্যাচক্ষাণ স্তমপি পূর্ব্বশ্লোক সংগ্রহার্থমুপলপতি স্ত্রীতি ॥

ঋষয়স্তু জগৎ স্বাস্থ্যায় তস্যাপ্যাসুরভাবনাশায় শ্রীভগবদাজ্ঞাবলেন সংপ্রযোজিতবন্ত ইত্যভিপ্রেত্যাহ ঋষয় ইতি ॥

অতো দোষাভাসত্বাৎ প্রায়শ্চিত্তাভাসমপ্যুস্তাবয়ন্তি। হয়েতি। তত্র বীর্য্যাতিশয়াধান জ্ঞাপনার্থমাহুঃ। নারায়ণ মিষ্ট্বেতি। কৈমুত্যার্থমাহ ব্রহ্মহেতি। আচার্য্যোবেদগুরুঃ কীর্ত্তনমাত্রাৎ। কিং পুনরসকৃন্নামোচ্চারণময় তদ্ভজনাদিত্যর্থঃ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হরেরিন্দ্রস্য ॥ ৩ ॥
তস্য বৃত্রস্য বধায় আর্থয়ন্ প্রার্থয়ন্ত সচেন্দ্রোহস্তং নৈচ্ছৎ। বৃহদ্বধাৎ ব্রাহ্মণবধাদ্ভীতঃ সন্ ॥ ৪ ॥
এনঃ পাপং মার্জ্মি শোধয়ামি ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! দেবরাজ কেন বিষণ্ণ হইলেন, তাঁহার অনির্বৃতির কারণ কি? যে কর্ম্ম দ্বারা সমস্ত দেবতা সুখী হইলেন তাহাতে কি হেতু মহেন্দ্রের দুঃখ বোধ হইল? ঐ বিষয় শুনিতে অভিলাষ হইতেছে অনুগ্রহ পূর্ব্বক বর্ণন করুন ॥ ৩ ॥

শুকদেব কহিলেন রাজন্! ঋষিগণ সহিত যাবন্ত দেবতা বৃত্রাসুরের বিক্রমে অত্যর্থ উদ্বেজিত হইয়া তাহার বধার্থ মহেন্দ্র সন্নিধানে প্রার্থনা করেন, কিন্তু বৃত্রকে বিনষ্ট করিলে ব্রহ্মহত্যা হইবে এই ভয়ে তাহা করিতে প্রথমতঃ ইন্দ্রের ইচ্ছা হয় নাই। ইন্দ্র কহিলেন বিশ্বরূপকে বধ করাতে একবার ব্রহ্ম হত্যা পাপ হইয়াছিল, স্ত্রী, ভূমি, বৃক্ষ ও জল ইহারা চারিজনে অনুগ্রহ পূর্ব্বক বিভাগ করিয়া লই-য়াছে, আবার বৃত্রহত্যা করিয়া কিসে পাপ মার্জন করিব? ॥ ৪ ॥

শুকদেব কহিলেন রাজন্! মহেন্দ্রের ঐ বচন শুনিয়া ঋষিগণ কহিলেন, দেবরাজ! ভয় কি? আমরা তোমাকে অশ্বমেধ যজ্ঞ করাইব, তাহাতে তোমার মঙ্গল হইবে চিন্তা করিও না। হে দেবেন্দ্র! অশ্বমেধ যজ্ঞ দ্বারা পরম পুরুষ পরমাত্মা নারায়ণ দেবের অর্চ্চনা করিলে বৃত্র বধ কি জগতের বধ করিয়াও তজ্জন্য পাপ হইতে মুক্ত হইতে পারিবে? অহে ইন্দ্র কি মাতৃঘাতী, কি পিতৃঘাতী, কি

ব্রহ্মহা পিতৃহা গোঘ্নো মাতৃহাচার্য্যহাঘবান্। শ্বাদঃ পুল্কসকো বাপি শুদ্ধ্যেরন্ যস্য কীর্ত্তনাৎ॥
তমশ্বমেধেন মহামখেন শ্রদ্ধান্বিতোঽস্মাভিরনুষ্ঠিতেন।
হত্বাপি সব্রহ্মচরাচরং ত্বং ন লিপ্যসে কিং খলনিগ্রহেণ॥ ৫॥
শ্রীশুক উবাচ॥
এবং সঞ্চোদিতো বিপ্রৈর্মরুত্বানহনদ্রিপুং। ব্রহ্মহত্যা হতে তস্মিন্নাসসাদ বৃষাকপিং॥ ৬॥
তয়েন্দ্রঃ স্মাসহত্তাপং নির্বৃতির্নামুমাবিশৎ। হ্রীমন্তং বাচ্যতাং প্রাপ্তং সুখয়ন্ত্যপি নো গুণাঃ॥ ৭॥

শ্রীধরস্বামী।

বৃষাকপিমিন্দ্রং॥ ৬॥
তয়া দেবাদিভিঃ কারিতয়া স্বেত্তাবধারণে। ইন্দ্রএব তাপমসহৎ নান্যঃ। অমুমিন্দ্রং নির্বৃতি র্নাবিশৎ। নতু ধৈর্য্যাদি গুণযুক্তস্য কুতোঽনির্বৃতি স্তত্রাহ। হ্রীমন্তং লজ্জাযুক্তং বাচ্যতাং নিন্দ্যতাং॥ ৭॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র স্বপ্রভাবমপি দর্শয়ন্তি অস্মাভিরিতি। তত্র ভগবত ইব স্বাতিপ্রায়মপি ব্যঞ্জয়ন্তি। খলেতি জগতস্তস্য চ তত্রীতাবান্নাত্র দোষ ইতি॥ ৫॥
এবং তস্যাত্মনি পাপস্য নাত্যুপপত্তাবপি সাভিমানা তদধিষ্ঠাত্রীতু তমভিভবিতুমুদ্যতেত্যাহ ব্রহ্মহত্যেতি॥ ৬॥
ততশ্চ তয়া সন্নিহিতয়া হেতুভূতয়া য স্তাপস্তদপীন্দ্রোঽসহৎ। তেন পরাভবং ন প্রাপ্তবান্। তদেবমপি নির্বৃতি ষমুং ন্নাবিশৎ। তত্র হেতুঃ হ্রীমন্তমিতি। ৭। ৮। ৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মাস্বৈভঃ মাভৈষীঃ॥ ৫॥
তস্মিন্ বৃত্রে হতে সতি বৃষাকপিমিন্দ্রং। অত্র প্রায়শ্চিত্তবাদেন পাপাচরণাৎ পূর্ব্বতো হ্নীয়মতিপ্রবলা দুঃখভোগেন বিনা কেবলেন প্রায়শ্চিত্তেন নশ্যেন্নোবিত্যত এব তে তদানীমশ্বমেধেন তং নৈব যাজয়ামাসুরিতি জ্ঞেয়ং। তে খষায়োপি প্রায়শ্চিত্ত বলেন পাপপ্রবর্ত্তনাজ্জনস্যাপরাধস্য ফলং চিরকালব্যাপিনীং দুরবস্থামিন্দ্রপদারূঢ়েন নহুষেণ তদানীমেব প্রাপিতা ইতি চ জ্ঞেয়ং॥ ৬॥
অসহৎ অসহত। নির্বৃতিরানন্দঃ। অমুং ইন্দ্রং নতু ধৈর্য্যাদি গুণযুক্তস্য তস্য কুতোঽনির্বৃতি স্তত্রাহ। হ্রীমন্তং জনং বাচ্যতাং। ব্রহ্মঘাতীতি প্রবাদং॥ ৭॥

ব্রহ্মঘ্ন, কি গোঘ্ন, কি গুরু হত্যাকারী, কি কুকুর ভোজী, কি চণ্ডাল ইত্যাদি মহা মহা পাপী লোকেও যাঁহার নাম কীর্ত্তন মাত্র তত্তৎ পাতক হইতে পবিত্র হয়, আমরা মহাযজ্ঞ অশ্বমেধের অনুষ্ঠান করিব, তুমি তদ্দ্বারা শ্রদ্ধান্বিত হইয়া সেই ভগবান্ নারায়ণের অর্চ্চনা করিবে, তাহাতে যদি তুমি ব্রহ্ম সহ চরাচর সংহার কর তাহা হইলেও তজ্জন্য পাপে লিপ্ত হইবে না, খল নিগ্রহ জন্য পাপ স্পর্শিবে এ কি কথা?॥ ৫॥
শুকদেব কহিলেন রাজন্! যদিও ঐ সকল ঋষি ঐ প্রকার প্রবৃত্তি দিয়া অনুরোধ করাতে মহেন্দ্র মহারিপু বৃত্রের প্রাণ বধ করিলেন, তথাচ ব্রাহ্মণ বৃত্র নিহত হইবা মাত্র তৎক্ষণাৎ ব্রহ্মহত্যা ইন্দ্রকেই গিয়া আক্রমণ করিল॥ ৬॥
এবং তদ্দ্বারা ইন্দ্রকেই সন্তাপ সহ্য করিতে হইল, আর তজ্জন্য ইন্দ্রই নির্বৃতি লাভ করিতে পারিলেন না। হে রাজন্! যদিও মহেন্দ্রের ধৈর্য্যাদি বহু বহু গুণ ছিল, তথাচ যে ব্যক্তি নিন্দনীয় কর্ম্ম করিয়া লজ্জা যুক্ত হয়, তাহাকে গুণ সকলেও সুখী করিতে পারে না॥ ৭॥

তাং দদর্শানুধাবন্তীং চাণ্ডালীমিব রূপিণীং। জরয়া বেপমানাঙ্গীং যক্ষ্মগ্রস্তামসৃক্‌পটাং ॥ ৮ ॥
বিকীর্য্য পলিতান্ কেশাংস্তিষ্ঠ তিষ্ঠেতি ভাষিণীং। মীনগন্ধ্যসুগন্ধেন কুর্ব্বতীং মার্গদূষণং ॥ ৯ ॥
নভোগতোদিশঃ সর্ব্বাঃ সহস্রাক্ষো বিশাম্পতে। প্রাগুদীচীং দিশং তূর্ণং প্রবিষ্টো নৃপ মানসং ॥ ১০ ॥
স আবসৎ পুষ্করনালতন্তূনলব্ধভোগো যদিহাগ্নিদূতঃ।

শ্রীধরস্বামী।

যক্ষ্মগ্রস্তাং ক্ষয়রোগব্যাপ্তাং ॥ ৮ ॥
মীনস্যেব গন্ধো যস্য স মীনগন্ধিঃ সচাসাবসুশ্চ প্রাণঃ শ্বাসবায়ুস্তস্য গন্ধেন ॥ ৯ ॥
প্রাগুদীচীং দিশং গতঃ সন্ তূর্ণং মানসং সরঃ প্রবিষ্টঃ ॥ ১০ ॥
স ইন্দ্রঃ সহস্রং বর্ষাণি পুষ্করনালস্য তন্তূনাবসৎ। কথম্ভূতঃ ন লব্ধো ভোগো যেন সঃ। কুতঃ যদযস্মাৎ ইহ জলেঽবসৎ অগ্নিদূতশ্চ স্বয়ং অগ্নেশ্চ দূতস্য হবির্ভাগানেতু র্জলে প্রবেশাসম্ভবাদলব্ধভোগ ইত্যর্থঃ অলব্ধ ভাগ ইতি পাঠে ন লব্ধো যজ্ঞ ভাগো যেন সঃ ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত স্তৎ সঙ্গতাগ্যায় নভ আকাশং গতঃ। সর্ব্বাশ্চ দিশোগতঃ। তূর্ণং তদনুদ্রব বিদূরং যথাস্যাৎ ॥ ১০ ॥
অগ্নিদূত স্তৎ সহায়োঽয়ং। তস্মাৎ জলে ন তিষ্ঠেদিত্যলক্ষিত স্তয়া সর্ব্বৈরন্যৈশ্চ অত স্তদস্তিত্বাসম্ভাবনয়া তন্নুদ্দিশ্য হবির্ভাগাদানাদলব্ধভোগশ্চেত্যর্থঃ ব্রহ্মবধাত্তদধিষ্ঠাত্র্যা স্তস্যাঃ সকাশাদ্বিমোক্ষং তদুপায়ং শ্রীভগবত্তনিত্যর্থঃ। ঋতম্ভরধ্যানেতি বক্ষ্যমাণাৎ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যক্ষ্মা মহারোগঃ। মীনস্যেব গন্ধোযস্য স মীনগন্ধিঃ সচাসাবসুঃ শ্বাসবায়ু স্তস্য গন্ধেন ॥ ৮। ৯ ॥
প্রথমং নভ আকাশং গতঃ তত্রাপি তামনুধাবন্তীং দৃষ্ট্বা সর্ব্বা দিশোগতঃ। তত্র তত্রাপি তথা দৃষ্ট্বা প্রাগুদীচীং ঐশানীং গতঃ সন্ তত্র তূর্ণং মানসং সরঃ প্রবিষ্টঃ ॥ ১০ ॥
পুষ্করস্য কমলস্য নালে যে তন্তবঃ তত্র অত্যলক্ষিতমিত্যর্থঃ। অলব্ধভোগঃ যদযতোঽগ্নিদূতঃ। অগ্নেঃ স্বদূতস্য হবির্ভাগানেতু র্জলে প্রবেশাসম্ভবাদিতি ভাবঃ। যদ্যপ্যগ্নিনা জলং ন দুষ্প্রবেশং তদন্তঃস্থিতায় বরুণায়াপি হবির্বহনাৎ তদপি তদীয়ং জলং দুষ্প্রবেশমেব রুদ্রানুচরৈ রক্ষ্যমাণত্বাৎ অতএব সর্ব্বত্রাভিগামিনী ব্রহ্মহত্যাপি তত্র গন্তুং নশশাকেতি জ্ঞেয়ং। সাহস্রং সহস্রং

সে যাহা হউক, ইন্দ্রের দৃষ্টি গোচর হইল, ব্রহ্মহত্যা ভীষণ মূর্ত্তি ধারণ পূর্ব্বক চাণ্ডালীর ন্যায় পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইতেছে, জরা দ্বারা তাহার অঙ্গ সকল কম্পমান এবং ক্ষয় রোগ হেতুক অতিশয় ব্যতিব্যস্ত, আর তাহার পরিধান বসন শোণিত ময় ॥ ৮ ॥

সে আপনার পলিত কেশ বিকীর্ণ করিতে করিতে "তিষ্ঠ ২" এই শব্দ মুহুর্মুহুঃ উচ্চৈঃস্বরে উচ্চারণ করিতেছিল এবং তাহার নিশ্বাস বায়ু মৎস্যগন্ধের তুল্য এত দুর্গন্ধ যে তদ্দ্বারা পথ পর্য্যন্তও দূষিত হইয়া যাইতেছিল ॥ ৯ ॥

হে রাজেন্দ্র! অমররাজ তাহাকে দেখিবা মাত্র ভীত হইয়া তাহা হইতে পরিত্রাণ নিমিত্ত প্রথমত আকাশে, পশ্চাৎ সকল দিকে ধাবমান হইলেন, কুত্রাপি আত্মত্রাণের স্থান লব্ধ হইল না, অবশেষে পূর্ব্বোত্তর দিকে গমন করিয়া তত্রস্থ মানস সরোবরে শীঘ্র প্রবেশ করিলেন ॥ ১০ ॥

এবং তথায় যে পদ্ম ছিল তাহার তন্তু মধ্যে অবস্থিতি করিতে লাগিলেন। তিনি অগ্নিদূত অর্থাৎ অগ্নিই তাঁহাকে যজ্ঞীয় হবির্ভাগ আনিয়া দিতেন। জলমধ্যে অগ্নির প্রবেশ অসম্ভব একারণ যাবৎ তথায় বাস করিয়া রহিলেন তাবৎ যজ্ঞভাগ লাভ করিতে পারেন নাই। হে রাজন্! দেবরাজ ঐ

বর্ষাণি সাহস্রমলক্ষিতোঽন্তঃ সংচিন্তয়ন্ ব্রহ্মবধাদ্বিমোক্ষং ॥ ১১ ॥
তাবৎ ত্রিনাকং নহুষঃ শশাস বিদ্যাতপো যোগ বলানুভাবঃ।

শ্রীধরস্বামী।

ত্রিনাকং ন অকং দুঃখং যস্মিন্নিতি নাকঃ পুণ্যঃ লোকঃ তৃতীয়ং নাকং স্বর্গং। নমু মনুষ্যস্য কুতঃ স্বর্গরাজ্যং তত্রাহ। বিদ্যাদিভিরনুভাবঃ স্বর্গপালনসামর্থ্যং যস্য সঃ তর্হি তস্মিন্ সতি কথমিন্দ্রস্য পুনঃ স্বর্গ প্রাপ্তিঃ তত্রাহ। স নহুষঃ সম্পদৈশ্বর্য্যাভ্যাং যোমদস্তেনান্ধা বুদ্ধি র্যস্য সঃ। ইন্দ্রপত্ন্যা শচ্যা তিরশ্চাং গতিং সর্পযোনিং নীতঃ উপায়েন প্রাপিতঃ। এবং হ্যাখ্যায়তে। নহুষঃ কিল কদাচিদিন্দ্রাণীমুবাচ ইন্দ্রস্তাবদহং অতস্ত্বং মাং ভজেতি তয়াচাবেদিত বৃত্তান্তো বৃহস্পতি স্তামুবাচ ব্রাহ্মণবাহ্য শিবিকামারুহ্যাগতং ত্বাং ভজিষ্যামীতি ব্রূহি। ততোঽসৌ ব্রহ্মশাপাৎ পতিষ্যতীতি। তয়াচ তথোক্তো নহুষো ঽগস্ত্যাদীন্ শিবিকাং বাহয়ামাস তদাচ শীঘ্রং সর্প সর্পেতি অগস্ত্যং পদা পস্পর্শ তেনচ কুপিতেন সর্পো ভবেতি শপ্তো মহাসর্পো

ক্রমসন্দর্ভঃ।

নহুষঃ শশাসেতি বৃত্রবধবৃত্তং সপ্তমমন্বন্তরগতমিতি লক্ষ্যতে। তথাপি ষষ্ঠমন্বন্তর হতানাং নমুচ্যাদীনাং কীর্ত্তনং তৎপ্রতি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বর্ষাণি ব্যাপ্য অলক্ষিতঃ সর্কৈরদৃষ্টঃ ॥ ১১ ॥

ত্রিনাকং তৃতীয়ং নাকং স্বর্গং নমু মনুষ্যস্য কুতঃ স্বর্গরাজ্যং তত্রাহ বিদ্যাদিভিরনুভাবঃ সর্ব্বতেজোহরণ সামর্থ্যং স্বর্গপালন-সামর্থ্যঞ্চ যস্য সঃ। তস্মিন্ সতি পুনরিন্দ্রস্য কুতঃ স্বর্গপ্রাপ্তি স্তত্রাহ স নহুষঃ সম্পদৈশ্বর্য্যাভ্যাং যো মদস্তেনান্ধা বুদ্ধি র্যস্য সঃ। ইন্দ্রপত্ন্যা তিরশ্চাং গতিং সর্পযোনিং নীতঃ। উপায়েন প্রাপিতঃ। এবং হ্যুপাখ্যায়তে নহুষঃ কদাচিদিন্দ্রাণীমুবাচ ইন্দ্র স্তাবদহমতস্ত্বং মাং ভজেতি। তয়াচাবেদিত বৃত্তান্তো বৃহস্পতিস্তামুবাচ। ব্রাহ্মণবাহ্য শিবিকামারুহ্যাগতং ত্বামহং ভজি-ষ্যামীতি ব্রূহি। ততোঽসৌ ব্রহ্মশাপাৎ পতিষ্যতীতি। তয়াচ তথৈবোক্তো নহুষঃ অগস্ত্যাদীন্ শিবিকাং বাহয়ামাস তদাচ

স্থানে সহস্র বৎসর যাবৎ অলক্ষিত হইয়াছিলেন সতত এই চিন্তা করিতেন, ব্রহ্ম বধ জন্য পাতক হইতে কি প্রকারে মুক্ত হইব ॥ ১১ ॥

সে যাহা হউক, যাবৎ দেবরাজ ঐ রূপ অবস্থায় রহিলেন তাবৎ নহুষ ইন্দ্রপদে অধ্যাসীন হইয়া স্বর্গ শাসন করিতে লাগিলেন। হে মহারাজ! মনুষ্যের কি রূপে স্বর্গরাজ্য হইবে এমত মনে আশঙ্কা করিবেন না, বিদ্যা, তপস্যা ও যোগ প্রভাবে নহুষ রাজার স্বর্গপালনে সামর্থ্য হইয়াছিল, কিন্তু অল্প কাল মধ্যেই ঐ রাজা ঐ রূপ অতুল সম্পদ ও ঐশ্বর্য্য জন্য মদে হতবুদ্ধি হইলেন, তাহাতে ইন্দ্র পত্নী শচী উপায় যোগে তাঁহাকে সর্পযোনি প্রাপ্ত করাইলেন, সুতরাং স্বর্গ হইতে তাঁহার পতন হইল ॥ ০

এই বিষয়ে এই রূপ আখ্যায়িকা আছে, নহুষ রাজা ইন্দ্রপদে অধিষ্ঠিত হইয়া এক দিন ইন্দ্রাণীকে কহিলেন এক্ষণে আমিই ইন্দ্র, অতএব তুমি আমাকে ভজনা কর, নহুষের এই বাক্যে শচী ধর্ম্ম লোপ ভয়ে অত্যন্ত শঙ্কিতা হইলেন, সে দিন তাঁহাকে কিছু না বলিয়া গোপনে দেবগুরু বৃহস্পতির নিকট গমন পূর্ব্বক ঐ বৃত্তান্ত জ্ঞাপন করিলেন। দেবগুরু ঐ দুরাত্মার পতনোপায় চিন্তা করিয়া বলিলেন, হে সাধ্বি! ঐ দুষ্ট চিত্ত নহুষকে এই কথা বলিও তুমি যদি ব্রাহ্মণবাহ্য শিবিকারোহণে আমার নিকট আসিতে পার, তাহা হইলে আমি তোমাকে ভজনা করিব, বিপ্রগণকে বাহক করিলেই ব্রহ্মশাপে অসংশয় তাহার পতন হইবে। অনন্তর নহুষ শচী সহ সহবাসার্থ পুনরায় পূর্ব্ববৎ কহিলে মহেন্দ্রপত্নী কহিলেন রাজন্! বিপ্র বাহ্য শিবিকারোহী হইয়া আসিও। নহুষ অগস্ত্যাদি প্রধান প্রধান বিপ্রগণকে শিবিকা বাহনার্থ নিযুক্ত করিয়া সত্বরতা প্রযুক্ত ঐ সকল ব্রাহ্মণ বাহককে "সর্প সর্প" অর্থাৎ চল চল বলিয়া অগস্ত্যকে পদ দ্বারা স্পর্শ করিল। অতএব ঐ ঋষি

সসম্পদৈশ্বর্য্যমদান্ধ বুদ্ধির্নীতস্তিরশ্চাং গতিমিন্দ্রপত্ন্যা ॥ ১২ ॥
ততোগতো ব্রহ্মগিরোপহূত ঋতম্ভর ধ্যান নিবারিতাঘঃ।
পাপস্তু দিগ্দেবতয়া হতৌজাস্তং নাভ্যভূদবিতং বিষ্ণুপত্ন্যা ॥ ১৩ ॥
তঞ্চ ব্রহ্মর্ষয়োঽভ্যেত্য হয়মেধেন ভারত। যথাবদ্দীক্ষয়াঞ্চক্রুঃ পুরুষারাধনেন হ ॥ ১৪ ॥
অথেজ্যমানে পুরুষে সর্ব্বদেব ময়াত্মনি। অশ্বমেধে মহেন্দ্রেণ বিততে ব্রহ্মবাদিভিঃ ॥ ১৫ ॥
সবৈ ত্বাষ্ট্র বধোভূয়ানপি পাপচয়োনৃপ। নীতস্তেনৈব শূন্যায় নীহার ইব ভানুনা ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

হ্যজগরোঽভূদিতি ॥ ১২ ॥
ততঃ ইন্দ্রঃ স্বর্গং গতঃ প্রাপ্তঃ কথম্ভূতঃ ব্রহ্মগিরা ব্রাহ্মণ বাক্যেনোপহূতঃ ঋতম্ভরঃ সত্যপালকোহরিঃ তস্য ধ্যানেন নিবারিত মঘং যেন প্রাগপিতু পাপো ব্রহ্মবধ স্তমিন্দ্রং নাভ্যভূৎ তস্যাভিভবং নাকরোৎ। কুতঃ দিগ্দেবতয়া প্রাগুদীচ্যাং দিশি স্থিতয়া শ্রীরুদ্রেণ অবিতং রক্ষিতং সন্তং ॥ ১৩ ॥ পুরুষস্য হরেবারাধনং যস্মিন্ তেন ॥ ১৪ ॥
সর্ব্বদেবময় আত্মা মূর্ত্তির্যস্য তস্মিন্। বেদময়াত্মনীতি বা পাঠঃ ব্রহ্মবাদিভির্বিততে হনুষ্ঠিতে অশ্বমেধে মহেন্দ্রেণেজ্যমানে পুরুষে সতি ॥ ১৫ ॥ তেনৈব পুরুষেণৈব শূন্যায় নীতঃ নাশিত ইত্যর্থঃ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভ।

নিধিরূপত্বেন তন্নাম্না কেষাঞ্চিদপেক্ষয়েতি জ্ঞেয়ং ॥ ১২ ॥
পাপস্তদধিষ্ঠাতৃ রূপস্তু তদ্দিগ্দেবতাহতৌজাঃ ন পুন স্তদনুগ্রবা সমর্থা বভূব। তত্র হেতুঃ। বিষ্ণুঃ পতিরভীষ্টদেবো যস্যা ঈশান রূপায়া স্তাদৃশ্যেতি। কৃত ভগবদাশ্রয়োঽয়ং কথমনেনাভিভাব্যোতেতি ভাবঃ ॥ ১৩ ॥
ততো লোকাপবাদাবশেষো যস্তৎ পাপ প্রচারঃ সোপি ব্রহ্ম ঋষিভির্নাশিত ইত্যাহ তং চেতি ত্রিভিঃ ॥ ১৪ ।
তত্র অথেতি যুগ্মকং ॥ ১৫। ১৬। ১৭। ১৮। ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শীঘ্রং সর্পসর্পেত্যগস্ত্যং পদা পস্পর্শ। তেন চ কুপিতেন শপ্তোঽজগরোবভূবেতি ॥ ১২ ॥
ব্রহ্মণো ব্রাহ্মণানাঞ্চ গিরা ত্বামশ্বমেধেন যাজয়িষ্যাম ইতি বাক্যেনোপহূতঃ সন্ ততো মানসাৎ সরসঃ সকাশাৎ স্বর্গং গতঃ। ঋতম্ভরঃ সত্যপালকো বিষ্ণুঃ। অঘং প্রায়শ্চিত্তবলেন পাপাচরণ লক্ষণোঽপরাধঃ। পাপঃ ব্রহ্মহত্যা লক্ষণং পাপং পুংস্ত্বমার্ষং। ঈশান দিগ্দেবতয়া শ্রীরুদ্রেণ বিষ্ণুপত্ন্যা মানস সরসঃ কমলবন স্থিতয়া লক্ষ্ম্যা ॥ ১৩। ১৪। ১৫। ১৬। ১৭ ॥

ক্রোধে অন্ধ হওত "তুই সর্প হ" এই বলিয়া অভিশাপ দিবা মাত্র তৎক্ষণাৎ সে অজগর সর্প হইয়া স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইল ॥ ১২ ॥

সে যাহা হউক তদনন্তর ব্রাহ্মণ বাক্যে আহূত হইয়া দেবরাজ পুনরায় স্বর্গ প্রাপ্ত হইলেন। সত্যপালক হরির আরাধনা করাতে তাঁহার ব্রহ্মহত্যা পাপ বিনষ্ট হইয়াছিল, হে রাজন্! পূর্ব্বেও ব্রহ্মহত্যা ইন্দ্রকে পরাভূত করিতে সমর্থ হয় নাই, কারণ পূর্ব্বোত্তরদিকে অর্থাৎ ঐশানী দিকে অবস্থিতা দিগ্দেবতা (রুদ্র) তাঁহাকে রক্ষা করিয়াছিলেন ॥ ১৩ ॥

হে কৌরব্যবর! যদিও ভগবানের ধ্যান দ্বারা ইন্দ্রের পাপ মোচন হইয়াছিল তথাচ তিনি স্বর্গে পুনরাগত হইলে ব্রহ্মর্ষিগণ তাঁহার সমীপে আগমন পূর্ব্বক যে অশ্বমেধ যজ্ঞে ভগবান্ হরির আরাধনাই প্রধান কর্ম্ম, সেই অশ্বমেধে তাঁহাকে দিক্ষিত করাইয়া যথাবিধি যাগ করাইতে লাগিলেন ॥ ১৪

হে রাজন্! ব্রহ্মবাদি মুনিগণ কর্ত্তৃক যে যজ্ঞ অনুষ্ঠিত হইল, মহেন্দ্র তাহাতে সকল দেবতাই যাঁহার মূর্ত্তি সেই পরম পুরুষের যখন অর্চ্চনা করেন ॥ ১৫ ॥

তখন তাঁহার বৃত্র বধ জনিত পাপচয় যদিও গুরুতর হইয়াছিল তথাপি যেমন দিবাকর করে নীহার সকল বিনষ্ট হয়, তাহার ন্যায় সেই পুরুষ হইতে ঐ সমুদায় পাপ বিনাশিত হইল ॥ ১৬ ॥

স বাজিমেধেন যথোদিতেন বিতায়মানেন মরীচিমিশ্রৈঃ।
ইষ্ট্বাধিযজ্ঞং পুরুষং পুরাণমিন্দ্রোমহানাস বিধূতপাপঃ॥ ১৭॥
ইদং মহাখ্যানমশেষ পাপ্মনাং প্রক্ষালনং তীর্থপদানুকীর্ত্তনং।
ভক্ত্যুচ্ছ্রয়ং ভক্তজনানুবর্ণনং মহেন্দ্রমোক্ষং বিজয়ং মরুত্বতঃ॥ ১৮॥
পঠেয়ুরাখ্যানমিদং সদা বুধাঃ শৃণ্বন্ত্যথো পর্ব্বণি পর্ব্বণীন্দ্রিয়ং।
ধন্যং যশস্যং নিখিলাঘমোচনং রিপুঞ্জয়ং স্বস্ত্যয়নং তথায়ুষং॥ ১৯॥
॥*॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে ইন্দ্রবিজয়স্ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥*॥ ১৩ ॥*॥

শ্রীপরীক্ষিদুবাচ॥
রজস্তমঃ স্বভাবস্য ব্রহ্মন্ বৃত্রস্য পাপ্মনঃ। নারায়ণে ভগবতি কথমাসীদ্দৃঢ়া মতিঃ॥ ১॥

শ্রীধরস্বামী।

অধিকৃতা যজ্ঞা যেন তং॥ ১৭॥
পাঠাদি বিধাতুমাখ্যানং স্তৌতি ইদমিতি। প্রক্ষাল্যতেঽনেনেতি প্রক্ষালনং। তীর্থপদস্যানুকীর্ত্তনং যস্মিন্। ভক্তেরুচ্ছ্রয়ো যস্মিন্ ভক্তজনানামনুবর্ণনং যস্মিন্ মহেন্দ্রস্য মোক্ষো যস্মিন্। মরুত্বতো বিশেষেণ জয়ো যস্মিন্॥ ১৮॥
ইন্দ্রিয়ং তৎপাটবকরং। ইন্দ্রসম্বন্ধীতি বা আয়ুষং আয়ুষ্যং॥ ১৯॥
॥*॥ ইতি ষষ্ঠে ত্রয়োদশঃ ॥*॥
বৃত্রস্য জ্ঞান ভক্ত্যাদি শ্রুত্বা পৃষ্টঃ পরীক্ষিতা। হেতুমাহ চতুর্ভিস্তং প্রাগ্জন্ম চরিতোক্তিভিঃ। চতুর্দ্দশেতু সতস্য রুচ্ছ্রলকে

ক্রমসন্দর্ভ।

॥*॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে ত্রয়োদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥*॥
দেবানামিত্যাদি যদ্যপি সত্বাৎ সংজায়তে জ্ঞানমিত্যাদিনা কৈবল্যং সাত্ত্বিকং জ্ঞানমিত্যাদিনা সত্বঃ যত্র দর্শনমিত্যাদিনাচ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ভক্ত্যুচ্ছ্রয়ং ভক্ত্যুৎকর্ষযুক্তং। মরুত্বত ইন্দ্রস্য বিশেষেণ জয়ো যত্র তৎ ইন্দ্রিয়ং ইন্দ্রিয়পাটবকরং। আয়ুষমায়ুষ্করং ।১৮।১৯॥
॥*॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠে ত্রয়োদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥*॥
চতুর্দ্দশে চিত্রকেতো র্বিবিক্তে কৃপয়া সতাং। স্বপক্ষ চাধক্ষ সুতশোকপরস্যা মুক্তানাভবৎ॥ ০॥
শুদ্ধ সত্বানাং শুদ্ধান্তঃকরণানাং। প্রায়েণেতি অন্তঃকরণ শুদ্ধৌ জ্ঞানং যথা স্বতঃ স্যাত্তথা ন ভক্তিঃ। তস্যাঃ সাধুসঙ্গাদিনা

হে ভারত! এই প্রকারে মরীচি প্রভৃতি মহর্ষিগণের অনুষ্ঠিত অশ্বমেধ যজ্ঞদ্বারা যজ্ঞাধিপতি পুরাণ পুরুষ হরির আরাধনা করিয়া পাপ ক্ষয় হওয়াতে দেবরাজ পূর্ব্ববৎ মহৎ হইয়াছিলেন॥ ১৭॥

হে মহারাজ! এই আখ্যান অতি মহৎ, যে হেতু ইহাতে তীর্থপাদ ভগবানের কীর্ত্তন এবং ভক্ত জনের বর্ণন আছে, আর মহেন্দ্রের পাপ মোচন, বিশেষতঃ তাঁহার জয় বর্ণিত হইয়াছে, অতএব ইহাতে অশেষ পাপের ক্ষালন এবং ভক্তির উদ্রেক হয়॥ ১৮॥

একারণ পণ্ডিতগণ সর্ব্বদা এই আখ্যান পাঠ এবং পর্ব্বে পর্ব্বে ইহা শ্রবণ করিয়া থাকেন, ইহাতে ইন্দ্রিয় পাটব, ধন ও যশঃ হয়, আর অখিল পাপক্ষয় ও শত্রুজয় হইয়া থাকে। অধিকন্তু ইহা আয়ুর্ব্বর্দ্ধক অতএব এই উপাখ্যান পঠন ও শ্রবণ পরম স্বস্ত্যয়ন॥ ১৯॥

॥*॥ ইতি ষষ্ঠে ত্রয়োদশ ॥*॥

চতুর্দ্দশ অধ্যায়ে বৃত্র নিধনানন্তর পুত্রশোকাতুর চিত্রকেতুর সস্নেহ শোক বর্ণন॥ ০॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! বৃত্রাসুর অতিশয় পাপী, তাহার স্বভাব রজোগুণ ও

দেবানাং শুদ্ধসত্ত্বানামৃষীণাঞ্চামলাত্মনাং। ভক্তির্মুকুন্দচরণে ন প্রায়েণোপজায়তে ॥ ২ ॥
রজোভিঃ সমসংখ্যাতাঃ পার্থিবৈরিহ জন্তবঃ। তেষাং যে কেচনেহন্তে শ্রেয়োবৈ মনুজাদয়ঃ ॥ ৩
প্রায়োমুমুক্ষবস্তেষাং কেচনৈব দ্বিজোত্তম। মুমুক্ষূণাং সহস্রেষু কশ্চিন্মুচ্যেত সিদ্ধ্যতি

শ্রীধরস্বামী।

বৃত্তে বৃত্তে। চিত্রকেতোরতিস্নেহাদতিশোকো নিরূপ্যতে ॥ ১ ॥

রজস্তমশ্চ স্বভাবো যস্য ॥ ২ ॥

তত্রেতদুর্ল্লভত্বং দর্শয়ন্তি ত্রিভিঃ। পার্থিবৈ রজোভিঃ পরমাণুভিঃ সমাঃ সংখ্যাতা অনন্তা ইত্যর্থঃ। জন্তবোজীবাঃ তেষাং মধ্যে যে কেচন কতিপয়ে শ্রেয়ো ধর্ম্মমীহন্তে কুর্ব্বন্তি ॥ ৩ ॥

মুচ্যেত গৃহাদি সঙ্গান্মুচ্যেত সিদ্ধ্যতি তত্ত্বং জানাতি ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

সত্ত্বস্য জ্ঞানকারণত্বমুক্তং তথাপি দেবানাং শুদ্ধসত্ত্বানামিত্যুক্ত্যা মুক্তানামপি সিদ্ধানামিত্যুক্ত্যা সদ্ভাবেপি ভগবজ্জ্ঞানস্যাপ্যভাবাৎ। রজস্তমঃ স্বভাবস্যেত্যাগ্রীক্ত্যা তদভাবেপি সদ্ভাবাৎ ন সত্ত্বস্য তৎকারণত্বং। কিন্তু তদুত্তরত্বেন তস্য পূর্ব্ব জন্মনি শ্রীনারদাদি সঙ্গ বর্ণনয়া নৈষাং মতি স্তাবদুরুক্রমাঙ্ঘ্রিং স্পৃশত্যনর্থাবগমোযদর্থঃ। মহীয়সাং পাদরজোঽভিষেকং নিষ্কিঞ্চনানাং ন বৃণীত যাবদিত্যুক্ত্যাচ ভগবৎ কৃপা পরিমল পাত্র ভূতস্য শ্রীমতো মহতঃ সঙ্গএব কারণং। তৎ সঙ্গশ্চ। তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবং। ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষ ইত্যুক্ত্যা নির্গুণাবস্থাতোপ্যধিকত্বাৎ। পরম নির্গুণএব। সপ্তমেচ। সমঃ প্রিয়ঃ সুহৃদ্ব্রহ্মন্নিত্যাদৌ সগুণে দেবাদৌ তস্য কৃপা বাস্তবী ন ভবতি। কিন্তু শ্রীমৎ প্রহ্লাদাদিষেবেতি প্রতিপাদনান্মহত্তাং নির্গুণত্বাভিব্যক্ত্যা তৎ সঙ্গস্যাপি নির্গুণত্বং ব্যক্তং ॥ ১। ২ ॥

মুচ্যেত জীবন্মুক্তো ভবেৎ। ততশ্চ সিদ্ধ্যতি। যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিন ইত্যাদি ব্যাখ্যানরীত্যা জীবন্মুক্তানামপি পাত শ্রবণাৎ তত্রাপি কশ্চিদেব নির্ব্বিঘ্নতাং প্রাপ্নোতীত্যর্থঃ ॥

মুক্তানাং প্রাকৃত শরীরস্থত্বেপি তদভিমানশূন্যানাং। সিদ্ধানাং প্রাপ্তসালোক্যাদীনাঞ্চ কোটিষপি মধ্যে নারায়ণসেবা মাত্রাকাঙ্ক্ষী সুদুর্ল্লভঃ। প্রাশান্তাত্মা সর্ব্বোপদ্রব রহিতঃ ॥ ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯। ১০। ১১। ১২ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভাবিত্বাৎ ॥ ১। ২ ॥

তেষাং মধ্যে যে কেচনৈব মনুজ দেব গন্ধর্ব্বাদয়ো ভবন্তি নতু সর্ব্বে। তেষামপি মধ্যে যে কেচনৈব শ্রেয়ো ধর্ম্মাদি ॥ ৩ ॥

মুচ্যেত জীবন্মুক্তো ভবেৎ ॥

মুক্তানামপি মধ্যে কশ্চিদেব সিদ্ধ্যতীতি তত্রৈতদুক্তং ভবতি মোক্ষসাধনবন্তোপি বহবো মুক্তা ন ভবন্তি কিন্তু কেচিদেব মুক্তা অপি সর্ব্বে সিদ্ধা নভবন্তি কিন্তু কেচিদেব জীবন্মুক্তা অপি পুনর্বন্ধনং যান্তি কর্ম্মভিঃ। যদ্যচিন্ত্য মহাশক্তৌ ভগবত্যপরা-

তমোগুণে বিদ্ধ ছিল ভগবান্ নারায়ণে তাহার কি প্রকারে দৃঢ়া মতি হইল ? ॥ ১ ॥

শুদ্ধসত্ত্ব দেবগণ ও নির্ম্মলাত্মা ঋষি সকলেরও প্রায় মুকুন্দচরণে ভক্তি জন্মে না, ইহাতে পাপাত্মা বৃত্রের কি প্রকারে তাঁহার প্রতি ভক্তি হইয়াছিল ॥ ২ ॥

হে ব্রহ্মন্! এই পৃথিবীতে অনন্ত জীব আছে, তাহাদের সংখ্যা পার্থিব রজঃ অর্থাৎ পৃথিবীস্থ পরমাণু তুল্য অশেষ। কিন্তু ঐ রূপ অসংখ্য জীব মধ্যে কতিপয়মাত্র মনুষ্যাদি শ্রেয়ঃ সাধন অর্থাৎ স্বধর্ম্মাচরণ করে ॥ ৩ ॥

হে দ্বিজোত্তম! ঐ মনুজাদি সকলেও মুমুক্ষু হয় না, তাহাদের মধ্যে প্রায় অল্প ব্যক্তিই মুক্ত্যর্থ অভিলাষ করেন ঐ রূপ মুমুক্ষু জীব সকলই যে সিদ্ধ হয়েন এমত নহে, সহস্রের মধ্যে কদাচিৎ কোন

মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণঃ। সুদুর্লভঃ প্রশান্তাত্মা কোটিষ্বপি মহামুনে।
বৃত্রস্তু স কথং পাপঃ সর্ব্বলোকোপতাপনঃ। ইত্থং দৃঢ়মতিঃ কৃষ্ণ আসীৎ সংগ্রাম উল্বণে ॥ ৪ ॥
অত্র নঃ সংশয়ো ভূয়ান্ শ্রোতুং কৌতূহলং প্রভো। যঃ পৌরুষেণ সমরে সহস্রাক্ষমতোষয়ৎ।
শ্রীসূত উবাচ।
পরীক্ষিতোঽথ সংপ্রশ্নং ভগবান্ বাদরায়ণিঃ। নিশম্য শ্রদ্দধানস্য প্রতিনন্দ্য বচোঽব্রবীৎ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

নচেদ্বৃত্রভয়াৎ কৃষ্ণং শরণং গত ইত্যাহ যঃ পৌরুষেণেতি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ধিন ইত্যাত্রোক্তেঃ তেচ সিদ্ধাঃ সন্নিহিত সাযুজ্যা এবোচ্যন্তে তেষাং মধ্যে নারায়ণপরায়ণ ইতি নির্দ্ধারণানুপপত্তেঃ ষষ্ঠীয়ং পঞ্চম্যর্থএব ততশ্চ মুক্তেভ্যঃ সিদ্ধেভ্যশ্চ সকাশাৎ নারায়ণপরায়ণঃ শ্রৈষ্ঠ্যাৎ সুদুর্লভঃ। যদ্বা অয়মত্র বিবেকঃ জ্ঞানং হি দ্বিবিধং কেবলং ভক্তিসহিতঞ্চ। তত্র কেবল জ্ঞানেন স্থূল তুষাবঘাতিন ইব মুমুক্ষবোপি ন মুচ্যন্তে। ভক্তিসহিতং জ্ঞানঞ্চ দ্বিবিধং ভগবদাকারে মায়া বুদ্ধ্যা অনাদরেপি তদ্ভক্তি সহিতং তয়া বিনৈব তদাদরে সতি তদ্ভক্তি সহিতঞ্চ। তত্রাদ্যে খলু মুক্তা ন ভবন্তি কিন্তু মুক্তাভিমানিন এব। তাদৃশ্যা ভক্ত্যা অবিদ্যাং সম্যগনিরস্য বিদ্যোদয়ঞ্চ সম্যগসংপাদ্য সদা এবান্তর্দ্ধানাৎ তয়া বিনাচ তৎ পদার্থ জ্ঞানাভাবান্ন ব্রহ্মণি লীয়ন্তে। তত্র যেঽন্যেঽরবিন্দাক্ষেত্যাদৌ অনাদৃত যুষ্মদঙ্ঘ্রয় ইতি প্রমাণং ভগবদ্গীতাচ। অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতং। পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরং। মোঘাশামোঘকর্ম্মাণো মোঘজ্ঞানবিচেতসঃ রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ। অনয়োরর্থঃ। মানুষীং তনুমাশ্রিতং মাং মূঢ়া অবজানন্তি সার্ব্বত্রিক্যা-মানুষ্যাত্তনো র্মায়িকত্ব দর্শনাৎ মদীয়ায়া অপি মানুষ্যা স্তনো র্মায়িকত্বকমনমেব মমাবজ্ঞা। মম মানুষীং তনুং কীদৃশীং পরং ভাবং শ্রেষ্ঠং সত্বং বিশুদ্ধং সত্বমিত্যর্থঃ। কীদৃশং ভূতমহেশ্বরং। ভূতানাং ব্রহ্মাদি তৃণান্ত জীবানাং মহেশ্বরং পরম কারণং মম মানুষী তনুরেব স্বীকৃতা প্রাকৃত সর্ব্ববস্তু কারণমিত্যর্থঃ। মোঘাশা ইতি যদি তে মদ্ভক্তাঃ স্যু স্তদা তে মোঘাশা মৎ প্রাপ্ত্যাশা তেষাং ব্যর্থা স্যাৎ যদি তে কর্ম্মিণ স্তদা তে মোঘকর্ম্মাণঃ স্যু স্তেষাং স্বর্গো ন স্যাৎ। যদি তে জ্ঞানিন স্তদা মোঘ জ্ঞানা স্তেষাং মোক্ষো ন স্যাৎ তর্হি তেষাং কিং স্যাদিত্যত আহ রাক্ষসীমিতি রাক্ষস্যাদিযোনৌ জন্ম স্যাদিত্যর্থঃ। দ্বিতীয়ে তু অবিদ্যা বিদ্যয়ো রুপরামেপ্যনুপরতয়া জ্ঞানশাবল্য রহিতয়া ভক্ত্যা তৎ পদার্থং জ্ঞাত্বা ব্রহ্মসাযুজ্যং প্রাপ্নুবন্তি। যদুক্তং। ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা নশোচতি নকাঙ্ক্ষতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং। ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি-তত্বতঃ। ততো মাং তত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরমিতি। কিঞ্চ তেষাং সিদ্ধানাং মধ্যে কোপি ভক্ত্যা তৎপদার্থানুভবারম্ভ সময়ে যদি কস্যচিচ্ছুদ্ধ ভক্তস্য কৃপয়া পূর্ণাং শুদ্ধাং ভক্তিং প্রাপ্নোতি তদা তন্মাধুর্য্য লাভাৎ সাযুজ্যমরোচয়িত্বা নারায়ণ পরায়ণঃ স্যাদিতি নির্দ্ধারণ ষষ্ঠ্যপি ব্যাখ্যেয়া। তত্রানুগ্রাহক ভক্তস্য শান্তত্বে শান্ত ভক্ত ইতি দাসাদিত্বে দাসাদিরিতি। অস্যাতি বৈরল্যেন দৌর্লভ্যাৎ প্রক্রান্ত সহস্র শব্দমপ্রযুজ্য কোটিষ্বপীত্যাহস্ম ॥

এবং পরম দুর্লভা ত্রিগুণাতীতা ভক্তি স্ত্রিগুণান্ধে অসুরে বৃত্রে কথমবর্ত্ততেতি পৃচ্ছতি বৃত্রস্থিতি ॥ ৪ । ৫ । ৬ ॥

ব্যক্তি গৃহাদি সঙ্গত্যাগী ও তত্বজ্ঞ হয়েন। অপর যে সকল পুরুষ ঐরূপ মুক্ত ও তত্বজ্ঞ হন্ তাঁহাদের কোটির মধ্যে আবার নারায়ণ পর ও প্রশান্তাত্মা অতি দুর্লভ, অর্থাৎ তদ্রূপ লোক প্রায়ই দেখিতে পাওয়া যায় না। ব্রহ্মন্! বৃত্রাসুর স্বয়ং পাপ স্বরূপ, সর্ব্বদা লোকের হিংসা করিত এবং নিরন্তর সমরার্থ উন্মত্ত হইয়া থাকিত, সে কি রূপে ভগবানে ঐ প্রকার দৃঢ়মতি হইয়াছিল? ॥ ৪ ॥

প্রভো! এই বিষয়ে আমার সুমহৎ সংশয় এবং সবিশেষ শ্রবণার্থ পরম কৌতূহল হইতেছে, অনুগ্রহ পূর্ব্বক বিস্তার করিয়া বর্ণন করুন। মুনে! বৃত্রাসুর ইন্দ্র ভয়ে ভগবানের শরণাপন্ন হইয়া-

শ্রীশুক উবাচ॥

শৃণুষ্বাবহিতোরাজন্নিতিহাসমিমং যথা। শ্রুতং দ্বৈপায়নমুখান্নারদাদ্দেবলাদপি।

আসীদ্রাজা সার্ব্বভৌমঃ শূরসেনেষু বৈ নৃপ। চিত্রকেতুরিতি খ্যাতো যস্যাসীৎ কামধুঙ্ মহী॥ ৬

তস্য ভার্য্যা সহস্রাণাং সহস্রাণি দশাভবন্। সান্তানিকশ্চাপি নৃপো ন লেভে তাসু সন্ততিং॥ ৭

রূপৌদার্য্যবয়ো জন্ম বিদ্যৈশ্বর্য্য শ্রিয়াদিভিঃ। সম্পন্নস্য গুণৈঃ সর্ব্বৈশ্চিন্তা বন্ধ্যাপতেরভূৎ।

ন তস্য সম্পদঃ সর্ব্বা মহিষ্যো বামলোচনাঃ। সার্ব্বভৌমস্য ভূশ্চেয়মভবন্ প্রীতিহেতবঃ।

তস্যৈকদাতু ভবনমঙ্গিরা ভগবানৃষিঃ। লোকাননুচরন্নেতানুপাগচ্ছদ্যদৃচ্ছয়া॥ ৮॥

তং পূজয়িত্বা বিধিবৎ প্রত্যুত্থানার্হণাদিভিঃ। কৃতাতিথ্যমুপাসীদৎ সুখাসীনং সমাহিতঃ।

শ্রীধরস্বামী।

যথা যথাবৎ শৃণু॥ ৬॥

ভার্য্যাসহস্রাণাং দশসহস্রাণি কোটিরিত্যর্থঃ। সান্তানিকঃ স্বয়ং সন্তানার্হোপি পুত্রোৎপাদন সমর্থোপি তাসু সন্ততিং ন লেভে সর্ব্বাস্তাঃ স্ত্রিয়ো বন্ধ্যা এব দৈবযোগেন মিলিতা ইতি ভাবঃ॥ ৭॥

তদেবাহ বন্ধ্যাপতেরিতি॥ ৮॥

উপাসীদৎ তস্য সমীপে উপবিবেশ। সমাহিতঃ সংযতঃ॥ ৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভার্য্যা সহস্রাণাং দশ সহস্রাণি কোটিরিত্যর্থঃ। সান্তানিকঃ সন্তান প্রয়োজনকঃ ন কেবলং বিষয়ভোগার্থমেব তাবত্যো ভার্য্যা ইতি ভাবঃ॥ ৭॥

বন্ধ্যাপতেরিতি সর্ব্বাস্তা বন্ধ্যাএব দৈবযোগেন মিলিতা ইতি ভাবঃ॥ ৮॥ ৯॥

ছিল এমত বলিতে পারি না, কারণ সমরে তাহার এমত পৌরুষ প্রকাশ হয় যে, তাহাতে সহস্রাক্ষের পরম পরিতোষ জন্মিয়াছিল।

সূত কহিলেন হে মুনিগণ! শ্রদ্ধান্বিত মহারাজ পরীক্ষিতের ঐ সকল প্রশ্ন শ্রবণ করিয়া শুকদেব আনন্দ প্রকাশ পূর্ব্বক প্রতিবচন প্রদান করিলেন॥ ৫॥

শুকদেব কহিলেন রাজন্! এ বিষয়ে একটী ইতিহাস দ্বৈপায়নের প্রমুখাৎ তথা নারদ ও দেবলের সকাশাৎ শ্রুত হইয়াছি, তোমাকে তাহাই বলিতেছি অবহিত চিত্তে যথাবৎ শ্রবণ কর। হে নৃপ! পূর্ব্বকালে শূরসেন দেশে বিখ্যাত চিত্রকেতু নামে সার্ব্বভৌম এক নরপতি ছিলেন, তাঁহার এবম্বিধ প্রতাপ ছিল, যে অবনি আপনি তদীয় অভিলষিত কাম সকল দোহন করিয়া দিতেন॥ ৬॥

হে মহারাজ! ঐ চিত্রকেতুর কোটি সংখ্যক ভার্য্যা এবং নিজেরও পুত্রোৎপাদনের সামর্থ্য ছিল তথাচ তাঁহার ঐ সকল বনিতায় একটীও সন্ততি লাভ হইল না অর্থাৎ দুর্দ্দৈব বশতঃ সকল সহধর্ম্মিণীই বন্ধ্যা হইল॥ ৭॥

স্বয়ং রূপ, লাবণ্য, বয়স, বিদ্যা, কৌলীন্য, ঐশ্বর্য্য, ঔদার্য্য এবং সম্পদ্ ইত্যাদিতে সম্পন্ন ও সর্ব্বগুণে অলঙ্কৃত হইলেও বন্ধ্যা ভার্য্যাদিগের ভর্ত্তা হওয়াতে চিত্রকেতুর অন্তঃকরণ ক্রমে চিন্তাকুল হইল। সুতরাং সমস্ত সম্পদ, সমুদায় বামলোচনা মহিষী এবং নিখিল ভূমি কিছুই ঐ সার্ব্বভৌম নরপতির প্রীতিপ্রদ হইল না। একদা ভগবান্ অঙ্গিরা ঋষি যদৃচ্ছাক্রমে সমস্ত লোক ভ্রমণ করিতে করিতে ঐ নরপতির ভবনে আসিয়া উপস্থিত হইলেন॥ ৮॥

ব্রহ্মপুত্র অঙ্গিরাকে অবলোকন করিবামাত্র রাজা চিত্রকেতু ব্যস্ত সমস্ত হইয়া প্রত্যুত্থান

মহর্ষিস্তমুপাসীনং প্রশ্রয়াবনতং ক্ষিতৌ। প্রতিপূজ্য মহারাজ সমাভাষ্যেদমব্রবীৎ ॥ ৯ ॥

অঙ্গিরা উবাচ ॥

অপি তে নাময়ং স্বস্তি প্রকৃতীনাং তথাত্মনঃ। যথা প্রকৃতিভিগুপ্তঃ পুমান্ রাজাচ সপ্তভিঃ।

আত্মানং প্রকৃতিষদ্ধা নিধায় শ্রেয় আপ্নুয়াৎ ॥ ১০ ॥

রাজ্ঞা তথা প্রকৃতয়ো নরদেবাহিতাধয়ঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

অপি কিং অনাময়মারোগ্যং স্বস্তি শুভং প্রকৃত্যধীনমেব রাজ্যমিতি সদৃষ্টান্ত মাহ। যথা মহদাদিভিঃ সপ্তভিঃ প্রকৃতিভিঃ পুমান্ জীবো নিত্যং গুপ্তো ভবতি। নতু তদ্ব্যতিরেকেণ ক্ষণমপি তিষ্ঠতি। তথা রাজাচ সপ্তভিঃ। স্বাম্যমাত্যৌ জনপদ দুর্গদ্রবিণ সঞ্চয়াঃ। দণ্ডোমিত্রঞ্চ তস্যৈতাঃ সপ্ত প্রকৃতয়োমতা ইত্যুক্ত লক্ষণাভি র্নিত্যং গুপ্তঃ সন্। আত্মানং প্রকৃতিষু অদ্ধা সাক্ষান্নিধায় তদনুবর্ত্তিনং কৃত্বা শ্রেয়োরাজ্য সুখং প্রাপ্নুয়াদিত্যর্থঃ। স্বামী গুরুঃ স্বয়ং বা মন্ত্রসহায়ো মিত্রং-কর্ম্ম সহায়োঽমাত্য ইতি ভেদঃ ॥ ১০ ॥

প্রকৃতীনাঞ্চ সুখং রাজাধীনমেবেত্যাহ। হে নরদেব তথা প্রতয়োপি রাজ্ঞা আহিতাধয়ঃ নিহিত নিক্ষেপাঃ ধনৈঃ সমৃদ্ধা ভবন্তি। আহতাধয় ইতি পাঠে আসমন্ততো হতাধয়ো নিরস্ত মনো দুঃখা ভবন্তীত্যর্থঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অপি কিমনাময়মারোগ্যং স্বস্তি শুভং প্রকৃতীনামমাত্যাদীনাং রাজ্ঞঃ সুখমমাত্যাদি সুখাধীনমেব আমাত্যাদি সুখমপি রাজসুখাধীনমিতি সদৃষ্টান্তমাহ যথা মহদাদিভিঃ প্রকৃতিভিঃ সপ্তভিঃ পুমান্ জীবো নিত্যং গুপ্তো ভবতি নতু তদ্ব্যতিরেকেণ ক্ষণমপি তিষ্ঠতি তথা রাজাপি সপ্তভিঃ স্বাম্যমাত্য সুহৃৎ কোষরাষ্ট্র দুর্গবলৈঃ। স্বাম্যত্র গুরুঃ। রাজা আত্মানং স্বপ্রকৃতিষু নিধায় আত্ম সর্ব্বভাবং নিক্ষিপ্য ইত্যর্থঃ। শ্রেয়ঃ রাজ্য সুখং ॥ ১০ ॥

নরদেবে রাজনোব আহিতঃ অর্পিতঃ আধির্ধন ভুরগহস্ত্যাদি তৃষ্ণামূলা মনঃ পীড়া যৈস্তে। রাজ্ঞা গুপ্তা। আহতাধয় ইতি পাঠে নরদেবেন নাশিত মনোদুঃখাঃ শ্রেয় আপ্নুয়ুঃ ॥ ১১ ॥

করিলেন। অনন্তর ঋষিবর আসনে অধ্যাসীন হইলে আপনিও সংযত হইয়া তাঁহার সম্মুখে একটা আসনে উপবিষ্ট হইলেন। সমীপে আসনাসীন রাজাকে বিনয়াবনত ও অবনিতলে প্রণত দেখিয়া মহর্ষি অঙ্গিরা অভ্যর্থনা করত মহারাজ বলিয়া সম্ভাষণানন্তর তাঁহার প্রতি এই রূপে বাক্য প্রয়োগ করিতে লাগিলেন ॥ ৯ ॥

অঙ্গিরা জিজ্ঞাসা করিলেন মহারাজ! কুশল ত? তথা রাজ্যাঙ্গ সকলের এবং আপনারও ত মঙ্গল? হে রাজন্! যেমন মহদাদি সপ্ত প্রকৃতি দ্বারা জীব নিত্য রক্ষিত হয়েন তদ্ব্যতীত ক্ষণ কালও থাকিতে পারেন না, তেমনি রাজাকেও সপ্ত প্রকৃতি অর্থাৎ স্বামী (গুরু) অমাত্য (কর্ম্ম সহায়), রাজ্য, দুর্গ, কোষ, দণ্ড এবং মিত্র [মন্ত্র সহায়] এই সপ্তে গুপ্ত থাকিতে হয়। ঐ রূপে সুরক্ষিত রাজাই আপনাকে ঐ সকল প্রকৃতির অনুবর্ত্তী করিয়া রাজ্য সুখ ভোগ করিতে পান ॥ ১০ ॥

হে নরদেব! রাজা সুখী হইলে তাঁহা হইতে প্রকৃতি অর্থাৎ রাজ্যাঙ্গ সকল ধন সমৃদ্ধ হইয়া থাকে ॥ ১১ ॥

অপি দারাঃ প্রজামাত্যা ভৃত্যাঃ শ্রেণ্যোঽথ মন্ত্রিণঃ । পৌরা জানপদা ভূপা আত্মজা বশবর্ত্তিনঃ॥১২
যস্যাত্মানুবশশ্চেৎ স্যাৎ সর্ব্বে তদ্বশগা ইমে । লোকাঃ সপালা যচ্ছন্তি সর্ব্বে বলিমতন্দ্রিতাঃ ॥ ১৩
আত্মনঃ প্রীয়তে নাত্মা পরতঃ স্বতএব বা । লক্ষয়েঽলব্ধকামং ত্বাং চিন্তয়া শবলং মুখং ॥ ১৪ ॥
এবং বিকল্পিতো রাজন্ বিদুষা মুনিনাপি সঃ । প্রশ্রয়াবনতোঽভ্যাহ প্রজাকামস্ততোমুনিং ॥ ১৫॥

শ্রীধরস্বামী ।

প্রজাশ্চ অমাত্যাশ্চ শ্রেণ্যঃ সময় বিশেষেণ সংঘশোবর্ত্তমানা বণিক্ প্রভৃতয়ঃ । পৌরাঃ পুরবাসিনঃ জানপদাঃ তত্তদ্দেশাধিকারিণঃ ॥ ১২ ॥

তব মনঃ স্ববশং বা ন বেত্যর্থাৎ পৃচ্ছতি । যস্যাত্মা মনঃ অনুবশঃ অনুবর্ত্তী অধীনঃ স্যাৎ । তস্য বশগা ইমে সর্ব্বে ভবন্তি কিঞ্চ লোকাশ্চ তস্য বলিং যচ্ছন্তি ॥ ১৩ ॥

আত্মা ভবান্ আত্মনো ন প্রীয়তে ন তুষ্যতি তৎ কিং পরতো বা স্বতো বা অলব্ধকামং ত্বাং লক্ষয়ে ॥ ১৪ ॥

বিদুষা সর্ব্বজ্ঞেনাপি ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ ।

যতস্তব মুখং চিন্তয়া শবলং লক্ষ্যতে ॥ ১৪ ॥

বিকল্পিতো বিবিধ কর্ম্মণা বিষয়ীকৃতঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

কিঞ্চ রাজ্ঞোপি যদ্যাজ্ঞাকারিণঃ সর্ব্বজনাঃ স্যুঃ স্তদৈব সুখমিত্যাহ অপীতি শ্রেণ্য তৈলিক তাম্বুলিকাদয়ঃ ॥ ১২ ॥

তব মনঃ স্ববশং ন বেত্যর্থাৎ পৃচ্ছতি । যস্যেতি । অনুবশঃ অনুবর্ত্তী অধীনঃ ॥ ১৩ ॥

তদপ্যক্রবাণং রাজানং পুনরাহ তব আত্মনো দেহস্তাত্মা স্বতএব বা পরতএব হেতোর্ব্বা ন প্রীয়তে সুখমেবাপ্নোতি চেন্নহি ইত্যাহ লক্ষয় ইতি ॥ ১৪ ॥

বিকল্পিতঃ বিবিধ বিকল্প বিষয়ীকৃতঃ । বিদুষা সর্ব্বজ্ঞেনাপি তন্মুখাদেব তদ্দুঃখং শ্রোতুমিতি ভাবঃ ॥ ১৫ ॥

হে মহারাজ ! আর জিজ্ঞাসা করি, তোমার পুত্র, কলত্র, মন্ত্রী, অমাত্য, এ সকল ত বশবর্ত্তী ? । অপর বিশেষ বিশেষ নিয়ম করিয়া দলবদ্ধ রূপে থাকে যে সকল বণিক্ প্রভৃতি তাহারা তথা পুরবাসী, দেশাধিকারী রাজগণ এবং প্রজা সকল ইহারাও ত তোমার বশম্বদ ? ॥ ১২ ॥

হে রাজন্ ! যে পুরুষের মনঃ বশবর্ত্তী হয় উল্লিখিত সকল ব্যক্তিই তাহার অবশ্য বশ্য হইয়া থাকে । আর এই সমস্ত লোক লোকপালদের সহিত অতন্দ্রিত হইয়া তাহাকে পূজোপহার প্রদান করে, অতএব জিজ্ঞাসা করি তোমার মনঃ বশে আছে কি না ? ॥ ১৩ ॥

কিন্তু হে রাজন্ ! আমার বোধ হইতেছে তুমি যেন আত্মা হইতে সন্তুষ্ট নহ, তোমার এরূপ ভাব কি আপনা হইতে হইয়াছে ? । না অন্য কাহা হইতে ঘটিয়াছে ? ফলতঃ তোমার বদন চিন্তায় শবল বর্ণ দেখিতেছি ইহাতে স্পষ্টই লক্ষিত হইতেছে তুমি আপনার অভিলষিত লাভে বঞ্চিত আছ ॥ ১৪ ॥

এতাবৎ বর্ণন করিয়া রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক শুকদেব কহিলেন মহারাজ ! মুনিবর অঙ্গিরা যদিও সর্ব্বজ্ঞ, তথাপি ঐ প্রকারে সংশয় প্রকাশ পূর্ব্বক জিজ্ঞাসা করিলে প্রজাকাম সেই রাজা চিত্রকেতু বিনয়াবনত হইয়া নিবেদন করিলেন ॥ ১৫ ॥

চিত্রকেতুরুবাচ ॥

ভগবন্ কিং নবিদিতং তপোজ্ঞানসমাধিভিঃ। যোগিনাং ধ্বস্তপাপানাং বহিরন্তঃ শরীরিষু।
তথাপি পৃচ্ছতোজ্রয়াং ব্রহ্মন্নাত্মনি চিন্তিতং। ভবতো বিদুষশ্চাপি চোদিতস্তদনুজ্ঞয়া ॥ ১৬ ॥
লোকপালৈরপি প্রার্থ্যাঃ সাম্রাজ্যৈশ্বর্য্য সম্পদঃ। ননন্দয়ন্ত্যপ্রজং মাং ক্ষুতৃট্ কামমিবাপরে ॥ ১৭
ততঃ পাহি মহাভাগ পূর্ব্বৈঃ সহ গতং তমঃ। যথা তরেম দুষ্পারং প্রজয়া তদ্বিধেহি নঃ ॥

শ্রীশুক উবাচ ॥

ইত্যর্থিতঃ স ভগবান্ কৃপালুর্ব্রহ্মণঃ সুতঃ। শ্রপয়িত্বা চরুং ত্বাষ্ট্রং ত্বষ্টারমযজদ্বিভুঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অলব্ধকামত্বং কথয়ন্ পুত্রং যাচতে ভগবন্নিতি চতুর্ভিঃ ॥ ১৬ ॥
অপ্রজমপুত্রং ক্ষুতৃড্‌ভ্যামন্নপানকামং অপরে স্রক্‌চন্দনাদয়ো যথা ন সুখয়ন্তি ॥ ১৭ ॥
পূর্ব্বৈঃ পিত্রাদিভিঃ সহ গতং প্রাপ্তং তমো নরকং প্রজয়া যথা তরেম তথা নো বিধেহি ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভ।

যতশ্চোদিতোনোদিতস্তত তদনুজ্ঞয়া ব্রূয়াং ॥ ১৬ ॥
পুত্রদানমিষেণ বৈরাগ্যোৎপাদন দ্বারা ভবদভিমুখীকরণেচ্ছুত্বাৎ কৃপালুঃ তথাচ বক্ষ্যতে স্বয়মেব। তদৈব তে পরং জ্ঞানং দদামি গৃহমাগতঃ। জ্ঞাত্বান্যাভিনিবেশন্তে পুত্রমেব দদাম্যহমিতি ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শরীরিষন্তর্বহিঃ ॥
পৃচ্ছতো ভগবতোঽহমাজ্ঞাকারীত্যর্থঃ। আত্মনি মনসি চিন্তিতং চিন্তাং ॥ ১৬ ॥
ক্ষুতৃড়্ভ্যামন্ন জলয়োঃ কামো যস্য তং অপরে স্রক্ চন্দনাদয়ঃ ॥ ১৭ ॥
পূর্ব্বৈঃ পিত্রাদিভিঃ সহ গতং প্রাপ্তং তমঃ নরকং প্রজয়া যথা তরেম তথা বিধেহি ॥
ত্বাষ্ট্রং ত্বষ্টৃদেবতাকং ॥ ১৮ ॥

চিত্রকেতু কহিলেন ভগবন্! শরীরিদিগের অভ্যন্তর এবং বাহ্যে যাহা যাহা বর্ত্তমান, নিষ্পাপ যোগিগণের তপস্যা, জ্ঞান ও সমাধি দ্বারা তাহার কি না পরিজ্ঞাত হয়! আপনি আমার বিষয় সকলই পরিজ্ঞাত আছেন, তথাপি জিজ্ঞাসা করিতেছেন, আমার মানসিক চিন্তার বিষয় নিবেদন করিতেছি কথনে দোষ নাই ॥ ১৬ ॥

হে ব্রহ্মন্! সাম্রাজ্য, ঐশ্বর্য্য ও সম্পত্তি যদ্যপি লোকপালদিগের প্রার্থনীয় তথাপি স্রক্ চন্দনাদি বিষয় সকল ক্ষুৎপিপাসায় পীড়িত অন্নপানাভিলাষি পুরুষকে সুখ দিতে পারে না তাহার ন্যায়, ঐ সকল সাম্রাজ্যাদি অপুত্রক যে আমি আমাকে আনন্দিত করিতেছে না ॥ ১৭ ॥

অতএব হে মহাভাগ! উপস্থিত দুষ্পার নরক, পিত্রাদি পূর্ব্ব পুরুষের সহিত আমি যে প্রকারে প্রজা দ্বারা উত্তীর্ণ হইতে পারি, কৃপাবলোকন করিয়া তদ্রূপ বিধান করিতে আজ্ঞা হউক। শুকদেব কহিলেন রাজন্। ব্রহ্মপুত্র ভগবান্ অঙ্গিরা পরম কারুণিক, চিত্রকেতুর ঐ রূপ প্রার্থনায় তৎক্ষণাৎ চরুপাক করিয়া ত্বষ্টৃদেবতার যাগ করিলেন ॥ ১৮ ॥

জ্যেষ্ঠা শ্রেষ্ঠাচ যা রাজ্ঞো মহিষীণাঞ্চ ভারত। নাম্না কৃতদ্যুতিস্তস্যৈ যজ্ঞোচ্ছিষ্টমদাদ্দ্বিজঃ॥ ১৯॥
অথাহ নৃপতিং রাজন্ ভবিতৈকস্তবাত্মজঃ। হর্ষশোকপ্রদস্তভ্যমিতি ব্রহ্মসুতো যযৌ।
সাপি তৎ প্রাশনাদেব চিত্রকেতোরধারয়ৎ। গর্ভং কৃতদ্যুতির্দেবী কৃত্তিকাগ্নেরিবাত্মজং॥ ২০॥
তস্যা অনুদিনং গর্ভঃ শুক্লপক্ষ ইবোড়ুপঃ। ববৃধে শূরসেনেশতেজসা শনকৈর্নৃপ।
অথ কাল উপাবৃত্তে কুমারঃ সমজায়ত। জনয়ন্ শূরসেনানাং শৃণ্বতাং পরমাং মুদং॥ ২১॥
হৃষ্টো রাজা কুমারস্য স্নাতঃ শুচিরলঙ্কৃতঃ। বাচয়িত্বাশিষোবিপ্রৈঃ কারয়ামাস জাতকং॥ ২২॥

শ্রীধরস্বামী।

যজ্ঞোচ্ছিষ্টং যজ্ঞশেষং॥ ১৯॥
জন্মনা হর্ষং মরণেন শোকং প্রদদাতীতি তথা ইত্যেব মুক্ত্বা যযৌ॥ ২০॥
শূরসেনানামীশস্য তেজসা বীর্য্যেণ যোগর্ভঃ স ববৃধে॥ ২১॥
জাতকং জাতকর্ম্ম॥ ২২॥

ক্রমসন্দর্ভঃ।

নিজদোষ প্রত্যাখ্যানার্থং হর্ষশোকপ্রদ ইত্যুক্তং॥২০॥ ২১। ২২। ২৩। ২৪। ২৫। ২৬। ২৭। ২৮। ২৯। ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪। ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৩৯। ৪০ ৪১।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রথম ব্যূঢ়ত্বেন জ্যেষ্ঠা সৌভাগ্যাতিশয়েনচ শ্রেষ্ঠা যজ্ঞোচ্ছিষ্টং যজ্ঞশেষং চরুং॥ ১৯॥
হর্ষশোকপ্রদ ইতি কেন প্রকারেণ হর্ষপ্রদঃ কেন প্রকারেণ শোকদ ইতি সংপ্রত্যহং কিং ব্রবীমি জন্মমৃত্যুভ্যাং রাজৈবায়ত্যাং জ্ঞাস্যতি কিঞ্চেয়মপ্রিয়োক্তিরপি সংপ্রত্যবশ্য বাচ্যৈবাগ্রে রাজ্ঞা দাস্যমানস্তোপালম্ভনস্য প্রত্যুত্তরার্থমিতি মনসি বিমৃশ্য তত্ত্বং স্পষ্টমনুক্ত্বা যযৌ। পুত্রো মে বহু গুণান্বিতো ভবিষ্যতীতি হর্ষদ স্তদপি ঐশ্বর্য্যাধিক্যান্ন মে বচস্করো ভবিষ্যতীতি শোকদ ইতি ভবতু তদ্দুঃখং ময়া যোঢ়ব্যমিতি মনসি বিচার্য্য রাজাত্মাননন্দেবেতি জ্ঞেয়ং॥
অগ্নেঃ সকাশাৎ কৃত্তিকা স্বাত্মজমিবেত্যর্থঃ॥ ২০। ২১। ২২। ২৩

হে ভারত! যজ্ঞ সমাপনানন্তর ঐ রাজার যে মহিষী সকলের জ্যেষ্ঠা ও সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠা ছিলেন বিপ্রবর অঙ্গিরা তাঁহাকে যজ্ঞশেষ প্রদান করিলেন॥ ১৯॥

অনন্তর নৃপতিকে কহিলেন মহারাজ! তোমার একটী পুত্র উৎপন্ন হইবে কিন্তু সেই সন্তান তোমাকে হর্ষ ও শোক উভয়ই প্রদান করিবে, অর্থাৎ তাহার জন্ম দ্বারা তোমার হর্ষ ও তাহার মরণ জন্য তোমার শোক উৎপন্ন হইবে। হে রাজন্ পরীক্ষিৎ! ব্রহ্মপুত্র অঙ্গিরা এই কথা বলিয়া সেই স্থান হইতে স্বস্থানে প্রস্থান করিলেন। হে ভারত! যজ্ঞশেষ (চরু) ভোজন করিয়া কৃতদ্যুতি চিত্রকেতুর সকাশাৎ কৃত্তিকা যেমন অগ্নির আত্মজ ধারণ করিয়াছিল, তাহার ন্যায় গর্ভধারণ করিলেন॥ ২০॥

হে রাজেন্দ্র! চিত্রকেতু রাজা শূরসেন দেশের অধিপতি, তাঁহার ঔরসে রাজমহিষী কৃতদ্যুতির গর্ভ হওয়াতে শুক্ল পক্ষীয় চন্দ্রকলার ন্যায় দিন দিন গর্ভ বৃদ্ধি পাইতে লাগিল। অনন্তর কাল পূর্ণ হইলে একটী কুমার উৎপন্ন হইল। হে কৌরব্য! রাজকুমারের জন্ম কথা শুনিয়া সমস্ত শূরসেন দেশ বাসি লোক মাত্রেরই পরম আনন্দ জন্মিল॥ ২১॥

তৎপরে রাজা চিত্রকেতু কুমার জন্ম শ্রবণে আহ্লাদ সমুদ্রে নিমগ্ন এবং শুচি ও অলঙ্কৃত হইয়া ব্রাহ্মণ দ্বারা আশীর্ব্বাদ বাচন পুরঃসর যথাবিধি জাতকর্ম্ম করাইলেন॥ ২২॥

তেভ্যো হিরণ্যং রজতং বাসাংস্যাভরণানিচ। গ্রামান্ হয়ান্ গজান্ প্রাদাদ্ধেনুনামর্ব্বুদানি ষট্ ॥ ২৩
ববর্ষ কামানন্যেষাং পর্জ্জন্য ইব দেহিনাং। ধন্যং যশস্যমায়ুষ্যং কুমারস্য মহামনাঃ।
কৃচ্ছ্রলব্ধেঽথ রাজর্ষে স্তনয়েঽনুদিনং পিতুঃ। যথা নিঃস্বস্য কৃচ্ছ্রাপ্তে ধনে স্নেহোঽন্ববর্দ্ধত ॥ ২৪ ॥
মাতুস্ত্বতিতরাং পুত্রে স্নেহোমোহসমুদ্ভবঃ। কৃতদ্যুতেঃ সপত্নীনাং প্রজাকামজ্বরোঽভবৎ ॥ ২৫ ॥
চিত্রকেতোরতি প্রীতির্যথাদারে প্রজাবতি। ন তথান্যেষু সংজজ্ঞে বালং লালয়তোঽন্বহং ॥ ২৬ ॥
তাঃ পর্য্যতপ্যন্নাত্মানং গর্হয়ন্ত্যোঽভ্যসূয়য়া। আনপত্যেন দুঃখেন রাজ্ঞশ্চানাদরেণচ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

অর্ব্বুদ দশকোটয়ঃ। যেদেতু কোটিরেবার্ব্বুদং নিযুতঞ্চ প্রযুতঞ্চার্ব্বুদং চেতি প্রযুতানন্তর নির্দ্দেশাৎ ॥ ২৩ ॥
ধন্যং ধনকরং আয়ুষ্যং আয়ুষ্করং ॥ ২৪ ॥
মোহস্য সমুদ্ভবো যস্মিন্। প্রজাকাম রূপোজ্বরস্তাপঃ ॥ ২৫ ॥
দার ইত্যেক বচনমার্ষং ॥ ২৬ ॥
আনপত্যেন অপুত্রত্ব নিমিত্তেন ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ধন্যামুত্তমং কামং ববর্ষ। নত্বধন্যং মহামনাঃ অত্যুদারঃ ॥ ২৪ ॥
প্রজাকামরূপোজ্বরস্তাপঃ ॥ ২৫ ॥ ২৬ ॥ ২৭ ॥
অপুঃং গৃহভিন্নং বনং ভবৈব সংমতাং পত্যুরপি বনবাস দানার্হামিত্যর্থঃ ॥২৮ ॥

তাহার পর সেই সকল ব্রাহ্মণদিগকে স্বর্ণ রজত বসন ভূষণ হস্তি অশ্ব গ্রাম এবং ছয় অর্ব্বুদ ধেনু অর্থাৎ ষাইট কোটি সবৎসা গাভী দান করিলেন ॥ ২৩ ॥

তদনন্তর ঐ রাজার মনঃ অতি মহৎ, এ প্রযুক্ত মেঘ যেমন জীব সকলের হিতার্থে বারি বর্ষণ করে তাহার ন্যায় অন্যান্য মানবদিগেরও অভিলষিত বর্ষণ করিয়া দিলেন। অধিকন্তু যে যে বস্তু দান করিলে কুমারের ধন, সৌভাগ্য ও পরমায়ুঃ বৃদ্ধি প্রাপ্ত হয় তাহাও দান করিলেন। হে কৌরব্য! রাজর্ষি চিত্রকেতুর বহু কষ্টে একটী তনয় উৎপন্ন হওয়াতে যেমন অধন ব্যক্তির কৃচ্ছ্র লব্ধ ধনে স্নেহ হয় তাহার ন্যায়, ঐ পুত্রের প্রতি তাঁহার স্নেহ জন্মিয়া অনুদিন বর্দ্ধিত হইতে লাগিল ॥ ২৪ ॥

আর মাতার (কৃতদ্যুতির) ঐ তনয়ে এতাদৃশ অসীম বাৎসল্য জন্মিল যে তাহাতে মোহ উৎপন্ন হয়, কিন্তু তাঁহার যে সকল সপত্নী ছিল সপত্নীকে পুত্রবতী দেখিয়া স্ব স্ব সন্তানাভিলাষ হওয়াতে তাহারা পুত্র কামনা রূপ মনস্তাপে সন্তপ্ত হইল ॥ ২৫ ॥

অধিকন্তু মহারাজ! চিত্রকেতু অনুদিন নন্দনের লালন করত পুত্রবতী বনিতায় যাদৃশী প্রীতি প্রদর্শন করিতে লাগিলেন অন্য ভার্য্যার প্রতি তদ্রূপ প্রীতিমান্ হইলেন না ॥ ২৬ ॥

ইহাতে অন্য স্ত্রী সকল অসূয়া পরবশ হইয়া আপনারাই আপনাদের নিন্দায় প্রবৃত্ত হইল এবং অনপত্যতা ও রাজসন্নিধানে অনাদর জন্য মনোদুঃখে যৎপরোনাস্তি পরিতপ্তা হইল ॥ ২৭ ॥

ধিগপ্রজাং স্ত্রিয়ং পাপং পত্যুশ্চাগৃহসম্মতাং। সুপ্রজাভিঃ সপত্নীভির্দাসীমিব তিরস্কৃতাং ॥ ২৮ ॥
দাসীনাং কোনু সন্তাপঃ স্বামিনঃ পরিচর্য্যয়া। অভীক্ষ্ণং লব্ধমানানাং দাস্যা দাসীব দুর্ভগাঃ ॥ ২৯ ॥
এবং সন্দহ্যমানানাং সপত্ন্যাঃ পুত্রসম্পদা। রাজ্ঞোঽসম্মতবৃত্তীনাং বিদ্বেষো বলবানভূৎ ॥ ৩০ ॥
বিদ্বেষ নষ্টমতয়ঃ স্ত্রিয়োদারুণচেতসঃ। গরং দদুঃ কুমারায় দুর্ম্মর্ষা নৃপতিং প্রতি।
কৃতদ্যুতিরজানন্তী সপত্নীনামঘং মহৎ। সুপ্ত এবেতি সংচিন্ত্য নিরীক্ষ্য ব্যচরদ্গৃহে ॥ ৩১ ॥
শয়ানং সুচিরং বালমুপধার্য্য মনীষিণী। পুত্রমানয় মে ভদ্রে ইতি ধাত্রীমচোদয়ৎ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

ন গৃহে সম্মতাং বহুমতাং যদ্বা গৃহিণ্যেব গৃহং ন ভার্য্যেতি সম্মতামিত্যর্থঃ ॥ ২৮ ॥
দাস্যা দাসী যথা তথা বয়ং দুর্ভগাঃ ॥ ২৯ ॥
ন সম্মতা বৃত্তির্জীবনং যাসাং ॥ ৩০ ॥
বিদ্বেষেণ নষ্টা মতির্যাসাং তাঃ। গরং বিষং দুর্ম্মর্ষা অসহমানাঃ ॥ ৩১ ॥
ধাত্রীং স্তনদায়িনীং ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দাস্যা দাসীব কস্যাশ্চিদ্দুর্ভগায়া দাস্যা দাস্য ইব বয়ং দুর্ভগা ইত্যর্থঃ ॥ ২৯ ॥
রাজ্ঞোঽসংমতা বৃত্তিশ্চরিত্রং যাসাং ॥ ৩০ ॥
দুর্ম্মর্ষা অসহমানাঃ ॥ ৩১ ॥
বালমেব সুতং তং মৃতং দদর্শেত্যন্বয়ঃ ॥ ৩২ ॥ ৩৩ ॥

তাহারা কহিল; যে নারীর সন্তান নাই সে অতিশয় পাপীয়সী, তাহাকে ধিক্, সে স্বামির নিকটেও ভার্য্যা বলিয়া গণ্য হয় না। তাহার যে সকল সপত্নী পুত্রবতী তাহারা দাসীর ন্যায় তাহাকে তিরস্কার করে ॥ ২৮ ॥

দাসীর সন্তাপ কি, স্বামির পরিচর্য্যা দ্বারাই তাহাদের মান লাভ হয়, ইহা সত্য, কিন্তু আমরা দাসীর দাসীর ন্যায় অতিশয় দুর্ভগা ॥ ২৯ ॥

হে রাজন্। কৃতদ্যুতির পুত্র সম্পত্তি সন্দর্শন করিয়া তাঁহার সপত্নীগণ একে ঈর্ষায় এই প্রকার দগ্ধ হইতে ছিল, তদুপরি অপ্রজা দেখিয়া তাহাদের বৃত্তি বিধানে রাজার আবার অমত হইল অতএব ঐ কুমারের উপরে তাহাদের দারুণ বিদ্বেষ জন্মিল ॥ ৩০ ॥

মহারাজ! বিদ্বেষ বশতঃ ঐ সকল স্ত্রীর বুদ্ধি এমত বিনষ্ট এবং চিত্ত একবারে নির্দ্দয় হইল যে তাহারা আপনাদের পতি ঐ নরপতিরও সৌভাগ্য অসহিষ্ণু হইয়া প্রাণ সংহার বাসনায় এক দিন ঐ কুমারকে বিষ প্রদান করিল। হে রাজন্! সপত্নীদিগের নৃশংসতার বিষয় কৃতদ্যুতি কিছুই জানিতেন না, বিষ ভক্ষণে বালক যে গতায়ু হইয়া শয়ান আছে তাহা বুঝিতে পারিলেন না। তিনি যদিও গৃহাভ্যন্তরে প্রবেশ করিলেন তথাচ দেখিয়া মনে করিলেন কুমার এখনও নিদ্রিত আছে অতএব তাহার নিকট না গিয়া ইতস্ততঃ ভ্রমণ করিয়া চলিয়া গেলেন ॥ ৩১ ॥

অন্য গৃহে গিয়া কিয়ৎক্ষণ পরে তাঁহার মনে হইল কুমার অনেকক্ষণ নিদ্রিত আছে অতএব ধাত্রীকে (স্তনদায়িনীকে) আহ্বান করিয়া কহিলেন আমার পুত্রকে এখানে লইয়া আইস ॥ ৩২ ॥

সা শয়ানমুপব্রজ্য দৃষ্ট্বাচোত্তারলোচনং। প্রাণেন্দ্রিয়াত্মভিস্ত্যক্তং হতাস্মীত্যপতদ্ভুবি।
তস্যা স্তদাকর্ণ্য ভৃশাতুরং স্বরং ঘ্নন্ত্যাঃ করাভ্যামুর উচ্চকৈরপি।
প্রবিশ্য রাজ্ঞী ত্বরয়াত্মজান্তিকং দদর্শ বালং সহসা মৃতং সুতং ॥ ৩৩ ॥
পপাত ভূমৌ পরিবৃদ্ধয়া শুচা মুমোহ বিভ্রষ্টশিরোরুহাম্বরা।
ততোনৃপান্তঃ পুরবর্ত্তিনো জনা নরাশ্চ নার্য্যশ্চ নিশম্য রোদনং।
আগত্য তুল্যব্যসনাঃ সুদুঃখিতাস্তাশ্চ ব্যলীকং রুরুদুঃ কৃতাগসঃ ॥ ৩৪ ॥
শ্রুত্বা মৃতং পুত্রমলক্ষিতান্তকং বিনষ্টদৃষ্টিঃ প্রপতন্ স্খলন্ পথি।
স্নেহানুবন্ধৈধিতয়া শুচা ভৃশং বিমূর্চ্ছিতোঽনুপ্রকৃতির্দ্বিজৈর্বৃতঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

উদ্গতে তারকে কণীনিকে যয়োস্তে লোচনে যস্য তং ॥ ৩৩ ॥

বিভ্রষ্টাঃ শিরোরুহা অম্বরেচ যস্যাঃ তাশ্চ সপত্ন্যোপি ॥ ৩৪ ॥

অলক্ষিতো ঽন্তকো মৃত্যুহেতুর্যস্য তং। অনুগতাঃ প্রকৃতয়ো ঽমাত্যাদয়ো যস্য সোঽনুপ্রকৃতিঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

তাশ্চ সপত্ন্যোপি ॥ ৩৪ ॥

নলক্ষিতোঽন্তকো মৃত্যুর্যস্য তং। অনুপ্রকৃতিঃ অনুগতামাত্য সুহৃদাদিকঃ। দ্বিজৈর্বৃতঃ পপাতেতি অমাত্যাদয়ো ব্রাহ্মণা-রয়শ্চ পেতুরিত্যর্থঃ ॥ ৩৫ ॥ ৩৬ ॥

ধাত্রী গৃহমধ্যে প্রবেশ করিয়া সেই বালক যেখানে শয়িত ছিল তথায় গিয়া দেখিল, তাহার দুইটী চক্ষুর তারা উপর দিকে উঠিয়া রহিয়াছে, দেহে প্রাণ, ইন্দ্রিয় ও আত্মা নাই, দেখিয়াই "হা হতা হইলাম" বলিয়া উচ্চৈঃস্বরে আর্ত্তনাদ করত মূর্চ্ছিতা হইয়া পড়িল। স্তনদায়িনীর ঐ আর্ত্তধ্বনি রাজ্ঞীর (কৃতদ্যুতির) কর্ণগোচর হইল। অতএব অনিষ্ট আশঙ্কা করিয়া বিলাপ পূর্ব্বক বক্ষঃস্থলে করাঘাত করিতে করিতে দ্রুতগতি সেই গৃহে আগমন করিলেন, কিন্তু সমীপে উপস্থিত হইয়া দেখিলেন সন্তান অকস্মাৎ মরিয়া রহিয়াছে ॥ ৩৩ ॥

হে রাজন্! দর্শন করিয়াই কৃতদ্যুতি ভূমিতে পড়িলেন, গুরুতর শোকে তৎক্ষণাৎ তাঁহার মোহ উপস্থিত হইল, অতএব মস্তকের কেশ, গাত্রের বসন পরিভ্রষ্ট হইয়া পড়িলেও জানিতে পারিলেন না। তদনন্তর নৃপতির অন্তঃপুরবর্ত্তী নর ও নারীগণ এই দুর্ঘটনার কথা শুনিল এবং সকলেই সত্বর হইয়া আসিয়া অতিশয় দুঃখিত ও রাজ্ঞীর তুল্য খিন্ন হওত রোদন করিতে লাগিল। হে রাজন্! কৃতদ্যুতির যে সকল সপত্নী ঐ দুষ্কর্ম্ম অর্থাৎ বিষ প্রদান করিয়াছিল তাহারাও আসিয়া কাপট্যাবলম্বন পূর্ব্বক রোদন করিতে আরম্ভ করিল ॥ ৩৪ ॥

অনন্তর রাজা চিত্রকেতু শুনিলেন পুত্রের হঠাৎ মৃত্যু হইয়াছে, কিন্তু মরণের কারণ লক্ষিত হইল না। শ্রবণ মাত্রে আকস্মিক শোকে তাঁহার দৃষ্টি বিনষ্টা হইল, মৃত-সন্তানকে দেখিবার নিমিত্ত ব্যগ্র হইয়া শোকাবেগ বশতঃ পতিত ও স্খলিত হইতে হইতে আসিলেন। স্নেহানুবন্ধ বশতঃ তাঁহার শোক উত্তরোত্তর বৃদ্ধিশীল হইতেছিল, বারম্বার মূর্চ্ছিত হইতে লাগিলেন, অতএব অমাত্য প্রভৃতি রাজ পুরুষগণ সঙ্গে সঙ্গে চলিলেন এবং ব্রাহ্মণেরা চারিদিকে বেষ্টন করিয়া আনিলেন ॥ ৩৫ ॥

পপাত বালস্য স পাদমূলে মৃতস্য বিস্রস্ত শিরোরুহাম্বরঃ।
দীর্ঘং শ্বসন্ বাষ্পকলোপরোধতো নিরুদ্ধ কণ্ঠো নশশাক ভাষিতুং ॥ ৩৬ ॥
পতিং নিরীক্ষ্যোরু শুচার্পিতং তদা মৃতঞ্চ বালং সুতমেক সন্ততিং।
জনস্য রাজ্ঞী প্রকৃতেশ্চ হৃদ্রুজং সতী দধানা বিললাপ চিত্রধা ॥ ৩৭ ॥
স্তনদ্বয়ং কুঙ্কুমপঙ্কমণ্ডিতং নিষিঞ্চতী সাঞ্জনবাষ্পবিন্দুভিঃ।
বিকীর্য্য কেশান্ বিগলৎ স্রজঃ সুতং শুশোচ চিত্রং কুররীব সুস্বরং ॥ ৩৮ ॥
অহোবিধাতস্ত্বমতীব বালিশোযস্ত্বাত্মসৃষ্ট্যপ্রতিরূপমীহসে।

শ্রীধরস্বামী।

বাষ্পকলাভিরশ্রুবিন্দুভি রুপরোধতঃ সংবৃতত্বেন নিরুদ্ধঃ কণ্ঠো যস্য ॥ ৩৬ ॥

তং উরু শুচার্পিতং বহুশোকেন ব্যাপ্তং একমেব সন্ততিরূপং ॥ ৩৭ ॥

বিগলন্ত্যঃ স্রজো যেভ্যঃ তান্ কেশান্ ॥ ৩৮ ॥

আত্মসৃষ্টেরপ্রতিরূপং অননুরূপং চেষ্টসে। তদেবাহ নু অহো পরে বৃদ্ধে জীবতি অপরস্য বালস্য যা মৃতিস্তং। তথাহি বৃদ্ধস্য সৃষ্টিসামর্থ্যাভাবে বালেচ মৃতে সতি তব সৃষ্টি র্নষ্টা স্যাদিত্যর্থঃ। সাম্প্রতং স্বসৃষ্টেৰ্বিপরীতো হস্মীতি চেত্তত্রাহ বিপর্য্যয়ঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

একশ্চাসৌ সন্ততি র্বংশরূপশ্চ তং হৃদ্রুজং দধানা পুষ্যন্তী সতী ॥ ৩৭। ৩৮ ॥

অস্মাকমেতাদৃশস্য দুঃখস্য কারণং বিধাতৈব তস্যচ কারণত্বং তদীয়মূর্খত্বাদেবেতি নিশ্চিতা স ন পুনরেবং কাপি করোত্বিতি হিতৈষিত্বেন তমেব প্রবোধয়ন্ত্যাহ অহো ইতি বালিশত্বমেবাহ যত্বং আত্মনঃ সৃষ্টেঃ অপ্রতিরূপং অসদৃশমনুচিতং যথাস্যাত্তথা ইত্যর্থঃ। নমু কিমনৌচিত্যং তত্রাহ পরে বৃদ্ধে জীবতি অপরস্য বালস্য যা মৃতিস্তৎ। তদাহ বৃদ্ধস্য সৃষ্টিসামর্থ্যাভাবে বালেচ মৃতে সতি তব সৃষ্টিলোপ এব স্যাদিত্যর্থঃ। বিপর্য্যয়শ্চেৎ সংপ্রতি স্ব সৃষ্টের্বিপরীতোস্মীতি মন্যসে চেদিত্যর্থঃ। তর্হি ত্বমেবাস্মাকং

সে যাহা হউক, তিনি আসিয়াই সেই মৃত বালকের পাদমূলে পড়িলেন। তাঁহার কেশ বসন বিস্রস্ত হইয়া গেল, বাষ্পবিন্দু দ্বারা সংবৃত হওয়াতে কণ্ঠদেশ নিরুদ্ধ হইয়াছিল সুতরাং কেবল দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন, কথা কহিতে সামর্থ্য হইল না ॥ ৩৬ ॥

পতিকে ঐ প্রকার শোকাকুল অবলোকন করিয়া এবং বংশের সন্ততির মূল যে স্বীয় সন্ততি, তাহাকে মৃত দেখিয়া রাজমহিষী কৃতদ্যুতির বিশেষতঃ অমাত্য মন্ত্রি প্রভৃতির মনস্তাপ বিস্তার করত বিচিত্র প্রকারে বিলাপ করিলেন ॥ ৩৭ ॥

তাঁহার স্তনদ্বয় কুঙ্কুমপঙ্কে ভূষিত ছিল, নিরন্তর বাষ্পবিন্দু তদুপরি পতিত হওয়াতে তদ্দ্বারা যেন অভিষিক্ত হইতে লাগিল। আর তিনি এ প্রকার আপনার কেশ বিকীর্ণ করিলেন যে তাহা হইতে সমস্ত পুষ্পস্রক্ বিস্রস্ত হইয়া পড়িল অনন্তর মৃত তনয়ের নিমিত্ত কুররীর ন্যায় সুস্বরে আশ্চর্য্য প্রকার শোক করিলেন ॥ ৩৮ ॥

পরিশেষে বিধাতার প্রতি আক্রোশ করিয়া কহিতে লাগিলেন, হে বিধাতঃ! তুমি অতি মূর্খ, যে হেতু আপনার সৃষ্টির অননুরূপ চেষ্টা করিতেছ? কি আশ্চর্য্য! বৃদ্ধ জীবিত থাকিবে বালক মরিয়া যাইবে একি! বৃদ্ধের সৃষ্টি সামর্থ্য নাই, সে জীবিত এবং বালক মৃত হইতে থাকিলে সৃষ্টিই যে বিনষ্ট হইয়া যাইবে! অহে বিধি! যদি সম্প্রতি আপনার সৃষ্টির বিপরীত হইয়া থাকে, তাহা হইলে তুমিই

পরেঽনুজীবত্যপরস্য যা মৃতির্বিপর্য্যয়শ্চেত্ত্বমসি ধ্রুবঃ পরঃ ॥ ৩৯ ॥
নহি ক্রমশ্চেদিহ মৃত্যুজন্মনোঃ শরীরিণামস্তু তদাত্মকর্ম্মভিঃ।
যঃ স্নেহপাশোনিজ সর্গ বৃদ্ধয়ে স্বয়ং কৃতস্তে তমিমং বিবৃশ্চসি ॥ ৪০ ॥
তং তাত নার্হসিচ মাং কৃপণামনাথাং ত্যক্তুং বিচক্ষ্ব পিতরং তব শোকতপ্তং।

শ্রীধরস্বামী।

বিপরীতোসি চেত্তর্হি ত্বং প্রাণিনামতি দুঃখকারিত্বাৎ ধ্রুবো নিত্যঃ পরঃ শত্রুরসি নতু কৃপালুরিত্যর্থঃ ॥ ৩৯ ॥

নমু জীবস্য কর্ম্মানুসারেণ জন্মাদিকুর্ব্বতো মম কোঽপরাধস্তত্রাহ নহীতি। পুত্রে জীবত্যেব পিতা ম্রিয়তে পিতরি জীবত্যেব পুত্রোজায়তে ইতি ক্রমো নাস্তি কর্ম্মাধীনত্বাদিতি চেত্তর্হ্যাত্মকর্ম্মভিরেব তজ্জন্মাদিকমস্তু কিং ত্বয়া কৃত্যং। নমু মযেশ্বরেণ বিনা জড়ৈঃ কর্ম্মভিরিদং কথং সিদ্ধ্যেৎ ভবতু নাম তথাপি নিজসর্গ বৃদ্ধয়ে তে ত্বয়া যঃ স্নেহপাশঃ কৃতঃ তমিমং স্বয়মেব বিবৃশ্চসি ছিনৎসীত্যাক্রোশতি। নহ্যেবংবিধং দুঃখং দৃষ্ট্বা কশ্চিদপি পুত্রাদিষু স্নেহং করিষ্যতীতি ভাবঃ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পরঃ শত্রু ধ্রুবোনিশ্চিত এব। স্বস্যাপকারমপি কৃত্বা অস্মান্ দুঃখয়ন্ শত্রুত্বমেব ব্যক্তীকরোষীত্যর্থঃ ॥ ৩৯ ॥

নমু জীবস্য কর্ম্মানুসারেণ জন্মাদি কুর্ব্বতো মম কোঽপরাধস্তত্রাহ নহীতি পুত্রে জীবত্যেব পিতা ম্রিয়তে পিতরি মৃতে এব পুত্রো ম্রিয়তে ইতি ক্রমো নাস্তি কর্ম্মাধীনত্বাদিতি চেৎ তর্হি আত্মকর্ম্মভিরেব তজ্জন্মাদিকমস্তু কিং ত্বয়া কৃত্যং নমু মযেশ্বরেণ বিনা-জড়ৈঃ কর্ম্মভিরিদং কথং সিদ্ধেৎ সত্যং ত্বয়ৈব সিদ্ধ্যতু তদপি নিজসর্গ বৃদ্ধয়ে যঃ স্নেহপাশস্তে ত্বয়া স্বয়মেব কৃতস্তমিমং বিবৃশ্চসি ছিনৎসি স্নেহে এতাদৃশং দুঃখং দৃষ্ট্বা পুত্রাদিষু কোপি স্নেহং ন করিষ্যতি স্নেহাকরণে পুত্রাদয়ঃ কথং জীবিষ্যন্তীতি সৃষ্টিলোপাৎ ত্বং মূর্খ এবেতি ভাবঃ যদ্বা লোড়র্থে লট্ ছিন্ধীত্যর্থঃ। স্নেহ এব সুখদুঃখয়োর্হেতুঃ। স্নেহাভাবে পুত্রোজায়তাং ম্রিয়তাং বা নৈব স্যাতাং সুখ দুঃখে ইতি ভাবঃ ॥ ৪০ ॥

বালিশেন বিধাত্রা সহ কিমিত্যহং সংলপামি স্বপুত্রমেব হিতকৃতো কিমিতি নাবধাপয়ামীতি বিমৃশ্যাহ ত্বমিতি হে তাত ভবতা পুত্রেণ অপ্রজানামপুত্রাণাং দুস্তরং যৎ ধ্বান্তং নরকং তত্তরেম। নমু যমো মাং স্বপুরং নয়তি অহং কিং করোমি তত্রাহ। নযাহি

প্রাণি সকলের দুঃখদায়ক, অতএব নিত্য শত্রু, তোমাকে কৃপালু কে বলে? ॥ ৩৯ ॥

যদি ইহলোকে শরীরিদিগের জন্ম মৃত্যুর কোন ক্রম না থাকে অর্থাৎ জন্ম ও মৃত্যু কর্ম্মাধীন বলিয়া পুত্র জীবিত থাকিতে থাকিতেই পিতার মৃত্যু হইবে এবং পিতার জীবদ্দশাতেই পুত্র জন্মিবে এরূপ নিয়ম যদি না থাকে তবে লোকের আত্ম কর্ম্ম দ্বারাই জন্মাদি হউক, তোমাতে কার্য্য কি? যদি বল কর্ম্ম সকল জড়, ঈশ্বর ব্যতিরেকে কেবল কর্ম্ম দ্বারা জন্ম মৃত্যু সিদ্ধি হইতে পারে না, উত্তর, না পারুক, তথাপি এই আচরণে তুমি আপনার সৃষ্টি বৃদ্ধির নিমিত্ত এই যে স্নেহপাশ করিয়া রাখিয়াছিলে তাহা আপনিই ছেদন করিলে। ফলতঃ এবম্বিধ দুঃখ দেখিয়া আর কোন ব্যক্তিই পুত্রাদির প্রতি স্নেহ করিবে না ॥ ৪০ ॥

তদনন্তর মৃত পুত্রকে সম্বোধন করিয়া বিলাপ করত কহিলেন, হে তাত! আমি অতি দীনা অনাথা, আমাকে ত্যাগ করা তোমার উচিত হয় না, বৎস! তোমার এই পিতার প্রতি একবার দৃষ্টিপাত করিয়া দেখ, ইনি তোমার শোকে সাতিশয় সন্তপ্ত হইতেছেন। হে পুত্র! আমরা সতত এই আশা করি অপুত্রক ব্যক্তিদিগের দুস্তর যে নরক হয় তোমার দ্বারা তাহা অনায়াসে উত্তীর্ণ হইব। আমা-

অপ্রজাস্তরেম ভবতাপ্রজদুস্তরং যদ্ধ্বান্তং ন যাহ্যকরুণেন যমেন দূরং ॥ ৪১ ॥
উত্তিষ্ঠ তাত ত ইমে শিশবো বয়স্যাস্ত্বামাহ্বয়ন্তি নৃপনন্দন সংবিহর্তুং।
সুপ্তশ্চিরং হ্যশনয়াচ ভবান্ পরীতো ভুঙ্ক্ষ্ব স্তনং পিব শুচোহর নঃ স্বকানাং ॥ ৪২ ॥
নাহং তনূজ দদৃশে হতমঙ্গলা তে মুগ্ধস্মিতং মুদিতবীক্ষণমাননাব্জং।
কিং বাগতোঽস্য পুনরন্বয়মন্যলোকং নীতোঽঘৃণেন ন শৃণোমি কলা গিরস্তে ॥
শ্রীশুক উবাচ ॥
বিলপন্ত্যা মৃতং পুত্রমিতি চিত্রবিলাপনৈঃ। চিত্রকেতুর্ভৃশং তপ্তো মুক্তকণ্ঠো রুরোদ হ ॥
তয়োর্বিলপতোঃ সর্ব্বে দম্পত্যোস্তদনুব্রতাঃ। রুরুদুঃ স্ম নরা নার্য্যঃ সর্ব্বমাসীদচেতনং।

শ্রীধরস্বামী।

অপ্রজানাং দুস্তরং অকরুণেন সহ ॥ ৪১ ॥
অশনয়া ক্ষুধা ॥ ৪২ ॥
তনূজ হে পুত্র নাহং প্রথমং তৎপার্শ্বমাগতা সতী তব মুগ্ধস্মিতং বক্তুং দদৃশে দৃষ্টবত্যস্মি ইদানীমপি গিরো নশৃণোমি তর্হি

ক্রমসন্দর্ভ।

অনায়কং শোকনিবর্ত্তকশূন্যং রাজানমিতি শেষঃ ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অকরুণেন সহ ॥ ৪১ ॥
পুত্রং সুপ্তং মত্বাহ উত্তিষ্ঠেতি। অশনয়া ক্ষুধয়া ॥ ৪২ ॥
হে তনূজ তব মুগ্ধস্মিতং মুখপদ্মং নাহং দদৃশে ন দৃষ্টবত্যস্মি যতঃ ন জাগর্ষি তেন কিংবা অন্যলোকং পরলোকং গতোসি।
অপুনরন্বয়ং পুনরাগমন শূন্যং তব কো দোষঃ যতোঽঘৃণেন নিষ্করুণেন যমেন নীতঃ। অতএব কলা মধুরাস্ফুটা গিরস্তে ন শৃণোমি।
বিলপন্ত্যা সহ ॥
এবং সর্ব্ব নগরমেব নষ্টসংজ্ঞং জ্ঞাত্বা চিত্রকেতোশ্চ মৃততুল্যত্বাদনায়কং ॥ ৪৩ ॥

দিগকে ত্যাগ করিয়া অকরুণ যমের সহিত দূরে যাইও না ॥ ৪১ ॥

হে তাত! গাত্রোত্থান কর এই তোমার বয়স্যগণ ক্রীড়া করিবার নিমিত্ত তোমাকে আহ্বান করিতেছে। হে নৃপনন্দন! অনেকক্ষণ শয়ন করিয়া আছ, তোমার ক্ষুধা হইয়া থাকিবে কিছু খাও স্তন পান কর, আত্মীয় জনের শোক দূর হউক ॥ ৪২ ॥

হে পুত্র! আমি অতি মন্দভাগ্যা, প্রথমে এখানে আসিয়া তোমার বদনপদ্মের মনোহর হাস্য দেখিতে পাই নাই, এক্ষণেও তোমার মধুর বাক্য আমার কর্ণগোচর হইতেছে না, বৎস! তোমার নয়ন দ্বয় মুদ্রিত রহিয়াছে, নৃশংস কৃতান্ত কি তোমাকে লোকান্তরে অর্থাৎ যেখান হইতে পুনরাগমন হয় না তথায় কি লইয়া গিয়াছে? ॥

শুকদেব কহিলেন হে রাজন্! রাজমহিষী কৃতদ্যুতি পুত্রের নিমিত্ত ঐ প্রকার শোক করিতে থাকিলে, তাঁহার বিচিত্র বিলাপে রাজা চিত্রকেতু সাতিশয় সন্তপ্ত হইলেন, অতএব অবিলম্বে তিনিও মুক্তকণ্ঠ হইয়া রোদন করিতে আরম্ভ করিলেন। হে মহারাজ! ঐ দুই স্ত্রী পুরুষের বিলাপ দেখিয়া তাঁহাদের অনুবর্ত্তী নর নারী সকলেই দুঃখিত হইয়া ক্রন্দন করিতে লাগিল, পরে গুরুশোক জন্য মোহ বশতঃ সকলেই অচেতন হইয়া পড়িল। হে ভারত! চিত্রকেতু রাজার এ প্রকার ব্যসন উপস্থিত হইলে মহর্ষি অঙ্গিরা অবগত হইয়া নারদের সহিত তথায় আগমন করিলেন, তখন সকলে হত-

এবং কশ্মলমাপন্নং নষ্টসংজ্ঞমনায়কং। জ্ঞাত্বাঙ্গিরা নাম ঋষিরাজগাম সনারদঃ ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে চিত্রকেতূপাখ্যানে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

ঊচতুর্ম্মৃতকোপান্তে পতিতং মৃতকোপমং। শোকাভিভূতং রাজানং বোধয়ন্তৌ সদুক্তিভিঃ ॥ ১

কোঽয়ং স্যাত্তব রাজেন্দ্র ভবান্ যমনুশোচতি। ত্বঞ্চাস্য কতমঃ সৃষ্টৌ পুরেদানীমতঃ পরং ॥ ২

শ্রীধরস্বামী।

কিমপুনরয়ং পুনরাগমনং যথা ন ভবতি তথা গতোঽসি ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে চতুর্দ্দশঃ ॥ * ॥

ততঃ পঞ্চদশে চিত্রকেতোঃ শোকাপনোদনং। কৃতং তত্ত্বোপদেশেন নারদেনাঙ্গিরো যুজা ॥ ০ ॥

মৃতকোপান্তে শবসমীপে ॥ ১ ॥

ত্বঞ্চাস্য বন্ধূনাং কতমঃ সৃষ্টৌ প্রজারূপায়াং অয়ং পুত্রঃ অহঞ্চাস্য পিতেতি চেত্তত্রাহ পুরেতি। যে পূর্ব্বজন্মনি পিত্রাদিরূপেণ সংযুক্তা আসন্ তএব মরণেন ততো বিযুক্তাঃ সন্তো বর্ত্তমান জন্মনি কদাচিত্তস্যৈবান্যস্য বা পুত্রাদয়ো ভবন্তি। তে

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে চতুর্দ্দশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শুদ্ধাত্মনো বস্তুতো দেহিত্বং নাস্তি ততো নচ তস্য দেহ ইত্যেবং। তত্র দৃষ্টান্তঃ যথা ন বস্তুনি সর্ব্বকারণে পরমাত্মনি জাতি ব্যক্তি বিভাগ ইতি ॥ ১।২।৩।৪ ৫।৬।৭।৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠে চতুর্দ্দশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অথ পঞ্চদশে ভূপমুদ্ধার মুনিদ্বয়ং। শোকান্মন্ত্রং তূপদেষ্টুং নারদঃ কিঞ্চিদব্রবীৎ ॥ ০ ॥

অয়ং তব কো ভবেৎ পুত্র ইতি চেৎ সত্যং ত্বমপ্যস্য কতমঃ পিতেতি চেৎ তত্রাহ পুরা সৃষ্টৌ পূর্ব্ব জন্মনি কিংবা ইদানীং কিংবা অতঃপরং ভাবিনি জন্মনীত্যর্থঃ যে পূর্ব্ব জন্মনি পুত্রাদি রূপেণ সংযুক্তা আসন্ ত এব মরণে ততো বিযুক্তাঃ সন্তো বর্ত্তমান জন্মনি কদাচিৎ তস্যৈবান্যস্য বা পুত্রাদয়ো ভবন্তি। তে জন্মান্তরে তস্যৈবান্যস্য বা কলত্রাদয়ঃ শত্রুমিত্রাদয়ো বা ভবন্তীতি ভাবঃ ॥ ১।২ ॥

চেতন ও অনায়ক অর্থাৎ শোক নিবর্ত্তক জনশূন্য হইয়া রহিয়াছিল ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে চতুর্দ্দশ ॥ * ॥

পঞ্চদশাধ্যায়ে নারদ ও অঙ্গিরা কর্ত্তৃক তত্ত্বোপদেশ দ্বারা চিত্রকেতুর শোকাপনোদন ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে মহারাজ! শূরসেনাধিপতি রাজা চিত্রকেতু মৃত শিশুর শব সমীপে শবতুল্য পতিত এবং শোকাভিভূত দেখিয়া মহর্ষি অঙ্গিরা ও নারদ বিবিধ সদুক্তি দ্বারা প্রবোধ দান পূর্ব্বক কহিতে লাগিলেন ॥ ১ ॥

হে রাজেন্দ্র! তুমি যাহার নিমিত্ত এ প্রকার কাতর হইয়া শোক করিতেছ এ তোমার কে? তুমিই বা প্রজারূপা সৃষ্টিতে ইহার বন্ধু মধ্যে কোন্ জন? যদি বল এ আমার পুত্র, আমি ইহার পিতা, তাহাতে বক্তব্য এই, পূর্ব্বে কি তোমাদের পরস্পর সম্বন্ধ ছিল? এখনও কি রহিয়াছে? অতঃপর কি হইবে? ফলতঃ যাহারা পূর্ব্ব জন্মে যাহার সহিত পিত্রাদি রূপে সংযুক্ত থাকে, তাহারা মরণ দ্বারা তাহা হইতে বিযুক্ত হইয়া বর্ত্তমান জন্মে কদাচিৎ তাহার, কদাচিৎ অন্যের পুত্রাদি হইতে পারে

যথা প্রযান্তি সংযান্তি স্রোতোবেগেন বালুকাঃ। সংযুজ্যন্তে বিযুজ্যন্তে তথা কালেন দেহিনঃ॥ ৩॥
যথা ধানাসু বৈ ধানা ভবন্তি ন ভবন্তিচ। এবং ভূতানি ভূতেষু চোদিতানীশমায়য়া ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

জন্মান্তরে তস্যৈবান্যস্য বা কলত্রাদয়ঃ শত্রুমিত্রাদয়োবা ভবন্তি ততোনায়ং নিয়ম ইতি ভাবঃ ॥ ২ ॥

তমেবাভিপ্রায়ং প্রকটয়তঃ যথেতি স্রোতসঃ প্রবাহস্য বেগেন যথা প্রযান্তি বিযুজ্যন্তে সংযান্তি সংযুজ্যন্তেচ তথা কালবেগেন দেহিনো জীবা অপি ॥ ৩ ॥

তথাপ্যেতাবন্তং কালং মম পুত্রোনাভূৎ। বার্দ্ধকে জাতোমৃত ইতি দুঃখমিতি চেত্তত্রাহতুঃ। যথা ধানাসু বীজেষু ধানা বীজান্তরাণি ভবন্তি কাসু কদাচিন্নভবন্তি নোৎপদ্যন্তে নশ্যন্তি বা নতু ভবন্ত্যেবেতি নিয়মঃ। এবমেব ভূতানি পুত্রাদি রূপাণি ভূতেষু পিত্রাদিষু অতো ধানানাং জন্যজনকত্বেপি যথা পিতৃ পুত্রাদি ভাবো নাস্তি এবমত্রাপীতি নশোকঃ কার্য্য ইতি ভাবঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তমেবার্থং প্রকটয়তি যথেতি স্রোতসঃ প্রবাহস্য বেগেন বালুকাঃ যথা প্রযান্তি বিযুজ্যন্তে। সংযান্তি সংযুজ্যন্তে। তথা কালবেগেন দেহিনো জীবা অপি ॥ ৩ ॥

নম্বহমস্য পিতা বা পুত্রো বা এতস্মিন্ জন্মনি অন্যস্মিন্ জন্মনি ভবামি ন ভবামি বেত্যাদি জিজ্ঞাসয়া সংপ্রত্যলমেব কিন্তুস্য পরম প্রেমাস্পদস্য বিচ্ছেদ দুঃখমহং কেনাপরাধেনানুভবামি তদ্ব্রূতমিতি চেন্নাত্র কোঽপ্যপরাধঃ কিন্ত্বত্র কালএব কারণমিত্যাহতুঃ যথেতি ॥

তদপ্যেতাবন্তং কালং মম পুত্রোনাভূৎ বার্দ্ধকে জাতো মৃত ইতি মহদ্দুঃখ মিতি চেত্তত্রাহতুঃ। ধানাসু যবেষু ধানা যবান্তরাণি ভবন্তি কদাচিন্ন ভবন্তি নশ্যন্তিচ। এবম্ভূতানি পুত্রাদীনি ভূতেষু পিত্রাদিষু। অতো যবানাং জন্য জনকত্বেপি যথা পিতৃ পুত্রাদি ভাবোনাস্তি এবমত্রাপি ন শোকঃ কার্য্যা ইতি ভাবঃ ধানাভৃষ্টযবে স্ত্রিয় ইত্যভিধানাৎ শ্লেষেণ যথা ধানাসু ভৃষ্টযবেষু ধানা ন ভবন্তি। এবম্ভূতেষু ঈদৃশেষু ভবদ্বিধেষু অপত্যজনকাদৃষ্টরহিতেষু ভূতানি অপত্যানি ন ভবন্তি কিন্তু হে ঈশ রাজন্ মায়য়া প্রেরিতানি ভবন্তি চেত্যহমঙ্গিরাএব ত্বং প্রবোধার্থং মায়য়া ত্বং পুত্রোঽভূবমিতি ভাবঃ ॥ ৪ ॥

এবং এক্ষণেও যাহার যে সকল পুত্র কলত্রাদি আছে তাহারাও জন্মান্তরে তাহার কিম্বা অন্যের পুত্র কলত্রাদি বা শত্রু মিত্রাদি হইতে পারে, অতএব তুমি ইহার পিতা ইনি তোমার পুত্র এমত নিয়ম কই, কিসে তুমি জানিলে এ আমার পুত্র ॥ ২ ॥

হে রাজন্! যেমন স্রোতের বেগে বালুকা সকল কদাচিৎ কোন স্থান হইতে অন্তর হইয়া যায়, কোথায় বা নূতন গিয়া সংযুক্ত হয়, সেই রূপ এই জীব সকলও কাল বেগে কখন পরস্পর সংযুক্ত ও কখন বিযুক্ত হইয়া থাকে ॥ ৩ ॥

যদি বল এতাবৎকাল আমার পুত্র হয় নাই, বৃদ্ধাবস্থায় উৎপন্ন হইয়া পুনরায় মৃত হইল, অতএব ইহাই সুমহৎ দুঃখ, হে মহারাজ! এরূপ আশঙ্কা বৃথা। যেমন বীজ মধ্যে বীজান্তর হয় সত্য, কিন্তু কোন কোন বীজে কদাচিৎ তাহা উৎপন্ন হয় না, অথবা জন্মিয়া নষ্ট হয়, সেই রূপ পরমেশ্বরের মায়া বশতঃ পুত্রাদিরূপ ভূত সকল পিত্রাদিভূত সকলে কদাচিৎ নিযোজিত হইতে পারে, কদাচিৎ না হইতেও পারে। অতএব জীব সকলে জনকত্ব সত্বেও যদ্রূপ পিতৃ পুত্র ভাব বলা যায় না এস্থলেও পিতৃ পুত্র ভাব তদ্রূপ, ইহাতে শোকের বিষয় কি? ॥ ৪ ॥

বয়ঞ্চ ত্বঞ্চ যে চেমে তুল্য কালাশ্চরাচরাঃ। জন্মমৃত্যোর্যথা পশ্চাৎ প্রাঙ্নৈবমধুনাপি ভোঃ ॥ ৫ ॥
ভূতৈর্ভূতানি ভূতেশঃ সৃজত্যবতি হন্তিচ। আত্মসৃষ্টৈরস্বতন্ত্রৈরনপেক্ষোঽপি বালবৎ ॥ ৬ ॥
দেহেন দেহিনোরাজন্ দেহাদ্দেহোঽভিজায়তে। বীজাদেব যথাবীজং দেহ্যর্থ ইব শাশ্বতঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

ঈশমায়া প্রেরিতানামেব ভবনমভবনং নতু বস্তুতঃ তস্যচ সর্ব্ব সাধারণত্বাৎ ন পুত্রএব শোচনীয় ইত্যাহতুঃ বয়ঞ্চেতি। তুল্য কালা বর্ত্তমান কালীনাঃ জন্মনঃ প্রাক্ মৃত্যোঃ পশ্চাচ্চ যথা নসন্তি এবমধুনাপি ন সন্তি ভো রাজন্ আদ্যন্তয়োরসত্ত্বাৎ স্বপ্ন বদিত্যর্থঃ ॥ ৫ ॥

অসত্ত্বে কথং প্রতীতিঃ কথাম্বাহমস্য জনক ইত্যাদ্যভিমানস্তত্রাহতুঃ ভূতৈরিতি। ঈশ্বরেণ মায়য়া সৃষ্টত্বাৎ প্রতীতি নিমিত্তমাত্রত্বে নৈবচ ভূতানামভিমান ইতি ভাবঃ। নন্বীশ্বরস্য সৃষ্ট্যাদিভিঃ সাধ্যমস্তি চেৎ অপূর্ণকামতা প্রাপ্তা নাস্তি চেৎ কুতঃ প্রবৃত্তিস্তত্রাহতু অনপেক্ষোঽপি বালবল্লীলয়া করোতি ॥ ৬ ॥

অয়ঞ্চ জন্মাদি ব্যবহারো দেহানামেবানাত্মত্বান্নাত্মন ইত্যাহতুঃ। দেহিনঃ পিতুর্দ্দেহেন দেহিনঃ পুত্রস্য দেহো মাতুর্দ্দেহিনো

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শোচনীয়শ্চেৎ ন কেবলং মৃতঃ পুত্রএব অপিতু দারামাত্য স্বজনাদয়ঃ সর্ব্বে বর্ত্তমানা অপি শোচ্যা এবেত্যাহতুঃ বয়ঞ্চেতি। তুল্যকালাএক কালস্থিতাঃ জন্মনঃ প্রাক্ মৃত্যোঃ পশ্চাচ্চ যথা নসন্তি এবনধুনাপি ন সন্তি নহ্যত্রৈকালিকং বস্তু বাস্তব মুচ্যতে নহ্যবাস্তবং বস্তু ভবৈর্যোগ্যনায়ামুপাদীয়তে ইত্যত স্তৎ সত্যমপ্যসত্যায়মানমেবেতি ভাবঃ ॥ ৫ ॥

নচ মমায়ং পুত্রো জনিতঃ কেনাপ্যলক্ষিতেন দারুণেনায়ং নাশিত ইতি স্বস্মিন্ জনকত্বলক্ষণো গুণঃ পরস্মিংস্ত নাশকত্ব লক্ষণো দোষ প্রসঞ্জনীয় ইত্যাহতুঃ। ভূতৈঃ পিত্রাদিভিঃ সৃজতি। রাজাদিভিরবতি সর্পাদিভির্হন্তি আত্মসৃষ্টৈরিতি পিত্রাদীনামীশ্বর সৃষ্টত্বাদীশ্বরাধীনত্বাচ্চেত্যর্থঃ। নমু পূর্ণকামস্যেশ্বরস্য কিং সৃষ্ট্যাদিভি স্তত্রাহ অনপেক্ষোঽপি বালবল্লীলয়া করোতীতি ॥ ৬

সত্য মুক্তমীশ্বর সৃষ্টেন পিত্রা ময়া জনিতঃ পুত্রোঽয়ং মৃত ইত্যতঃ শোচামীতি তত্রাহতুঃ। দেহেন পিতুর্দেহেন দেহিনঃ পুত্রস্য দেহো মাতুর্দেহাদভিজায়তে যথা বীজাদেব বীজং জায়তে অতস্ত্বয়া জনিতস্য পুত্রদেহস্য তবাগ্রএব বর্ত্তমানত্বাৎ ত্বং কথমধুনা শোচসীতি ভাবঃ ॥

রাজন্! আমরা, তুমি এবং এই সকল চরাচর জগৎ, যাহা বর্ত্তমান কালে একত্র রহিয়াছে, আমরা যদ্রূপ জন্মের পূর্ব্বে ছিলাম না এবং মৃত্যুর পরে থাকিব না, এক্ষণেও তদ্রূপ নাই, ফলতঃ এ সকল যদি প্রথমে ও শেষে না থাকিল তবে অসৎ (মিথ্যা) এবং কেবল স্বপ্ন তুল্য ॥ ৫ ॥

যদি বল সকলই যদি অসৎ 'মিথ্যা' তবে কি নিমিত্ত প্রতীতি হয় ও আমি ইহার জনক এইরূপ অভিমান জন্মে? উত্তর, ভূতেশ প্রভু মায়াযোগে ভূত দ্বারা ভূত সকলকে সৃজন, পালন ও সংহার করিয়া থাকেন অতএব পরমেশ্বরের মায়ায় সৃষ্ট হওয়াতে প্রতীত হয় এবং ভূত সকল ঐ বিষয়ে নিমিত্ত মাত্র হওয়াতে তাহাদের অভিমান জন্মিয়া থাকে। পরন্তু হে রাজন্! পরমেশ্বরের সৃষ্ট্যাদি কার্য্য দেখিয়া অপূর্ণ কামতা আশঙ্কা করিও না, ভূত সকল তাঁহার আত্ম সৃষ্ট বটে, কিন্তু সকলই অস্বতন্ত্র। অপর তাঁহার এসকলে প্রয়োজন মাত্র নাই, তিনি অনপেক্ষ হইয়াও বালকের ন্যায় লীলা দ্বারা এ সকলের সৃষ্ট্যাদি করিয়া থাকেন ॥ ৬ ॥

হে রাজন্! জন্মাদি ব্যবহার দেহ সকলের বস্তুতঃ আত্মার নয়, যেমন বীজ হইতে বীজ জন্মে তাহার ন্যায় দেহী যে পিত্রাদি, তাহাদের দেহ দ্বারা দেহির অর্থাৎ পুত্রাদির দেহ মাত্রাদির দেহ হইতে

দেহদেহিবিভাগোয়মবিবেককৃতঃ পুরা। জাতি ব্যক্তি বিভাগোঽয়ং যথা বস্তুনি কল্পিতঃ॥ ৮॥
শ্রীশুক উবাচ॥
এবমাশ্বাসিতোরাজা চিত্রকেতু র্দ্বিজোক্তিভিঃ। বিমৃজ্য পাণিনা বক্ত্রমাধিম্লানমভাষত॥
রাজোবাচ॥
কৌ যুবাং জ্ঞানসম্পন্নৌ মহিষ্ঠৌচ মহীয়সাং। অবধূতেন বেশেন গূঢ়াবিহ সমাগতৌ॥ ৯॥
চরন্তি হ্যবনৌ কামং ব্রাহ্মণা ভগবৎপ্রিয়াঃ। মাদৃশাং গ্রাম্যবুদ্ধীনাং বোধায়োম্মত্তলিঙ্গিনঃ।

শ্রীধরস্বামী।

দেহাদভিজায়তে যথা বীজাদেব বীজং জায়তে দেহীতু শাশ্বত এব অর্থো ভূম্যাদি র্যথা তদ্বৎ॥ ৭॥

নন্থ নশ্বর দেহ প্রতিযোগিত্বাৎ দেহ্যপি ন শাশ্বতঃ স্যাৎ তত্রাহতুঃ। দেহদেহিনো রয়ং পরস্পর প্রতিযোগি বিভাগঃ পুরা অনাদিঃ অবিবেক কৃতঃ অজ্ঞান কল্পিতঃ জাতিঃ সামান্যং ব্যক্তি র্বিশেষঃ তয়ো র্বিভাগো যথা বস্তুনি সন্মাত্রে কল্পিতঃ। পরস্পরাপেক্ষসিদ্ধিত্বেনানিরূপ্যত্বাৎ তদ্বৎ॥ ৮॥

আধিনা ম্লানং বক্ত্রং॥ ৯॥

উন্মত্তস্যেব লিঙ্গং যেষাং তে॥ ১০॥

ক্রমসন্দর্ভঃ।

অবধূতেন বেশেনেতি নিজাচ্ছাদনার্থং তদা কৃতত্বাৎ॥ ৯॥

ভগবতো বিশেষতো ভক্তবৎসলস্য সামান্যতোপি ব্রহ্মণ্যদেবস্য প্রিয়াঃ। কুমার ইতি চতুষ্কং। ব্যাসবাদরায়ণাদীনাং তদানী

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নম্বত্র সংপ্রতি দেহী জীবাত্মা নাস্তীতি শোচামীতি তত্রাহতুঃ। দেহী জীবো নাম অর্থস্তু শাশ্বতএব ন স ত্বয়া জনিত ইতি তেন সহ ন কোপি তে সম্বন্ধোঽস্তীতি ভাবঃ॥ ৭॥

নন্থ নশ্বরদেহ প্রতিযোগিত্বাৎ দেহ্যপি ন শাশ্বতঃ স্যাত্তত্রাহতুঃ। দেহদেহিনোরয়ং পরস্পর প্রতিযোগি বিভাগঃ। পুরা অনাদিঃ অবিবেক কৃতঃ অজ্ঞানকল্পিতঃ। জাতিঃ সামান্যং ব্যক্তি র্বিশেষঃ তয়োর্বিভাগো যথা বস্তুনি সন্মাত্রে কল্পিতঃ পরস্পরাপেক্ষ সিদ্ধিত্বেনানিরূপ্যত্বাৎ॥ ৮॥

অবধূতেন বেশেনেতি স্বগোপনার্থং তাভ্যাং তথা কৃতত্বাৎ॥ ৯॥

মহাপুরুষাঃ পরমর্ষয়ো ভগবদ্ভক্তাশ্চ গোচরা মনো নেত্রাদি বিষয়া যস্ত তং অতএব ব্রাহ্মণ বৈষ্ণব সেবিত্বাদ্ব্রহ্মণ্যো ভগবদ্ভক্ত

উৎপন্ন হয়, কিন্তু ভূম্যাদি পদার্থের ন্যায় দেহী (জীব) শাশ্বতই আছেন॥ ৭॥

যদি বল দেহী দেহের প্রতিযোগী, দেহকে যখন নশ্বর দেখিতেছি তখন দেহীও তদ্রূপ হইতে পারে, শাশ্বত হইতে পারে না, উত্তর, যেমন সামান্য ও বিশেষ এই দুইয়ের বিভাগ সন্মাত্র বস্তুতে অজ্ঞান দ্বারা কল্পিত হয়, তাহার ন্যায় দেহ ও দেহির পরস্পর প্রতিযোগি বিভাগ অনাদি কালাবধি অবিবেককৃত হইয়াছে॥ ৮॥

শুকদেব কহিলেন হে রাজন্! সেই বিপ্রদ্বয়ের ঐ সকল বাক্যে শূরসেনাধিপতি চিত্রকেতুর প্রবোধ জন্মিল। আশ্বস্ত হইয়া আপন বদন (যাহা মনঃপীড়া দ্বারা মলিন হইয়াছিল) হস্তদ্বারা মোচন পূর্ব্বক অঞ্জলিবন্ধন করিয়া কহিলেন, হে মহাশয়েরা! আপনারা দুই জন কে? দেখিতেছি আপনারা জ্ঞানসম্পন্ন এবং মহীয়ান্ লোকদের অপেক্ষাও মহত্তর। অনুমান হয় আপনারা অবধূত বেশে স্বরূপ গোপন করিয়া এখানে আসিয়াছেন॥ ৯॥

কারণ ভগবৎপ্রিয় ব্রাহ্মণগণ উন্মত্তের তুল্য চিহ্ন ধারণ করিয়া মাদৃশ গ্রাম্য বুদ্ধি লোকদিগের

কুমারো নারদ ঋভুরঙ্গিরাদেবলোঽসিতঃ। অপান্তরতমা ব্যাসো মার্কণ্ডেয়োঽথ গৌতমঃ।
বশিষ্ঠো ভগবান্ রামঃ কপিলো বাদরায়ণিঃ। দুর্ব্বাসা যাজ্ঞবল্ক্যশ্চ জাতুকর্ণস্তথারুণিঃ।
রোমশশ্চ্যবনোদত্ত আসুরিঃ স পতঞ্জলিঃ। ঋষির্ব্বেদশিরা ধৌম্যো মুনিঃ পঞ্চশিখস্তথা।
হিরণ্যনাভঃ কৌশল্যঃ শ্রুতদেব ঋতধ্বজঃ। এতে পরেচ সিদ্ধেশাশ্চরন্তি জ্ঞানহেতবঃ॥ ১০॥
তস্মাদ্যুবাং গ্রাম্যপশোর্ম্ম মূঢ়ধিয়ঃ প্রভূ। অন্ধে তমসি মগ্নস্য জ্ঞানদীপ উদীর্য্যতাং॥

শ্রীঅঙ্গিরা উবাচ॥

অহং তে পুত্রকামস্য পুত্রদোঽস্ম্যঙ্গিরা নৃপ। এষ ব্রহ্মসুতঃ সাক্ষান্নারদোভগবানৃষিঃ॥ ১১॥
ইত্থং ত্বাং পুত্রশোকেন মগ্নং তমসি দুস্তরে। অতদর্হমনুস্মৃত্য মহাপুরুষগোচরং॥
অনুগ্রহায় ভবতঃ প্রাপ্তাবাবামিহ প্রভো। ব্রহ্মণ্যোভগবদ্ভক্তো নাবসাদিতুমর্হসি॥ ১২॥

শ্রীধরস্বামী।

মম প্রভূ রক্ষকৌ বোধ সমর্থাবিতি বা অতোযুবাভ্যাং জ্ঞানদীপঃ প্রবর্ত্ত্যতাং॥ ১১॥
মহাপুরুষগোচরং হরিভক্তং ত্বাং॥ ১২॥

ক্রমসন্দর্ভঃ।

সনাবির্ভূতানামপি গণনা শাস্ত্র দৃষ্টৈবেতি॥ ১০। ১১॥
ইত্থমিতি যুগ্মকং। মহাপুরুষো গোচরোঽনুভব বিষয়ো যস্য তং। ভগবদ্ভক্ত ইতি পূর্ব্বমেব তৎ সঙ্গপ্রভাবেণ ভক্তি বীজোদয়াৎ॥ ১২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্লোকঃ। নতু বস্তুতস্তদা ভক্ত ইত্যর্থঃ॥ ১০। ১১। ১২॥

বোধোদয় নিমিত্ত স্বেচ্ছাক্রমে অবনিমণ্ডলে ভ্রমণ করিয়া থাকেন। ফলতঃ সনৎকুমার, নারদ, ঋভু, অঙ্গিরা, দেবল, অসিত, বেদব্যাস, (যাঁহার আন্তরিক তমঃ একেবারে বিনষ্ট হইয়াছে) মার্কণ্ডেয়, গৌতম, বশিষ্ঠ, পরশুরাম, কপিল, শুক, দুর্ব্বাসা, যাজ্ঞবল্ক্য, জাতুকর্ণ, আরুণি, রোমশ, চ্যবন, দত্তাত্রেয়, আসুরি, পতঞ্জলি, বেদশিরা ঋষি, ধৌম্য, পঞ্চশিখ মুনি, হিরণ্যনাভ, কৌশল্য, শ্রুতদেব, এবং ঋতধ্বজ, এই সকল এবং ইহাদের তুল্য অন্যান্য সিদ্ধেশ সংঘ (যাঁহারা জ্ঞানের কারণ) সর্ব্বদাই ভ্রমণ করিয়া থাকেন॥ ১০॥

অতএব আমি গ্রাম্য পশুর তুল্য মূঢ় বুদ্ধি, আপনারা দুইজনে আমার রক্ষক হউন, আমি ঘোর অন্ধকারে মগ্ন হইতেছি, অনুগ্রহ পূর্ব্বক জ্ঞানময় দীপ প্রকাশ করুন॥ ১১॥

রাজা চিত্রকেতুর এই সমস্ত বাক্য শ্রবণ করিয়া ঋষিবর অঙ্গিরা কহিলেন হে রাজন্! তুমি পুত্র কামনা করাতে আমিই তোমাকে পুত্র দিয়াছিলাম, আমি সেই অঙ্গিরা, আর আমার সমভিব্যাহারী এই ভগবান্ নারদ, ইনি সাক্ষাৎ ব্রহ্মার সন্তান, আমাদের স্মরণ হইল, তুমি পুত্রশোকে এই প্রকার দুস্তর তমতে মগ্ন হইতেছ, তুমি ভগবান্ হরির ভক্ত, তোমার এ রূপে তমোমগ্ন হওয়া উচিত হয়, না, অতএব তোমার প্রতি অনুগ্রহ বিস্তারার্থ আমরা দুই জনে এখানে আসিলাম, রাজন্! তুমি ব্রহ্মণ্য এবং ভগবদ্ভক্ত, এ রূপে অবসন্ন হওয়া তোমার অযোগ্য॥ ১২॥

তদৈব তে পরং জ্ঞানং দদামি গৃহমাগতঃ। জ্ঞাত্বান্যাভিনিবেশং তে পুত্রমেব দদাম্যহং ॥ ১৩ ॥
অধুনা পুত্রিণাং তাপো ভবতৈবানুভূয়তে। এবং দারা গৃহা রায়ো বিবিধৈশ্বর্য্যসম্পদঃ ॥ ১৪ ॥
শব্দাদয়শ্চ বিষয়াশ্চলা রাজ্যবিভূতয়ঃ ॥ ১৫ ॥
মহী রাজ্যং বলং কোষো ভৃত্যামাত্য সুহৃজ্জনাঃ। সর্ব্বেঽপি শূরসেনেমে শোকমোহভয়ার্ত্তিদাঃ।
গন্ধর্ব্বনগরপ্রখ্যাঃ স্বপ্নমায়ামনোরথাঃ ॥ ১৬ ॥
দৃশ্যমানা বিনার্থেন ন দৃশ্যন্তে মনোভবাঃ। কর্ম্মভির্ধ্যায়তো নানা কর্ম্মাণি মনসোঽভবন্ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

তদৈব যদা পূর্ব্বমাগতোঽস্মি ॥ ১৩ ॥

রায়ঃ অর্থাঃ ॥ ১৪ ॥

চলা অনিত্যাঃ ॥ ১৫ ॥

কিঞ্চ মহীতি হে শূরসেন ইমে সর্ব্বেপি শোকাদিপ্রদাঃ। কিঞ্চাগমাপায়িত্বেন গন্ধর্ব্বনগর তুল্যাঃ। গন্ধর্ব্ব নগরং হি অকস্মাদেব কচিদায়াতি অপযাতি চেতি প্রসিদ্ধং। তদেবমনিত্যত্বং শোকাদি হেতুত্বঞ্চাগমাপায়িত্বঞ্চোক্তং মিথ্যাত্বমপ্যাহ। স্বপ্নশ্চ মায়াচ মনোরথশ্চ তে যথা তদ্বৎ ॥ ১৬ ॥

মনোভবা মনোমাত্র বিজৃম্ভিতাঃ তত্র হেতুঃ অর্থেন তাত্ত্বিক স্বরূপেণ বিনৈব দৃশ্যমানাঃ তৎ কুতঃ যস্মাৎ ক্ষণান্তরে নদৃশ্যন্তে

ক্রমসন্দর্ভঃ।

দদামি অদাস্যমিত্যর্থঃ। পুনশ্চ দদামি অদদামিত্যর্থঃ। তিঙাতিঙো ভবন্তীতি ছান্দসোত্র লট্ ॥

তদেবং যদঙ্গিরসোপদিষ্টং তত্রাপরিতুষ্টঃ শ্রীনারদ উবাচ। সপ্তবাত্রমতিক্রম্য দিনকতিপয়ানন্তরমিত্যর্থঃ ॥

অথোপদেশে বৈশিষ্ট্যমাহ যদেতি ॥ ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দদামি অদাস্যং পুনশ্চ দদামীত্যস্য অদদামিত্যর্থঃ। তিঙাং তিঙো ভবন্তীতি লক্ষণেন ॥ ১৩। ১৪। ১৫ ॥

তদেবং দারাদীনামনিত্যত্বাদবাস্তব বস্তুত্বং শোকাদি হেতুত্বমাগমাপায়িত্বঞ্চোক্তং। যেতু দারাদিভ্যোঽন্যেপি শোকমোহ ভয়ার্ত্তিদা অর্থাঃ স্বপ্নাদ্যুত্থাস্তেতু মিথ্যাভূতা এবেত্যাহ গন্ধর্ব্বেতি স্বপ্নশ্চ মায়া ইন্দ্রজালঞ্চ মনোরথশ্চ তে তদুত্থাঃ পদার্থাঃ। অর্থেন ব্যাঘ্র সর্পাদিনা বিনৈব দৃশ্যমানাঃ স্বপ্নাদি ভঙ্গে সতি ন দৃশ্যন্তে তদেবং দারাদয়োঽবাস্তব বস্তু ভূতাঃ স্বপ্নাদয়োঽবস্তু ভূতাশ্চ সর্ব্বে মনোভবাঃ মনো বাসনা জন্যত্বান্মনোভবাঃ ॥ ১৬ ॥

মনোভবত্বমেবাহ কর্ম্মভিঃ কর্ম্মবাসনাভিরর্থান্ ধ্যায়তঃ পুংসো মনসএব নিমিত্তত্বাৎ কর্ম্মাণ্যভবন্ কর্ম্মাভিধ্যায়ত ইতি পাঠে

হে মহারাজ! আমি পূর্ব্বে যখন তোমার গৃহে আগমন করিয়াছিলাম, তখনই তোমাকে পরম জ্ঞান প্রদান করিতাম, তৎকালে তোমার অন্য বিষয়ে অভিনিবেশ ছিল, তাহা জানিয়া পুত্রই দিয়া যাই ॥ ১৩ ॥

কিন্তু পুত্রবান্ গৃহিদিগের কি প্রকার সন্তাপ সম্ভাবনা এখন তুমি আপনিই অনুভব করিতেছ। কলত্র গৃহ ধন এবং বিবিধ ঐশ্বর্য্য সম্পদ্, এ সকলও এই রূপ সন্তাপ দায়ক ॥ ১৪ ॥

অধিকন্তু শব্দাদি বিষয় তথা রাজৈশ্বর্য্য সকলই নিত্য ॥ ১৫ ॥

অপর হে শূরসেন! মহী, রাজ্য, ধনাগার, ভৃত্য, অমাত্য, সুহৃজ্জন ইত্যাদি সমুদায়ই, শোক, মোহ, ভয় ও আর্ত্তিপ্রদ এবং সকলই গন্ধর্ব্ব নগরের তুল্য অর্থাৎ কখন অকস্মাৎ স্বয়ং আসিয়া উপস্থিত হয়, কখনও আপনিই অপগত হইয়া যায়, ফলতঃ স্বপ্ন, মায়া (ইন্দ্রজাল) ও মনোরথ ইত্যাদি যদ্রূপ কল্পিত ঐ সকলও তদ্রূপ ॥ ১৬ ॥

হে রাজন্! ঐ সকল পদার্থ মনোমাত্র দ্বারা বিজৃম্ভিত, যে হেতু তাত্ত্বিক স্বরূপ ব্যতিরেকে এক-

অয়ং হিদেহিনোদেহো দ্রব্যজ্ঞান ক্রিয়াত্মকঃ। দেহিনো বিবিধক্লেশসন্তাপকৃদুদাহৃতঃ॥ ১৮॥
তস্মাৎ স্বস্থেন মনসা বিমৃশ্য গতিমাত্মনঃ। দ্বৈতে ধ্রুবার্থবিশ্রব্ধং ত্যজোপশমমাবিশ॥ ১৯॥
শ্রীনারদ উবাচ॥
এতাং মন্ত্রোপনিষদং প্রতীচ্ছ প্রযতোমম। যাং ধারয়ন্ সপ্তরাত্রাদ্দ্রষ্টা সঙ্কর্ষণং বিভুং॥ ২০॥

শ্রীধরস্বামী।

তাত্ত্বিকত্বেহি ক্ষণান্তরে বাধো ন স্যাৎ। অতো মনোমাত্র বিজৃম্ভিতত্বেন স্বপ্নাদিবৎ মিথ্যা ভূতা ইত্যর্থঃ। নম্বেতে পুণ্যাপুণ্য কৃতা ইতি মীমাংসকাঃ প্রাহুঃ তৎকুতো মনোভবত্বং তত্রাহ কর্ম্মভিঃ কর্ম্ম বাসনাভিরর্থান্ ধ্যায়তঃ পুংসো মনস এব নিমিত্তাৎ কর্ম্মাণ্যভবন্। কর্ম্মাভিধ্যায়তঃ ইতি পাঠে কর্ম্ম ঈপ্সিতমমভিধ্যায়ত ইত্যর্থঃ কর্ম্মণামপি মনোভবত্বাৎ তৎসাধ্যা অপি অর্থাঃ মনোভবা এবেতি ভাবঃ॥ ১৭॥

তদেবং মমতাস্পদানাং দুঃখাদি হেতুত্বমুক্তং। তত্র দেহ সম্বন্ধো মূলমিত্যাহ অয়ং হীতি। হীত্যবধারণে অয়ং দ্রব্য জ্ঞান ক্রিয়াত্মকঃ অধিভূতাধিদৈবাধ্যাত্ম রূপোদেহ এব দেহিনঃ দেহোঽহমিতি মন্যমানস্য দেহিনো জীবস্য বিবিধান্ ক্লেশান্ সন্তাপাংশ্চ করোতীতি তথা॥ ১৮॥

স্বস্থেনাব্যগ্রেণ গতিং তত্ত্বং ধ্রুবোঽয়মর্থ ইতি বিশ্রব্ধং বিশ্বাসং প্রণয়ং বা ত্যজ ততশ্চ উপশমমাবিশ আশ্রয়॥ ১৯॥

অঙ্গিরসোপদিষ্টং তত্ত্বং পরমেশ্বর প্রসাদং বিনা ন প্রাপ্যত ইতি তৎ প্রসাদায় মন্ত্রবিদ্যাং নারদ উপদিশতি এতামিতি। উপ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

কর্ম্ম ঈপ্সিতমমভিধ্যায়ত ইত্যর্থঃ। কর্ম্মণোঽপি মনো ভবত্বাত্তৎসাধ্যা অর্থা অপি মনোভবা এবেতি ভাবঃ॥ ১৭॥

তদেবং মমতাস্পদানাং দুঃখহেতুত্বমুক্ত্বা অহন্তাস্পদস্যাপি দেহস্যাহ অয়মিতি। দ্রব্যজ্ঞানক্রিয়াত্মকঃ অধিভূতাধিদৈবাধ্যাত্মিকঃ দেহিনঃ দেহোহহমিতি মন্যমানস্য জীবস্য॥ ১৮॥

স্বস্থেনাব্যগ্রেণ গতিং তত্ত্বং। দ্বৈতে অহন্তাস্পদ মমতাস্পদ বস্তুনে ইদন্তাস্পদে জগতি ধ্রুবো বাস্তব বস্তু ভূতোঽয়মর্থ ইতি বিশ্রব্ধং বিশ্বাসং প্রণয়ং বা ত্যজ তস্য বস্তুবস্তু মযত্বাৎ শাশ্বতস্তু ধ্রুবো নিত্য সদাতন সনাতনা ইত্যমরঃ ততশ্চোপশমমাবিশনাশ্রয়॥১৯

ননু তর্হি ধ্রুবোঽর্থ এব কস্তমেব মহ্যং কৃপয়া কথয়েত্যপেক্ষায়ামঙ্গিরসা প্রেরিতো মহাভাগবতত্বান্নারদ এবাহ এতামিতি

ক্ষণে দৃশ্যমান হইয়াও অন্যক্ষণে অদৃশ্য হয়, যথার্থ হইলে দৃশ্য হইয়া অন্য ক্ষণে তাহার বাধ সম্ভবিত না। অতএব মনোমাত্রে বিজৃম্ভিত এ প্রযুক্ত ঐ সকলই স্বপ্নাদির তুল্য মিথ্যা। হে রাজন্! মীমাংসকদিগের মতে যদিও বিষয় সকল পুণ্যাপুণ্য কর্ম্মের ফল, তথাচ কর্ম্ম বাসনায় অনুধ্যান করাতেই পুরুষের মনঃ হইতে কর্ম্ম সকল হইয়া থাকে, ইহাতে কর্ম্ম সকলও মনঃ হইতে উৎপন্ন, সুতরাং কর্ম্মসাধ্য বিষয় সকলকেও মনঃ হইতে উৎপন্ন বলা গিয়া থাকে॥ ১৭॥

অপর হে রাজন্! দেহির এই দেহ যাহা দ্রব্য জ্ঞান ও ক্রিয়াত্মক অর্থাৎ অধিভূত, অধিদৈব ও অধ্যাত্ম স্বরূপ, ইহাই দেহির অর্থাৎ আমি দেহ এই জ্ঞান কর্ত্তা জীবের বিবিধ সন্তাপ দায়ক॥ ১৮॥

অতএব একাগ্র মনে আত্মতত্ত্ববিচার পূর্ব্বক দ্বৈত বস্তুতে "এই বস্তু ধ্রুব" বলিয়া তোমার যে বিশ্বাস আছে তাহা পরিত্যাগ কর, তদনন্তর উপশম আশ্রয় করহ॥ ১৯॥

ঋষিবর অঙ্গিরা যে তত্ত্ব উপদেশ করিলেন পরমেশ্বরের প্রসাদ ব্যতিরেকে তাহা দুষ্প্রাপ্য, ইহা বিবেচনা করিয়া পরমেশ্বরের প্রসন্নতা নিমিত্ত অঙ্গিরার বাক্যাবসানে দেবর্ষি নারদ চিত্রকেতুর প্রতি মন্ত্র বিদ্যা উপদেশার্থ কহিলেন রাজন্! যে মন্ত্র উপনিষৎ অর্থাৎ যাহাতে পরম শ্রেয়ঃ (উপনিষন্ন)

যৎপাদমূলমুপসৃত্য নরেন্দ্র পূর্ব্বে শর্ব্বাদয়ো ভ্রমমিমং দ্বিতয়ং বিসৃজ্য।
সদ্যস্তদীয়মতুলানধিকং মহিত্বং প্রাপুর্ভবানপি পরং ন চিরাদুপৈতি ॥ ২১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে চিত্রকেতূপাখ্যানে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৫ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ।

অথদেব ঋষী রাজন্ সম্পরেতং নৃপাত্মজং। দর্শয়িত্বেতি হোবাচ জ্ঞাতীনামনুশোচতাং ॥

শ্রীনারদ উবাচ ॥

জীবাত্মন্ পশ্য ভদ্রং তে মাতরং পিতরঞ্চ তে। সুহৃদোবান্ধবাস্তপ্তাঃ শুচা তৎকৃতয়া ভৃশং ॥১॥

শ্রীধরস্বামী।

নিষণ্ণং পরং শ্রেয়োঽস্যামিতি উপনিষৎ মন্ত্র এবোপনিষৎ তাং প্রতীচ্ছ গৃহাণ দ্রষ্টা দ্রক্ষ্যতি ভবান্। ২০।

অতুলঞ্চ তৎ অনধিকঞ্চ সমানাধিক শূন্যং পরং মহিমানং প্রাপুঃ উপৈতি উপৈষ্যতি। ২১।

॥ * ॥ ইতি ষষ্ঠে পঞ্চদশঃ ॥ * ॥

ষোড়শে তৎসুতোক্ত্যৈব বিশোকী কৃত্য তং নৃপং। আদিদেশ মহাবিদ্যাং নারদঃ শেষতোষণীং। ০।

আদৌ তাবৎ তৎ পুত্রমুখেনৈব পিতৃপুত্রাদি সম্বন্ধোমিথ্যেতি দর্শয়িতুং যোগবলেন তমেব জ্ঞাতীনাং দর্শয়িত্বা জীবাত্মন্

ক্রমসন্দর্ভ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে পঞ্চদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

সংপরেতমতিবাহিকদেহং প্রাপ্তং। দর্শয়িত্বা যোগবলেনাবির্ভাব্য। ১।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মন্ত্ররূপাং উপনিষদং প্রতীচ্ছ গৃহাণ। ২০।

ভ্রমমিতি তবত্ত্বমিতি ভ্রমত্বং দ্বিতয়ং দ্বৈতং উপৈতি উপৈষ্যতি। ২১।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠে পঞ্চদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ষোড়শে মৃতপুত্রোক্ত্যা প্রবুদ্ধো নারদাত্মহং। প্রাপ্য সংস্তুর শেষতমুখাজ্জ্ঞানং নৃপোঽধ্যগাৎ ॥ ০ ॥

জ্ঞাতীনামিতি দ্বিতীয়ার্থে ষষ্ঠী ॥

তদপি শোকমোহয়োঃ শেষং দুর্ব্বারমতিলক্ষ্য মৃতপুত্র মুখেনৈব তং প্রবোধয়িতুমাহ জীবেতি শুচা শোকেন ॥ ১ ॥

প্রাপ্ত হওয়া যায় তাহা ধারণ কর। তাহা ধারণ করিলে নিশ্চয় সপ্তরাত্র মধ্যে সঙ্কর্ষণ বিভুকে দর্শন করিতে পাইবে ॥ ২০ ॥

হে নরেন্দ্র! শর্ব্বাদি পূর্ব্বতন দেবগণ যাঁহার পাদপদ্ম মূলে শরণাপন্ন হইয়া দ্বৈত ভ্রম বিসর্জ্জন পূর্ব্বক সদ্যঃ যাঁহার সমান ও অধিক নাই সেই মহিমা প্রাপ্ত হইয়াছেন, তুমি অচিরে তাঁহাকে প্রাপ্ত হইবে ॥ ২১ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে পঞ্চদশ ॥ * ॥

ষোড়শ অধ্যায়ে পুত্রের উক্তি দ্বারা চিত্রকেতুর শোক নিবারণ করাইয়া তৎপ্রতি নারদের মহোপনিষদ্ উপদেশ ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! অনন্তর দেবর্ষি নারদ প্রথমতঃ চিত্রকেতুর পুত্রের মুখ দিয়াই পিতা পুত্রাদি সম্বন্ধ যে মিথ্যা, তাহা বলাইবার নিমিত্ত যোগবলে সেই মৃত তনয়ের যে আতিবাহিক দেহ প্রাপ্তি হইয়াছিল তদীয় জ্ঞাতিগণকে দর্শন করাইলেন। পরে সেই জীবাত্মাকে সম্বোধন পূর্ব্বক

কলেবরং সমাবিশ্য শেষমায়ুঃ সুহৃদ্বৃতঃ। ভুঙ্ক্ষ্ব ভোগান্ পিতৃপ্রত্তানধিতিষ্ঠ নৃপাসনং ॥ ২ ॥

জীব উবাচ ॥

কস্মিন্ জন্মন্যমী মহ্যং পিতরোমাতরো ভবন্। কর্ম্মভির্ভ্রাম্যমাণস্য দেবতির্য্যঙ্ নৃযোনিষু ॥৩॥

বন্ধুজ্ঞাত্যরি মধ্যস্থ মিত্রোদাসীনবিদ্বিষঃ। সর্ব্ব এব হি সর্ব্বেষাং ভবন্তি ক্রমশোমিথঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ইত্যাহ্বাবাচ ॥ ১ ॥

শেষমবশিষ্টমায়ুর্বস্তি অপমৃত্যুনা মৃতত্বাদিতার্থঃ ॥ ২ ॥

তদেব কলেবরং প্রবিশ্য উত্থিতো জীব উবাচ। যদ্বা অন্তরালে প্রেতশরীরে স্থিত্বা ইতি জ্ঞেয়ং ॥ ৩ ॥

ময়ি মৃতে পুত্রদৃষ্ট্যা শোকশ্চেৎ শত্রুদৃষ্ট্যা হর্ষঃ কিং ন ক্রিয়তে ইত্যাশয়েন সম্বন্ধস্যানিয়তত্বমাহ বন্ধবো বিবাহাদিভিঃ সম্বন্ধিনঃ। জ্ঞাতয়ঃ সপিণ্ডাঃ অরয়ো ঘাতকা মিত্রাণি রক্ষকাঃ মধ্যস্থা উভয়ব্যতিরিক্তাঃ বিদ্বিষো দ্রব্যাদি নিমিত্তেন দ্বেষিণঃ উদাসীনা-স্তদ্ব্যতিরিক্তা ইতি ভেদঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

টীকায়ামপমৃত্যুনেতি তৎ কারণকোচিত পাপ বিশেষো ভবতি। অতএব পূর্ণমায়ুর্হ্রসয়তীতি ॥

কলেবরং সমাবিশেতি বিরোধাৎ পক্ষান্তরমাহ যদ্বেতি ॥ ২।৩ ॥

মধ্যস্থাঃ তস্মিন্ তাদৃশেচ মিলন্তঃ। উদাসীনা তয়োরপি ন মিলন্তঃ ॥

টীকায়ামথ বৈর সম্বন্ধ ইত্যত্র শ্লোকদ্বয়স্তেতি শেষঃ ॥ ৪ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শেষমবশিষ্টমায়ুর্ব্যাপ্যেত্যপমৃত্যুনা মরণং রাজানমূহয়তি। বস্তু তস্য তস্য নাস্ত্যেবায়ু র্মায়িকত্বাৎ পিতৃপ্রত্তান্ পিত্রা দত্তান্ ॥ ২ ॥

জীব উবাচেতি তদেব কলেবরং প্রবিষ্টো ঋষি জীবন্নিব জীব ইত্যর্থঃ। মহ্যং মম ॥ ৩ ॥

ময়ি মৃতে পুত্রদৃষ্ট্যা শোকশ্চেৎ ক্রিয়তে শত্রুদৃষ্ট্যা হর্ষঃ কিং ন ক্রিয়তে ইত্যাশয়েন সম্বন্ধস্যানিয়তত্বমাহ বন্ধবো বিবাহাদি সম্বন্ধিনঃ। জ্ঞাতয়ঃ সপিণ্ডাঃ অরয়ো ঘাতকাঃ মিত্রাণি হিতৈষিণঃ মধ্যস্থা বহিরন্তর্মৈত্রী বৈরবন্তঃ। উদাসীনা মৈত্রী বৈর শূন্যাঃ। বিদ্বিষ উৎকর্ষাসহিনঃ। ক্রমশ ইতি জন্মান্তরে শত্রুরপ্যস্মিন্ জন্মনি পুত্রোভবতীত্যর্থঃ। যস্ত পুত্রঃ সদাদুঃখোভূত্বা ম্রিয়তে সতু দুঃখাধিক্য প্রদত্বাচ্ছত্রুরেবেতি লোকোক্তিঃ ॥ ৪ ॥

কহিলেন, অহে জীবাত্মন্! তোমার মঙ্গল হউক, আপন পিতা মাতাকে অবলোকন কর, তোমার এই সকল সুহৃৎ বন্ধু তোমার শোকে অতিশয় সন্তপ্ত হইতেছে ॥ ১ ॥

হে নৃপনন্দন! তুমি আপনার কলেবর মধ্যে পুনরায় প্রবেশ কর, অপমৃত্যুতে মরিয়াছ; এখনও তোমার অবশিষ্ট পরমায়ুঃ আছে, তোমার পিতা তোমাকে রাজ্য ভার সমর্পণ করিবেন, গাত্রোত্থান করিয়া সুহৃদগণে পরিবৃত হওত পিতৃদত্ত বিষয় ভোগ কর এবং নৃপাসনে অধ্যাসীন হও ॥ ২ ॥

দেবর্ষির এই কথায় মৃত রাজতনয়ের জীব অন্তরালে প্রেত শরীরে থাকিয়া উত্তর করিল, এই সকল ব্যক্তি কোন্ জন্মে আমার পিতা মাতা হইয়াছিলেন? আমি ত কর্ম্ম সকল দ্বারা দেব, পশু ও মনুষ্য যোনিতে পুনঃ২ ভ্রমণ করিতেছি ॥ ৩ ॥

আমার মৃত্যু হওয়াতে পুত্র বলিয়া যদি ইহাঁদের শোক হইয়া থাকে, তবে শত্রু বলিয়া হর্ষ কেন না হয়? কারণ সম্বন্ধের অনিয়তত্ব প্রযুক্ত সকল ব্যক্তিই ক্রমে সকলের বন্ধু, জ্ঞাতি (সপিণ্ড) শত্রু (ঘাতক) মধ্যস্থ [শত্রুমিত্র ভিন্ন] মিত্র [রক্ষক] বিদ্বেষী (দ্রব্যাদি নিমিত্ত বিদ্বেষকারী) এবং উদাসীন (তদ্ব্যতিরিক্ত) হইতে পারে ॥ ৪ ॥

যথা বস্তূনি পণ্যানি হেমাদীনি ততস্ততঃ । পর্য্যটন্তি নরেষ্বেবং জীবযোনিষু কর্ত্তৃষু ॥ ৫ ॥
নিত্যস্যার্থস্য সম্বন্ধোহ্যনিত্যো দৃশ্যতে নৃষু । যাবদ্যস্য হি সম্বন্ধো মমত্বং তাবদেব হি ॥ ৬ ॥
এবং যোনিগতো জীবঃ স নিত্যো নিরহঙ্কৃতঃ । যাবদ্যত্রোপলভ্যেত তাবৎ স্বত্বং হি তস্য তৎ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী ।

কস্মভির্ভ্রাম্যমাণত্বে দৃষ্টান্তঃ । যথা পণ্যানি ক্রয়বিক্রয়ার্হাণি । কর্ত্তৃষু ব্যবহর্ত্তৃষু পরিভ্রমন্তি । এবং জীবোপি যোনিষু জনকেষু ॥ ৫ ॥

একস্মিন্নপি জন্মনি সম্বন্ধস্যানিয়তত্বং সদৃষ্টান্তমাহ দ্বাভ্যাং । নিত্যস্য জীবস্যোপ্যর্থস্য পশ্বাদেরনিত্যঃ অনিয়তঃ বিক্রয়াদিনা সম্বন্ধ নিবৃত্তেঃ ॥ ৬ ॥

এবং যোনিগতঃ পিত্রাদি সম্বন্ধং প্রাপ্তোপি স জীবো নিত্যঃ দেহজন্মাদিনা তস্য জন্মাদ্যভাবাৎ । অতএব বস্তুতো নিরহ-ঙ্কৃতঃ অহমস্য পুত্র ইত্যভিমানশূন্যঃ যত্র পিত্রাদৌ সম্বন্ধিনি যাবদুপলভ্যেত কস্মবশেন বর্ত্তেত তাবদেব তস্য পিত্রাদেঃ তত্তস্মিন্ স্বত্বং নতু বিক্রয়াদ্যুত্তর কালমপি । অথবা এবং সম্বন্ধঃ যদুক্তং কলেবরং স্বমাবিশ্যেতি । তত্র তস্মিন্ কলেবরে মমেদানীং স্বত্বং নিবৃত্তমিতি সদৃষ্টান্তমাহ নিত্যস্য চিরকালাবস্থায়িনঃ সুবর্ণাদেঃ যোনিগতঃ দেহং প্রবিষ্টঃ যত্র দেহে তস্য জীবস্য তত্তস্মিন্ দেহে স্বত্বং নতু মরণোত্তর কালমপীত্যর্থঃ শেষং সমানং ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নম্ব যদি শক্ররপি পুত্রঃ স্যাত্তর্হি তত্রাত্মীয়ত্বেন স্নেহঃ কথং স্যাত্তত্র দৃষ্টান্তেন সমাদধাতি যথেতি । পণ্যানি ক্রয় বিক্রয়াদ্য-র্হাণি হেমাদীনি হেমমুদ্রিকাদীনি যৈব হেমমুদ্রা শক্রগৃহস্থিতা স্ববধ প্রযোজিকা সৈব দৈবাদাত্মগৃহমাগতা প্রেমাস্পদীভূতা ভোগ প্রযোজিকাচ ভবতি । এবমেব জীবযোনিষু মনুষ্য গো গর্দ্দভাদিষু যে কর্ত্তার উৎপাদকাঃ পিতরো মাতরশ্চ তেষু প্রবিশন্তি ॥ ৫ ॥

মম জীবস্য চিত্রকেতু পুত্রত্বমেতাবন্তং কালমাসীত্তাবদসৌ স্নেহমকরোদেব অতঃ পরমন্যপুত্রত্বং প্রাপ্স্যামি স এব স্নেহং করিষ্যতীত্যর্থান্তর ন্যাসেনাহ নিত্যস্যার্থস্য স্বর্ণমুদ্রায়া একস্যা অপি ক্রয় বিক্রয়াদি ব্যবহারেণৈকস্মিন্নপি দিনে অন্য জন হস্ত গতায়ামমেয়ং মমেয়ং নাস্যস্যেতি সম্বন্ধোহনিত্যঃ তত্রচ যাবদিতি স্পষ্টং ॥ ৬ ॥

বস্তুতো নিরহঙ্কৃত এব যত্র পিত্রাদৌ তস্য পিত্রাদেঃ । যদ্বা নিরহঙ্কৃত এব জীবো যাবদ্যত্র দেহে উপলভ্যেত তাবদেব তস্য তস্মিন্ জীবস্য দেহে স্বত্বং নান্যদা৭ অতোহস্মিন্ দেহে সম্প্রতি মম স্বত্বাভাবাৎ কথমত্রাহঙ্কারং করোমীতি তস্মাৎ কলেবরং সমাবিশ্যেতি ত্বং প্রার্থিতং ন ঘটত এবেতি ভাবঃ ॥ ৭ ॥

যেমন ক্রয় বিক্রয়োপযুক্ত স্বর্ণাদি পণ্য বস্তু ব্যবহর্ত্তৃ জনগণ মধ্যে ভ্রমণ করিয়া বেড়ায়, সেই রূপ জীবও নানা যোনিতে অর্থাৎ জনক সকলে ভ্রমণ করে ॥ ৫ ॥

জন্মান্তরীয় সম্বন্ধের কথাত দূরে থাকুক, এক জন্মেতেই তাহার অনিয়তত্ব দৃষ্ট হইতেছে । দেখ ! জীবৎ পশ্বাদিরও সম্বন্ধ নিয়ত থাকে না, বিক্রয়াদি দ্বারা নিবৃত্ত হইয়া যায় । আর যে পর্য্যন্ত যাহার সম্বন্ধ থাকে তাবৎ পর্য্যন্তই তাহার মমত্ব হয় ॥ ৬ ॥

এই রূপ পুত্রাদি সম্বন্ধ প্রাপ্ত হইলেও আপনি নিত্যই থাকে, দেহের জন্মাদি দ্বারা তাহার জন্মাদি হয় না । অতএব জীব বস্তুতঃ নিরহঙ্কৃত অর্থাৎ "আমি ইহার পুত্র" এইরূপ অভিমান শূন্য । সে পিত্রাদি সম্বন্ধিতে স্বীয় কর্ম্ম বশতঃ যাবৎ সম্বন্ধবান্ থাকে তাবৎ পর্য্যন্তই তাহাতে পিত্রাদির স্বত্ব ॥ ৭ ॥

এষ নিত্যোঽব্যয়ঃ সূক্ষ্ম এষ সর্ব্বাশ্রয়ঃ স্বদৃক্। আত্মমায়াগুণৈর্বিশ্বমাত্মানং সৃজতে প্রভুঃ॥ ৮॥
ন হ্যস্যাস্তি প্রিয়ঃ কশ্চিন্নাপ্রিয়ঃ স্বঃ পরোপি বা। একঃ সর্ব্বধিয়াং দ্রষ্টা কর্ত্তৄণাং গুণদোষয়োঃ॥৯
নাদত্ত আত্মাহি গুণং ন দোষং ন ক্রিয়াফলং। উদাসীনবদাসীনঃ পরাবর দৃগীশ্বরঃ॥

শ্রীধরস্বামী।

জীবস্য নিত্যত্বং সাধয়তি। এষ নিত্যঃ তত্র হেতুঃ অব্যয়ঃ অপক্ষয় শূন্যঃ। তৎকুতঃ সূক্ষ্মঃ জন্মাদি শূন্যঃ তচ্চ কুতঃ সর্ব্বাশ্রয়ঃ জন্মাদিমতো দেহাদেরাশ্রয়ঃ নতু দেহাদি রূপঃ যতঃ স্বদৃক্ স্বপ্রকাশঃ। সর্ব্বাশ্রয়ত্বমুপপাদয়তি। আত্মমায়াগুণৈরাত্মানমেব বিশ্বং বিশ্বাত্মকং সৃজতি। তদাত্মানং স্বয়মকুরুতেতি শ্রুতেঃ উপাদানকারণত্বাৎ সর্ব্বাশ্রয় ইত্যর্থঃ জীবস্য বস্তুতো ব্রহ্মত্বাৎ ব্রহ্মণ এব চিচ্ছক্তি বিশিষ্টস্যেশ্বরত্বেন স্রষ্টৃত্বাৎ জীবৈঃ সৃজতীতি বাচোযুক্তিঃ। যদ্বা স্বকর্ম্ম দ্বারা সৃষ্টি নিমিত্তত্বেন স্রষ্টৃত্বং ভোগস্থচ সর্ব্বস্য ভোক্ত্রাশ্রয়ত্বাৎ সর্ব্বাশ্রয়ত্বমোক্তমিতি দ্রষ্টব্যং॥ ৮॥

যদুক্তং সুহৃদ্বৃত ইতি সুহৃদো বান্ধবাস্তপ্তা ইতি চ তত্রাপ্যাহ নহ্যস্যেতি। তত্র হেতুঃ একঃ সুহৃদাদি সঙ্গরহিতঃ তৎকুতঃ গুণদোষয়োর্হি তাহিতয়োঃ কর্ত্তৄণাং মিত্রাদীনাং যাঃ সর্ব্বাধিয়ঃ বিচিত্রা বুদ্ধয়ঃ তাসাং দ্রষ্টা সাক্ষী॥ ৯॥

যচ্চোক্তং ভুঙ্ক্ষ্ব ভোগানিত্যাদি তত্রাপ্যাহ নাদত্ত ইতি। গুণং সুখং দোষং দুঃখং ক্রিয়াফলঞ্চ রাজ্যাদিকং। উদাসীনত্বে

ক্রমসন্দর্ভঃ।

তদেবং জীবস্য পারতন্ত্র্যমুক্ত্বা তৎসিদ্ধার্থং পরমপি বর্ণয়তি। এষ ইতি ত্রিভিঃ এষ প্রত্যক্ষ এব শ্রুতিযুক্তিসিদ্ধঃ পরমেশ্বরঃ পুনরুক্তি নিরাকরণার্থং পুনরোক্তশ্চৈবঃ॥ ৮। ৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং জীবস্য পারতন্ত্র্যাদনৈশ্বর্য্যাচ্চ তত্তোহন্যঃ কশ্চিৎ স্বতন্ত্র ঈশ্বরোঽস্তীতি প্রতীয়তে স এব কীদৃশ ইত্যপেক্ষায়ামাহ এষ ইতি জীবস্য মায়য়া আবরণাদপরোক্ষস্যাপি পরোক্ষায়মানত্বাৎ তচ্ছব্দ বাচ্যত্বমুক্তং। ঈশ্বরস্য মায়য়া অনাবরণাৎ প্রবোক্তৃরপি রূপোপি জীবযুক্তেবাবিদ্যাবরণরাহিত্যাদপরোক্ষত্বেনৈতচ্ছব্দ বাচ্যত্বমুচ্যতে এষ ইতি তত্র নিত্যত্বমব্যয়ত্বং সূক্ষ্মত্বমিতি সাধারণ ধর্ম্মত্রয়মীশ্বরস্য পারতন্ত্র্যাদনৈশ্বর্য্যমিতি অসাধারণ ধর্ম্মদ্বয়ং জীবস্য পূর্ব্বমেব ব্যাখ্যাতং। ঈশ্বরস্যাপ্যসাধারণান্ সর্ব্বাশ্রয়ত্বাদীন্ ধর্ম্মান্ বক্তুং পুনরপ্যেতচ্ছব্দমুপন্যস্যতি এষ ইতি। আত্মশক্তিময়ত্বাদাত্মানং॥ ৮॥

জীবস্য বন্ধুজ্ঞাত্যরি মধ্যাহ্যদয়ো অজ্ঞানবিকল্পা নত্বীশ্বরস্যেত্যাহ। নহ্যস্যেতি। যত্তু অজ্ঞোক্তিপ্রিয়ঃ স্বশ্চ ভক্তবেষী অপ্রিয়ঃ পরঃ শত্রুশ্চ ইতি তচ্চ সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোস্তি ন প্রিয়ঃ। যে ভজন্তিচ মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহমিতি। তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমানিতি গীতোক্তে র্ভক্তবৎসলস্য তস্য ভূষণমেব নতু দূষণং। কিঞ্চ জীবা বহব এব ঈশ্বরস্ত্বেক এব গুণদোষয়োর্হি তাহিতয়োঃ কর্ত্তৄণাং মিত্রাদীনাং যাঃ সর্ব্বধিয়ঃ বিচিত্রা বুদ্ধয় তাসাং দ্রষ্টা সাক্ষী॥ ৯॥

জীবোহি মিত্রামিত্রয়োর্গুণদোষৌ গৃহ্লাতি যতঃ ক্রিয়াফলং সুখং দুঃখঞ্চ ভুঙ্‌ক্তে ঈশ্বরস্তু নৈবেত্যাহ নাদত্ত ইতি। অতএব

ফলতঃ জীব আপনার মায়া গুণ দ্বারা বিশ্ব স্বরূপ আত্মার সৃষ্টি করিয়া থাকেন, অতএব জন্মাদি বিশিষ্ট দেহাদির আশ্রয়, তাহার কারণ জীব স্বপ্রকাশ অতএব তিনি অতি সূক্ষ্ম অর্থাৎ জন্মাদি শূন্য। সূক্ষ্মত্ব প্রযুক্ত অব্যয় অর্থাৎ অপক্ষয় রহিত অতএব নিত্য॥ ৮॥

অপর সুহৃদগণে আবৃত হও, তাহারা তোমার নিমিত্ত শোকে সন্তপ্ত হইতেছে, ইহার উত্তর এই যে, জীবের প্রিয় বা অপ্রিয় কেহ নাই এবং আত্মীয়ও কেহ নাই, তিনি এক অর্থাৎ সুহৃদাদি সঙ্গ রহিত, গুণ দোষকারী অর্থাৎ হিতাহিতকারী যে সকল মিত্রাদি তাহাদিগের বিচিত্র বুদ্ধির সাক্ষী মাত্র। অতএব আমার পিতার সুহৃদ্বৃত হইয়া সন্তাপ এবং সুহৃদ্ ও বন্ধুদের মনস্তাপ এ কথা অসম্ভব॥ ৯॥

আর "ভোগ সকল উপভোগ কর" ইত্যাদি উক্তিও অসম্ভব বোধ হইতেছে, কারণ গুণ (সুখ)

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

ইত্যুদীর্য্য গতো জীবো জ্ঞাতয়স্তস্য তে তদা । বিস্মিতা মুমুচুঃ শোকং ছিত্ত্বাত্মস্নেহশৃঙ্খলাং ।
নির্হৃত্য জ্ঞাতয়ো জ্ঞাতের্দেহং কৃত্বোচিতাঃ ক্রিয়াঃ । তত্যজুর্দুস্ত্যজং স্নেহং শোকমোহভয়ার্ত্তিদং ॥ ১০ ॥

বালঘ্ন্যো ব্রীড়িতাস্তত্র বালহত্যাহতপ্রভাঃ । বালহত্যাব্রতং চেরুর্ব্রাহ্মণৈর্যন্নিরূপিতং ।
যমুনায়াং মহারাজ স্মরন্ত্যো দ্বিজভাষিতং ॥ ১১ ॥

শ্রীধরস্বামী ।

হেতুঃ পরাবর দৃক্ কারণস্য কার্য্যস্যচ সাক্ষী নতু ভোক্তা যত ঈশ্বরঃ দেহাদি পারতন্ত্র্যশূন্যঃ । অতএবত্বত্তস্য মমচ যুষ্মাকঞ্চ সম্বন্ধাভাবাৎ শোকমোহং মাকুরুতেতি বাক্যার্থঃ ॥ ১০ ।

দ্বিজভাষিতং অঙ্গিরসা প্রোক্তং পুত্রাদীনাং দুঃখহেতুত্বং স্মরন্ত্যঃ পুত্রকাম শূন্যা নির্ম্মৎসরাঃ সত্য ইতি ভাবঃ ॥ ১১ ।

ক্রমসন্দর্ভঃ ।

আত্মা পরমাত্মা ॥ ১০ ॥
বালঘ্ন্য ইতি সার্দ্ধকং ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

উদাসীনবৎ সর্ব্বান্তর্যামিত্বেনাসীনঃ পরাবরে তত্রাতত্রে সাক্ষিত্বেন পশ্যতীতি সঃ । উদাসীন ইবেত্যরিমিত্রাদি প্রাপ্তিযোগ্যতাসীমস্ত নৈবেত্যর্থঃ অত ঈশ্বরমায়ানিবদ্ধানামেষাং চিত্রকেত্বাদীনাং মহদনুগ্রহমূলামীশ্বর প্রপত্তিং বিনা শোকমোহাদিময়োঽয়ং সংসারো দুস্তর এবেতি কিং ময়া বহু বক্তব্যমিতি প্রকরণার্থঃ ॥ ১০ ॥

বালহত্যাহতপ্রভা ইতি । হতপ্রভত্বেনৈব লক্ষণেন বালঘ্ন্য এতা এবেতি যদা সর্ব্বে বিদিতবন্তঃ তদা ব্রীড়িতাস্তাঃ সত্যঃ স্বয়মেব পামর্য্যো বালঘ্ন্যেতি বচসা নিষ্কপটীভূয়াঙ্গিরঃ প্রভৃতি ব্রাহ্মণোপদিষ্টং প্রায়শ্চিত্তমাচেরুঃ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥

দোষ (দুঃখ) এবং ঐক্রিয়াফল (রাজ্যাদি) কিছুই জীব গ্রহণ করেন না, সর্ব্বদা উদাসীনের ন্যায় আছেন, ফলতঃ জীব কারণ ও কার্য্যের সাক্ষী মাত্র, ভোক্তা নহেন, যে হেতু ইনিই ঈশ্বর অর্থাৎ দেহাদি পারতন্ত্র্য শূন্য, অতএব আমিও এবং তোমরাও সকলেই ঐ প্রকার হওয়াতে কাহারও সহিত কাহারও সম্বন্ধ নাই, ইহাতে শোক মোহ কেন ? ॥

শুকদেব কহিলেন হে রাজন্ ! সকলের সমক্ষে এই প্রকার কহিয়া ঐ রাজপুত্রের জীব তথা হইতে প্রস্থান করিল, তাঁহার যে সকল জ্ঞাতিগণ খেদ বিষাদ করিতেছিল তাহাদেরও ঐ সকল বাক্য শুনিয়া অতিশয় বিস্ময় জন্মিল । পরন্তু তাহার পর অবিলম্বেই স্নেহ শৃঙ্খলা ছেদন পূর্ব্বক সকলে শোক পরিত্যাগ করিলেন । অনন্তর সেই জ্ঞাতির মৃত দেহ যথাবিধি সৎকার করিয়া যথোচিত ক্রিয়া কলাপ নির্ব্বাহ পূর্ব্বক দুস্ত্যজ স্নেহ, যাহা শোক মোহ ভয় ও আর্ত্তির কারণ তাহাকে একেবারে বিসর্জন দিলেন ॥ ১০ ॥

হে মহারাজ ! কৃতদ্যুতির যে সকল সপত্নী বিষ প্রদান করিয়া ঐ রাজবালকের প্রাণ বিনাশ করিয়াছিল তাহারা লজ্জিত ও বালহত্যা নিমিত্ত হতপ্রভ হইল এবং "পুত্রাদি কেবল দুঃখের কারণ" মহর্ষি অঙ্গিরার এই বাক্য স্মরণ করতঃ পুত্রকামনা পরিত্যাগ পূর্ব্বক নির্ম্মৎসর হইয়া যমুনা তীরে গমন করিল । তথায় বসিয়া বিপ্রগণ যে প্রকার বিধি দিলেন তদনুসারে বালহত্যাব্রত যথাবিধি অনুষ্ঠান করিতে লাগিল । হে রাজন্ ! চিত্রকেতু রাজাও ঐ সকল ব্রাহ্মণ বচন শ্রবণে উক্ত প্রকারে প্রতিবুদ্ধ হওয়াতে যেমন হস্তী সরোবরের পঙ্ক হইতে নিষ্ক্রান্ত হয় তাহার ন্যায়, গৃহরূপ অন্ধকূপ হইতে নির্গত হইলেন ॥ ১১ ॥

স ইত্থং প্রতিবুদ্ধাত্মা চিত্রকেতুর্দ্বিজোক্তিভিঃ। গৃহান্ধকূপান্নিক্রান্তঃ সরঃ পঙ্কাদিব দ্বিপঃ ॥১২ ॥
কালিন্দ্যাং বিধিবৎ স্নাত্বা কৃতপুণ্যজলক্রিয়ঃ। মৌনেন সংযতপ্রাণো ব্রহ্মপুত্রাববন্দত।
অথ তস্মৈ প্রপন্নায় ভক্তায় প্রযতাত্মনে। ভগবান্নারদঃ প্রীতো বিদ্যামেতামুবাচ হ ॥১৩ ॥
ওঁ নমস্তুভ্যং ভগবতে বাসুদেবায় ধীমহি। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায়চ ॥ ১৪ ॥
নমোবিজ্ঞানমাত্রায় পরমানন্দমূর্ত্তয়ে। আত্মারামায় শান্তায় নিবৃত্তদ্বৈতদৃষ্টয়ে ॥ ১৫ ॥
আত্মানন্দানুভূত্যৈব ন্যস্তশক্ত্যূর্ম্ময়ে নমঃ। হৃষীকেশায় মহতে নমস্তে হনন্তমূর্ত্তয়ে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

নিবিড়পঙ্ক তুল্যং গৃহং বিহায় নিক্রমণমতিধীরস্ত তস্যৈব যোগ্যং নান্যসোতি সদৃষ্টান্তমাহ সরসঃ পঙ্কাৎ দ্বিপোগজ ইবেতি ॥ ১২
কৃতাঃ পুণ্যজল ক্রিয়াঃ পিতৃতর্পণাদ্যা যেন। সংযতপ্রাণোনিয়তেন্দ্রিয়ঃ ॥ ১৩ ॥
নমোধীমহি ধ্যায়েম মনসা নমস্যাম ইত্যর্থঃ ॥ ১৪ ॥ নিবৃত্তা দ্বৈতদৃষ্টি র্যস্মাৎ ॥ ১৫ ॥
ন্যস্তা নিরস্তাঃ শক্ত্যূর্ম্ময়ঃ মায়ানিমিত্তা রাগদ্বেষাদয়োযেন সঃ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র শ্রীভগবত্ত্বেন নমস্যতি ভগবত ইতি। তদ্ব্যূহত্বেন বাসুদেবায়েতি। সঙ্কর্ষণস্যান্তে পাঠঃ স্বোপাস্যত্বেন তত্রৈব বিশ্রান্তেঃ ॥ ১৪ ॥
ব্রহ্মত্বেন নমস্যতি। বিজ্ঞানমাত্রায়েতি। অত্র মূর্ত্তিঃ স্বরূপং। নিবৃত্তদ্বৈতদৃষ্টয় ইতি। যস্মিন্ দৃষ্টে অনাত্র দৃষ্টির্ন ভবতীত্যর্থঃ। তচ্চাদ্বৈতবাদতোবিশিষ্য দর্শয়তি। আত্মানন্দেতি। স্বরূপানন্দস্যানুভবেন ন্যস্তাঃ নাসুসংহিতাঃ শক্ত্যন্তর পরম্পরা যেন তস্মৈ। অনুভবস্য স্বরূপাভিন্নত্বেপি তৃতীয়ার্থাধিক্যাৎ স্বরূপ শক্তিরবে সিধ্যতি। পরমাত্মত্বেন নমস্যতি হৃষীকেশায়েতি। বিশ্বকারণত্বেন মহত ইতি বিশ্বত্বেনানন্ত মূর্ত্তয় ইতি ॥ ১৫ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

একাং ওঁ নমস্তুভ্যমিত্যাদি পরম পরমেষ্ঠিনমন্ত ইত্যন্তাং ॥
তুভ্যং নমঃ তুভ্যং ধীমহি ত্বাং প্রসাদয়িতুং ধ্যায়েম ॥ ১৪ ॥
পরমাত্মত্বেন জীববৈলক্ষণ্যমাহ নবভি র্বিশেষণৈঃ। বিজ্ঞানং চিচ্ছক্তিরেব মাত্রা পরিচ্ছদো যস্য তস্মৈ জীবস্তবিদ্যাপরিচ্ছদ ইত্যর্থঃ। মাত্রা কর্ণবিভূষায়াং বিত্তে মানে পরিচ্ছদে ইতি মেদিনী। পরমানন্দময়ী মূর্ত্তির্যস্য জীবস্ত পাঞ্চভৌতিক মূর্ত্তিঃ। আত্মানন্দ এব রমমাণায়। জীবস্ত বিষয়ানন্দে রমতে। নিবৃত্তাদ্বৈতে মায়িক প্রপঞ্চে দৃষ্টিরাসক্তিময়ী যস্য। জীবস্ত মায়িক প্রপঞ্চে আসজ্জতে ॥ ১৫ ॥
ন্যস্তাঃ নিতরামস্তাঃ শক্ত্যূর্ময়ো মায়ানিমিত্তাঃ রাগদ্বেষাদয়ো যত্র জীবস্ত প্রাপ্তরাগদ্বেষাদি তরঙ্গঃ। হৃষীকেশায় সর্ব্বেন্দ্রিয়

পরে যমুনায় গমন করিয়া স্নানানন্তর তর্পণাদি সমাপন পূর্ব্বক মৌনী ও জিতেন্দ্রিয় হইয়া সেই দুই ব্রহ্মপুত্র অঙ্গিরা ও নারদের চরণ বন্দনা করিলেন ॥ ১২ ॥

ভক্ত জিতেন্দ্রিয় রাজা চিত্রকেতু ঐরূপে শরণাগত হওয়াতে প্রীত হইয়া অঙ্গিরার সহিত ভগবান্ নারদ ঐ স্থানে উপস্থিত হইয়া তাঁহাকে বিদ্যোপদেশ করিলেন ॥ ১৩ ॥

সেই বিদ্যা এই—প্রভো! তোমাকে নমস্কার করি। আর ভগবান্ বাসুদেবকে মনোদ্বারা নমস্কার করি। অপর সেই প্রদ্যুম্ন অনিরুদ্ধ ও সঙ্কর্ষণের প্রতি প্রণত হই ॥ ১৪ ॥

সেই ভগবান্ বিজ্ঞান মাত্র, পরম আনন্দই তাঁহার মূর্ত্তি, তিনি আত্মারাম এবং শান্ত, তাঁহা হইতে দ্বৈতদৃষ্টি নিবৃত্তি পায়, তাঁহাকে নমস্কার করি ॥ ১৫ ॥

প্রভো! তুমি আনন্দ অনুভব দ্বারা মায়া নিমিত্ত রাগ দ্বেষাদি নিরস্ত করিয়া দাও এবং স্বয়ং

বচস্যুপরতে প্রাপ্য য একো মনসা সহ। অনাম রূপশ্চিন্মাত্রঃ সোঽব্যান্নঃ সদসৎপরঃ॥ ১৭॥
যস্মিন্নিদং যতশ্চেদং তিষ্ঠত্যপৈতি জায়তে। মৃণ্ময়েষিব মৃজ্জাতিস্তস্মৈ তে ব্রহ্মণে নমঃ॥ ১৮॥
যন্ন স্পৃশন্তি নবিদুর্মনো বুদ্ধীন্দ্রিয়াসবঃ। অন্তর্বহিশ্চ বিততং ব্যোমবত্তন্নতোঽস্ম্যহং॥ ১৯॥
দেহেন্দ্রিয়ঃ প্রাণ মনোধিয়ো হমী যদংশবিদ্ধাঃ প্রচরন্তি কর্ম্মসু।

শ্রীধরস্বামী।

মনসা সহ বচসি অপ্রাপ্যোপরতে সতি য এক এব প্রকাশতে বচসীতি সর্ব্বেন্দ্রিয়োপলক্ষণং নোঽস্মানব্যাৎ। সদসৎ পরস্থঃ কার্য্যকারণয়োঃ কারণং॥ ১৭॥

তদেবাহ যস্মিন্নিদং কার্য্যকারণং তিষ্ঠতি অপৈতিচ যতশ্চ জায়তে মৃণ্ময়েষু ঘটাদিষু মৃজ্জাতির্মৃণ্মাত্রমিব সর্ব্বানুস্যূতং যস্তস্মৈ॥ ১৮॥

নমু সর্ব্বানুস্যূতত্বাৎ জাতিবৎ প্রতীয়তে কথং মনো বচসোরপ্রাপ্তিস্তত্রাহ। যদ্ব্রহ্ম ব্যোমবৎ বিততমপি অসবঃ প্রাণাঃ ক্রিয়াশক্ত্যা নস্পৃশন্তি মন আদীনিচ জ্ঞানশক্ত্যা ন বিদুঃ তদ্ব্রহ্ম নতোঽস্মি॥ ১৯॥

তেষাং তদজ্ঞানে হেতুমাহ। দেহেন্দ্রিয়াদয়োঽমী যদংশবিদ্ধাঃ যচ্চৈতন্যাংশেনাবিষ্টাঃ সন্তঃ কর্ম্মসু স্ব স্ব বিষয়েষু প্রচরন্তি

ক্রমসন্দর্ভঃ।

পুনর্ভগবন্তং ব্রহ্ম স্বরূপত্বেন বিশেষতঃস্তৌতি। বচসীতি দ্বাভ্যাং॥ ১৭॥
পরমাত্মত্বেন স্তৌতি যন্নেতি দ্বাভ্যাং॥ ১৮॥ ১৯॥
দেহেন্দ্রিয় ইতি। অত্রাদ্বৈতশারীরকোপি সাংখ্যমাক্ষিপ্যোক্তং যথা। অথ পুনঃ সাক্ষিনিমিত্তমীক্ষিতৃত্বং প্রধানস্য কল্পেত

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিয়ন্ত্রে জীবস্থ ইন্দ্রিয়নিয়ম্যঃ। মহতে জীবস্থ ক্ষুদ্রঃ। অনন্তা অবিনাশ্যা মূর্ত্তয়োযস্য জীবস্থ বিনাশ্য শরীরঃ॥ ১৬॥
নির্বিশেষ ব্রহ্মত্বেন প্রণমতি বচসীতি॥ ১৭॥
জগৎকারণত্বেন প্রণমতি যস্মিন্নিদং জগত্তিষ্ঠতি যতো জায়তে যস্মিন্নপ্যেতি লীয়তে। মৃণ্ময়েষু ঘটাদিষু মৃজ্জাতিঃ যথা কারণমিত্যর্থঃ॥ ১৮॥
ইন্দ্রিয়াদ্যগম্যত্বেন প্রণমতি যদিতি ক্রিয়াশক্ত্যা ন স্পৃশন্তি জ্ঞান শক্ত্যা ন বিদুঃ। তর্হি বিদূরবর্ত্তিত্বাদিতি চেত্তত্রাহ। অন্তর্দেহাদীনামন্তরাপি বহিরপিচ॥ ১৯॥
তেষাং তদজ্ঞানে হেতুমাহ দেহেন্দ্রিয়েতি। যদংশবিদ্ধাঃ যচ্চৈতন্যাংশেনাবিষ্টাঃ সন্তঃ কর্ম্মসু স্বস্ব বিষয়েষু চরন্তি জাগ্রৎ

বিষয় ও ইন্দ্রিয় সকলের ঈশ্বর, আর তুমি অতি মহৎ ও অনন্ত মূর্ত্তি তোমাকে নমস্কার করি॥ ১৬॥

অহো! মনের সহিত বাক্য অথবা সমস্ত ইন্দ্রিয় প্রাপ্ত না হইয়া উপরত হইলে যিনি একাকী প্রকাশ পান, যাঁহার নাম রূপ নাই এবং যিনি চিন্মাত্র স্বরূপ তথা কার্য্য ও কারণের কারণ, তিনি আমাদিগকে রক্ষা করুন॥ ১৭॥

প্রভো! যাহাতে এই কার্য্য কারণ রূপ জগৎ অবস্থিতি করে এবং লয় প্রাপ্ত হয়, আর যাহা হইতে এই জগৎ জন্মে, অপিচ মৃণ্ময় পদার্থ সকলে মৃত্তিকার ন্যায় যিনি চরাচর সকল পদার্থে অনুস্যূত হইয়া আছেন, আপনি সেই ব্রহ্ম, আপনাকে নমস্কার করি॥ ১৮॥

অপর আকাশের ন্যায় অন্তরে ও বাহিরে বিতত হইলেও যাঁহাকে মনঃ বুদ্ধি ইন্দ্রিয় ও প্রাণ সকল ক্রিয়া শক্তি দ্বারা স্পর্শ করিতে এবং জ্ঞান শক্তি দ্বারা জানিতে পারে না তিনিই ব্রহ্ম, তাঁহাকে নমস্কার করি॥ ১৯॥

ফলতঃ দেহ ইন্দ্রিয় প্রাণ মনঃ বুদ্ধি, এ সকল আত্ম চৈতন্যাংশে আবিষ্ট হইয়াই জাগ্রৎ ও স্বপ্ন

নৈবাস্তদা লৌহমিবাপ্রতপ্তং স্থানেষু তদ্দ্রষ্টৃপদেশমেতি ॥ ২০ ॥
ওঁ নমো ভগবতে মহাপুরুষায় মহানুভাবায় মহাবিভূতিপতয়ে সকল সাত্বত পরিবৃঢ়
নিকর করকমলকুট্মলোপলালিত চরণারবিন্দযুগল পরম পরমেষ্ঠিন্নমস্তে ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

জাগ্রৎ স্বপ্নয়োঃ অন্যদা সুষুপ্তি মূর্চ্ছাদৌ নৈব প্রচরন্তি যথা অপ্রতপ্তং লৌহং ন দহতি অতো যথা লৌহমগ্নিশক্ত্যৈব দাহক মদগ্নিং ন দহতি। এবং ব্রহ্মগত জ্ঞান ক্রিয়াশক্তিভ্যাং প্রবর্ত্তমানা দেহাদয়ঃ তন্ন স্পৃশন্তি ন বিদুশ্চেতি ভাবঃ। জীবস্তর্হি দ্রষ্টৃত্বা-জ্ঞানাত্তু নেত্যাহ স্থানেষু জাগ্রদাদিষু দ্রষ্টৃপদেশং দ্রষ্টৃ সংজ্ঞাং তদেবৈতি প্রাপ্নোতি নান্যো জীবো নামাস্তি। নান্যতোঽস্তি দ্রষ্টেত্যাদি শ্রুতেঃ। যদ্বা দ্রষ্টৃপদেশং দ্রষ্টৃসংজ্ঞং জীবমপি তদেব এতি জানাতি নতু জীবস্তজ্জানাতীত্যর্থঃ। তদুক্তং হংসগুহ্য স্তোত্রে। দেহোঽসবোঽক্ষা ইত্যাদি ॥ ২০ ॥

সকলা যে সাত্বত পরিবৃঢ়াঃ তেষাং নিকরঃ সমূহস্তস্য করকমলানাং কুট্মলৈর্মুকুলৈঃ উপলালিতং চরণারবিন্দযুগলং যস্য

ক্রমসন্দর্ভঃ।

যথাগ্নিনিমিত্তময়ঃ পিণ্ডাদের্দ্দগ্ধৃত্বং। তথা সতি বহ্নিমিত্তমীক্ষিতৃত্বং প্রধানস্য তদেব সর্ব্বজ্ঞং মুখ্যং জগতঃ কারণমিতি। শ্রুতিশ্চাত্র তদেব ভান্তমনুভাতি সর্ব্বং। কোহ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ। চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রমি-ত্যাদ্যা ইতি। টীকোত্থাপিত শ্রুতৌচ। জীবোনামাতো নান্যঃ স্বয়ং সিদ্ধোনাস্তি। পরন্তু তদাত্মক এবেত্যর্থঃ। তথা-তোনোঽন্যোদ্রষ্টা নাস্তি। সর্ব্বদ্রষ্টৃত্বস্যাপরো দ্রষ্টা নাস্তীত্যর্থঃ। ইতি ব্যাখ্যেয়ং সাক্ষাদ্ভগবত্ত্বেন স্তৌতি ওঁ নম ইতি। তদেবং সর্ব্বপোপাসনাপি ব্যারমেব। তস্য সাত্বত শাস্ত্রবিগ্রহত্বেন বক্ষ্যমাণত্বাৎ পরমং ফলন্তু শ্রীভগবানিত্যাভিপ্রেতং ॥ ২০ ॥

বিশ্বসৃজং ব্রহ্মরুদ্রেন্দ্রাদ্যাঃ অংশাংশাঃ অতান্নাংশা ইত্যর্থঃ ॥ ২১ ॥ ২২ । ২৩ । ২৪ । ২৫ । ২৬ । ২৭ । ২৮ । ২৯ । ৩০ । ৩১ । ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

স্বপ্নয়োঃ অন্যদা সুষুপ্তিঃ মূর্চ্ছাদৌ নৈব প্রচরন্তি। যথা অপ্রতপ্তং লৌহং ন দহতি। অতো যথা লৌহমগ্নিশক্ত্যৈব দাহকং দগ্নিং ন দহতি এবমেব ব্রহ্মশক্ত্যৈব স্ব স্ব বিষয়েষু প্রবর্ত্তমানা দেহাদয়ো ব্রহ্ম ন স্পৃশন্তি নাপি জানন্তীতি ভাবঃ। জীবস্তর্হি দ্রষ্টৃ-ত্বাজ্জানাতু তত্রাহ স্থানেষু জাগ্রদাদিষু দ্রষ্টৃপদেশং দ্রষ্টৃসঞ্জ্ঞং জীবস্য দ্রষ্টৃত্বসিদ্ধ্যর্থং স্বীয় কিঞ্চিচ্চৈতন্য প্রাপণেন স্বয়মেব তং প্রাপ্নোতীত্যর্থঃ। মন আদয় ইব জীবা অপি জড়া ইতি চ কেণ্যাচক্ষতে। যদ্বা। তদ্ব্রহ্মৈব তং এতি জানাতি নতু জীবো ব্রহ্ম জানাতীত্যর্থঃ যদুক্তং হংসগুহ্যস্তবে দেহো ঽসবোঽক্ষা ইত্যাদি ॥ ২০ ॥

মহামহস্য জ্ঞানপ্রকাশকত্বমুক্ত্বা ভক্তিরস পরিপূর্ণত্বমাহ ওমিতি সকলসাত্বত পরিবৃঢ়াঃ সর্ব্বভক্ত শ্রেষ্ঠাস্তেষাং নিকরস্য কর-কমলানাং কুট্মলেন উপলালিতং লঘু লঘু সংবাহনবৈদগ্ধ্যা প্রীণীতং চরণারবিন্দ যুগলং যস্য হে তথা ভূতেতি মামপি স্বপাদস-ম্বাহন সেবায়াং স্থাপয়েত্যভিলাষোধ্বনিতঃ। নন্বু স্বামিতিনি কৃষ্টঃ তস্যাযক্ত্যাৎই সেবায়াং কথং নিযুঙ্ক্ষে ইত্যত আহ হে পরম পরমে-

কালে স্ব ২ বিষয়ে প্রচরণশীল হয়। অন্য সময়ে অর্থাৎ সুষুপ্তি ও মূর্চ্ছাদির কালে চৈতন্যাংশ না থাকাতে অপ্রতপ্ত লৌহ যেমন দগ্ধ করিতে পারে না তাহার ন্যায় স্ব ২ বিষয়ে সঞ্চরণ করিতে সমর্থ হয় না, অতএব যদ্রূপ লৌহ অগ্নি শক্তি দ্বারা দাহক হইয়া থাকে অথচ অগ্নিকে দগ্ধ করিতে কাহারও শক্তি নাই তদ্রূপ, দেহাদি ব্রহ্ম গত জ্ঞানও ক্রিয়াশক্তি দ্বারা যদিও ক্রিয়াবান্ ও জ্ঞানবান্ হয় তথাচ তাহাকে স্পর্শ করে না এবং জানিতেও পারে না। যদ্যপি জীব দ্রষ্টা থাকেন সত্য, তথাচ জীবেরও জানিবার সম্ভাবনা নাই, যে হেতু জাগ্রদাদি অবস্থায় সেই সময়ের নিমিত্তই তিনি দ্রষ্টা এই নাম প্রাপ্ত হইয়া থাকেন ॥ ২০ ॥

অহো! মহাপুরুষ মহানুভব মহাবিভূতিপতি সেই ভগবান্‌কে নমস্কার করি। তোমার চরণার-বিন্দ যুগল প্রধান ২ ভক্ত সমূহের কর কমল মুকুল দ্বারা সতত লালিত হয়। হে উৎকৃষ্ট পরমে-

শ্রীশুক উবাচ ॥

ভক্তায়ৈতাং প্রপন্নায় বিদ্যামাদিশ্য নারদঃ। যযাবঙ্গিরসা সাকং ধাম স্বায়ম্ভুবং প্রভো ॥ ২২ ॥

চিত্রকেতুস্তু তাং বিদ্যাং যথা নারদ ভাষিতাং। ধারয়ামাস সপ্তাহমব্ভক্ষ্যঃ সুসমাহিতঃ ॥ ২৩ ॥

ততঃ স সপ্তরাত্রান্তে বিদ্যয়া ধার্য্যমাণয়া। বিদ্যাধরাধিপত্যঞ্চ লেভেঽপ্রতিহতং নৃপ ॥ ২৪ ॥

ততঃ কতিপয়াহোভি র্বিদ্যয়েদ্ধমনো গতিঃ। জগাম দেবদেবস্য শেষস্য চরণান্তিকং ॥ ২৫ ॥

মৃণালগৌরং সিতিবাসসং স্ফুরৎকিরীট কেয়ূর কটিত্রকঙ্কণং।

প্রসন্ন বক্ত্রারুণলোচনং বৃতং দদর্শ সিদ্ধেশ্বর মণ্ডলৈঃ প্রভুং ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তস্য সম্বোধনং পরম উৎকৃষ্ট পরমেষ্ঠিন্ সর্ব্বেশ্বর ॥ ২১ ॥

পূর্ব্বং স নারদোঽঙ্গিরা আজগামেতি অঙ্গিরা প্রাধান্যেনোক্তঃ চিত্রকেতোঃ পুত্রপ্রদত্বেন তস্য পৃথগুক্তত্বাৎ। ইহতু নারদোঽঙ্গিরা সাকং যযাবিতি নারদস্য প্রাধান্য নির্দ্দেশঃ তদুপদেশেন তস্য বৈরাগ্যোৎপত্তেঃ। প্রভো হে সমর্থ ॥ ২২ ॥

যথা যথাবৎ ধারয়ামাস ॥ ২৩ ॥ বিদ্যাধরাধিপত্যঞ্চাবান্তর ফলং লেভে। অপ্রতিহতমস্খলিতং ॥ ২৪ ॥

কতিপয়ৈরহোভিঃ বিদ্যয়া ইদ্ধেন দীপ্তেন মনসা গতির্যস্য ॥ ২৫ ॥

মৃণালবদ্গৌরং সিতিবাসসং নীলাম্বরং স্ফুরন্তি কিরীটাদীনি যস্য। কটিত্রং কটিসূত্রং প্রসন্নানি বক্ত্রাণি যস্য অরুণানি লোচনানি যস্য তঞ্চ তঞ্চ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পরম পরমেশ্বর কর্ত্তুমন্যথা কর্ত্তুঞ্চ সমর্থ ॥ ২১॥

এতানিতানেক বাক্যগভামেবামেব বিদ্যাং মহতীং। অত্র চিত্রকেতবে পুত্রপ্রদত্বেনাঙ্গিরসঃ প্রাধান্যং মন্ত্রপ্রদত্বেন নতু নারদস্য। অতএব পূর্ব্বমঙ্গিরাঃ সনারদ আজগামেত্যুক্তং সংপ্রতি যযাবঙ্গিরসা নারদ ইত্যুচ্যতে। হে প্রভো এতদাদ্যভিপ্রায় জ্ঞানে পরম সমর্থ ॥ ২২ ॥ ২৩ ॥

প্রথমমবান্তর ফলমাহ বিদ্যাধরাধিপত্যমিতি ॥ ২৪ ॥

মুখ্যং ফলমাহ জগামেতি ॥ ২৫ ॥ সিতিবাসসং নীলাম্বরং। কটিত্রং কটিসূত্রং ॥ ২৬ ॥

ষ্ঠিন্! হে সর্ব্বেশ্বর! তোমাকে নমস্কার করি ॥ ২১ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! শরণাগত ভক্ত চিত্রকেতু রাজাকে বিদ্যা উপদেশ করিয়া দেবর্ষি নারদ ঋষিবর অঙ্গিরার সহিত ব্রহ্মলোকে গমন করিলেন ॥ ২২ ॥

ভগবান্ নারদ যে প্রকার আদেশ করিয়া গেলেন, রাজা চিত্রকেতুও তদ্রূপ সমাহিত হইয়া সপ্তাহ যাবৎ জল মাত্র পান দ্বারা জীবন রক্ষা করত বিদ্যা ধারণ করিলেন ॥ ২৩॥

হে রাজন্! সপ্ত রাত্রের পর ধার্য্যমান ঐ বিদ্যার প্রভাবে চিত্রকেতুর একটী সুমহৎ অবান্তর ফল লাভ হইল, তিনি অস্খলিত বিদ্যাধরাধিপত্য প্রাপ্ত হইলেন ॥ ২৪ ॥

অনন্তর কতিপয় দিবসের মধ্যে ঐ বিদ্যা দ্বারাই তাঁহার মন উদ্দীপ্ত হইল, তাহাতে সেই মনের দ্বারা গতিশীল হইয়া দেবদেব ভগবান্ শেষের চরণ সমীপে গমন করিলেন ॥ ২৫ ॥

এবং দেখিলেন ভগবান্ সঙ্কর্ষণ প্রভু সিদ্ধেশ্বর সমূহে পরিবৃত হইয়া রহিয়াছেন। তাঁহার বর্ণ মৃণালের তুল্য গৌর, পরিধান নীলাম্বর, যথা স্থানে কিরীট কেয়ূর কটিসূত্র ও কঙ্কণাদি অলঙ্কার সন্নিবেশিত হইয়া শোভা বিস্তার করিতেছে। অপর তাঁহার বদন প্রসন্ন ও লোচন অরুণ বর্ণ ॥ ২৬ ॥

তদ্দর্শনধ্বস্ত সমস্ত কিল্বিষঃ স্বস্থামলান্তঃ করণোঽভ্যয়ান্মুনিঃ।
প্রবৃদ্ধ ভক্ত্যা প্রণয়াশ্রুলোচনঃ প্রহৃষ্টরোমা নমদাদি পুরুষং ॥ ২৭ ॥
স উত্তমঃশ্লোকপদাব্জবিষ্টরং প্রেমাশ্রুলেশৈরুপমেহয়ন্মুহুঃ।
প্রেমোপরুদ্ধাখিল বর্ণ নির্গমো নৈবাশকত্তং প্রসমীড়িতুং চিরং ॥ ২৮ ॥
ততঃ সমাধায় মনোমনীষয়া বভাষ এতৎ প্রতিলব্ধবাগসৌ।
নিযম্য সর্ব্বেন্দ্রিয় বাহ্য বর্ত্তনং জগদ্গুরুং সাত্বতশাস্ত্রবিগ্রহং ॥ ২৯ ॥

চিত্রকেতুরুবাচ ॥

অজিত জিতঃ সমমতিভিঃ সাধুভির্ভবান্ জিতাত্মভির্ভবতা।

শ্রীধরস্বামী।

দৃষ্ট্বা চ তমাদি পুরুষং অভ্যয়াচ্ছরণং গতঃ। অনমৎ ননাম। কথম্ভূতঃ তদ্দর্শনেন ধ্বস্তং সমস্তং কিল্বিষং যস্ত। স্বস্থমমলঞ্চান্তঃকরণং যস্ত প্রণয়েনাশ্রুযুক্তে লোচনে যস্য প্রহৃষ্টানি রোমাণি যস্য ॥ ২৭ ॥

তং প্রসমীড়িতুং স্তোতুং চিরং নৈবাশকৎ ন শশাক তত্র হেতুঃ উত্তমঃশ্লোকস্য পদাব্জয়োঃ বিষ্টরমাসনমুপমেহয়ন্ অভিষিঞ্চন্ প্রেম্না উপরুদ্ধঃ অখিলানাং বর্ণানাং নির্গম উচ্চারণং যস্য সঃ ॥ ২৮ ॥

মনীষয়া বুদ্ধ্যা মনঃ সমাধায়ঃ এতদ্বক্ষ্যমাণং বভাষে প্রতিলব্ধা বাক্ যেন সাত্বতশাস্ত্রোক্তো বিগ্রহো যস্য তং ॥ ২৯ ॥

অন্যোন্য প্রেমজানন্দনিভৃতান্ স্বামিসেবকান্। অভিনন্দন্ মুদা স্তৌতি দশভিঃ পঞ্চভির্বিভুং। হে অজিত অন্যৈরজি-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদ্দর্শনেতি কিল্বিষমত্র ভগবৎ প্রাপ্ত্যাসংভাবনাময়ং দুঃখং জ্ঞেয়ং। দৃষ্ট্বা চ অভ্যয়াৎ অভিমুখমগচ্ছৎ। অভ্যেত্যচানমৎ ॥ ২৭ ॥

নত্বা তুষ্টাবেত্যাহ স ইতি। বিষ্টরমাসনং। উপমেহয়ন্ অভিষিঞ্চন্ ॥ ২৮ ॥

প্রতিলব্ধবাক্ তৎক্ষণমৈবেত্যর্থঃ। সাত্বত শাস্ত্রোক্তঃ সচ্চিদানন্দময়ো বিগ্রহোদেহো যস্যেত্যনেন জ্ঞানশাস্ত্রোক্তস্য মায়াময়বিগ্রহত্বস্য প্রামাণ্যং বারিতং ॥ ২৯ ॥

পরস্পর বশীভাবলভ্যানন্দ রসাম্বুধৌ। মজ্জেতাং ভগবদ্ভক্তৌ ভক্ত্যোবেত্যাহ সংস্তবন্ ॥ হে অজিত জ্ঞানিযোগি প্রভৃতিভিস্ত্বমজিত এব সাধুভির্ভক্তৈস্তু ভবান্ জিতঃ অধিনীকৃতঃ সমমতিভিঃ স্বকীয় পরকীয় সুখ দুঃখ সমবুদ্ধিভির্জিতাত্মভির্জ্জিতমনস্কত্বেন

দেখিবা মাত্র রাজা চিত্রকেতুর সমস্ত কিল্বিষ নষ্ট হইয়া গেল, অন্তঃকরণ নির্ম্মল ও স্বস্থ হইল, আর প্রণয় বশতঃ লোচন দ্বয় অশ্রু কলায় আকুল ও সর্ব্বশরীর রোমাঞ্চিত হইয়া উঠিল। অতএব সেই আদিপুরুষের শরণাপন্ন হইয়া অতিশয় ভক্তি সহকারে প্রণাম করিলেন ॥ ২৭ ॥

কিন্তু অধিকক্ষণ স্তব করিতে সমর্থ হইলেন না, কারণ উত্তমঃশ্লোক ভগবানের চরণ পদ্মের আসন প্রেমাশ্রু বিন্দু দ্বারা বারম্বার অভিষেক করিতে ছিলেন, সুতরাং শীঘ্রই প্রেম বশতঃ বহুল বাষ্পোদ্গমে বর্ণোচ্চারণ শক্তি পরিরুদ্ধ হইয়া পড়িল ॥ ২৮ ॥

কিয়ৎ ক্ষণ পরে বাক্ শক্তি প্রাপ্ত হওয়াতে ইন্দ্রিয় সকলের বাহ্য বৃত্তি নিরোধ পূর্ব্বক বুদ্ধি দ্বারা মনকে সমাহিত করিলেন এবং যাঁহার বিগ্রহ সাত্বত শাস্ত্রোক্ত সেই জগদ্গুরু ভগবানের প্রতি নিম্ন লিখিত প্রকারে নিবেদন করিলেন ॥ ২৯ ॥

চিত্রকেতু কহিলেন হে অজিত! হে ভগবন্! যদিও আপনি অন্য কর্ত্তৃক জিত নহেন তথাচ সমবুদ্ধি জিতাত্মা ভক্তগণ আপনাকে জয় করিয়া আপনাদের অধীন করিয়াছেন, কারণ আপনি অতি-

বিজিতাস্তেপিচ ভজতামকামাত্মনাং য আত্মদোঽতিকরুণঃ ॥ ৩০ ॥
তব বিভবঃ খলু ভগবন্ জগদুদয় স্থিতি লয়াদীনি।
বিশ্বসৃজস্তেঽংশাংশাস্তত্র মৃষা স্পর্দ্ধন্তি পৃথগভিমত্যা ॥ ৩১ ॥
পরমাণু পরম মহতোস্ত্বমাদ্যন্তান্তরবর্ত্তী ত্রয়বিধুরঃ।

শ্রীধরস্বামী।

তোপি ভবান্ সাধুভির্ভক্তৈর্জিতঃ স্বাধীন এব কৃতঃ যতো ভবানতিকরুণঃ তেপিচ নিষ্কামা অপি ভবতা বিজিতাঃ। যো ভবান্ অকামাত্মনামাত্মানমেব দদাতি ॥ ৩০ ॥

নম্বু ভক্তৈরেব জিত ইতি কথং স্পর্দ্ধমানৈরপি সৃষ্ট্যাদি কর্ত্তৃভিরন্যৈরীশ্বরৈ র্বিজয় সম্ভবাৎ তত্রাহ তবেতি। জগত উদয়াদীনি তবৈব বিভবঃ বিভবনং মহিমা লীলেতি যাবৎ। আদি শব্দেন প্রবেশ নিয়মাদীনি। বিশ্বসৃজস্তু ব্রহ্মাদয়োনেশ্বরাঃ কিন্তু তে তবাংশো যঃ পুরুষঃ তস্যাংশাঃ। অত্র এবং স্থিতেপি পৃথক্ পৃথগীশ্বরা বয়মিত্যভিমানেন বৃথৈব স্পর্দ্ধন্তে ॥ ৩১ ॥

ত্বমেব সৃষ্ট্যাদি কর্ত্তেত্যেতদুপপাদয়তি। পরমাণুঃ সূক্ষ্মং মূল কারণং। পরম মহৎ অন্তিমং কার্য্যং তয়োস্ত্বমেবাদ্যন্তান্তরবর্ত্তী। আদাবন্তেচ অন্তরে মধ্যেচ বর্ত্তিতুং শীলং যস্য সঃ। অতএব ত্রয়বিধুরঃ আদ্যন্ত মধ্য শূন্যঃ ধ্রুবঃ। তেচ ত্বয়া সৃজ্যন্তে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনোধর্ম্মস্য কামস্যাপি জিতত্বাৎ নিষ্কামৈঃ তেষাং তদুপাসনে নিষ্কামত্বমেব ত্বজ্জয়ে কারণমিতি ভাবঃ তে সাধবোপি ভবতা-বিজিতাঃ যতো ভজতামকামাত্মনাং ভজদ্ভ্যোনিষ্কামেভ্যঃ যোভবনাত্মদঃ আত্মানমেব দদাতি। যদি যূয়ং মাং পরিচর্য্য কিমপ্যপবর্গাদিকমপি মত্তোনৈব বৃণুধ্বে তর্হি যথেষ্টং রাত্রিন্দিনং মামেব পরিচরথ মাং ঋণী কুরুথেত্যাত্মানং তেভ্যোদদদেব বলাদাত্মনঃ সৌন্দর্য্যং সৌস্বর্য্য সৌরভ্যাদীনি তন্ময়ন শ্রবণাদীন্দ্রিয়ভোগার্থমর্পয়তীত্যর্থঃ তেন তদ্বিজয়ে ভবতোপ্যাত্মদত্বমেব কারণমিতি ভাবঃ। অত্র সাধুভিরিতি জ্ঞানিভিরপীতি ন ব্যাখ্যেয়ং। উত্তরার্দ্ধে ভজতামকামাত্মনামিতি বিশেষণদ্বয়স্য তদ্ব্যাবর্ত্তকত্বাৎ জ্ঞানিনাং ভজনন্তু মোক্ষসিদ্ধার্থং সাধন দশায়ামেব। অত্রতু ভজতামিতি বর্ত্তমান নির্দ্দেশঃ। নিষ্কামত্বং ত্বাত্যন্তিক দুঃখ নিবৃত্তিকামত্বাত্তেষাং নাস্ত্যেব ॥ ৩০ ॥

এবং প্রভুভক্তয়োঃ পরস্পর বশীভাবমাখ্যায় প্রভোঃ প্রভাবমাহ তবেতি ত্রিভিঃ বিভবোমহিমা। নম্বু ব্রহ্মাদয়োজগদুদয়াদি হেতবো দৃশ্যন্তে তত্রাহ বিশ্বেতি। নম্বু ব্রহ্মরুদ্রাদিভক্তাঃ স্বস্ব সেব্যানামেব জগদীশ্বরত্বং প্রতিপাদয়ন্তোমিথঃ স্পর্দ্ধন্তে ইত্যত আহ

শয় কারুণিক। পরন্তু যদিও সেই সকল সাধু নিষ্কাম তথাচ তাঁহারাও আপনার নিকট পরাজিত হইয়াছেন, যে হেতু আপনি অকাম ভক্তদিগকে আত্ম দান করিয়া থাকেন ॥ ৩০ ॥

হে ভগবন্! ভক্ত ব্যতিরিক্ত অন্য কাহা হইতে আপনকার পরাজয় সম্ভাবনা নাই, কারণ জগতের সৃষ্টি, স্থিতি, লয়, প্রবেশ, নিয়মাদি যাহা ২ দৃষ্ট হয় এ সমুদায়ই আপনার বিভব অর্থাৎ মহিমা মাত্র। প্রভো! আপনি বিশ্বের সৃজন কর্ত্তা, ব্রহ্মাদি দেবগণ আপনকার ঈশ্বর নহেন কিন্তু আপনকার অংশ যে পুরুষ তাঁহার অংশ মাত্র। হে ভগবন্! যদি এরূপ হইল তবে ঐ সকল ঈশ্বর (আমরা পৃথক্ ২ ঈশ্বর) এই বলিয়া বৃথা অভিমান করেন ॥ ৩১ ॥

ভগবন্! সূক্ষ্ম মূল কারণ যে পরমাণু, আর অন্তিম কার্য্য যে পরম মহৎ এই দুইয়ের আদি অন্ত ও মধ্যে আপনিই বর্ত্তমান থাকেন, ইহাতে আপনকার আদি অন্ত ও মধ্য নাই, অতএব আপনি ধ্রুব অর্থাৎ নিত্য, আর যে সকল কার্য্য সৎরূপে প্রতীত হয়, সে সকলের প্রথমে চরমে তথা অন্তরালে

আদাবন্তেচ সত্ত্বানাং যদ্ধ্রুবং তদেবান্তরালেঽপি ॥ ৩২ ॥
ক্ষিত্যাদিভিরেষ কিলাবৃতঃ সপ্তভির্দশগুণোত্তরৈরণ্ডকোষঃ।
যত্র পতত্যণুকল্পঃ সহাণ্ড কোটি কোটিভিস্তদনন্তঃ ॥ ৩৩ ॥
বিষয়তৃষো নরপশবো য উপাসতে বিভূতীর্ন পরং ত্বাং।

শ্রীধরস্বামী।

ননু ধ্রুবাঃ কুত ইত্যত আহ সত্ত্বানাং সত্ত্বেন প্রতীতানাং কার্য্যাণামাদাবন্তেচ অন্তরালেপি তদেব ধ্রুবং সুবর্ণাদিবৎ ॥ ৩২ ॥

এবং ধ্রুবত্বেন কালতঃ পরিচ্ছেদোনাস্তীত্যুক্তং দেশতোপ্যপরিচ্ছেদমাহ ক্ষিত্যাদিভিরিতি পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাদ্দশগুণৈরুত্তরৈরবধিকৈরাবৃতঃ। যত্র ত্বয়ি অণুকল্পঃ অণুতুল্যঃ পততি পরিভ্রমতি তত্তস্মাদনন্তস্ত্বং ॥ ৩৩ ॥

যস্মাদেবং পরমেশ্বরত্বং অন্যে দেবা স্তব বিভূতয়ঃ অতস্ত্বাং বিহায় বিষয় কামনয়াঽন্যোপাসকাঃ অতিমন্দা ইত্যাহ বিষয়েষু তৃট্‌ তৃষ্ণা যেষাং তে নরাকারাঃ পশবঃ। কুতঃ যে বিভূতীরিন্দ্রাদ্যাঃ উপাসতে নতু পরং ত্বাং। ততঃ কিং তত্রাহ তেষামিতি তদনু উপাস্য নাশানন্তরং যথা রাজকুলমনুরাজকুলনাশানন্তরং যথা তৎসেবকানামাশিষো নশ্যন্তি তদ্বৎ অয়ঞ্চ পরমোঽবধিঃ মধ্যেপি নশ্যন্ত্যেব ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

দশগুণা উত্তরোত্তরা যেষাং তৈরিত্যর্থঃ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র মৃষেতি পৃথগভিমত্যা বয়ং হৈরণ্যগর্ভাঃ শৈবাঃ সৌরা ইত্যাদ্যভিমানবন্তঃ ॥ ৩১ ॥

ত্বমেব সৃষ্ট্যাদি কর্ত্তা বাস্তব বস্তুরূপ ইত্যুপপাদয়তি পরমাণুঃ সূক্ষ্মং মূলকারণং পরম মহৎ অন্তিমং কার্য্যং তয়োস্ত্বমেবাদ্যন্তান্তরবর্ত্তী আদাবন্তে অন্তরে মধ্যেচ বর্ত্তিতুং শীলং যস্য সঃ। অতএব ত্রয়বিধুরঃ আদ্যন্ত মধ্যশূন্যো নিত্যঃ যতঃ সত্ত্বানাং কার্য্য বস্তূনাং আদৌ অন্তেচ যৎ ধ্রুবং কারণত্বেন স্থিরং তদেব অন্তরালেপি সুবর্ণাদিবৎ। অতস্ত্বমেব সর্ব্বকারণং বাস্তবং বস্তু অন্যৎ সর্ব্বং কার্য্য জাতমবাস্তবং বস্তিত্যর্থঃ ॥ ৩২ ॥

এবং কালতঃ পরিচ্ছেদাভাবমুক্ত্বা দেশতোপ্যপরিচ্ছেদমাহ ক্ষিত্যাদিভিঃ ক্ষিতি জল তেজ আকাশাহঙ্কার মহত্তত্ত্ব প্রকৃতিভিঃ পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাৎ দশগুণাধিকৈরাবৃতঃ যত্র ত্বয়ি অণুকল্পঃ পততি পরিভ্রমতি তত্তস্মাদনন্তস্ত্বং ॥ ৩৩ ॥

এবং প্রভোঃ সর্ব্বোৎকর্ষমাখ্যায় ভক্তস্যাপি তদভক্তনিন্দয়া প্রথমং ব্যতিরেকেণাহ বিষয়েতি। বিভূতিবিন্দ্রাদ্যাঃ নতু ত্বাং

যাহা থাকে, সুবর্ণাদির ন্যায় তাহাই ধ্রুব, আপনি ঐ সকলের সৃষ্টি কর্ত্তা অতএব ঐ সকল কোন প্রকারে ধ্রুব নহে ॥ ৩২ ॥

প্রভো! ধ্রুব হওয়াতে আপনকার যেমন কালকৃত পরিচ্ছেদ নাই তেমনি দেশকৃত পরিচ্ছেদও নাই, এই ব্রহ্মাণ্ড কোষ যথাক্রমে পূর্ব্ব ২ হইতে দশগুণ অধিক ক্ষিতি প্রভৃতি সপ্ত পদার্থে আবৃত হওয়াতে অতি প্রকাণ্ড হইয়া রহিয়াছে সত্য, কিন্তু ঐ রূপ কোটি কোটি ব্রহ্মাণ্ডও আপনকার নিকট পরমাণু তুল্য হইয়া পরিভ্রমণ করে অতএব আপনি অনন্ত ॥ ৩৩ ॥

প্রভো! যে সকল ব্যক্তির বিষয়েতেই তৃষা, তাহারা নরাকার পশু, কারণ তাহারা ঐ তৃষা পূর্ণ করিবার নিমিত্ত আপনকার বিভূতি যে ইন্দ্রাদি দেবতা তাহাদিগেরই উপাসনা করিয়া থাকে, পরম পুরুষ পরমেশ্বর যে আপনি আপনকার আরাধনা করে না কিন্তু হে ঈশ! ঐ সকল ব্যক্তি স্ব ২ কামনা পূর্ণ করণার্থ ঐরূপ দেবতার উপাসনা করিয়াও স্ব ২ অভিলষিত বিষয় বহুকাল ভোগ করিতে পায় না, যদ্রূপ রাজকুল বিনষ্ট হইলে তৎ সেবকদের কল্যাণ নষ্ট হয়, তদ্রূপ উপাস্য দেব-

তেষামাশিষ ঈশ তদনুবিনশ্যন্তি যথা রাজকুলং ॥ ৩৪।
কামধিয়স্ত্বয়ি রচিতা ন পরম রোহন্তি যথা করম্ভবীজানি।
জ্ঞানাত্মন্যগুণময়ে গুণগণতোস্য দ্বন্দ্ব জালানি ॥ ৩৫ ॥
জিতমজিত তদা ভবতা যদাহ ভাগবতং ধর্ম্মমনবদ্যং।

শ্রীধরস্বামী।

বিষয়কামেনাপি কৃতা ত্বৎসেবা মোক্ষ ফলৈবেত্যাহ কামধিয়ঃ কামবাসনা অপি হে পরম ত্বয়ি রচিতাঃ কৃতাশ্চেন্নরোহন্তি দেহান্তরোৎপত্তয়ে ন ভবন্তি। করম্ভবীজানি ভর্জ্জিতবীজানি যথা যতোহস্য জীবস্য গুণগণাদেব দ্বন্দ্বসমূহা ভবন্তি অতঃ কামেনাপি নির্গুণস্য তব ভজনাচ্ছনৈর্নৈর্গুণ্যং ভবতীত্যর্থঃ ॥ ৩৫ ॥

ফলকামনয়াপি ত্বদারাধনং যদা মোক্ষহেতুং তদা কিং বক্তব্যং ভাগবত ধর্ম্ম মাহাত্ম্যমিতি বক্তুং তৎ সম্প্রদায় প্রবর্ত্তকত্বেনৈব ভগবন্তং স্তৌতি জিতমিতি যদা। ভবান্ ভাগবতং ধর্ম্মমাহ তদা ভগবন্ ত্বয়া জিতং সর্ব্বোৎকর্ষেণ স্থিতং। তত্র হেতুঃ যে নিষ্কি-

ক্রমসন্দর্ভঃ।

জিতমিতি। নিজোৎকর্ষ আবিষ্কৃতঃ। ভগবন্নিতি পাঠঃ স্বামিসম্মতঃ ভবতেতি তু প্রায়ঃ সর্ব্বত্র ॥ ৩৬ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদনু উপাস্যনাশানন্তরং। যথা রাজকুলনাশানন্তরং তৎ সেবকানামাশিষো নশ্যন্তি ॥ ৩৪ ॥

ভক্তস্যোৎকর্ষং কৈমুতিকন্যায়েনাম্বয়েনাহ। কামা রাজ্যাদ্যাস্তদর্থাঃধিয়ো মতয়স্ত্বয়ি রচিতাঃ কৃতাশ্চেৎ নরোহন্তি দেহান্তরোৎপত্তয়ে ন ভবন্তি যথা করম্ভবীজানি ভৃষ্টযববীজানি তথৈব। যদ্যপি কামধিয়োঽন্যত্র রোহন্তোদৃষ্টা। ভৃষ্ট বীজতুল্যা ন ভবন্তি তদপি বিষয়সাদৃশ্যাদ্ভবন্তীত্যাহ জ্ঞানাত্মনি চিন্ময়ে অগুণময়ে গুণময়াৎ পদার্থান্তিন্নে। অতোবসকূপ পতিতং বস্তু যথা রসএব ভবেদেবং ত্বয়ি প্রবিষ্টাঃ কামধিয়োপি চিন্ময্যো ভবন্তীতি কথং তাসাং সংসারহেতুত্বং স্যাদিত্যর্থঃ। যতোগুণগণতএব দ্বন্দ্ব জালানি সংসারকারণানি ভবন্তি ॥ ৩৫ ॥

যদ্যেবং স্বমহিম্না সকামায়া অপি ভক্তেঃ শ্রেষ্ঠং তদা কিমুত নিষ্কামায়াঃ। কিঞ্চ ভক্তের্নিষ্কামত্বঞ্চ ত্বৎপ্রবর্ত্তিতমতো নিষ্কামভক্তের্ত্তব জয়ঃ পূর্ব্বপ্রতিপাদিতস্তত্রাপি পরমকৃপালুঃ স্বভক্তবশীভাবেপ্সুস্ত্বমেব কারণমিত্যতো বস্তুত স্তবৈব বিশেষতো জয় ইত্যাহ জিতমিতি। হে অজিত ভাগবতং ধর্ম্মং অনবদ্যং নিষ্কামং যদৈব ভবানাহ তদেব জিতং ভবতৈব ভক্তা ঋণীকৃতাঃ। যে নৈব নিষ্কাম ভক্তিযোগেন ভক্তৈর্ভবান্ জীয়তে তস্য ত্বয়ৈবোক্তত্বাত্তদনুপ্রং ত্বমেব স্বভক্তাধীনত্বাভিলাষসাধকং কৃপাবিশেষমাস্বাদয়ন্তঃ প্রত্যুত এব ভক্তা স্বয়মেব ঋণীভূয় স্থিতা ভবন্তীতি ভাবঃ। যে নিষ্কিঞ্চনা প্রথমত এব শুদ্ধাঃ তথা তৎসঙ্গতস্তৎকৃষ্ণনিষ্ঠা মুনয়স্তঃ প্রত্যুত এব ভক্তা স্বয়মেব ঋণীভূয় স্থিতা ভবন্তীতি ভাবঃ। যে নিষ্কিঞ্চনা প্রথমত এব শুদ্ধাঃ তথা তৎসঙ্গতস্তৎকৃষ্ণনিষ্ঠা মুনয়স্তাপসা আত্মারামা জীবন্মুক্তাশ্চ কেচন যমেব ধর্ম্মমুপাসতে। যদ্বা। নিষ্কিঞ্চনা ইত্যস্যৈব বিশেষণদ্বয়ং। মুনয়স্তন্মননশীলা

তার নাশানন্তর ঐ সকল ব্যক্তির কামনার বিষয় সকল বিনষ্ট হইয়া যায় ॥ ৩৪ ॥

হে পরমেশ! যাহাদের চিত্ত কাম বাসনায় আসক্ত, তাহারা যদি আপনকার প্রতিই স্ব ২ কামনা রচনা করে অর্থাৎ তাহা পূর্ণ করণ সংকল্প করিয়া যদি আপনার সেবাতেই রত হয়, তাহা হইলে ভর্জ্জিত বীজের ন্যায় সেই কামনা পুনর্ব্বার প্ররূঢ় হইতে পারে না, সুতরাং পুনরায় দেহান্তরোৎপত্তির অভাব হইতে পারে, কারণ জীবের যে গুণগণ, তাহা হইতেই সুখ দুঃখাদি দ্বন্দ্ব সমূহ হয়, আপনি নির্গুণ আপনকার উপাসনা কামনার সহিত করিলেও ক্রমশঃ নৈর্গুণ্য হইতে পারে ॥৩৫

অতএব হে প্রভো! ফল কামনা করিয়াও আপনকার আরাধনা করিলে তাহাও যখন মোক্ষের হেতু হয় তখন ভাগবত ধর্ম্মের মাহাত্ম্য আর কি বলিব? আপনকার কেবল স্তব করি ॥

প্রভো! আপনি যখন অনবদ্য ভাগবত ধর্ম্ম বলিয়াছেন তখন সর্ব্বোৎকর্ষেতেই বর্ত্তমান আছেন

নিষ্কিঞ্চনা যে মুনয় আত্মারামা যমুপাসতেঽপবর্গায় ॥ ৩৬ ॥
বিষমমতির্ন যত্র নৃণাং ত্বমহমিতি মম তবেতি চ যদন্যত্র।
বিষমধিয়া রচিতো যঃ সহ্যবিশুদ্ধঃ ক্ষয়িষ্ণুরধর্ম্ম বহুলঃ ॥ ৩৭ ॥
কঃ ক্ষেমো নিজপরয়োঃ কিয়ান্বার্থঃ স্বপরদ্রুহা ধর্ম্মেণ।
স্বদ্রোহাত্তবা কোপঃ পরপীড়য়া তথাঽধর্ম্মঃ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

ঞ্চনাঃ সনৎকুমারাদয়ঃ মুনয়ঃ তে যং ভবন্তং অপবর্গায় সেবন্তে তেন ভবতা জিতং যং ধর্ম্মমিতি বা ॥ ৩৬ ॥

অনবদ্যতামেবাহ বিষম মতির্যত্র যস্মিন্ ভাগবতে ধর্ম্মে নাস্তি যদনাত্র যথান্যস্মিন্ কাম্যধর্ম্মে। নমু গোপি বেদোক্তত্বাদনবদ্য এব তত্রাহ বিষমধিয়াঃ শত্রুমারণাদি কামনয়া রচিতো বিহিতো যঃ সহ্যঽবিশুদ্ধঃ রাগদ্বেষাদিমত্ত্বাৎ ক্ষয়িষ্ণুশ্চ নশ্বরফলত্বাৎ অধর্ম্ম বহুলশ্চ হিংসাদি বাহুল্যাৎ। তদুক্তং শবরস্বামিভিঃ উভয়মিহ চোদনায়াং লক্ষ্যতেঽর্থোঽনর্থশ্চেত্যাদি ॥ ৩৭ ॥

এতৎ প্রপঞ্চয়তি কঃ ক্ষেমঃ কিং কুশলং নকিঞ্চিৎ নিজপরয়োঃ স্বস্য পরস্যাচ স্বপরদ্রুহা স্বস্মৈ পরস্মৈচ দ্রুহ্যতীতি স্বপর ধ্রুক্ তেন। যতঃ স্বদ্রোহাদত্যন্ত কায়ক্লেশাৎ তব কোপঃ পীড়া সম্ভবতি। তদুক্তং গীতাসু। কর্ষয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামম চেতসঃ। মাঞ্চৈবান্তঃ শরীরস্থং তান্ বিদ্ধ্যাসুরনিশ্চয়ানিত্যাদি। তথা পরপীড়য়া অধর্ম্মঃ চকারাত্তব কোপশ্চ ॥ ৩৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

নিজসংসারহেতুত্বাৎ স্বদ্রুহা পুমান্ ভবাব্ধিং ন তরেৎ স আত্মহেতিবৎ। পশ্বাদ্যুপালম্ভাৎ পরদ্রুহাচেতার্থঃ কোপঃ ঔদাস্যময়ঃ ক্রোধঃ। অধর্ম্মোঽশুদ্ধোধর্ম্মঃ। ৩৮। ৩৯। ৪০ ॥ ৪১ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

আত্মারামাস্বধ্যেব রমমাণা ইত্যর্থঃ। অপবর্গায় অপকৃষ্টা বর্গাশ্চত্বারোপি যতস্তস্মৈ প্রেম্নে অপবর্গশ্চ ভবতি। যোসাবিত্যাদি পঞ্চম স্কন্ধীয় গদ্যোক্তলক্ষণায় ভক্তিযোগায়েতি বা ॥ ৩৬ ॥

যত্র ভাগবতে ধর্ম্মে ত্বমহমিতি মম তবেত্যহন্তাস্পদ মমতাস্পদয়োর্বিষমমতিকৃত্তর শ্লোকার্থদৃষ্ট্যা দ্বেষ নিবন্ধন বৈষম্যবতী মম তব ত্বমহং শত্রুরিতি মতির্নাস্তি যৎ। যা অন্যত্র কাম্যধর্ম্মে ইত্যর্থঃ। কামধর্ম্মমেব নিন্দতি বিষমধিয়া শত্রুমরণাদিকামনয়া রচিতো যঃ সহ্যবিশুদ্ধঃ রাগদ্বেষাদিময়ত্বাৎ। ক্ষয়িষ্ণুশ্চ নশ্বর ফলত্বাৎ। অধর্ম্ম বহুলশ্চ হিংসাদি বাহুল্যাৎ। তদুক্তং শবরস্বামিনা উভয়মিহ চোদনায়াং লক্ষ্যতে অর্থোঽনর্থশ্চেত্যাদিনা ॥ ৩৭ ॥

উক্তমর্থং স্পষ্টয়তি কঃ ক্ষেমঃ কিং কুশলং নিজপরয়োর্নিজস্যাহন্তাস্পদস্যাত্মনঃ পরস্য মমতাস্পদস্য পুত্রকলত্রাদের্ন কিঞ্চিদিত্যর্থঃ স্বস্মৈ পরস্মৈ চ দ্রুহ্যতীতি স্বপরধ্রুক্ তেন যতঃ স্বদ্রোহাৎ পরহিংসার্থকাত্যন্ত স্বকায়ক্লেশকর তপোব্রতাদেঃ। অধর্ম্মঃ পাপং ত্বৎ কোপশ্চ ॥ ৩৮ ॥

ভগবন্! কোন্ ব্যক্তি ঐ ধর্ম্মের মাহাত্ম্য বলিতে পারে? যে সকল মুনি সনৎকুমারাদি নিষ্কিঞ্চন ও আত্মারাম তাঁহারাও অপবর্গ লাভার্থ ঐ ধর্ম্মের সেবা করিয়া থাকেন ॥ ৩৬ ॥

প্রভো! অন্য কাম্য ধর্ম্মে যদ্রূপ "তুমি আমি, তোমার আমার" এবম্বিধ বিষম বুদ্ধি আছে, ভাগবত ধর্ম্মে তদ্রূপ বিষম মতি নাই, হে ভগবন্! যদিও বেদোক্ত তথাচ বিষম বুদ্ধি দ্বারা শত্রুমারণাদি কামনায় যাহা বিহিত হয়, রাগদ্বেষ মূলকত্ব প্রযুক্ত তাহা অবিশুদ্ধ এবং তাহার ফল নশ্বর, সুতরাং ঐ সকল ধর্ম্ম ক্ষয়িষ্ণু, অপর হিংসাদি বাহুল্য হেতু অধর্ম্ম বহুল ॥ ৩৭ ॥

ফলতঃ ঐ সমস্ত ধর্ম্ম আপনার ও অন্যের দ্রোহ কারক, তদ্দ্বারা বা অন্যের কি মঙ্গল এবং কতই বা অর্থ হইতে পারে? কিছুই হয় না, বরঞ্চ কায়ক্লেশ দ্বারা স্বদ্রোহ হেতু আপনার পীড়া, আর পরদ্রোহ দ্বারা অধর্ম্ম তথা আপনার ক্লেশ এই সকলই উৎপন্ন হয় ॥ ৩৮ ॥

ন ব্যভিচরতি তবেক্ষা যয়াহ্যভিহিতো ভাগবতো ধর্ম্মঃ।
স্থিরচর সত্ত্ব কদম্বেষ্বপৃথগ্ধিয়ো যমুপাসতে ত্বার্য্যাঃ ॥ ৩৯ ॥
নহি ভগবন্নঘটিতমিদং ত্বদ্দর্শনান্নৃণামখিল পাপক্ষয়ঃ।
যন্নাম সকৃৎ শ্রবণাৎ পুক্কশোপি বিমুচ্যতে সংসারাৎ ॥ ৪০ ॥
অথ ভগবন্ বয়মধুনা ত্বদবলোক পরিমৃষ্টাশয়মলাঃ।
সুরঋষিণা যৎকথিতং তাবকেন কথমন্যথা ভবতি ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

অতস্ত্বয়া রাগান্ধমপি কথঞ্চিদ্বেদমার্গে প্রবর্ত্তয়িতুং কাম্য ধর্ম্মোঽভিহিতো নতু তত্ত্বদৃষ্ট্যা। ভাগবতধর্ম্মেতু ন দ্রোহ ইত্যাহ ন ব্যভিচরতি। ন পরমার্থং জহাতি তব ঈক্ষা দৃষ্টিঃ। অব্যভিচারে হেতুঃ স্থিরেতি। স্থাবর জঙ্গম প্রাণি সমূহেষু সমবুদ্ধয়ঃ ভাগবতা যং ধর্ম্মং সেবন্তে ॥ ৩৯ ॥

এবং ভূতস্য ভাগবত ধর্ম্ম প্রবর্ত্তকস্য তব দর্শনাৎ সর্ব্বপাপক্ষয়ো ভবতীতি কিং চিত্রমিত্যাহ নহীতি ॥ ৪০ ॥

অতোহং কৃতার্থোস্মীত্যাহ অথেতি। অতো হেতোস্তবাবলোকনেন পরিমৃষ্টা নিরস্তা আশয়ে চিত্তে মলা যেষাং তে। ত্বদ্দর্শনঞ্চ মম নারদোপদেশেন জাতমিত্যাহ সুরর্ষিণেতি ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্থ ক্ষয়িষ্ণুত্বাদি বাহুল্যেপি কাম্যধর্ম্মে ফলদর্শনাৎ প্রবর্ত্তন্তে নির্দোষেপি নিষ্কামধর্ম্মে ফলাদর্শনাৎ প্রবৃত্তৌ সংশেরতে জনাস্তত্রাহ। নেতি তবেক্ষা মন্তক্ত্যা জীবঃ কৃতার্থী ভবতীতি পরামর্শো ন ব্যভিচরতীতি কাম্যধর্ম্মে কদাচিৎ ফলস্যাপি ব্যভিচারঃ স্যান্নতু ত্বদীয়েক্ষয়োঃ। অতএব আর্য্যা ইত্যনার্য্যাস্তু সংশেরতাং নামেতি ভাবঃ অপৃথগ্ধিয়ঃ স্বস্য পরস্যচ সুখ দুঃখেষু পৃথগ্বুদ্ধি রহিতা আর্য্যা ইতি আর্য্যাখ্যং গচ্ছন্তশ্চেদমিতি দর্শিতং ॥ ৩৯ ॥

নিষ্কাম ধর্ম্মস্য মমৈব সাক্ষাৎ ফলং লব্ধমিত্যাহ নহীতি নৃণামিতি মমেবেতি ভাবঃ পাপক্ষয়স্য কা বার্ত্তা মোক্ষোপি ভবতীত্যাহ যন্নাম একস্যৈব কিমুত বহুনাং সকৃদেব কিং পুনরকৃৎ। শ্রবণাদেব কিমুত কীর্ত্তনাদেঃ। পুক্কশোপি কিমুতান্যঃ। সংসারাদেব কিমুত পাপাদিতি সাধনারম্ভ এব ফল দর্শনমিতি ॥ ৪০

অতোঽহং কৃতার্থোস্মীত্যাহ অথেতি ॥ ৪১ ॥

অতএব যদিও রাগান্ধ ব্যক্তিদিগকে কথঞ্চিৎ বেদমার্গে প্রবৃত্ত করাইবার নিমিত্ত আপনিই কাম্য ধর্ম্ম কহিয়াছেন, তথাচ তাহা তত্ত্বদৃষ্টিতে কথিত হয় নাই, সুতরাং তাহাতে নিজের ও অন্যের দ্রোহ হইয়া থাকে। পরন্তু ভাগবত ধর্ম্মে কোন প্রকার দ্রোহেরই সম্ভাবনা নাই, যে হেতু আপনকার যে দৃষ্টির কখন ব্যভিচার হয় না অর্থাৎ যাহা কখন পরমার্থ পরিত্যাগ করে না, সেই দৃষ্টি দ্বারা ঐ ধর্ম্ম অভিহিত হইয়াছে অতএব যে সকল ভগবদ্ভক্ত মানব স্থাবর জঙ্গম প্রাণি সমূহে সমবুদ্ধি তাহারা ঐ ধর্ম্মের সেবা করিয়া থাকেন ॥ ৩৯ ॥

হে ভগবন্! আপনি ঐ রূপ ভাগবত ধর্ম্মের প্রবর্ত্তক! আপনকার দর্শনে মনুষ্যদিগের যে অখিল কলুষ নাশ হইবে ইহা অসম্ভব নহে। প্রভো! আপনকার নাম একবার মাত্র শ্রবণ করিলে পুক্কশও সংসার বন্ধন হইতে পরিত্রাণ পায় ॥ ৪০ ॥

অতএব আপনকার দর্শন মাত্রেই আমাদিগের অন্তঃকরণের মালিন্য দূরীভূত হইল। ভগবন্! দেবর্ষি নারদ ভবদীয় পুরুষ, তিনি যাহা কহিয়াছেন তাহার কি কখন অন্যথা হইতে পারে? ফলতঃ দেবর্ষির উপদেশেই আমি আপনকার দর্শন লাভ করিলাম ॥ ৪১ ॥

বিদিতমনন্ত সমস্তং তব জগদাত্মনোজনৈরিহাচরিতং।
বিজ্ঞাপ্যং পরমগুরোঃ কিয়দিব সবিতুরিব খদ্যোতৈঃ ॥ ৪২ ॥
নমস্তভ্যং ভগবতে সকল জগৎ স্থিতি লয়োদয়েশায়।
দুরবসিতাত্মগতয়ে কুযোগিনাং ভিদা পরমহংসায় ॥ ৪৩ ॥
যং বৈশ্বসন্তমনুবিশ্বসৃজঃ শ্বসন্তি যং চেকিতানমনুচিত্তয় উচ্চকন্তি।
ভূমণ্ডলং সর্ষপায়তি যস্য মূর্দ্ধ্নি তস্মৈ নমো ভগবতেঽস্তু সহস্রমূর্দ্ধ্নে।
শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

যথা চাহং পূর্ব্বমতিমূঢ় আসং যথাচ নারদেনানুগৃহীতোস্মি তৎ সর্ব্বান্তর্যামিণ স্তব ময়া কিং প্রকাশনীয়মিত্যাহ বিদিতমিতি। বিশেষেণ জ্ঞাপ্যং প্রকাশনীয়ং কিয়দিব ন কিমপীত্যর্থঃ। সবিতুর্যথা খদ্যোতৈঃ প্রকাশনং নাস্তি তদ্বৎ ॥ ৪২ ॥

উপলক্ষণং ভগবন্তং প্রণমতি নম ইতি দ্বাভ্যাং। সকলস্য জগতঃ স্থিত্যাদীনামীশায় সমর্থায়। দুরবসিতা অবিজ্ঞাতা আত্মগতির্নিজতত্ত্বং যস্য তস্মৈ। কেষাং কুযোগিনাং কেন ভিদা ভেদ দৃষ্ট্যা ॥ ৪৩ ॥

শ্বসন্তি চেষ্টন্তে। চেকিতানং পশ্যন্তমনুচিত্তয়ঃ জ্ঞানেন্দ্রিয়াণি উচ্চকন্তি স্বরূপং পশ্যন্তি ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

নম ইতি ভিদা নানোপাস্যভেদদৃষ্ট্যা কুযোগিনাং দুরবসিতেতি। যদ্বা ভিদা ভেদময্যা ভক্ত্যা। পরমহংসায়েতি পরে ণান্বয়ঃ। তয়া শুদ্ধস্বরূপত্বেন হৃৎকমলবিহারিণ ইত্যর্থঃ ॥ ৪৩ ॥

উচ্চকন্তি স্বরূপং পশ্যন্তি। যস্য তব জ্ঞানশক্ত্যংশেনৈব স্ব স্ব জ্ঞানং লভন্ত ইত্যর্থঃ ; কনীদিপ্তিকান্তি গতিদীপ্ত্যাসা মণ্ডলুগন্তস্য রূপমিদং ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিষয়ান্ধোপ্যহং স্বভক্তং প্রেষ্য সংসারকূপাদুদ্ধৃত্য স্বচরণান্তিকমানীত ইত্যাদি কিং বিজ্ঞাপয়ামীত্যাহ বিদিতমিতি সবিতুঃ সবিতরীব ত্বয়ি খদ্যোতৈরিবাস্মাভিঃ কিং প্রকাশনীয়ং ॥ ৪২ ॥

ভিদা ভেদদৃষ্ট্যা হেতুনা যে কুযোগিনস্তেষাং পরমহংসায় কৃপয়া পরমহংস স্বরূপোণাদ্ধারকায়েত্যর্থঃ ॥ ৪৩ ॥

শ্বসন্তঃ চেষ্টমানং বিশ্বসৃজঃ কর্ম্মেন্দ্রিয়াণি শ্বসন্তি চেষ্টন্তে যং চেকিতানং পশ্যন্তং চিত্তয়ঃ জ্ঞানেন্দ্রিয়াণি উচ্চকন্তি স্বস্ববিষয়ং পশ্যন্তি ॥ ৪৪ ॥

হে অনন্ত! আপনি জগদাত্মা, সর্ব্বান্তর্যামি ইহাতে যে কোন ব্যক্তি যে কোন আচরণ করে, সকলই আপনকার বিদিত হয়। অতএব খদ্যোত দ্বারা যদ্রূপ দিবাকরের নিকট কোন পদার্থ প্রকাশনীয় হইতে পারে না, তাহার ন্যায় পরম গুরু যে আপনি, আপনকার সমীপে আমরা কি প্রকাশ করিব? আপনকার নিকট আমাদের কিছু প্রকাশনীয় নাই ॥ ৪৩ ॥

অহো! আমি সেই ভগবান্ পরমহংসকে নমস্কার করি। তিনি অখিল জগতের সৃষ্টি স্থিতি লয়ের ঈশ্বর। কুৎসিত যোগিগণ ভেদ দৃষ্টি হেতু তাঁহার নিজ তত্ত্ব জানিতে পারে না ॥ ৪৩ ॥

অহো! যিনি চেষ্টাযুক্ত হইলে বিশ্বস্রষ্টৃগণ চেষ্টাবান্ হন, যাঁহাকে দর্শনশীল দেখিলে জ্ঞানেন্দ্রিয় চয় স্বরূপ দর্শন করে, যাঁহার মস্তকে এই প্রকাণ্ড ভূমণ্ডল সর্ষপ তুল্য হইয়া আছে, সেই সহস্র শীর্ষা ভগবান্ অনন্তকে নমস্কার করি ॥

শুকদেব কহিলেন হে কুরূদ্বহ পরীক্ষিৎ! এই প্রকার স্তবে ভগবান্ অনন্ত সাতিশয় প্রীত হইয়া

সংস্তুতো ভগবানেবমনন্তস্তমভাষত। বিদ্যাধরপতিং প্রীতশ্চিত্রকেতুং কুরূদ্বহ ॥ ৪৪ ॥

শ্রীভগবানুবাচ ॥

যন্নারদাঙ্গিরোভ্যাং তে ব্যাহৃতং মেঽনুশাসনং। সংসিদ্ধোসি তয়া রাজন্ বিদ্যয়া দর্শনাচ্চ মে ॥৪৫ ॥

অহং বৈ সর্ব্বভূতানি ভূতাত্মা ভূতভাবনঃ। শব্দব্রহ্ম পরং ব্রহ্ম মমোভে শাশ্বতী তনূ ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

মেঽনুশাসনং মদ্বিষয় উপদেশঃ। তেনচ তয়াচ বিদ্যয়া অস্মদ্দর্শনাৎ সংসিদ্ধোসি ॥ ৪৫ ॥

তদ্বোধদার্ঢ্যায় স্বয়মপ্যুপদিশতি অহমিত্যাদিনা সর্ব্বভূতান্যহমেব। ভূতানামাত্মা ভোক্তাপ্যহমেব। ভোক্তৃভোগ্যাত্মকং বিশ্বং মদ্ব্যতিরিক্তং নাস্তীত্যর্থঃ। যতোহং ভূতভাবনঃ ভূতানাং প্রকাশকঃ কারণঞ্চ। নন্থ শব্দব্রহ্ম প্রকাশকং পরং ব্রহ্ম কারণং প্রকাশকঞ্চ সত্যং তে উভে মমৈব রূপে ইত্যাহ শব্দ ব্রহ্মেতি। শাশ্বতী শাশ্বত্যৌ ॥ ৪৬ ॥

ক্রমসন্দর্ভ।

অহমিতি অত্র শব্দ ব্রহ্মণঃ সাহচর্য্যাৎ পরব্রহ্মণোপ্যংশত্বমায়াতি ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মেঽনুশাসনং শ্রবণ কীর্ত্তনাদি ভজনং তেন তয়া বিদ্যয়া নারদোপদিষ্ট মহামন্ত্রেণচ তৎসাধ্যান্মম দর্শনাচ্চ ॥ ৪৫ ॥

কিঞ্চ ভক্তিতত্ত্বং তয়া জ্ঞাতমেব তত্রাজিত জিতেত্যাদি স্তুতিরেব প্রমাণং। জিজ্ঞাসানৈরপেক্ষার্থং জ্ঞানতত্ত্বমহমেবোপদিশামি শৃণ্বিত্যাহ। অহং বৈ ইতি। অত্রেদং বিবেচনীয়ং। বস্তু তাবৎ দ্বিবিধং বাস্তবমবাস্তবঞ্চ। ব্রহ্ম পরমাত্মা ভগবান্ স পরিকর ইত্যেতৎ ত্রিতয়মেব বাস্তবং বস্তু মায়িক প্রপঞ্চজাতমিদমবাস্তবং বস্তু। অবস্তুচ দ্বিবিধং কার্য্যমকার্য্যঞ্চ। কার্য্যং স্বপ্নেন্দ্রজালাদিগতং। অকার্য্যং খপুষ্পং শশশৃঙ্গাদি। এষাং মধ্যে বেদ্যং বাস্তবমত্র বস্তিতি প্রথমোক্তে র্বাস্তবং বস্তুন এবোপাদেয়ত্বং বক্তুং প্রথমমবাস্তবস্বাহ সর্ব্বভূতানি ভোক্তৃভোগ্যাত্মকানি জগন্তি অহমেব মদীয় জীবশক্তি মায়াশক্তিময়ত্বাদিতি ভাবঃ। অত্র জীবানামবাস্তব বস্তুত্বমবিদ্যাবৃতত্বাদেবোক্তং। বাস্তবং বস্ত্বাহ ভূতানাং সমষ্টি ব্যষ্টীনামাত্মা অন্তর্যামীতি দ্বিতীয়ঃ। তৃতীয়শ্চ পুরুষোহং। তথা ভূতানি তানি ভাবয়তীত্যুৎপাদয়তীতি প্রথমঃ পুরুষশ্চাহং। তথা ভূতানি দাস্য সখ্যাদি ভাববন্তি করোতীতি ভূতভাবনঃ কৃষ্ণোরামশ্চ সংপ্রতি ত্বয়া দৃশ্যশ্চাহং কিঞ্চ মন্নিশ্বাসরূপং যৎ শব্দব্রহ্ম বেদঃ তথা মন্নির্ব্বিশেষাকারত্বেন জ্ঞানিষু প্রতিপদ্যমানঃ যৎ পরং ব্রহ্ম তে উভে মমৈব তনু রূপে। বেদস্য শব্দ রূপত্বাদাকাশ গুণত্বেনানিত্য শঙ্কায়া তথা পরব্রহ্মণশ্চানির্দ্দেশ্যত্বেনা বস্তুত্ব শঙ্কায়া বারণায়াহ। শাশ্বতী শাশ্বত্যৌ নিত্যসত্যে এব ॥ ৪৬ ॥

বিদ্যাধরপতি সেই চিত্রকেতুর প্রতি প্রসন্ন হইলেন এবং সম্বোধন পূর্ব্বক তাঁহার প্রতি বক্ষ্যমাণ বাক্য প্রয়োগ করিলেন ॥ ৪৪ ॥

ভগবান্ কহিলেন হে রাজন্! দেবর্ষি নারদ ও অঙ্গিরা তোমাকে মদ্বিষয়ক যে উপদেশ করিয়াছেন, সেই উপদেশ ও সেই বিদ্যা প্রভাবে আমার দর্শন লাভ করিয়া তুমি সম্যক প্রকারে সিদ্ধ হইলে ॥ ৪৫ ॥

হে রাজন্! যে হেতু আমি ভূতভাবন অর্থাৎ ভূত সকলের প্রকাশক ও কারণ অতএব আমিই সকল ভূত স্বরূপ এবং সমস্ত ভূতের আত্মা অর্থাৎ ভোক্তা। ফলতঃ আমা ব্যতীত ভোক্তৃ ও ভোগ্যাত্মক বিশ্ব নাই। বৎস! কোন কোন ব্যক্তিরা "শব্দব্রহ্ম প্রকাশক ও পরব্রহ্ম কারণ" এই যে কহিয়া থাকেন তাহাও সত্য, কিন্তু ঐ দুই অর্থাৎ শব্দ ব্রহ্ম ও পরব্রহ্ম আমরই শাশ্বত শরীর ॥ ৪৬ ॥

লোকে বিততমাত্মানং লোকঞ্চাত্মনি সন্ততং। উভয়ঞ্চ ময়া ব্যাপ্তং ময়ি চৈবোভয়ং কৃতং ॥৪৭॥
যথা সুষুপ্তঃ পুরুষো বিশ্বং পশ্যতি চাত্মনি। আত্মানমেকদেশস্থং মন্যতে স্বপ্ন উত্থিতঃ ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী।

অতত্ত্বমেবং পশ্যেত্যাহ লোকে ভোগ্যে প্রপঞ্চে ভোক্তৃত্বেন বিততমনুগতমাত্মানং লোকঞ্চাত্মনি ভোগ্যত্বেন সন্ততং ব্যাপ্তং তদুভয়ঞ্চ ময়া কারণাত্মনা ব্যাপ্তং ময়ি চৈবোভয়ং কৃতং কল্পিতং স্মরেদিতি তৃতীয়েনান্বয়ঃ পশ্য ইত্যধ্যাহারো বা ॥ ৪৭ ॥

নন্বু জাগ্রদাদ্যবস্থাভেদেন ভোক্তৃ ভোগ্যাত্মকং বিশ্বং স্ফুটং প্রতীয়মানং কথং কল্পিতং স্যাদিত্যাশঙ্ক্য স্বপ্নগত জাগ্রদাদি দৃষ্টান্তেন সাধয়ন্নাহ যথেতি দ্বাভ্যাং। যথা স্বপ্নে সুষুপ্তো বিশ্বং গিরিবনাদিরূপং দেশান্তরস্থমাত্মন্যেব পশ্যতি স্বপ্নমধ্যে সুষুপ্তিং স্বপ্নঞ্চ পশ্যতীত্যর্থঃ। তথা স্বপ্ন এবোত্থিতঃ সন্নাত্মানমেকদেশস্থং শয়নদেশে স্থিতং মন্যতে জাগ্রদবস্থামনুভবতি ॥ ৪৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তথৈবানুভাবয়তি লোক ইতি। আত্মানং পরং ব্রহ্ম স্বরূপং। বিততমাশ্রয়ত্বেন বর্ত্তমানং আত্মনি তস্মিন্ সন্ততমাশ্রিতং পশ্য। ময়া ভগবদ্রূপেণ পরব্রহ্মণোপি মদীয় নির্ব্বিশেষাবির্ভাব রূপত্বাৎ। অতএবোভয়ঞ্চ ময়ি কৃতং। মজ্জ্ঞাননিমিত্তমেব নিরূপিতমিত্যর্থঃ ॥ ॥ ৪৭ ॥

নন্বু যাবদ্বিশ্বস্মাদনাসক্তো ন স্যাত্তাবৎ কথং তজ্জ্ঞানং স্যাদিত্যেব মাশঙ্ক্য শুদ্ধ জীবস্বরূপ জ্ঞান পূর্ব্বকং তজ্জ্ঞানমুপদিশতি। যথেতি যুগ্মকেন। অয়মর্থঃ। যথা স্বপ্ন মধ্য এব সুষুপ্তঃ কশ্চিৎ পুরুষঃ পুনঃ স্বপ্নং পশ্যন্ ভ্রমবিশেষেণ বিশ্বং গিরিবনাদিকমাত্মনি পশ্যতি স্বস্মিন্নেবারোপয়তি পুনস্তস্মিন্নেব স্বপ্নে উত্থিতোলব্ধজাগর ইব সন্ আত্মানমেকদেশস্থং। তত্র শয়নৈকদেশং পশ্যন্ তদ্গিরি বনাদিকং ভিন্নমেব পশ্যতি। তানি জাগরাদীনি যথা আত্মনঃ পরমাত্মনো মম মায়ামাত্রাণি সন্তি জীবস্থানানি জীবোপাধে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বু ত্বং মম চেৎ সর্ব্বং ভবসি তর্হি কিং সর্ব্বভূতান্যেবোপাস্যত্বেন ধ্যেয়ানি ভক্তানামুতান্তর্যাম্যাদি রূপাণীতি তত্রাহ। লোকে ভোগ্যপ্রপঞ্চে ভোক্তৃত্বেন বিততমনুগতমাত্মানং জীবং তথা লোকঞ্চাত্মনি ভোগ্যত্বেন সন্ততং সবিস্তারমুপস্থিতং। তদুভয়ং ময়া কারণাত্মনা ব্যাপ্তং ময়ি চাধিষ্ঠান কারণে উভয়ং কৃতং কার্য্যরূপং স্মরেদিতি তৃতীয়েনান্বয়ঃ। তেন সর্ব্বভূতানি মচ্ছক্তি কার্য্যাণ্যনিত্যান্যস্বরূপভূতানি নোপাস্যত্বেন ধ্যেয়ানীতি ভাবঃ ॥ ৪৭ ॥

প্রস্তুত তান্যবাস্তব বস্তূনি খণ্ডবস্তূনীব ত্যক্ত্বা মমান্তর্যাম্যাদি রূপমেবোপাসীতেত্যাহ যথেতি দ্বাভ্যাং। স্বপ্নে স্বপ্ন মধ্যে এব সুষুপ্তঃ সুষ্ঠু সুপ্তঃ পুরুষঃ স্বপ্নং পশ্যন্ ভ্রমবিশেষেণ বিশ্বং গিরিবনাদিকমাত্মনি পশ্যতি স্বস্মিন্নেবারোপয়তি পুনস্তস্মিন্নেব স্বপ্নে উত্থিতোলব্ধ জাগর সন্নাত্মানমেকদেশস্থং তত্র শয়নপ্রদেশস্থং মন্যতে জাগ্রদবস্থমনুভবন্ তদ্গিরিবনাদিকং ভিন্নমেব মন্যতে ইত্যর্থঃ। তদেবমবস্তু ভূতঃ স্বাপ্নিকোজাগরো যথা তথৈব প্রসিদ্ধো বস্তু ভূতোপি জাগরোজ্ঞেয়ো নশ্বরত্বাদিত্যাহ। এবমিতি জীবস্থানানি জীবোপাধের্বুদ্ধেরেবাবস্থাশ্চ আত্মনঃ পরমেশ্বরস্য মায়াশক্তি কার্য্যত্বাম্মায়া মাত্রাণি জ্ঞাত্বা তেষাং দ্রষ্টারং পরং শ্রেষ্ঠমন্তর্যামিণ মিতি জীবাত্মা ব্যাবৃত্তঃ। অত্র স্বাপ্নিক্যো জাগর স্বপ্ন সুষুপ্ত্যবস্থা অবিদ্যয়া জীবেন সৃষ্টত্বাদবিদ্যামাত্র্যোহস্ত বস্তভূতা এব প্রসিদ্ধা জাগরাদ্যবস্থাস্ত মায়াশক্ত্যা ভগবতা সৃষ্টা মায়ামাত্রাঃ খণ্ডবস্তুভূতা এব তথাপি স্বাপ্নিকং গিরিবনসর্পব্যাঘ্রহস্ত্যাদি-কন্তবিদ্যয়া জীবেন সৃষ্টত্বাদবস্তুত্বেবেতি বিবেচনীয়ং ॥ ৪৮ ॥

অতএব তুমি লোকে অর্থাৎ ভোগ্য প্রপঞ্চ মধ্যে আত্মাকে ভোক্তৃস্বরূপে বিতত অর্থাৎ অনুগত এবং লোককে আত্মাতে ভোগ্যত্ব রূপে ব্যাপ্ত অবলোকন করিয়া ঐ উভয়কে কারণাত্মা যে আমি আমা দ্বারা ব্যাপ্ত এবং আমাতে ঐ উভয় কল্পিত, এরূপ স্মরণ করহ ॥ ৪৭ ॥

যেমন স্বপ্নে সুষুপ্ত পুরুষ গিরি বনাদি রূপ বিশ্ব ভিন্ন ২ দেশস্থ হইলেও আত্মাতেই সকল দেখিতে পায় অর্থাৎ স্বপ্ন মধ্যে যদ্রূপ সুষুপ্তি ও স্বপ্ন দর্শন করে এবং যেমন স্বপ্নাবস্থাতেই উত্থিত হইয়া আপনাকে একদেশে অর্থাৎ শয়নে স্থিত বোধ করত জাগ্রদবস্থা অনুভব করে ॥ ৪৮ ॥

এবং জাগরণাদীনি জীবস্থামানি চাত্মনঃ। মায়ামাত্রাণি বিজ্ঞায় তদ্দ্রষ্টারং পরং স্মরেৎ ॥ ৪৯ ॥
যেন প্রসুপ্তঃ পুরুষঃ স্বাপং বেদাত্মনস্তদা। সুখঞ্চ নির্গুণং ব্রহ্ম তমাত্মানমবেহি মাং ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

এবং প্রসিদ্ধান্যপি জাগরণাদীনি জীবস্থানানি জীবোপাধের্বুদ্ধেরবস্থা আত্মনো মায়ামাত্রাণীত্যেবং বিজ্ঞায় তেষাং দ্রষ্টারং অতএব পরং তদবস্থারহিতমাত্মানং স্মরেৎ ॥ ৪৯ ॥

নম্ন তেষাং দ্রষ্টারমিতি কথমুচ্যতে স্বাপে দৃশ্যাভাবেন দ্রষ্টৃত্বাভাবাৎ তত্রাহ যেনেতি। সুষুপ্তঃ পুরুষোজীবঃ যেন রূপেণ তদা স্বাপকালে আত্মনঃস্বাপং নির্গুণমতীন্দ্রিয়ং সুখঞ্চ বেদ তমাত্মানং ব্রহ্ম মামবেহি। তদা স্বাপ সুখয়োরসংবেদনে সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিতি স্মৃতেরসম্ভবাৎ ॥ ৫০ ॥

ক্রমসন্দর্ভ।

বুদ্ধেরেবাবস্থা ভবন্তি। এবং মুখ্যান্তপি জাগরাদীনি বিজ্ঞায় বিজ্ঞাতস্য পুরুষস্য শুদ্ধজীবস্যাপি দ্রষ্টারং মামেব পরং স্মরেদিতি ॥ ৪৮ ॥ ৪৯ ॥

তমেব স্পষ্টয়তি। যেনেতি। মায়িকাহঙ্কারাদিলয়ে জীবাদিগতমহাচিচ্ছক্ত্যংশেন তত্ত্ববিশেষেণ হেতুনা স্বাপ তত্র নির্গুণ সুখঞ্চ বেদ তদ্ব্রহ্মাবেহি আত্মানং পরমাত্মানং মাং ভগবদ্রূপঞ্চাবেহি। বদন্তি তত্তত্ত্ববিদ ইত্যাদেঃ ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অর্থবং অনেকার্থযুক্তং। তত্রৈকোজিজ্ঞাসিতোঽর্থোঽস্মাদুপাখ্যানাল্লভ্যতে। যথা পরহিংসামভিসন্ধায়াপি তামসীং ভগবস্তুক্তিং কুর্ব্বন্নশুদ্ধচিত্তোপি নিশ্চলামতামসীং ভক্তিমানুষঙ্গিকীং সংসারামুক্তিং চিত্তশুদ্ধিং প্রাপ্যাপরজিঘাংসানিবৃত্তিঞ্চ লভত ইত্যত্র দিতিরেব প্রমাণং। তথা কুটিল চিত্তা বিবেকিনোপি যান্ দোষান্ পরেষাং পশ্যন্তি তানেব দোষান্ স্বস্মিন্ স্থিতানপি ন পশ্যন্তি ইত্যত্র কৃমিবিড়িত্যাদিক বচনাৎ দিতিরেব প্রমাণমিতি দ্বিতীয়ঃ। স্ত্রীমায়য়া মহাবিজ্ঞোপি প্রতার্য্যোভবতীত্যত্র কশ্যপ এব প্রমাণমিতি তৃতীয়ঃ। অল্পং মিতাক্ষরং সন্নিভৃতেন সংপূর্ণেন একাগ্রীকৃতেনেত্যর্থঃ। হে সত্রায়ণ শৌনক॥ ১৫॥

হে রাজন্! ঊনপঞ্চাশৎ মরুদ্গণও ঐ দিতির নন্দন তাঁহারা সকলেই অপুত্রক, দেবরাজ ইন্দ্র তাঁহাদিগকে দেবত্ব প্রাপ্ত করান।

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন গুরো! দিতির গর্ব্ভে উৎপন্ন হওয়াতে মরুদ্গণ জন্মত অসুর ভাবাপন্ন ছিলেন কোন সন্দেহ নাই, তাঁহারা কি প্রকারে স্বাভাবিক অসুর ভাব পরিত্যাগ করিয়া মহেন্দ্র কর্ত্তৃক দেবত্ব প্রাপ্ত হয়েন? কি সৎকর্ম্ম করিয়াছিলেন? হে ব্রহ্মন্! ঐ বিষয় অবগত হইবার নিমিত্ত এই সমস্ত ঋষি আমার সহিত সমুৎসুক হইতেছেন। ভগবন্! আমাদের নিকট যথাবৎ ব্যাখ্যা করুন॥ ১৪॥

সূত মহর্ষি শৌনককে সম্বোধন পূর্ব্বক কহিলেন হে সত্রায়ণ! ব্যাসনন্দন শুক রাজার ঐ মিতাক্ষর অথচ বহু বহু অর্থ যুক্ত বাক্য সাদরে শ্রবণ করিয়া মনে মনে তাঁহার প্রশংসা করিলেন॥ ১৫॥

শ্রীশুক উবাচ ॥

হতপুত্রা দিতিঃ শক্রপার্ষ্ণিগ্রাহেণ বিষ্ণুনা। মন্যুনা শোকদীপ্তেন জ্বলন্তী পর্য্যচিন্তয়ৎ ॥ ১৬ ॥

কদা নু ভ্রাতৃহন্তারমিন্দ্রিয়ারামমুল্বণং। অক্লিন্নহৃদয়ং পাপং ঘাতয়িত্বা শয়ে সুখং ॥ ১৭ ॥

কৃমি বিড্ ভস্ম সংজ্ঞাসীদ্যস্যেশাভিহিতস্য চ। ভূতধ্রুক্ তৎকৃতে স্বার্থং কিং বেদ নিরয়ো যতঃ ॥ ১৮

আশাসানস্য তস্যেদং ধ্রুবমুন্নদ্ধচেতসঃ। মদশোষক ইন্দ্রস্য ভূয়াদ্যেন সুতোহি মে ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

পার্ষ্ণিগ্রাহেণ পৃষ্ঠতঃ সহায়েন ॥ ১৬ ॥

ভ্রাতৃহন্তারং দৈত্যহন্তারং ইন্দ্রং মারয়িত্বা সুখিনী স্যামিতি চিন্তয়ামাস দিতিঃ উল্বণং ক্রূরং অক্লিন্নহৃদয়ং কঠিনচিত্তং ॥ ১৭ ॥

নমু রাজ্ঞা স্বদেহ রক্ষণার্থং অন্যেষাং ঘাতং করোত্যেব কিমত্র চিত্রং তত্রাহ কৃমীতি। ঈশঃ প্রভুরিত্যভিহিতস্যাপি যস্য পূর্ব্বেষাং রাজ্ঞাং দেহস্য মরণানন্তরং দ্বিত্রি দিনাবস্থিতস্য কৃময় ইতি শ্বাদিভির্ভক্ষিতস্য বিষ্ঠেতি দগ্ধস্য তু ভস্মেতি সংজ্ঞা আসীৎ। তৎ কৃতে তস্য দেহস্যার্থে যো ভূতেভ্যোদ্রুহ্যতি স কিং স্বার্থং বেদ নবেদৈব তত্র হেতুঃ। যতো ভূতদ্রোহাৎ নিরয়ো ভবতি ॥ ১৮ ॥

ইদং দেহাদিকং ধ্রুবং নিত্যং আশাসানস্য মন্যমানস্য অত উন্নদ্ধং উচ্ছৃঙ্খলং চেতো যস্য তস্যেন্দ্রস্য যো মদস্তস্য শোষকঃ।

ক্রমসন্দর্ভঃ।

আশাসানস্যেতি যেন ভবেৎ তত্তু ভর্ত্তৃপ্রিয়াচরণমেবেতি ভাবেনেত্যর্থঃ ॥১৯।২০।২১।২২।২৩।২৪।২৫।২৬।২৭।২৮।২৯।৩০।৩১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শক্রস্য পার্ষ্ণিগ্রাহেণ পৃষ্ঠতঃ সহায়েন পরোক্ষ সাহায্য কর্ত্রেত্যর্থঃ ॥ ১৬ ॥

উল্বণং ক্রূরং। সুখং শয়ে সুখেন নিদ্রামীত্যর্থঃ ॥ ১৭ ॥

ঈশাভিহিতস্য ঈশো রাজেত্যভিহিতস্যাপি দেহস্য মরণানন্তরং দ্বিত্রি দিনাবস্থিতস্যে কৃময় ইতি শ্বাদিভির্ভক্ষিতস্যে বিষ্ঠেতি পুত্রাদিভির্দগ্ধস্যে ভস্মেতি সংজ্ঞা আসীৎ। পূর্ব্ব পূর্ব্ব নৃপাণামপি তথা দৃষ্টত্বাদিতি ভূতনির্দ্দেশঃ তস্য দেহস্য কৃতে যো ভূতেভ্যো দ্রুহ্যতি স কিং স্বার্থং বেদ নৈব বেদ যতঃ স্বস্যৈব নিরয়ো ভবতি তস্মাদিন্দ্র এব বিবেক শূন্য ইতি ব্যঞ্জয়তি অথচ স্বয়মেব বিবেক শূন্যা। যত ইন্দ্রং জিঘাংসুঃ স্বয়মপীন্দ্রমেব ভূতদ্রুহং স্বয়মক্লিন্নহৃদয়াপীন্দ্রমেবাক্লিন্নহৃদয়ং স্বয়ং স্বার্থানভিজ্ঞাপি ইন্দ্রমেব স্বার্থানভিজ্ঞং মন্যত ইত্যতো বিবেকোপ্যবিবেকিনামবিবেকমেব দৃঢ়য়তীতি দর্শিতং ॥ ১৮ ॥

যেনৈব তেন দুশ্চেষ্টিতেন হেতুনৈব তস্য মদশোষকঃ সুতো মে ভূয়াদিতি প্রার্থনেত্যর্থঃ। তস্য কথম্ভূতস্য ইদং দেহাদিকং ধ্রুবং নিত্যং আশাসানস্য মন্যমানস্য উচ্ছৃঙ্খলচেতসঃ। ভর্ত্তরি তুষ্যতি স্ত্রীণাং মনোরথঃ সিদ্ধ্যতি। তস্মাদহং পরিচর্য্যয়া পতিং

শুকদেব কহিলেন রাজন্! বিষ্ণুকে সহায় করিয়া ইন্দ্র, পুত্র সকলকে নিহত করিলে দিতির চিত্ত শোকোদ্দীপ্ত মন্যুতে অত্যন্ত প্রজ্বলিত হইল, তিনি মনে মনে এই চিন্তা করিতে লাগিলেন ॥ ১৬ ॥

দুরাত্মা ইন্দ্র কেবল ইন্দ্রিয় সুখাসক্ত, তাহার হৃদয় অতি কঠিন, তাহাতে দয়ার লেশ মাত্র নাই। আঃ! সেই ক্রূর, ভ্রাতৃহন্তা, পাপিষ্ঠকে বিনষ্ট করিয়া আমি কবে সুখে শয়ন করিব? ॥ ১৭ ॥

অহো! এখন যিনি প্রভু বলিয়া বিখ্যাত, তাঁহার পূর্ব্বতন প্রভুদের দেহ মরণানন্তর দুই বা তিন দিন মাত্র থাকিয়া কৃমি বিষ্ঠা ও ভস্ম সংজ্ঞা প্রাপ্ত হইয়াছে, কারণ মৃতদেহ সৎকার না হইলে দুই তিন দিন পরে পচিয়া কৃমি হয়, কুক্কুরাদি ভক্ষণ করিলে বিষ্ঠা রূপে পরিণত এবং দগ্ধ হইলে ভস্মাবশেষ হইয়া থাকে, সেই দেহের রক্ষা নিমিত্ত যে ব্যক্তি প্রাণিদ্রোহ করে সে কি স্বার্থ জানে? কখনই জানে না, যে হেতু প্রাণি দ্রোহে ঘোর নরক হয় ॥ ১৮ ॥

যাহা হউক, ইন্দ্র দেহাদিকে নিত্য জ্ঞান করিয়া অতিশয় উচ্ছৃঙ্খল হইয়াছে, যাহাতে তাহার

ইতি ভাবেন সা ভর্ত্তুরাচচারাসকৃৎ প্রিয়ং। শুশ্রূষয়ানুরাগেণ প্রশ্রয়েণ দমেনচ।
ভক্ত্যা পরময়া রাজন্ মনোজ্ঞৈর্বল্গু ভাষিতৈঃ। মনো জগ্রাহ ভাবজ্ঞা সস্মিতাপাঙ্গবীক্ষণৈঃ ॥ ২০ ॥
এবং স্ত্রিয়া জড়ীভূতো বিদ্বানপি মনোজ্ঞয়া। বাঢ়মিত্যাহ বিবশো নতচ্চিত্রং হি যোষিতি ॥ ২১ ॥
বিলোক্যৈকান্তভূতানি ভূতান্যাদৌ প্রজাপতিঃ। স্ত্রিয়ং চক্রে স্বদেহার্দ্ধং যয়া পুংসাং মতির্হৃতা ॥ ২২ ॥
এবং শুশ্রূষিতস্তাত ভগবান্ কশ্যপঃ স্ত্রিয়ং। প্রহস্য পরমপ্রীতো দিতিমাহাভিনন্দ্যচ ॥ ২৩ ॥
শ্রীকশ্যপ উবাচ ॥
বরং বরয় বামোরু প্রীতস্তেহমনিন্দিতে। স্ত্রিয়া ভর্ত্তরি সুপ্রীতে কঃ কাম ইহ চাগমঃ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

পুত্রো মে যেন হেতুনা ভূয়াৎ ভবেৎ ॥ ১৯ ॥
ভর্ত্তুঃ প্রিয়াচরণমেবেতি ভাবেন সা ভর্ত্তুঃ প্রিয়মসকৃদাচচার ॥ ২০ ॥
বিবশঃ স্ত্রীপরতন্ত্রঃ সন্ বাঢ়ং তব মনোরথং পূরয়িষ্যামীতি যদাহ নতচ্চিত্রং ॥ ২১ ॥
তত্র হেতুমাহ বিলোক্যেতি। একান্তভূতানি নিঃসঙ্গানি মৈথুনেন সৃষ্টি বৃদ্ধ্যর্থং স্বদেহার্দ্ধমেব স্ত্রিয়ং চক্রে ॥ ২২ ॥
এবং স্ত্রিয়া শুশ্রূষিতঃ সন্ ॥ ২৩ ॥
ইহ চকারাৎ পরত্রচ অগমঃ অপ্রাপ্যঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তোষয়ামীতি ভাবেন ॥ ১৯। ২০ ॥
বাঢ়ং তব মনোরথং পূরয়িষ্যামীতি যদাহ তন্ন চিত্রং ॥ ২১ ॥
একান্ত ভূতানি নিঃসঙ্গানি মতির্হৃতা অতএব সংসার প্রবাহোঽবিচ্ছিন্নোঽভূদিতি ভাবঃ ॥ ২২। ২৩ ॥
অগমঃ অপ্রাপ্যঃ ॥ ২৪। ২৫ ॥

দর্পহারি পুত্র প্রসব করিতে পারি উপায় করা কর্ত্তব্য ॥ ১৯ ॥

অনন্তর পতির প্রিয়াচরণই এ বিষয়ে সদুপায় ইহা নিশ্চয় করিয়া শুশ্রূষা, অনুরাগ, বিনয়, ইন্দ্রিয় দমন এবং ভক্তি প্রকাশ ইত্যাদি দ্বারা বারম্বার কশ্যপের প্রিয়াচরণ করিতে লাগিলেন। ভাবজ্ঞা দিতির হাব ভাব সহিত মনোজ্ঞ প্রিয় ভাষণ তথা সস্মিত অপাঙ্গ দর্শন দ্বারা অচিরে তদীয় স্বামির (কশ্যপের) মনঃ বশম্বদ হইল ॥ ২০ ॥

হে রাজন্! বিদ্বান্ ব্যক্তি ও মনোজ্ঞা বনিতা দ্বারা ঐ রূপেই জড়ীভূত হয়েন তাহার পর স্ত্রীপরতন্ত্র হইয়া "তোমার মনোরথ পূর্ণ করিব" এ কথা যে বলিলেন ইহা বিচিত্র নহে ॥ ২১ ॥

প্রজাপতি ব্রহ্মা আদৌ প্রাণি সকলকে নিঃসঙ্গ দেখিয়া মৈথুন ধর্ম্ম দ্বারা প্রজা সৃষ্ট্যর্থ আপনার দেহার্দ্ধকে স্ত্রী করিয়াছিলেন যাহা কর্ত্তৃক অদ্যাবধি পুরুষদিগের মতি হৃতা হইতেছে ॥ ২২ ॥

অতএব হে তাত! দিতি ঐ প্রকারে পতি শুশ্রূষায় প্রবৃত্ত হইলে ভগবান্ কশ্যপ পরম প্রীত হইলেন এবং এক দিন আনন্দ প্রকাশ পূর্ব্বক হাস্য বদনে কহিলেন ॥ ২৩ ॥

হে বামোরু! হে অনিন্দিতে! আমি তোমার প্রতি সাতিশয় প্রীত হইয়াছি অভিলষিত বর প্রার্থনা কর। হে প্রিয়ে! ভর্ত্তা সুপ্রীত হইলে স্ত্রীলোকের কি ইহকালে কি পরকালে কোন্ কামনা অপ্রাপ্য থাকে? ॥ ২৪ ॥

পতিরেবহি নারীণাং দৈবতং পরমং স্মৃতং ॥ ২৫ ॥
মানসঃ সর্ব্বভূতানাং বাসুদেবঃ শ্রিয়ঃ পতিঃ । সএব দেবতালিঙ্গৈর্নাম রূপ বিকল্পিতৈঃ ।
ইজ্যতে ভগবান্ পুংভিঃ স্ত্রীভিশ্চ পতিরূপধৃক্ । তস্মাৎ পতিব্রতা নার্য্যঃ শ্রেয়স্কামাঃ সুমধ্যমে ।
যজন্তেঽনন্যভাবেন পতিমাত্মানমীশ্বরং । সোহং ত্বয়ার্চ্চিতো ভদ্রে ঈদৃগ্ ভাবেন ভক্তিতঃ ।
তং তে সম্পাদয়ে কামমসতীনাং সুদুর্ল্লভং ॥ ২৬ ॥
দিতিরুবাচ ॥
বরদো যদি মে ব্রহ্মন্ পুত্রমিন্দ্রহণং বৃণে । অমৃত্যুং মৃতপুত্রাহং যেন মে ঘাতিতৌ সুতৌ ।
নিশম্য তদ্বচো বিপ্রো বিমনাঃ পর্য্যতপ্যত । অহো অধর্ম্মঃ সুমহানদ্যমে সমুপস্থিতঃ ।

শ্রীধরস্বামী ।

নমু পরমেশ্বরে সুপ্রীতে সর্ব্বকাম প্রাপ্তিরিতি প্রসিদ্ধং তত্রাহ পতিরেবেতি ॥ ২৫ ॥

নমু মনসি স্থিতঃ শ্রীবাসুদেব এব লক্ষ্মীপতিঃ পরং দৈবতমিতি প্রসিদ্ধং সত্যং সএব সাধিকাবেণ রূপভেদঃ পূজ্যত ইত্যাহ মানস ইতি সার্দ্ধেন । দেবতানাং লিঙ্গৈ মূর্ত্তিভিরুপলক্ষিতঃ । তান্যেবাহ নাম ইন্দ্রাদি রূপঞ্চ বজ্রহস্তত্বাদি তাভ্যাং বিবিধং কল্পিতৈঃ ॥ ২৬ ॥

ইন্দ্রহণং ইন্দ্রহন্তারং । অমৃত্যুং মৃত্যুশূন্যং যেন ইন্দ্রেণ বিষ্ণুনা সহায়েন ঘাতিতৌ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

পতিঃ যত্বত্র জীবএব স কথং পরং দৈবতমীশ্বরঃ স্যাত্তত্রাহ । মানসঃ মনসশ্চিত্তস্যাধিষ্ঠাতা যো বাসুদেবঃ সএব ভগবান্ দেবতানাং লিঙ্গৈশ্চিহ্নৈ রিজ্যতে কীদৃশৈ র্নাম ইন্দ্রাদি রূপং বজ্রহস্তত্বাদি তাভ্যাং বিবিধং কল্পিতৈঃ ইন্দ্রায় স্বাহা অগ্নয়ে স্বাহা ইত্যাদিভি র্নামরূপ ভেদেন পুংভিঃ কর্ম্মিলোকৈ র্ভগবানেব ইজ্যতে যথা তথা স্ত্রীভিঃ পতিরূপেণেত্যর্থঃ ॥ ২৬ ॥

ইন্দ্রহণং ইন্দ্রহন্তারং হন্তের্গত্যর্থত্বাৎ পক্ষে ইন্দ্রানুগং । অমৃত্যুং সর্ব্বৈরবধ্যং পক্ষে দেবত্বাদমরং । ঊনপঞ্চাশন্তিরেক এব দেবোমারুত ইত্যেক বচনং ॥

বিমনা ইতি দিতেরীপ্সিতোঽর্থস্তু ইন্দ্রমরণং বিনা ন সম্ভবেদিতি ভাবঃ ॥ ২৭ ॥

হে পতিব্রতে ! নারীদিগের পতিই পরম দেবতা । দেবতারা প্রীত হইলে কি, কামনা অসম্পূর্ণ থাকে ? ॥ ২৫ ॥

হে সাধ্বি ! যদ্যপি সর্ব্ব প্রাণির অন্তঃকরণবর্ত্তী ভগবান্ বাসুদেবই লক্ষ্মীপতি অর্থাৎ পরম দৈবত সত্য, তথাপি পুরুষেরা নানা প্রকারে তাঁহারই ইন্দ্রাদি নাম এবং বজ্র হস্তত্বাদি কল্পনা করিয়া পূজা করে এবং তিনিই স্ত্রীলোকের নিকট পতি রূপধারী হইয়া পূজ্য হন্ । অতএব হে সুমধ্যমে ! শ্রেয়স্কামা পতিব্রতা নারী সকল অনন্য ভাবে পতিরই সেবা করিয়া থাকে, কারণ পতিই আত্মা, পতিই ঈশ্বর । হে ভদ্রে ! আমি তোমার সেই পতি তোমা কর্ত্তৃক ভক্তি ভাবে অর্চ্চিত হইয়াছি । তোমার সেই কামনা সম্পন্ন করিয়া দিব, যাহা অসতীদিগের সুদুর্ল্লভ ॥ ২৬ ॥

দিতি কহিলেন ব্রহ্মন্ ! অনুগ্রহ পূর্ব্বক যদি বরদ হইলেন তবে আমি আপনার নিকট ইন্দ্রহন্তা অমর একটী পুত্র বর চাই প্রদান করুন । প্রভো ! সপত্নী তনয় ইন্দ্র ভগবান্ বিষ্ণুকে সহায় করিয়া আমার দুইটী সন্তান বধ করিয়াছে তাহাতে আমি মৃতপুত্রা হইয়াছি । দিতির এই ভীষণ বাক্য শ্রবণ করিয়া বিপ্রবর কশ্যপ উদ্বিগ্ন চিত্ত হইলেন এবং পরিতাপ করিতে করিতে কহিলেন, অহো ! অদ্য আমার সুমহৎ অধর্ম্ম উপস্থিত হইল । হা কষ্ট ! বিষয় ও ইন্দ্রিয় সুখে রত হওয়াতে যোষি-

অহো অর্থেন্দ্রিয়ারামো যোষিন্ময্যেব মায়য়া। গৃহীতচেতাঃ কৃপণঃ পতিষ্যে নরকে ধ্রুবং ॥ ২৭ ॥
কোঽতিক্রমোঽনুবর্ত্তন্ত্যাঃ স্বভাবমিহ যোষিতঃ। ধিঙ্মাং বতাবুধং স্বার্থে যদহং ত্বজিতেন্দ্রিয়ঃ ॥ ২৮
শরৎপদ্মোৎসবং বক্ত্রং বচশ্চ শ্রবণামৃতং। হৃদয়ং ক্ষুরধারাভং স্ত্রীণাং কো বেদ চেষ্টিতং ॥ ২৯
নহি কশ্চিৎ প্রিয়ঃ স্ত্রীণামঞ্জসা স্বাশিষাত্মনাং। পতিং পুত্রং ভ্রাতরং বা ঘ্নন্ত্যর্থে ঘাতয়ন্তি চ ॥ ৩০॥
প্রতিশ্রুতং দদানীতি বচস্তন্ন মৃষা ভবেৎ। বধং নার্হতি চেন্দ্রোপি তত্রেদমুপকল্পতে।
ইতি সংচিন্ত্য ভগবান্ মারীচঃ কুরুনন্দন। উবাচ কিঞ্চিৎ কুপিত আত্মানঞ্চ বিগর্হয়ন্ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

স্বভাবমনুবর্ত্তমানায়া যোষিতঃ কোঽতিক্রমোঽপরাধঃ ॥ ২৮ ॥

স্বভাবমেবাহ দ্বাভ্যাং। শরৎ পদ্মস্য ইব উৎসবো বিকাশো যস্মিন্ শ্রবণামৃতং কর্ণয়োরমৃত তুল্যং ক্ষুরধারোপমং চিত্তং ॥ ২৯ ॥

স্বাশিষাত্মনাং স্বার্থকামনয়া আত্মবৎ প্রেষ্ঠত্বেন প্রতীয়মানানাং ॥ ৩০ ॥

তত্রেদমুপকল্পতে যোগ্যং ভবতি। অয়ং ভাবঃ। বৈষ্ণবং ব্রতং তাবদুপদেক্ষ্যামি তেনৈবাস্যাঃ শুদ্ধচিত্তায়া ইন্দ্রক্রোধো নিবর্ত্তিষ্যতে। পুত্রশ্চামর্ত্ত্যো ভবিষ্যতি। দীর্ঘকালত্বেন ব্রতস্য কথঞ্চিৎ বৈগুণ্যে সতি ইন্দ্রস্য বধোপি ন ভবিষ্যতীতি ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতিক্রমোঽপরাধঃ ক্রৌর্য্যং হি স্ত্রীজাতেঃ স্বভাব এব তং অনুবর্ত্তন্ত্যা অনুবর্ত্তমানায়াঃ ॥ ২৮ ॥

স্বভাবমেবাহ শরদিতি ॥ ২৯ ॥

স্বস্য আশিষা কামনয়ৈব আত্মা যত্নো যাসাং নতু পত্যাদি সুখাপেক্ষয়েতি ভাবঃ। অলুক্ সমাস আশিষা শব্দটাবন্তোবা ॥ ৩০ ॥

তত্রেদমুপ কল্পতে যোগ্যং ভবতি। অযং ভাবঃ বৈষ্ণবং ব্রতং তাবদুপদেক্ষ্যামি তেনৈবাস্যাশ্চিত্তশুদ্ধৌ সত্যামিন্দ্রে ক্রোধো নিবর্ত্তিষ্যতে ততশ্চেন্দ্রবধমনাকাঙ্ক্ষন্ত্যানয়া বিহিতস্য বৈষ্ণবব্রতস্য কামিতত্বফলদানানর্হত্বাদেন্দ্রঘাতী ভবিষ্যতি কিন্তু বর প্রার্থন প্রদান বাক্যয়োর্হন্তি ধাতু প্রয়োগাভাবাচ্চ গত্যর্থত্বাৎ ইন্দ্রানুগোঽমরঃ পুত্রো ভবিষ্যতি ব্রতস্য দীর্ঘকালত্বে সত্যবশ্যং বৈগুণ্যং চ কিঞ্চিদ্ভবিষ্যতীতি তেনৈবাস্যা অবিজ্ঞায়া মনঃ সমাধানঞ্চ ভবিষ্যতি বস্তু তস্তু বৈষ্ণবব্রতস্য বৈগুণ্যেপি ফলসিদ্ধির বশ্যং ভাবিনীত্যস্যাঃ শ্রমশ্চ সফল এব ভবিষ্যতীতি ॥ ৩১। ৩২ ॥

স্ত্রীময়ী মায়া আমার চিত্তকে বশীভূত করিল? অসংশয় আমার নরকপাত হইবে ॥ ২৭ ॥

এ অবলার অপরাধ কি? আপনার স্বভাবেরই অনুবর্ত্তিনী হইয়াছে। আমি স্বার্থানভিজ্ঞ, আমাকেই ধিক্! কেবল ইন্দ্রিয়ারাম হইলাম? ॥ ২৮ ॥

কমিনীগণের বদন শরৎকালীন কমল তুল্য, কিন্তু হৃদয় ক্ষুরধারের ন্যায়, ইহাতে তাহাদের চেষ্টা জানিতে পারে কাহার সাধ্য? ॥ ২৯ ॥

যোষারা স্বার্থ কামনায় আত্মবৎ প্রিয়রূপে প্রতীয়মান হয় সত্য, কিন্তু বস্তুতঃ তাহাদের কেহ প্রিয় নাই, তাহারা অর্থের নিমিত্ত পতি ও ভ্রাতাকেও বিনষ্ট করিতে পারে ॥ ৩০ ॥

যাহা হউক আমি এই দিতির নিকট "বর দিতেছি" বলিয়া প্রতিশ্রুত হইলাম, ঐ প্রতিশ্রুত মিথ্যা হওয়া এবং ইন্দ্রের বধ দুই অনুচিত, এ বিষয়ে এখন এই উপযুক্ত হয়, পুত্রার্থ ইহাকে বৈষ্ণব ব্রত উপদেশ করি, তদ্দ্বারা চিত্ত শুদ্ধ হইলে ইন্দ্রের প্রতি যে ক্রোধ জন্মিয়াছে তাহা নিবৃত্ত হইলেও হইতে পারিবে, আর ঐ ব্রত দীর্ঘকাল সাধ্য, কথঞ্চিদ্বৈগুণ্য হইলে হয়ত ইন্দ্রহন্তা পুত্রই হইতে পারিবে না। হে কুরুনন্দন! ভগবান্ কশ্যপ এই রূপ চিন্তা করিয়া কিঞ্চিৎ কুপিতের ন্যায় হওত পুনরায় আপনি আপনার নিন্দা করিলেন ॥ ৩১ ॥

কশ্যপ উবাচ ॥

পুত্রস্তে ভবিতা ভদ্রে ইন্দ্রহা দেববান্ধবঃ। সম্বৎসরং ব্রতমিদং যদ্যঞ্জোধারয়িষ্যসি ॥ ৩২ ॥

দিতিরুবাচ ॥

ধারয়িষ্যে ব্রতং ব্রহ্মন্ ব্রূহি কার্য্যাণি যানি মে। যানি চেহ নিষিদ্ধানি ন ব্রতং ঘ্নন্তি যান্যুত ॥ ৩৩

কশ্যপ উবাচ ॥

ন হিংস্যাদ্ভূতজাতানি ন শপেন্নানৃতং বদেৎ। নচ্ছিন্দ্যান্নখরোমাণি নস্পৃশেদ্যদমঙ্গলং ॥ ৩৪ ॥

নাপ্সু স্নায়ান্ন কুপ্যেত নসংভাষেত দুর্জ্জনৈঃ। ন বসীতাধৌতবাসঃ স্রজঞ্চ বিধৃতাং কচিৎ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

হে ভদ্রে অঞ্জঃ যথাবৎ যদি ধারয়িষ্যসি তর্হি ইন্দ্রহা ভবিষ্যতি বৈগুণ্যে তু সতি দেববান্ধবো ভবিষ্যতি বৈষ্ণবত্বাৎ ব্রতস্য কথঞ্চিৎ বৈগুণ্যেপি সতি সর্ব্বথা বৈফল্যাভাবাৎ ॥ ৩২ ॥

কার্য্যাণ্যাবশ্যকানি ব্রতং যানি ন ঘ্নন্তি নাবশ্যকানি নচ নিষিদ্ধানি কিন্ত্বভ্যনুজ্ঞাতানি তানি সর্ব্বাণ্যপি ব্রূহি ॥ ৩৩ ॥

তত্রৈকত্রিংশন্নিষেধানাহ ন হিংস্যাদিতি পঞ্চভিঃ। ন শপেৎ নাক্রোশেৎ যদমঙ্গলং কপালাস্থ্যাদি তন্ন স্পৃশেৎ ॥ ৩৪ ॥

নাপ্সু প্রবিশ্য স্নায়াৎ। পূর্ব্বং বিধৃতাং স্রজং পুনর্ন ধারয়েৎ ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

পুত্রস্ত ইতি। যদি ব্রতং ধারয়িষ্যসি তদা ইন্দ্রহা তথৈবাদেবানামসুরাণাঞ্চ বান্ধবো ভবিতা। অন্যথাতু ইন্দ্রহা ন ভবিতা দেবানামেব বান্ধবশ্চ ভবিতেত্যর্থঃ ॥ ৩২। ৩৩। ৩৪। ৩৫। ৩৬। ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইন্দ্রহা ইন্দ্রঘাতী অদেবানামসুরাণাং বান্ধব ইতি দিতিং বোধয়িতুমিষ্টোঽর্থঃ। ইন্দ্রহা ইন্দ্রানুগো দেবানাং বান্ধব ইতি স্বাভীষ্টোঽর্থঃ ॥ ৩২। ৩৩ ॥

ন হিংস্যাদিতি প্রথমত এবেন্দ্রবধাশঙ্কা নিষিদ্ধা ॥ ৩৪ ॥

অপ্সু প্রবিশ্য ন স্নায়াৎ। অধৌত বাসঃ ন বসীত ন পরিদধ্যাৎ বিধৃতাং পূর্ব্ববিধৃতাং স্রজং পুনর্ন ধারয়েৎ ॥ ৩৫ ॥

অনন্তর দিতিকে সম্বোধন পূর্ব্বক কহিলেন ভদ্রে! যদি তুমি সম্বৎসর পর্য্যন্ত যথাবৎ ব্রত ধারণ করিতে পার তাহা হইলে তোমার গর্ভে ইন্দ্রহত্যাকারি ও দেববান্ধব একটী পুত্র জন্মিবে ॥ ৩২ ॥

এই বাক্য শ্রবণে দিতি আহ্লাদ সাগরে নিমগ্না হইলেন এবং কহিলেন প্রভো! আমি ঐ ব্রত ধারণ করিব, উহাতে যাহা ২ আবশ্যক ও যাহা যাহা ঐ ব্রতের হানি কর, অথবা যাহা যাহা তাহাতে নিষিদ্ধ নয় বরঞ্চ অভ্যনুজ্ঞাত তৎ সমুদায় উপদেশ করিতে আজ্ঞা হউক ॥ ৩৩ ॥

কশ্যপ কহিলেন সুন্দরি! সেই ব্রতে একত্রিশটী নিষেধ আছে যথা—ব্রতস্থ হইয়া কোন প্রাণির হিংসা করিবে না, কাহারও প্রতি আক্রোশ করিয়া শাপ দিবে না, মিথ্যা বাক্য কহিবে না, নখ ও রোম ছেদন করিবে না, অমঙ্গল মৃত কপাল অস্থ্যাদি স্পর্শ করিবে না ॥ ৩৪ ॥

জল মধ্যে প্রবেশ পূর্ব্বক স্নান করিবে না, ক্রুদ্ধ হইবে না, দুর্জ্জনের সহিত সম্ভাষা করিবে না, অধৌত বসন পরিধান করিবে না, আর একবার যে মালা ধারণ করা হইয়াছে তাহা পুনরায় ধারণ করিবে না ॥ ৩৫ ॥

নোচ্ছিষ্টং চণ্ডিকান্নঞ্চ সামিষং বৃষলাহৃতং। ভুঞ্জীতোদক্যয়া দৃষ্টং পিবেন্নাঞ্জলিনা ত্বপঃ॥ ৩৬॥
নোচ্ছিষ্টাস্পৃষ্ট সলিলা সন্ধ্যায়াং মুক্তমূর্দ্ধজা। অনর্চ্চিতাসংযতবাক্ নাসংবীতা বহিশ্চরেৎ॥ ৩৭॥
নাধৌতপাদা প্রযতা নার্দ্রপাদা উদক্ শিরাঃ। শয়ীত নাপরাঙ্ নান্যৈ র্ন নগ্না নচ সন্ধ্যয়োঃ॥ ৩৮॥
ধৌতবাসাঃ শুচির্নিত্যং সর্ব্বমঙ্গলসংযুতা। পূজয়েৎ প্রাতরাশাৎ প্রাক্ গোবিপ্রান্ শ্রিয়মচ্যুতং॥ ৩৯॥
স্ত্রিয়োবীরবতীশ্চার্চ্চেৎ স্রগ্ গন্ধ বলি মণ্ডনৈঃ। পতিঞ্চার্চ্চ্যোপতিষ্ঠেত ধ্যায়েৎ কোষ্ঠগতঞ্চ তং॥ ৪০॥

শ্রীধরস্বামী।

ভোজনে পঞ্চ নিষেধানাহ নোচ্ছিষ্টমিতি। চণ্ডিকান্নং ভদ্রকাল্যৈ নিবেদিতং পিপীলিকাদিদূষিতং বা। অঞ্জলিনা ত্বপো ন পিবেৎ॥ ৩৬॥

গৃহাদ্বহির্নির্গমে সপ্ত নিষেধানাহ নোচ্ছিষ্টেতি। অনর্চ্চিতা মণ্ডনহীনা অসংবীতা অপাবৃতা॥ ৩৭॥

শয়নে অষ্টনিষেধানাহ নাধৌতপাদেতি। নাপরাক্ ন পশ্চিমশিরাঃ॥ ৩৮॥

কার্য্যাণ্যাহ ধৌতবাসা ইতি দ্বাভ্যাং। প্রাতরাশাৎ প্রথমভোজনাৎ॥ ৩৯॥

বীরবতীঃ জীবদ্ভর্ত্তৃকাঃ আর্চ্চ্য সংপূজ্য কোষ্ঠগতং কুক্ষ্যন্তর গতং॥ ৪০॥

ক্রমসন্দর্ভঃ।

অপরাং পশ্চিমদিশমঞ্চতি শিরসা প্রাপ্নোতি অপবাক্ তাদৃশং যথাস্যাত্তথেতি ক্রিয়া বিশেষণত্বেপি তদ্বিশেষণত্ব এব তাৎপর্য্যাৎ পশ্চিমশিরা ইত্যেবার্থঃ যদ্বা অপরাচী প্রতীচী। ততো ল্যপ্ লোপে পঞ্চম্যন্তাদ্দিক্শব্দেভ্যঃ ইত্যাদিনা স্বার্থ এবাস্তাতি প্রত্যয়ঃ। তস্য চাঞ্চতে র্লুগিতি লুক্ তদ্ধিত লুগিতি স্ত্রীপ্রত্যয়স্য লুক্ ততো অপরামিতি স্থিতে প্রতীচীমারভ্যতাং পূর্ব্বাঙ্গসাৎকৃত্যেতি তথৈবার্থঃ। ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২। ৪৩। ৪৪। ৪৫। ৪৬। ৪৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভোজনে পঞ্চ নিষেধানাহ নোচ্ছিষ্টমিতি চণ্ডিকান্নং দুর্গানিবেদিতং পিপীলিকাস্পৃষ্টঞ্চ চণ্ডিকা স্যাৎ পিপীলিকেত্যভিধানাৎ। উদক্যয়া রজস্বলয়া॥ ৩৬॥

গৃহাদ্বহির্নির্গমে সপ্ত নিষেধানাহ নোচ্ছিষ্টেতি অস্পৃষ্ট সলিলা অনাচান্তা। অনর্চ্চিতা নির্ভূষণা অসম্বীতা অনাবৃত সর্ব্বাঙ্গা॥৩৭

শয়নে অষ্টৌ নিষেধানাহ। নাধৌত পাদেতি অপ্রয়তা অপবিত্রা পবিত্রঃ প্রযতঃ পূত ইত্যমরঃ। ন অপরাক্ পশ্চিম শিরাঃ॥ ৩৮॥ কর্ত্তব্যানাহ। প্রাতরাশাৎ ভোজনাৎ প্রাক্ প্রাতঃ পূজয়েৎ॥ ৩৯॥

বীরবতী জীবদ্ভর্ত্তৃকাঃ। কোষ্ঠগতং কুক্ষ্যন্তরগতং॥ ৪০॥

উচ্ছিষ্টান্ন, পিপীলিকা দূষিত অথবা ভদ্রকালীতে নিবেদিত অন্ন, আমিষযুক্ত অন্ন, শূদ্রী কর্ত্তৃক আহৃত অন্ন,অথবা রজস্বলা স্পৃষ্ট অন্ন ভোজন করিবে না। আর অঞ্জলি দ্বারা জল পান করিবে না॥৩৬

হে সুন্দরি! যখন গৃহ হইতে বাহিরে নির্গত হইবে তৎ কালে উচ্ছিষ্টা ও অস্পৃষ্টজলা হইবে না অর্থাৎ আচমন না করিয়া বাহিরে আসিবে না অপর সন্ধ্যাকালে মুক্তকেশা, অনর্চ্চিতা অর্থাৎ ভূষণ হীনা, অসংযত বাক্, তথা অনাবৃতাঙ্গী হইয়া ভ্রমণ করিবে না॥ ৩৭॥

অপিচ ঐ ব্রতে পাদদ্বয় প্রক্ষালিত না করিয়া কিম্বা অপবিত্র অথবা আর্দ্রপদ হইয়া শয়ন করিবে না। আর উত্তর শিরা অথবা পশ্চিম শিরা হইয়া শয়ন করাও কর্ত্তব্য নহে। আর বিবস্ত্র অথবা অন্যের সহিত একত্র শয়ন দুই সন্ধ্যার সময় এবং শয়নও নিষিদ্ধ॥ ৩৮॥

হে দিতি! ব্রত বিষয়ে যাহা যাহা বিহিত বর্ণন করি শ্রবণ কর, ধৌত বসন পরিধান, শুচি ও সকল মঙ্গল সংযুক্ত হইয়া প্রথম ভোজনের পূর্ব্বে গো, বিপ্র এবং লক্ষ্মী নারায়ণের পূজা করিবে॥ ৩৯

অপর বীরবতী (সধবা) স্ত্রীদিগকে গন্ধ মাল্য বসন ভূষণাদি উপহার দিয়া পূজা করিবে। আর পতির অর্চ্চনা করিয়া তাঁহার সেবা ও তাঁহাকে আপনার কুক্ষ্যন্তরগত রূপে চিন্তা করিবে॥ ৪০॥

সম্বৎসরং পুংসবনং ব্রতমেতদবিপ্লুতং । ধারয়িষ্যসি চেত্তুভ্যং শক্রহা ভবিতা সুতঃ ॥ ৪১ ॥
বাঢ়মিত্যভ্যুপেত্যাথ দিতী রাজন্ মহামনাঃ । কশ্যপাদ্গর্ভমাধত্ত ব্রতঞ্চাঞ্জো দধার সা ॥ ৪২ ॥
মাতৃস্বসুরভিপ্রায়মিন্দ্র আজ্ঞায় মানদ । শুশ্রূষণেনাশ্রমস্থাং দিতিং পর্য্যচরৎ কবিঃ ।
নিত্যং বনাৎ সুমনসঃ ফল মূল সমিৎ কুশান্ । পত্রাঙ্কুরমৃদোপশ্চ কালে কালে উপাহরৎ ॥ ৪৩ ॥
এবং তস্যা ব্রতস্থায়া ব্রতচ্ছিদ্রং হরির্ন্নৃপ । প্রেপ্সুঃ পর্য্যচরৎ জিহ্মো মৃগহেব মৃগাকৃতিঃ ॥ ৪৪ ॥
নাধ্যগচ্ছৎ ব্রতচ্ছিদ্রং তৎপরোথ মহীপতে । চিন্তাং তীব্রাং গতঃ শক্রঃ কেন মে স্যাচ্ছিবন্ত্বিহ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী ।

পুংসবনং পুত্রোৎপত্তিকরং তুভ্যং তব ॥ ৪১ ॥

অঞ্জ স্তত্ত্ব বুদ্ধ্যা ॥ ৪২ ॥

কবিঃ স্বার্থদর্শী ॥ ৪৩ ॥

হরিরিন্দ্রো ব্রতস্য ছিদ্রং প্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুঃ জিহ্মঃ কুটিলঃ সাধুবেশঃ মৃগহা লুব্ধকো যথা মৃগবঞ্চনায় মৃগবেশো ভবতি তদ্বৎ ॥ ৪৪
কেন মে শিবং স্যাদিতি চিন্তাং প্রাপ্তঃ ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

পুংসবনং পুত্রোৎপত্তিকরং ॥ ৪১ । ৪২ ॥

মাতৃস্বসুর্দিতেঃ ॥ ৪৩ ॥

হরিরিন্দ্রো ব্রতস্য ছিদ্রং প্রাপ্তুমিচ্ছুরিতীন্দ্রস্যাপ্যবিজ্ঞত্বমেব যতো বিষ্ণোঃ স্মরণেন কীর্ত্তনেন বা সচ্ছিদ্রমপি নিশ্ছিদ্রং স্যাৎ তস্য বিষ্ণোরিদং ব্রতং ছিদ্রেঽপ্যচ্ছিদ্রমেব ভবেৎ । যদুক্তং যস্য স্মৃত্যাচ নামোক্ত্যেতি মন্ত্রতস্তন্ত্রতশ্ছিদ্রমিত্যাদিচ । কিঞ্চোপরিষ্টাদিন্দ্রেণাপি ব্রতস্য নিশ্ছিদ্রতামনুভবিষ্যতা বক্ষ্যতে । মহাপুরুষসেবায়াঃ সিদ্ধিঃ কাপ্যানুষঙ্গিকীতি জিহ্মঃ কুটিলঃ । মৃগহা লুব্ধকো মৃগবঞ্চনায় যথা মৃগাকৃতি র্ভবতি তদ্বৎ । তৎ পরিচারকলোকাকৃতিঃ ॥ ৪৪ । ৪৫ ॥

হে সুন্দরি ! নির্ব্বিঘ্নে এই ব্রত আচরিত হইলে অভীষ্ট পুত্রোৎপত্তি হয়, তুমি যদি সম্বৎসর ব্যাপিয়া এই ব্রত ধারণ করিতে পার এবং কোন প্রকারে তোমার ব্রত বিনষ্ট না হয় তবেই তোমার ইন্দ্রহন্তা পুত্র জন্মিবে ॥ ৪১ ॥

হে রাজন্ ! কশ্যপের বাক্যাবসানে মহামনা দিতি "এই রূপই করিব" বলিয়া স্বীকার করত তাঁহা হইতে গর্ভধারণ করিলেন এবং তিনি যে প্রকারে ব্রত উপদেশ করিলেন যথার্থ বোধে তাহাই অনুষ্ঠান করিতে তৎপর হইলেন ॥ ৪২ ॥

হে মানদ ! মাতৃ স্বসার এই অভিপ্রায় জানিতে পারিয়া সার্থসাধন তৎপর মহেন্দ্র আশ্রমস্থা দিতির সমীপে আগমন করিলেন । প্রত্যহ বন হইতে ফল মূল যজ্ঞকাষ্ঠ কুশ পত্র পুষ্প অঙ্কুর এবং মৃত্তিকা আনিয়া উপযুক্ত সময়ে দিতিকে উপহার দিতে লাগিলেন ॥ ৪৩ ॥

হে রাজন্ ! ব্যাধ যেমন মৃগদিগকে বঞ্চনা করিবার নিমিত্ত কখন কখন স্বয়ং মৃগবেশ হয় তাহার ন্যায়, ব্রতচ্ছিদ্র পাইবার বাসনায় দেবরাজ কপট সাধুবেশ ধারণপূর্ব্বক ব্রতস্থা দিতির সেবা শুশ্রূষায় প্রবর্ত্তমান রহিলেন ॥ ৪৪ ॥

পরন্তু যদিও দেবরাজ তৎপর হইয়া থাকিলেন তথাচ দিতির কোন ব্রতচ্ছিদ্র দেখিতে পাইলেন না তাহাতে তাঁহার চিত্ত অতিশয় চিন্তাকুল হইল এবং কি উপায়ে আমার ইহাতে মঙ্গল হইবে বলিয়া বিষাদ করিতে লাগিলেন ॥ ৪৫ ॥

একদা সা তু সন্ধ্যায়ামুচ্ছিষ্টা ব্রতকর্ষিতা। অস্পৃষ্টবার্য্যধৌতাঙ্ঘ্রিঃ সুষ্বাপ বিধিমোহিতা॥ ৪৬॥
লব্ধ্বা তদন্তরং শক্রো নিদ্রাপহৃতচেতসঃ। দিতেঃ প্রবিষ্ট উদরং যোগেশো যোগমায়য়া॥ ৪৭॥
চকর্ত্ত সপ্তধা গর্ভং বজ্রেণ কনকপ্রভং। রুদন্তং সপ্তধৈকৈকং মারোদীরিতি তান্ পুনঃ।
তমূচুঃ পাট্যমানাস্তে সর্ব্বে প্রাঞ্জলয়ো নৃপ। কিং ন ইন্দ্র জিঘাংসসি ভ্রাতারো মরুতস্তব॥ ৪৮॥
মা ভৈষ্ট ভ্রাতরো মহ্যং যূয়মিত্যাহ কৌশিকঃ। অনন্যভাবান্ পার্ষদানাত্মনো মরুতাং গণান্।

শ্রীধরস্বামী।

অস্পৃষ্টবারিশ্চাসাবধৌতাঙ্ঘ্রিশ্চ॥ ৪৬॥
নিদ্রয়া অপহৃতং চেতো যস্যাঃ॥ ৪৭॥
মারোদীরিত্যপলালয়ন্নিব তান্ পুনঃ সপ্তধা চকর্ত্ত চিচ্ছেদ॥ ৪৮॥
কৌশিকঃ ইন্দ্রঃ গণান্ সপ্ত সপ্ত গণা বৈ মরুত ইতি শ্রুতেঃ॥ ৪৯॥

ক্রমসন্দর্ভঃ।

তে তমূচুরিতি। অত একস্যৈব জীবস্য নানা কায়াধ্যাসঃ। যদ্বা। পূর্ব্বমেকস্মিন্ দেহে বহূনাং জীবানামধ্যস্তবতাং দেহবিভাগপ্রাপ্তেরিতি জ্ঞেয়ঃ॥ ৪৮। ৪৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অস্পৃষ্টবারিশ্চাসাবধৌতাঙ্ঘ্রিশ্চ॥ ৪৬॥
যোগস্য পরকায়প্রবেশাখ্যস্য সিদ্ধার্থা যা মায়া তয়া॥ ৪৭॥
মারোদীরিত্যুপলালয়ন্ ইব তান্ পুনঃ সপ্তধা চকর্ত্ত চিচ্ছেদ। অত্রায়ং কালএব বহু পুণ্য পাপভোজিনো জীবস্য যোগিনো বা কায়ব্যূহ ইবৈকস্যৈব জীবস্যোনপঞ্চাশৎ কায় ব্যাপকত্বমিতি কেচিৎ। ভাবি দৃষ্ট্যা প্রথমমেবৈকস্মিন্ দেহে প্রবিষ্টানামেকোনপঞ্চাশজ্জীবানামিন্দ্রকৃতবিভাগেনৈকৈক দেহ প্রাপ্তিরিত্যপরে। ইন্দ্রকৃত খণ্ডেষ্বন্যেষামপ্যষ্টচত্বারিংশজ্জীবানাং তৎক্ষণ এব প্রবেশো যথা লতাগুল্মানাং কেষাঞ্চিৎ খণ্ডখণ্ডীকৃতৈভাব ভূমাবারোপিতানাং পৃথক্ পৃথক্ প্ররোহীদ্গমাৎ পৃথক্ পৃথগ্জীবস্য প্রবেশোঽনুমীয়তে ইত্যন্যেচ প্রাহুঃ॥ ৪৮।
মহ্যং মম কৌশিক ইন্দ্রঃ। গণান্ সপ্তগণা বৈ মরুত ইতি শ্রুতেঃ॥ ৪৯॥

ইতিমধ্যে এক দিন বিধির বিড়ম্বনা বশতঃ দিতির মোহ উপস্থিত হইল, সন্ধ্যার সময় উচ্ছিষ্টা হইয়াছিলেন, ব্রত ধারণে কাতরা হওয়াতে আচমন ও পাদ প্রক্ষালন না করিয়াই শয়ন করিলেন, যোগেশ্বর ইন্দ্র এই অবকাশ পাইয়া যোগমায়া দ্বারা দিতির উদরে প্রবেশ করিলেন। দিতি অচেতনে নিদ্রা যাইতেছিলেন কিছুই জানিতে পারিলেন না॥ ৪৬॥

অনন্তর ইন্দ্র উদর মধ্যে প্রবিষ্ট হইয়া আপনার হস্তস্থ বজ্র দ্বারা দিতির গর্ভে (যাহার প্রভা কনকের ন্যায় প্রকাশ পাইতেছিল) সাত খণ্ড করিয়া কর্ত্তন করিলেন। তাহাতে ঐ সকল গর্ভ খণ্ড রোদন করিতে লাগিলে তাহাদের প্রতি "ক্রন্দন করিও না" এই রূপ সস্নেহ বাক্য প্রয়োগ করিতে করিতে পুনরায় প্রত্যেক খণ্ডকে সাত সাত খণ্ড করিয়া ছেদন করিলেন॥ ৪৭॥

হে মহরাজ! ইন্দ্র যখন পুনর্ব্বার কর্ত্তন করেন তৎকালে ঐ গর্ভ খণ্ড সকল অঞ্জলি বন্ধন পূর্ব্বক দেবরাজকে বলিতে লাগিল, হে ইন্দ্র! কেন আমাদিগকে বধ করিতে উদ্যত হইতেছ, আমরা মরুদ্গণ, তোমার ভ্রাতা॥ ৪৮॥

ইন্দ্র কহিলেন ভীত হইও না তোমরা আমার ভ্রাতা তোমাদের সহিত আমার অন্য ভাব নাই তোমাদিগকে পার্ষদ করিব।

ন মমার দিতের্গর্ভঃ শ্রীনিবাসানুকম্পয়া। বহুধা কুলিশক্ষুণ্ণো দ্রৌণ্যস্ত্রেণ যথা ভবান্।
সকৃদিষ্ট্বাদিপুরুষং পুরুষো যাতি সাম্যতাং। সম্বৎসরং কিঞ্চিদূনং দিত্যা যদ্ধরিরর্চ্চিতঃ ॥ ৪৯ ॥
সজূরিন্দ্রেণ পঞ্চাশৎ দেবাস্তে মরুতোঽভবন্। ব্যপোহ্য মাতৃদোষন্তে হরিণা সোমপাঃ কৃতাঃ।
দিতিরুত্থায় দদৃশে কুমারাননলপ্রভান্। ইন্দ্রেণ সহিতান্ দেবী পর্য্যতুষ্যদনিন্দিতা।
অথেন্দ্রমাহ তাতাহমাদিত্যানাং ভয়াবহং। অপত্যমিচ্ছন্ত্যচরং ব্রতমেতৎ সুদুষ্করং।
একঃ সংকল্পিতঃ পুত্রঃ সপ্তসপ্তাভবন্ কথং। যদি তে বিদিতং পুত্র সত্যং কথয় মা মৃষা ॥ ৫০ ॥
ইন্দ্র উবাচ ॥
অম্ব তেঽহং ব্যবসিতমুপধার্য্যাগতোঽন্তিকং। লব্ধান্তরোঽচ্ছিনং গর্ভমর্থবুদ্ধি র্ন ধর্ম্মদৃক্।

শ্রীধরস্বামী।

সজূঃ সহঃ ॥ ৫০ ॥
দিত্যা নিষ্কপটমুক্তে সতি ইন্দ্রোপি নিষ্কপটমেবাহ অম্বেতি লব্ধমন্তরং যেন। অর্থএব বুদ্ধির্যস্য ॥ ৫১ ॥

ক্রমসন্দর্ভঃ।

হরিণা ইন্দ্রেণ শ্রীবিষ্ণুনেতি বা ॥ ৫০ ॥
মে ময়া ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সাম্যতাং পুরুষসমানাকারত্বং ॥ ৪৯ ॥
সজূঃ সহ ॥ ৫০ ॥
দিত্যা নিষ্কপটমুক্তে সতি ইন্দ্রোপি নিষ্কপটমেবাহ অম্বেতি। লব্ধান্তরঃ প্রাপ্তচ্ছিদ্রঃ ॥

হে রাজন্! যদিও দিতির গর্ভ ইন্দ্র কর্ত্তৃক বহু খণ্ডে কর্ত্তিত হইল তথাচ শ্রীনিবাসের অনুকম্পায় যেমন অশ্বত্থামার ব্রহ্মাস্ত্রে আহত হইয়াও তুমি বিনষ্ট হও নাই সেই রূপ ঐ গর্ভের বিনাশ হইল না। হে ভারত! যে ভগবান্ আদিপুরুষকে একবারমাত্র অর্চ্চনা করিয়া পুরুষ ত্বদীয় পার্ষদত্ব প্রাপ্ত হয়, দিতি প্রায় সম্বৎসর কাল সেই ভগবানের অর্চ্চনা করিয়াছিলেন, বর্ষ পূর্ণ হইতে কিঞ্চিন্মাত্র ন্যূন ছিল, ইহাতে তাঁহার গর্ভ একেবারে বিনষ্ট হইবে সম্ভাবনা কি? ॥ ৪৯ ॥

ভগবানের প্রসাদে সেই মরুদ্গণ অর্থাৎ গর্ভখণ্ড সকল ইন্দ্রের সহিত মিলিত হইয়া পঞ্চাশৎ দেবতা হইলেন। অনন্তর মাতৃদোষ মোচন পুরঃসর ভগবান্ হরি তাঁহাদিগকে সোম (অমৃত) পায়ী করিলেন। সে যাহা হউক, দিতি এত ক্ষণ নিদ্রাগতা ছিলেন, সুপ্তোত্থিতা হইয়া দেখিলেন সম্মুখে অনল তুল্য দীপ্তিমান্ ইন্দ্র সহিত পঞ্চাশৎ কুমার দণ্ডায়মান। যদিও তদ্দর্শনে দিতির সন্তোষ জন্মিল তথাচ কিয়ৎক্ষণ পরে ইন্দ্রকে জিজ্ঞাসা করিলেন বৎস! আমি আদিত্যদিগের ভয়াবহ অপত্য কামনা করিয়া দুশ্চর ব্রত আচরণ করিতেছিলাম, অদিতি তনয়দিগের সংহারকারী একটী পুত্র হয় আমার এই সংকল্প ছিল, ঊনপঞ্চাশৎ পুত্র কি প্রকারে হইল?। হে পুত্র! এ বিষয় যদি তোমার জানা থাকে যথার্থ বল মিথ্যা কহিও না ॥ ৫০ ॥

দিতির অকপট বচন শ্রবণ করিয়া দেবরাজও অকপটে বলিলেন মাতঃ! আমি আপনার ঐ রূপ চেষ্টা জানিতে পারিয়াই নিকটে আসিয়াছিলাম, এত দিন কেবল ছিদ্র অন্বেষণ করিতেছিলাম, অদ্য অবকাশ প্রাপ্ত হইয়া আপনার উদরে প্রবেশ পূর্ব্বক গর্ভ ছেদন করিয়াছি। হে অম্ব! যাহার বুদ্ধি

কৃত্তোমে সপ্তধা গর্ব্ভ আসন্ সপ্ত কুমারকাঃ। তেপি চৈকৈকশো বৃক্ণাঃ সপ্তধা নাপি মম্রিরে।
ততস্তৎ পরমাশ্চর্য্যং বীক্ষ্য ব্যবসিতং ময়া। মহাপুরুষপূজায়াঃ সিদ্ধিঃ কাপ্যানুষঙ্গিকী ॥ ৫১ ॥
আরাধনং ভগবত ঈহমানা নিরাশিষঃ। যে তু নেচ্ছন্ত্যপি পরং তে স্বার্থকুশলাঃ স্মৃতাঃ ॥ ৫২ ॥
আরাধ্যাত্মপ্রদং দেবং স্বাত্মানং জগদীশ্বরং। কোবৃণীত গুণস্পর্শং বুধঃ স্যান্নরকেঽপি যৎ ॥ ৫৩ ॥
তদিদং মম দৌর্জ্জন্যং বালিশস্য মহীয়সি। ক্ষন্তুমর্হসি মাতস্ত্বং দিষ্ট্যা গর্ব্ভো মৃতোত্থিতঃ ॥
শ্রীশুক উবাচ ॥
ইন্দ্রস্ত্বয়াভ্যনুজ্ঞাতঃ শুদ্ধভাবেন তুষ্টয়া। মরুদ্ভিঃ সহ তাং নত্বা জগাম ত্রিদিবং প্রভুঃ।
এবং তে সর্ব্বমাখ্যাতং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি। মঙ্গলং মরুতাং জন্ম কিং ভূয়ঃ কথয়ামি তে ॥ ৫৪

শ্রীধরস্বামী।

অপি পরং মোক্ষমপি ॥ ৫২ ॥
গুণস্পর্শং বিষয়ভোগং বুধঃ কোবৃণীত যদযস্মাৎ নরকেপি স্যাৎ ॥ ৫৩ ॥
মহীয়সি হে মহত্তমে মৃতঃ পুনরুত্থিতঃ ॥ ৫৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ততস্তদিতি। ব্যবসিতং বিচারিতং। তদেবাহ মহেতি ॥ ৫১। ৫২। ৫৩। ৫৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

ব্যবসিতং নিশ্চিতং তদেবাহ মহেতি সার্দ্ধদ্বয়েন কাপি সিদ্ধির্মুক্তিরপি আনুষঙ্গিকী ॥ ৫১ ॥
পরং মোক্ষমপি স্বার্থকুশলা ইতি তেন যেত্বারাধনেন মোক্ষমিচ্ছন্তি তে বর্ত্তমানমহানিধে র্বিনিময়েন তৃণার্থিনঃ স্বার্থানভিজ্ঞাঃ কিন্তু বিষয় সাদ্গুণ্যাত্তেপি কৃতার্থা এবেত্যর্থঃ। যদুক্তং সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণামিতি ॥ ৫২ ॥
দেবং ক্রীড়াপরং স্বাত্মানং সুন্দরবিগ্রহং ॥ ৫৩। ৫৪ ॥

অর্থ বিষয়েই আসক্ত হয় তাহার প্রায ধর্ম্মের প্রতি দৃষ্টি থাকে না আমি প্রথমে আপনার গর্ব্ভ সপ্তখণ্ড করিয়া কর্ত্তন করি তাহাতে অগ্রে সাতটী কুমার হয়। পরে সেই সপ্তখণ্ডের প্রত্যেককে সাত সাত খণ্ড করিয়া ছেদন করিলাম। কিন্তু যখন দেখিলাম তাহাতেও ঐ সাত কুমার মরিল না, তখন আশ্চর্য্য দর্শনে নিশ্চয় করিলাম আপনি মহাপুরুষ ভগবানের আরাধনা করিয়া আনুষঙ্গিকী কোন সিদ্ধি প্রাপ্ত হইয়াছেন ॥ ৫১ ॥

মা! যে সকল ব্যক্তি নিরাকাঙ্ক্ষ হইয়া ভগবানের আরাধনা করিতে যত্ন করেন, তদ্দারা যাঁহারা মোক্ষ পর্য্যন্তও অভিলাষ করেন না, তাঁহারা অতিশয় স্বার্থ কুশল ॥ ৫২ ॥

ফলতঃ ভগবান্ হরি জগতের অধীশ্বর, তিনি আরাধিত হইয়া অধ্যাত্ম প্রদান করেন, ইহা বিবেচনা করিলে বুদ্ধিমান্ কোন্ ব্যক্তি বিষয় ভোগের বর প্রার্থনা করিবে? বিষয় ভোগ নরকেও প্রাপ্ত হওয়া যায় ॥ ৫৩ ॥

পরন্তু হে মহত্তমে মাতঃ! আমি অজ্ঞ, আমার দুর্জ্জনতা ক্ষমা করুন, ভাগ্যক্রমে আপনার গর্ব্ভ মৃত হইয়াও পুনরায় উত্থিত হইয়াছে। শুকদেব কহিলেন হে রাজন্! তদনন্তর দিতি শুদ্ধ ভাবে পরিতুষ্ট হইয়া অনুমতি প্রদান করিলে ইন্দ্র তাঁহাকে প্রণাম করিয়া মরুদ্গণ সমভিব্যাহারে স্বর্গে গমন করিলেন। হে রাজন্ পরীক্ষিৎ! মরুদ্গণের জন্ম বৃত্তান্ত যাহা জিজ্ঞাসা করিয়াছিলে এই সমুদায় তোমার অগ্রে বর্ণন করিলাম, আর কি কহিব বল ॥ ৫৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে মরুদুৎপত্তি রষ্টাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৮ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

ব্রতং পুংসবনং ব্রহ্মন্ ভবতা যদুদীরিতং। তস্য বেদিতুমিচ্ছামি যেন বিষ্ণুঃ প্রসীদতি ॥ ১ ॥

শ্রীশুক উবাচ ॥

শুক্লে মার্গশিরে পক্ষে যোষিদ্ভর্ত্তুরনুজ্ঞয়া। আরভেত ব্রতমিদং সর্ব্বকামিকমাদিতঃ ॥ ২ ॥

নিশম্য মরুতাং জন্ম ব্রাহ্মণাননুমন্ত্র্যচ। স্নাত্বা শুক্লদতী শুক্লে বসীতালঙ্কৃতাম্বরে।

পূজয়েৎ প্রাতরাশাৎ প্রাক্ ভগবন্তং শ্রিয়া সহ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি ষষ্ঠে অষ্টাদশঃ ॥ * ॥

ঊনবিংশেতু যৎ প্রোক্তং কশ্যপেন দিতে র্ব্রতং। তদেব বিবৃতং লোকহিতায় হরিতোষণং ॥ ০ ॥

তস্য প্রকারমিতি শেষঃ ॥ ১ ॥

মার্গশিরে মার্গশির্ষে মাসি। শুক্লে পক্ষে আদিতঃ প্রতিপদি ॥ ২ ॥

অনুমন্ত্র্য পৃষ্ট্বা শুক্লা দন্তা যস্যাঃ সা শুক্লদতী ধৌতদন্তা অলঙ্কৃতা সতী পূজয়েৎ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে অষ্টাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্যাষ্টাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বিষ্ণুপ্রসাদনং চেতঃ ক্রৌর্য্যবিধ্বংসনং ব্রতং। নৃপেণ পৃষ্টোব্যবৃণোদূনবিংশে মুনিঃ পুনঃ ॥ ০ ॥

তস্য বিধিমিতি শেষঃ ॥ ১ ॥

মার্গশিরে মার্গশীরে মাসি। আদিতঃ প্রতিপদি ॥ ২। ৩ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে অষ্টাদশ ॥ * ॥

ঊনবিংশ অধ্যায়ে প্রজাপতি কশ্যপ দিতির প্রতি যে হরিপরিতোষণ ব্রত উপদেশ করেন লোকহিতার্থ তাহারই বিস্তার বিবরণ ॥ ০ ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! আপনি যে পুংসবন ব্রতের বিষয় কীর্ত্তন করিলেন, যাহাতে ভগবান্ বিষ্ণুর প্রসন্নতা হয় তাহার বিস্তারিত বিবরণ অবগত হইতে বাসনা করি ॥ ১ ॥

শুকদেব কহিলেন অগ্রহায়ণ মাসের শুক্লা প্রতিপদে যোষিৎ স্বীয় স্বামির অনুজ্ঞায় সর্ব্বকাম প্রদ পুংসবন ব্রত আরম্ভ করিবে ॥ ২ ॥

ব্রাহ্মণদিগকে জিজ্ঞাসা করিয়া দন্তধাবন পূর্ব্বক স্নাত ও শুচি হইয়া প্রথমত, মরুদ্গণের জন্ম বিবরণ শ্রবণ করিবে, পরে শুক্লবসন পরিধান ও অলঙ্কৃতা হইয়া প্রাতঃ কালীন ভোজনের পূর্ব্বে লক্ষ্মীর সহিত ভগবান্ নারায়ণের পূজা করিবে ॥ ৩ ॥

অলং তে নিরপেক্ষায় পূর্ণকাম নমোঽস্তু তে। মহাবিভূতিপতয়ে নমঃ সকলসিদ্ধয়ে ॥ ৪ ॥
যথা ত্বং কৃপয়া ভূত্যা তেজসা মহিমৌজসা। জুষ্ট ঈশগুণৈঃ সর্ব্বৈস্ততোঽসি ভগবান্ প্রভুঃ ॥৫॥
বিষ্ণুপত্নি মহামায়ে মহাপুরুষ লক্ষণে। প্রীয়েথা মে মহাভাগে লোকমাতর্নমোঽস্তুতে ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

আদৌ তাবন্নমস্কার মন্ত্রানাহ ত্রিভিঃ। তে তুভ্যং অলং পর্য্যাপ্তমেব সর্ব্বং ন কিঞ্চিদন্যৈঃ কৃতমস্তি অতঃ কেবলং তে তুভ্যং নমোঽস্তু। পর্য্যাপ্তৌ হেতবঃ নিরপেক্ষায় হে পূর্ণকাম মহাবিভূতিপতয়ে লক্ষ্মীপতয়ে সকলাঃ সিদ্ধয়োঽণিমাদ্যা যস্মিন্ তস্মৈ ॥ ৪
ভো ঈশ যথা যথাবৎ ত্বং কৃপাদিভির্জুষ্টঃ অন্যৈশ্চ সত্যসংকল্পত্বাদিভিঃ সর্ব্বৈ গুণৈঃ ততস্তস্মাৎ ॥ ৫ ॥
মহাপুরুষস্য পরমেশ্বরস্যৈব লক্ষণানি নিরপেক্ষত্বাদীনি যস্যাঃ তস্যাঃ সম্বোধনং ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তে তুভ্যমলং স্বমর্থং নান্যেন প্রয়োজনমস্তীত্যর্থঃ ॥ ১। ২। ৩। ৪। ৫ ॥
বিষ্ণুপত্নীতি। মহামায়ে পরাখ্য শক্তিরূপে। অতএব মহাপুরুষলক্ষণে তদেক স্বরূপে ॥ ৬। ৭। ৮। ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অলমতিশয়েন তুভ্যং নম এবাস্তু। দেবান্তরং যথা নিজৈশ্বর্য্যসিদ্ধার্থং সেবকান্ অপেক্ষতে তথা নত্বমিত্যাহ নিরপেক্ষায় স্বাভাবিক মহৈশ্বর্য্যবত্ত্বাদিত্যর্থঃ। এবং পূর্ণ কামায় তে কেন নৈবেদ্যাদিনা প্রীণয়ামি। মহাবিভূতিপতয়ে তুভ্যং কৈর্গৃহোদ্যান রথ গজ দাসী নৃত্য গীত দুন্দুভিঘোষাদ্যৈঃ। এবং সকল সিদ্ধয়ে স্বর্গাপবর্গ প্রেমাদি সিদ্ধিদাত্রে তুভ্যং কর্ম্মজ্ঞানযোগভক্ত্যাদি সাধনার্পণৈঃ কথং প্রীণয়ামীতি ভাবঃ ॥ ৪ ॥
তদপি ত্বং কৃপয়া সর্ব্বং বহত ইত্যাহ। যথা ত্বং কৃপয়া জুষ্টস্তথৈব ভূত্যাদিভিশ্চ ততো হেতো ত্বমেব ভগবানসীত্যন্বয়ঃ। অয়মর্থঃ কৃপয়া শক্ত্যা জুষ্টঃ সেবিতঃ সন্ ভক্তদত্ততুলসীপত্র মাত্রমপ্যপেক্ষমানঃ অহমদ্য ক্ষুধার্ত্তোস্মি কিঞ্চিদ্দেহীতি ভক্তায় যাচমানোঽপূর্ণকামোপি ভবসি মম গৃহোদ্যানাদিকং সংপ্রতি জীর্ণং কবিলসামীত্যাদি স্বপ্নান্তরে ব্রুবন্ বিভূতিশূন্যোপি ভবসি অণিমাদি সিদ্ধিযুক্তোপি ভক্তপ্রেম রসনয়া বদ্ধঃ ক্বাপি গন্তুমপি নশক্তোসি তথৈব ভূত্যা মহালক্ষ্ম্যা শক্ত্যা তেজসা সর্ব্বাধীনতয়া শক্ত্যা মহিনা বিভূত্যা শক্ত্যাচ ওজসা বলেন সর্ব্বৈরন্যৈশ্চ সত্যসঙ্কল্পত্বাদিভিশ্চ সর্ব্বত্র জগতি নিরপেক্ষত্ব পূর্ণকামত্বাদিমাংশ্চ ভবসীতি ত্বমেব ভগবান্ ত্বমেব প্রভু ভজনীয় ইতি ভাবঃ ॥ ৫ ॥
ইত্থং ভগবন্তং প্রণম্য লক্ষ্মীং প্রণমেদিত্যাহ বিষ্ণুপত্নীতি মহামায়ে মায়াশব্দস্য শক্তিবাচিত্বাৎ পরাখ্য শক্তিরূপে। অতএব মহাপুরুষস্য বিষ্ণোরিব লক্ষণানি নিরপেক্ষত্বাদীনি যস্যাঃ ॥ ৬ ॥

হে রাজন্! অর্চ্চনা সময়ে যে সকল মন্ত্রদ্বারা নমস্কার করিতে হইবে তাহা বলিতেছি শুন। ভগবন্! আপনাতেই সমস্ত পর্য্যাপ্ত, অন্য কাহাতেও কার্য্য নাই, অতএব আপনাকে নমস্কার করি। প্রভো! আপনি নিরপেক্ষ এবং পূর্ণকাম, মহাবিভূতির অর্থাৎ লক্ষ্মীর পতি, আপনার অণিমাদি সকল সিদ্ধি সর্ব্বদা বর্ত্তমান, আপনাকে নমস্কার করি ॥ ৪ ॥

হে ঈশ! আপনি দয়া, ধৈর্য্য, তেজঃ, সামর্থ্য, মহিমা ইত্যাদিতে তথা অন্যান্য সর্ব্বগুণে যথাবৎ সতত সেবিত, এই কারণে ভগবান্ বলিয়া উক্ত হইয়া থাকেন, আপনাকে নমস্কার করি ॥ ৫ ॥

হে রাজন্! উক্তপ্রকারে ভগবানের নমস্কার করিয়া লক্ষ্মীকে নমস্কার করিবে। যথা—হে মহামায়ে! হে বিষ্ণুপত্নি! মহাপুরুষের যে সকল নিরপেক্ষত্বাদি গুণ, সমুদায় তোমাতে বর্ত্তমান। হে মহাভাগে! আমার প্রতি প্রীতা হও, হে লোকমাতঃ! তোমাকে নমস্কার করি ॥ ৬ ॥

ওঁ নমো ভগবতে মহাপুরুষায় মহানুভাবায় মহাবিভূতিপতয়ে সহ মহাবিভূতিভির্বলিমুপ হরামীতি। অনেনাহরহর্মন্ত্রেণ বিষ্ণোরাবাহনার্ঘ্য পাদ্যোপস্পর্শন স্নানবাস উপবীত ভূষণ গন্ধ পুষ্প ধূপদীপোপহারাদ্যুপচারান্ সুসমাহিতোপাহরেৎ ॥ ৭ ॥

হবিঃ শেষঞ্চ জুহুয়াদনলে দ্বাদশাহুতীঃ ॥ ৮ ॥

ওঁ নমো ভগবতে মহাপুরুষায় মহাবিভূতিপতয়ে স্বাহেতি ॥ ৯ ॥

শ্রিয়ং বিষ্ণুঞ্চ বরদাবাশিষাং প্রভবাবুভৌ। ভক্ত্যা সংপূজয়েন্নিত্যং যদীচ্ছেৎ সর্ব্বসম্পদঃ। প্রণমেদ্দণ্ডবদ্ভূমৌ ভক্তিপ্রহ্বেণ চেতসা। দশবারং জপেন্মন্ত্রং ততঃ স্তোত্রমুদীরয়েৎ। যুবাস্তু বিশ্বস্য বিভূ জগতঃ কারণং পরং। ইয়ং হি প্রকৃতিঃ সূক্ষ্মা মায়াশক্তির্দুরত্যয়া। তস্যা অধীশ্বরঃ সাক্ষাৎ ত্বমেব পুরুষঃ পরঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

পূজামন্ত্রমাহ ওঁ নম ইতি ॥ ৭ ॥

হবিঃ শেষমুপহারাবশিষ্টং ॥ ৮ ॥

হোমমন্ত্রস্যোহং দর্শয়তি ওমিতি ॥ ৯ ॥

প্রকর্ষেণ ভবস্ত্যাভ্যামিতি প্রভবৌ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

যুবামিতি সার্দ্ধকং। পরাৎপরয়োরপি তয়ো র্জগৎ কারণত্বে হেতুমাহ ইয়ং হীতি। প্রকৃতি নির্জাংশাভাসেনেতি ভাবঃ অস্যা ইতি। বিষ্ণোস্তু ত্রীণি রূপাণীত্যাদেঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পূজামন্ত্রমাহ ওঁ নম ইতি ॥ ৭ ॥

হবিঃ শেষমুপহারাবশিষ্টং ॥ ৮ । ৯ ॥ ১০ ॥

তদনন্তর সমাহিত হইয়া "মহানুভাব ভগবান্ মহাপুরুষকে নমস্কার করি, মহাবিভূতি সহিত সেই মহাবিভূতি পতি ভগবানের নিমিত্ত পূজোপহার আহরণ করি" এই মন্ত্রদ্বারা ভগবানের আবাহন পূর্ব্বক পাদ্য অর্ঘ্য স্নানীয় বসন ভূষণ উপবীত গন্ধ পুষ্প ধূপ দীপাদি বিবিধ উপচার উপহার দিবে ॥ ৭ ॥

তাহার পর অগ্নি স্থাপন করিয়া ঐ সকল উপহারের অবশিষ্ট যে কিছু দ্রব্য থাকে তদ্দারা হুতাশনে দ্বাদশটী আহুতি দিবে ॥ ৮ ॥

হোমের মন্ত্র এই "ভগবান্ মহাপুরুষ মহাবিভূতিপতিকে নমস্কার স্বাহা" ॥ ৯ ॥

হে রাজন্! লক্ষ্মীদেবী এবং ভগবান্ বিষ্ণু এই দুই দেবতাই বরপ্রদ, ইঁহাদের হইতেই সকল আশিষ উৎপন্ন হয়, লোকে যদি সর্ব্ব প্রকার সম্পত্তি ইচ্ছা করে, তাহা হইলে ভক্তিভাবে ইঁহাদিগেরই পূজা করিবে এবং ভক্তি দ্বারা বিনম্র চিত্ত হইয়া ভূমিতে দণ্ডবৎ প্রনাম করিবে। তদনন্তর দশ বার মন্ত্র জপ করিয়া স্তোত্র পাঠ করিবে। সেই স্তোত্র যথা হে ভগবন্! হে ভগবতি! আপনারা দুই জন সর্ব্বগ, জগতের পরম কারণ। ভগবন্! এই যে প্রকৃতি, যিনি সূক্ষ্মা দুরত্যয়া মায়া শক্তি, আপনি ইঁহারও অধীশ্বর, অতএব আপনিই সাক্ষাৎ পরম পুরুষ ॥ ১০ ॥

ত্বং সর্ব্বযজ্ঞ ইজ্যেয়ং ক্রিয়েয়ং ফলভুগ্‌ভবান্। গুণব্যক্তিরিয়ং দেবী ব্যঞ্জকো গুণভুগ্‌ভবান্॥ ১১॥
ত্বং হি সর্ব্বশরীর্য্যাত্মা শ্রীঃ শরীরেন্দ্রিয়াসবঃ। নামরূপে ভগবতী প্রত্যয়স্ত্বমপাশ্রয়ঃ।
যথা যুবাং ত্রিলোকস্য বরদৌ পরমেষ্ঠিনৌ। তথা ম উত্তমঃশ্লোক সন্তু সত্যা মহাশিষঃ।
ইত্যভিষ্টূয় বরদং শ্রীনিবাসং শ্রিয়া সহ। তন্নিঃসার্য্যোপহরণং দত্ত্বাচমনমর্চ্চয়েৎ।
ততস্তুবীত স্তোত্রেণ ভক্তিপ্রহ্বেণ চেতসা। যজ্ঞোচ্ছিষ্টমবঘ্রায় পুনরভ্যর্চ্চয়েদ্ধরিং॥ ১২॥
পতিঞ্চ পরয়া ভক্ত্যা মহাপুরুষ চেতসা। প্রিয়ৈস্তৈস্তৈরুপনমেৎ প্রেমশীলঃ স্বয়ং পতিঃ।
বিভৃয়াৎ সর্ব্বকর্ম্মাণি পত্ন্যা উচ্চাবচানিচ॥ ১৩॥

শ্রীধরস্বামী।

ইজ্যা যজ্ঞনির্বর্ত্তকঃ পুরুষব্যাপ্যারো ভাবনাখ্যঃ। ক্রিয়া লৌকিকী॥ ১১॥
প্রত্যয়ো নাম রূপয়োঃ প্রকাশঃ অপাশ্রয়স্তয়োরাধারঃ॥ ১২॥
মহাপুরুষচেতসা ঈশ্বরবুদ্ধ্যা উপনমেৎ ভজেৎ। পতিশ্চ স্বয়ং প্রেমশীলঃ সন্ পত্ন্যাঃ কর্ম্মাণি বিভৃয়াৎ তদনুকূলো ভবে দিত্যর্থঃ॥ ১৩॥

ক্রমসন্দর্ভঃ।

তথৈবাহ ত্বমিত্যাদি॥ ১১॥১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইজ্যা যজ্ঞাভিনিবর্ত্তকঃ পুরুষব্যাপারো ভাবনাখ্যঃ। ক্রিয়া লৌকিকী॥ ১১॥
প্রত্যয়ো নাম রূপয়োঃ প্রকাশকঃ। অপাশ্রয়স্তয়োরাধারঃ॥
পরমেষ্ঠিনৌ পরমেশ্বরৌ॥
তন্নিঃসার্য্য নির্ম্মাল্যাপসারণং কৃত্বা॥ ১২। ১৩॥

প্রভো! আপনি সর্ব্ব যজ্ঞ, আপনিই যজ্ঞ সম্পাদক পুরুষ ব্যাপার, আপনিই তদর্থ লৌকিকী ক্রিয়া, আপনি যজ্ঞাদি জন্য ফলভোগ করিয়া থাকেন। আর এই দেবী সত্ত্বাদি গুণের প্রকাশ রূপ আপনি গুণের প্রকাশক এবং ভোক্তা॥ ১১॥

প্রভো! আপনি সর্ব্ব শরীরির আত্মা, শ্রী, শরীর ইন্দ্রিয় এবং প্রাণ স্বরূপ, আপনিই নাম, আপনিই রূপ, আপনিই ঐ দুইয়ের প্রকাশক এবং আপনিই ঐ দুইয়ের আধার। হে ভগবন্! আপনারা দুই জনে পরমেষ্ঠী এবং ত্রিলোকের বরদ প্রভু। হে উত্তমঃশ্লোক! আপনাদের প্রসাদে আমাদের নিত্য নিত্য মহা আশিষ হউক॥

হে রাজন্! এই প্রকারে লক্ষ্মীর সহিত বরদ লক্ষ্মীপতি ভগবানের স্তব করিয়া নিবেদিত উপহার সকল সে স্থান হইতে নিঃসারিত করিবে। পরে আচমনীয় প্রদান পূর্ব্বক অর্চ্চনা করিবে। তদনন্তর ভক্তি নম্র চিত্তে পুনরায় স্তোত্র দ্বারা স্তব ও যজ্ঞোচ্ছিষ্ট আঘ্রাণ পূর্ব্বক পুনরায় পূজা করিবে॥ ১২॥

তদনন্তর গৃহীত ব্রতা স্ত্রী আপনার পতিকে ঈশ্বর বুদ্ধি করিয়া তদীয় প্রিয় বস্তু প্রদান পূর্ব্বক পতি সেবা করিবে, পতি প্রেমবান্ হইয়া পত্নীর কৃত উচ্চাবচ কর্ম্ম সমুদায় পালন করিবেন॥ ১৩॥

কৃতমেকতরেণাপি দম্পত্যোরুভয়োরপি। পত্ন্যাং কুর্য্যাদনর্হায়াং পতিরেতৎ সমাহিতঃ॥ ১৪॥
বিষ্ণোর্ব্রতমিদং বিভ্রন্নবিহন্যাৎ কথঞ্চন। বিপ্রান্ স্ত্রিয়োবীরবতীঃ স্রগ্গন্ধবলিমণ্ডনৈঃ।
অর্চ্চেদহরহর্ভক্ত্যা দেবং নিয়মমাস্থিতা। উদ্বাস্য দেবং স্বে ধাম্নি তন্নিবেদিতমগ্রতঃ।
অদ্যাদাত্মবিশুদ্ধ্যর্থং সর্ব্বকামসমৃদ্ধয়ে॥ ১৫॥
এতেন পূজাবিধিনা মাসান্ দ্বাদশ হায়নং। নীত্বাথোপরমেৎ সাধ্বী কার্ত্তিকে চরমেঽহনি॥ ১৬
শ্বোভূতেঽপ উপস্পৃশ্য কৃষ্ণমভ্যর্চ্য পূর্ব্ববৎ॥ ১৭॥
পয়ঃ শৃতেন জুহুয়াচ্চরুণা সহ সর্পিষা। পাকযজ্ঞ বিধানেন দ্বাদশৈবাহুতীঃ পতিঃ।

শ্রীধরস্বামী।

যতোদম্পত্যোর্ম্মধ্যে একতরেণ কৃতমুভয়োরপি ভবতি॥ ১৪॥
ন বিহন্যাৎ ন বিচ্ছিন্দ্যাৎ॥ ১৫॥
দ্বাদশমাসানিত্যুক্তে কদাচিত্তন্মধ্যে মলমাসে সতি তেন সহ দ্বাদশ সংখ্যাযাং সত্যাং শুদ্ধস্যৈকস্য ত্যাগঃ স্যাৎ। হায়নমিত্যুক্তে তন্মধ্যপাতিনস্তস্যাপি প্রসঙ্গঃ স্যাৎ। তদুভয়ং বারয়িতুং উভয়মুক্তং। উপরমেৎ উপবসেৎ॥ ১৬॥
শ্বোভূতে প্রভাতে সতি॥ ১৭॥
পয়সি শৃতেন পক্বেন পাকযজ্ঞবিধানেন পার্ব্বণস্থালীপাকবিধানেন॥ ১৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

দম্পত্যোর্ম্মধ্যে একতরেণ কৃতমুভয়োরপি ভবতি॥ ১৪॥
ন বিহন্যাৎ ন বিচ্ছিন্দ্যাৎ॥
অগ্রত ইতি ল্যব্লোপে পঞ্চমী অগ্রভাগং যথোচিতং বিভজ্যেত্যর্থঃ॥ ১৫॥
চরমেঽহনি পৌর্ণমাস্যাং॥ ১৬॥
শ্বোভূতে প্রভাতে সতি॥ ১৭॥
পয়সি শৃতেন পক্বেন পাকযজ্ঞবিধানেন পার্ব্বণস্থালীপাকবিধানেন॥ ১৮॥

হে রাজন্! এই পুংসবন ব্রত স্ত্রীপুরুষের মধ্যে একজন করিলেও উভয়ের ফল হইবে। হে মহারাজ! পত্নী যদি এই ব্রতাচরণে অযোগ্যা হয় তাহা হইলে পতিই সমাহিত হইয়া ইহার অনুষ্ঠান করিবেন॥ ১৪॥

হে রাজন্! ভগবান্ বিষ্ণুর এই ব্রত ধারণ করিলে কোন প্রকারে সন্তান বিচ্ছেদ হয় না। এই ব্রতে ব্রাহ্মণ এবং বীরবতী (সধবা) স্ত্রীদিগকে মাল্য গন্ধ পুজোপহার ও অলঙ্কার দিয়া অর্চ্চনা, আর নিয়মস্থা হইয়া ভক্তিপূর্ব্বক প্রতিদিন ভগবানের আরাধনা করিতে হয়॥ ১৫॥

তৎপর আরাধ্য দেবকে তাঁহার নিজধামে বাসার্থ বিসর্জ্জন দিয়া তাঁহার অগ্রে নিবেদিত বস্তু আত্ম বিশুদ্ধি ও সর্ব্বকাম সমৃদ্ধি নিমিত্ত কিঞ্চিৎ ভোজন করিবে॥ ১৬॥

এই প্রকারে পূজার অনুষ্ঠান পূর্ব্বক দ্বাদশ মাস অথবা মধ্যে মলমাস পতিত হইলে এক বৎসর যাবৎ যাপন করিয়া কার্ত্তিক মাসের শেষ দিনে উপবাস করিবে। রাত্রি প্রভাত হইলে পর দিন আচমন পূর্ব্বক শ্রীকৃষ্ণের অর্চ্চনা করিয়া॥ ১৭॥

পাকযজ্ঞ বিধান অর্থাৎ পার্ব্বণীয় স্থালী পাক, প্রকরণ দ্বারা দুগ্ধপক সঘৃত চরু দিয়া পতি দ্বাদশটী আহুতি প্রদান করিবেন। পরে দ্বিজগণ প্রীত হইয়া যে আশীর্ব্বাদ করিবেন মস্তক দিয়া তাহা

আশিষঃ শিরসাদায় দ্বিজৈঃ প্রীতৈঃ সমীরিতাঃ। প্রণম্য শিরসা ভক্ত্যা ভুঞ্জীত তদনুজ্ঞয়া॥ ১৮॥
আচার্য্যমগ্রতঃ কৃত্বা বাগ্যতঃ সহ বন্ধুভিঃ। দদ্যাৎ পত্ন্যৈ চরোঃ শেষং সুপ্রজস্ত্বং সুসৌভগং।
এতচ্চরিত্বা বিধিবদ্‌ব্রতংবিভো রভীপ্সিতার্থং লভতে পুমানিহ।
স্ত্রীচৈতদাস্থায় লভেত সৌভগং শ্রিয়ং প্রজাং জীবপতিং যশো গৃহং॥ ১৯॥
কন্যাচ বিন্দেত সমগ্রলক্ষণং পতিং ত্ববীরা হতকিল্বিষাং গতিং।
মৃতপ্রজা জীবসুতা ধনেশ্বরী সুদুর্ভগা সুভগা রূপমগ্রিয়ং।
বিন্দেদ্বিরূপা বিরুজা বিমুচ্যতে য আময়াবীন্দ্রিয়কল্যদেহং॥ ২০॥
এতৎ পঠন্নভ্যুদয়ে চ কর্ম্মণ্যনন্ততৃপ্তিঃ পিতৃদেবতানাং।
তুষ্টাঃ প্রযচ্ছন্তি সমস্ত কামান্ হোমাবসানে হুতভুক্ শ্রীর্হরিশ্চ॥ ২১॥

শ্রীধরস্বামী।

সুপ্রজস্ত্বং সৎপুত্রত্বমিত্যর্থঃ যতস্তং শেষং॥ ১৯॥

অবীরা বিধবা। ধনেশ্বরী সত্যপি যা সুদুর্ভগা সা সুভগা ভবতি। য আময়াবী রোগী সবিরুজা বিশিষ্টয়া রুজা বিমুচ্যতে। ইন্দ্রিয়ৈঃ সহিতং কল্যং দেহঞ্চ বিন্দেদিতি শেষঃ॥ ২০॥

পঠন্ যোবর্ত্তেত তস্য পিতৄণাং দেবতানাঞ্চানন্ততৃপ্তির্ভবতীত্যর্থঃ॥ ২১॥

ক্রমসন্দর্ভঃ।

অগ্রত ইতি তদগ্রিমদেশং ত্যক্ত্বা। তদগ্রে ভোজননিষেধাৎ॥ ১৯।২০।২১।২২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শেষং সুপ্রজাস্ত্বং সুপ্রজস্ত্বকরং সুসৌভগং সুসৌভগকরঞ্চ। যস্মাৎ। ততস্তস্য সুপ্রজাস্ত্বং স্যাদিতি ব্যাখ্যান্তরং॥

জীবতীতি জীবঃ সচাসৌ পতিশ্চেতি তং॥ ১৯॥

অবীরা পতিপুত্রশূন্যা যা মৃতপ্রজা সা জীবসুতা ধনেশ্বরীচ ভবতি। য আময়াবী স বিশিষ্টয়া রুজা বিমুচ্যতে। ইন্দ্রিয়ৈঃ সহ কল্যং সমর্থং দেহঞ্চ বিন্দেৎ॥ ২০॥

অভ্যুদয়ে আভ্যুদয়িক শ্রাদ্ধাদৌ। তুষ্টা হুতভুক্ শ্রীর্হরিশ্চ॥ ২১॥ ২২॥

গ্রহণ এবং ভক্তিপূর্ব্বক মস্তকদ্বারা প্রণাম করিয়া তাঁহাদের অনুমতি ক্রমে স্বয়ং ভোজন করিবেন॥ ১৮॥

তদনন্তর আচার্য্যকে অগ্রে করিয়া বাক্য সংযমন পূর্ব্বক বান্ধব সহ পত্নীর নিকটে গিয়া তাঁহাকে সেই চরুশেষ (যাহাতে সৎপুত্রত্ব ও সৌভাগ্য হয়) দান করিবেন। হে রাজন্! এই বিষ্ণুব্রত যথাবিধি পুরুষে আচরণ করিলে অভীপ্সিতার্থ লাভ করে এবং স্ত্রীলোকে ইহার অনুষ্ঠান করিলে তদ্দ্বারা সৌভাগ্য, সম্পদ, সন্তান, অবৈধব্য, যশঃ ও গৃহ প্রাপ্ত হয়॥ ১৯॥

আর যদি কন্যা এই ব্রত আচরণ করে তাহা হইলে তাহার সমস্ত সল্লক্ষণাক্রান্ত পতি লাভ এবং অবীরা স্ত্রীর পাপক্ষয় পূর্ব্বক স্বর্গ গতি প্রাপ্তি হয়। অপর মৃত বৎসা স্ত্রী এই ব্রত প্রসাদে জীব পুত্রা এবং ধনেশ্বরী,দুর্ভগা নারী সুভগা এবং বিরূপা স্ত্রী মনোহর রূপবতী হয়। হে রাজন্! আর এই ব্রতের মাহাত্ম্যে রোগী ব্যক্তি রোগ হইতে বিমুক্ত হইয়া ইন্দ্রিয়সহ সমর্থদেহ লাভ করিতে পারে॥ ২০॥

হে রাজন্! যে ব্যক্তি অভ্যুদয় কর্ম্মে অর্থাৎ আভ্যুদয়িক শ্রাদ্ধাদি কালে এই আখ্যান পাঠ করিবে তাহার পিতৃগণ ও দেবগণের অনন্ত তৃপ্তি লাভ হইবে। আর হোমাবসানে হুতভোজী হুতাশন হরিপ্রিয়া লক্ষ্মী এবং হরি ইহাঁরা সন্তোষ হইয়া সমস্ত কাম প্রদান করিবেন॥ ২১॥

রাজন্মহন্মরুতাং জন্মপুণ্যং দিতেব্রতং চাভিহিতং মহত্তে ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে পুংসবন ব্রতকথনমেকোনবিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৯ ॥ * ॥

॥ * ॥ সমাপ্তশ্চায়ং ষষ্ঠস্কন্ধঃ ॥ * ॥

শ্রীধরস্বামী।

উপসংহরতি রাজন্নিতি মহৎপুণ্যং জন্ম মহৎব্রতঞ্চ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে একোনবিংশঃ ॥ * ॥

ষষ্ঠস্কন্ধ নিগূঢ়ার্থ পদভাবার্থ দীপিকা। সন্তিরাসেব্যতামেষা যতি শ্রীধরনির্ম্মিতা ॥ ০ ॥

॥ * ॥ সমাপ্তা চেয়ং ষষ্ঠস্কন্ধ ভাবার্থদীপি কেতি। নমোস্তু কৃষ্ণচন্দ্রায় বৃন্দাবন বিলাসিনে ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে জীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে একোনবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

সমাপ্তশ্চায়ং ষষ্ঠস্কন্ধস্য ক্রমসন্দর্ভঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠএকোনবিংশোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সমাপ্তা চেয়ং ষষ্ঠস্কন্ধ টীকা। মম ত্রিদোষজ্বর জর্জ্জরস্য প্রলাপমাসন্নমৃতিং গতস্য। সন্তঃ সহন্তাং কৃপয়াত্রবন্তঃ শ্রীকৃষ্ণনামাস্তুকীর্ত্তয়ন্তঃ। বৃন্দাবনে কল্পতরো স্তলে লসৎ কলিন্দজাবীচিপৃষত্তিরুন্দিতে। ষষ্ঠস্য টীকা সমপূরি বাসরে বুধস্য শুক্লাং নবমী মুপেয়ুষি ॥

হে মহারাজ! মরুদ্গণের এই পুণ্য জন্ম এবং দিতির মহৎ ব্রত বৃত্তান্ত তোমার নিকট কথিত হইল ॥ ২২ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে ঊনবিংশতি অধ্যায় ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবততত্ত্ববোধিকায়াং শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃত ব্যাখ্যায়াং ষষ্ঠস্কন্ধঃ সমাপ্তঃ ॥ * ॥

———